পুরোহিত-দর্পণ

প্রথম খণ্ড

পি. এম. বাগচি অ্যাণ্ড কোং প্রাঃ লিঃ

আর্য্যাচার-পদ্ধতি

বা

পুরোহিত-দর্পণ

(প্রথম খণ্ড)

ঋক্, যজু, সাম, অথর্ব্ব এই চারিবেদ, পুরাণ ও তন্ত্রসঙ্গত বর্ণাশ্রমীয় কৃত্য-কল্পতরু,
বিবিধ ধর্ম্মগ্রন্থ সম্পাদক, বিখ্যাত অধ্যাপক—

কৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থ
কর্ত্তৃক সম্পাদিত

তাঁহ... না। ফ... অনৈক্য ...

...ক অসাধারণ প্রতিভাশালী—

...শ্রীরামদেব স্মৃতিতীর্থ
ও
শ্রীত্বিষাম্পতি কাব্যতীর্থ
কর্ত্তৃক সংশোধিত ও পরিবর্দ্ধিত

পি. এম. বাক্‌চি এণ্ড কোং (প্রাঃ) লিঃ
কলিকাতা ॥ পাটনা ॥ গৌহাটী ॥ ব্রহ্ম...

প্রথম সংস্করণের ভূমিকা

প্রায় তিন বৎসরের অধিককাল মুদ্রাযন্ত্রের কবলে নিষ্পেষিত হইয়া জগন্নিয়ন্তা জগদীশ্বরের কৃপায় "আর্য্যাচারপদ্ধতি বা পুরোহিত-দর্পণ" সর্ব্বজনসমক্ষে প্রকাশিত হইল। তিন বৎসর পূর্ব্বে এক দিন আমার পরমবন্ধু পণ্ডিত শ্রীযুক্ত শিবচন্দ্র সিদ্ধান্তরত্ন মহাশয়ের সহিত এজাতীয় একখানা ধর্ম্ম-কর্ম্মের পুস্তক প্রকাশ করিবার কথাবার্ত্তা হয়। বাজারে এতৎসম্বন্ধীয় পুস্তক যে কয়েকখানা প্রকাশিত হইয়াছে, একে একে তাহা সকলই সংগ্রহ করিলাম—আদ্যোপান্ত পাঠ করিলাম, কিন্তু তৃপ্ত হইতে পারিলাম না। আমরা উভয়েই ঐ জাতীয় একখানা পুস্তক সঙ্কলন করিয়া প্রকাশ করিব স্থির করি, কিন্তু ব্যয় এতই অধিক হইবে, যে তাহা সম্পন্ন করিতে আমাদের কাহারও ক্ষমতা নাই। কাজেই পি. এম্. বাকৃচি কোম্পানীর স্বত্বাধিকারী শ্রীযুক্ত কিশোরী-মোহন বাকৃচি মহাশয়কে ইহার ব্যয়ভার বহনপূর্ব্বক স্বত্ব গ্রহণের জন্য অনুরোধ করি, তিনিও ইহা একবাক্যে স্বীকার করেন। তখন আমাদের বিশ্বাস ছিল যে, যখন নিজের ছাপাখানা, কাগজও কোম্পানী, ৬০০০৲ ছয় হাজার টাকা ব্যয় করিয়া একে-বারে কিনিতে পারিলেন, তখন তিন মাস বা চারি মাস মধ্যে পুস্তকের কার্য্য নিশ্চয়ই শেষ হইয়া যাইবে। এইরূপ নিশ্চয় করিয়া কর্ম্মে প্রবৃত্ত হই। ধর্ম্ম-কর্ম্মের মধ্যে দশবিধ সংস্কারই বিশেষ প্রয়োজনীয় ও কঠিন বলিয়া প্রথমেই উহাতে হস্তক্ষেপ করি, কিন্তু সামবেদীয় দশসংস্কার শেষ হইতে না হইতে ইহাতে এত অসীম সংশয় আসিয়া উপস্থিত হয় যে, কোন আদর্শ পুস্তকের উপরিই আর আস্থা স্থাপন করিতে পারিলাম না। ফলে আর দুই চারিখানা পুস্তক সংগ্রহ করিয়া প্রত্যেক পদ্ধতির মন্ত্র ও ক্রমের অনৈক্য ঘটায় একেবারে কিংকর্ত্তব্যবিমূঢ়ভাবে প্রায় চার মাস অতীত হয়। পরে আমাদের অভ্যাস অনুসারে সঙ্গত অসঙ্গত বোধে বরং ইতি কর্ত্তব্যতাগুলি সংশোধন করিতে পারিলাম। কিন্তু বৈদিকমন্ত্রগুলি অত্যন্ত প্রমাদপূর্ণ বলিয়া বোধ হইতে লাগিল। পরে পণ্ডিত শ্রীযুক্ত পার্ব্বতীচরণ শাস্ত্রী মহাশয়ের সাহায্যে একখানা ঋগ্বেদ সংগ্রহ করিয়া অধিকাংশ মন্ত্রগুলি শোধন করিতে সক্ষম হইলাম, কিন্তু প্রায় চারি আনা মন্ত্র বাদ রহিয়া যাইতে লাগিল। পরে ঐ বেদখানা শাস্ত্রী মহাশয় আর বেশীদিন রাখিতে পারিলেন না বলিয়া রমেশ দত্তের বঙ্গাক্ষরে মুদ্রিত একখানা ঋগ্বেদ, ভট্টগ্রাম হইতে আনাইয়া ঐরূপ মধ্যে মধ্যে দুই একটি মন্ত্রের উদ্ধার করিতে পারিলাম, কিন্তু সকল মন্ত্রের উদ্ধার হইল না বলিয়া বড় পরিতপ্ত রহিলাম। এইভাবে ত্রিবেদীয় দশসংস্কার শেষ করিতে প্রায় পনর মাস সময় অতীত হইল। আমরা যেই দুরূহ সমুদ্রের মধ্যে নিপতিত, দশসংস্কার তাহার পক্ষে গোষ্পদমাত্র। সুতরাং এই কার্য্য শেষ করা অত্যন্ত কঠিন বোধে সময় সময়ে এতই চিত্ত-বিক্ষেপ উপস্থিত হইতে

প্রথম সংস্করণের ভূমিকা

প্রায় তিন বৎসরের অধিককাল মুদ্রাযন্ত্রের কবলে নিষ্পেষিত হইয়া জগন্নিয়ন্তা জগদীশ্বরের কৃপায় "আর্য্যাচারপদ্ধতি বা পুরোহিত-দর্পণ" সর্ব্বজনসমক্ষে প্রকাশিত হইল। তিন বৎসর পূর্ব্বে এক দিন আমার পরমবন্ধু পণ্ডিত শ্রীযুক্ত শিবচন্দ্র সিদ্ধান্তরত্ন মহাশয়ের সহিত এজাতীয় একখানা ধর্ম্ম-কর্ম্মের পুস্তক প্রকাশ করিবার কথাবার্ত্তা হয়। বাজারে এতৎসম্বন্ধীয় পুস্তক যে কয়েকখানা প্রকাশিত হইয়াছে, একে একে তাহা সকলই সংগ্রহ করিলাম—আদ্যোপান্ত পাঠ করিলাম, কিন্তু তৃপ্ত হইতে পারিলাম না। আমরা উভয়েই ঐ জাতীয় একখানা পুস্তক সঙ্কলন করিয়া প্রকাশ করিব স্থির করি, কিন্তু ব্যয় এতই অধিক হইবে, যে তাহা সম্পন্ন করিতে আমাদের কাহারও ক্ষমতা নাই। কাজেই পি. এম্. বাকৃচি কোম্পানীর স্বত্বাধিকারী শ্রীযুক্ত কিশোরী-মোহন বাকৃচি মহাশয়কে ইহার ব্যয়ভার বহনপূর্ব্বক স্বত্ব গ্রহণের জন্য অনুরোধ করি, তিনিও ইহা একবাক্যে স্বীকার করেন। তখন আমাদের বিশ্বাস ছিল যে, যখন নিজের ছাপাখানা, কাগজও কোম্পানী, ৬০০০৲ ছয় হাজার টাকা ব্যয় করিয়া একে-বারে কিনিতে পারিলেন, তখন তিন মাস বা চারি মাস মধ্যে পুস্তকের কার্য্য নিশ্চয়ই শেষ হইয়া যাইবে। এইরূপ নিশ্চয় করিয়া কর্ম্মে প্রবৃত্ত হই। ধর্ম্ম-কর্ম্মের মধ্যে দশবিধ সংস্কারই বিশেষ প্রয়োজনীয় ও কঠিন বলিয়া প্রথমেই উহাতে হস্তক্ষেপ করি, কিন্তু সামবেদীয় দশসংস্কার শেষ হইতে না হইতে ইহাতে এত অসীম সংশয় আসিয়া উপস্থিত হয় যে, কোন আদর্শ পুস্তকের উপরিই আর আস্থা স্থাপন করিতে পারিলাম না। ফলে আর দুই চারিখানা পুস্তক সংগ্রহ করিয়া প্রত্যেক পদ্ধতির মন্ত্র ও ক্রমের অনৈক্য ঘটায় একেবারে কিংকর্ত্তব্যবিমূঢ়ভাবে প্রায় চার মাস অতীত হয়। পরে আমাদের অভ্যাস অনুসারে সঙ্গত অসঙ্গত বোধে বরং ইতি কর্ত্তব্যতাগুলি সংশোধন করিতে পারিলাম। কিন্তু বৈদিকমন্ত্রগুলি অত্যন্ত প্রমাদপূর্ণ বলিয়া বোধ হইতে লাগিল। পরে পণ্ডিত শ্রীযুক্ত পার্ব্বতীচরণ শাস্ত্রী মহাশয়ের সাহায্যে একখানা ঋগ্বেদ সংগ্রহ করিয়া অধিকাংশ মন্ত্রগুলি শোধন করিতে সক্ষম হইলাম, কিন্তু প্রায় চারি আনা মন্ত্র বাদ রহিয়া যাইতে লাগিল। পরে ঐ বেদখানা শাস্ত্রী মহাশয় আর বেশীদিন রাখিতে পারিলেন না বলিয়া রমেশ দত্তের বঙ্গাক্ষরে মুদ্রিত একখানা ঋগ্বেদ, ভট্টগ্রাম হইতে আনাইয়া ঐরূপ মধ্যে মধ্যে দুই একটি মন্ত্রের উদ্ধার করিতে পারিলাম, কিন্তু সকল মন্ত্রের উদ্ধার হইল না বলিয়া বড় পরিতপ্ত রহিলাম। এইভাবে ত্রিবেদীয় দশসংস্কার শেষ করিতে প্রায় পনর মাস সময় অতীত হইল। আমরা যেই দুরূহ সমুদ্রের মধ্যে নিপতিত, দশসংস্কার তাহার পক্ষে গোষ্পদমাত্র। সুতরাং এই কার্য্য শেষ করা অত্যন্ত কঠিন বোধে সময় সময়ে এতই চিত্ত-বিক্ষেপ উপস্থিত হইতে

লাগিল যে, উক্ত কার্য্য হইতে বিরত হইবার ইচ্ছা অনেক সময়ে মনে হইতে লাগিল। কিন্তু প্রারব্ধকার্য্যের অকৃতকার্য্যতা ও কোম্পানীর বহু টাকার ক্ষতিবোধে উক্ত কার্য্য সমাধা করিবার জন্যই বিশেষ চেষ্টা করিতে লাগিলাম, কিন্তু বৈদিক মন্ত্রগুলির উদ্ধার অতীব কঠিন হইতে লাগিল। পরে আজমীর বৈদিকপ্রেস হইতে প্রকাশিত চারিখান বেদ, ইহার বর্ণানুক্রমিক সূচিপত্র, নিরুক্ত, শতপথ-ব্রাহ্মণ, এই কয়েকখানি পুস্তক আনাইলাম, উহার সাহায্যে প্রায় পনর আনা বৈদিক মন্ত্রগুলি শোধন করিতে পারিলাম, তবে দশসংস্কারের বার আনা মন্ত্রের অধিক মন্ত্র বেদের সহিত মিলাইতে পারিয়াছি বলিয়া বোধ হয় না। আমাদের দেশের পদ্ধতির মন্ত্রগুলি যে কিরূপ বিকৃত অবস্থায় আছে, তাহার একটী মাত্র দৃষ্টান্ত স্বরূপে দেখাইতেছি। ঘটস্থাপনার বস্ত্রের মন্ত্রে "তং ধীরাসঃ কবর উন্নয়ন্তি" স্থলে দেশীয় সকল পদ্ধতিতেই "তদ্ধিবাসঃ কবর উন্নয়ন্তি" আছে। এইরূপ প্রত্যেক মন্ত্রেরই দুর্দ্দশা ঘটিয়াছে। বৈদিক মন্ত্রের এরূপ একটিও আমাদের দেশীয় পদ্ধতিতে পাই নাই, যাহার একটি মন্ত্র আগাগোড়া না বদলাইলে চলে, এই ভাবে পুস্তকখানাকে ভাল করিয়া প্রকাশ করিতে গিয়া তিন বৎসরকাল পুনঃ পুনঃ চেষ্টা করিয়াও ইহার কিছুই করিতে পারিলাম না এবং বুঝিলাম যে আমাদের মত একজন লোক সমস্ত জীবন পরিশ্রম করিলেও এই কার্য্য সম্পন্ন হয় কিনা সন্দেহ। কাযেই পদ্ধতিখানাকে সুধীমণ্ডলীর প্রতিপদ করিতে পারিলাম না। পরন্তু চার মাসে যে কার্য্য শেষ করিব বলিয়া আরম্ভ করি, তাহা তিন বৎসরেও কিছুই করিতে পারি নাই, কোম্পানীও আর পুস্তক বৃহৎ হইতে বৃহত্তর বা বৃহত্তম করিতে ক্ষতি বোধ করেন, এই নানা কারণে এই পুস্তকে যে যে বিষয় দেওয়া হইল তাহাতেই ১০০০ সহস্র পৃষ্ঠায় শেষ করা হইল। পুস্তকের যাহা মুল্য ধার্য্য করিয়া বিজ্ঞাপন দেওয়া হইয়াছে, যাহাতে গ্রন্থের কলেবর আর বৃদ্ধি করিতে গেলেও চলে না বলিয়া আমাদের বহু ইচ্ছা সত্ত্বেও প্রতিষ্ঠাপ্রকরণ, তীর্থকৃত্য, মহাদান, দত্তকপুত্রগ্রহণ, বিরাট, চণ্ডী, গীতা প্রভৃতি বহু আবশ্যকীয় বিষয় ইহাতে দিতে পারিলাম না। এই ভাবে পুস্তক সম্পাদন করিতে গিয়া সম্পাদকের যথেষ্ট ক্রটী রহিয়া গেল। সম্ভবতঃ পুস্তকখানিকে সম্পূর্ণ করিবার জন্য ইহার একটী পরিশিষ্টখণ্ডও সঙ্কলন করিয়া তাহাতে তত্তাবৎ বিষয়গুলি নিবিষ্ট করিয়া যত শীঘ্র সম্ভব গ্রাহকবর্গকে স্বল্পমুল্যে দিতে চেষ্টা করিব। এই পুস্তকের মধ্যে যে যে বিষয় নিবিষ্ট করিতে পারিয়াছি, তাহাতে বহু জটিল বিষয়ের যে মীমাংসা হইয়াছে তাহা আমরা মুক্তকণ্ঠে স্বীকার করিব। পরন্তু এই পুস্তকখানার সংশোধনাদি বিষয়ে আমাদের ঠিক মনঃপূত না হইলেও দুর্দ্দশাগ্রস্ত বঙ্গদেশের পক্ষে ইহা যে সর্ব্বোৎকৃষ্ট পুস্তক তাহা সুধীবর্গ দেখিলেই বুঝিতে পারিবেন। তবে এরূপ অনেক স্থলে ঘটিয়াছে যে, যেই ভুলটী দেশীয় পুরোহিতবর্গের চিরাভ্যস্ত, ইহাতে তাহার

সংশোধন করিতে গিয়া বিপরীতরূপে পরিণত হইয়াছে। অতএব পুরোহিতগণের নিকট বিনীতপ্রার্থনা যে তাঁহারা আমাদের পুস্তকের শুদ্ধাশুদ্ধ বিচার করিতে যেন একটু সাবধান হন। কারণ ইহার বিশুদ্ধি-রক্ষণে আমি যতদূর সম্ভব চেষ্টা করিয়াছি। পরন্তু মেদিনীপুর বগড়ীকৃষ্ণনগরান্তঃপাতী ভট্টগ্রামনিবাসী অত্যন্ততীক্ষ্ণতাশালী পণ্ডিত শ্রীযুক্ত শিবচন্দ্র সিদ্ধান্তরত্ন মহাশয় ইহার আদ্যোপান্ত সংশোধন করিয়াছেন। বলা বাহুল্য যে এই পুস্তকের উৎকর্ষ সম্বন্ধে যাহা কিছু আছে, উক্ত সিদ্ধান্তরত্ন মহাশয় সংশোধন না করিলে ইহা কিছুতেই সম্ভব হইত না। এই পুস্তকে আমাদের অজ্ঞাত কোন কোন বিষয়ের সংশোধনের জন্য সুহৃদয় শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য বেদান্ত-শাস্ত্রী মহাশয়ের উপরে ভার দিয়াছিলাম, তিনিও ইহার কোন কোন অংশের শোধন করিয়া আমাকে কৃতজ্ঞতা সূত্রে আবদ্ধ করিয়াছেন। এই পুস্তকের প্রথম অংশ সঙ্কলনের সময় ফরিদপুর ধানুকানিবাসী শ্রীযুক্ত পার্ব্বতীচরণ শাস্ত্রী মহাশয়ও কতক সাহায্য করিয়াছেন বলিয়া আমি তাঁহার নিকটও কৃতজ্ঞ। পরিশেষে বক্তব্য এই যে এই পুস্তকের পৌরাণিক ও তান্ত্রিক কার্য্যগুলি উত্তমরূপে সঙ্কলিত ও সংশোধিত হইয়াছে। শ্রাদ্ধকাণ্ডের বৈদিকমন্ত্রগুলি প্রায়ই সংশোধিত হইয়াছে—এমন কি রুদ্রাধ্যায়, রুদ্রসূক্ত, পুরুষসূক্ত প্রভৃতি মন্ত্রগুলির যাহা উদ্ধার করিলাম তাহা যদি দেখেন তবে পণ্ডিতগণ বুঝিবেন এ জাতীয় কার্য্যের উদ্যম বঙ্গদেশে এই প্রথম। আশা করি বঙ্গের পণ্ডিতমণ্ডলী ইহার একটু বিচার করিবেন। এদেশের কর্ম্মগুলি প্রায় জন্মান্ধ ও কর্ম্মান্ধ দ্বারাই সম্পন্ন হইয়া থাকে। কি পণ্ডিত কি অপণ্ডিত কেহই ইহার ভালমন্দ বিচারে উৎসাহী বা শক্তিমান নহেন, কাজেই তাঁহারা ইহার গুণাগুণ বিচার করিবেন কিনা বলিতে পারি না। ফলতঃ আমার ন্যায় অল্পবিদ্যা লোকের এতাদৃশ দুরূহ কার্য্যে হস্তক্ষেপ না করাই উচিত ছিল। বঙ্গের রত্নস্বরূপ পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত শ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি ব্যতীত এ কার্য্যে আর কেহই হস্তক্ষেপ করেন নাই। তিনি মাত্র সামান্য গুটিকত কার্য্য সঙ্কলন ও সংশোধন করিতে প্রায় জীবনপাত করিয়াছেন, তিনি সাধনায় সিদ্ধিলাভ করিয়াছেন সত্য কিন্তু ইহা একজীবনের কার্য্য নয় বলিয়া শেষ করিতে পারেন নাই। তাই আমি "দোষৈর্গুণৈর্ব্বা স্মর্ত্তব্যোঽস্মি" ইতি বিচারয়ন্ প্রকাশায় কৃতযত্নঃ॥ ইত্যলং—

শ্রীকৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থ।

হাং সাং ৩ ডি নিবেদিতা লেন, বাগবাজার, কলিকাতা।

দ্বাদশ সংস্করণের বিজ্ঞাপন

সর্ব্বসিদ্ধিদাতা মঙ্গলময় বিধাতা পরমেশ্বরের কৃপায় পুরোহিত দর্পণ প্রথম খণ্ডের দ্বাদশ সংস্করণ প্রকাশিত হইল। প্রিয় ধর্ম্মসাধনার্থীগণের অত্যধিক চাহিদার জন্য এই মূল্যবান ধর্ম্মগ্রন্থখানি তাঁহাদের হাতে দিতে গিয়া অনিচ্ছাসত্বেও কিছু কিছু ত্রুটি থাকিয়া গিয়াছে। সহৃদয় পাঠকগণের নিকট বিনীত নিবেদন এই যে ইহাতে যে সকল ত্রুটী বিচ্যুতি পরিলক্ষিত হইবে উহা আমাদিগকে জানাইলে পরবর্ত্তী সংস্করণে সংশোধন করিতে পারিব। ইতি—

শুভ-রথযাত্রা
আষাঢ় ১৩৭৯

বিনীত প্রকাশক
পি. এম. বাক্‌চি এণ্ড কোং প্রাঃ লিঃ

সূচীপত্র

তৃতীয়-পর্ব্ব

পূজাপ্রকরণ

অষ্টম পর্ব্ব

স্তবকবচমালা

প্রথম-পর্ব্ব

সামবেদীয়-দশসংস্কার[১]

বিবাহ[২]

পাকাদেখা বা আশীর্ব্বাদ—বর্ত্তমান সময়ে শাস্ত্রীয় বাগদান প্রথার প্রচলন নাই। তৎস্থানে লৌকিক পাকাদেখার প্রচলন হইয়াছে। শনি ও মঙ্গলবার, চতুর্থী, নবমী, চতুর্দ্দশী ও অমাবস্যা তিথি; ভরণী, কৃত্তিকা, অশ্লেষা ও মঘা নক্ষত্র; বারবেলা, কালবেলা, রাক্ষসী বেলা, কালরাত্রি ও ত্র্যহস্পর্শ ভিন্ন দিনে আশীর্ব্বাদ করিবেন।

বর বা কন্যাকে পূর্ব্বমুখে বসাইয়া মধ্যমা অঙ্গুলি দ্বারা ললাটে চন্দন দিয়া স্বস্তিসূক্ত পাঠ পূর্ব্বক 'ওঁ শিবা আপঃ সন্তু' মন্ত্রে মস্তকে জল, 'ওঁ সৌমনস্যমস্তু' মন্ত্রে পুষ্প বা দূর্ব্বা, 'ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু' মন্ত্রে যব বা ধান্য দিয়া 'ওঁ দীর্ঘায়ুঃ শ্রেয়ঃ শান্তিঃ পুষ্টিস্তুষ্টিশ্চাস্তু' বলিবেন। পরে হস্তে রজতমুদ্রা বা স্বর্ণালঙ্কারাদি দিবেন। বর বা কন্যা আশীর্ব্বাদককে প্রণাম করিবেন। এই সময় শঙ্খধ্বনি করিতে হয়। শূদ্র বিনামন্ত্রে চন্দনাদি দিয়া আশীর্ব্বাদ করিবেন।

প্রথমে জ্ঞাতিকর্ম্ম—বিবাহ-দিনে পিতৃসপিণ্ড বা অন্য কোন আত্মীয় মুগ, যব, মাষকলাই ও মসুরের কোমল চূর্ণ সমভাবে মিশ্রিত করিয়া কন্যার গাত্রে লেপন করিবে, তৎপরে নিম্নলিখিত মন্ত্রে পূর্ণ কলসস্থ জলদ্বারা কন্যাকে স্নান করাইবে, মন্ত্র যথা—

"প্রজাপতির্ঋষিঃ প্রস্তারপঙক্তিচ্ছন্দঃ কামোদেবতা জ্ঞাতিকর্ম্মণি কন্যায়াঃ শরীরপ্লাবনে বিনিয়োগঃ। ওঁ কামদেব তে নাম মদো নামাসি সমানয়ামুং[৩]। সুরা তেঽভবৎ পরমত্রজন্মাগ্নে তপসো নির্ম্মিতোঽসি স্বাহা।"

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে কন্যার মস্তকে কিঞ্চিৎ জল দিয়া ক্রোড়ে (কোলে) প্রচুর জল দিবে। যেন সেই জলদ্বারা কন্যার কটিদেশ হইতে সমস্ত নীচ অঙ্গ উত্তমরূপে প্লাবিত হয়। মন্ত্র যথা—

১। দশসংস্কার যথা :—১ বিবাহ ২ গর্ভাধান ৩ পুংসবন ৪ সীমন্তোন্নয়ন ৫ জাতকর্ম্ম ৬ নামকরণ ৭ অন্নপ্রাশন ৮ চূড়াকরণ ৯ উপনয়ন ১০ সমাবর্ত্তন।

২। বিবাহ আটপ্রকার যথা :—১ ব্রাহ্ম ২ দৈব ৩ আর্ষ ৪ প্রাজাপত্য ৫ আসুর ৬ গান্ধর্ব্ব ৭ রাক্ষস ৮ পৈশাচ। তথাচ উদ্বাহতত্ত্বধৃত-যাজ্ঞবল্ক্যবচনং—"ব্রাহ্মো বিবাহ আহূয় দীয়তে শক্ত্যলঙ্কৃত, যজ্ঞস্থায়ার্ত্বিজে দৈব আদায়ার্ষস্তু গোযুগং। সকায়ঃ পাবয়েত্তজ্জঃ ষড় বংশ্যাংশ্চ মহাত্মনাং। আসুরো দ্রবিণাদানাৎ, গান্ধর্ব্বঃ সময়ান্মিথঃ। রাক্ষসো যুদ্ধহরণাৎ পৈশাচঃ কন্যক চ্ছলাৎ। আটপ্রকার বিবাহের মধ্যে ব্রাহ্ম বিবাহই সর্ব্বশ্রেষ্ঠ। অস্মদ্দেশে ব্রাহ্মণাদির মধ্যে ব্রাহ্ম বিবাহই চলিত। বিবাহ শব্দের অর্থ—"ভার্য্যাত্ব-সম্পাদক-গ্রহণং বিবাহঃ।" ভার্য্যাত্ব-সম্পাদক-গ্রহণই বিবাহ।

৩। "সমানয়ামুং" স্থলে "সমানয়" শ্রীঅমুকদেবশর্ম্মাণং এইরূপ দ্বিতীয়ান্ত বরের নাম উল্লেখ করিবে।

"প্রজাপতিঋ´ষির্ম্মধ্যেজ্যোতির্জ্জগতীচ্ছন্দ উপস্থরূপঃ কামো দেবতা জ্ঞাতিকর্ম্মণি কন্যায়া উপস্থপ্লাবনে বিনিয়োগঃ। ওঁ ইমন্ত উপস্থং মধুনা সংসৃজামি প্রজাপতের্মুখমেতদ্দ্বিতীয়ং। তেন পুংসোঽভিভবসি সর্ব্বানবশান্ বশিন্যসি রাজ্ঞী স্বাহা।"

তদনন্তর পুনর্ব্বার নিম্নস্থমন্ত্রে মস্তকে স্বল্প ও ক্রোড়দেশে বহু জল দিবে। যথা—"প্রজাপতিঋ´ষিরুপরিষ্টাৎ জ্যোতিস্ত্রিষ্টুপ্‌ছন্দ উপস্থরূপঃ কামো দেবতা জ্ঞাতিকর্ম্মণি কন্যায়া উপস্থপ্লাবনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিং ক্রব্যাদমকৃণ্বন্ গৃহাণাঃ স্ত্রীণামুপস্থমৃষয়ঃ পুরাণাস্তেনাজ্যমকৃণ্বং স্ত্রৈশৃঙ্গং ত্বাষ্ট্রং ত্বয়ি তদ্দাধাতু স্বাহা।

ইতি জ্ঞাতিকর্ম্ম।

অথ সম্প্রদান

বিবাহদিনে সম্প্রদাতা নিত্যকর্ত্তব্য স্নান সন্ধ্যাদি নির্ব্বাহ করিয়া শ্রাদ্ধপ্রকরণোক্ত বৃদ্ধিশ্রাদ্ধ শেষ করিবেন, পরে শুভলগ্নে সম্প্রদান-স্থলে গমন করিয়া তাহার উত্তরদিকে একটী গাভী বন্ধন করিবেন, পরে বিষ্টরাদি একত্র করিয়া উত্তরাভিমুখে উপবেশন করিবেন[১] অনন্তর বর সমাগত হইলে তাহাকে পূর্ব্বমুখে বসাইবেন কন্যাদাতা ও বর আচমন করিয়া কুশ হস্তে বিষ্ণুস্মরণ করিবেন যথা—

"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।"

পরে শালগ্রামে, জলে বা ঘটে গণেশাদি দেবতাগণকে গন্ধপুষ্প প্রদান করিবেন, যথা—এতে গন্ধপুষ্পে ওঁ গণপতয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ প্রজাপতয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নমো নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীগুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।

অতঃপর সম্প্রদাতা কুশীতে আতপ তণ্ডুল লইয়া বলিবেন, "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ কন্যাসম্প্রদানকর্ম্মণি "ওঁ পুণ্যাহং ভবন্তোব্রুবন্তু' ৩ বার।" ব্রাহ্মণগণ তিনবার "ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং" এইরূপ বলিবেন। পুনরায় দাতা বলিবেন—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ কন্যাসম্প্রদানকর্ম্মণি 'ওঁ স্বস্তি ভবন্তোব্রুবন্তু' ৩ বার।" পরে ব্রাহ্মণগণ পূর্ব্ববৎ "ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি" বলিবেন। সম্প্রদাতা বলিবেন, ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ শুভ কন্যাসম্প্রদানকর্ম্মণি 'ওঁ ঋদ্ধিং ভবন্তোব্রুবন্তু' ৩ বার। তৎপরে পূর্ব্ববৎ ব্রাহ্মণগণ বলিবেন "ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং।"

১। দাতা উত্তরমুখ গ্রহীতা পূর্ব্বমুখ অথবা দাতা পশ্চিমমুখ গ্রহীতা পূর্ব্বমুখে উপবেশন করিবে, এই উভয় প্রকারই শাস্ত্রসঙ্গত, দেশাচার অনুসারে যে দেশে যেরূপ ব্যবহার সেই দেশে সেইরূপ আচরণ করিবে। প্রমাণ—প্রাঙ্মুখায়াভিরূপায় বরায় শুচিসন্নিধৌ। দদ্যাৎ প্রত্যঙ্মুখোদাতা ক্ষণে লক্ষণসংযুতে।—উদ্বাহ-তত্ত্ব। বর উভয় পদের অঙ্গুষ্ঠদ্বয় ভূমি সংলগ্ন করিয়া পিড়ির উপর উবু হইয়া বসিবেন।

তদনন্তর কন্যাদাতা "ওঁ সোমং রাজানং বরুণমগ্নি-মন্বারভামহে আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি" এই মন্ত্রে আতপ তণ্ডুলগুলি বিকিরণ করত স্বস্তিবাচন করিয়া "ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা। পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিং।" এই মন্ত্র পাঠপূর্ব্বক বিষ্ণুস্মরণ করিয়া বরাভিমুখে কৃতাঞ্জলি হইয়া বলিবেন, "ওঁ সাধু ভবানাস্তাং"। বর—"ওঁ সাধ্বহমাসে।" দাতা "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং।" বর "ওঁ অর্চ্চয়।" পরে দাতা[১] আচারানুসারে জামাতার হস্তে নিম্নবাক্যে গন্ধ, পুষ্প, অঙ্গুরীয়ক, যজ্ঞোপবীত ও বস্ত্র দিবেন, "এতানি গন্ধপুষ্পযজ্ঞোপবীতাঙ্গুরীয়কবাসাংসি ওঁ বরায় নমঃ।" পরে জামাতা "ওঁ স্বস্তি" বলিয়া গ্রহণ করিবেন। বরকে এই সময়ে যজ্ঞোপবীত, নূতন বস্ত্র ও অঙ্গুরীয়ক পরিধান করাইবে।

পরে দাতা বামহস্তযুক্ত দক্ষিণ হস্তে আতপ তণ্ডুল দ্বারা বরের দক্ষিণজানু স্পর্শ করিয়া বলিবেন—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রং অমুকগোত্রং অমুকপ্রবরং শ্রীঅমুকদেবশর্ম্মাণং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং কন্যাং শুভবিবাহেন দাতুমেভিঃ গন্ধাদিভিরভ্যর্চ্চ্য বরত্বেন ভবন্তমহং বৃণে।" বর—"ওঁ বৃতোঽস্মি।" সম্প্রদাতা—"ওঁ যথাবিহিতং বিবাহকর্ম্ম কুরু।" জামাতা—ওঁ যথাজ্ঞানং করবাণি।"

পরে স্ত্রীগণ বরকে অন্তঃপুরে লইয়া দেশাচার অনুসারে স্ত্রী-আচার পরিবেন এবং সেইস্থানে অথবা সম্প্রদানস্থানে বরকন্যার পরস্পর মুখদর্শনও করাইবেন। বর সম্প্রদানস্থানে ফিরিয়া আসিয়া পূর্ব্বমুখে দাঁড়াইবেন, তাহার সম্মুখে কন্যাকে পশ্চিমমুখে বসাইবেন।

পরে সম্প্রদাতা যোড়হস্তে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন।

"প্রজাপতিঋর্ষিরনুষ্টুপ্ ছন্দোঽর্হণীয়া গৌর্দ্দেবতা গবোপস্থাপনে বিনিয়োগঃ। ওঁ অর্হণা পুত্রবাসসা ধেনুরভবদ যমে। সা নঃ পয়স্বতা দুহা উত্তরামুত্তরাংসমাম্॥" পরে জামাতা "প্রজাপতিঋর্ষির্গায়ত্রীচ্ছন্দো বিরাড্‌দেবতা উপবিশদর্হণীয়জপে বিনিয়োগঃ। ওঁ ইদমহমিমাং পদ্যাং বিরাজমন্নাদ্যায়াধিতিষ্ঠামি"। এই মন্ত্র পাঠ করিয়া আসনে পূর্ব্বমুখে উপবেশন করিবেন।

অনন্তর সম্প্রদাতা একটী বিষ্টর[২] চিৎহাতে উত্তরাগ্র করিয়া লইয়া "ওঁ বিষ্টরো বিষ্টরো

১। দেশাচার অনুসারে পূর্ব্ব পূর্ব্ব জামাতাগণের বরণ করিয়া নূতন জামাতার বরণ করিবেন।

২। সাগ্র পঞ্চবিংশতি কুশপত্র দ্বারা বামাবর্ত্তে অধোমুখ ক্রমে আড়াইবার বেষ্টন করিলে বিষ্টর হয়। ঊর্দ্ধকেশো ভবেদ্‌ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ। দক্ষিণাবর্ত্তকো ব্রহ্মা বামাবর্ত্তস্তু বিষ্টরঃ॥

বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং” বলিয়া জামাতার হস্তে অর্পণ করিবেন এবং জামাতা “ওঁ বিষ্টরং প্রতিগৃহ্নামি” বলিয়া বিষ্টর গ্রহণ করত “প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দ ওষধ্যো দেবতা বিষ্টরস্যাসনদানে বিনিয়োগঃ। ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীর্ব্বহ্বীঃ শতবিচক্ষণাঃ। তামহমস্মিন্নাসনেঽচ্ছিদ্রাঃ শর্ম্ম যচ্ছত।” এই মন্ত্র পাঠ করিয়া (জামাতা) আপনার আসনে উত্তরাগ্র বিষ্টর রাখিয়া তদুপরি উপনিবেশ করিবেন। পরে সম্প্রদাতা আর একটী বিষ্টর লইয়া পুনর্ব্বার বলিবেন, ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং” এবং জামাতা পূর্ব্ববৎ “ওঁ বিষ্টরং প্রতিগৃহ্নামি” এই মন্ত্র পাঠ করিয়া গ্রহণ করত “প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্-ছন্দ ওষধ্যো দেবতা বিষ্টরস্য পাদয়োরধস্তাদ্দানে বিনিয়োগঃ। ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীর্বিষ্ঠিতাঃ পৃথিবীমনু। তা মহমস্মিন্ পাদয়োরচ্ছিদ্রাঃ শর্ম্ম যচ্ছত”॥ এই মন্ত্রে উভয় পদতলে উত্তরাগ্র বিষ্টর স্থাপন করিবে। পরে সম্প্রদাতা কুশীতে জল লইয়া বলিবেন,—“ওঁ পাদ্যঃ পাদ্যঃ পাদ্যঃ প্রতিগৃহ্যতাং” জামাতা সেই কুশীসহ জল গ্রহণ করিয়া বলিবেন “ওঁ পাদ্যং (পাদ্যঃ বা) প্রতিগৃহ্নামি” এবং কুশী ভূমিতে স্থাপন করিয়া দর্শন করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন।

“প্রজাপতির্ঋষির্ব্বিরাড় গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা পাদপ্রক্ষালনার্থোদকবীক্ষণে বিনিয়োগঃ। ওঁ যতো দেবীঃ প্রতিপশ্যাম্যাপস্ততো মা ঋদ্ধিরাগচ্ছতু॥”

পরে জামাতা ঐ জল হইতে এক অঞ্জলি লইয়া—

প্রজাপতির্ঋষির্ব্বিরাড্ গায়ত্রীচ্ছন্দঃ শ্রীর্দ্দেবতা সব্যপাদপ্রক্ষালনে বিনিয়োগঃ। “ওঁ সব্যং পাদমবনেনিজেঽস্মিন্ রাষ্ট্রে শ্রিয়ং দধে” এই মন্ত্র পাঠ করিয়া গৃহীত জল বামপদে দিবেন। পুনর্ব্বার এক অঞ্জলি জল লইয়া নিম্নস্থ মন্ত্র পাঠ করিয়া দক্ষিণপাদে প্রদান করিবেন। মন্ত্র যথা—

“প্রজাপতির্ঋষির্ব্বিরাড্ গায়ত্রীচ্ছন্দঃ শ্রীর্দেবতা দক্ষিণপাদপ্রক্ষালনে বিনিয়োগঃ ওঁ দক্ষিণং পাদমবনেনিজেঽস্মিন্ রাষ্ট্রে শ্রিয়মাবেশয়ামি।”

পুনরপি এক অঞ্জলি জল গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্রে উভয় পদে জল দিবেন। মন্ত্র যথা—“প্রজাপতির্ঋষির্ব্বিরাড্ গায়ত্রীচ্ছন্দঃ শ্রীর্দ্দেবতা উভয়পাদপ্রক্ষালনে বিনিয়োগঃ। ওঁ পূর্ব্বমন্যমপরমন্যমুভৌ পাদাববনেনিজে। রাষ্ট্রস্যর্দ্ধ্যা অভয়স্যাবরুদ্ধ্যৈ॥”

অনন্তর সম্প্রদাতা দূর্ব্বা ও আতপতণ্ডুল মিশ্রিত জলরূপ অর্ঘ্য তাম্রপাত্রে লইয়া,—“ওঁ অর্ঘ্যমর্ঘ্যমর্ঘ্যং প্রতিগৃহ্যতাং।” এই মন্ত্র পাঠ করিয়া, জামাতার হস্তে দিবেন, জামাতা “ওঁ অর্ঘ্যং প্রতিগৃহ্নামি।” বলিয়া অর্ঘ্য গ্রহণ করিয়া “প্রজাপতির্ঋষিরর্ঘ্যং দেবতা অর্ঘ্য-প্রতিগ্রহণে বিনিয়োগঃ। ওঁ অন্নস্য রাষ্ট্রিরসি রাষ্ট্রিতে ভূয়াসং।” এই মন্ত্রে গৃহীত অর্ঘ্য নিজ মস্তকে দিবেন।

পরে সম্প্রদাতা পুনর্ব্বার এক কুশী জল লইয়া—“ওঁ আচমনীয়মাচমনীয়মাচমনীয়ং প্রতিগৃহ্যতাং” বলিয়া জামাতাকে দিবেন। জামাতা “ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্নামি বলিয়া

ঐ জল গ্রহণ করত নিম্নলিখিত মন্ত্র পড়িবেন,—"প্রজাপতির্ঋষিরাচমনীয়ং দেবতা আচমনীয়াচমনে বিনিয়োগঃ। ওঁ যশোঽসি যশো ময়ি ধেহি॥"

এই মন্ত্র পাঠ করতঃ উত্তরাস্য হইয়া ঐ জল দ্বারা আচমন করিবেন।

পরে দাতা কাংস্যপাত্রে মধুপর্ক[১] গ্রহণ করিয়া তাহা পাত্রান্তর দ্বারা আচ্ছাদন করত "ওঁ মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাং" এই মন্ত্রে জামাতাকে দিবেন। জামাতা "ওঁ মধুপর্কং প্রতিগৃহ্ণামি" বলিয়া মধুপর্কগ্রহণপূর্ব্বক "প্রজাপতির্ঋষির্মধুপর্কো দেবতা অর্হণীয়মধুপর্কগ্রহণে বিনিয়োগঃ। ওঁ যশসো যশোঽসি" এই মন্ত্র পাঠ করিয়া গৃহীত মধুপর্ক ভূমিতে স্থাপন করত "প্রজাপতির্ঋষির্মধুপর্কোদেবতা অর্হণীয়মধুপর্কপ্রাশনে বিনিয়োগঃ। "ওঁ যশসো ভক্ষ্যোঽসি মহসো ভক্ষ্যোঽসি শ্রীর্ভক্ষ্যেহসি শ্রিয়ং ময়ি ধেহি।" এই মন্ত্রে তিনবার মধুপর্ক আঘ্রাণ করিবে, পরে অমন্ত্রক একবার আঘ্রাণ করিবে। অনন্তর গোরোচনা কুঙ্কুমাদি মাঙ্গলিক দ্রব্যলিপ্ত বরের দক্ষিণ হস্তের উপর মাঙ্গলিক দ্রব্যলিপ্ত কন্যার দক্ষিণহস্ত স্থাপন করিয়া (আচারত তদুপরি গাইট ছড়া রাখিয়া) পতিপুত্রবতী সৌভাগ্যশালিনী রমণী বা ব্রাহ্মণ (উলুধ্বনি করত) "ওঁ ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ চন্দ্রার্কাবশ্বিনাবুভৌ। তে ভবা গ্রন্থনিলয়ং দধতাং শাশ্বতীঃ সমাঃ।" এই মন্ত্রে কুশ ও পুষ্পমালা দ্বারা উভয়ের হস্ত এক যোগে বন্ধন করিয়া ঘটের উপর স্থাপন করিবেন। ঐ হাতের উপরে কন্যাচ্ছাদনের গামছা দিবেন।

পরে সম্প্রদাতা শুদ্ধচিত্তে কুশ, তিল, তুলসী, ফল ও পুষ্পযুক্ত জলপাত্র দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া বামহস্তে কন্যার হস্তের উপরে প্রদত্ত গামছাখানা ধারণ করত কুশস্থ জল দ্বারা অর্চ্চনা করিবেন। যথা,—"ওঁ এতস্যৈ সবস্ত্রাচ্ছাদনালঙ্কারায়ৈ কন্যায়ৈ নমঃ" এই বলিয়া কুশত্রিপত্রদ্বারা তিনবার কন্যার গাত্রে জলের ছিটা দিয়া, পরে "এতে গন্ধপুষ্পে ওঁ এতস্যৈ সবস্ত্রাচ্ছাদনালঙ্কারায়ৈ কন্যায়ৈ নমঃ" বলিয়া কন্যার উপর একটি গন্ধপুষ্প দিবেন, পরে এতে 'গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে প্রজাপতয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদানায় বরায় নমঃ" এই মন্ত্র পাঠ করিয়া অর্চ্চনা করিবেন।

([২]তৎপরে দাতা পূর্ব্বপাত্রস্থ জল দ্বারা "ওঁ বিষ্ণু পুণ্ডরীকাক্ষঃ পুনাতু" বলিয়া অভ্যুক্ষণ করত দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা কন্যাকে স্পর্শ করিয়া) বামহস্ত দ্বারা কন্যাকে ধারণ করত দক্ষিণহস্ত কোশার মধ্যে স্থাপনপূর্ব্বক "বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ"[৩] "অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুক-

---

১। ঘৃত, মধু ও দধি এই তিন দ্রব্যের একত্র মিশ্রণকেই, মধুপর্ক বলে। তথাচ "দধিমধু ঘৃতং কাংস্যেষু পিহিতং কাংস্যেন।"

২। এইরূপ ব্যবহার সকল দেশে নাই।

৩। অন্য কোন কামনা থাকিলে তাহার উল্লেখ করিবে যথা—পিতুঃ স্বর্গকামঃ ইত্যাদিঃ—

গোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুক-দেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায় অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুক-গোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং কন্থাং অর্চ্চিতাং অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুক-দেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মঃ পৌত্রায়, অমুকপোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায়, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবী কন্থাং অর্চ্চিতাং অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায়স্থ শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায় তুভ্যং' অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্থ অমুকপ্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং অমুকগোত্রস্থ অমুক-প্রবরস্থ অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং অর্চ্চিতাং এনাং কন্থাং সবস্ত্রাচ্ছাদনালঙ্কারাং প্রজাপতিদেবতাকামহং সম্প্রদদে।[১]

এই বলিয়া দাতা বর-কন্থার হস্তদ্বয়ের উপর ত্রিপত্র ও তিলসংযুক্ত জল দিবেন।

পরে বর—"ওঁ স্বস্তি" বলিয়া একবার গায়ত্রী পাঠপূর্ব্বক "ওঁ কন্তেয়ং প্রজাপতি-দেবতাকা" বলিয়া কামস্তুতি পাঠ করিবেন। যথা—

"ওঁ ক ইদং কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা কামঃ সমুদ্রমাবিশৎ কামেন বা প্রতিগৃহ্ণামি কামৈতত্তে॥'

পরে দাতা দক্ষিণা করিবেন। কাঞ্চন বা তন্মূল্য রজতাদি অর্চ্চনা করিয়া বাক্য করিবেন। যথা—বিষ্ণুরোঁ তৎসদত্ত অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎসবস্ত্রাচ্ছাদনা-লঙ্কারকন্থাসম্প্রদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ কাঞ্চনং তন্মূল্যং বা শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় তুভ্যমহং সম্প্রদদে।'

পরে জামাতা—"ওঁ স্বস্তি" বলিয়া দক্ষিণা গ্রহণ করিবেন। এই সময় দাতা "এতানি যৌতুকদ্রব্যাণি ওঁ বরায় নমঃ" বলিয়া যৌতুক দ্রব্যাদি জামাতাকে উৎসর্গ করিয়া দিবেন। এই সময় আচারত বর-কন্থাকে আচ্ছাদন করিয়া পরস্পর শুভদৃষ্টি করাইবেন। পরে কোন পতিপুত্রবতী-স্ত্রী বা ব্রাহ্মণ বধূ ও বরের বস্ত্রদ্বয়ের অগ্রভাগে

১। সংপূর্ব্বক প্রপূর্ব্বক দাধাতুর আত্মনেপদ নির্দ্দিষ্ট থাকায় "সম্প্রদদে"ই বলিবে পরার্থে অর্থাৎ পিতা বা মাতার স্বর্গার্থে কন্থাদান করিলে দদানি বলিবে।

একত্র করিয়া একটী গাঁইট বাঁধিয়া দিবেন[১]। পরে দাতা কুশগ্রন্থি খুলিয়া ভর্ত্তার দক্ষিণে কন্যাকে উপবেশন করাইবেন, তৎপরে নাপিত "গৌর্গৌর্গৌঃ" শব্দ উচ্চারণ করিলে, বর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন।

"প্রজাপতির্ঋষির্ব্বৃহতীচ্ছন্দো গৌর্দ্দেবতা পূর্ব্ববদ্ধগবীমোক্ষণে বিনিয়োগঃ। ওঁ মুঞ্চ গাং বরুণপাশাদ্দ্বিষন্তং মেঽভিদেহি। তং জহ্যমুষ্য চোভয়োরুৎসৃজ গামত্তু তৃণানি পিবতূদকং ॥" পরে নাপিত গো-বন্ধন খুলিয়া দিলে জামাতা পুনর্ব্বার পাঠ করিবেন—"প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো গৌর্দ্দেবতা গবানুমন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসাদিত্যানামমৃতস্য নাভিঃ। প্রণুবোচং চিকিতুষে জনায় মাগা-মনাগামদিতিং বধিষ্ট ॥"

অনন্তর দাতা "কৃতৈতৎ কন্যা সম্প্রদানকর্ম্মাচ্ছিদ্রমস্ত" বলিয়া অচ্ছিদ্রাবধারণ করিবেন, পরে "ওঁ অদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ শুভকন্যাসম্প্রদানকর্ম্মণি যৎকিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে"। এইরূপ বাক্য করিয়া "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক বিষ্ণুস্মরণাদি করিলে দাতা, বর ও কন্যা নারায়ণকে প্রণাম করিবেন। ইহার পর সৌভাগ্যশালিনী পতি পুত্রবতী নারীগণ বর-কন্যাকে বাসর ঘরে লইয়া যাইবেন।

সম্প্রদান সমাপ্ত।

সম্প্রদানানন্তর বর বক্ষ্যমাণক্রমে যোযক নামক অগ্নি স্থাপনপূর্ব্বক বিরূপাক্ষজপান্ত সর্ব্বকর্ম্ম-সাধারণী কুশণ্ডিকা করিবে। (এক্ষণে ইহা তৎপরদিনে কন্যার বাটীতে বা বরের বাটীতে ফিরিয়া আসিয়া করিবার ব্যবহার হইয়াছে।)

সামবেদীয়-সর্ব্বকর্ম্ম-সাধারণী কুশণ্ডিকা[২]

সকলপ্রকার আহুতিযুক্ত কর্ম্মেই কুশণ্ডিকাপরিশুদ্ধ অগ্নি আবশ্যক। প্রথমে হোম-কার্য্যে তিলকাদিদ্বারা ললাট ভূষিত ও মস্তকে উষ্ণীষ বন্ধন করিবেন।

পূর্ব্ব বা উত্তর দিগ্‌ভাগ কিঞ্চিৎ নত অথবা সমান বিতানযুক্ত চারিহস্ত পরিমিত[৩] চতুষ্কোণ ভূমি গোময় দ্বারা লেপন করিয়া বালুকা ব্যাপ্ত করিবে। তৎপরে দুইবার আচমন করত কুশসহিত আসনে পূর্ব্বমুখে উপবেশন করিবে। পরে স্থণ্ডিলের[৪]

১। কোন কোন দেশে গাঁইট ছড়া বাঁধা হয় ও গ্রন্থিবন্ধনে একটী মন্ত্র পঠিত হয় যথা,—যথা শচী মহেন্দ্রস্য স্বাহা চৈব বিভাবসোঃ। রোহিণী চ যথা সোমে দময়ন্তী যথা নলে। যথা বৈবস্বতে ভদ্রা বশিষ্ঠে চাপ্যরুন্ধতী। যথা নারায়ণে লক্ষ্মীস্তথাত্বং ভব ভর্ত্তরি ॥

কেহ কেহ গোবন্ধন মোচনের পর গ্রন্থি বন্ধন করেন।

২। নিম্নে যে কুশণ্ডিকা লিখিত হইল বিবাহ, শ্রাদ্ধ, প্রতিষ্ঠা প্রভৃতি সমস্ত বৈদিককার্য্যে এই কুশণ্ডিকা করিয়া পরে তত্তৎ কর্ম্মে কথিত হোমাদি করিবে।

৩। নিজের অঙ্গুষ্ঠ অঙ্গুলীর চতুর্ব্বিংশতি অঙ্গুলীতে এক হস্ত হয়।

৪। হোমকর্ত্তার সম্মুখে চারিদিকে এক হস্ত পরিমাণ এক অঙ্গুলি উচ্চ বালুকাব্যাপ্ত স্থলকে স্থণ্ডিল বলে।

উত্তরদিকে অভ্যুক্ষণের জন্য কুশপুষ্পযুক্ত জলপাত্র রাখিয়া দক্ষিণ হাঁটু মৃত্তিকাতে পাতিয়া অগ্নিস্থাপন পর্য্যন্ত উত্তরাগ্র কুশোপরি বামহস্ত প্রাদেশের আকারে চিৎ করিয়া ভূমিতে স্থাপন করিবে। পরে নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠা অঙ্গুলীধৃত কুশমূলদ্বারা স্থণ্ডিলের পশ্চিমে দুই আঙ্গুল ও দক্ষিণে এক আঙ্গুল বাদ দিয়া দক্ষিণভাগে নিজের অঙ্গুষ্ঠ পরিমাণ দ্বাদশ আঙ্গুল দীর্ঘ পূর্ব্বাভিমুখে একটী রেখা অঙ্কিত করিবে। মন্ত্র যথা—"ওঁ রেখেয়ং পৃথ্বীদেবতাকা পীতবর্ণা।" অনন্তর ঐ রেখার মূলপ্রদেশ হইতে একবিংশতি অঙ্গুলী দীর্ঘ নিম্নলিখিত মন্ত্রে উত্তরাগ্র আর একটী রেখা দিবে। মন্ত্র যথা—"ওঁ রেখেয়ং অগ্নিদেবতাকা লোহিতবর্ণা।" তৎপরে প্রথম দ্বাদশাঙ্গুল রেখার সাত আঙ্গুল ব্যবধানে একুশ আঙ্গুল রেখার সহিত যুক্ত করিয়া, "ওঁ রেখেয়ং প্রজাপতিদেবতাকা কৃষ্ণবর্ণা।" এই মন্ত্রে প্রাদেশ[১] প্রমাণ পূর্ব্বাভিমুখী আর একটী রেখা পাত করিবে। অনন্তর প্রাদেশ প্রমাণ পূর্ব্বাভিমুখী রেখার সাত অঙ্গুলী ব্যবধান একবিংশতি অঙ্গুলী রেখার সহিত সংযুক্ত করিয়া "ওঁ রেখেয়ং ইন্দ্রদেবতাকা নীলবর্ণা।" এই মন্ত্রে প্রাদেশ প্রমাণ পূর্ব্বাভিমুখী আর একটী রেখা অঙ্কিত করিবে। তৎপরে প্রাদেশ প্রমাণ পূর্ব্বাভিমুখী রেখার সাত আঙ্গুল ব্যবধানে একুশ আঙ্গুল পরিমিত রেখার সহিত যুক্ত করিয়া "ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা।" এই মন্ত্রে পূর্ব্বাভিমুখী আর একটি রেখা অঙ্কিত করিবে।

পরে দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠা অঙ্গুলী দ্বারা ক্রমান্বয়ে রেখাস্থমৃত্তিকা গ্রহণ করিয়া "প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা উৎকরনিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ।" এই মন্ত্র পাঠপূর্ব্বক ঈশানকোণে অরত্নি[২] প্রমাণ ব্যবধানে নিক্ষেপ করিবে। তৎপরে পূর্ব্বস্থাপিত জলদ্বারা রেখাসমুদয়কে অভ্যুক্ষণ করিয়া দক্ষিণদিকস্থ সন্নিহিত কাংস্যপাত্রে, তাম্রপাত্রে বা নূতন মাটীর শরায় স্থিত অগ্নি হইতে প্রজ্বলিত কাষ্ঠ গ্রহণ করিয়া "প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিসংস্কারে বিনিয়োগঃ। "ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতুঃ রিপ্রবাহঃ।" এই মন্ত্র পাঠ করিয়া দক্ষিণদিকে নিক্ষেপ করিবে। পুনর্ব্বার তাহা হইতেই প্রজ্বলিত অপর কাষ্ঠ গ্রহণ করিয়া "প্রজাপতির্ঋষির্বৃহতীছন্দঃ প্রজাপতির্দ্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বরোম্।" এই মন্ত্র পাঠ করিতে করিতে পূর্ব্বমুখী তৃতীয় রেখার উপর আত্মাভিমুখ করিয়া স্থাপন করিবে। পরে বামহস্ত উঠাইয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে, যথা—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। "ওঁ ইহৈবায় মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্। ওঁ সর্ব্বতঃ পাণিপাদান্তঃ সর্ব্বতোঽক্ষিশিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নিঃ প্রণীতঃ সর্ব্বকর্ম্মসু।"

১। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী অঙ্গুলীর প্রসারণ পরিমাণকে প্রাদেশ কহে।

২। দক্ষিণ হস্তের কনুই হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাঙ্গুলীর অগ্রভাগ পর্য্যন্ত পরিমাণকে অরত্নি বলে।

পরে "ওঁ অগ্নে ত্বং অমুকনামাসি।" (বিবাহে যোজকনামাসি)[১] এই প্রকারে অগ্নির নাম করিয়া ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।" এই মন্ত্রে অগ্নির ধ্যান করিয়া আবাহন করিবে যথা—ওঁ অমুকাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ; পূজা—এষ গন্ধঃ অমুকাগ্নয়ে নমঃ এতৎ পুষ্পং অমুকাগ্নয়ে নমঃ এষ ধূপঃ···এষ দীপঃ···এতৎ আজ্যনৈবেদ্যং অমুকাগ্নয়ে নমঃ।

প্রাদেশপ্রমাণ ঘৃতযুক্ত সমিধ্[২] অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবে। পরে বক্ষ্যমাণ-ক্রমে ব্রহ্মস্থাপন করিবে যথা—সমাগ্র পঞ্চাশ গাছা কুশ দক্ষিণপার্শ্ব দিয়া সার্দ্ধদ্বয় (আড়াই) বেষ্টন দ্বারা নির্ম্মিত উর্দ্ধমুখ কুশময় ব্রাহ্মণ, অথবা বেদবেত্তা ব্রাহ্মণ, কিম্বা ছত্র, উত্তরাসঙ্গ (উত্তরীয় বস্ত্র) অথবা কমণ্ডলুকে ব্রহ্মারূপে কল্পনা করিয়া হোমকর্ত্তা জলপাত্র হইতে জলধারা দিতে দিতে অগ্নির উত্তর হইতে দক্ষিণাবর্ত্তে দক্ষিণ দিকে গিয়া অরত্নি পরিমিত দূরে পূর্ব্বাভিমুখী জলধারা দিয়া তাহার উপর পূর্ব্বাগ্র কুশ সমূহ পাতিয়া পশ্চিমাভিমুখে অনুপবিষ্ট অবস্থায় বামহস্তের অনামা ও অঙ্গুষ্ঠ দ্বারা ঐ পাতিত কুশপত্রের এক গাছ কুশ গ্রহণ করত নিম্নলিখিত মন্ত্রে ঐ কুশপত্রটী দক্ষিণ পশ্চিমকোণে (নৈঋ‌র্তকোণে) নিক্ষেপ করিবে। মন্ত্র যথা—"প্রজাপতির্ঋষির্যির গ্নির্দেবতা তৃণনিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ।" পরে জলস্পর্শ করিয়া দক্ষিণপদ দ্বারা বামপদ আক্রমণ করতঃ উত্তরমুখ হইয়া পূর্ব্বস্থাপিত কুশজল দ্বারা পাতিত কুশগুলিতে জলের ছিটা দিবেন পরে ব্রহ্মরূপে কল্পিত ব্রাহ্মণাদিকে ধারণ করত "প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽ-গ্নির্দ্দেবতা ব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ। ওঁ আবসোঃ সদনে সীদ।" এই মন্ত্র পাঠ করিয়া কুশরচিত ব্রাহ্মণাদিকে পূর্ব্বাগ্রভাবে স্থাপন করিবেন। ব্রাহ্মণকে ব্রহ্মা করিলে তিনি স্বয়ং "ওঁ সীদামি" বলিয়া উত্তরমুখ করিয়া বসিবেন। হোতা তাঁহার উপর কুশ[৩] দিয়া জল দ্বারা অভ্যুক্ষণ করত কুশ ও পুষ্প দ্বারা তাঁহার পূজা করিবেন।

১। ক্রিয়া বিশেষে অগ্নির পৃথক্ পৃথক্ নামকরণ করিতে হয়। কোন্ কার্য্যে কি নাম উল্লেখ করিতে হইবে, তাহা সেই সেই স্থানেই দ্রষ্টব্য। সংজ্ঞা গ্রহার্থ এই স্থলে প্রমাণটা উদ্ধৃত হইল। যথা গৃহ্যপরিশিষ্টে।—লৌকিকে পাবকো হ্যগ্নির্গর্ভাদেচ মারুতঃ পুংসবনে চন্দ্রনামা শুঙ্গাকর্ম্মণি শোভনঃ। সীমন্তে মঙ্গলো নাম প্রগল্ভো জাতকর্ম্মণি। নাম্নি স্যাৎ পার্থিবো অন্নপ্রাশনে চ শুচিস্তথা। সত্যনামাথ চূড়ায়াং ব্রতাদেশে সমূদ্ভবঃ। গোদানে সূর্য্যনামাচ কেশান্তে হ্যগ্নিরুচ্যতে। বৈশ্বানরো বিসর্গেতু বিবাহে যোজকঃ স্মৃতঃ। চতুর্থ্যান্তু শিখীনাম ধৃতিরগ্নিস্তথাপরে! প্রায়শ্চিত্তে বিধুশ্চৈব পাকযজ্ঞে তু সাহসঃ। প্রায়শ্চিত্তে প্রায়শ্চিত্তা-কমহাব্যাহৃতিহোমাদৌ। পাকযজ্ঞে পাকাঙ্গহোমে বৃষোৎসর্গাদৌ। লক্ষহোমে চ বহ্নিঃ স্যাৎ কোটিহোমে হুতাশনঃ। পূর্ণাহুত্যাং মৃড়নামা শান্তিকে বরদঃ সদা। পৌষ্টিকে বলদশ্চৈব ক্রোধাগ্নিশ্চাভিচারিকে। বশ্যার্থে শমনো নাম বরদানেঽভিদূষকঃ। কোষ্ঠে তু জঠরো নাম ক্রব্যাদোঽমৃতভক্ষণে। আহুতশ্চৈব দাতব্যো যত্র যো বিহিতোঽনলঃ। শুভং পাত্রন্তু কাংস্যস্য তেনাগ্নিং প্রাণয়েদ্বুধঃ। তস্যাভাবে শরাবেণ নবেনাভিমুখঞ্চ তৎ।

২। যজ্ঞডুমুরের ডগা সাধারণ সমিধ।

৩। সাক্ষাৎ ব্রাহ্মণের উপর কুশ দিতে হয় না। কুশব্রাহ্মণাদির উপর দিবেন।

পরে হোতা যে পথে গিয়াছিলেন সেই পথেই প্রত্যাবর্ত্তন করিয়া আসনে উপবেশন করিবেন। যদি ব্রাহ্মণ-রূপ ব্রহ্মা যজ্ঞাতিরিক্ত কোন কথা বলেন, তবে তিনি নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। ব্রহ্মা কুশাদিদ্বারানির্ম্মিত হইলে কৃত বা অকৃত ইত্যাদি দর্শন-রূপ ব্রহ্মকার্য্যের কর্ত্তৃত্ব জন্য হোতাই পাঠ করিবেন। "প্রজাপতির্ঋষির্গায়ত্রীছন্দো বিষ্ণুর্দ্দেবতা অযজ্ঞীয়বাগ্‌বচননিমিত্ত জপে বিনিয়োগঃ। ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে।"

যে কার্য্যের উদ্দেশ্যে কুশণ্ডিকা অনুষ্ঠিত হইতেছে, সেই কার্য্যে যদি "চারুহোম" থাকে, তবে এই সময় চরু পাক করিয়া, (বিবাহে চরুহোম নাই, সুতরাং চরু পাকের আবশ্যকতা নাই) পরে নিম্নলিখিত মন্ত্রে ভূমিজপ করিবে। যথা,—দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া অধোমুখ বামহস্তের উপর, অধোমুখ দক্ষিণ হস্ত বিপরীতভাবে স্থাপনপূর্ব্বক হস্তদ্বয় ভূমিসংলগ্ন করিয়া, এই মন্ত্র পাঠ করিবেন ; যথা—"পরমেষ্ঠী ঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা ভূমিজপে বিনিয়োগঃ। ওঁ ইদং ভূমের্ভজামহ ইদং ভদ্রং সুমঙ্গলং। পরা সপত্নান্ বাধস্বান্যেষাং বিন্দতে ধনম্।" যদি রাত্রিতে কুশণ্ডিকা করিতে হয়, তবে মন্ত্রস্থ 'ধনং' শব্দ স্থানে 'বসু' এইরূপ পাঠ করিবেন। তৎপরে দক্ষিণহস্ত দ্বারা কয়েক গাছ কুশ গ্রহণ করিয়া তদ্দ্বারা অগ্নির উত্তরদিক হইতে দক্ষিণাবর্ত্তে চতুর্দ্দিকে এই মন্ত্র পাঠ করিয়া তৃণাদিমার্জ্জনপূর্ব্বক তিনবার স্থান শোধন করিবেন। মন্ত্র যথা—"কুৎসঋষির্জ্জগতীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা পৃষ্ঠ্যাস্য ষড়হস্য ষষ্ঠেঽহন্যাগ্নিমারুতে শস্ত্রে পরিসমূহনে বিনিয়োগঃ।"

(এই ঋষিচ্ছন্দটী তিনটী মন্ত্রের প্রত্যেকটির পূর্ব্বেই পাঠ্য)। "ওঁ ইমং স্তোমমর্হতে জাতবেদসে রথমিব সম্মহেমা মনীষয়া। ভদ্রা হিনঃ প্রমতিরস্য সংসদ্যগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব (১)। ওঁ ভরামেধ্মং কৃণবামা হবীংষি তে চিতয়ন্তঃ পর্ব্বণা পর্ব্বণা বয়ং। জীবাতবে প্রতরাং সাধয়া ধিয়োঽগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব (২)। ওঁ শকেম ত্বা সমিধং সাধয়া ধিয়-স্ত্বে দেবা হবিরদন্ত্যাহু তং। ত্বমাদিত্যাঁ আবহতান্। হ্যশ্মস্যগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব (২)।" পরে কুশসমূহ ঈশানকোণে নিক্ষেপ করিবেন ; অনন্তর অগ্নির পূর্ব্বদিকের উত্তরপ্রান্তে মধ্যে ও দক্ষিণপ্রান্তে একপত্রীকৃত ছিন্নমূল কুশসমূহ পূর্ব্বাগ্রভাবে অগ্রদ্বারা মূল আচ্ছাদন করত তিনবার আস্তরণ করিবেন। এইভাবে দক্ষিণদিকের পূর্ব্বপ্রান্তে মধ্যে ও পশ্চিমপ্রান্তে এবং পশ্চিমদিকের দক্ষিণপ্রান্তে মধ্যে ও উত্তরপ্রান্তে উত্তরদিকের পূর্ব্বপ্রান্তে মধ্যে ও পশ্চিমপ্রান্তে এইক্রমে আস্তরণ করিবেন।

তৎপরে পূর্ব্বাদিক্‌ক্রমে নিম্নলিখিত মন্ত্রে দশদিকে আতপ-তণ্ডুল নিক্ষেপ করিবেন। যথা—"ওঁ ইন্দ্রায় স্বাহা, ওঁ অগ্নয়ে স্বাহা, ওঁ যমায় স্বাহা, ওঁ নৈঋ্ঁতায় স্বাহা, ওঁ বরুণায় স্বাহা, ওঁ বায়বে স্বাহা, ওঁ কুবেরায় স্বাহা, ওঁ ঈশানায় স্বাহা, ওঁ ব্রহ্মণে স্বাহা, ওঁ অনন্তায় স্বাহা।" অতঃপর খদির (খয়ের), পলাশ, যজ্ঞডুমুর, ইহাদিগের যে কোন

কাষ্ঠের প্রাদেশপ্রমাণ বিংশতি কাষ্ঠ (অভাবে ২০ গাছ কুশ) গ্রহণ করিয়া তন্মধ্যে ঘৃতদ্বারা দিয়া প্রজাপতিকে মনে মনে চিন্তা করিয়া হোতা কিঞ্চিৎ উত্থিত হইয়া অমন্ত্রক অগ্নিতে আহুতি দিবেন। পরে আস্তরণ কুশ হইতে সাগ্র দুইগাছি কুশ লইয়া তাহা অপর কুশদ্বারা বেষ্টন করত নিম্নলিখিত মন্ত্রে অগ্রভাগের প্রাদেশ রাখিয়া নিম্নভাগের অধিকাংশটুকু নখব্যতীত কুশী বা অন্য কোন দ্রব্যের সাহায্যে কাটিয়া ফেলিবেন। মন্ত্র যথা—"প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রচ্ছেদনে বিনিয়োগঃ। ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ।" পরে "প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ।" এই মন্ত্রে অভ্যুক্ষণ করত তাম্রাদি পাত্রে উক্ত পবিত্র উত্তরাগ্র ভাগে স্থাপন করিয়া তাহাতে হোমার্থ ঘৃত স্থাপন করিবেন। তৎপরে উক্ত কুশপত্রদ্বয়ের (পবিত্রের) অগ্রভাগ দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা এবং মূলদেশ বামহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা গ্রহণ করিয়া অধোমুখ বামহস্তের উপরিভাগ দিয়া অধোমুখ দক্ষিণহস্ত অসংলগ্ন থাকে এইভাবে ধরিয়া "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আজ্যং দেবতা আজ্যোৎপবনে বিনিয়োগঃ। দেবস্ত্বা সবিতোৎপুনাত্বচ্ছিদ্রেণ পবিত্রেণ। বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ স্বাহা।" এই মন্ত্রে কুশপত্রদ্বয়ের মধ্যভাগ দ্বারা (আলোড়িত করিয়া) অগ্নিতে একবার ঘৃত আহুতি দিবেন এবং ঐভাবে অমন্ত্রক দুইবার ঘৃত আহুতি দিবেন। তৎপরে উক্ত কুশপত্রদ্বয়কে জলদ্বারা অভ্যুক্ষণ করত অগ্নিতে নিক্ষেপ করিবেন। তদনন্তর ঘৃতপাত্রকে জল দ্বারা মার্জ্জন, অগ্নির উপর স্থাপন এবং অগ্নি হইতে অবতারণ করিয়া উত্তর দিকে মৃত্তিকায় স্থাপন করিবেন। এইরূপ তিনবার করিলে আজ্যসংস্কার হয়। তৎপরে অঙ্গুষ্ঠপর্ব্ব পরিমিত খাদযুক্ত খদির, পলাশ বা যজ্ঞডুমুর নির্ম্মিত অরত্নিপ্রমাণ স্রুব (হোমের পাত্রবিশেষ) গ্রহণ করিয়া পূর্ব্বলিখিত আজ্য-সংস্কারের নিয়মানুসারে তিনবার উহার সংস্কার করিবেন : ইহাকে স্রুবসংস্কার বলে।

যে কার্য্যে চরু-হোম আছে, সেই কার্য্যে অগ্নির পশ্চিমভাগে চরুস্থালী অবতারণ করিয়া আস্তরণ কুশের উপরে প্রথমত আজ্যস্থালী, পরে চরুস্থালী স্থাপন করিবেন। পরে হোতা দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া জলাঞ্জলি গ্রহণ করত "প্রজাপতির্ঋষিরদিতি-র্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অনুমন্যস্ব।" এই মন্ত্র পাঠ করিয়া অগ্নির দক্ষিণ-ভাগে পশ্চিম-দিক্ হইতে পূর্ব্ব-দিক পর্য্যন্ত ঐ অঞ্জলিস্থজল-ধারা দিবেন। পুনর্ব্বার "প্রজাপতির্ঋষিরনুমতির্দ্দেবতা উদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অনুমন্যস্ব। "এই মন্ত্র পাঠ করিয়া অগ্নির পশ্চিম-দিগ্‌ভাগে দক্ষিণ হইতে উত্তর দিক্ পর্য্যন্ত এবং "প্রজাপতির্ঋষিঃ সরস্বতীদেবতা উদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্য-নুমন্যস্ব।" এই মন্ত্রে অগ্নির উত্তরদিকে পশ্চিমদিক হইতে পূর্ব্বদিক পর্য্যন্ত অঞ্জলি-স্থিত জল-ধারা দিবেন। পুনর্ব্বার জলাঞ্জলি গ্রহণ করিয়া "প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সবিতা

দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়। দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্ব্বাচন্নঃ স্বদতু।" এই মন্ত্রে দক্ষিণাবর্ত্তে অগ্নিকে বেষ্টন করিবেন। পরে হোতা দক্ষিণজানু ভূমি হইতে তুলিয়া দক্ষিণহস্তের মুষ্টি উপরে ও বামহস্তের মুষ্টি নীচে থাকে এমনভাবে উভয় মুষ্টি দ্বারা ফলপুষ্পযুক্ত কতকগুলি কুশ গ্রহণপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে বিরূপাক্ষ জপ করিবেন। যদি কাম্যকর্ম্মের জন্য কুশণ্ডিকা হয়, তবে পূর্ব্বে এই মন্ত্রটী পাঠ করিয়া বিরূপাক্ষ জপ করিবেন, যথা—বদ্ধাঞ্জলি হইয়া "ওঁ তপশ্চ তেজশ্চ শ্রদ্ধা চ হ্রীশ্চ সত্যঞ্চাক্রোধশ্চ ত্যাগশ্চ ধৃতিশ্চ ধর্ম্মশ্চ সত্যঞ্চ বাক্ চ মনশ্চাত্মা চ ব্রহ্ম চ তানি প্রপদ্যে তানি মামবন্তু।" যদি কাম্যকর্ম্মার্থ কুশণ্ডিকা না হয়, তবে কেবল বিরূপাক্ষ জপ করিবেন ঃ মন্ত্র যথা—

"পরমেষ্ঠী ঋষীরুদ্ররূপোঽগ্নির্দ্দেবতা বিরূপাক্ষজপে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বরোম্ মহান্তমাত্মানাং প্রপদ্যে বিরূপাক্ষোঽসি দন্তাঞ্জিস্তস্য তে শয্যাপর্ণে গৃহান্তরিক্ষে বিমিতং হিরণ্ময়ং তদ্দেবানাং হৃদয়ান্যয়স্ময়ে কুম্ভেঽন্তঃ সন্নিহিতানি তানি। বলভৃচ্চ বলসাচ্চ রক্ষতোঽপ্রমণী অনিমিষতঃ সত্যং। যত্তে দ্বাদশপুত্রাস্তে ত্বা সম্বৎসরে সম্বৎসরে কামপ্রেণ যজ্ঞেন যাজয়িত্বা পুনর্ব্রহ্মচর্য্যমুপয়ন্তি ত্বং দেবেষু ব্রাহ্মণোঽস্যহং মনুষ্যেষু। ব্রাহ্মণোবৈ ব্রাহ্মণমুপধাবত্যুপত্বাধাবামি জপন্তং মা মা প্রতিজাপীর্জুহ্বন্তং মা মা প্রতিহৌষীঃ কুর্ব্বন্তং মা মা প্রতিকার্ষীস্ত্বাং প্রপদ্যে। ত্বয়া প্রসূত ইদং কর্ম্ম করিষ্যামি, তন্মে রাধ্যতাং, তন্মে সমৃধ্যতাং, তন্ম উপপদ্যতাং॥ সমুদ্রো মা বিশ্বব্যচা ব্রহ্মানুজানাতু তুথো মা বিশ্ববেদা ব্রহ্মণঃ পুত্রোঽনুজানাতু শ্বাত্রো মা প্রচেতা মৈত্রাবরুণো হনুজানাতু তস্মৈ বিরূপাক্ষায়, দন্তাঞ্জয়ে, সমুদ্রায় বিশ্বব্যচসে, তুথায় বিশ্ববেদসে, শ্বাত্রায় প্রচেতসে, সহস্রাক্ষায় ব্রহ্মণঃ পুত্রায় নমঃ।" এই মন্ত্র পাঠ করিয়া পূর্ব্বগৃহীত কুশমুষ্টি স্থণ্ডিলের ঈশানকোণে ত্যাগ করিবেন ফল ও পুষ্প ব্রহ্মাকে সমর্পণ করিবেন।

ইতি সামবেদীয়-সর্ব্বকর্ম্ম-সাধারণী কুশণ্ডিকা।

সর্ব্বকর্ম্ম-সাধারণী কুশণ্ডিকা শেষ করিয়া প্রকৃত কর্ম্ম (যে কর্ম্মের উদ্দেশে সাধারণ কুশণ্ডিকা অনুষ্ঠিত হইতেছে, যথা—বিবাহ, উপনয়ন ইত্যাদি) করিবেন। প্রকৃত কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতিহোম করিবেন। যথা—

"প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোদেবতা মহাব্যাহৃতিহোমে, বিনিয়োগঃ ওঁ স্ব স্বাহা। এই তিনটী মন্ত্র দ্বারা তিনবার ঘৃতাহুতি দিয়া পরে "প্রজাপতির্ঋষির্ব্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা ব্যস্ত-সমস্ত-মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।" এই মন্ত্রে একবার ঘৃতাহুতি দিবেন।

যদি প্রকৃত কর্ম্মে চরুহোম থাকে তাহা হইলে প্রথমে মহাব্যাহৃতিহোম না করিয়া চারুহোমের পরে করিবেন।

অনন্তর বিবাহ, উপনয়ন প্রভৃতিতে বিহিত হোম (প্রকৃত কর্ম্ম) শেষ করিয়া পুনরপি পূর্ব্ববৎ পূর্ব্বোক্ত মহাব্যাহৃতিহোম করিবেন। এইরূপে প্রকৃত কর্ম্ম শেষ করিয়া বৈগুণ্য-সমাধানার্থ নিম্নলিখিত প্রকারে বামদেব্যগানান্ত শাট্যায়নহোম করিবেন। এই হোমকে উদীচ্য-কর্ম্ম বা উত্তর-কুশণ্ডিকা বলে।

উদীচ্য-কর্ম্ম। (উত্তর-কুশণ্ডিকা)।

প্রথমে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্তসমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া সঙ্কল্প করিবেন।

বিষ্ণুরোঁ তৎসদদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ অমুককর্ম্মাঙ্গহোমকর্ম্মণি যৎকিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শাট্যায়নহোমরূপপ্রায়শ্চিত্তহোমমহং কুর্ব্বীয়।

পরে যোড়হস্তে "অগ্নে ত্বং বিধুনামাসি" বলিয়া অগ্নির নামকরণ করিয়া অগ্নির ধ্যান করিবেন। যথা—

ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ॥

পরে ওঁ "বিধ্বগ্নে ইহাগচ্ছ" ইত্যাদি বলিয়া আবাহন করিয়া "এষ গন্ধ ওঁ বিধ্বগ্নয়ে নমঃ······ইত্যাদি বলিয়া অগ্নির পূজা করিবেন। তৎপরে অগ্নিতে একটী-ঘৃতাক্ত প্রাদেশ প্রমাণ সমিধ্ অমন্ত্রক নিক্ষেপ করিবেন। পরে পূর্ব্ববৎ মহাব্যাহৃতিহোম করিয়া ঘৃত দ্বারা শাট্যায়নহোমরূপ প্রায়শ্চিত্ত-হোম করিবেন। যথা—

'প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নো অগ্ন এনসে স্বাহা। প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতাঃ প্রায়শ্চিত্তহোমেবিনিয়োগঃ। ওঁ পাহি নো বিশ্ববেদসে স্বাহা। প্রজাপতির্ঋষির্ব্বিভাবসুর্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞং পাহি বিভাবসো স্বাহা। প্রজাপতির্ঋষিঃ শতক্রতুর্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ সব্যং পাহি শতক্রেতো স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নো অগ্ন একয়া পাহ্যুত দ্বিতীয়য়া। পাহি গীর্ভিস্তিসৃভিরূর্জ্জাং পতে পাহি চতসৃভির্ব্বসো স্বাহা। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব পুনরগ্ন ইষায়ুষা। পুনর্নঃ পাহ্যংহসঃ স্বাহা। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমেবিনিয়োগঃ। ওঁ সহরয্যা নিবর্ত্তস্বাগ্নে পিন্বস্ব ধারয়া বিশ্বপ্ স্ন্যা বিশ্বতস্পরি স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ অজ্ঞাতং যদনাজ্ঞাতং যজ্ঞস্য ক্রিয়তে মিথু। অগ্নে তদস্য কল্পয় ত্বং হি বেত্থ যথাতথং স্বাহা। প্রজাপতির্ঋষিঃ পঙ্‌ক্তিশ্চন্দঃ প্রজাপতির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতে ন

ত্বদেবতাস্বগ্নো বিশ্বা জাতানি পরিতা বভূব। যৎ কামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা।"

পরে প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত একটী সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া পূর্ব্ববৎ মহাব্যাহৃতি হোম করিয়া নবগ্রহ-হোম করিবেন। যথা—

"ওঁ আকৃষ্ণেন রজসা বর্ত্তমানো, নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ। হিরণ্যয়েণ সবিতা রথেনা, দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা॥ ১। ওঁ আপ্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে স্বাহা॥ ২। ওঁ অগ্নির্মূর্দ্ধা দিবঃ ককুৎ, পতিঃ পৃথিব্যা অয়ং। অপাং রেতাংসি জিন্বতি স্বাহা॥ ৩। ওঁ অগ্নে বিবস্বদুষস, শ্চিত্রং রাধোঅমর্ত্ত্য। আদাশুষে জাতবেদো বহা ত্বমদ্যাদেবা উষর্বুধঃ স্বাহা॥ ৪। ওঁ বৃহস্পতে পরিদীয়া রথেন, রক্ষোহামিত্রাঁ অপবাধমানঃ। প্রভঞ্জন্ সেনাঃ প্রমৃণো যুধা, জয়ন্নস্মাকমেধ্যবিতা রথানাং স্বাহা॥ ৫। ওঁ শুক্রন্তেঅন্যদ্‌যজতন্তেঅন্যদ্বিষুরূপেঅহনী দ্যৌরিবাসি। বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্, ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা॥ ৬। ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে, শন্নো ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ স্বাহা। ৭। ওঁ কয়ানশ্চিত্র আ ভুব, দূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা॥ ৮। ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে, পেশো মর্য্যা অপেশসে। সমুষদ্ভিরজায়থাঃ স্বাহা॥"

তৎপরে ইন্দ্রাদি দশদিক্‌পালের হোম করিবেন। যথা—

"ওঁ ইন্দ্রায় স্বাহা। ওঁ অগ্নয়ে স্বাহা। ওঁ যমায় স্বাহা। ওঁ নৈঋ‌র্তায় স্বাহা। ওঁ বরুণায় স্বাহা। ওঁ বায়বে স্বাহা। ওঁ কুবেরায় স্বাহা। ওঁ ঈশানায় স্বাহা। ওঁ ব্রহ্মণে স্বাহা। ওঁ অনন্তায় স্বাহা।"

অতঃপর প্রত্যক্ষদেবতার (যে সকল দেবতার প্রতিমূর্ত্তি দৃষ্টিগোচর হয়) হোম করিবেন, যথা—"ওঁ নারায়ণায় স্বাহা। ওঁ লক্ষ্ম্যৈ স্বাহা। ওঁ সরস্বত্যৈ স্বাহা। ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা। ওঁ শীতলায়ৈ স্বাহা। ওঁ মনসাদেব্যৈ স্বাহা। ওঁ গঙ্গায়ৈ স্বাহা।" ইত্যাদি। পরে একটি ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া জলাঞ্জলিগ্রহণপূর্ব্বক নিম্ন মন্ত্রে অগ্নি পর্য্যুক্ষণ করিবেন। যথা—

"প্রজাপতিঋ‌র্ষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায় দিব্যো। গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্ব্বাচন্নঃ স্বদতু।"

এই মন্ত্র পাঠ করিয়া হস্তস্থিত জলাঞ্জলি দ্বারা দক্ষিণাবর্ত্তে অগ্নি বেষ্টন করিয়া পুনরপি জলাঞ্জলি গ্রহণ করত পাঠ করিবেন। যথা—

"প্রজাপতিঋ‌র্ষিরদিতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অন্বমংস্থাঃ।"

উক্ত মন্ত্রে স্থণ্ডিলের দক্ষিণদিকে পশ্চিমদিক্ হইতে পূর্ব্বদিক্ পর্য্যন্ত গৃহীত জলাঞ্জলি-

ধারা দিবেন। পুনর্ব্বার জলাঞ্জলি গ্রহণ করিয়া বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিবেন। যথা—
"প্রজাপতির্ঋষিরনুমতির্দ্দেবতা উদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ ওঁ অনুমতে অন্বমংস্থাঃ।"

এই মন্ত্রে অগ্নির পশ্চিমদিকে দক্ষিণ-দিক হইতে উত্তর-দিক্ পর্য্যন্ত গৃহীত জলাঞ্জলির ধারা দিবেন।

"প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যন্বমংস্থাঃ।"

এই মন্ত্রে জলাঞ্জলিদ্বারা অগ্নির উত্তর-ভাগে পশ্চিম-কোণ হইতে পূর্ব্ব পর্য্যন্ত জলধারা দিবেন।

অনন্তর হোম-কর্ত্তা উত্তান (চিৎ) হস্তদ্বয়-দ্বারা মুট করিয়া প্রাদেশপ্রমাণ কতিপয় আস্তরণ কুশ গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্র তিনবার পাঠ করিয়া কুশগুলির অগ্র, মধ্য এবং মূলে ঘৃত লাগাইবেন। যথা—

প্রজাপতির্ঋষির্ব্বয়োদেবতা দর্ভতৃণাভ্যঞ্জনে বিনিয়োগঃ। ওঁ অক্তং রিহাণা ব্যন্তু বয়ঃ।"

পরে ঐ কুশগুলিতে জলের অভ্যুক্ষণ দিয়া নিম্নলিখিতমন্ত্রে অগ্নিতে নিক্ষেপ করিবেন। যথা—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা দর্ভজুটিকা-হোমে বিনিয়োগঃ। ওঁ যঃ পশূনামধিপতীরুদ্রস্তন্তিচরোবৃষা। পশূনস্মাকং মা হিংসীরেতদস্তু হুতং তব স্বাহা।"

পরে পূর্ণাহুতি দিবেন। যথা,—"অগ্নে ত্বং মৃড়নামাসি" বলিয়া অগ্নির নামকরণ করিয়া মৃড়াগ্নে ইহাগচ্ছ, ইহাগচ্ছ ইত্যাদি দ্বারা আবাহন করত গন্ধ, মাল্য, বস্ত্র ও তাম্বুলাদি দ্বারা "এষ গন্ধঃ মৃড়াগ্নয়ে নমঃ" ইত্যাদি বলিয়া অগ্নির পূজা করিয়া ফলপুষ্পযুক্ত ঘৃত কুশিতে লইয়া (যজমান সহিত) দণ্ডায়মান হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক আহুতি দিবেন। যথা—

"প্রজাপতির্ঋষির্ব্বিরাড়্, গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা যশস্কামস্য যজনীয় প্রয়োগে বিনিয়োগঃ। ওঁ পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি বরমস্মৈ দদাতি বরং বৃণে যশসা ভামি লোকে স্বাহা।"

তৎপর ব্রহ্ম-দক্ষিণার্থ পূর্ণপাত্র বা তদনুকল্প ভোজ্য উৎসর্গ করিবেন। যথা—

"এতস্মৈ পূর্ণপাত্রানুকল্প ভোজ্যায় নমঃ" ৩ বার বলিয়া ৩ বার জলের ছিটা দিবেন। "এতে গন্ধপুষ্পে এতস্মৈ পূর্ণপাত্রানুকল্পভোজ্যায় নমঃ" এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ এতে গন্ধপুষ্পে এতৎ-সম্প্রদানায় ওঁ ব্রহ্মণে নমঃ এইরূপে গন্ধপুষ্প দ্বারা অর্চ্চনা করিয়া বামহস্তে ভোজ্য ও দক্ষিণহস্তে কোশার জলে ত্রিপত্র ধরিয়া "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা কৃতেঽস্মিন্ অমুক কর্ম্মাঙ্গ (ভূত) হোম-কর্ম্মণি ব্রহ্মকর্ম্মপ্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং পূর্ণপাত্রা-

হুকল্পভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং অমুকগোত্রায় শ্রীঅমুক দেবশর্ম্মণে ব্রাহ্মণে তুভ্যমহং সম্প্রদদে।"১ এইরূপে দক্ষিণান্ত করিয়া "চতুর্ব্বদনসদ্মস্থ-চতুর্ব্বেদ-কুটুম্বিনে। দ্বিজানুষ্ঠেয়-সৎকর্ম্মসাক্ষিণে ব্রহ্মণে নমঃ। ওঁ ত্বমগ্নে সর্ব্বভূতানামন্তশ্চরসি পাবক। হব্যং বহসি দেবানামতঃ শান্তিং প্রযচ্ছ মে। ওঁ পিঙ্গাক্ষ লোহিতগ্রীব প্রতাপিংশ্চ হুতাশন। সাক্ষী ত্বং পুণ্যপাপানাং ধনঞ্জয় নমোঽস্তু তে।" এই মন্ত্রে প্রণাম করিবেন।

পরে কুশময় ব্রাহ্মণ হইলে "ব্রহ্মন্ ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন ও গ্রন্থিমোচন করিবেন। অতঃপর "অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" এই মন্ত্রে অগ্নিকে বিসর্জ্জন করত "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব" এই মন্ত্রে অগ্নির ঈশানকোণে দুগ্ধাদি দিবেন।

তৎপরে স্রুব দ্বারা স্থণ্ডিলের ঈশান কোণ হইতে ভস্ম আনিয়া নিম্নলিখিতমন্ত্রে তিলক করিবেন। মন্ত্র যথা—

ললাটে—"ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং।" কণ্ঠে—"ওঁ যমদগ্নেস্ত্র্যায়ুষং।" দক্ষিণ বাহুমূলে—"ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং।" হৃদয়ে—"ওঁ তন্মেঽস্তু ত্র্যায়ুষং।

অতঃপর পূর্ব্বমুখে উপবেশন করিয়া কয়ানশ্চিত্র ইতি ঋকত্রয়স্য বামদেব ঋষির্গায়ত্রী-চ্ছন্দ ইন্দ্রোদেবতা শান্তি-কর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভুব-দূতি সদাবৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা॥ ওঁ কস্ত্বা সত্যো মদানাং, মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়াচি-দারুজে বসু। ওঁ অভীষুণঃ সখীনা, মবিতা জরিতৄণাং। শতং ভবাস্যূতয়ে॥ ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি ন স্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।" এই মন্ত্র তিনবার পাঠ করিয়া শান্তি করিবেন। পরে দক্ষিণা, অচ্ছিদ্রাবধারণ ও বিষ্ণুস্মরণ করিবেন।

বিবাহ-হোম

সম্প্রদানানন্তর কুশণ্ডিকোক্ত বিধানে যোজক নামক অগ্নি স্থাপন করিয়া বিরূপাক্ষ-জপান্ত (১০ পৃঃ দেখুন) কুশণ্ডিকা করিবেন।

পরে জামাতার কোন বয়স্য (বন্ধু) যাহার জল কখনও শুষ্ক হয় না এমন জলাশয় হইতে জলপূর্ণ একটি কুম্ভ হস্তে করিয়া নিজ-শরীর বস্ত্রাবৃত করত নির্ব্বাক্ হইয়া অগ্নির পূর্ব্বদিক্ হইতে দক্ষিণ দিকে আসিয়া, উত্তরাভিমুখে দাঁড়াইয়া থাকিবেন। পরে অন্য বয়স্য পাঁচনিদণ্ড হাতে লইয়া পূর্ব্ববয়স্যের ন্যায় গমন করত জলকলসধারী বয়স্যের পৃষ্ঠদেশে দাঁড়াইয়া থাকিবেন।

পরে জামাতা অগ্নির পশ্চিমদিকে গমন করিয়া উত্তরভাগে শমীপত্র (শাঁইপাতা) মিশ্রিত চারি অঞ্জলি পরিমিত লাজ (খই) একখানি শূর্পে (কুলায়) রাখিয়া তৎসন্নিধানে শিলা ও শিলাপুত্র (নোড়া) স্থাপন করিয়া তৎপশ্চিম-ভাগে বীরণপত্র (বেনাপাতা) রচিত বস্ত্রাবৃত একখানি কট (চেটাই) স্থাপিত করিয়া গৃহপ্রবেশ-করণানন্তর নূতন

১। পরের জন্য হোম করিলে "দদানি" বলিবেন।

ধৌতবস্ত্র ও উত্তরীয় বক্ষ্যমাণ মন্ত্রে বধূকে পরিধান করাইবেন। (পরিহিত বস্ত্র স্পর্শ করিবেন) মন্ত্র যথা—"প্রজাপতির্ঋষির্জ্জগতীছন্দঃ পরিধাপয়িত্র্যো দেবতা অধোবস্ত্র-পরিধাপনে বিনিয়োগঃ। ওঁ যা অকৃন্তন্নবয়ন্ যা অতন্বত যাশ্চ দেব্যো অন্তানভিতো-হততন্থ। তাস্ত্বা[১] দেব্যো জরসা সংব্যয়ন্ত্বায়ুষ্মতীদং পরিধৎস্ব বাসঃ।" এই মন্ত্র পাঠ করিয়া জায়াকে অধোভাগে বস্ত্র পরাইবেন। পরে—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ পরিধাপয়িত্র্যোদেবতা উত্তরীয়-বস্ত্র-পরিধাপনে বিনিয়োগঃ। ওঁ পরিধত্ত ধত্ত বাসসৈনাং শতায়ুষীং কৃণুত দীর্ঘমায়ুঃ। শতঞ্চ জীব শরদঃ সুবর্চ্চা বসূনি চার্য্যো বিভজাসি জীবন্," এই বলিয়া যজ্ঞোপবীতের আকারে জায়াকে উত্তরীয় বস্ত্র পরিধাপন করাইবেন।

পরে জামাতা বধূকে অগ্নি অভিমুখে আনিতে আনিতে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সোমো দেবতা পত্ন্যঃ কন্যানয়নজপে বিনিয়োগঃ। ওঁ সোমোঽদদদ্গন্ধর্ব্বায় গন্ধর্ব্বোঽদদদগ্নয়ে। রয়িঞ্চ পুত্রাংশ্চাদদদগ্নি-র্মহ্যমথো ইমাং।" তৎপরে বধূ অগ্নির পশ্চিমদিকে গমনপূর্ব্বক দক্ষিণ পদ দ্বারা বীরণ (বেণা বা বীন্না) পত্র-রচিত বস্ত্র-বেষ্টিত কটকে কুশাস্তরণ স্থান পর্য্যন্ত আনয়ন করিলে, জামাতা বধূকে এই মন্ত্র পড়াইবেন,—"প্রজাপতির্ঋষির্দ্বিপাজ্জগতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা কটপাদপ্রবর্ত্তনে, বিনিয়োগঃ। ওঁ প্রমে পতি-যানঃ[২] পন্থাঃ কল্পতাং শিবা অরিষ্টা পতিলোকং গমেয়ং।" যদি লজ্জাবশতঃ বধূ উক্ত মন্ত্র পাঠ না করেন, তবে জামাতা স্বয়ং নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন,—

"প্রজাপতির্ঋষির্দ্বিপাজ্জগতীচ্ছন্দঃ পতির্দ্দেবতা কন্যা-কট-পাদ-প্রবর্ত্তনে বিনিয়োগঃ। ওঁ প্রাস্যাঃ পতি-যানঃ পন্থাঃ কল্পতাং শিবা অরিষ্টা পতিলোকং গম্যাঃ।" পরে বধূ পতির দক্ষিণভাগে কটের পূর্ব্বার্দ্ধে এবং জামাতা বধূর উত্তর দিকে উপবিষ্ট হইলে প্রকৃত কর্ম্ম আরম্ভ করণজন্য জামাতা একটী সমিধ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম করিবেন (১২ পৃঃ দেখুন)। পরে বধূ দক্ষিণহস্ত দ্বারা স্বামীর দক্ষিণস্কন্ধ স্পর্শ করিয়া থাকিলে জামাতা পরবর্ত্তী ছয়টী মন্ত্রে ছয়বার ঘৃত আহুতি দিবেন। যথা—"প্রজাপতির্ঋষিরতিজগতী চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নিরেতু প্রথমো দেবতানাঃ সোঽস্যৈ প্রজাং মুঞ্চতু মৃত্যুপাশাৎ। তদয়ং রাজা বরুণোঽনুমন্যতাং যথেয়ং স্ত্রী পৌত্রমঘং ন রোদাৎ স্বাহা ॥ ১॥ প্রজাপতির্ঋষি-রতিজগতী-চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ ইমামগ্নিস্ত্রায়তাং গার্হপত্যঃ প্রজামস্যৈ জরদষ্টিং কৃণোতু। অশূন্যোপস্থা জীবতামস্তু মাতা পৌত্রমানন্দমভিবিবুধ্যতামিয়ং স্বাহা ॥ ২ ॥ প্রজাপতির্ঋষিঃ শক্করীচ্ছন্দো বিশ্বেদেবা দেবতা আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ দ্যৌস্তে পৃষ্ঠং রক্ষতু বায়ুরূরূ অশ্বিনৌ চ, স্তনন্ধয়স্তে পুত্রান্ সবিতাভি, রক্ষত্বাবাসসঃ

১। তত্ত্বা ইতি কাচিৎকঃ পাঠঃ।

২। পতির্যানঃ ইতি বা পাঠঃ।

পরিধানাদ্‌বৃহস্পতি, র্ব্বিশ্বেদেবাশ্চাভিরক্ষন্তু পশ্চাৎ স্বাহা ॥ ৩ ॥ প্রজাপতির্ঋষি রতিজগতীচ্ছন্দোঽগ্ন্যাদয়ো দেবতা আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ মা তে গৃহেষু নিশি ঘোষ উত্থা, দন্যত্র ত্বদ্রুদত্যঃ সংবিশন্তু। মা ত্বং রুদত্যুর আবধিষ্ঠা, জীবপত্নী পতিলোকে বিরাজ, পশ্যন্তি প্রজাং সুমনস্যমানাং স্বাহা ॥ ৪ ॥ প্রজাপতির্ঋষি রুপরিষ্টাদ্‌বৃহতি-চ্ছন্দোঽগ্ন্যাদয়ো দেবতা আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অপ্রজস্যং পৌত্রমর্ত্তং, পাপ্মানমুত্তবা অঘং। শীর্ষ্ণঃ স্রজমিবোন্মুচ্য, দ্বিষদ্ভ্যঃ প্রতিমুঞ্চামি পাশং স্বাহা ॥ ৫ ॥ প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃচ্ছন্দো বৈবস্বতো দেবতা আজ্যহোমে বিনিয়োগঃওঁ পরৈতু মৃত্যুরমৃতং ম আগাদ্বৈবস্বতো নো অভয়ং কৃণোতু। পরং মৃত্যো অনুপরেহি পন্থাঃ, যত্র নো অন্য ইতরো দেবযানাৎ। চক্ষুষ্মতে শৃন্বতে যে ব্রবীমি মা নঃ প্রজাং রীরিষো মোত বীরান্ স্বাহা ॥ ৬ ॥ এই নিয়মে ছয়টী আজ্যাহুতি প্রদান করিয়া পরে ব্যস্ত সমস্ত মহাব্যাহৃতি হোম করিবেন (১২ পৃঃ দেখুন)। তৎপরে বর স্রুবদ্বারা গৃহীত ঘৃত চারিবার[১] স্রুকের উপর দিয়া—"ওঁ অগ্নয়ে স্বাহা" এই বলিয়া অগ্নির উত্তরাংশে পূর্ব্বাভিমুখী ঘৃত-দ্বারা দিয়া পুনরায় পূর্ব্ব-ক্রমে ঘৃত লইয়া,—"ওঁ সোমায় স্বাহা" এই মন্ত্রে অগ্নির দক্ষিণ-ভাগে পূর্ব্ববৎ পূর্ব্বাভিমুখী আজ্যধারা দিবেন।

অথ লাজ-হোম

বধূর সহিত বর উত্থিত হইয়া বধূর পিছন দিয়া তাহার দক্ষিণে গিয়া উত্তরমুখ হইয়া দাঁড়াইবেন। বরের সম্মুখে উত্তরমুখে দণ্ডায়মানা বধূর অঞ্জলিরূপ হস্তদ্বয় আপন দক্ষিণ হস্তে ধারণ করিবেন, পরে বধূর মাতা, ভ্রাতা বা অন্য কোন ব্রাহ্মণ পূর্ব্ব স্থাপিত শমীপত্র-মিশ্রিত লাজ (খৈ) লইয়া বধূকে পুরোভাগে অবস্থিত নোড়া সহিত শিলায় দক্ষিণপদের অগ্রভাগ স্থাপন করাইবেন। জামাতা নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽশ্মা দেবতা অশ্মাক্রমণে বিনিয়োগঃ। ওঁ ইমমশ্মানমা-রোহাশ্মেব ত্বং স্থিরা ভব। দ্বিষন্তমপবাধস্ব মা চ ত্বং দ্বিষতামধঃ॥" পরে জামাতা বামহস্ত দ্বারা বধূর অঞ্জলিতে একবার[২] ঘৃতধারা দিবেন, পরে কন্যার মাতা, ভ্রাতা বা অন্য ব্রাহ্মণ বধূর অঞ্জলির উপর চারিবার লাজ (খৈ) প্রদান করিলে পতি সেই অঞ্জলিতে দুইবার ঘৃতধারা দিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিলে বধূ অঞ্জলী অভিন্ন রাখিয়া খৈগুলি অগ্নিতে নিক্ষেপ করিবেন। মন্ত্র যথা—"প্রজাপতির্ঋষিরুপরিষ্টাজ্জ্যোতিষ্মতী-চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা লাজ-হোমে বিনিয়োগঃ। ওঁ ইয়ং নার্য্যুপব্রূতেঽগ্নৌ লাজানাবপন্তী। দীর্ঘায়ুরস্তু মে পতিঃ, শতং বর্ষাণি জীবত্বেধন্তাং জ্ঞাতয়ো মম স্বাহা।" পরে বর বধূকে সম্মুখে রাখিয়া বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিতে করিতে অগ্নিপ্রদক্ষিণ করিবেন॥ মন্ত্র যথা—

১। বর যদি ভৃগুগোত্র বা ভার্গবপ্রবর হন তবে চারিবার স্থলে পাঁচবার।

২। বর ভৃগুগোত্র বা ভার্গবপ্রবহ হইলে বরকর্ত্তৃক দুইবার ঘৃতধারা ও মাতা বা ভ্রাতা দ্বারা পাঁচবার লাজদান।

প্রজাপতিঋ´ষিস্ত্রিষ্টুপছন্দঃ কন্যা দেবতা কন্যা-পরিণয়নে বিনিয়োগঃ। ওঁ কন্যলা পিতৃভ্যঃ পতিলোকং, যতীয়মপদীক্ষামযষ্ট। কন্য উত ত্বয়া বয়ং ধারা, উদন্যা ইবাতিগাহেমহি দ্বিষঃ।"

পতি পুনর্ব্বার পূর্ব্বমত বধুর অঞ্জলি গ্রহণ করিয়া উত্তরমুখে দাঁড়াইবেন এবং পূর্ব্ববৎ বধূকে শিলারোহণ করাইলে, জামাতা বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিবেন। যথা—"প্রজাপতি-ঋ´ষিরনুষ্টুপ্ ছন্দোঽশ্মা দেবতা অশ্মাক্রামণে বিনিয়োগঃ। ওঁ ইমমশ্মানমারোহাশ্মেব ত্বং স্থিরা ভব দ্বিষন্তমপবাধস্ব, মা চ ত্বং দ্বিষতামধঃ।" মন্ত্র পাঠ করা হইলে পরে স্বামি-দত্ত ঘৃতধারাযুক্ত অঞ্জলির উপর ভার্য্যার মাতা, ভ্রাতা বা অন্য কোন ব্রাহ্মণ-দ্বারা পূর্ব্ববৎ গোত্র-প্রবরানুসারে চারিবার বা পাঁচবার খৈ দেওয়া হইলে, জামাতা ঐ খৈর উপর দুইবার ঘৃত দিয়া, নিম্ন মন্ত্র পাঠ করিবেন ও পূর্ব্ববৎ বধু খৈগুলি অগ্নিতে নিক্ষেপ করিবে। যথা—"প্রজাপতিঋ´ষিরুপরিষ্টাদ্ বৃহতীচ্ছন্দোঽর্য্যমা দেবতা লাজ-হোমে বিনিয়োগঃ ওঁ অর্য্যমণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত স ইমাং দেবোঽর্য্যমা প্রেতো মুঞ্চাতু মামুত স্বাহা।" অনন্তর জামাতা কন্যাকে অগ্রে রাখিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক পূর্ব্ববৎ অগ্নি প্রদক্ষিণ করিবেন। যথা,—"প্রজাপতিঋ´ষিস্ত্রিষ্টপ্ ছন্দঃ কন্যা দেবতা কন্যাপরিণয়নে বিনিয়োগঃ। ওঁ কন্যলা পিতৃভ্যঃ পতিলোকং যতীয়মপদীক্ষামযষ্ট কন্যা উত ত্বয়া বয়ং ধারা উদন্যা ইবাতিগাহেমহি দ্বিষঃ।" পরে পূর্ব্ববৎ জামাতা বধূর অঞ্জলি গ্রহণ করিয়া, উত্তর মুখে দাঁড়াইবেন। কন্যার মাতা ভ্রাতা বা অন্য ব্রাহ্মণ পূর্ব্ববৎ শিলা আক্রমণ করাইলে, বর মন্ত্রপাঠ করিবেন। যথা,—"প্রজাপতিঋ´ষিরনুষ্টুপ্-ছন্দোঽশ্মা দেবতা অশ্মাক্রমণে বিনিয়োগঃ। ওঁ ইমমশ্মানমারোহশ্মেব ত্বং স্থিরা ভব। দ্বিষন্তমপবাধস্ব, মা চ ত্বং দ্বিষতামধঃ।" পরে পূর্ব্বক্রমানুসারে বধুর অঞ্জলিতে বক্ষ্যমান মন্ত্র পড়িয়া খৈ ও ঘৃতধারা দিলে পূর্ব্ববৎ হোম করিবেন। যথা—"প্রজাপতিঋ´ষিরু-পরিষ্টাদ্বৃহতীচ্ছন্দঃ পূষা দেবতা লাজহোমে বিনিয়োগঃ। ওঁ পূষণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত স ইমাং দেবঃ পূষা, প্রেতো মুঞ্চাতু মামুত স্বাহা।" পরে জামাতা কন্যাকে অগ্রে করিয়া অগ্নিকে প্রদক্ষিণ করিতে করিতে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—প্রজাপতিঋ´ষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা কন্যা-পরিণয়নে বিনিয়োগঃ। ওঁ কন্যলা পিতৃভ্যঃ পতিলোকং, যতীয়মপদীক্ষামযষ্ট। কন্য উত ত্বয়া বয়ং ধারা, উদন্যা ইবাতি-গাহেমহি দ্বিষঃ।"

পরে জামাতা শূর্পের (কুলার) উত্তর ভাগে একবার[১] ঘৃতধারা দিবেন। তৎপরে অবশিষ্ট লাজ (খৈ) শূর্পে স্থাপন করিয়া তদুপরি দুইবার ঘৃত দিয়া, পূর্ব্ববৎ বধুর হস্ত গ্রহণ করত নিম্নলিখিত মন্ত্রে কুলার অগ্রভাগদ্বারা লাজ সমুহ অগ্নিতে নিক্ষেপ করিবেন। মন্ত্র যথা,—

ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা।"

১। ভৃগুগোত্র ভার্গব প্রবরস্থলে দুইবার।

অথ সপ্তপদীগমন১

ঈশান কোণে সাতটী মণ্ডলিকা দিয়া জামাতা সেই সাতটী মণ্ডলিকায় বধুর দক্ষিণ পদ আক্রমণ করাইবেন।

বধূ প্রতিমণ্ডলে অগ্রে দক্ষিণ পদ স্থাপন করিবে। জামাতা বধূকে বলিবেন "মা বামপাদেন দক্ষিণং পাদমাক্রাময়।" পরে জামাতা নিম্নলিখিত এক একটি মন্ত্র পাঠ করিয়া এক একটী মণ্ডলিকায় বধুর দক্ষিণ চরণ স্থাপন করাইবেন। মন্ত্র সাতটি যথা,—"প্রজাপতিঋর্ষিরেকপাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা পাদাক্রমণে বিনিয়োগঃ। ওঁ একমিষে বিষ্ণুস্ত্বা নয়তু॥ ১॥ প্রজাপতিঋর্ষির্দ্বিপাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা দ্বিপাদাক্রমণে বিনিয়োগঃ। ওঁ দ্বে উর্জ্জে বিষ্ণুস্ত্বা নয়তু॥ ২॥ প্রজাপতিঋর্ষিস্ত্রিপাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা ত্রিপাদাক্রমণে বিনিয়োগঃ। ওঁ ত্রীণি ব্রতায় বিষ্ণুস্ত্বা নয়তু॥ ৩॥ প্রজাপতি-ঋর্ষিশ্চতুষ্পাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা চতুষ্পাদাক্রমণে বিনিয়োগঃ ওঁ চত্বারি মায়োভবায় বিষ্ণুস্ত্বা নয়তু॥ ৪॥ প্রজাপতিঋর্ষিঃ পঞ্চপাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা পঞ্চপাদাক্রমণে বিনিয়োগঃ। ওঁ পঞ্চপশুভ্যো বিষ্ণুস্ত্বা নয়তু॥ ৫॥ প্রজাপতিঋর্ষিঃ ষট্পাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা ষট্পাদাক্রমণে বিনিয়োগঃ। ওঁ ষড্রায়স্পোষায় বিষ্ণুস্ত্বা নয়তু॥ ৬॥ প্রজাপতিঋর্ষিঃ সপ্তপাদ্বিরাট্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা সপ্তপাদাক্রমণে বিনিয়োগঃ॥ ওঁ সপ্ত-সপ্তভ্যো বিষ্ণুস্ত্বা নয়তু॥ ৭॥"

পরে সেইখানেই দাঁড়াইয়া জামাতা নিম্নলিখিত মন্ত্রে বধূকে আশীর্ব্বাদ করিবেন যথা,—

"প্রজাপাতঋর্ষিঃসামিকী পঙ্ক্তিচ্ছন্দঃ কন্যা দেবতা পাদাক্রমণানন্তরমাশাসনে বিনিয়োগঃ। ওঁ সখা সপ্তপদীভব, সখ্যন্তে গমেয়ং। সখ্যন্তে মা যোষাঃ, সখ্যন্তে মা যোষ্ট্যাঃ।" পরে বিবাহ-দর্শনার্থ-সমাগত ব্যক্তিদিগকে জামাতা নিম্নলিখিত মন্ত্রে আহ্বান করিবেন। যথা,—"প্রজাপতিঋর্ষিস্ত্রিষ্টুপ্ছন্দ আশাস্যমানা দেবতা বিবাহ-প্রেক্ষক-জনানুমন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ সুমঙ্গলীরিয়ং বধূরিমাং সমেত পশ্যত। সৌভাগ্যমস্যৈ দত্ত্বায়াথাস্তং বিপরেতন। পরে পূর্ব্বস্থাপিত জল-কলস-ধারী জামাতার বন্ধু অগ্নির পশ্চিমদিক্ দিয়া সপ্তপদী-স্থানে আসিয়া পূর্ব্বরক্ষিত কলস হইতে আম্রপল্লব দ্বারা জল লইয়া বরের মস্তকে অভিষেক করিবেন, জামাতা মন্ত্র পাঠ করিবেন।,—"প্রজাপতি-ঋর্ষিরনুষ্টুপ্ছন্দো বিশ্বেদেবা দেবতা মূর্দ্ধাভিষেচনে বিনিয়োগঃ। ওঁ সমঞ্জন্তু বিশ্বদেবাঃ সমাপো হৃদয়ানি নৌ সম্মাতরিশ্বা সন্ধাতা সমুদেষ্ট্রী দদাতু নৌ॥" পুনর্ব্বার জামাতা উক্ত মন্ত্র পাঠ করিবেন ও জামাতার বয়স্য বধুর মস্তকেও ঐ ভাবে অভিষেক করিবেন।

১। প্রথম মন্ত্রটি পাঠ করিয়া প্রথম মণ্ডলিকাতে দক্ষিণপদে অর্পণ করাইবেন, দ্বিতীয় মন্ত্র পাঠ করিয়া দক্ষিণপদ দ্বিতীয় মণ্ডলিকাতে দেওয়াইয়া বামচরণ প্রথম মণ্ডলিকাতে দেওয়াইবেন এইরূপে তৃতীয় মন্ত্র পাঠ করত দক্ষিণচরণ তৃতীয় মণ্ডলিকাতে অর্পণ করিয়া দ্বিতীয় মণ্ডলিকাতে বামপদ প্রদান করিবেন, এইরূপে সপ্তমণ্ডলিকা গমন করিতে হইবে। ইহাকেই শাস্ত্রকারগণ সপ্তপদীগমন বলিয়াছেন।

অথ পাণিগ্রহণ

অনন্তর জামাতার নিজের বামহস্তের উপর বধুর অঞ্জলি উত্তান ভাবে রাখিয়া দক্ষিণ হস্ত দ্বারা তাহার অঙ্গুষ্ঠের সহিত দক্ষিণ কর গ্রহণ করিয়া নিম্নোক্ত ছয়টী মন্ত্র পাঠ করিবেন। যথা,—"প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোভগাদয়ো দেবতা গৃহীত-কন্যা-পাণেঃ পত্যুর্জ্জপে বিনিয়োগঃ ওঁ গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং, ময়া পত্যা জরদষ্টির্যথাসঃ। ভগো অর্য্যমা সবিতা পুরন্ধি, র্মহ্যং ত্বাদুর্গার্হপত্যায় দেবাঃ॥ ১॥ প্রজাপতির্ঋষি-স্ত্রিষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা গৃহীতকন্যাপাণেঃ পত্যুর্জ্জপে বিনিয়োগঃ। ওঁ অঘোরচক্ষুর-পতিঘ্নোধি, শিবা পশুভ্যঃ সুমনাঃ সুবর্চ্চাঃ। বীরসূ-র্জীবসূ-র্দেবকামা স্যোনা শং নো ভব দ্বিপদে শং চতুষ্পদে॥ ২॥ প্রজাপতির্ঋষি-র্জ্জগতীচ্ছন্দঃ প্রজাপতির্দেবতা গৃহীত-কন্যাপাণেঃ পত্যুর্জ্জপে বিনিয়োগঃ ওঁ আ নঃ প্রজাং জনয়তু প্রজাপতি-রাজরসায়-সমনক্ত্বর্য্যামা। অদুর্ম্মঙ্গলীঃ পতিলোকমাবিশ শন্নো ভব দ্বিপদে শং চতুষ্পদে॥ ৩॥ প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দ ইন্দ্রোদেবতা গৃহীতকন্যাপাণেঃ পত্যুর্জ্জপে বিনিয়োগঃ। ওঁ ইমাং ত্বমিন্দ্রমীঢ্বঃ, সুপুত্রাং সুভগাং কৃধি। দশাস্যাং পুত্রানাধেহি পতিমেকাদশং কুরু॥ ৪॥ প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা গৃহীত-কন্যা-পাণেঃ পত্যুর্জ্জপে বিনিয়োগঃ। ওঁ সম্রাজ্ঞী শ্বশুরে ভব, সম্রাজ্ঞী শ্বশ্র্বাংভব। ননান্দরি চ সম্রাজ্ঞী, ভব অধিদেবৃষু॥ ৫॥ প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ প্রার্থ্যমানা দেবতা গৃহীত-কন্যা-পাণেঃ পত্যুর্জ্জপে বিনিয়োগঃ। ওঁ মম ব্রতে তে হৃদয়ং দধাতু মম চিত্তমনু চিত্তং তেঽস্তু। মম বাচমেকমনা জুষস্ব বৃহস্পতিস্ত্বানিযুনক্তু, মহ্যং॥ ৬॥"

পরে বধুর সহিত বর অগ্নি-সমীপে আসিয়া বধুকে বামদিকে বসাইয়া নিজে পূর্ব্বমুখ হইয়া বসিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতিহোম করিবেন। (১২ পৃঃ দেখুন) পরে প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবেন।

অথ উত্তর-বিবাহঃ[১]

জামাতা পূর্ব্ববৎ ব্যস্ত-সমস্ত মহাব্যাহৃতি হোম করিয়া নিম্নলিখিত ছয়টী মন্ত্রে ছয়টী আহুতি দিবেন॥ প্রত্যেক আহুতির পর স্রুবলগ্ন ঘৃত বধূর মস্তকে দিবেন। যথা,— প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা উত্তর-বিবাহে পাণিগ্রহণস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ লেখাসন্ধিষু পক্ষ্মস্বা,-বর্ত্তেষু চ যানি তে। তানি তে পূর্ণাহুত্যা সর্ব্বাণি শময়াম্যহং স্বাহা॥ ১॥[২] ওঁ কেশেষু যচ্চ পাপক,-মীক্ষিতে রুদিতে চ যৎ। তানি তে পূর্ণাহুত্যা, সর্ব্বাণি শময়ার্ম্যহং স্বাহা॥ ২॥ ওঁ শীলেষু যচ্চ পাপকং, ভাষিতে হসিতে চ যৎ। তানি তে পূর্ণাহুত্যা সর্ব্বাণি শময়াম্যহং স্বাহা। ৩॥ ওঁ আরোকেষু চ দন্তেষু, হস্তয়োঃ,

---

১। যদি পৃথক্ দিনে উত্তরবিবাহ হয়, তবে যোজক নামক অগ্নি স্থাপন করিয়া বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা করত উত্তর-বিবাহোক্ত কার্য্য করিবেন।

২। অপর পাঁচটী মন্ত্রের পূর্ব্বে পূর্ব্বোক্ত প্রজাপতির্ঋষি ইত্যাদি মন্ত্র পাঠ করিবেন।

পাদয়োশ্চ যৎ। তানি তে পূর্ণাহুত্যা, সর্ব্বাণি শময়াম্যহং স্বাহা ॥ ৪ ॥ ওঁ উর্ব্বোরুপস্থে জঙ্ঘয়োঃ সন্ধানেষু চ যাতি তে। তানি তে পূর্ণাহুত্যা সর্ব্বাণি শময়াম্যহং স্বাহা ॥ ৫ ॥ ওঁ যানি কানি চ ঘোরাণি, সর্ব্বাঙ্গেষু তবাভবন্। পূর্ণাহুতিভিরাজ্যস্য, সর্ব্বাণি তান্যশীশমং স্বাহা ॥ ৬ ॥

অনন্তর বর বধুর সহিত বাহিরে গমন করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করাইয়া ধ্রুব দর্শন[১] করাইবেন। যথা,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো ধ্রুবোদেবতা ধ্রুব-দর্শনে বিনিয়োগঃ। ওঁ ধ্রুবমসি ধ্রুবাহং পতিকুলে ভূয়াসম্॥ শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীঅমুকী দেবী অহং[২]। বর পুনর্ব্বার পত্নীকে নিম্নলিখিত মন্ত্র পাঠ করাইয়া অরুন্ধতী দর্শন করাইবেন,—"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা অরুন্ধতী-দর্শনে বিনিয়োগঃ। ওঁ অরুন্ধত্যবরুদ্ধাহমস্মি।" অনন্তর বধুকে দর্শন করিতে করিতে বর এই মন্ত্র পড়িবেন। যথা,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা কন্যানুমন্ত্রনে বিনিয়োগঃ। ওঁ ধ্রুবা দ্যৌর্ধ্রুবা পৃথিবী, ধ্রুবং বিশ্বমিদং জগৎ। ধ্রুবাসঃ পর্ব্বতা ইমে, ধ্রুবা স্ত্রী পতিকুলে ইয়ম্।

পরে বধূ পতির গোত্র[৩] উচ্চারণ করিয়া বক্ষ্যমাণরূপে তাঁহাকে অভিবাদন করিবে, যথা,—"অমুকগোত্র শ্রীঅমুকীদেব্যহং ভো অভিবাদয়ে।" পরে পতি পত্নীকে প্রত্যাভিবাদন করিবেন। মন্ত্র যথা,—"আয়ুষ্মতী ভব সৌম্যে।"

অনন্তর পতিপুত্রবতী রমণীগণ আম্রপল্লবান্বিত জল-পূর্ণ কলস হইতে জল লইয়া কন্যা ও বরকে স্নান করাইবেন। পরে জামাতা অগ্নিতে সমিধ্ নিক্ষেপ করিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিবেন।

অথ ভোজন-ধৃতি-হোম

জামাতা নিম্নলিখিত মন্ত্রে ক্ষারলবণ-বর্জ্জিত হবিষ্যান্ন ভোজন করিবেন[৪] মন্ত্র যথা,—"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো হন্নং দেবতা অন্ন-ভোজনে বিনিয়োগঃ। ওঁ অন্নপাশেন মণিনা; প্রাণসূত্রেণ পৃশ্নিনা। বধ্নামি সত্যগ্রন্থিনা, মনশ্চ হৃদয়ঞ্চ তে॥ প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ প্রার্থ্যমানা দেবতা দম্পত্যোর্হৃদয়ৈক্যপ্রার্থনে বিনিয়োগঃ। ওঁ যদেতদ্হৃদয়ং তব, তদস্তু হৃদয়ং মম যদিদং মম, তদস্তু হৃদয়ং তব॥ প্রজাপতির্ঋষিদ্বিপাজ্জগতীচ্ছন্দোঽন্নং দেবতা অন্নস্ততৌ বিনিয়োগঃ। ওঁ অন্নং প্রাণস্য ষড়বিংশস্তেন বধ্নামি ত্বাসৌ, (অসৌ স্থলে পত্নীর সম্বোধনান্ত নাম বলিবেন।)

পরে বর ভোজন করিয়া ভুক্তাবশিষ্ট স্ত্রীকে দিবেন। ঐ দিন হইতে ত্রিরাত্রি

১। একদিনে হোমস্থলে দিবাভাগে নক্ষত্র-দর্শন না হইলেও মন্ত্রগুলি পাঠ করিবেন।

২। অমুকদেবশর্ম্মণঃ স্থলে বধূ স্বামীর নাম ও 'অমুকী দেবী' স্থলে নিজের নাম উল্লেখ করিবেন।

৩। ভবদেবের মতে পিতৃগোত্র।

৪। আরও অনেক কর্ম্ম বাকি আছে বলিয়া এক্ষণে যদি না খাওয়া হয় তবে উক্ত তিনটী মন্ত্রে কোন ফল অভিমন্ত্রিত করিয়া ভোজনের জন্য রাখিয়া দিবেন।

পর্য্যন্ত দম্পতি অক্ষারবরণ ভোজন করিবেন এবং ব্রহ্মচর্য্য অবলম্বন করত মৃত্তিকায় শয়ন করিবেন। পরে বর নিম্ন মন্ত্র পাঠ করিয়া বধূকে রথারোহণ করাইয়া স্বগৃহে গমন করিবেন। যথা,—"প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ কন্যা দেবতা যানারোহণে বিনিয়োগঃ। ওঁ সুকিংশুকং শাল্মলিং বিশ্বরূপং, সুবর্ণ-বর্ণ সুকৃতং সুচক্রং। আরোহ সূর্য্যে অমৃতস্য নাভিং স্যোনং পত্যে বহন্তং কৃণুষ্ব॥"

পরে বর পত্নীর সহিত গমন কালে নিম্নমন্ত্র পাঠ করিয়া চতুষ্পথ প্রভৃতিকে প্রার্থনা করিবেন। যথা,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ পন্থানোদেবতাঃ চতুষ্পথাদ্যামন্ত্রণে বিনিয়োগঃ॥ ওঁ মা বিদন্ পরিপন্থিনো, য আ সীদন্তি দম্পতী। সুগেভির্দ্দুর্গমতীতা, মপদ্রান্ত্বরাতয়ঃ।" পরে যান হইতে অবতরণ করিয়া বামদেব্য-গান করত বধুকে গৃহপ্রবেশ করাইবেন।

তৎপরে সৌভাগ্যশালিনী পুত্রবতী সধবা ব্রাহ্মণরমণীগণ মঙ্গলাচরণ-পূর্ব্বক পূর্ব্বাগ্র আস্তৃত রক্তবর্ণ বৃষচর্ম্মের উপর কন্যাকে উপবেশন করাইলে, বর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা,—"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো গবাদয়ো দেবতা অনডুচ্চর্ম্মোপবেশনে বিনিয়োগঃ। ওঁ ইহ গাবঃ প্রজায়ধ্বং, মিহাশ্বা ইহ পুরুষাঃ। ইহো সহস্র দক্ষিণো, ২পি পূষা নিষীদতু॥"

পরে ব্রাহ্মণ-স্ত্রীগণ কন্যার ক্রোড়ে কোন্ সুলক্ষণ ব্রাহ্মণ কুমারকে বসাইয়া তাহার হস্তে শালুক-মূল বা ফল প্রদান করিবেন। অনন্তর জামাতার পত্নীর ক্রোড় হইতে কুমারকে উঠাইয়া পূর্ব্বোক্ত কুশণ্ডিকা-বিধানে ধৃত-নামক অগ্নিস্থাপন, সমিধ্ প্রক্ষেপ ও ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি (১২ পৃঃ) হোম করিয়া নিম্নলিখিত আটটী মন্ত্রে ঘৃতাহুতি দিবেন। যথা,—"প্রজাপতির্ঋষির্বৃহতীছন্দো বধূর্দ্দেবতা ধৃত্তি-হোমে বিনিয়োগঃ।[১] ওঁ ইহ ধৃতিঃ স্বাহা॥ ১॥ ওঁ ইহ স্বধৃতিঃ স্বাহা॥ ২॥ ওঁ ইহ রত্তিঃ স্বাহা॥ ৩॥ ওঁ ইহ রমস্ব স্বাহা॥ ৪॥ ওঁ ময়ি ধৃতিঃ স্বাহা॥ ৫॥ ওঁ ময়ি স্বধৃতিঃ স্বাহা॥ ৬॥ ওঁ ময়ি রমঃ স্বাহা॥ ৭॥ ওঁ ময়ি রমস্ব স্বাহা॥ ৮॥

পরে বর ব্যস্ত সমস্ত মহাব্যাহৃতি হোম ও ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবেন এবং ভার্য্যাকে "অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ভো অভিবাদয়ে" এই বাক্য বলাইয়া পতিগোত্র[২] উল্লেখ পূর্ব্বক তাহার দ্বারা শ্বশুর প্রভৃতিকে অভিবাদন করাইবেন। পরে বর ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিয়া সর্ব্ব-কর্ম্ম-সাধারণীয় শাট্যায়ন হোমাদি, বামদেব্য গানান্ত উদীচ্য কর্ম্ম (১২ পৃঃ দেখুন) সমাপন করিয়া কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিবেন।

১। আটটী মন্ত্রের পূর্ব্বেই এই ঋষিছন্দটী পাঠ করিবেন।

২। ভবদেবের মতে পিতৃগোত্র।

অথ চতুর্থী-হোম

প্রথমতঃ বর, "ওঁ অগ্নে ত্বং শিখিনামাসি" বলিয়া অগ্নির নামকরণ করিবেন, পরে অমন্ত্রক অগ্নিতে একটী সমিধ্ নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম করত দক্ষিণ ভাগে স্ত্রীকে উপবেশন করাইয়া কুশ-সমন্বিত জল-পাত্র দক্ষিণে রাখিয়া বক্ষ্যমাণ মন্ত্রদ্বারা অগ্নিতে কুড়িবার ঘৃতাহুতি দিবেন এবং প্রত্যেক আহুতিশেষ স্রুব-সংলগ্ন ঘৃতবিন্দু জলপাত্রে নিক্ষেপ করিবেন।[১] যথা—প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণোঽগ্নির্দেবতা চতুর্থীহোম বিনিয়োগঃ। ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পাপী লক্ষীস্তামস্যা অপজহি স্বাহা॥ ১॥ প্রজাপতির্ঋষি-রামন্ত্র্যমাণো বায়ুর্দ্দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পাপী লক্ষীস্তামস্যা অপজহি স্বাহা॥ ২॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণশ্চন্দ্রো দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পাপী লক্ষীস্তামস্যা অপজহি স্বাহা॥ ৩॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণঃ সূর্য্যোদেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পাপী লক্ষীস্তামস্যা অপজহি স্বাহা॥ ৪॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণা অগ্নিবায়ু চন্দ্র-সূর্য্যাশ্চতস্রো দেবতাশ্চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নি-বায়ু চন্দ্র-সূর্য্যাঃ প্রায়শ্চিত্তয়ো, যূয়ং দেবানাং প্রায়শ্চিত্তয়ঃ স্থ। ব্রাহ্মণো বো নাথকাম উপধাবামি। যাস্যাঃ পাপী লক্ষীস্তামস্যা অপহত স্বাহা॥ ৫॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণোঽগ্নির্দ্দেবতা। চতুর্থীহোম বিনিয়োগঃ। ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যাঃ পতিঘ্নী তনূস্তামস্যা অপজহি স্বাহা॥ ৬॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণো বায়ুর্দ্দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি! ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পতিঘ্নী তনুস্তামস্যা অপজহি স্বাহা॥ ৭॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণশ্চন্দ্রো দেবতা চতুর্থীহোম বিনিয়োগঃ। ওঁ চন্দ্র প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পতিঘ্নী তনূস্তামস্যা অপজহি স্বাহা॥ ৮॥ প্রজাপতির্ঋষি-রামন্ত্র্যমাণঃ সূর্য্যো দেবতা চতুর্থীহোম বিনিয়োগঃ। ওঁ সূর্য্য প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যাঃ পতিঘ্নী তনূস্তামস্যা অপজহি স্বাহা॥ ৯॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণা অগ্নি-বায়ু-চন্দ্র সূর্য্যাশ্চতস্রো দেবতাশ্চর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নিবায়ুচন্দ্রসূর্য্যা, যূয়ং দেবানাং প্রায়শ্চিত্তয়ঃ স্থ॥ ব্রাহ্মণো বে নাথকাম উপধাবামি। যাস্যাঃ পতিঘ্নী তনূস্তামস্যা

১। যদি বিবাহ দিন হইতে চতুর্থ দিনে চতুর্থীহোম করা হয় তবে প্রথমে বর বিরূপাক্ষ—জপান্ত সাধারণ কুশণ্ডিকা করিয়া সমিধ দিবেন।

অপহত স্বাহা ॥ ১০ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণোঽগ্নির্দ্দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যা অপুত্রা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১১ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণো বায়ুর্দ্দেবস্ত্বা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যা অপুত্র্যা মনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১২ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণশ্চন্দ্রো দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যা অপুত্র্যা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১৩ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণঃ সূর্য্যোদেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপাধাবামি। যাস্যা অপুত্র্যা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১৪ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণা অগ্নিবায়ু-চন্দ্রসূর্য্যাশ্চতস্রো দেবতাশ্চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নিবায়ু-চন্দ্র-সূর্য্যাঃ প্রায়শ্চিত্তয়ো, যূয়ং দেবানাং প্রায়শ্চিত্তয়ঃ স্থ। ব্রাহ্মণো বো নাথকাম উপধাবামি। যাস্যা অপুত্র্যা তনূস্তামস্যা অপহত স্বাহা ॥ ১৫ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণোঽগ্নির্দ্দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যা অপশব্যা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১৬ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণোবায়ুর্দ্দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্ব নাথকাম উপধাবামি। যাস্য অপশব্যা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১৭ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণশ্চন্দ্রো দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি। ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যা অপশব্যা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১৮ ॥ প্রজাপতির্ঋষি রামন্ত্র্যমাণঃ সূর্য্যো দেবতা চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য প্রায়শ্চিত্তে, ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি। যাস্যা অপশব্যা তনূস্তামস্যা অপজহি স্বাহা ॥ ১৯ ॥ প্রজাপতির্ঋষিরামন্ত্র্যমাণা অগ্নিবায়ু-চন্দ্র-সূর্য্যাশ্চতস্রো দেবতাশ্চতুর্থীহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নি-বায়ু-চন্দ্র- সূর্য্যাঃ প্রায়শ্চিত্তয়ো, যূয়ং দেবানাং প্রায়শ্চিত্তয়ঃ স্থ। ব্রাহ্মণো বো নাথকাম উপধাবামি। যাস্যা অপশব্যা তনূস্তামস্যা অপহত স্বাহা ॥ ২০ ॥

তৎপর বধূসহিত বর উঠিয়া উভয়ে একটু উত্তরদিকে যাইয়া স্রবলগ্ন ঘৃত মিশ্রিত জল-দ্বারা বধূকে অভিষেক করাইবেন। তৎপরে দেশাচারবশতঃ জামাতা বধূর সীমন্তে সিন্দূর, তিলক ও বস্ত্রাদি দিবেন।

পরে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্, অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবেন, পরে মহাব্যাহৃতি হোম ও শাট্যায়ন হোমাদি (১২ পৃঃ) বামদেব্যগানান্ত উদীচ্য-কর্ম্ম সমাপন করিয়া কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিবেন।

ইতি বিবাহকর্ম্ম

অথ গর্ভাধান

ঋতুকাল হইতে ষোড়শদিনের মধ্যে প্রথম হইতে চতুর্থ দিন এবং বিশিষ্টফললাভ-কামনায় অযুগ্ম দিন ত্যাগ করিয়া জ্যোতিঃশাস্ত্রোক্ত শুভসময়ে সায়ং সন্ধ্যা অতীত হইলে সুন্দর শুদ্ধপরিচ্ছদ ও গন্ধমাল্যাদি ভূষিত পতি [আচার বশত পূর্ব্বাহ্ণে] আচমন করিয়া স্বস্তিবাচন "সূর্য্যঃ সোম" ইত্যাদি পাঠ শেষ করিয়া সঙ্কল্প করিবেন। যথা,—দক্ষিণ জানু পাতিয়া উত্তরমুখে বসিয়া তিল, তুলসী, কুশত্রিপত্র হরীতকী ও জলযুক্ত তাম্র কোশা বামহস্তের উপর রাখিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদন করিয়া পাঠ করিবেন "বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রায়াঃ মৎপত্ন্যা শ্রীঅমুকীদেব্যা গর্ভাধান-কর্ম্মণি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিশিষ্টপুত্রোৎ-পত্তিকামো গণপত্যাদি-ষষ্ঠীমার্কণ্ডেয়পূজাপূর্ব্বকং সূর্য্যার্ঘ্য-দানমহং করিষ্যে।" পরে কোশার জল ঈশান কোণে ফেলিয়া কোশাটী উপুড় করিয়া তাহার উপর পুষ্প দিয়া ঘণ্টাধ্বনি করিতে করিতে সংকল্প সূক্ত পাঠ করিবেন যথা—"ওঁ দেবোবো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাসিচং। উদ্‌বা সিঞ্চধ্বমুপবা পৃণধ্ব, মাদীদ্ বো দেব ওহতে" পতি গণেশাদি দেবতা ও ষষ্ঠীমার্কণ্ডেয়ের যথাশক্তি পূজা করিয়া প্রণাম করিবেন।

পরে তাম্রপাত্রে অর্ঘ্য-দ্রব্য সাজাইয়া লইয়া নিম্নলিখিত নয়টী মন্ত্রপাঠ করিয়া সূর্য্যদেবকে নয়টী অর্ঘ্য প্রদান করিবেন,—"ওঁ বিশ্বা বিশ্বপ্সা বিশ্বতঃ কর্ত্তা বিশ্বযোনির-যোনিজঃ। নবপুষ্পোৎসবে চার্ঘ্যং, গৃহাণ ত্বাং দিবাকর ॥ ১ ॥ ওঁ সম্পদাকৃতিরাকাশে ক্ষোভরূপী জগৎপ্রভো। সাক্ষী ত্বং সর্ব্বভূতানাং, গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ ২ ॥ ওঁ ময়া চ যৎ কৃতং কর্ম্ম, সাম্প্রতং ফলহেতবে। তিমিরঘ্ন মহাতেজো, গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ ৩ ॥ ওঁ নবপুষ্পোৎসবে চার্ঘ্যং, দদামি ভক্তিতৎপরঃ। সম্পদাং হেতুঃ কর্ত্তা চ, গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ ৪ ॥ ওঁ নমস্তে ভগবন্ সূর্য্য, লোকসাক্ষিন্ বিভাবসো। পুত্রার্থী চ প্রপন্নোঽহং গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ ৫ ॥ ওঁ কমলাকান্ত দেবেশ, সাক্ষী ত্বঞ্চ জগৎপতে। ভক্তস্তব প্রপন্নোঽহং, গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ ৬ ॥ ওঁ স্বর্গদীপ নমস্তেঽস্তু নমস্তে বিশ্বতাপন। নবপুষ্পোৎসবে চার্ঘ্যং, গৃহাণ ত্বং দিবাকর ॥ ৭ ॥ ওঁ নমস্তে পদ্মিনীকান্ত, সুখমোক্ষ-প্রদায়ক। ছায়াপতে জগৎস্বামিন্, স্বর্গদীপ নমোঽস্তু তে ॥ ৮ ॥ ওঁ বিশ্বাত্মা বিশ্ববন্ধুশ্চ, বিশ্বেশো বিশ্বলোচনঃ। নবপুষ্পোৎসবে চার্ঘ্যং গৃহাণ ত্বং দিবাকর ॥" ৯ ॥ [১] পরে "জবাকুসুমসঙ্কাশং" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবেন।

অনন্তর পতি, পূর্ব্বমুখে বধূর পিছনে দাঁড়াইয়া দক্ষিণ হস্ত দ্বারা তাহার স্কন্ধের উপর দিয়া যোনিস্থান স্পর্শ করিয়া নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করিবেন।

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো বিষ্ণু-ত্বষ্টৃ-প্রজাপতি-ধাতারো দেবতা গর্ভাধানে

১। কোন কোন দেশের প্রথা অনুসারে নয়টী মন্ত্রে সূর্য্যার্ঘ্য না দিয়া কেবল "ওঁ নমো বিবস্বতে" ইত্যাদি মন্ত্রে একবারমাত্র সূর্য্যার্ঘ্য দেওয়া হয়। এইস্থলে দেশাচার মত করাই বিধেয়।

বিনিয়োগঃ। ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু, ত্বষ্টা রূপাণি পিংশতু। আ সিঞ্চতু প্রজাপতি, র্ধাতা গর্ভং দধাতু তে ॥ ১ ॥ প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সিনীবালীসরস্বত্যশ্বিনৌ দেবতা গর্ভধানে বিনিয়োগঃ। ওঁ গর্ভং ধেহি সিনীবালি, গর্ভং ধেহি সরস্বতি। গর্ভন্তে অশ্বিনৌ দেবা-বা-ধত্তাং পুষ্করস্রজৌ ॥ ২ ॥ পরে (আচার অনুসারে) বধূ উঠিয়া দাঁড়াইলে একটী স্বর্ণাঙ্গুরী বা একখণ্ড সুবর্ণদ্বারা তাহার নাভিদেশ স্পর্শ করিয়া পাঠ করিবেন, যথা— "ওঁ জীববৎসা ভব ত্বং হি, সুপুত্রোৎপত্তিহেতবে। তস্মাত্ত্বং ভব কল্যাণি অবিঘ্ন-গর্ভধারিণী। ওঁ দীর্ঘায়ুষং বংশধরং পুত্রং জনয় সুব্রতে।" এই সময় সুবর্ণ টী ছাড়িয়া দিবেন। উহা বধূর দক্ষিণ দিকে পড়িলে পুত্র ও বামদিকে পড়িলে কন্যা হইবে বুঝিবেন। পরে কোন পতিপুত্রবতী নারী বধূকে পূর্ব্বাভিমুখী করিয়া পঞ্চগব্য পান করাইবেন।[১]

অথ পুংসবন

প্রথম গর্ভের তৃতীয়মাসে জ্যোতিঃশাস্ত্রোক্ত শুভদিনে পতি, স্নান সন্ধ্যাদি সমাপন করিয়া বৃদ্ধিশ্রাদ্ধ শেষ করিবেন। পরে "ওঁ অগ্নে ত্বং চন্দ্রনামাসি", অগ্নির এই নাম-করণপূর্ব্বক বিরূপাক্ষজপান্ত সাধারণ কুশণ্ডিকা (৭ পৃঃ) করিবেন। তৎপরে গর্ভবতী বধূকে স্নান করাইয়া বিশুদ্ধ পট্টবস্ত্রাদি পরাইয়া অগ্নির পশ্চিম দিকে নিজের দক্ষিণভাগে পূর্ব্বাভিমুখে কুশের উপরে বসাইবেন। অনন্তর পতি প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম করিবেন। যথা,—

"প্রজাপতির্ঋষিগায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। প্রজাপতির্ঋষির্ব্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ॥ ওঁ ভূর্ভূবঃ স্বঃ স্বাহা।"

অনন্তর পতি পত্নীসহিত উত্থিত হইয়া বধূর পৃষ্ঠভাগে থাকিয়া তাহার দক্ষিণ স্কন্ধের উপর দিয়া লম্বিত দক্ষিণ হস্ত দ্বারা নাভিস্পর্শপূর্ব্বক পাঠ করিবেন। যথা—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো মিত্রাবরুণাশ্ব্যগ্নিবায়বো দেবতাঃ পুংসবনে বিনিয়োগঃ। ওঁ পুমাংসৌ মিত্রাবরুণৌ পুমাংসাবশ্বিনাবুভৌ। পুমানগ্নিশ্চ বায়ুশ্চ পুমান্ গর্ভস্ত-বোদরে।" এই এক প্রকার পুংসবন।

অপর পুংসবনার্থ পতি বটতরুর পূর্ব্বোত্তরকোণস্থিত ফলযুগ্মযুক্ত শাখা হইতে কীট-কর্ত্তৃক যাহা অদষ্ট এরূপ বটশুঙ্গাকে, যব অথবা মাষকলায়ের গুঁড়ার সহিত নিম্নলিখিত সাতটী মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করিবেন। যথা,—

প্রজাপতির্ঋষিঃ সোম-বরুণবসু-রুদ্রাদিত্য-মরুদ্বিশ্বেদেবা দেবতা ন্যগ্রোধশুঙ্গাপরিক্রয়ণে

১। পঞ্চগব্য শোধনমন্ত্রে পঞ্চগব্য শোধন করিয়া লইবেন।

বিনিয়োগঃ। ওঁ যত্তসি সৌমী সোমায় ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ১ ॥ ওঁ যত্তসি বারুণী বরুণায় ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ২ ॥ ওঁ যত্তসি বসুভ্যো বসুভ্য স্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ৩ ॥ ওঁ যত্তসি রুদ্রেভ্যো রুদ্রেভ্য স্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ৪ ॥ ওঁ যত্তসি আদিত্যেভ্য আদিত্যেভ্য স্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ৫ ॥ ওঁ যত্তসি মরুদ্ভ্যো মরুদ্ভ্য স্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ৬ ॥ ওঁ যত্তসি বিশ্বেভ্যো দেবেভ্যো বিশ্বেভ্যো দেবেভ্য স্ত্বা রাজ্ঞে পরিক্রীণামি ॥ ৭ ॥

অনন্তর নিম্নমন্ত্রে বটশুঙ্গা আহরণ করিবেন। যথা—'প্রজাপতির্ঋষিরোষধ্যো দেবতা ন্যগ্রোধশুঙ্গাচ্ছেদনে বিনিয়োগঃ। ওঁ ওষধয়ঃ সুমনসোঽস্যাং বীর্য্যং সমাধত্ত ইদং কর্ম্ম করিষ্যতি।"

পরে সেই বটশুঙ্গাগুলি তৃণদ্বারা বেষ্টিত করিয়া ভূমি স্পর্শ না হয় এমনভাবে শূন্যে আনয়ন ও স্থাপন করিবেন তৎপরে "অগ্নে ত্বং শোভননামাসি," এইরূপ অগ্নির নামকরণ করিয়া তাহার উত্তরভাগে ধৌত-শিলার উপর ব্রহ্মচারী, কুমারী বা গর্ভবতী স্ত্রীলোক অথবা অধীতবেদ-বেদাঙ্গ কোন ব্রাহ্মণ, আচারবশতঃ শিশির জল দ্বারা নোড়াযোগে ঐ শুঙ্গাগুলি পুনঃপুনঃ পেষণ করিবেন। অতঃপর পতি অগ্নির পশ্চিমভাগে উত্তরাগ্র কুশোপরি পশ্চিমাভিমুখে উপবিষ্টা পত্নীর মস্তক পূর্ব্বদিকে অবনত করিয়া, তাহার পশ্চাদ্ভাগে অবস্থান করত দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা বস্ত্রবদ্ধ ঐ পিষ্ট (বাটা) বটশুঙ্গা গ্রহণ করিয়া, নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক উহার রস গর্ভবতীর দক্ষিণ নারারন্ধ্রে প্রদান করিবেন। মন্ত্র যথা,—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নীন্দ্রবৃহস্পতয়ো দেবতা ন্যগ্রোধশুঙ্গারসদানে বিনিয়োগঃ। ওঁ পুমানাগ্নিঃ পুমানিন্দ্রঃ পুমান দেবো বৃহস্পতিঃ। পুমাংসং পুত্রং বিন্দস্ব ত্বং পুমাননুজায়তাম্।"

অতঃপর মহাব্যাহৃতি-হোম (১২ পৃঃ) করিয়া প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত-সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়ন (১২ পৃঃ) হোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য-কর্ম্ম শেষ করিয়া কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিবেন।

অথ সীমন্তোন্নয়ন

প্রথম গর্ভের চতুর্থ, ষষ্ঠ বা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন, কর্ত্তব্য। সংস্কার মধ্যে পূর্ব্বে গর্ভাধান—পরে পুংসবন ও তৎপরে সীমন্তোন্নয়ন, এইরূপ পৌর্ব্বাপর্য্য নিয়মিত থাকায় যদি দৈবাৎ যথাকালে গর্ভাধান, পুংসবন না হয়, তবে সীমন্তোন্নয়নদিনে শাট্যায়ন-হোমরূপে প্রায়শ্চিত্ত করিয়া গর্ভাধান ও পুংসবন কর্ম্ম শেষ করত সীমন্তোন্নয়ন কর্ত্তব্য। তাদৃশ স্থলে পতি স্নান-সন্ধ্যাদি কার্য্য সমাধান করিয়া অগ্নে ত্বং মঙ্গলনামাসি" এইরূপ অগ্নির নামকরণ আবাহন ও পূজা করিয়া বিরূপাক্ষজপান্ত সাধারণ কুশণ্ডিকা (৭ পৃঃ) করত সঙ্কল্প করিবেন। যথা,—

বিষ্ণুরোঁতৎসৎ অদ্যেত্যাদি এতন্মদীয়-পত্ন্যা যথাকালে গর্ভাধান-পুংসবনকর্ম্মণোরকরণ জনিত-দোষপ্রশমনায় শাট্যায়নহোমমহং কুর্ব্বীয়।"

তৎপরে পূর্ব্ববৎ শাট্যায়নহোম (১২ পৃঃ) শেষ করিয়া পূর্ব্বোক্ত বিধি অনুসারে গর্ভাধান ও পুংসবন করিবেন। পরে সীমন্তোন্নয়নের জন্য পত্নীকে স্নান করাইয়া ক্ষৌম বস্ত্রাদি পরিধান করাইয়া অগ্নির পশ্চিমদিকে আত্ম-দক্ষিণে উত্তরাগ্র কুশোপরি পূর্ব্বমুখে উপবেশন করাইবেন। পরে প্রকৃত কর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম করিবেন, যথা—

"প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।"

পরে বধূর পৃষ্ঠদেশে অবস্থিত পূর্ব্বাভিমুখ পতি একবৃন্তস্থিত পক্ক দুইটী ঔডুম্বর (যজ্ঞডুমুর) পট্টসূত্রে গাঁথিয়া (আচারানুসারে স্বর্ণাদিরচিত-বাসুদেব-পদযুগল স্বর্ণযব-প্রতিকৃতির সহিত নিম, সর্ষপ, ভল্লাতক (ভেলা) ও বচ একত্র করিয়া) পত্নীর কণ্ঠদেশে লম্বিত করিয়া দিবেন। মন্ত্র যথা,—

প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ স্ত্রীদেবতা ঔডুম্বর-ফল-যুগল-বন্ধনে বিনিয়োগঃ। ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িং।"

তৎপরে দর্ভপিঞ্জলীত্রয় গ্রহণ করিয়া "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ ভূঃ।" ইহা বলিয়া দর্ভপিঞ্জলীত্রয়দ্বারা পত্নীর ললাট প্রান্তে কেশপাশ হইতে মস্তকের উর্দ্ধভাগ পর্য্যন্ত সীমন্ত (সিঁথি) উন্নীত করিয়া ঐ দর্ভপিঞ্জলী তিনটী পত্নীর মস্তকে স্থাপন করিবেন। পুনর্ব্বার দর্ভপিঞ্জলীত্রয় লইয়া,—"প্রজাপতির্ঋষিরুষ্ণিকছন্দো বায়ুর্দ্দেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ ভূবঃ।" এই মন্ত্র পাঠ করত পূর্ব্ববৎ সীমন্তউন্নয়ন করিবেন, এবং উহা কেশমধ্যে স্থাপন করিবেন। পুনর্ব্বার দর্ভপিঞ্জলীত্রয় লইয়া,—"প্রজাপতির্ঋষিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোদেবতা দর্ভপিঞ্জলীভিঃ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। "ওঁ স্বঃ।" এই মন্ত্রদ্বারা পূর্ব্ববৎ সীমন্তোন্নয়ন ও স্থাপন করিবেন। পরে শর (সজারুর কণ্টক) লইয়া—"প্রজাপতির্ঋষি-স্ত্রিষ্টুপ্ ছন্দঃ স্ত্রীদেবতা শরেণ সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ যেনাদিতেঃ সীমানাং নয়তি প্রজাপতির্ম্মহতে সৌভগায়। তেনাঽহমস্যৈ সীমানাং নয়ামি প্রজামস্যৈ জরদষ্টিং কৃণোমি।" ইহা পাঠপূর্ব্বক পূর্ব্ববৎ সীমন্ত উন্নয়ন করিয়া ঐ শর কেশমধ্যে রাখিবেন। পরে সূত্রপূর্ণ তর্কু (টেকো) গ্রহণ করিয়া,—"প্রজাপতির্ঋষির্জ্জগতীছন্দো রাকা দেবতা সূত্রপূর্ণতর্কুণা সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ রাকামহং সুহবাং সুষ্টুতী হুবে শৃণোতু নঃ সুভগা বোধতু ত্মনা। সীব্যত্বয়ঃ সূচ্যা অচ্ছিদ্যমানয়া দদাতু বীরং শতদায়মুখ্যং।"[১]

১। শতদায়মুখ্যং ইতি বা পাঠঃ।

এই মন্ত্র পাঠ করিয়া তর্কুর অগ্রভাগ দ্বারা পূর্ব্ববৎ সীমন্ত উন্নয়ন ও স্থাপন করিবেন ॥ পরে তিন স্থানে শ্বেতবর্ণ সজারু-কাঁটা লইয়া—"প্রজাপতিঋর্ষির্জ্জগতীচ্ছন্দো রাকা দেবতা ত্রিশ্বেতয়া শলল্যা সীমন্তোন্নয়নে বিনিয়োগঃ। ওঁ যাস্তে রাকে সুমতয়ঃ সুপেশসো যাভির্দ্দদাসি দাশুষে বসুনি তাভির্নোঅদ্য সুমনা উপাগহি সহস্রপোষং সুভগে ররাণা ॥" এই মন্ত্রে ঐ সজারু কাঁটা দ্বারা পূর্ব্বের ন্যায় সীমন্ত উন্নয়ন ও কেশমধ্যে স্থাপন করিবেন।

অনন্তর পতি তিল, তণ্ডুল ও মাষকলায়যুক্ত স্থালীপাকের (চরুর) উপর ঘৃত দিয়া, ঐ স্থালীপাক বধূকে দেখাইয়া বক্ষ্যমাণ মন্ত্রে প্রশ্ন করিবেন; মন্ত্র যথা—

"প্রজাপতির্ঋষিঃ স্ত্রীদেবতা বধূ-প্রশ্নে বিনিয়োগঃ। ওঁ কিং পশ্যসি?"

পরে বধূ উক্ত চরু দর্শন করিলে পতি নিম্নলিখিত মন্ত্র বধূকে পড়াইবেন,—

"প্রজাপতির্ঋষিঃ স্ত্রীদেবতা স্থালীপাকাবেক্ষণে বিনিয়োগঃ। ওঁ প্রজাং পশূন্ সৌভাগ্যং মহং দীর্ঘায়ুষ্ট্বং পত্যুঃ ॥"

পরে পূর্ব্ববৎ মহাব্যাহৃতি-হোম (১২ পৃঃ) করিয়া প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে নিক্ষেপপূর্ব্বক সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়ন-হোমাদি (১৩ পৃঃ) বামদেব্যগানান্ত উদীচ্য-কর্ম্ম সমাপন করিয়া কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিবেন।

তৎপরে সধবা পুত্রবতী নারীগণ বধূকে বেদীতে উঠাইয়া জলদ্বারা স্নানাদি মঙ্গল-কর্ম্ম করাইয়া, তাহাকে বলিবেন "বীরসূস্ত্বং ভব, জীবপত্নী।" পরে গর্ভিণীকে উক্ত চরু ভক্ষণ করাইবেন।

পঞ্চামৃত ও সাধভক্ষণ

প্রথমগর্ভের পঞ্চম মাসে গর্ভবতীকে পঞ্চামৃত পান ও নবম মাসে সাধভক্ষণ করাইতে হয়। পঞ্চামৃত যথাসময়ে না ঘটিলে নবম মাসে সাধভক্ষণের পূর্ব্বে বিহিত দিনেও করিতে পারা যায়। এইরূপ আচার আছে। সুতরাং দেশাচার ও কুলাচার অনুসারে ইহার ব্যবস্থা করিবেন। স্বশাখোক্ত মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া রৌপ্য, কাংস্য বা প্রস্তর পাত্রে অথবা কদলীপত্রে সকল দ্রব্য একত্র করিয়া পান করাইবেন। গর্ভিণী স্নান করিয়া শুদ্ধবস্ত্র ও অলঙ্কারাদি পরিধান পূর্ব্বক পূর্ব্বমুখী হইয়া উপবিষ্ট হইলে পতিপুত্রবতী নারী বা পুরোহিত মন্ত্রপূত পঞ্চামৃত পান করাইবেন। সেই দিন গর্ভিণী দেশ ও কুল ক্রমাগত ব্যবহার অনুসারে ফলাদি আহার করিয়া থাকেন।

দধি দুগ্ধং ঘৃতঞ্চৈব শর্করা-সংযুতং মধু।
পঞ্চামৃতমিদং প্রোক্তং বিধেয়ং সর্ব্বকর্ম্মসু ॥

দধি, দুগ্ধ, ঘৃত, চিনি ও মধু ইহার নাম পঞ্চামৃত। ইহা সর্ব্বকর্ম্মে প্রশস্ত। সামবেদীয় পঞ্চামৃত শোধনমন্ত্র যথা—"ওঁ দধিক্রাব্নো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরৎ প্রাণ আয়ুংষি তারিষৎ" ইতি দধি। ওঁ গব্যো ষু ণো যথা পুরা, শ্বয়োত রথয়া রবিবস্যা মহোনাম্।" ইতি দুগ্ধ। "ওঁ ঘৃতবতী ভুবনানা-মভিশ্রিয়োর্ব্বী,

পৃথ্বী মধুদুটে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা, বিষ্কভিতে অজরে ভূরিরেতসা।" ইতি ঘৃত। "ওঁ দ্যৌরাপঃ কণিক্রদাৎ সিন্ধুরাপো মরুতো মাদয়ন্তাং ধর্ম্মজ্যোতিঃ।" ইতি শর্করা। "ওঁ মধুবাতা ঋতায়তে, মধু ক্ষরন্তু সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্তমুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ; মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্ নো বনস্পতি মধুমাং অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ।" ইতি মধু। পরে গায়ত্রী পাঠপূর্ব্বক পাঁচটী দ্রব্য একত্র করিবে।

যজুর্ব্বেদীয়—"ওঁ দধিক্রাবে্ণ" ইত্যাদি পূর্ব্ববৎ দধি। ওঁ অপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণাম্ ভবাবাজস্য সঙ্গথে।" ইতি দুগ্ধ। "ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধাম নামসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।" ইতি ঘৃত। "ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্ত্যাভ্যামাদদে।" ইতি শর্করা। "ওঁ মধুবাতা" ইত্যাদি পূর্ব্ববৎ "ক্ষরন্তু" স্থলে "ক্ষরন্তি" এই বিশেষ। ইতি মধু।

ঋগ্বেদীয়—"ওঁ উদ্বৃধ্যধ্বং সমনসঃ, সথায়, সমগ্নিমিন্ধং বহবঃ সনীড়াঃ। দধিক্রামগ্নিমুষসঞ্চ দেবী, মিন্দ্রাবতোঽব সেনিয়েবঃ।" ইতি দধি। "ওঁ আপো অদ্যান্বচারিষং, রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আগহি তং মা সংসৃজ বর্চ্চসা।" ইতি দুগ্ধ। "ওঁ অগ্নিরস্মি জন্মনা জাতবেদা, ঘৃতং মে চক্ষুরমৃতং ম আসন্। অর্কস্ত্রিধাতুরজসো বিমানো, হজস্রো ঘর্ম্মো হরিরস্মি নাম। ইতি ঘৃত।'; "ওঁ যোগে যোগে তবস্তরং, বাজে বাজে হবামহে। সথায় ইন্দ্রমূতয়ে আয়ুষে প্রজায়ৈ।" ইতি শর্করা। "ওঁ মধুবাতা ইত্যাদি।" মধু যজুর্ব্বেদীয়বৎ। পরে গায়ত্রীপাঠপূর্ব্বক সর্ব্ব দ্রব্য একত্র করিবে।

গর্ভবতীকে পঞ্চামৃত পান করাইবার মন্ত্র—"ওঁ পিব পঞ্চামৃতং দেবি যতত্বং গর্ভধারিণী। দীর্ঘায়ুষং বংশধরং পুত্রং জনয় সুব্রতে॥"

অথ সোষ্যন্তীকৰ্ম্ম

আসন্নপ্রসবা বধূর সুখপ্রসবার্থ সোষ্যন্তী কৰ্ম্ম করিবেন। প্রথমতঃ পতি স্নান আহ্নিক করিয়া "বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেত্যাদি অমুকগোত্রায়া মৎপত্ন্যা অমুকীদেব্যাঃ সুখপ্রসবকামঃ সোষ্যন্তীহোমমহং কুর্ব্বীয়।" এইরূপ সংকল্প করিবেন। পরে পূর্ব্ববৎ মঙ্গলনামক অগ্নিস্থাপন করত আবাহন ও পূজা করিয়া বিরূপাক্ষ। জপান্ত কুশণ্ডিকা (৭পৃঃ) সমাপন করিয়া প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম করিবেন। পরে নিম্নলিখিত দুইটী মন্ত্রে দুইবার আজ্যাহুতি দিবেন। যথা—"প্রজাপতির্ঋষিঃ পংক্তিশ্চন্দঃ সংরাধনী দেবতা সোষ্যন্তীহোমে বিনিয়োগঃ। ওঁ যা তে তিরশ্চী নিপদ্যতে অহং বিধরণীতি! তাং ত্বাং ঘৃতস্য ধাবয়া যজে সংরাধনীমহং সংরাধন্যৈ দেব্যৈ দেষ্ট্রৈ স্বাহা॥ ১॥ প্রজাপতির্ঋষিপয়ষ্টুপ্-ছন্দো বিপশ্চিদ্দেবতা সোষ্যন্তীহোমে বিনিয়োগঃ। ওঁ বিপশ্চিৎ পুচ্ছমভরত্তদ্ধাতা পুনরাহরৎ। পরে হি ত্বং বিপশ্চিৎ পুমানয়ং জনিষ্যতেঽসৌ নাম স্বাহা॥ ২॥"[১]

১। মন্ত্রস্থ অসৌ শব্দ স্থলে ভবিষ্যৎ পুত্রের নাম মনে মনে কল্পনা করিবেন।

তদনন্তর মহাব্যাহৃতি হোম (১২ পৃঃ) করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত একটী সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া সর্ব্বকর্ম্মসাধারণ শাট্যায়ন হোমাদি (১৩ পৃঃ) বামদেব্য-গানান্ত উদীচ্য-কর্ম্ম করিয়া ব্রাহ্মণকে দক্ষিণা দিবেন।

অথ জাতকর্ম্ম

পুত্র জন্মগ্রহণ করিলে পিতা সূতিকাগৃহে স্ত্রীগণকে বলিবেন "তোমরা নাভিচ্ছেদ করিও না, স্তন্য দিও না।" পরে বস্ত্রের সহিত স্নান করিয়া বৃদ্ধশ্রাদ্ধ[১] সম্পাদন করত ব্রহ্মচারী, কুমারী, গর্ভবতী অথবা শ্রুত-স্বাধ্যায়হীন (অনুপনীত) ব্রাহ্মণ দ্বারা শিলা ধৌত করিয়া তাহাতে শরৎপক্ক ধান্য ও যব চূর্ণ করিবেন। নোড়াকে শোয়াইয়া নহে দাঁড় করাইয়া পিষিবেন পরে নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও অনামা অঙ্গুলি দ্বারা ঐ চূর্ণ গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্রে নবজাত কুমারের জিহ্বা মার্জ্জনা করিবেন। যথা—

"প্রজাপতির্ঋষিরন্নং দেবতা ব্রীহিযবচূর্ণেন কুমারস্য জিহ্বামার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ ইয়মাজ্ঞেদমন্নমিদমায়ুরিদমমৃতং।"

পরে একটী স্বর্ণশলাকায় ঘৃতসংযোগ করিয়া নিম্নমন্ত্রে জিহ্বা মার্জ্জনা করিবেন,—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো মিত্রাবরুণাগ্ন্যশ্বিনো দেবতাঃ কুমারস্য সর্পিঃপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ মেধান্তে মিত্রাবরুণৌ, মেধামগ্নির্দ্দধাতু তে। মেধান্তে অশ্বিনৌ দেবা, বাধত্তাং পুষ্করস্রজৌ স্বাহা।" পুনর্ব্বার পূর্ব্ববৎ "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা কুমারস্য সর্পিঃপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ সদসস্পতিমদ্ভুতং, প্রিয়মিন্দ্রস্য কাম্যং। সনিং মেধাময়াসিষং স্বাহা।" এই মন্ত্রে পূর্ব্বের ন্যায় জিহ্বা মার্জ্জনা করিবেন এবং "নাভিং কৃন্তত" "স্তনং চ দত্ত" বলিয়া শিশুর নাড়ীচ্ছেদ ও স্তন্যদান করিতে আদেশ করিয়া পুনরায় বস্ত্রসহ স্নান করিবেন।

অথ নিষ্ক্রমণ

জন্মগ্রহণের পর তৃতীয় শুক্লপক্ষের তৃতীয়া তিথিতে প্রাতঃকালে কুমারকে স্নান করাইবেন, পরে সায়ংসন্ধ্যা অতীত হইলে পিতা চন্দ্রাভিমুখ হইয়া কৃতাঞ্জলিভাবে অবস্থিতি করিবেন। পরে মাতা শুদ্ধবস্ত্রদ্বারা কুমারকে আচ্ছাদন করিয়া স্বামীর দক্ষিণদিকে দাঁড়াইয়া শিশুর মস্তক উত্তর দিকে থাকে এমনভাবে ধরিয়া শিশুটীকে স্বামীর কোলে দিবেন পরে স্বামীর পশ্চাৎ দিক্ দিয়া উত্তর দিকে গিয়া দাঁড়াইবেন। পরে পিতা নিম্নলিখিত মন্ত্রগুলি পাঠ করিয়া কুমারকে চন্দ্রদর্শন করাইবেন। যথা—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দশ্চন্দ্রো দেবতা কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ যত্তে সুসীমে হৃদয়ং, হিতমন্তঃ প্রজাপতৌ। বেদাহং মন্যে তদ্ ব্রহ্ম, মাহং পৌত্রমঘং নিগাং। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দশ্চন্দ্রো দেবতা কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ

১। সম্পূর্ণ বৃদ্ধিশ্রাদ্ধে অসমর্থ পক্ষে অন্নদানমাত্র করিবেন।

যৎ পৃথিব্যা অনামৃতং, দিবি চন্দ্রমসি শ্রিতং। বেদামৃতস্যাহং নাম, মাহং পৌত্রমঘং ঋষং। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দ ইন্দ্রাগ্নী দেবতে কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্রাগ্নী শর্ম্ম যচ্ছতং, প্রজায়ৈ মে প্রজাপতী। যথায়ং ম প্রমীয়েত, পুত্রো জনিত্র্যা অধি।"

পরে পিতা চন্দ্রোদ্দেশে নিম্নলিখিত মন্ত্রে অর্ঘ্য দিবেন, "ওঁ ক্ষীরোদার্ণবসম্ভূত, অত্রিনেত্রসমুদ্ভব। গৃহাণার্ঘ্যং শশাঙ্কেদং, রোহিণ্যা সহিতো মম"॥

পরে পিতা সেই উত্তরশিরা কুমারকে তদবস্থায় স্ত্রীর হস্তে সমর্পণ করিয়া "কয়ানশ্চিত্র ইতি ঋকৃত্রয়স্য বামদেবঋষিঃ" ইত্যাদি শান্তিমন্ত্র পাঠ করিয়া কুমারের মঙ্গল কামনা করিতে করিতে গৃহে যাইবেন। পরে পিতা পরবর্ত্তী তৃতীয় শুক্লপক্ষের তৃতীয়া পর্য্যন্ত প্রতি শুক্লা তৃতীয়া তিথিতে সায়ংসময়ে চন্দ্রদর্শন করিয়া জলাঞ্জলি গ্রহণ করত—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দশ্চন্দ্রো দেবতা কুমারস্য চন্দ্রদর্শনে বিনিয়োগঃ। ওঁ যদদশ্চন্দ্রমসি কৃষ্ণং পৃথিব্যা হৃদয়ং শ্রিতং। তদহং বিদ্বাংস্তৎ পশ্যন্মাহং পৌত্রমঘং রুদং।" এই মন্ত্র পাঠ করিয়া জলাঞ্জলি ত্যাগ করিবেন এবং আরও দুইবার অমন্ত্রক জলাঞ্জলি দিবেন। পরে পিতা 'বামদেব্য গান' করিয়া কুমারের মঙ্গল চিন্তা করিতে করিতে গৃহে প্রবেশ করিবেন।

অথ নামকরণ

গৃহ্যসূত্রানুসারে জননানন্তর একাদশাহে, শতদিবসে বা সংবৎসরে নামকরণের কর্ত্তব্যতা অবধারিত হইলেও আচারবশতঃ দ্বাদশাহে, একাধিক শতদিবসে অথবা জন্মদিনে নামকরণ করিবেন।

জ্যোতিঃশাস্ত্রোক্ত শুভদিনে পিতা, স্নান সন্ধ্যাদি সমাপ্ত করিয়া শ্রাদ্ধপ্রকরণোক্ত পদ্ধতি অনুসারে বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন। পরে অগ্নিস্থাপনের বিধি অনুসারে অগ্নে ত্বং পার্থিবনামাসি" এই বলিয়া অগ্নির নামকরণ, আবাহন ও পূজা করিয়া বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা (৭ পৃঃ) শেষ করত অগ্নিতে অমন্ত্রক ঘৃতাক্ত একটী সমিধ্‌ প্রক্ষেপ করিয়া মহাব্যাহৃতি-হোম করিবেন। পরে মাতা শুদ্ধবস্ত্র দ্বারা কুমারকে আচ্ছাদন করিয়া স্বামীর দক্ষিণভাগে উপস্থিত হইয়া উত্তরশিরা বালককে স্বামীর হস্তে দিবেন। পরে পতির পৃষ্ঠদেশে দিয়া উত্তর দেশে গমন করত উত্তরাগ্র কুশের উপর পূর্ব্বমুখে উপবেশন করিবেন।

তৎপর পিতা—"ওঁ প্রজাপতয়ে স্বাহা", মন্ত্রে একবার ঘৃতাহুতি দিয়া কুমারের জন্মতিথি ও তদধিষ্ঠাত্রী দেবতা এবং জন্মনক্ষত্র ও তদধিষ্ঠাত্রী দেবতার হোম করিবেন, যথা—প্রতিপদে জন্মিলে, ওঁ প্রতিপদে স্বাহা, ওঁ ব্রহ্মণে স্বাহা। দ্বিতীয়ায় ওঁ দ্বিতীয়ায়ৈ স্বাহা, ওঁ ত্বষ্ট্রে স্বাহা। তৃতীয়ায়, ওঁ তৃতীয়ায়ৈ স্বাহা, ওঁ জনার্দ্দনায় স্বাহা। চতুর্থীতে, ওঁ চতুর্থ্যৈ স্বাহা, ওঁ যমায় স্বাহা। পঞ্চমীতে ওঁ পঞ্চম্যৈ স্বাহা, ওঁ

সোমায় স্বাহা। ষষ্ঠীতে, ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা, ওঁ কুমারায় স্বাহা। সপ্তমীতে, ওঁ সপ্তম্যৈ স্বাহা, ওঁ মুনিভ্যঃ স্বাহা। অষ্টমীতে, ওঁ অষ্টম্যৈ স্বাহা, ওঁ বসুভ্যঃ স্বাহা। নবমীতে ওঁ নবম্যৈ স্বাহা, ওঁ পিশাচেভ্যঃ স্বাহা। দশমীতে, ওঁ দশম্যৈ স্বাহা, ওঁ ধর্ম্মায় স্বাহা। একাদশীতে, ওঁ একাদশ্যৈ স্বাহা, ওঁ রুদ্রেভ্যঃ স্বাহা॥ দ্বাদশীতে, ওঁ দ্বাদশ্যৈ স্বাহা, ওঁ বায়বে স্বাহা। ত্রয়োদশীতে, ওঁ ত্রয়োদশ্যৈ স্বাহা, ওঁ কামদেবায় স্বাহা। চতুর্দ্দশীতে, ওঁ চতুর্দ্দশ্যৈ স্বাহা, ওঁ যক্ষেভ্যঃ স্বাহা। পূর্ণিমায়, ওঁ পৌর্ণমাস্যৈ স্বাহা, ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা। অমাবস্যাতে, ওঁ অমাবস্যায়ৈ স্বাহা, ওঁ পিতৃভ্যঃ স্বাহা।"

নক্ষত্র ও তদধিষ্ঠাত্রী দেবতার হোম যথা—"ওঁ কৃত্তিকাভ্যঃ স্বাহা, ওঁ অগ্নয়ে স্বাহা। ওঁ রোহিণীভ্যঃ স্বাহা, ওঁ প্রজাপতয়ে স্বাহা। ওঁ মৃগশিরসে স্বাহা, ওঁ সোমায় স্বাহা।" (এইরূপ প্রত্যেক নক্ষত্র ও তদধিষ্ঠাত্রী দেবতার আদিতে "ওঁ" ও অন্তে "স্বাহা" যোগ করিয়া হোম করিবেন,—"আর্দ্রায়ৈ, রুদ্রেভ্যঃ। পুনর্ব্বসবে, "অদিতয়ে। পুষ্যায়ৈ, বৃহস্পতয়ে। অশ্লেষাভ্যঃ, সর্পেভ্যঃ। মঘায়ৈ, পিতৃভ্যঃ। পূর্ব্বফল্গুনীভ্যাং, ভগায়। উত্তরফল্গুনীভ্যাং অর্য্যম্নে। হস্তায়ৈ, সবিত্রে। চিত্রায়ৈ, ত্বষ্ট্রে। স্বাত্যৈ, বায়বে। বিশাখভ্যঃ, ইন্দ্রাগ্নিভ্যাং। অনুরাধাভ্যঃ, মিত্রায়। জেষ্ঠ্যায়ৈ ইন্দ্রায়। মূলায়ৈ, নৈর্ঋতায়। পূর্ব্বাষাঢ়াভ্যঃ, অদ্ভ্যঃ। উত্তরাষাঢ়াভ্যঃ, বিশ্বেভ্যো দেবেভ্যঃ। শ্রবণায়ৈ, বিষ্ণবে। ধনিষ্ঠাভ্যঃ, বসুভ্যঃ। শতভিষাভ্যঃ, বরুণায়! পূর্ব্বভাদ্রপদাভ্যং, অজৈকপাদায়। উত্তরভাদ্রপদাভ্যাং, অহিব্রধ্নায়। রেবত্যৈ, পূষ্ণে। অশ্বিন্যৈ, অশ্বিনীকুমারাভ্যাং। ভরণ্যৈ যমায়।" যে বালক যে নক্ষত্রে জন্মিয়াছে, তাহার নামকরণকালে সেই নক্ষত্রের ও তদধিষ্ঠাত্রী দেবতার হোম করিবেন।

পরে পিতা আচার বশতঃ খড়ি দ্বারা প্রস্তরে রাশ্যাশ্রিত বা শতপদ চক্রোক্ত নক্ষত্রাশ্রিত দুইটী নাম লিখিয়া দুইটী ঘৃতপ্রদীপ প্রজ্বলিত করিবেন। পরে দুইটী দীপশিখায় নাম দুইটী কল্পনা করিবেন এবং যে নামে প্রদীপ অধিক প্রজ্বলিত হইবে, তাহাই কুমারের নাম হইবে। পরে পিতা সন্তানের মুখ নাসিকা, চক্ষু ও কর্ণ দক্ষিণ-হস্ত দ্বারা স্পর্শ করিয়া নিম্নলিখিত মন্ত্র দুইটী পাঠ করিবেন, "প্রজাপতির্ঋষিরাদিত্যো-দেবতা নামকরণে বিনিয়োগঃ। ওঁ কোঽসি কতমোঽসি। এষোঽস্যমৃতোঽসি। আহস্পত্যং মাসং প্রবিশ শ্রীঅমুকদেবশর্ম্মন্॥ ১॥ প্রজাপতির্ঋষিরাদিত্যো দেবতা নামকরণে বিনিয়োগঃ। ওঁ সত্বাহ্নে পরিদদাত্বহস্ত্বারাত্র্যৈ পরিদদাতু, রাত্রিস্ত্বাহো-রাত্রাভ্যাং পরিদদাত্বহোরাত্রৌ ত্বার্দ্ধমাসেভ্যঃ পরিদত্তা, মর্দ্ধমাসাস্ত্বা মাসেভ্যঃ পরিদদতু, মাসাস্ত্বর্ত্তুভ্যঃ পরিদদতৃতবস্ত্বা সম্বৎসরায় পরিদদতু, সম্বৎসরস্ত্বায়ুবে জরায়ৈ পরিদদাতু শ্রীঅমুকদেবশর্ম্মন্॥ ২॥

অনন্তর পিতা কুমারের মাতার বামকর্ণে বলিবেন; "শ্রীঅমুকদেবশর্ম্মায়ং তে পুত্রঃ।" কুমারের দক্ষিণকর্ণে বলিবেন, শ্রীঅমুকদেবশর্ম্মনামাসি।"

পরে মাতৃক্রোড়ে শিশুকে দিয়া পিতা মহাব্যাহৃতিহোম (১২ পৃঃ) করিয়া, অগ্নিতে অমন্ত্রক সমিধ্ নিক্ষেপ করত শাট্যায়ন হোমাদি (১৩ পৃঃ) বামদেব্যগানান্ত উদীচ্য-কর্ম্ম করিবেন ; কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দক্ষিণা দিবেন।

অথ পৌষ্টিক-কর্ম্ম

কুমারের জন্ম হইতে সংবৎসর যাবৎ প্রতিমাসীয় জন্মতিথিতে বা প্রত্যেক পৌর্ণমাসীতে পিতা নিত্য-কৃত্য সমাপন করিয়া পৌষ্টিক-কর্ম্মের সঙ্কল্প করিবেন। যথা,—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য মৎপুত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভকামঃ পৌষ্টিক-কর্ম্মাহং কুর্ব্বীয়।" পরে অগ্নিস্থাপনের বিধি অনুসারে "অগ্নে ত্বং বরদনামাসি", এইরূপে অগ্নির নামকরণ আবাহন ও পূজা করিয়া বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা (৭ পৃঃ) সমাধান করত প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ একটি ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি (১২ পৃঃ) হোম করিবেন।

পরে "ওঁ ইন্দ্রাগ্নিভ্যাং স্বাহা। ওঁ দ্যাবাপৃথিবীভ্যাং স্বাহা। ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা" এই বলিয়া তিনবার আজ্যাহুতি দিবেন এবং নামকরণোক্ত জন্মতিথি নক্ষত্র ও তদধিষ্ঠাতৃদেবতার ক্রমবিপর্য্যয়ে অর্থাৎ অগ্রে তিথিনক্ষত্রাধিষ্ঠিত দেবতার এবং পরে তিথিনক্ষত্রের হোম করিবেন। যেমন—প্রতিপদে জাত ব্যক্তির "ওঁ ব্রাহ্মণে স্বাহা, ওঁ প্রতিপদে স্বাহা।" কৃত্তিকানক্ষত্রে জাত ব্যক্তির "ওঁ অগ্নয়ে স্বাহা, ওঁ কৃত্তিকাভ্যঃ স্বাহা" ইত্যাদি। এইরূপ সর্ব্বত্র জানিবেন। পরে মহাব্যাহৃতিহোম করিয়া প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত একটি সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া সর্ব্বকর্ম্মসাধারণ-শাট্যায়ন-হোমাদি (১৩ পৃঃ) বামদেব্যগানান্ত উদীচ্যকর্ম্ম সমাধান করিয়া দক্ষিণা দিবেন।

অথ অন্নপ্রাশন

জন্মদিন হইতে সাবন-গণনায় ষষ্ঠ বা অষ্টম মাসে পুত্রের এবং পঞ্চম বা সপ্তম মাসে কন্যার জ্যোতিঃশাস্ত্রোক্ত শুভদিনে অন্নপ্রাশন করিতে হয়।

পিতা স্নান আহ্নিক ও বৃদ্ধি শ্রাদ্ধ শেষ করিয়া "অগ্নে ত্বং শুচিনামাসি", এইরূপে অগ্নির নামকরণ করিয়া বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা (৭ পৃঃ) শেষ করত প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত একটি সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতিহোম (১২ পৃঃ) করিবেন ; পরে নিম্নলিখিত মন্ত্রে ঘৃতাহুতি দিবেন। যথা—"প্রজাপতির্ঋষির্গায়ত্রী ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথে অগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অন্নং বা একচ্ছন্দস্যমনং হেকং ভূতেভ্যশ্ছন্দয়তি স্বাহা ॥ ১ ॥ প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথে অগ্নাবাদিত্যা-ভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ শ্রীর্ব্বা এষা যৎ সত্বানো বিরোচনো ময়ি সত্ব-মবদধাতু স্বাহা ॥ ২ ॥ প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথে অগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অন্নস্য ঘৃতমেব রসস্তেজঃ

সম্পৎকামো জুহোমি স্বাহা ॥ ৩ ॥ প্রজাপতির্ঋষিঃ ক্ষুদ্দেবতা বৃত্ত্যবিচ্ছিত্তিকামস্য সায়ং প্রাতঃ ক্ষুদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ ক্ষুধে স্বাহা ॥ ৪ ॥ প্রজাপতির্ঋষিঃ ক্ষুৎপিপাসে দেবতে বৃত্ত্যবিচ্ছিত্তিকামস্য সায়ং প্রাতঃ ক্ষুত্‌ড্‌ঢোমে বিনিয়োগঃ। ওঁ ক্ষুৎপিপাসাভ্যাং স্বাহা ॥ ৫ ॥ ওঁ প্রাণায় স্বাহা ॥ ৬ ॥ ওঁ অপানায় স্বাহা ॥ ৭ ॥ ওঁ সমানায় স্বাহা ॥ ৮ ॥ ওঁ উদানায় স্বাহা ॥ ৯ ॥ ওঁ ব্যানায় স্বাহা ॥ ১০ ॥

অনন্তর পুনর্ব্বার মহাব্যাহৃতি-হোম করিয়া অমন্ত্রক ঘৃতাক্ত একটি সমিধ্ অগ্নিতে দিয়া শাট্যায়নহোমাদি (১৩ পৃঃ) বামদেব্যগানান্ত উদীচ্য-কর্ম্ম করিবেন। পরে "প্রজাপতির্ঋষির্ব্বৃহতীচ্ছন্দোঽন্নপতির্দ্দেবতা কুমারস্যান্নপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ অন্নপতেঽন্নস্য নো দেহ্য-নমীবস্য শুষ্মিনঃ প্রদাতারং তারিষ উর্জ্জং নো ধেহি দ্বিপদে চতুষ্পদে স্বাহা।" এই মন্ত্রে বালকের মুখে অন্ন দিবেন। পরে কর্ম্মকারয়িতৃ ব্রাহ্মণকে দক্ষিণা দান অচ্ছিদ্রাবধারণ বৈগুণ্য সমাধান করিয়া তৎপরে আচার অনুসারে একখানি রেকাবের উপরে মস্যাধার (দোয়াত), লেখনী, মৃত্তিকা ও টাকা রাখিয়া বালকের সম্মুখে ধরিবেন। বালক স্বেচ্ছায় যে বস্তুটি সযত্নে গ্রহণ করিবে সেইটীই তাহার জীবনের প্রবল অবলম্বন জানিবেন।

অথ নৈমিত্তিক-পুত্রমূর্দ্ধাভিঘ্রাণ-কর্ম্ম

পিতা প্রবাসে থাকিতে যদি পুত্র জন্মে, তবে পিতা বাটীতে আসিয়া সংযত চিত্তে পূর্ব্বাভিমুখে নিজের হস্তদ্বয় দ্বারা জ্যেষ্ঠক্রমে পুত্রের মস্তক ধারণ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন, যথা—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা পুত্রস্য মূর্দ্ধানমুপসংগৃহ্য জপে বিনিয়োগঃ। ওঁ অঙ্গাদঙ্গাৎ সংস্রবসি হৃদয়াদধিজায়সে। প্রাণস্তে প্রাণেন সন্দধামি জীবসে যাবদায়ুষং ॥ ১ ॥ ওঁ অঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে ॥ বেদো বৈ পুত্রানামাসি সংজীব শরদঃ শতং ॥ ২ ॥ ওঁ অশ্মা ভব পরশুর্ভব হিরণ্যামমৃতং ভব আত্মাসি পুত্র মা মৃথাঃ সংজীব শরদঃ শতং।" তৎপরে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া পিতা পুত্রের মস্তকাঘ্রাণ করিবেন। "প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা পুত্রস্য মূর্দ্ধাভিঘ্রাণে বিনিয়োগঃ। ওঁ পশূনাং ত্বা হুঙ্কারেণাভিজিঘ্রামি শ্রীঅমুক-দেবশর্ম্মন্।" অনন্তর বামদেব্যগান করিয়া দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

যদি পিতা প্রবাসে না থাকিয়া গৃহেই থাকেন, তবে পুত্র যখন "ইনি আমার পিতা" এইরূপ জানিবে, তখন পিতার এই কার্য্য করা কর্ত্তব্য। আর যদি তৎকালে করিতে না পারেন, তবে উপনয়নানন্তর করিবেন।

অথ চূড়া-করণ

কুলাচার অনুসারে প্রথম বা তৃতীয়বর্ষে চূড়া করিবেন। যদি যথাকালে চূড়া অনুষ্ঠিত না হয়, তবে উপনয়ন-দিনে পূর্ব্ব চূড়া করিয়া পরে উপনয়ন দিবেন।

চূড়াকরণে পিতা প্রথমতঃ নিত্যকার্য্য শেষ করিয়া বৃদ্ধিশ্রাদ্ধাদি সম্পন্ন করিবেন। পরে অগ্নি স্থাপনের নিয়মে "অগ্নে ত্বং সত্যনামাসি", এইরূপ নামকরণ আবাহন ও পূজা করিয়া বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা (৭ পৃঃ) শেষ করত অগ্নির দক্ষিণে একবিংশতি দর্ভপিঞ্জলী[১] কাংস্যপাত্রে উষ্ণজল, তাম্রনির্ম্মিত ক্ষুর তদভাবে দর্পণ এবং লৌহ-ক্ষুর-হস্ত নাপিত। অগ্নির উত্তরভাগে বৃষ-গোময় ও একত্র মিশ্রিত তিল, তণ্ডুল ও মাষকলায় অগ্নির পূর্ব্বদিকে মিশ্রিত ধান্যযবপূর্ণ তিনটীপাত্র এবং মিশ্রিত তিল-তণ্ডুল ও মাষকলায়-পূর্ণপাত্রত্রয় স্থাপন করিবেন। পরে মাতা কুমারকে শুচি বস্ত্র পরিধান করাইয়া নিজ-ক্রোড়ে স্থাপন করত অগ্নির পশ্চিম-দিকে স্বামীর বামপার্শ্বে উত্তরাগ্র কুশোপরি পূর্ব্বমুখে উপবেশন করিবেন। পরে পিতা প্রকৃতকর্ম্মারম্ভে প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে অমন্ত্রক নিক্ষেপ করিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি-হোম (১২ পৃঃ) করিবেন। তৎপরে পিতা গাত্রোত্থান করত পত্নীর পশ্চিমদিকে পূর্ব্বাভিমুখে অবস্থিত থাকিয়া ক্ষুর-পাণি নাপিতকে দেখিয়া তাহাকে সূর্য্যরূপে ভাবনা করিয়া পাঠ করিবেন, যথা—

"প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আয়মাগাৎ সবিতা ক্ষুরেণ।" পরে, কাংস্যপাত্রস্থিত উষ্ণ জল দর্শন করিয়া বায়ুকে মনে মনে চিন্তা করিয়া পাঠ করিবেন, "প্রজাপতির্ঋষির্ব্বায়ুর্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ উষ্ণেণ বায় উদকেনৈধি।"

পরে কাংস্যপাত্রস্থ উষ্ণ জল দক্ষিণহস্তে লইয়া "প্রজাপতির্ঋষিরাপো দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আপ উন্দন্তু জীবনে।" এই মন্ত্রে কুমারের দক্ষিণ কপুষ্কিকা[২] দেশ আর্দ্র করিবেন। তৎপরে তাম্রক্ষুর বা দর্পণ দর্শন করত নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন, "প্রজাপতির্ঋষির্ব্বিষ্ণুর্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ॥ ওঁ বিষ্ণোর্দ্দংষ্ট্রোঽসি"। অতঃপর সপ্ত-দর্ভপিঞ্জুলী গ্রহণ করিয়া আর্দ্র দক্ষিণ কপুষ্কিকাদেশে উর্দ্ধমূল করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করত বাঁধিবেন। যথা—

"প্রজাপতির্ঋষিরোষধির্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ ওষধে ত্রায়স্বৈনং। পরে বামহস্তগৃহীত দর্ভপিঞ্জুলীসহিত কপুষ্কিকাস্থানে দক্ষিণহস্তস্থিত তাম্রক্ষুর বা দর্পণ স্পর্শ করাইবেন। যথা—

"প্রজাপতির্ঋষিঃ স্বধিতির্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ স্বধিতে মৈনং হিংসী।" পরে নিম্নলিখিত মন্ত্রে উক্ত কপুষ্কিকাস্থানে ক্ষুর স্পর্শ করাইবেন। যেন কেশচ্ছেদ না হয়। মন্ত্র যথা,—"প্রজাপতির্ঋষিঃ পূষা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ যেন পূষা বৃহস্পতের্ব্বায়োরিন্দ্রস্য চাবপৎ তেন তে বপামি ব্রহ্মণা জীবাতবে জীবনায় দীর্ঘায়ুষ্ট্বায় বলায় বর্চ্চসে।"

১। প্রাদেশপ্রমাণ কুশ ৭ গাছি করিয়া অন্য কুশ দ্বারা বাঁধিয়া ৩ প্রস্থ করিবে।

২। শিখা স্থানের নিম্ন, দক্ষিণ ও বামকর্ণের উর্দ্ধবর্ত্তী স্থানকে কপুষ্কিকা বলে।

তৎপর অমন্ত্রক ঐরূপে দুইবার ক্ষুর স্পর্শ করাইয়া লৌহক্ষুর দ্বারা কপুষ্কিকাদেশস্থ কেশ ছেদন করিয়া দর্ভপিঞ্জুলীর সহিত গোময়োপরি নিক্ষেপ করিবেন।

পরে কুমারের কপুচ্ছল (মস্তকের পশ্চাদ্‌ভাগে শিখানের নিম্ন স্থানকে কপুচ্ছল বলে) দেশস্থিত কেশ পূর্ব্ববৎ উষ্ণোদকদ্বারা আর্দ্র করিবেন এবং পূর্ব্বের ন্যায় ক্ষুর দর্শন করিয়া মন্ত্রজপ, দর্ভপিঞ্জুলী-বন্ধন, ক্ষুরস্পর্শ প্রভৃতি সমস্ত কার্য্য করিয়া পূর্ব্ববৎ গোময়োপরি স্থাপন করিবেন। বাম-কপুষ্কিকা-দেশেও দক্ষিণ-কপুষ্কিকার ন্যায় 'প্রজাপতির্ঋষিরাপোদেবতা' হইতে সকল কার্য্য করিবেন।

পরে পিতা কুমারের মস্তক দুই হস্তদ্বারা আচ্ছাদিত করিয়া নিম্ন মন্ত্র পাঠ করিবেন। যথা,—

"প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো যমদগ্নিকশ্যপাগস্ত্যাদয়ো দেবতাশ্চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষং। ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং। ওঁ অগস্ত্যস্য ত্র্যায়ুষং ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং। ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষং।"

পরে বস্ত্রমালাভূষিত নাপিত উত্তরাস্য বা পূর্ব্বাস্য কুমারের মস্তক মুণ্ডন করিয়া কেশ সকল বাঁশবনে মৃত্তিকাগর্ত্তে বা সুদূর-বনমধ্যে নিক্ষেপ করিবে এবং এই সময় নাপিত কুমারের কর্ণবেধ করিয়া দিবে। পরে পিতা পূর্ব্ববৎ ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম (পৃঃ ১২) করিয়া অমন্ত্রক প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্‌ অগ্নিতে নিক্ষেপ পূর্ব্বক শাট্যায়ন-হোমাদি (পৃঃ ১৩) বামদেব্যগানান্ত উদীচ্য-কর্ম্ম করিবেন। পরে কর্ম্ম কারয়িতৃ ব্রাহ্মণকে দক্ষিণা দিয়া অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবেন।

অথ উপনয়ন

"গর্ভাষ্টমেঽষ্টমে বাব্দে ব্রাহ্মণস্যোপনায়নং"—গর্ভ হইতে অথবা জন্ম হইতে অষ্টমবর্ষ ব্রাহ্মণের উপনয়নের প্রধান কাল, তৎপরে পনর বৎসর তিনমাস পর্য্যন্ত উপনয়নের গৌণকাল, অতঃপর সাবিত্রীপতন হয়, অষ্টমবর্ষের পরে পনের বৎসর তিনমাসের মধ্যে উপনয়ন দিলে "মহাব্যাহৃতি" হোম প্রায়শ্চিত্ত, অতঃপর ব্রাত্য প্রায়শ্চিত্ত।

জ্যোতিষশাস্ত্রোক্ত শুভদিনে পিতা প্রাতঃকালে নিত্যক্রিয়া শেষ করিয়া বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন। পরে পিতা স্বয়ং বা পিতৃবৃত ব্রাহ্মণ কুশণ্ডিকোক্ত বিধানে "অগ্নে ত্বং সমুদ্ভবনামাসি" এইরূপ নামকরণাদি করিয়া বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা (পৃঃ ৭) শেষ করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে অমন্ত্রক প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্‌ অগ্নিতে নিক্ষেপ করত মহাব্যাহৃতিহোম করিবেন। যথা—

"প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ, ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ, ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোদেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ, ওঁ স্বঃ স্বাহা।"

পরে মানবককে অগ্নির উত্তরদিকে লইয়া শিখার সহিত মুণ্ডিত ও স্নাপিত করিয়া

ক্ষৌমবস্ত্রাদি পরিধান করাইয়া নিজের দক্ষিণ দিকে বসাইবেন। পরে আচার্য্য বক্ষ্যমাণ মন্ত্রে পাঁচটি ঘৃতাহুতি দিবেন, যথা—

"প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা উপনয়ন-হোমে বিনিয়োগঃ॥ ওঁ অগ্নে ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি, তত্তে প্রব্রবীমি, তচ্ছকেয়ং, তেনর্দ্ধ্যাস-মিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ১ ॥ প্রজাপতির্ঋষির্ব্বায়ুর্দ্দেবতা উপনয়ন-হোমে বিনিয়োগঃ॥ ওঁ বায়ো ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি, তত্তে প্রব্রবীমি, তচ্ছকেয়ং, তেনর্দ্ধ্যাস-মিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ২ ॥ প্রজাপতির্ঋষিঃ সূর্য্যো দেবতা উপনয়ন-হোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি, তত্তে প্রব্রবীমি, তচ্ছকেয়ং, তেনর্দ্ধ্যাস-মিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ৩ ॥ প্রজাপতির্ঋষিশ্চন্দ্রো দেবতা উপনয়ন-হোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি, তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং, তেনর্দ্ধ্যাস-মিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ৪ ॥ প্রজাপতির্ঋষিরিন্দ্রো দেবতা উপনয়ন-হোমে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্র ব্রতানাং ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি, তত্তে প্রব্রবীমি, তচ্ছকেয়ং, তেনর্দ্ধ্যাস-মিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা ॥ ৫ ॥

হোমান্তে আচার্য্য অগ্নির পশ্চিমভাগে উত্তরাগ্র কুশের উপর কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইয়া থাকিবেন এবং মানবক অগ্নি ও আচার্য্যের মধ্যে আচার্য্যাভিমুখে উত্তরাগ্র কুশোপরি কৃতাঞ্জলি হইয়া দণ্ডায়মান থাকিবেন। মাণবকের দক্ষিণস্থ কোন্ মন্ত্রবান ব্রাহ্মণ মাণবকের ও পরে আচার্য্যের অঞ্জলি জল দিয়া পূর্ণ করিবেন। পরে আচার্য্য গৃহীতঞ্জালি-মাণবককে দর্শন করত নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নি-বায়ু-সূর্য্য-চন্দ্রোদয়ো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবকং প্রেক্ষমাণস্য জপে বিনিয়োগঃ। ওঁ আগন্ত্রা সমগন্মহি, প্রসুমর্ত্ত্যং যুযোতন। অরিষ্টাঃ সঞ্চরেমহি, স্বস্তি সঞ্চরতাদয়ং॥" পরে আচার্য্য (উভয়ের অঞ্জলিতে পূর্ব্বপ্রদত্ত জল থাকিবে) মাণবককে নিম্নলিখিত মন্ত্র পাঠ করাইবেন, যথা—

"প্রজাপতির্ঋষিরাচার্য্যো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবক-পাঠনে বিনিয়োগঃ। ওঁ ব্রহ্মচর্য্যমাগামুপ মা নয়স্ব।" তৎপরে আচার্য্য "প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টপ্ ছন্দো মাণবকো দেবতা উপনয়নে মাণবক-নামপ্রশ্নে বিনিয়োগঃ। ওঁ কো নামাসি।" এই মন্ত্রে মাণবকের নাম জিজ্ঞাসা করিলে, মাণবক নিম্ন মন্ত্রে নাম বলিবে, যথা—

"প্রজাপতির্ঋষির্মাণবকো দেবতা উপনয়নে মাণবকস্য নামকথনে বিনিয়োগঃ। ওঁ শ্রীঅমুকদেবশর্ম্মনামাস্মি।" পরে আচার্য্য এবং মাণবক উভয়ে পূর্ব্ব-গৃহীত জলাঞ্জলি ত্যাগ করিবেন। অতঃপর আচার্য্য দক্ষিণ-হস্ত দ্বারা মাণবকের অঙ্গুষ্ঠ সহিত দক্ষিণ-হস্ত গ্রহণ করিয়া পাঠ করিবেন, যথা—

"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সবিত্রশ্বি-পূষাণো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবক-হস্তগ্রহণে বিনিয়োগঃ। ওঁ দেবস্য তে সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং, পুষ্ণোহস্তাভ্যাং হস্তং গৃভ্নামি শ্রীঅমুক-দেবশর্ম্মন্।" আচার্য্য পূর্ব্ববৎ নিম্নমন্ত্র পাঠ করিবেন, যথা—

"প্রজাপতির্ঋষিরগ্ন্যাদয়ো দেবতা উপনয়নে গৃহীতমাণবকহস্তাচার্য্যস্ত জপে বিনিয়োগঃ। ওঁ অগ্নিস্তে হস্তমগ্রহীৎ, সবিতা হস্তমগ্রীৎ, অর্য্যমা হস্তমগ্রহীৎ মিত্রস্ত্বমসি কর্ম্মণা অগ্নিরাচার্য্যস্তব।

তৎপরে আচার্য্য নিম্নলিখিত মন্ত্র পড়িয়া মাণবকে সেইখানে প্রদক্ষিণ ক্রমে ঘুরাইয়া পূর্ব্বমুখে দাঁড় করাইবেন যথা,—"প্রজাপতির্ঋষিঃ সূর্য্যো দেবতা উপনয়নে মাণবকস্তা-বর্ত্তনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যস্যাবৃতমন্বাবর্ত্তস্ব শ্রীঅমুকদেবশর্ম্মন্।" অতঃপর আচার্য্য স্বীয় দক্ষিণ হস্ত মানবকের দক্ষিণ-স্কন্ধ স্পর্শ পূর্ব্বক তাহার উপর দিয়া নামাইয়া তাহার নাভিদেশে রাখিয়া পড়িবেন। যথা—

"প্রজাপতির্ঋষির্নাভ্যন্তকৌ দেবতে উপনয়নে ব্রহ্মচারি-নাভিদেশ-স্পর্শনে বিনি-য়োগঃ। ওঁ প্রণানাং গ্রন্থিরসি, মা বিস্রসোঽন্তক। ইদন্তে পরিদদামি শ্রীঅমুকদেব-শর্ম্মাণম্।" পরে নাভির উপরিভাগ স্পর্শ করিয়া আচার্য্য পাঠ করিবেন, যথা—

"প্রজাপতির্ঋষির্বায়ুর্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারিনাভ্যুপরিদেশস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ অভুর ইদন্তে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণম্।" আচার্য্য নিম্নলিখিত মন্ত্রে মাণবকের হৃদয়দেশ স্পর্শ করিবেন। যথা,—

"প্রজাপতির্ঋষিঃ কৃশনুর্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারি-হৃদয়-দেশ-স্পর্শনে বিনিয়োগঃ। ওঁ কৃশন ইদন্তে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণম্।" আচার্য্য নিম্নমন্ত্রে দক্ষিণ-হস্তদ্বারা মানবকের দক্ষিণ-স্কন্ধ ধারণ করিবেন, যথা—"প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারি-দক্ষিণস্কন্ধস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতয়ে ত্বা পরিদদামি শ্রীঅমুক-দেবশর্ম্মন্।" অতঃপর আচার্য্য বামহস্তদ্বারা মানবকের বাম স্কন্ধ ধারণ করিয়া পড়িবেন,—"প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা উপনয়নে ব্রহ্মচারি-বাম-স্কন্ধ-স্পর্শনে বিনিয়োগঃ। ওঁ দেবায় ত্বা সবিত্রে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মন্।" তৎপরে আচার্য্য নিম্নমন্ত্র পাঠ করিয়া মাণবককে সম্বোধন করিবেন। যথা,—

"প্রজাপতির্ঋষির্ব্রহ্মচারী দেবতা উপনয়নে ব্রহ্মচারি-সম্বোধনে বিনিয়োগঃ। ওঁ ব্রহ্মচার্য্যসি শ্রীঅমুকদেবশর্ম্মন্।" অনন্তর আচার্য্য নিম্নমন্ত্র পাঠপূর্ব্বক মাণবককে সমিধ্ আহরণাদি জন্য চারিটী নিয়োগ করিবেন। ব্রহ্মচারী প্রতিবারেই "ওঁ বাঢ়ং" বলিবে "প্রজাপতির্ঋষির্ব্রহ্মচারী দেবতা উপনয়নে ব্রহ্মচারি-প্রেষে বিনিয়োগঃ। ॥ ১। ওঁ সমিধমাধেহি ॥ ২। ওঁ আপোঽশান ॥ ৩। ওঁ কর্ম্ম কুরু ॥ ৪। ওঁ মা দিবা স্বাপ্সীঃ ॥ অতঃপর আচারবশতঃ মানবক কৌপীন পরিধান করিবে।

তৎপরে আচার্য্য অগ্নির উত্তর-দেশে উত্তরাগ্রকুশোপরি পূর্ব্বাভিমুখী হইয়া উপবেশন করিবেন এবং মাণবকও দক্ষিণ-জানুদ্বারা ভূমি স্পর্শ করিয়া উত্তরাগ্রকুশোপরি আচার্য্যাভিমুখী হইয়া বসিবে। পরে আচার্য্য মাণবককে ত্রিগুণীকৃত মেখলা প্রদক্ষিণ ক্রমে পরিধান করাইতে করাইতে নিম্ন মন্ত্র দুইটী পড়াইবেন,—"প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্-

ছন্দো মেখলা দেবতা উপনয়নে মেখলাপরিধাপনে আচার্য্যস্য মানবক-বাচনে বিনিয়োগঃ। ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা, বর্ণং পবিত্রং পুনতী ম আগাৎ। প্রাণাপানাভ্যাং বলমাবহন্তী, স্বসা দেবী সুভগা মেখলেয়ং। ১॥ ওঁ ঋতস্য গোপ্ত্রী তপসঃ পরস্বী, ঘ্নতী রক্ষঃ সহমানা অরাতীঃ। সা মা সমন্তমভিপর্য্যেহি ভদ্রে ধর্ত্তারস্তে মেখলে মা রিষাম"। ২॥ পরে আচার্য্য নিম্নলিখিত মন্ত্র পড়াইয়া মাণবককে একদণ্ডী যজ্ঞোপবীত পরিধান করাইবেন। যথা—"প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিশ্বেদেবা দেবতা উপনয়নে যজ্ঞোপবীতপরিধাপনে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বা যজ্ঞোপবীতেনোপনহ্যামি।" পরে কৃষ্ণসার-চর্ম্ম-যুক্ত যজ্ঞোপবীত নিম্নমন্ত্র পড়াইয়া পরিধান করাইবেন। মন্ত্র যথা,—"প্রজাপতির্ঋষিঃ ত্রিষ্টুপ্‌ছন্দোঽজিনং দেবতা উপনয়নেঽজিন-পরিধাপনে বিনিয়োগঃ। ওঁ মিত্রস্য চক্ষুর্বরুণং বলীয়, স্তেজোযশস্বী স্থবিরং সমিদ্ধং। অনাহনস্যং বসনং জরিষ্ণু, পরীদং বাজ্যজিনং দধেঽহং।" অনন্তর মাণবক নিম্নমন্ত্র পাঠ করিয়া আচার্য্যের নিকটবর্ত্তী হইয়া বসিবেন, "প্রজাপতির্ঋষিরাচার্য্যো দেবতা আচার্য্যা-মন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ অধীহি ভোঃ সাবিত্রীং মে ভবাননুব্রবীতু।"

তৎপরে সমীপবর্ত্তী মাণবককে আচার্য্য নিম্নক্রমে সাবিত্রী অধ্যয়ন করাইবেন। যথা,—"বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগ।" তৎ সবিতুর্ব্বরেণ্যং।" "বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ।" "ভর্গোদেবস্য ধীমহি।"

তৎপরে পূর্ব্ববৎ "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ। "ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।" পরে উক্ত ঋষিচ্ছন্দ পাঠ করাইয়া "ওঁ তৎ সবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহিঃ" এই পূর্ব্বার্দ্ধ পাঠ করাইবেন। তৎপরে ঐ ঋষিচ্ছন্দ পাঠ করাইয়া "ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।" এই উত্তরার্দ্ধ পাঠ করাইয়া পূর্ব্ববৎ ঋষিচ্ছন্দ পাঠ করাইয়া সমস্ত গায়ত্রী তিনবার পাঠ করাইবেন, যথা—"ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥" পরে আচার্য্য মাণবককে পৃথক্ পৃথক্ রূপে ওঁকারযুক্ত মহাব্যাহৃতি পাঠ করাইবেন যথা—"প্রজাপতির্ঋষির্গায়ত্রী-চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিপাঠে বিনিয়োগঃ। ওঁ ভূঃ। প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃচ্ছন্দো-বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিপাঠে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিপাঠে বিনিয়োগঃ। ওঁ স্বঃ। তৎপরে, আচার্য্য প্রণব-ব্যাহৃতিযুক্ত ও প্রণবান্ত সমগ্র গায়ত্রী পাঠ করাইবেন। যথা—"প্রজাপতির্ঋষির্গায়ত্রী-চ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ। তৎসবিতুর্ব্বরেণ্যং, ভর্গোদেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।"

অনন্তর আচার্য্য মাণবক-পরিমিত বিল্ব বা পলাশদণ্ড মাণবককে দান করিয়া মন্ত্র পড়াইবেন যথা—"প্রজাপতির্ঋষিঃ পঙ্‌ক্তিশ্ছন্দো দণ্ডাগ্নী দেবতে উপনয়নে মাণবক-

দণ্ডার্পণে বিনিয়োগঃ। ওঁ সুশ্রবঃ সুশ্রবসং মা কুরু। যথাত্বমগ্নে সুশ্রবঃ সুশ্রবা দেবেষ্বেবমহং সুশ্রবঃ সুশ্রবা ব্রাহ্মণেষু ভূয়াসং।"

অনন্তর দণ্ডধারী ব্রহ্মচারী প্রথমতঃ মাতার নিকটে ভিক্ষা প্রার্থনা করিবে। "ওঁ ভবতি ভিক্ষাং দেহি"। মাতা ভিক্ষা প্রদান করিলে, গ্রহণ করিয়া "ওঁ স্বস্তি" বলিবে। পরে মাতৃবন্ধুগণের স্ত্রী পিতা এবং অন্যান্যের নিকটও ভিক্ষা গ্রহণ করিবে। পুরুষের নিকট ভিক্ষা গ্রহণে "ওঁ ভবন্ ভিক্ষাং দেহি" বলিবে এবং স্ত্রীজন-নিকটে "ওঁ ভবতি ভিক্ষাং দেহি" বলিবে। ভিক্ষালব্ধ সমস্ত দ্রব্য আচার্য্যকে প্রদান করিবে। পরে আচার্য্য ব্যস্ত-সমস্ত মহাব্যাহৃতি-হোমে (পৃঃ ১২) করিয়া প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত-সমিধ্ অগ্নিতে নিক্ষেপ করিবেন এবং সর্ব্বকর্ম্ম সাধারণ শাট্যায়ন-হোমাদিবামদেব্যগানান্ত-উদীচ্য-কর্ম্ম (পৃঃ ১৩) সমাপণ করিবেন।

অনন্তর [১] সন্ধ্যা সময়ে মাণবক সন্ধ্যা করিয়া, কুশণ্ডিকোক্ত বিধানে "অগ্নে ত্বং শিখিনামাসি" এইরূপে শিখিনামক অগ্নি স্থাপন করিয়া "ওঁ ইহৈবায় মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্॥" এই মন্ত্র পাঠ করত ভূমিতে জানু রাখিয়া, উদকাঞ্জলি-সেক (পৃঃ ১৫) করিবে। পরে বক্ষ্যমাণ-ক্রমে সমিধ্ হোম করিবে, যথা,—একটী ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া অপর একটি সমিধ্ লইয়া নিম্ন মন্ত্রে আহুতি দিবে, যথা—"প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা অগ্নৌ সমিদ্দানে বিনিয়োগঃ। ওঁ অগ্নয়ে সমিধমহার্ষং বৃহতে জাতবেদসে। যথা ত্বমগ্নে সমিধা সমিধ্যস্ত্বেব-মহমায়ুষা মেধয়া বর্চ্চসা প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন ধনেনান্নাদ্যেন সমেধিষীয় স্বাহা।" পরে আর একটী ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে দিয়া, কর্ম্মশেষোক্ত বিধানে অগ্নিপর্য্যুক্ষণ করিয়া দক্ষিণ, পশ্চিম ও উত্তর-ক্রমে উদকাঞ্জলি-সেক করিবে। তৎপরে ব্রহ্মচারী কৃতাঞ্জলি হইয়া "ওঁ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মাহং ভো অভিবাদয়ে" বলিয়া অভিবাদন করত "ওঁ ক্ষমস্ব" এই মন্ত্রে অগ্নির বিসর্জ্জন করিয়া সন্ধ্যা অতীত হইলে ভিক্ষালব্ধ অন্ন জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" বলিয়া একটু জলপান করিয়া মধ্যমা, অনামিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলী-গৃহীত অন্ন "ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা" বলিয়া পাঁচবার ভক্ষণ করিয়া পাঁচবারই আহুতিশেষ ভূমিতে নিক্ষেপ করিবে। ভোজন সমাপ্ত হইলে "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" বলিয়া এক গণ্ডূষ জল পান করত আচমন করিবে [২]।

১। যদি এই সময়েই সমাবর্ত্তন হয় তাহা হইলে সন্ধ্যা পর্য্যন্ত অপেক্ষা না করিয়া এই অগ্নিকেই সমিদাধান করিবে। আমরা পূর্ব্বেই কুশণ্ডিকায় অগ্নিপর্য্যুক্ষণাদি করিয়াছেন বলিয়া আর ঐ সকল কর্ম্ম করিতে হইবে না।

২। শিখি নামক বহ্নিস্থাপন হইতে বহ্নি বিসর্জ্জনান্ত কার্য্য সমাবর্ত্তন পর্য্যন্ত প্রত্যহ সায়ং ও প্রাতঃকালে করিবে এবং যাবজ্জীবন এই নিয়মে ভোজন করিবে।

অথ সাবিত্র চরু-হোম

উপনয়নের চতুর্থ দিবসে পিতা, পিতৃবৃত বা ব্রহ্মচারিবৃত অন্য আচার্য্য সমুদ্ভবনামক অগ্নি স্থাপন করিয়া ব্রহ্ম-স্থাপন পর্য্যন্ত কার্য্য করিয়া সেই অগ্নিতে চরুপাক করিবে। যথা—অগ্নির পশ্চিম দিকে কয়েকগাছা কুশ পূর্ব্বাগ্র করিয়া পাতিয়া তাহার উপর ধৌত বরুণ কাষ্ঠ নির্ম্মিত উদূখল মুষল ও বরুণ কাষ্ঠ নির্ম্মিত চমসের জলে প্রক্ষালিত বংশনির্ম্মিত কুলা রাখিয়া তাহাতে শরৎ পক্ক ধান্য বা যব বা চাউল স্থাপন করিয়া ঐ চাউলে জলের অভ্যুক্ষণ করত কিঞ্চিৎ ঐ ধান্য যব বা চাউল লইয়া "ওঁ সবিত্রে ত্বা জুষ্টা নির্ব্বপামি" বলিয়া উদূখলে রাখিবে, অমন্ত্রক আর দুইবার রাখিয়া মুষলের আঘাত করিয়া, সূর্পে প্রস্ফোটন করিবে, এইরূপ তিনবার করিয়া তণ্ডুলগুলি তিনবার ধৌত করিয়া চরুস্থালীতে উত্তরাগ্র কুশময় পবিত্র স্থাপন করিয়া উক্ত তণ্ডুল দুগ্ধ ও কিঞ্চিৎ জল দিয়া তাহার মধ্যে খদির পলাশ বা উড়ুম্বর নির্ম্মিত মেক্ষণ দ্বারা দক্ষিণাবর্ত্ত ঘুরাইয়া চরুপাক শেষ করিবে। পরে চরু-মধ্যে দুইবার ঘৃত-ধারা দিয়া পূর্ব্বাদি দিক্-চিহ্নিত করিয়া চরু অবতারণ করত অগ্নির উত্তর ভাগে কুশের উপরে স্থাপন করিবে; পরে উহার মধ্যে ঘৃতধারা দিবে। তৎপরে ভূমিজপাদি স্রুবসংস্কার পর্য্যন্ত কর্ম্ম সমাপনান্তে অগ্নির পশ্চিমস্থ অস্তরণকুশের উপরে প্রথমে ঘৃত পরে চরু স্থাপন করিয়া উদকাঞ্জলি সেক করিয়া বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা (৭ পৃঃ দেখ) সমাপনান্তে অমন্ত্রক প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত একটী সমিধ্ অগ্নিতে প্রক্ষেপ করিবে। পরে চরু-মধ্যে ঘৃত-স্রুব দিয়া মেক্ষণ দ্বারা একবার অন্নগ্রহণ করিয়া "ওঁ সবিত্রে স্বাহা" এই মন্ত্রে অগ্নিতে চরু আহুতি দিবে। পরে মেক্ষণ অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতিহোম (পৃঃ ১২) সমাপনান্তে অমন্ত্রক প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত একটী সমিধ্, অগ্নিতে নিক্ষেপপূর্ব্বক সর্ব্বকর্ম্ম-সাধারণ শাট্যায়ন-হোমাদি বামদেব্য-গানান্ত (পৃঃ ১৩) উদীচ্য কর্ম্ম সমাপন করিয়া আচার্য্যকে দক্ষিণা দিবে। যদি পিতাই আচার্য্য হন, তবে কর্ম্মকারয়িতৃ-ব্রাহ্মণকে দিবে।

অথ সমাবর্ত্তন।[১]

উপনয়নের পর গুরুগৃহে যথারীতি বেদাধ্যয়ন শেষ হইলে গুরুর অনুমতি লইয়া সমাবর্ত্তন করিতে হয়।

সমাবর্ত্তন দিনে পিতা অথবা পিতৃবৃত বা ব্রহ্মচারিবৃত আচার্য্য "অগ্নে ত্বং তেজোনা-

---

১। উপনয়নে "অধীহি ভোঃ সাবিত্রীং" বলিয়া যে বেদ অধ্যয়ন আরম্ভ হইয়াছিল, ঐ নিয়মে ব্রহ্মচর্য্য-সহকারে দ্বাদশ বৎসর গুরুগৃহে বাস করিয়া সমগ্র বেদ অধ্যয়ন করিতে হয়। পরে গুরুর কৃপায় পাঠ শেষ হইলে, যিনি গৃহস্থ-ধর্ম্ম প্রতিপালনেচ্ছু তিনি "সমাবর্ত্তন" অর্থাৎ সম্যক্ প্রকার আবর্ত্তন (ফিরিয়া আসা) করিয়া দার পরিগ্রহ করিবেন; "অতঃপরং সমাবৃত্তঃ কুর্য্যাদ্দারপরিগ্রহং" ইহাই সমাবর্ত্তনের তাৎপর্য্য। কিন্তু বর্ত্তমানকালের দুর্ব্বল অধিকারী আমরা—তাদৃশ নিয়মের অধিকার আমাদের নাই—তাই সমাবর্ত্তন ঐ ভাবে না হইলেও কার্য্যগুলি সম্পন্ন করিতে হইবে, এই জন্য বর্ত্তমানকালে উপনয়ন দিনেই সমাবর্ত্তন হইয়া থাকে।

মাসি" এইরূপ নামকরণ করিয়া বিরূপাক্ষজপান্ত সাধারণ কুশণ্ডিকা[১] (পৃঃ ৭) করত মাণবককে নিজের দক্ষিণে রাখিয়া প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম (পৃঃ ১২) করিবেন। পরে নিম্নলিখিত মন্ত্রে পাঁচবার ঘৃতাহুতি দিবেন। যথা—প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নে ব্রতপতে ব্রতমচারিষং, তত্তে প্রব্রবীমি, তদশকং, তেনারাৎস, মিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ১॥ প্রজাপতির্ঋষির্ব্বায়ুর্দ্দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো ব্রতপতে ব্রতমচারিষং' তত্তে প্রব্রবীমি, তদশকং, তেনারাৎস, মিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ২॥ প্রজাপতির্ঋষিঃ সূর্য্যোদেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য ব্রতপতে ব্রতমচারিষং তত্তে প্রব্রবীমি, তদশকং, তেনারাৎস, মিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ৩॥ প্রজাপতির্ঋষিশ্চন্দ্রো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র ব্রতপতে ব্রতমচারিষং, তত্তে প্রব্রবীমি, তদশকং তেনারাৎস-মিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ৪॥ প্রজাপতির্ঋষিরিন্দ্রো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্র ব্রতপতে ব্রতমচারিষং, তত্তে প্রব্রবীমি, তদশকং তেনারাৎ স-মিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ৫॥

পরে আচার্য্য উত্তরাগ্র কুশের উপর উত্তরমুখে বসিবেন। ব্রহ্মচারী আচার্য্যের পশ্চিমোত্তর কোণে উত্তরাগ্র কুশোপরি পূর্ব্বমুখে বসিবে। অনন্তর আচার্য্যকর্ত্তৃক আদিষ্ট ব্রহ্মচারী যব, ধান্য, মুদ্গ প্রভৃতি ওষধি-যুক্ত চন্দনাদিদ্বারা সুগন্ধীকৃত পাত্রান্তরস্থিত শীতল ও উষ্ণ মিশ্রিত জলদ্বারা অঞ্জলিপূর্ণ করিয়া নিম্নলিখিতমন্ত্রে অঞ্জলিস্থ জল ভূমিতে নিক্ষেপ করিবে, যথা,—"প্রজাপতির্ঋষিরগ্নয়ো দেবতাঃ সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলি-ত্যাগে বিনিয়োগঃ। ওঁ যেঽপ্স্বন্তরগ্নয়ঃ প্রবিষ্টা, গোহ্য উপগোহ্যো ময়ূকো মনোহাঃ খলো বিরুজস্তনূদূষিরিন্দ্রিয়হা অতি তান্‌ৎসৃজামি॥" পূর্ব্ববৎ জলাঞ্জলি লইয়া ভূমিতে ত্যাগ করিবে। মন্ত্র যথা,—"প্রজাপতির্ঋষির্ব্বৃহতীচ্ছন্দোঽপাং ঘোরক্রূরাশান্তরূপাণি দেবতাঃ সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলি-ত্যাগে বিনিয়োগঃ। ওঁ যদপাং ঘোরং, যদপাং ক্রূরং, যদপামশান্তমতিতৎ সৃজামি॥" পরে ব্রহ্মচারী পুনর্ব্বার জলাঞ্জলি আপন মস্তকে দিবে। মন্ত্র যথা.—প্রজাপতির্ঋষি রোচনোঽগ্নির্দ্দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ যো রোচনস্তমিহ গৃহ্ণামি তেনাহং মামভিষিঞ্চামি।" পুনরপি ঐরূপ করিয়া অঞ্জলিপূরণ ও নিম্নলিখিত মন্ত্রে নিজকে অভিষিক্ত করিবে—"প্রজাপতির্ঋষিরোচনোঽগ্নির্দ্দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ যশসে তেজসে ব্রহ্মবর্চ্চসায় বলায় ইন্দ্রিয়ায় বীর্য্যায় অন্নাদ্যায় রায়স্পোষায় ত্বিষ্ট্যৈ

১। একদিকে চূড়া, উপনয়ন, সাবিত্র-চরুহোম, সমাবর্ত্তন-স্থলে একবার মাত্র বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা করিয়া তত্তৎ কার্য্যে বিহিত অগ্নির নামকরণ করত প্রকৃত কর্ম্মের হোমাদি করিবেন এবং উদীচ্য কর্ম্মও সকল কার্য্যের শেষে একবার মাত্র করিলেই হইবে।

অপচিত্যৈ ॥" পুনরপি অঞ্জলিপূর্ণ জল গ্রহণ করিয়া নিম্নলিখিতমন্ত্রে ঐরূপ নিজকে অভিষিক্ত করিবে। যথা,—"প্রজাপতির্ঋষিঃ ষড়ষ্টকা মহাপংক্তিশ্ছন্দো হশ্বিনৌ দেবতে সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যদকাঞ্জলি-সেকে বিনিয়োগঃ। ওঁ যেন স্ত্রিয়মকৃণুতং, যেনাপামৃষতং সুরাং। যেনাক্ষানভ্যষিঞ্চতং, যেনেমাং পৃথিবীং মহীং। যদ্‌বাং তদশ্বিনা যশস্তেন মামভিষিঞ্চতং॥" পুনশ্চ পূর্ব্ববৎ জলাঞ্জলি লইয়া অমন্ত্রক আপনাকে অভিষিক্ত করিবে। অতঃপর ব্রহ্মচারী সূর্য্যের দিকে দাঁড়াইয়া নিম্নলিখিত চারিটি মন্ত্র দ্বারা সূর্য্যোপস্থান করিবে। যথা,—"প্রজাপতির্ঋষিরাদিত্যো দেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্টিভিরিন্দ্রোমরুদ্ভিরস্থাৎ, প্রাতর্যাবভিরস্থাৎ। দশসনিরসি, দশসনিং মা কুর্ব্বাত্বাবিশাম্যামাবিশ ॥ ১ ॥ প্রজাপতির্ঋষিরাদিত্যো দেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্টিভিরিন্দ্রোমরুদ্ভিরস্থাৎ, সান্তপনেভিরস্থাৎ। শতসনিরসি, শতসনিং মা কুর্ব্বাত্বাবিশাম্যামবিশ ॥ ২ ॥ প্রজাপতির্ঋষিরাদিত্যো দেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্টিভিরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ, সায়ং যাবভিরস্থাৎ। সহস্রসনিরসি, সহস্রসনিং মা কুর্ব্বাত্বাবিশাম্যামবিশ। ৩ ॥ প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ আদিত্যোদেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ॥ ওঁ চক্ষুরসি চক্ষুষ্টম, স্তবমে পাপ্মানং জহি। সোমস্ত্বা রাজা অবতু, নমস্তেঽস্তু মা মাং হিংসীঃ। ৪ ॥" অনন্তর ব্রহ্মচারী নিম্নমন্ত্র পাঠ করত দেহের নিম্ন-দেশ দিয়া মেখলা মোচন করিবে। মন্ত্র যথা—"শুনঃশেপঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বরুণো দেবতা মেখলামোচনে বিনিয়োগঃ॥ ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদবাধমং বিমধ্যমং শ্রথায়। অথাদিত্যব্রতে বয়ং, তবানাগসো অদিতয়ে স্যাম।"

তৎপরে আচার্য্য বিল্বদণ্ড অগ্নিতে নিক্ষেপ করিয়া মহাব্যাহৃতি হোম (পৃঃ ১২) করিয়া প্রাদেশপ্রমাণ একটি ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে আহুতি দিয়া শাট্যায়নহোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম (পৃঃ ১৩) শেষ করিবেন।

[১] তৎপরে স্নাতক বস্ত্রদ্বয় ও অলঙ্কারে ভূষিত হইয়া নিম্ন-মন্ত্রে যজ্ঞোপবীতদ্বয় ধারণ করত কৃষ্ণসার-যুক্ত যজ্ঞোপবীত ত্যাগ করিবে এবং কালান্তরে যজ্ঞোপবীত ছিন্ন হইলে জলে নিক্ষেপ করিয়া এই মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া নূতন যজ্ঞোপবীত ধারণ করিবে। মন্ত্র যথা—"প্রজাপতির্ঋষির্যজ্ঞোপবীতং দেবতা সমাবর্ত্তনে যজ্ঞোপবীতদ্বয়-পরিধানে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বা যজ্ঞোপবীতেনোপনহ্যামি।"

পরে মস্তকে মাল্য বন্ধন করিবে। মন্ত্র যথা—"প্রজাপতির্ঋষিঃ শ্রীর্দ্দেবতা স্রগ্বন্ধনে বিনিয়োগঃ। ওঁ শ্রীরসি ময়ি রমস্ব।" পরে নিম্ন-মন্ত্রে চর্ম্মপাদুকাযুগল পরিধান করিবে। যথা—"প্রজাপতির্ঋষিরুপানহৌ দেবতে উপানৎপরিধানে বিনিয়োগঃ। ওঁ নেত্র্যৌ

১। এখন হইতে ইহার নাম স্নাতক হইল ব্রহ্মচারী নহে। এই সময় মুণ্ডন ও স্নান করিতে হয়। কিন্তু একদিন চূড়াকরণ হইতে সমাবর্ত্তন পর্য্যন্ত হইলে আর পুনর্মুণ্ডনের প্রয়োজন নাই।

স্থো নয়তং মাং।” অনন্তর স্বপ্রমাণ বংশদণ্ড লইয়া স্নাতক এই মন্ত্র পড়িবে,—“প্রজাপতির্ঋষির্দ্দণ্ডো দেবতা দণ্ডগ্রহণে বিনিয়োগঃ। ওঁ গন্ধর্ব্বোহস্যুপাব উপমামব।” এই সময় কৃষ্ণসারাজিন-যুক্ত যজ্ঞোপবীত ও মেখলা উক্ত দণ্ডের অগ্রে স্থাপন পূর্ব্বক স্নাতক আচার্য্যের নিকট যাইয়া পরিষৎসহিত আচার্য্যকে দর্শন করিয়া পরবর্ত্তী মন্ত্র পড়িবে, যথা—“প্রজাপতির্ঋষিরাচার্য্যপরিষদৌ দেবতে আচার্য্যপরিষদ্বীক্ষণে বিনিয়োগঃ। ওঁ যক্ষমিব চক্ষুষঃ প্রিয়ো বোভূয়াসং” ॥ অনন্তর স্নাতক দক্ষিণ হস্তের অঙ্গুলীদ্বারা স্বীয় মুখ ঢাকিয়া মুখবায়ুস্পর্শ করত মন্ত্র পড়িবে, যথা—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দো জিহ্বা দেবতা মুখ-প্রাণ-স্পর্শনে বিনিয়োগঃ। ওঁ ওষ্ঠা পিধানা নকুলী, দন্তপরিমিতঃ পবিঃ। জিহ্বেলো বাচং চারুমাস্থেহ বাদয় ॥” পরে আচার্য্য গন্ধ ও পুষ্প দ্বারা স্নাতককে পূজা করিবেন। পরে স্নাতক রথের চক্র বা কূবর নামক অঙ্গ স্পর্শ করিয়া (মনে মনে চিন্তা করিয়া) “প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো রথো দেবতা রথারোহণে বিনিয়োগঃ। ওঁ বনস্পতে বীড্বঙ্গো হি ভূয়া অস্মৎসখা প্রতরণঃ সুবীরো গোভিঃ সন্নদ্ধোসি বীড়য়স্ব।” এই ৩ পাদ মন্ত্রে রথে আরোহণ (মনে মনে চিন্তা করিয়া) “প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো রথো দেবতা রথোপবেশনে বিনিয়োগঃ ॥ ওঁ আস্থাতা তে জয়তু জেত্বানি।” এই চতুর্থপাদ মন্ত্রে রথে উপবেশন (চিন্তা) করিবে। পরে আচার্য্য গন্ধপুষ্প দ্বারা স্নাতককে পূজা করিবে।

যদি পিতা আচার্য্য হন তবে কর্ম্মকারয়িতৃব্রাহ্মণকে দক্ষিণা দিবেন। যদি অন্য আচার্য্য হন তবে যিনি বরণ করিয়াছেন তিনি তাঁহাকে দক্ষিণা দিবেন। পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবেন।

অথ শালা-কর্ম্ম

নূতন-গৃহ-প্রবেশ-দিনে গৃহপতি নিত্যকৃত্য সমাধা করিয়া বৃদ্ধিশ্রাদ্ধ শেষ করত কুশণ্ডিকোক্ত বিধান অনুসারে “অগ্নে ত্বং শুভনামাসি” এইরূপে অগ্নির নামকরণ আবাহন ও পূজা করিয়া ব্রহ্মস্থাপনপর্য্যন্ত সাধারণ-কুশণ্ডিকা করিবেন, পরে বক্ষ্যমাণ নিয়মে চরু-পাক করিতে হয়। যথা—চরু-পাকের নিমিত্ত কুলার উপরে চাউল রাখিবে, পরে ঐ চাউল তিনবার ধৌত করিবে। মন্ত্র যথা—“ওঁ বাস্তোস্পতয়ে ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। ১ ॥ ওঁ ইন্দ্রায় ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। ২ ॥ ওঁ ভূ স্ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। ৩ ॥ ওঁ ভূব স্ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। ৪ ॥ ওঁ স্ব স্ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। ৫ ॥ ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। ৬ ॥” পরে উল্লিখিত ছয়টি মন্ত্রের প্রত্যেক মন্ত্রে এক একবার উক্ত প্রক্ষালিত তণ্ডুল কাংস্যপাত্রে অথবা চরুস্থালীতে লইয়া উদূখলে স্থাপন করিবেন, ঐরূপ মন্ত্র ব্যতিরেকে আরো দুইবার গ্রহণ ও স্থাপন করিবেন।

অতঃপর মুসল-দ্বারা আঘাত করিয়া কুলা দ্বারা তিনবার ঝাড়িবেন। পরে উহা তিনবার ধৌত করিয়া আমন্ত্রক চরুস্থালীতে উত্তরাগ্র একটী পবিত্র স্থাপন করিয়া

তদুপরি ঐ প্রক্ষালিত তণ্ডুল ও দুগ্ধ নিক্ষেপ করত চরুপাক করিবেন। পরে চরু-মধ্যে ঘৃতধারা দিয়া নামাইয়া অগ্নির উত্তর পাশে কুশের উপর স্থাপন করত পুনর্ব্বার উহাতে ঘৃতধারা দিবেন।

অনন্তর ভূমিজপাদি (পৃঃ ৮) স্রুবসংস্কার পর্য্যন্ত কর্ম্ম সমাধান করিয়া অগ্নির পশ্চিম-দিকস্থ আস্তরণ কুশের উপর প্রথমতঃ ঘৃত পরে চরু স্থাপন করিয়া উদকাঞ্জলি-সেকাদি বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা সম্পন্ন করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত একটী সমিধ্ অমন্ত্রক অগ্নিতে আহুতি দিবেন।

অনন্তর চরু মধ্যে ঘৃতধারা দিয়া মেক্ষণ দ্বারা ঘৃত গ্রহণ করিয়া নিম্নলিখিতমন্ত্রে হোম করিবেন। যথা—"বশিষ্ঠঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো বাস্তোস্পতির্দ্দেবতা নব-গৃহ-প্রবেশে চরুহোমে বিনিয়োগঃ। ওঁ বাস্তোস্পতে প্রতিজানীহ্যস্মান্ স্ববেশোঽনমীরো ভবান্ যত্তে মহে প্রতিতন্নো জুষস্ব শন্নো ভব দ্বিপদে শং চতুষ্পদে স্বাহা। ১॥ মহাবামদেব-ঋষির্গায়ত্রীছন্দ ইন্দ্রো দেবতা নবগৃহপ্রবেশে পায়স-চরু-হোমে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভূব দূতী সদাবৃধঃ সখা কয়া সচিষ্ঠয়া বৃতা স্বাহা। ২॥ মহাবামদেবঋষির্গায়ত্রীছন্দ ইন্দ্রো দেবতা নব-গৃহ-প্রবেশে পায়স-চরু-হোমে বিনিয়োগঃ। ওঁ কস্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎ সদন্ধসঃ দৃঢ়াচিদারুজে বসু স্বাহা। ৩॥ মহাবামদেবঋষির্গায়ত্রীছন্দ ইন্দ্রো দেবতা নব-গৃহ-প্রবেশে পায়সচরুহোমে বিনিয়োগঃ। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিত ণাং শতম্ভবাস্যূতয়ে স্বাহা। ৪॥ প্রজাপতিঋষির্গায়ত্রীছন্দ ইন্দ্রোদেবতা নব-গৃহ-প্রবেশে পায়স-চরুহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। ৫॥ প্রজাপতিঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা নব-গৃহ-প্রবেশে পায়স-চরুহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। ৬॥ প্রজাপতি-ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোদেবতা নব-গৃহ-প্রবেশে পায়স-চরুহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। ৭॥ প্রজাপতিঋষিরনুষ্টুপ্ ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা নব-গৃহ-প্রবেশে পায়স-চরুহোমে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতয়ে স্বাহা। ৮॥ পরে নবগ্রহ হোম করিবেন। যথা—"ওঁ সূর্য্যায় স্বাহা, ওঁ সোমায় স্বাহা, ওঁ মঙ্গলায় স্বাহা, ওঁ বুধায় স্বাহা, ওঁ বৃহস্পতয়ে স্বাহা, ওঁ শুক্রায় স্বাহা, ওঁ শনৈশ্চরায় স্বাহা, ওঁ রাহবে স্বাহা, ওঁ কেতুভ্যঃ স্বাহা।"

অনন্তর অন্যপাত্রে চরু লইয়া দশদিক্‌পালের উদ্দেশ্যে বলি প্রদান করিবেন। যথা—পূর্ব্বদিকে—"এষ পায়দবলিঃ ওঁ ইন্দ্রায় নমঃ।" এইরূপে অগ্নিকোণে "ওঁ অগ্নয়ে নমঃ।" দক্ষিণদিকে—ওঁ যমায় নমঃ।" নৈঋতকোণে—"ওঁ নৈঋতায় নমঃ"। পশ্চিমদিকে—"ওঁ বরুণায় নমঃ"। বায়ুকোণে—"ওঁ বায়বে নমঃ।" উত্তরদিকে—"ওঁ কুবেরায় নমঃ।" ঈশানকোণে—ওঁ ঈশানায় নমঃ।" উর্দ্ধে—"ওঁ ব্রহ্মণে নমঃ।" অধোদিকে—ওঁ অনন্তায় নমঃ।" পরে পূর্ব্ববৎ মহাব্যাহৃতিহোম (পৃঃ ১২) করিয়া প্রাদেশপ্রমাণ ঘৃতম্রক্ষিত অমন্ত্রক সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া উদীচ্যকর্ম্ম (পৃঃ ১৩) সমাপন করিয়া দক্ষিণান্ত করিবেন।

অথ যজুর্ব্বেদীয়-বিবাহ

স্মৃতি ও জ্যোতিঃ-শাস্ত্রোক্ত শুভদিনে বরের ও কন্যার পিতা নিত্যকৃত্য শেষ করত গৌর্য্যাদি ষোড়শ মাতৃকাপূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ সমাপ্ত করিবেন। পরে বিবাহ-লগ্ন উপস্থিত হইলে বর ও কন্যাদাতা স্ব স্ব আসনে উপবেশন করিবেন; পরে উভয়ে আচমন করিবেন। গণেশাদি দেবতাকে গন্ধপুষ্প দিয়া স্বস্তিবাচন করিবেন। তৎপরে সম্প্রদাতা জামাতৃবরণার্থ কৃতাঞ্জলিপুটে বলিবেন। যথা,—ওঁ সাধু ভবানাস্তাং।" জামাতা "ওঁ সাধ্বহমাসে।" সম্প্রদাতা "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং।" জামাতা—"ওঁ অর্চ্চয়।" অতঃপর সম্প্রদাতা "এতানি গন্ধপুষ্পবস্ত্রাদীনি ওঁ নমঃ" বলিয়া জামাতার হস্তে নব-বস্ত্র গন্ধ পুষ্প ও যজ্ঞোপবীতাদি প্রদান করিবেন। বর"ওঁ স্বস্তি" বলিবেন (এই সময় জামাতা ঐ বস্ত্রাদি পরিধান করিবেন।) অনন্তর সম্প্রদাতা দক্ষিণ-হস্তে দূর্ব্বা ও আতপ তণ্ডুল দ্বারা জামাতার দক্ষিণ জানু ধারণ করত পাঠ করিবেন। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুক-দেবশর্ম্মণঃ পুত্রং, অমুকগোত্রং অমুকপ্রবরং শ্রীঅমুকদেবশর্ম্মণং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণং প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং[1] কন্যাং শুভবিবাহেন (শুভবিবাহায়) দাতুমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য বরত্বেন ভবন্তমহং বৃণে।"

জামাতা—"ওঁ বৃতোঽস্মি। সম্প্রদাতা—"ওঁ যথাবিহিতং বিবাহকর্ম্ম কুরু।" জামাতা—ওঁ যথাজ্ঞানং করবাণি।"

এই সময়ে স্ত্রী-আচার করিতে হয়, পরে বর ও কন্যাকে বিবাহস্থানে আনিয়া কন্যাকে পশ্চিমমুখে (দেশভেদে উত্তর মুখে) বিচিত্র-আসনে বসাইবেন, বরও বিচিত্র-পীঠে পূর্ব্বমুখে বসিবে। পরে সম্প্রদাতা উত্তরাগ্র কুশনির্ম্মিতবিষ্টর লইয়া জামাতার হস্তে দিবেন। মন্ত্র যথা—"ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং।" "ওঁ বিষ্টরং প্রতিগৃহ্ণামি" বলিয়া জামাতা বিষ্টর গ্রহণ করত "ওঁ বর্ষ্মোঽস্মি সমানানামুদ্যতামিব সূর্য্যঃ। ইমন্তমভিতিষ্ঠামি যো মা কশ্চাভিদাসতি।" এই মন্ত্র পাঠ করিয়া বিষ্টর নিজের দক্ষিণ পদের নীচে পাতিয়া দিবেন এবং সম্প্রদাতা অপর একটি বিষ্টর গ্রহণ করিয়া পূর্ব্বমন্ত্রে বরের হস্তে প্রদান করিলে, জামাতা পূর্ব্বমন্ত্রে গ্রহণ করিয়া বামপদের নীচে রাখিবেন। তৎপরে সম্প্রদাতা পাদ্য গ্রহণপূর্ব্ব "ওঁ পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাং" বলিয়া, জামাতাকে পাদ্য গ্রহণ করিবেন। জামাতা "ওঁ পাদ্যং প্রতিগৃহ্ণামি" বলিয়া, পাদ্য গ্রহণ করত তাহা ভূমিতে রাখিয়া একটু জল অঙ্গুলিতে লইয়া "ওঁ বিরাজো

দোহোঽসি বিরাজো দোহ-মসীয় ময়ি পাদ্যায়ৈ বিরাজো দোহঃ।" এই মন্ত্র পাঠ করিয়া দক্ষিণ-পাদে দিবেন।[১] দাতা পুনর্ব্বার উক্ত মন্ত্রে পাদ্য দান করিবেন এবং জামাতা পূর্ব্ব মন্ত্রে গ্রহণ করিয়া পূর্ব্ববৎ বামপাদে পাদ্য দান করিবেন।[২]

অনন্তর কন্যাদাতা অর্ঘ গ্রহণ করত—"ওঁ অর্ঘোঽর্ঘোঽর্ঘঃ প্রতিগৃহ্যতাং!" এই বলিয়া জামাতার হস্তে দিবেন। পরে জামাতা "ওঁ প্রতিগৃহ্লামি" বলিয়া, অর্ঘ গ্রহণ করত "ওঁ আপঃ স্থ যুষ্মাভিঃ সর্ব্বান্ কামানবাপ্নবানি" এই মন্ত্রে মস্তকোপরি অর্ঘ দিয়া সেই অর্ঘজল ত্যাগ করত মন্ত্রপাঠ করিবেন। যথা—"ওঁ সমুদ্রং বা প্রহিণোমি স্বাং যোনিমভিগচ্ছত। অরিষ্টা অস্মাকং বীরা মা পরাসেচি মৎপয়ঃ। পরে দাতা আচমনীয় জল লইয়া "ওঁ আচমনীয়মাচমনীয়মাচমনীয়ং প্রতিগৃহ্যতাং।" এই মন্ত্রে বরের হস্তে আচমনীয় জল দিলে, জামাতা "ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্লামি" বলিয়া, আচমনীয় গ্রহণপূর্ব্বক মন্ত্রপাঠ করিয়া আচমন করিবেন, যথা—

"ওঁ আ মা গন্ যশসা সংসৃজ বর্চ্চসা তং মা কুরু। প্রিয়ং প্রজানামধিপতিং পশূনা-মরিষ্টং তনূনাম্।"

অতঃপর কন্যাদাতা কাংস্যপাত্রস্থিত মধুপর্ক নিম্ন বাক্যে বরের হস্তে প্রদান করিবেন, যথা—

"ওঁ মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাং।" জামাতা—"ওঁ মধুপর্কং প্রতিগৃহ্লামি" বলিয়া মধুপর্ক লইয়া—"ওঁ মিত্রস্য ত্বা চক্ষুসা প্রতীক্ষে।" বলিয়া মধুপর্ক দর্শন করিয়া,—"ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে।" এই বলিয়া মধুপর্ক বামহস্তে লইয়া দক্ষিণহস্তের অনামিকাদ্বারা উহা আলোড়ন করিবেন। মন্ত্র যথা,—"ওঁ নমস্যা বাশ্যায়ান্নশনে যৎ ত আবিদ্ধং তত্তে নিষ্কৃন্তামি।" অতঃপর দক্ষিণ অনামিকা ও অঙ্গুষ্ঠাদ্বারা তিনবার অমন্ত্রক ভূমিতে কিঞ্চিৎ ত্যাগ করিয়া—"ওঁ যন্মধুনো মধব্যং পরমং রূপমন্নাদ্যং, তেনাহং মধুনোমধব্যেন পরমেণ রূপেণান্নাদ্যেন পরমো মধব্যো-ঽন্নাদোঽসানি।" এই মন্ত্র পাঠ করিয়া ভূমিতে রাখিয়া বাম কনিষ্ঠাদ্বারা তিনবার ঘ্রাণ লইবেন। পরে বর আচমন করিয়া নিম্নলিখিত মন্ত্রে অঙ্গসমূহ স্পর্শ করিবেন। যথা—"ওঁ বাঙ্ম আস্যেঽস্তু" বলিয়া মুখ। "ওঁ নসোর্মে প্রাণোঽস্তু"—নাসিকা "ওঁ অক্ষোর্মে চক্ষুরস্তু"—চক্ষুর্দ্বয়। "ওঁ কর্ণয়োর্মে শ্রোত্রমস্তু"—কর্ণদ্বয়। "ওঁ বাহ্বোর্মে বলমস্তু"—বাহুদ্বয়। "ওঁ উর্ব্বোর্মে ওজোঽস্তু"—উরুদ্বয়। "ওঁ অরিষ্টানি মেঽঙ্গানি, তনূস্তন্বা মেসহ সন্তু" বলিয়া মস্তকাদি পাদ পর্য্যন্ত স্পর্শ করিবেন। এই সময়ে কন্যাদাতা একটী গো স্থাপন করিবেন। অতঃপর নাপিত "গৌ র্গৌ গৌঃ" বলিলে জামাতা নিম্নমন্ত্রে গোমোচন করিবেন, যথা—"ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসাদিত্যানামমৃতস্য

১। শূদ্র বামপাদে দিবে।

২। শূদ্র দক্ষিণপাদে দিবে।

নাভিঃ। প্র মু বোচং চিকিতুষে জনায়, মা. গামনাগামদিতিং বধিষ্ট। মম চামুষ্য চ পাপ্মা হত। ওঁ উৎসৃজত তৃণান্যত্তু।" অমুষ্যস্থলে কন্যাদাতার নাম নির্দ্দেশ করিবেন।

এই সময়ে ১ বর স্থণ্ডিল করিয়া কুশণ্ডিকোক্ত-বিধানে যোজকনামক অগ্নি স্থাপন করিয়া তাহার ধ্যান, আবাহন ও অর্চ্চনা করিবেন। পরে জামাতা কন্যাকে বস্ত্র পরিধান করাইবেন। মন্ত্র যথা—

"ওঁ জরাং গচ্ছ পরিধৎস্ব বাসো ভবাকৃষ্টীনামভিশস্তি পাবা। শতঞ্চ জীব শরদঃ সুবর্চ্চা রয়িঞ্চ পুত্রানমুসংব্যয়স্বায়ুষ্মতীদং পরিধৎস্ব বাসঃ।" অনন্তর নিম্নমন্ত্রে কন্যাকে উত্তরীয় পরাইবে, মন্ত্র যথা—"ওঁ যা অকৃন্তন্নবয়ন্ যা অতন্বত যাশ্চ দেবীস্তন্তূনভিতোঽততন্থে। তাস্ত্বা দেবীর্জ্জরসে সংব্যয়স্বায়ুষ্মতীদং পরিধৎস্ব বাসঃ।

পরে কন্যাদাতা কন্যাকে পশ্চিমাভিমুখে বসাইয়া কন্যা ও বর উভয়ের পরস্পর মুখাবলোকন করাইয়া কন্যা ও বরকে বলিবেন "ওঁ সমী ভবেথাম্"। মুখাবলোকন হইলে বর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—

"ওঁ সমঞ্জন্তু বিশ্বেদেবা সমাপো হৃদয়ানি নৌ। সম্মাতরিশ্বা সন্ধাতা সমুদেষ্ট্রী দদাতু নৌ।" অনন্তর কুশদ্বারা বর ও কন্যার দক্ষিণ হস্তদ্বয় বন্ধন করিয়া "ওঁ এতস্যৈ সবস্ত্রাচ্ছাদনালঙ্কারায়ৈ কন্যায়ৈ নমঃ। বলিয়া তিনবার অর্চ্চনা করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে প্রজাপতয়ে নমঃ" "এতে গন্ধপুষ্পে ওঁ এতৎ সম্প্রদানায় বরায় নমঃ" বলিয়া গন্ধপুষ্প দিবেন॥ পরে বরকন্যাকে প্রোক্ষণপূর্ব্বক তিল, কুশ ও জল গ্রহণ করত নিম্নোক্ত সম্প্রদান-বাক্য পাঠ করিবেন যথা,—

"বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ২ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং কন্যাং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ

১। যেদেশে রাত্রিতেই অগ্নিস্থাপন করিয়া সম্প্রদানের ব্যবহার আছে, সেই দেশে উল্লিখিত ক্রমে বহ্নিস্থাপন করিয়া সম্প্রদান করিবে। যাঁহাদের পরদিনে কুশণ্ডিকা হয়, তাঁহারা সম্প্রদান শেষ করিয়া বর কন্যাকে ঘরে লইয়া যাইবেন ও পরদিন কুশণ্ডিকা করিবেন।

২। অন্য কামনা থাকিলে তাহা উল্লেখ করিবেন।

প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং কন্যাং, অমুক-গোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুক-দেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায় তুভ্যং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুক-গোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকী দেবীং অর্চ্চিতাং এনাং কন্যাং সালঙ্কারাং সবস্ত্রাচ্ছাদনাং প্রজাপতিদেবতাকামহং সম্প্রদদে।"

এই মন্ত্রে বরের হস্তে জল দিবেন, বর "ওঁ স্বস্তি" বলিয়া গায়ত্রীপাঠ করিবেন। তৎপরে দাতা—"ওঁ কন্যেয়ং প্রজাপতিদেবতাকা।" এই কথা বলিলে বর কামস্তুতি পাঠ করিবেন। যথা,—

ওঁ কোঽদাৎ কস্মাঅদাৎ কামোঽদাৎ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা কামৈতত্তে তব কাম সতা ভুঞ্জামহৈ। ওঁ দ্যৌস্ত্বা দদাতু পৃথিবী ত্বা প্রতিগৃহ্লাতু।"

অতঃপর অন্য কোন ব্রাহ্মণ গায়ত্রীপাঠপূর্ব্বক হস্তলেপদ্রব্য দ্বারা বধূ ও বর উভয়ের হস্তে লেপ প্রদান করিবেন।[১]

অতঃপর দক্ষিণা দিবেন। দক্ষিণাদ্রব্যের অর্চ্চনা করিয়া বাক্য করিবেন। যথা—

"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎকন্যা-সম্প্রদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (তন্মূল্যং বা) শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায় তুভ্যমহং সম্প্রদদে।" পরে বর দক্ষিণা গ্রহণ করিয়া "ওঁ স্বস্তি" বলিবেন। এই সময়ে কন্যাদাতা জামাতাকে যথাশক্তি ভূমি, শয্যা প্রভৃতি যৌতুকদ্রব্য দান করিবেন। অনন্তর কন্যাদাতা গায়ত্রী-পাঠপূর্ব্বক বরকন্যার পরস্পর উত্তরীয়-বস্ত্রদ্বারা ক্রোড়াঞ্চলে গ্রন্থিবন্ধন করিবেন এবং অন্য কোন ব্রাহ্মণ গায়ত্রী-পাঠ করিয়া বর কন্যার হস্ত-বন্ধন খুলিয়া দিবেন। ইতি যজুর্ব্বেদীয় বিবাহ।

অথ-যজুর্ব্বেদীয়-সাধারণ-কুশণ্ডিকা

প্রথমে হস্তপ্রমাণ স্থণ্ডিল কুশদ্বারা তিনবার মার্জ্জনা করিয়া গোময় দ্বারা লেপন করিবেন। পরে কুশদ্বারা পূর্ব্বাগ্র প্রাদেশ প্রমাণ তিনটি রেখা করিবেন। তৎপরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা রেখা-মৃত্তিকা তিনবার উত্তোলন ও ঈশানকোণে নিক্ষেপ করিয়া

১। একমাষা পরিমিত বলা, ময়ূরশিখা, অপরাজিতা, শুল্ফা ত্রিপুরমালীপুষ্প, যক্ষধূপ, মোম, কুঙ্কুম, চন্দন, কুঁচ, কর্পূর, মদনকোষ, মধুপুষ্প, কাকোলীলতা, কস্তূরী, জায়ফল, ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, মেদ, মহামেদ, জীবক, বাসক ও ঘৃত দ্বারা বর কন্যার হস্তদ্বয়ে লেপ প্রদান করিয়া, উভয়ের হস্ত একত্র করত কুশবেণী দ্বারা বন্ধন করিবেন।

অভ্যুক্ষণ করিবেন। অনন্তর নিজের দক্ষিণ ভাগে কাংস্যপাত্রস্থিত বা নবসরাবস্থিত অগ্নি গ্রহণ করিয়া জলন্ত কাষ্ঠ হইতে একখানি কাষ্ঠ দক্ষিণদিকে নিক্ষেপ করিবেন। মন্ত্র যথা—

"ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ।"

পরে স্থণ্ডিলের মধ্যরেখার উপর অগ্নিস্থাপন করিবেন, মন্ত্র যথা—

"ওঁ ইহৈবায়মিতরোজাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্।"

পরে নিম্নমন্ত্রে অগ্নির ধ্যান করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। ধ্যান যথা—

"ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চিঃ শক্তিধারকঃ।" অনন্তর ব্রহ্মবরণ করিবেন, যথা—

"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুককর্ম্মাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক-দেবশর্ম্মাণং ভবন্তমহং বৃণে।" ব্রহ্মা "ওঁ বৃতোস্মি"। কর্ত্তা—"ওঁ যথাবিহিতং ব্রহ্মকর্ম্ম কুরু"। ব্রহ্মা—"ওঁ যথাজ্ঞানং করবাণি।

(কুশময় ব্রাহ্মণপক্ষে বরণ করিতে হয় না) পরে অগ্নির দক্ষিণ দিকে অরত্নি পরিমিত দূরে পূর্ব্বাগ্র আস্তৃতকুশে "ব্রহ্মন্ ইহোপবিশ্যতাং" বলিয়া ব্রাহ্মণকে বসাইয়া কুশ ও পুষ্প দ্বারা পূজা করিবেন। ব্রহ্মা 'ওঁ অহে দৈধিষব্যোদতস্তিষ্ঠান্যস্য সদনে সীদ যোঽস্মৎ পাকতরঃ' এই মন্ত্রে অগ্নি প্রদক্ষিণ করিয়া দক্ষিণ দিকে গিয়া ব্রহ্মার স্থান দর্শন করিবেন। বামহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠদ্বারা তাহা হইতে একটী কুশ গ্রহণ করিয়া 'ওঁ নিরস্তঃ পাপ্মা সহ তেন বয়ং দ্বিষ্মঃ' মন্ত্রে নৈঋত কোণে নিক্ষেপ করিয়া 'ওঁ ইদমহং বৃহস্পতেঃ সদসি সীদামি প্রসূতো দেবেন সবিত্রা তদগ্নয়ে প্রব্রবীমি তদ্ বায়বে তৎপৃথিব্যৈ'। মন্ত্রে অগ্নি অভিমুখে বসিবেন কুশাদি ব্রহ্মাপক্ষে স্বয়ং মন্ত্রপাঠ করিবেন ও কুশব্রাহ্মণকে উক্ত আসনে পূর্ব্বাগ্র করিয়া স্থাপন করিবেন পরে অগ্নির উত্তর ভাগে পূর্ব্বাগ্র কুশের উপর কুশাচ্ছাদিত করিয়া জলপূর্ণ প্রণীতাপাত্র স্থাপন করিয়া প্রদেশ প্রমাণ সাগ্র কুশদ্বারা অগ্নির ঈশানকোণ হইতে দক্ষিণাবর্ত্তে অগ্নি আস্তৃত করিয়া অগ্নির উত্তরে দক্ষিণদিক্ হইতে যথাক্রমে প্রয়োজনীয় দ্রব্য সকল আসাদন করিবেন। যথা—পবিত্রচ্ছেদনার্থ কুশপত্রত্রয়, পবিত্রার্থ সাগ্র কুশপত্রদ্বয়, প্রোক্ষণীপাত্র, আজ্যস্থালী, (যে স্থলে চরুহোম থাকে, সে স্থলে চরুস্থালী, উদূখল মুষলাদি) ছয়গাছি সম্মার্জ্জন কুশ, তের গাছি উপযমন কুশ, প্রাদেশপ্রমাণ তিনটী সমিধ্, স্রুব, ঘৃত, দুগ্ধ, আতপতণ্ডুল, পূর্ণপাত্র ইত্যাদি। পবিত্রচ্ছেদনার্থ পূর্ব্বস্থাপিত তিনটী কুশ দ্বারা "ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" এই মন্ত্রে আসাদিত কুশপত্রদ্বয় প্রাদেশপ্রমাণ ছেদন করিয়া "ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ" এই মন্ত্রে ছিন্ন-পবিত্রদ্বয় প্রণীতাপাত্রস্থ জলদ্বারা অভ্যুক্ষিত করিয়া প্রোক্ষণী-পাত্রে উত্তরাগ্রে স্থাপন করত তন্মধ্যে প্রণীতা পাত্রের কিঞ্চিৎ জল দিয়া বামহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠদ্বারা পবিত্রের অগ্রভাগ ও দক্ষিণ হস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠদ্বারা

পবিত্রমূল ধারণ করিয়া বক্রীকৃত পবিত্রমধ্য দ্বারা তিনবার কিঞ্চিৎ জল উত্তোলন করিয়া ভূমিতে নিক্ষেপ করিবেন।

পরে বামহস্ততলে প্রোক্ষণীপাত্র রাখিয়া পবিত্রযুক্ত দক্ষিণহস্ত দ্বারা কিঞ্চিৎ জল উত্তোলন করিয়া তাহাতেই নিক্ষেপ করিয়া প্রণীতাপাত্রের দক্ষিণে প্রোক্ষণী পাত্র স্থাপন করিবে।

অতঃপর আত্মসম্মুখে আজ্যস্থালী আনয়ন করিয়া পূর্ব্বাসাদিত ঘৃত স্থাপন করিবেন। যদি চরুহোম থাকে, তবে চরুস্থালীতে প্রাণীতাপাত্র হইতে কিঞ্চিৎ জল দিয়া আসাদিত তণ্ডুল স্থাপনপূর্ব্বক দুগ্ধদ্বারা অগ্নিতে চরুপাক করিবেন। পরে স্থণ্ডিল হইতে প্রজ্বলিত অগ্নি গ্রহণ করিয়া ঈশানকোণ হইতে দক্ষিণাবর্ত্তে তিনবার আজ্যস্থালী বেষ্টন করিয়া ঐ অগ্নিকে স্থণ্ডিলস্থ অগ্নিতে নিক্ষেপ করিবেন। পরে পূর্ব্বাসাদিত স্রুব গ্রহণ করিয়া উহা বহ্নিতে অধোমুখভাবে প্রতপ্ত করিয়া সম্মার্জ্জন কুশদ্বারা স্রুবের মূল হইতে অগ্র এবং অগ্র হইলে মূলপর্য্যন্ত সম্মার্জ্জন করিয়া ঐ কুশ পরিত্যাগপূর্ব্বক প্রণীতাপাত্রস্থ জল দ্বারা স্রুবকে অভ্যুক্ষিত ও পূর্ব্ববৎ প্রতপ্ত করিয়া প্রোক্ষণীপাত্রের উত্তরে স্থাপন করিবেন। প্রোক্ষণীপাত্রস্থ পবিত্র গ্রহণ করিয়া নিম্ন মন্ত্রে আজ্যস্থালী হইতে পবিত্রদ্বারা কিঞ্চিৎ ঘৃত উঠাইয়া পুনঃ ঐরূপে প্রোক্ষণীপাত্র হইতে কিঞ্চিৎ জল উঠাইয়া আজ্য ও প্রোক্ষণী জল দর্শন করিবেন। মন্ত্র যথা—

"ওঁ সবিতুস্ত্বা প্রসব উৎপুনাম্যচ্ছিদ্রেণ পবিত্রেণ বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ"।

পরে হোতা ঐ পবিত্র প্রোক্ষণী-পাত্রে স্থাপন করিয়া হোম-সমাপ্তি পর্য্যন্ত বামহস্ত-দ্বারা উপযমন-কুশ গ্রহণ করত দণ্ডায়মান হইয়া প্রজাপতিকে মনে মনে চিন্তা করত অগ্নিতে পূর্ব্বাসাদিত তিনটী ঘৃতাক্ত সমিধ্ প্রক্ষেপ করিয়া উপবেশন করিবেন; পরে পবিত্রযুক্ত দক্ষিণ হস্তে প্রোক্ষণী পাত্রস্থ জল লইয়া উহাদ্বারা ঈশানকোণ হইতে দক্ষিণাবর্ত্তে অগ্নিকে বেষ্টন করিবেন। পরে নিম্ন-মন্ত্রে অগ্নির সম্মুখীকরণ করিবেন যথা—

"ওঁ এষো হ দেব প্রদিশো নু সর্ব্বাঃ পূর্ব্বোহজাতঃ স উ গর্ব্ভেহন্তঃ। স এব জাতঃ স জনিষ্যমানঃ প্রত্যঙ্‌জনাস্তিষ্ঠতি সর্ব্বতোমুখঃ।"

পরে প্রণীতাপাত্রে পবিত্র স্থাপনপূর্ব্বক অগ্নির উত্তরে আহুতিশেষ প্রদানার্থ প্রোক্ষণীপাত্র স্থাপন করিবেন। তৎপরে হোতা আঘার আজ্যভাগ হোম করিবেন, যথা—ব্রহ্মাকে অন্বারম্ভ (স্পর্শ) করিয়া দক্ষিণ-জানু ভূমিতে পাতিয়া স্রুবদ্বারা ঘৃত লইয়া প্রজাপতিকে মনে মনে চিন্তা করত "ওঁ প্রজাপতয়ে স্বাহা" এই মন্ত্রে অগ্নিতে বায়ুকোণ হইতে অগ্নিকোণ পর্য্যন্ত ঘৃতধারা দিয়া "ইদং প্রজাপতয়ে" এই মন্ত্রে প্রোক্ষণী-পাত্রে প্রত্যাহুতি দিবেন (এইরূপ সকল আহুতিতেই প্রত্যাহুতি দিবেন)। পরে "ওঁ ইন্দ্রায় স্বাহা" নৈর্ঋতকোণ হইতে ঈশানকোণ পর্য্যন্ত "ইদমিন্দ্রায়।" "ওঁ অগ্নয়ে স্বাহা" অগ্নির উত্তর দিকে পশ্চিম হইতে পূর্ব্ব পর্য্যন্ত "ইদমগ্নয়ে।" "ওঁ সোমায় স্বাহা"

অগ্নির দক্ষিণ দিকে পশ্চিম হইতে পূর্ব্ব পর্য্যন্ত "ইদং সোমায়।" এই মন্ত্রে অগ্নিতে আহুতি প্রদান করিয়া অন্বারম্ভ ত্যাগ করিবেন। পরে বিবাহ প্রভৃতিতে কথিত হোম শেষ করিয়া উত্তর কুশণ্ডিকা করিবেন।

অথ উত্তর-কুশণ্ডিকা

প্রকৃত কর্ম্ম শেষ করিয়া, "ওঁ ভূঃ স্বাহা"—ইদমগ্নয়ে।" ওঁ ভুবঃ স্বাহা—ইদং বায়বে।" ওঁ স্বঃ স্বাহা,—ইদং সূর্য্যায়।" "ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা—ইদগ্নিবায়ুসূর্য্যেভ্যঃ।" এই মন্ত্রে মহাব্যাহৃতি-হোম করিয়া প্রায়শ্চিত্ত-হোম করিবেন। সঙ্কল্প যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেত্যাদি অমুককর্ম্মাঙ্গহোমকর্ম্মণিযদ্‌বৈগুণং জাতং তদ্দোষ-প্রশমনায় ওঁ তন্নোঅগ্ন ইত্যাদিভিঃ পঞ্চভির্মন্ত্রৈঃ প্রায়শ্চিত্তহোমমহং কুর্ব্বীয়।" পরে "ওঁ অগ্নে ত্বং বিধুনামাসি" বলিয়া অগ্নির নামকরণপূর্ব্বক আবাহন ও পূজা করিয়া "ওঁ ত্বন্নোঅগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেলো অবযাসিসীষ্ঠাঃ। যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বান্ দেবান্ প্রমুমুগ্ধ্যস্মৎ স্বাহা" এই মন্ত্রে ঘৃতাহুতি দিয়া "ইদমগ্নীবরুণাভ্যাং" বলিয়া হুতশেষ প্রোক্ষণীপাত্রে নিক্ষেপ করিবেন। ১। পরে "ওঁ স ত্বন্নো অগ্নেঽবমো ভবোতী নেদিষ্ঠো অস্যা উষসো বুষ্টৌ! অবযক্ষ্ব নো বরুণং ররাণো বীহি মৃড়ীকং সুহবো ন এধি স্বাহা"—(ইদমগ্নীবরুণাভ্যাং) ॥ ২ ॥ ওঁ অয়াশ্চাগ্নেঽস্যনভিশস্তিপাশ্চ, সত্যমিত্বময়া অসি। অয়া নো যজ্ঞং বহাস্যয়ানো ধেহি ভেষজং স্বাহা।"—(ইদমগ্নয়ে) ॥ ৩ ॥ ওঁ যে তে শতং বরুণ যে সহস্রং যজ্ঞিয়াং পাশা বিততা মহান্তঃ। তেভির্নো অদ্য সবিতোতবিষ্ণুর্বিশ্বে মুঞ্চন্তু মরুতঃ স্বর্কাঃ স্বাহা।"—(ইদং বরুণায় সবিত্রে বিষ্ণবে বিশ্বেভ্যো দেবেভ্যঃ মরুদ্ভ্যঃ স্বর্কেভ্যঃ)। ৪ ॥ ওঁ উদুত্তমং বরুণপাশ মস্মদবাধমং বি মধ্যমং শ্রথায়। অথাবয়মাদিত্যব্রতে তবানাগসো অদিতয়ে স্যাম স্বাহা।—(ইদং বরুণায় ॥")। ৫ ॥ ওঁ প্রজাপতয়ে স্বাহা।—(ইদং প্রজাপতয়ে)।

তৎপরে "অগ্নে ত্বং মৃড়নামাসি" বলিয়া অগ্নির নামকরণ করিয়া আবাহন পূজা করত ঘৃত ফল (রম্ভা) তাম্বুল গ্রহণ করিয়া যজমানসহ উঠিয়া নিম্ন-মন্ত্রে পূর্ণাহুতি দিবেন। যথা—ওঁ মূর্দ্ধানং দিবোঽরিতং পৃথিব্যা বৈশ্বানর-মৃত আজাতমগ্নিং। কবিং সম্রাজমতিথিং জনানামাসন্না পাত্রং জনয়ন্ত দেবাঃ স্বাহা।" পরে ব্রহ্মদক্ষিণা করিবেন। "অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" বলিয়া অগ্নি বিসর্জ্জন করিয়া 'ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব" বলিয়া অগ্নিতে দুগ্ধাদি দিবেন। পরে ঈশান কোণ হইতে গৃহীত হোমভস্মদ্বারা তিলক দিবেন। ইতি যজুর্ব্বেদীয়-সাধারণ কুশণ্ডিকা।

অথ যজুর্ব্বেদীয়-বিবাহ-হোম

উল্লিখিত প্রকারে সামান্য-কুশণ্ডিকা [১] করিয়া বর, বধূর হস্ত ধারণ করত অগ্নির পশ্চিমে গমন করিয়া পাঠ করিবেন যথা—

১। উত্তর-কুশণ্ডিকা, বিবাহ-হোমের শেষে কর্ত্তব্য।

"ওঁ যদৈষি মনসা দূরং, দিশো নু পবমানো বা হিরণ্যবর্ণো বৈকর্ণঃ সত্বা মনসা করোমি শ্রীঅমুকি-দেবি।" ১

পরে কন্যার পিতা উভয়কে লক্ষ্য করিয়া বলিবেন। "ওঁ অন্যোঽন্যং সমীক্ষেথাং" পরে বরকন্যার পরস্পর মুখাবলোকন হইলে বর পাঠ করিবেন যথা—

"ওঁ অঘোর চক্ষুরপতিঘ্ন্যেধি শিবা পশুভ্যঃ সুমনাঃ সুবর্চ্চাঃ। বীরসূর্দ্দেবকামা স্যোনা শং ভব নো দ্বিপদেশঞ্চতুষ্পদে। ওঁ সোমঃ প্রথমো বিবিদে গন্ধর্ব্বো বিবিধ উত্তরঃ। তৃতীয়োঽগ্নি ষ্টে পতিস্তুরীয়স্তে মনুষ্যজাঃ সোমোঽদদদ্গন্ধর্ব্বায় গন্ধর্ব্বোঽদদদগ্নয়ে রয়িঞ্চ পুত্রাংশ্চাদাদগ্নির্ম্মহ্যমথো ইমাং সা নঃ পূষা শিবতমা মৈরয়ৎ সা ন উরূ উষতীরিহ যস্যামূশন্তঃ প্রহরাম শেফং যস্যার্থকামা বহবো নিবিষ্ট্যৈ।"

জয়া-হোম,—ওঁ চিত্তঞ্চ স্বাহা, (ইদং চিত্তায়)। ওঁ চিত্তিশ্চ স্বাহা, (ইদং চিত্তৈ) ওঁ আকূতঞ্চ স্বাহা, (ইদমাকূতায়)। ওঁ আকূতিশ্চ স্বাহা, (ইদমাকুতয়ে)। ওঁ আহুতঞ্চ স্বাহা, (ইদমাহুতায়)। ওঁ আহুতিশ্চ স্বাহা, (ইদমাহুত্যৈ)। ওঁ বিজ্ঞাতঞ্চ স্বাহা, (ইদং বিজ্ঞাতায়)। ওঁ বিজ্ঞানঞ্চ স্বাহা, (ইদং বিজ্ঞানায়)! ওঁ মনশ্চ স্বাহা, (ইদং মনসে)। ওঁ শক্বরী চ স্বাহা, (ইদং শক্কর্য্যৈ)। ওঁ দর্শশ্চ স্বাহা, (ইদং দর্শায়)। ওঁ পৌর্ণমাসশ্চ স্বাহা, (ইদং পৌর্ণমাসায়)। ওঁ বৃহচ্চ স্বাহা, (ইদং বৃহতে)। ওঁ রথন্তরঞ্চ স্বাহা, (ইদং রথন্তরায়)। ওঁ প্রজাপতির্জ্জয়ানিন্দ্রায় বৃষ্ণে প্রাযচ্ছদুগ্রঃ পৃতনাজ্যেষু। তস্মৈ বিশঃ সমনমন্ত সর্ব্বাঃ স উগ্রঃ স হি হব্যো বভূব স্বাহা, (ইদং প্রজাপতয়ে জয়ানামধিপতয়ে)।

অষ্টাদশাহুতি,—ওঁ অগ্নির্ভূতানামধিপতিঃ স মাবত্বস্মিন ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদমগ্নয়ে ভূতানামধিপতয়ে)।১॥ ওঁ ইন্দ্রো জ্যেষ্ঠানামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণাস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদমিন্দ্রায় জ্যেষ্ঠানামধিপতয়ে)।২॥ ওঁ যমঃ পৃথিব্যাঅধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়াস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং যমায় পৃথিব্যাঅধিপতয়ে)।৩॥ ওঁ বায়ুরন্তরিক্ষস্যাধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং বায়বে অন্তরীক্ষস্যাধিপতয়ে)।৪॥ ওঁ সূর্য্যো দিবোঽধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং সূর্য্যায় দিব্যোঽধিপতয়ে)।৫॥ ওঁ চন্দ্রমা নক্ষত্রাণামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং চন্দ্রমসে নক্ষত্রাণামধিপতয়ে)।৬॥ ওঁ বৃহস্পতির্ব্রহ্মণোঽধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা।

১। বধূর নাম।

(ইদং বৃহস্পতয়ে ব্রহ্মণোঽধিপতয়ে) । ৭॥ ওঁ মিত্রঃ সত্যানামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং মিত্রায় সত্যানামধিপতয়ে) । ৮ ॥ ওঁ বরুণোঽপামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যা-মাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং বরুণায় অপামধিপতয়ে) । ৯ ॥ ওঁ সমুদ্রঃ স্রোতবামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রে হস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা (ইদং সমুদ্রায়) স্রোতসামধিপতয়ে) । ১০ ॥ ওঁ অন্নং সাম্রাজ্যানামধিপতিতন্মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদমন্নায়) সাম্রাজ্যানামধিপতয়ে) । ১১ ॥ ওঁ সোম ওষধীনামধিপতিঃ স মাবত্বস্মিন্ বক্ষণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা । (ইদং সোমায় ওষধীনামধিপতয়ে) । ১২ ॥ ওঁ সবিতা প্রসবানামধিলতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহত্যাং স্বাহা। (ইদং সবিত্রে প্রসবানামধিপতয়ে) । ১৩ ॥ ওঁ রুদ্রঃ পশূনামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যানাশিষ্যস্যাং পুরোধায়া-মস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং রুদ্রায় পশূনামধিপতয়ে)। ১৪ ॥ ওঁ ত্বষ্টা রূপাণামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেহস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং ত্বষ্ট্রে রূপাণামধিপতয়ে)। ১৫ ॥ ওঁ বিষ্ণুঃ পর্ব্বতানামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহত্যাং স্বাহা। (ইদং বিষ্ণবে পর্ব্বতানামধিপতয়ে)। ১৬ ॥ ওঁ মরুতো গণানামধিপতয়ঃ তে মাবন্ত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষত্রেহস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং মরুদ্ভ্যো গণানামধিপতিভ্যঃ)। ১৭ ॥ ওঁ পিতরঃ পিতামহাঃ পরেঽবরে ততাস্ততামহাস্তে হ মামবন্ত্বস্মিন্ ক্ষত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। (ইদং পিতৃভ্যঃ পিতামহেভ্যঃ পরেভ্যোঽবরেভ্যস্ততেভ্যস্ততামহেভ্যঃ)। ১৮ ॥ জল স্পর্শ করিয়া পুনরায় ঘৃতদ্বারা হোম করিবেন। ওঁ অগ্নিরৈতু প্রথমো দেবতানাং সোঽস্যৈ প্রজাং মুঞ্চতু মৃত্যুপাশাৎ তদয়ং রাজা বরুণোঽনুমন্যতাং যথেয়ং স্ত্রী পৌত্রমঘন্নরোদাৎ স্বাহা। (ইদমগ্নয়ে)। ওঁ ইমামগ্নিস্ত্রায়তাং গার্হপত্যঃ প্রজামস্যৈ নয়তু দীর্ঘমায়ুঃ। অশূন্যোপস্থা জীবতামস্তু মাতা পৌত্রমানন্দমভিবিবুধ্যতামিয়ং স্বাহা (ইদমগ্নয়ে)। ওঁ স্বস্তিনোঽগ্নে দিবা পৃথিব্যা বিশ্বানি ধেহ্যথা যজত্র যদস্যাং মহি দিবি জাতং প্রশস্তং তদস্মাসু দ্রবিণং ধেহি চিত্রং স্বাহা। (ইদমগ্নয়ে); ওঁ সুগং নু পন্থাং প্রদিশন্ন এধি। জ্যোতির্ম্মধ্যে হ্যজরন্ন আয়ুঃ। অপৈতু মৃত্যুরমৃতং ন আগাদ্বৈবস্বতো নোঽভয়ং কৃণোতু স্বাহা। (ইদং বৈবস্বতায়) ॥ ওঁ পরং মৃত্যোঽনুপরেহি পন্থাং যস্তেঽন্য ইতরো দেবযানাৎ। চক্ষুষ্মতে শৃণ্বতে তে ব্রবীমি মা নঃ প্রজাং রীরিষো মোত বীরান্ স্বাহা। (ইদং মৃত্যবে)॥

অনন্তর বধূর ভ্রাতা কিংবা অন্য কেহ শমীপত্র-মিশ্রিত লাজ (খৈ) শূর্পে চারিভাগ

করত বর কন্যার একীকৃত অঞ্জলিতে আজ্যধারা দিয়া এক ভাগ লাজ বধূর অঞ্জলিতে প্রদান করিয়া পুনর্ব্বার ঘৃতধারা দিলে, বর বধূর সহিত উত্থিত হইয়া নিম্ন-মন্ত্র পাঠ করিয়া হোম করিবেন, যথা—"ওঁ অর্য্যমণং দেবং কন্যা অগ্নিমযক্ষত স নোঅর্য্যমা দেবঃ প্রেতো মুঞ্চতু মা পতেঃ স্বাহা।—(ইদমর্য্যম্নে)। ১ ॥ ওঁ ইয়ং নার্য্যুপব্রুতে লাজানাবপন্তিকা আয়ুষ্মানস্তু মে পতিরেধন্তাং জ্ঞাতয়ো মম স্বাহা। (ইদমর্য্যম্নে)। ২ ॥ ওঁ ইমান্ লাজানাবপাম্যগ্নৌ সমৃদ্ধিকরণাংস্তব মম তুভ্যং চ সম্বদনং তদগ্নিরনুমন্যতামিয়ং স্বাহা। (ইদমর্য্যম্নে) ৩ ॥ পরে বর, কন্যার অঙ্গুষ্ঠ সহিত দক্ষিণ হস্ত স্বীয় দক্ষিণ হস্ত দ্বারা গ্রহণ করিয়া নিম্ন-মন্ত্র পাঠ করিবেন,—"ওঁ গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যা জরদষ্টির্যথা সঃ। ভগোঅর্য্যমা দেবঃ সবিতা পুরন্ধির্ম্মহ্যং ত্বাদুর্গার্হপত্যায় দেবাঃ। অমোহমস্মি সা ত্বং সা ত্বমস্যমোঽহং। সামাহমস্মি ঋক্ ত্বং দ্যৌরহং পৃথিবী ত্বং তাবেহি বিবহাবহৈ সহ রেতো দধাবহৈ প্রজাং প্রজনয়াবহৈ পুত্রান্ বিন্দাবহৈ বহূংস্তে সন্তু জরদষ্টয়ঃ। সংপ্রিয়ৌ রোচিষ্ণু সুমনস্যমানৌ। পশ্যেম শরদঃ শতং জীবেম শরদং শতং শৃণুয়াম শরদঃ শতং।"

অতঃপর বর, অগ্নির উত্তরে বধূকে দক্ষিণ পদদ্বারা শিলাতে আরোহণ করাইয়া মন্ত্র পাঠ করিবেন।

"ওঁ আরোহেমমশ্মানমশ্মেব ত্বং স্থিরা ভব। অভিতিষ্ঠ পৃতন্যতোঽববাধস্ব পৃতনায়তঃ।"

বর, কন্যাকে শিলার উপরে আরোহণ করাইয়া নিম্নলিখিত গাথা পাঠ করিবেন। যথা—

"ওঁ সরস্বতি প্রেদমব সুভগে বাজিনীবতি, যাং ত্বা বিশ্বস্য ভূতস্য প্রগায়ামাস্যাগ্রতঃ। যস্যাং ভূতং সমভবদ্যস্যাং বিশ্বমিদং জগৎ। তামদ্য গাথাং গাস্যামি যা স্ত্রীণামুত্তমং যশঃ ॥"

পরে বধূর সহিত বর অগ্নি প্রদক্ষিণ করিতে করিতে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিবেন—

"ওঁ তুভ্যমগ্নে পর্য্যবহন্‌ৎসূর্য্যাং বহতুনাসহ। পুনঃ পতিভ্যো জায়াং দা অগ্নে প্রজয়া সহ।"

তৎপরে বধূর ভ্রাতা বা অন্য কেহ পূর্ব্বের মত ঘৃতসহ খৈ বধূর অঞ্জলিতে দিবে, পরে বর নিম্নমন্ত্রে অগ্নিতে আহুতি দিবেন। মন্ত্র যথা—

"ওঁ ইয়ং নার্য্যুপব্রুতে লাজানাবপন্তিকা। আয়ুষ্মানস্তু মে পতিরেধন্তা জ্ঞাতয়ো মম স্বাহা। (ইদমগ্নয়ে)।"

পরে পূর্ব্বোক্ত-মন্ত্রে পাণিগ্রহণ, শিলারোহণ ও অগ্নি-প্রদক্ষিণ করিয়া হোম করিবেন, মন্ত্র যথা—

"ওঁ ইমান্ লাজানাবপাম্যগ্নৌ সমৃদ্ধিকণাং স্তব। মম তুভ্যং চ সংবননং তদগ্নিরনুমন্যতামিয়ং স্বাহা।"

পরে পূর্ব্ববৎ মন্ত্র পাঠান্তে পাণিগ্রহণ, শিলারোহণ এবং অগ্নি-প্রদক্ষিণ করিবেন।

অতঃপর পূর্ব্বাবশিষ্ট চতুর্থ লাজভাগ শূর্পকোণ দ্বারা "ওঁ ভগায় স্বাহা" বলিয়া অগ্নিতে নিক্ষেপ করিয়া,—"ইদং ভগায়" বলিয়া প্রত্যাহুতি দিবেন।

তৎপরে বর ব্রহ্মার দ্বারা স্পৃষ্ট হইয়া প্রাজাপত্য হোম করিবেন,—যথা "ওঁ প্রজাপতয়ে স্বাহা (ইদং প্রজাপতয়ে)। ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা (ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে)"। অনন্তর অগ্নির উত্তরদিকে সাতটী মণ্ডলের এক একটীতে নিম্নলিখিত এক একটী মন্ত্র পাঠ করিয়া কন্যার দক্ষিণপদ স্থাপন করাইবেন। মন্ত্র যথা,—"ওঁ একমিষে বিষ্ণু স্ত্বাং নয়তু। ১॥ ওঁ দ্বে উর্জ্জে বিষ্ণুস্ত্বাং নয়তু। ২॥ ওঁ ত্রীণি রায়স্পোষায় বিষ্ণুস্ত্বাং নয়তু। ৩॥ ওঁ চত্বারি মায়ো ভবায় বিষ্ণুস্ত্বাং নয়তু। ৪॥ ওঁ পঞ্চ পশুভ্যো বিষ্ণুস্ত্বাং নয়তু। ৫॥ ওঁ ষড়্‌তুভ্যো বিষ্ণুস্ত্বাং নয়তু। ৬॥ ওঁ সখে সপ্তপদা ভব সা মামনুব্রতা ভব বিষ্ণুস্ত্বাং নয়তু। ৭॥"

অনন্তর বর, বধূর হস্তস্থিত কুম্ভস্থ জল-দ্বারা নিম্ন-মন্ত্রে বধূর অভিষেক করিবেন। যথা—"ওঁ আপঃ শিবাঃ শিবতমাঃ শান্তাঃ শান্ততমাস্তাস্তে কৃণ্বন্তু ভেষজং।"

"ওঁ আপো হিষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষযে।"

তৎপরে নিম্ন-মন্ত্রে বর, বধূকে সূর্য্য-দর্শন করাইবেন। "ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ। পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতং।"

অনন্তর বর স্বীয় দক্ষিণ হস্তদ্বারা পত্নীর দক্ষিণ-স্কন্ধ বেষ্টন করিয়া হৃদয়স্পর্শ করিবেন। মন্ত্র যথা—

"ওঁ মম ব্রতে তে হৃদয়ং দধামি মম চিত্তমনুচিত্তন্তে অস্তু মম বাচমেকমনা জুষস্ব প্রজাপতিস্ত্বা নিযুনক্তু মহ্যং।"

পরে নিম্নমন্ত্রে পত্নীকে অভিমন্ত্রিত করিবেন,—"ওঁ সুমঙ্গলীরিয়ং বধূরিমাং সমেত পশ্যত সৌভাগ্যমস্যৈ দত্ত্বা য়াথাস্তং বিপরেত ন।"

অতঃপর অগ্নির উত্তরদিকে কোন গুপ্তস্থানে কোন সমর্থ-পুরুষ, কন্যাকে রক্তবর্ণ চর্ম্মোপরি উপবেশন করাইলে বর তথায় উপবেশন করিয়া মন্ত্র পাঠ করিবেন—"ওঁ ইহ গাবো নিষীদন্ত্বিহাশ্বা ইহ পুরুষাঃ। ইহ সহস্রদক্ষিণোযজ্ঞ ইহ পুষা নিষীদতু।"

তৎপরে বর, স্বিষ্টকৃৎহোম করিবেন। যথা "ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা। [ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে]।

পরে আচমন করত নিম্ন-মন্ত্রে বধূকে ধ্রুবদর্শন করাইবেন। যথা—

"ওঁ ধ্রুবমসি ধ্রুবং ত্বা পশ্যামি ধ্রুবৈধি পোষ্যা ময়ি মহ্যং ত্বাদাদ্‌বৃহস্পতির্ম্ময়া পত্যা প্রজাবতী সংজীব শরদঃ শতং"। কন্যা "পশ্যামি" বলিবে। দর্শন না হইলেও এই মন্ত্রপাঠ করিতে হইবে।

অথ চতুর্থী হোম

বর "অগ্নে ত্বং শিখিনামাসি"—বলিয়া শিখি-নামক অগ্নি স্থাপন আবাহন ও পূজা করিয়া মহাব্যাহৃতি-হোম (পৃঃ ১২) করিবেন। পরে পাঁচটি মন্ত্রে আহুতি দিবেন। যথা—"ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ পতিঘ্নী তনুস্তামস্যৈ নাশয় স্বাহা। [ইদমগ্নয়ে]। ১॥ বায়ো প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ প্রজাঘ্নী তনুস্তামস্যৈ নাশয় স্বাহা। [ইদং বায়বে]। ২॥ ওঁ সূর্য্য প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ পশুঘ্নী তনুস্তামস্যৈ নাশয় স্বাহা। [ইদং সূর্য্যায়]। ৩॥ ওঁ চন্দ্র প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ গৃহঘ্নী তনুস্তামস্যৈ নাশায় স্বাহা। [ইদং চন্দ্রায়]। ৪॥ ওঁ গন্ধর্ব্ব প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ যশোঘ্নী তনুস্তামস্যৈ নাশয় স্বাহা। [ইদং গন্ধর্ব্বায়]"। ৫॥

অনন্তর যথাবিধি চরুপাক[১] করিয়া—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। [ইদং প্রজাপতয়ে]॥" এইমন্ত্রে অগ্নিতে আহুতি দিয়া পূর্ব্বস্থাপিত আহুতিশেষজলদ্বারা নিম্নলিখিত মন্ত্রে কন্যাকে অভিষিক্ত করিবেন,—যথা "ওঁ যা তে পতিঘ্নী প্রজাঘ্নী পশুঘ্নী গৃহঘ্নী যশোঘ্নী নিন্দিতা তনুর্জ্জারঘ্নীং তামেনাং করোমি সা জীর্য্য ত্বং ময়া সহ শ্রীঅমুকি দেবি।"[২]

অতঃপর কন্যা চরুর ঘ্রাণ লইলে, বর নিম্ন-মন্ত্র পাঠ করিবেন—"ওঁ প্রাণৈস্তে প্রাণান্ সন্দধাম্যস্থিভিরস্থীনি মাংসৈর্মাংসানি ত্বচা ত্বচং॥ অনন্তর স্থালী হইতে চরু লইয়া—"ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা" এই মন্ত্রে আহুতি দিয়া "ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে" এই বলিয়া প্রত্যাহুতি দিবেন।

পরে কুশণ্ডিকোক্তবিধানে মহাব্যাহৃতি-হোমাদি ব্রহ্মদক্ষিণান্ত কার্য্য (পৃঃ ১২) সমাপন করিয়া বর, শান্তি মন্ত্র পাঠ করিয়া শান্তিজলদ্বারা নিজেকে ও বধূকে অভিষিক্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবেন। ইতি যজুর্ব্বেদীয় বিবাহ-হোম॥

অথ গর্ভাধান

বিহিত-দিনে পূর্ব্বাহ্ণে নিত্যক্রিয়াদি সমাপনান্তে গৌর্য্যাদি ষোড়শমাতৃকা পূজা প্রভৃতি করিয়া পতি, পত্নীকে স্বকীয় বামপার্শ্বে উপবেশন করাইয়া তাহার দক্ষিণ স্কন্ধের উপর দিয়া দক্ষিণ হস্তদ্বারা হৃদয়দেশ স্পর্শপূর্ব্বক "ওঁ পূষা ভগং তে সবিতা দধাতু রুদ্রস্ত্বষ্টা যে কল্পয়তু সামগং ত্বষ্টা রূপাণি তেজো বৈশ্বানরো দধাতু। ওঁ যত্তে সুষীমে হৃদয়ং দিবি চন্দ্রমসি শ্রিতং। বেদাহং তন্মাং তদ্বিদ্যাৎ পশ্যেম শরদঃ শতং শৃণুয়াম

১। চরুপাকের ব্যবহার সর্ব্বত্র নাই।
২। সম্বোধনান্ত বধূর নাম বলিবে।

শরদঃ শতং। ওঁ গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি। গর্ভন্তে অশ্বিনৌ দেবা বা ধত্তাং পুষ্করস্রজৌ।” দক্ষিণ হস্তদ্বারা নাভিস্পর্শ করিয়া পাঠ করিবে “ওঁ পুমাংসাবশ্বিনা বুভৌ পুমানগ্নিশ্চ বায়ুশ্চ পুমান্ সংবর্ত্ততাং।’ তৎপরে পঞ্চগব্যশোধন মন্ত্র দ্বারা শোধিত পঞ্চগব্য নিম্নমন্ত্রে ভক্ষণ করাইবেন। যথা,—

“ওঁ রেতোঽমূতং বিজহাতি যোনিং প্রবিশদিন্দ্রিয়ং। গর্ভো জরায়ুণা বৃত উল্বং জহাতি জন্মনা।”

অথ পুংসবন

প্রথম গর্ভের দ্বিতীয় ও তৃতীয়-মাস পুংসবনের মুখ্যকাল। উক্তকালে শুভদিনে পতি, নিত্যক্রিয়া সমাপনান্তে পত্নীকে স্নান করাইয়া মাতৃকা-পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি সমাপন করত পত্নীর সহিত উপবাসী থাকিবেন। পরে সায়ংকালে সন্ধ্যা সমাপন করিবেন। অনন্তর শুভলগ্নে সুস্নাতা-পত্নী নূতন-বস্ত্র পরিধান করত আচমন করিতে. পরে অন্যান্য মঙ্গলাচার সম্পন্ন হইলে পত্নীকে স্ববামে পূর্ব্বমুখে বসাইয়া বটফল, বটের শুঁয়া (শুরা) জলে পেষণ করিয়া মঙ্গলাচার-সহকারে নিম্নমন্ত্র পাঠ করিয়া বধূর দক্ষিণ নাসাপুটে সেচন করিবেন। মন্ত্র যথা,—

“ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। স দাধার্য্য পৃথিবীং দ্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেম। ওঁ অদ্ভ্যঃ সম্ভূতঃ পৃথিব্যৈ রসাচ্চ বিশ্বকর্ম্মণঃ সমবর্ত্ততাগ্রে। তস্য ত্বষ্টা বিদধদ্রূপমেতি তন্মর্ত্ত্যস্য দেবত্বমাজানমগ্রে॥”

পরে পতি, বধূর ক্রোড়ের নিকটে একটী জলপাত্র স্থাপন করত নিম্ন-মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া শান্তি করিবেন। যথা,—

“ওঁ সুপর্ণোঽসি গরুত্মাংস্ত্রীবৃত্তে শিরো গায়ত্র্যঞ্চক্ষুর্ব্বৃহদ্রথন্তরে পক্ষৌ। ওঁ স্তোম আত্মা ছন্দাংস্যঙ্গানি যজুংষি নাম। সাম তে তনুর্ব্বামদেব্যং যজ্ঞা যজ্ঞীয়ং পুচ্ছং ধিষ্ণ্যাঃ শফাঃ। ওঁ সুপর্ণোঽসি গরুত্মান্ দিবঙ্গচ্ছ স্বঃ পত।” অনন্তর শান্তি, আশীর্ব্বাদ, দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অথ সীমন্তোন্নয়ন

পুংসবনমাসে, ষষ্ঠ বা অষ্টমমাসে শুভদিনে পতি স্নান আহ্নিক শেষ করিয়া পত্নীকে স্নান করাইবেন। পরে মাতৃকা-পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি করিয়া, শুভলগ্নসময়ে পূর্ব্বমুখে উপবেশন করত পুনর্ব্বার আচমন করিয়া আচারানুসারে গোরোচনাদ্বারা অঙ্কিত শঙ্খ-চক্র-গদা-পদ্ম চিহ্ন ও বিষ্ণুর দ্বাদশ নামযুক্ত পীতবস্ত্রযুগ্মপরিধায়িনী কৃতমঙ্গলাচারা কৃতাচমনা পত্নীকে নিজবামে, শঙ্খ, চক্র, গদা, পদ্ম ও বিষ্ণুপদযুগলাঙ্কিত যাজ্ঞিক বৃক্ষ নির্ম্মিত পীঠে বসাইবেন। পরে পতি কুশণ্ডিকাবিধানে প্রোক্ষণীপাত্র স্থাপনান্ত কর্ম্ম করিয়া, পূর্ব্বসংগৃহীত তিল ও মুদ্গ মিশ্রিত একমুষ্টি তণ্ডুল—“ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং গৃহ্নামি” বলিয়া গ্রহণ করিবেন পরে—“ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং

নির্ব্বপামি" বলিয়া উদূখলে স্থাপন করিবেন। "ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি" এই মন্ত্রে প্রোক্ষণ করিবেন। এইরূপে অগ্নয়ে স্বিষ্টকৃতে ত্বা জুষ্টং গৃহ্লামি ইত্যাদি ও দুইবার অমন্ত্রক মুষ্টিগ্রহণাদি পূর্ব্বোক্ত কার্য্য করিয়া মুষল দ্বারা আঘাত করিয়া কুলা-দ্বারা তিনবার ঝাড়িয়া জলদ্বারা তিনবার ধৌত করিয়া দুগ্ধ দ্বারা চরুপাক করিবেন। পরে চরুতে ঘৃতধারা দিয়া প্রজ্বলিত কাষ্ঠদ্বারা চরুস্থালীর মধ্যভাগ দর্শন করিয়া অগ্নির উত্তরদিকে স্থাপন করিবেন। পরে আজ্যভাগান্ত কুশণ্ডিকা সম্পাদন করিয়া প্রকৃত-কর্ম্ম করিবেন।

প্রকৃত-কর্ম্ম যথা,—"ওঁ অগ্নে ত্বং মঙ্গলনামাসি" ইহা বলিয়া অগ্নির নামকরণ ও আবাহন করিয়া অগ্নির পূজা এবং হোম করিবেন। প্রথমে স্রুকে ঘৃতধারা দিয়া চরুতে ঘৃতধারা দিবেন এবং মেক্ষণ দ্বারা চরু গ্রহণ করিয়া পুনরায় যে স্থান হইতে চরু লইলেন সেইস্থানে ঘৃতধারা দিয়া অগ্নিতে আহুতি দিবেন,—"ওঁ প্রজাপতয়ে স্বাহা, (ইদং প্রজাপতয়ে)"। পুনরায় উক্ত প্রকারে চরু গ্রহণ করিয়া "ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা (ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে)।"

অনন্তর পতি দর্ভপিঞ্জুলীত্রয় সহ উড়ুম্বরফলস্তবকদ্বয়দ্বারা অগ্নি পশ্চিমভাগে কোমলা-সনোপরি উপবিষ্টা বধূর সীমন্তদেশ "ওঁ ভূর্ব্বিনয়ামি, "ওঁ ভুবো বিনয়ামি ওঁ স্বর্ব্বিনয়ামি" মন্ত্রে তিনবার উত্তোলন করিয়া দিবেন, পরে উড়ুম্বরফলযুক্ত তিনস্থানে শ্বেতবর্ণ সজারুকাঁটা দ্বারা ঐ মন্ত্রে তিনবার এবং উড়ুম্বরফলযুক্ত কাণ্ডদ্বারা (খাগ্‌ড়া) পূর্ব্বোক্ত-মন্ত্রে তিনবার, পুনরপি উড়ুম্বরফলযুক্ত সূত্রপরিপূর্ণ তর্কু (টাকু) দ্বারা পূর্ব্বোক্তমন্ত্রে তিনবার সীমন্তদেশ উত্তোলন করিয়া ত্রিগুণীকৃত সূত্রদ্বারা উড়ুম্বরস্তবক নিম্নমন্ত্রে বধূর কণ্ঠে বাঁধিয়া দিবেন। যথা,—ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িঃ।

অনন্তর মহাব্যাহৃতিহোম ও প্রায়শ্চিত্ত হোমাদি উত্তর-কুশণ্ডিকা (পৃঃ ৫৪) সমাপন করিবেন। অতঃপর পতি, পাঠ করিবেন।

ওঁ সোম এব নো রাজেম মানুষীঃ প্রজাঃ। অবিমুক্তচক্রা আসীরংস্তীরে তুভ্যমসৌ।[১]
পরে দক্ষিণা, শান্তি করিয়া তিলক ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অথ সোষ্যন্তী-কর্ম্ম

পতি "ওঁ এজতু দশমাস্যো গর্ভো জরায়ুণা সহ। যথায়ং বায়ুরেজতি তথা সমুদ্রে এজত্যেবয়ং দশমাস্যোঽস্রজ্জরায়ুনা সহ।" এই মন্ত্রে প্রসবকালে পত্নীকে জল দ্বারা অভ্যুক্ষণ করিবেন।

১। "অসৌ" স্থলে, নিকটস্থ নদীর সম্বোধনান্ত নাম বলিবেন। যথা—হে গঙ্গে, হে যমুনে ইত্যাদি।

অথ জাত-কর্ম্ম

প্রথমে পিতা, বস্ত্রের সহিত স্নান করিয়া পূর্ব্বমুখে বসিয়া স্বস্তিবাচন ও সংকল্প করিয়া গৌর্য্যাদি ষোড়শমাতৃকাপূজা প্রভৃতি শেষ করিয়া পুত্রের জন্ম ও মুখদর্শনজন্ম বৃদ্ধিশ্রাদ্ধ সম্পন্ন করিয়া পুত্রের নাভিদেশ ছেদন করিবার পূর্ব্বে মেধাজনন ও আয়ুষ্য কর্ম্ম করিবেন। মেধাজনন কর্ম্ম যথা,—সুবর্ণযুক্ত অনামিকা-দ্বারা মধু ও ঘৃত অথবা কেবল ঘৃত নিম্ন-মন্ত্রে কুমারকে ভক্ষণ করাইবেন। "ওঁ ভূস্ত্বয়ি দধামি, ওঁ ভুবস্ত্বয়ি দধামি, ওঁ স্বস্ত্বয়ি দধামি, ভূর্ভুবঃস্বস্ত্বয়ি দধামি।"

আয়ুষ্য-কর্ম্ম যথা—পুত্রের দক্ষিণকর্ণে এই মন্ত্রগুলি তিনবার জপ করিবেন, "ওঁ অগ্নিরায়ুষ্মান্ স ওষধীভিরায়ুষ্মাংস্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ সোম আয়ুষ্মান্ স ওষধীভিরায়ুষ্মাংস্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ ব্রহ্ম আয়ুষ্মত্তদ্-ব্রাহ্মণৈ রায়ুষ্মত্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি; ওঁ দেবা আয়ুষ্মন্তস্তেঽমৃতৈরায়ুষ্মন্ত স্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ ঋষয় আয়ুষ্মন্তস্তে ব্রতৈঃ আয়ুষ্মন্তস্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ পিতর আয়ুষ্মন্তস্তে স্বধাভিরায়ুষ্মন্তস্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ যজ্ঞ আয়ুষ্মান্ স দক্ষিণাভিরায়ুষ্মাংস্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ সমুদ্র আয়ুষ্মান্ স স্রবন্তীভিরায়ুষ্মাংস্তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি।"—পরে নিম্নলিখিত মন্ত্রগুলি তিনবার জপ করিবেন। যথা,—"ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং, ওঁ যমদগ্নে-স্ত্র্যায়ুষং, ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং, ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষং।"

পিতা, পুত্রের দীর্ঘ-জীবন কামনায় দক্ষিণহস্তদ্বারা পুত্রের হৃদয় স্পর্শ করিয়া নিম্নলিখিত ১১টী মন্ত্র পাঠ করিবেন।

যথা—"বাৎসঋষিরগ্নির্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দ-শ্চয়নেঽগ্ন্যুপস্থাপনে বিনিয়োগঃ।"

(প্রত্যেক মন্ত্রের পূর্ব্বেই ঐ ঋষিচ্ছন্দটী পাঠ্য)। ওঁ দিবস্পরি প্রথমং জজ্ঞে অগ্নিরস্মদ্দ্বিতীয়ং পরিজাতবেদাঃ। তৃতীয়মপ্সু নৃমনা অজস্রমিন্ধান এনং জরতে স্বাধীঃ। ১॥ ওঁ বিদ্মা তে অগ্নে ত্রেধা ত্রয়াণি বিদ্মা তে ধাম বিভৃতা পুরুত্রা। বিদ্মা তে নাম পরমং গুহা যদ্বিদ্মা তমুৎসং যত আজগন্থ। ২॥ ওঁ সমুদ্রে ত্বা নৃমনা অপ্স্বন্তর্নৃচক্ষা ঈধে দিবো অগ্ন উধন্। তৃতীয়ে ত্বা রজসি তস্থিবাংসমপামুপস্থে মহিষা অবর্দ্ধন্। ৩॥ ওঁ অক্রন্দদগ্নিঃ স্তনয়ন্নিব দ্যৌঃ ক্ষামা রেরিহদ্বীরুধঃ সমঞ্জন্। সদ্যো জজ্ঞানোবিহীমিদ্ধো অখ্যদারোদসী ভানুনা ভাত্যন্তঃ। ৪॥ ওঁ শ্রীণামুদারো ধরুণো রয়ীণাং মনীষাণাং প্রার্পণঃ সোম-গোপাঃ। বসুঃ সূনুঃ সহসো অপ্সু রাজা বিভাত্যগ্র উষ মিধানঃ। ৫॥ ওঁ বিশ্বস্য কেতুর্ভূ বনস্য গর্ভআরোদসী অপৃণাজ্জায়মানঃ। বীড়ুং চিদদ্রিমভিনৎ পরায়ন্ জনা যদগ্নিমযজন্ত পঞ্চ। ৬॥ ওঁ উশিক্ পাবকোঅরতিঃ সুমেধা মর্ত্ত্যেষগ্নি রমৃতো নিধায়ি। ইয়র্ত্তি ধূমমরুষং ভরিভ্রদুচ্ছুক্রেণ শোচিষা দ্যামিনক্ষন্। ৭॥ ওঁ দৃশানো রুক্ম উর্ব্যা ব্যদ্যৌদ্দুর্ম্মর্ষমায়ুঃ শ্রিয়ে রুচানঃ। অগ্নিরমৃতো অভবদ্বয়োভির্যদেনং দ্যৌরজনয়ৎ

স্মরেতাঃ। ৮॥ ওঁ যস্তে অদ্য কৃণবদ্ভদ্রশোচেঽপূপং দেব ঘৃতবন্তমগ্নে প্রতন্নয় প্রতরং বস্যোঽচ্ছাভিসুম্নং দেবভক্তং যবিষ্ঠ। ৯॥ ওঁ আ তং ভজ সৌশ্রবসেষগ্ন উকৃথ উকৃথ আভজ শস্যমানে প্রিয়ঃ সূর্য্যে প্রিয়ো অগ্না ভবাত্যুজ্জাতেন ভিনদদুজ্জনিত্বৈঃ। ১০॥ ওঁ ত্বামগ্নে যজমানা অনুদূন্ বিশ্বা বসু দধিরে বার্য্যাণি ত্বয়া সহ দ্রবিণমিচ্ছমানা ব্রজং গোমন্তমুশিজো বিবব্রুঃ। ১১॥ অনন্তর পিতা কুমারের চতুর্দ্দিকে চারিটী ও মধ্যস্থলে একটি এই পাঁচটী ব্রাহ্মণ স্থাপন করিয়া ব্রাহ্মণ-দিগকে নিম্ন-মন্ত্র পাঠ করাইবেন। ১

যথা—"ওঁ ইমমনুপ্রাণিত" এই কথা বলিলে, পূর্ব্বদিকস্থ ব্রাহ্মণ—"ওঁ প্রাণ"। দক্ষিণস্থ ব্রাহ্মণ—"ওঁ ব্যান।" পশ্চিমস্থ ব্রাহ্মণ—"ওঁ অপান।" উত্তরস্থ ব্রাহ্মণ—"ওঁ উদান।" এবং মধ্যস্থিত ব্রাহ্মণ—"ওঁ সমান।" এই বাক্য বলিবেন।

তদনন্তর যে স্থানে কুমার জন্মগ্রহণ করিয়াছিল, নিম্ন-মন্ত্র পাঠ করিয়া সেই ভূমি অভিমন্ত্রিত করিবেন।

যথা—"ওঁ বেদতে ভূবি হৃদয়ং দিবি চন্দ্রমসি শ্রিতং। বেদাহং তন্মিন্তাৎ পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতং।"

অনন্তর পিতা এই মন্ত্রে কুমারের নাভিদেশ স্পর্শ করিবেন। যথা—

"ওঁ অশ্মা ভব পরশুর্ভব, হিরণ্যমস্রুতং ভব। আত্মা বৈ পুত্রনামাসি সংজীব শরদঃ শতং।" নিম্নমন্ত্র পাঠ করত কুমারের মাতাকে অভিমন্ত্রিত করিবেন। "ওঁ ঈড়াসি মৈত্রাবরুণী বীরে বীরমজীজনথাঃ। সা ত্বং বীরবতী ভব যাস্মান্ বীরবতোঽকরোৎ।"

অতঃপর নিম্নমন্ত্রদ্বয়ে পত্নীর দক্ষিণ ও বাম স্তন প্রক্ষালন করিবেন,—"ওঁ ইমং স্তনমূর্জ্জস্বন্তং ধয়াপাং প্রপীনমগ্নে সরিরস্য মধ্যে উৎসং জুষস্ব শতধ রমর্ব্বন্ সমুদ্রিয়ং সদনমাবিশস্ব।" এবং "ওঁ যস্তে স্তনং শশয়ো যো ময়ো ভূর্য্যোরত্নধা বসুবিদ্যঃ সুদত্রঃ। যেন বিশ্বা পুষ্যসি বার্য্যাণি সরস্বতি তমিহ ধাতবেঽকঃ।" পরে কুমারের মুখে স্তন দিবে।

অতঃপর সূতিকাগৃহে কুমারের শিরোদেশে নিম্নমন্ত্র পাঠ করিয়া জলপূর্ণ কুম্ভ স্থাপন করিবেন,—"ওঁ আপো দেবেষু জাগ্রথ যথা দেবেষু জাগ্রথ এবমস্যাং সূতিকায়াং সপুত্রিকায়াং জাগ্রথ।"

তদনন্তর সূতিকা উত্থান পর্য্যন্ত সূতিকাগৃহের দ্বারদেশে কুশণ্ডিকা ব্যতিরেকে অগ্নিস্থাপন করিয়া নিম্নলিখিত মন্ত্রে তণ্ডুলকণা-মিশ্রিতসর্ষপ দ্বারা হোম করিবেন। মন্ত্র যথা—ওঁ ষণ্ডা মর্কা উপবীরঃ শৌণ্ডিকেয়উদূখলঃ। মলিম্লুচোদ্রোণাসশ্চ্যবনো নশ্যতাদিতঃ স্বাহা। ১॥ ওঁ আলিখন্নমিষং কিংবদন্ত উপশ্রুতিঃ। হর্য্যক্ষঃ কুম্ভী শত্রুঃ পাত্রপাণির্নৃমণির্হন্ত্রী মুখঃ সর্ষপারুণশ্চ্যবনো নশ্যতাদিতঃ স্বাহা। ২॥ অতঃপর দক্ষিণাদানাদি করিবেন।

এই সময়ে দশ-রাত্রির মধ্যে যদি শিশু কালগ্রহ দ্বারা আক্রান্ত হয়, তবে পিতা

১। ব্রাহ্মণ উপস্থিত না থাকিলে পিতা স্বয়ং এক এক দিকে চাহিয়া মন্ত্র পাঠ করিবেন।

অনন্তর কুশণ্ডিকোক্ত-বিধানে মহাব্যাহৃতি-হোম ও প্রায়শ্চিত্ত (পৃঃ ৫৪) হোম করিয়া, "ওঁ প্রজাপতয়ে স্বাহা [ইদং প্রজাপতয়ে]" এই মন্ত্রে হোম করিয়া ব্রহ্মদক্ষিণা করিবেন। অনন্তর কৃতমঙ্গল-কুমারকে আনয়ন পূর্ব্বক নিম্নলিখিতমন্ত্রে অন্নপ্রাশন করাইবেন।[১] যথা—

অন্ন দুইটী পাত্রে পরিবেশন করিয়া, একটী নাগাদির জন্য ও একটী বালকের জন্য রাখিয়া তৎপরে "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" এই মন্ত্রে গণ্ডূষজলপান করাইয়া— "ওঁ প্রণায় স্বাহা; ওঁ অপানায় স্বাহা; ওঁ সমানায় স্বাহা; ওঁ উদানায় স্বাহা; ওঁ ব্যানায় স্বাহা" বলিয়া প্রতিবার মুখে অন্নস্পর্শ করাইয়া মাটিতে ক্ষেপণ করিবেন। পরে কিঞ্চিৎ অন্ন গ্রহণপূর্ব্বক নিম্নমন্ত্রে প্রাশন করাইবেন।

"ওঁ অন্নপতেঽন্নস্য নো দেহ্যনমীবস্য শুষ্মিণঃ। প্রদাতারন্তরিষ উর্জ্জন্নো ধেহি দ্বিপদেশ্চতুষ্পদে বিশ্বকর্ম্মণে স্বাহা।" অন্নপ্রাশন হইলে ব্রাহ্মণাদি বলিবেন, "ওঁ ইহস্তু"। শূদ্রগণ অমন্ত্রক অন্ন দিবেন।

অতঃপর শান্তিকর্ম্ম, দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ প্রভৃতি যথানিয়মে সম্পন্ন করিবেন এবং আচার বশতঃ বালককে স্বুবর্ণ, ধান্য ও মৃত্তিকাদি প্রদান করত মাতৃ-অঙ্কে প্রদান করিবেন। দেয়দ্রব্যের মধ্যে যাহা বালক অগ্রে ধরিবে, তাহাই বালকের জীবনের প্রধান অবলম্বন জানিবেন।

অথ চূড়াকরণ

পিতা, প্রথম বা তৃতীয়বর্ষে অসামর্থ্যে পঞ্চমবর্ষে বা কুলাচার অনুসারে নিবন্ধোক্ত-কালে শুভ-দিবসে নিত্যকর্ম্ম-সমাপনপূর্ব্বক স্বস্তিবাচনাদি করিয়া সংকল্প করিবেন, পরে গৌর্য্যাদি ষোড়শ-মাতৃকা-পূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি সম্পাদন করিয়া তিনটী ভোজ্য উৎসর্গ করিবেন। যথা— অর্চ্চনাদি করিয়া "অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণ-শ্চূড়াকরণকর্ম্মণি কর্ত্তব্যে যথাসম্ভবগোত্রশাখানামভ্যো-ব্রাহ্মণেভ্যো যথোপকল্পিতানি তৃপ্ত্যৌপায়িকান্যহং মূৎসৃজে।" তদনন্তর যথাশক্তি তাম্বূলাদি দক্ষিণা দিবেন।

অনন্তর পূর্ব্বাভিমুখে উপবিষ্ট হইয়া কুশণ্ডিকোক্ত (পৃঃ ৫১) বিধানে অগ্নিস্থাপনাদি করিবেন। উষ্ণজল, শীতলজল, নবনীত-পিণ্ড, তিনটী ত্রিশ্বেত সজারুর কাঁটা, নয়টী কুশগুচ্ছ (তিনটী কুশপত্র দ্বারা প্রত্যেকটি প্রস্তুত) তাম্র, ক্ষুর, লৌহ ক্ষুর ও নূতন সরাবে বৃষগোময় স্থাপন করিবেন। নাপিতকেও সম্মুখে রাখিবেন। আহুতিশেষ প্রদানার্থ অগ্নির উত্তরে প্রোক্ষণীপাত্র স্থাপন পর্য্যন্ত করা হইলে মাতা নূতনবস্ত্র পরিহিত-কুমারকে লইয়া অগ্নির উত্তরে উপবেশন করিবেন। পরে পিতা, ওঁ অগ্নে ত্বং সত্যনামাসি" বলিয়া অগ্নির নামকরণ করিবেন। পরে পূজা করিয়া ব্রহ্মদক্ষিণান্ত কুশণ্ডিকা (৫১ পৃঃ দেখুন) করিবেন।

১। শূদ্রাদির পক্ষে বিনা মন্ত্রে অন্নপ্রাশন করাইতে হয়।

অতঃপর নিম্নমন্ত্র পাঠ করিয়া শীতলজলের সহিত উষ্ণজল মিশ্রিত করিবেন। মন্ত্র যথা—

"ওঁ উষ্ণেন বায় উদকেনেহ্যদিতে কেশান্ বপ।" ঐ জলে কুমারের কেশমার্জ্জন করিয়া অবশিষ্ট জলের মধ্যে পূর্ব্বাসাদিত নবনীত-পিণ্ড ফেলিয়া ঐ জল দ্বারা নিম্নমন্ত্র পাঠ করিয়া দক্ষিণ শিরঃপার্শ্ব আর্দ্র করিবেন। মন্ত্র যথা—

"ওঁ সবিত্রা প্রসূতা দৈব্যা আপ উন্দন্তু তে তনুং দীর্ঘায়ুষ্টায় বর্চ্চসে।"

অনন্তর তিনটী সজারু-কাঁটাদ্বারা কেশ আঁচড়াইয়া তিনটী ভাগ করিবেন। পুনরপি প্রতি ভাগকে তিনভাগ করিবেন। পূর্ব্ব-গৃহীত তিনটী কুশপত্র, নিম্নমন্ত্র পাঠ করিয়া কেশে সংযোজিত করিবেন। মন্ত্র যথা—

"ওঁ ওষধে ত্রায়স্ব স্বধিতে মৈনং হিংসীঃ।" অতঃপর নিম্নমন্ত্রে তাম্রক্ষুর গ্রহণ করিয়া কুশ-যুক্ত-কেশে সংস্থাপিত করিবেন। যথা—

"ওঁ শিবো নামাসি স্বধিতিস্তে পিতা নমস্তেঽস্তু মা মা হিংসীঃ।" পরে নিম্নমন্ত্রে লৌহক্ষুর সংলগ্ন করিবেন। "ওঁ নিবর্ত্তয়াম্যায়ুষেঽন্নাদ্যায় প্রজননায় রায়স্পোষায় সুপ্রজাস্ত্বায় সুবীর্য্যায়।"

তৎপরে লৌহক্ষুর দ্বারা নিম্নোক্ত-মন্ত্র পাঠ করত সকুশ-কেশ ছেদন করিয়া কুশসহ ঐ কেশ কুমারের উত্তরদিকে স্থাপিত বৃষগোময়োপরিস্থাপন করিবেন। মন্ত্র যথা—

"ওঁ যেনাবপৎ সবিতা ক্ষুরেণ সোমস্য রাজ্ঞো বরুণস্য বিদ্বান্। তেন তে ব্রহ্মাণো বপতেদমস্যায়ুষ্যং জরদষ্টির্যথাসৎ।"

উক্ত-বিধানক্রমে আর দুইবার অমন্ত্রক জলদ্বারা ম্রক্ষণ, কুশ সংযোজন ও ছেদন করিয়া সরাবস্থ গোময়-পিণ্ডে রাখিবেন।

মস্তকের পশ্চাদ্ভাগেও ঐ নিয়মে ঐ সকল কার্য্য তিন বার করিবেন। কেবল প্রথম সকুশ-কেশগুচ্ছ নিম্নমন্ত্র পাঠ করিয়া ছেদন করিবেন। (অপর দুই বার অমন্ত্রক)। যথা—

"ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্। ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং। ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষং।"

মস্তকের উত্তরপার্শ্বেও দক্ষিণপার্শ্ববৎ সকল কার্য্য করিবেন কেবল প্রথম সকুশ-কেশ গুচ্ছ নিম্নমন্ত্রে ছেদন করিবেন। যথা—

"ওঁ যেন ভূরিশ্চরা দিবং জ্যোক্‌চ পশ্চাদধিসূর্য্যং তেন তে বপামি ব্রহ্মণা জীবাতবে জীবনায় সুশ্লোক্যায় স্বস্তয়ে। পরে অমন্ত্রক দুইবার ঐ সকল কার্য্য করিবেন।

তৎপরে নিম্নমন্ত্র পাঠ করিয়া মস্তকের উপর দক্ষিণাবর্ত্তে একবার এবং অমন্ত্রক দুইবার লৌহক্ষুর ভ্রমণ করাইবেন। মন্ত্র যথা—

"ওঁ যৎ ক্ষুরেণ মজ্জয়তা সুপেষসা বপ্তা বা বপতি কেশাংশ্ছিন্ধি শিরো মাস্যায়ুঃ প্রমোষীঃ।"

পরে জলদ্বারা সমস্ত মস্তক মার্জ্জন করিয়া "ওঁ অক্ষুণ্ণং পরিবপ।" বলিয়া নাপিতের হস্তে ক্ষুর প্রদান করিবেন।

তৎপরে নাপিত মস্তক মুণ্ডন ও কর্ণবেধ করিবে। ঐ কেশাদি সমস্তই বৃষ-গোময় গর্ভ-সরাবে সংস্থাপন করিয়া মঙ্গলাচার সহকারে গোষ্ঠ, সরোবর, কিম্বা পুষ্করিণীতে নিক্ষেপ করিবে। তদনন্তর কুমারকে পুনরায় স্নান করাইয়া দিব্য-বস্ত্র পরিধাপনপূর্ব্বক অগ্নির পশ্চিমদিকে উপবেশন করাইয়া শান্তি আশীর্ব্বাদ ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অথ উপনয়ন

গর্ভ হইতে অথবা জন্ম হইতে অষ্টম বর্ষে স্মৃতি-জ্যোতিষ-শাস্ত্রোক্ত শুভদিনে পিতা নিত্যক্রিয়াদি শেষ করিবেন। পরে গৌর্য্যাদি-ষোড়শমাতৃকাপূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ[১] সমাপন করিয়া পূর্ব্বাভিমুখে উপবেশন করত কুশণ্ডিকোক্তবিধানে (পৃঃ ৫১) অগ্নিস্থাপন করিবেন। তৎপরে কুমারকে মাল্যাদিদ্বারা অলঙ্কৃত করিয়া অগ্নির পশ্চিমে গুরুর নিকটে স্নান করাইয়া উপবেশন করাইবেন। তৎপরে গুরু, মাণবককে বলাইবেন—"ওঁ ব্রহ্মচর্য্যমাগাম্।" মাণবক বলিবে—"ওঁ ব্রহ্মচর্য্যমাগাম্।" পুনর্ব্বার আচার্য্য বলাইবেন—"ওঁ ব্রহ্মচার্য্যসানি।" মাণবক বলিবে—ওঁ ব্রহ্মচার্য্যসানি।"

তৎপরে গুরু নিম্ন-মন্ত্র পাঠ করত পট্টবস্ত্র বা নববস্ত্র মাণবককে পরিধান করাইবেন। যথা—"ওঁ যেনেন্দ্রায় বৃহস্পতির্ব্বাসঃ পর্য্যদধাদমৃতম্। তেন ত্বা পরিদধাম্যায়ুষে দীর্ঘায়ুষ্ট্বায় বলায় বর্চ্চসে।"

পরে প্রবরসংখ্যায় ত্রিবেষ্টন-গ্রন্থিযুক্ত ত্রিগুণীকৃত মৌঞ্জীমেখলা লইয়া নিম্নমন্ত্রে মাণবককে পরিধান করাইবেন। মন্ত্র যথা—

"ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা বর্ণং পবিত্রং পুনতী ম আগাৎ। প্রাণাপানাভ্যাং বলমাদধানা স্বসা দেবী সুভগা মেখলেয়ম্।"

তৎপরে একটী ত্রিদণ্ডী-যজ্ঞসূত্র লইয়া মাণবকের গলদেশে দিবেন। মন্ত্র যথা—

"ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ।"

পরে অমন্ত্রক কৃষ্ণসার-চর্ম্মযুক্ত যজ্ঞোপবীত দিবেন। মাণবক নিম্ন-মন্ত্রে গ্রহণ করিবে যথা—"ওঁ মিত্রস্য চক্ষুর্ধরুণং বলীয়স্তেজো যশস্বী স্থবিরং সমিদ্ধং; অনাহনস্যং বসনং জরিষ্ণু পরীদং বাজ্যজিনং দধেঽহং।" তৎপরে মাণবক নিম্ন-মন্ত্রে পলাশাদি-দণ্ড গ্রহণ করিবে। মন্ত্র যথা—"ওঁ যো মে দণ্ডঃ পরাপতদ্ বৈহায়সোঽধিভূম্যাং তমহং পুনরাদদ আয়ুষে ব্রহ্মণে ব্রহ্মবর্চ্চসায়॥"

অনন্তর আচার্য্য মাণবকের অঞ্জলি জল দ্বারা পূর্ণ করিবেন, মন্ত্র যথা—"ওঁ আপোহি

১। একদিনে চূড়া, উপনয়ন ও সমাবর্ত্তন করিতে হইলে একবার মাত্র বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয়।

স্থা ময়ো ভূব স্তা ন উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে॥ ওঁ যোবঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ওঁ তস্মা অরং গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ।" মাণবক জলাঞ্জলি ত্যাগ করিলে আচার্য্য নিম্ন-মন্ত্র পাঠ করাইয়া তাহাকে সূর্য্য দেখাইবেন। যথা—

ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ।" পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং। শৃণুয়াম শরদঃ শতং প্রব্রবীম শরদঃ শতমদীনাঃ স্যাম শরদঃ শতং ভূয়শ্চ শরদঃ শতং।"

পরে মাণবকের দক্ষিণ স্কন্ধের উপরি দিয়া হস্ত দ্বারা মাণবকের হৃদয়দেশ স্পর্শ করিয়া পাঠ করিবেন, যথা—ওঁ মম ব্রতে তে হৃদয়ং দধামি মম চিত্তমনুচিত্তন্তেঽস্তু মম বাচমেকমনা জুষস্ব বৃহস্পতিস্ত্বা নিযুনক্তু মহ্যম।"

পরে দক্ষিণ-হস্তদ্বারা মাণবককে স্পর্শ করিয়া আচার্য নাম জিজ্ঞাসা করিবেন— "ওঁ কো নামাসি?" মাণবক বলিবে, "শ্রীঅমুকদেবশর্ম্মাহং ভোঃ।" আচার্য্য পুনর্ব্বার বলিবেন, "ওঁ কস্য ব্রহ্মচার্য্যসি।" মাণবক বলিবে,—"ওঁ ভবতঃ।" পরে গুরু নিম্ন-মন্ত্র পাঠ করিবেন—"ওঁ ইন্দ্রস্য ব্রহ্মচার্য্যস্যগ্নিরাচার্য্য-স্তবাহমাচার্য্যস্তব শ্রীঅমুকদেবশর্ম্মন্ (মাণবকের নাম)।" পরে আচার্য্য পাঠ করিবেন—"ওঁ প্রজাপতয়ে ত্বা পরিদদামি। দেবায় ত্বা সবিত্রে পরিদদামি। অদ্ভ্যস্ত্বৌষধিভ্যস্ত্বা পরিদদামি দ্যাবাপৃথিবীভ্যাং ত্বা পরিদদামি। বিশ্বেভ্য স্ত্বা দেবেভ্যঃ পরিদদামি। সর্ব্বেভ্যস্ত্বা ভূতেভ্যঃ পরিদদাম্যরিষ্ট্যৈ॥"

অনন্তর মাণবক, অগ্নি প্রদক্ষিণ করত আচার্য্যের উত্তরদিকে উপবিষ্ট হইলে—গুরু, অগ্নির দক্ষিণদেশে প্রাগগ্রকুশসহিত ব্রহ্মাসন আস্তৃত করিয়া—"ব্রহ্মন্নিহোপবিশ্যতাম্" বলিয়া ব্রহ্মাকে উপবেশন করাইয়া অগ্নির উত্তরে প্রণীতাপ্রণয়ন করত একবার অচ্ছিন্ন-কুশদ্বারা ঈশানকোণ হইতে দক্ষিণাবর্ত্তক্রমে অগ্নিপরিস্তরণ করত অগ্নির উত্তরে প্রয়োজনীয় দ্রব্য দক্ষিণাদি-ক্রমে স্থাপন করিবেন। যথা—পবিত্রচ্ছেদনার্থ কুশপত্রত্রয়, পবিত্রদ্বয়, প্রোক্ষণীপাত্র, আজ্যস্থালী, সম্মার্জ্জন-কুশ ছয়গাছ, উপযমনকুশ ত্রয়োদশ, সমিধ্ তিনটী, স্রুব, ঘৃত, ব্রহ্মদক্ষিণার্থ-পূর্ণপাত্র ও অপর তিনটী সমিধ।

পরে পবিত্রচ্ছেদন করিয়া প্রোক্ষণীপাত্রে স্থাপন, তদুপরি প্রণীতাজল দান, বামহস্ততলে প্রোক্ষণীপাত্র স্থাপন প্রভৃতি কার্য্য শেষ করিয়া দক্ষিণ-হস্তদ্বারা প্রোক্ষণীপাত্রস্থ জল গ্রহণ করত প্রোক্ষণী-জলদ্বারা প্রোক্ষণীজল ও অন্যান্যপাত্রসমূহ প্রোক্ষণ করিয়া, প্রণীতার দক্ষিণে প্রোক্ষণীপাত্র স্থাপন করিবেন। তদনন্তর সম্মুখে আজ্যস্থালী আনয়ন করত তন্মধ্যে ঘৃত রাখিয়া প্রতপ্ত করত প্রজ্বলিত-অগ্নি লইয়া আজ্যস্থালীকে তিনবার বেষ্টিত করিবেন, পরে সেই অগ্নি, অগ্নি মধ্যে নিক্ষেপ করিবেন। তৎপরে স্রুব প্রতপ্ত করিয়া সম্মার্জ্জন-কুশদ্বারা মূল হইতে অগ্র এবং পুনরায় অগ্র হইতে মূল পর্য্যন্ত মার্জ্জন ও পুনঃ প্রতপ্ত করত স্রুব প্রোক্ষণীর উত্তরে স্থাপন করিবেন। পরে নিজের সম্মুখে আজ্যস্থালী অবতারণ করিয়া প্রোক্ষণী-পাত্রস্থ পবিত্র গ্রহণ করত

কিঞ্চিৎ উত্তোলন-রূপ উৎপবন করিয়া আজ্য দর্শন করিবেন। তৎপরে বামহস্তদ্বারা প্রোক্ষণী জল ও উপযমনকুশ লইয়া উত্থিত হইয়া পূর্ব্বসাদিত সমিধ তিনটী অগ্নিতে নিক্ষেপ করিয়া উপবেশন করিবেন। পরে প্রোক্ষণী-পাত্রস্থ পবিত্রসহ জল গ্রহণ করিবেন এবং সেই জলদ্বারা ঈশান-কোণ হইতে দক্ষিণাবর্ত্তক্রমে অগ্নি পর্য্যুক্ষণ করিবেন। পরে প্রণীতাপাত্রে পবিত্র স্থাপন করিয়া সংস্রবার্থ প্রোক্ষণীপাত্র অগ্নির উত্তরে স্থাপন করিবেন।

অনন্তর অন্বারম্ভপূর্ব্বক (ব্রহ্মাসনের কুশের সহিত নিজের আসনকে অন্যকুশদ্বারা সংযুক্ত করিয়া) স্রুব গ্রহণ করত ঘৃতদ্বারা আবার আজ্যভাগ হোম করিবেন। যথা—

"ওঁ প্রজাপতয়ে স্বাহা—ইদং প্রজাপতয়ে। ওঁ ইন্দ্রায় স্বাহা—ইদমিন্দ্রায়। ওঁ অগ্নয়ে স্বাহা—ইদমগ্নয়ে। "ওঁ সোমায় স্বাহা—ইদং সোমায়।" প্রতি আহুতির অন্তে স্রুব লগ্ন ঘৃত প্রোক্ষণীপাত্রে রাখিবেন। তদনন্তর অন্বারম্ভ ত্যাগ করিয়া সমুদ্ভবনামক অগ্নির আবাহনপূর্ব্বক অর্চ্চনা করত মহাব্যাহৃতি হোম করিবেন, যথা—"ওঁ ভূঃ স্বাহা—ইদং ভূঃ। ওঁ ভুবঃ স্বাহা—ইদং ভুবঃ। ওঁ স্বঃ স্বাহা ইদং স্বঃ।"

তৎপরে উত্তরকুশণ্ডিকোক্ত বিধানে প্রায়শ্চিত্ত হোম করিবেন। (৫৪ পৃঃ দেখুন)।

তৎপরে "ওঁ প্রজাপতয়ে স্বাহা—ইদং প্রজাপতয়ে।" বলিয়া হোম করিয়া স্বিষ্টকৃদ্ধোম করিবেন, যথা—"ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা"—ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে।

তৎপরে সংস্রব-প্রাশন করিয়া আচমন পূর্ব্বক ব্রহ্মদক্ষিণা করত আচার্য্য মাণবককে বলিবেন, "ওঁ ব্রহ্মচার্য্যসি ?" মানবক বলিবে, "ওঁ ব্রহ্মচার্য্যস্মি।" পুনর্ব্বার আচার্য্য বলিবেন, "ওঁ অপোঽশান" পরে মানবক "ওঁ অপোঽশানি" বলিলে,—আচার্য্য বলিবেন, "ওঁ কর্ম্ম কুরু।" মানবক বলিবে "ওঁ করবানি।" আচার্য্য—"ওঁ মা দিবা স্বাপ্সীঃ।" মানবক—"ওঁ ন স্বপানি।" আচার্য্য—"ওঁ বাচং যচ্ছ।" মানবক—"ওঁ যচ্ছানি।" আচার্য্য—"ওঁ সমিধমাধেহি।" মানবক—"ওঁ আদধানি।" অতঃপর আচার্য্য অগ্নির উত্তরে পূর্ব্বমুখে উপবেশন করিলে দক্ষিণ-হস্তদ্বারা গুরুর দক্ষিণ চরণ এবং বামহস্তদ্বারা বাম চরণ ধারণানন্তর উপবিষ্ট মানবককে,—আচার্য্য নিম্নলিখিত নিয়মানুসারে গায়ত্রী পাঠ করাইবেন, যথা—প্রথমে প্রথম পাদ,—"তৎ সবিতুর্ব্বরেণ্যং" পরে দ্বিতীয় পাদ,—ভর্গো দেবস্য ধীমহি।" পরে তৃতীয় পাদ,—"ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।"

অনন্তর পাদার্দ্ধক্রমে পাঠ করাইবেন, যথা—তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি" ইতি প্রথম পাদার্দ্ধ। "ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ" ইতি দ্বিতীয় পাদার্দ্ধ, অনন্তর সমস্ত-গায়ত্রী তিনবার পাঠ করাইবেন। যথা—ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।" ওঙ্কারাদি ব্যাহৃতি সহিত সমস্ত-গায়ত্রী একবার পাঠ করাইবেন। যথা—"ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।"

পরে মানবক সমিদাধান করিবে। প্রথমে নিম্ন মন্ত্রে দক্ষিণহস্ত দ্বারা পরিসমূহন করিবে যথা।—"ওঁ অগ্নে সুশ্রবঃ সুশ্রবসং মা কুরু যথা ত্বমগ্নে সুশ্রবঃ সুশ্রবা অসি। এবং মা সুশ্রবঃ সৌশ্রবসং কুরু যথা ত্বমগ্নে দেবানাং যজ্ঞস্য নিধিপা অসি। এবমহং মনুষ্যাণাং দেবস্য নিধিপো ভূয়াসম্॥"

অতঃপর জলদ্বারা ঈশানকোণ হইতে দক্ষিণাবর্ত্তক্রমে অগ্নি পর্য্যুক্ষণ করিবে। পরে উত্থিত হইয়া নিম্নমন্ত্রে অগ্নিতে একটী ঘৃতাক্ত-সমিধ্ দান করিবে। মন্ত্র যথা—

"ওঁ অগ্নে সমিধমহার্ষং বৃহতে জাতবেদসে যথা ত্বমগ্নে সমিধা সমিধ্য স এবমহমায়ুষা মেধয়া বর্চ্চসা প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন সমিন্ধে জীবপুত্রো মমাচার্য্যো মেধাব্যহমসান্ত-নিরাকরিষ্ণুরায়ুষ্মান্, যশস্বী তেজস্বী ব্রহ্মবর্চ্চস্বান্নাদো ভূয়াসং স্বাহা—ইদমগ্নয়ে।" তৎপরে উক্ত পরিসমূহনাদিক্রমে অপর সমিধ্দ্বয় আহুতি দিয়া হস্তদ্বয় অগ্নিতে প্রতপ্ত করত সেই হস্ত-দ্বয় দ্বারা মানবক নিজমুখ মার্জ্জনা করিবে। পুনরায় হস্তদ্বয় প্রতপ্ত করিয়া নিম্নমন্ত্র পাঠ করত সর্ব্বাঙ্গ মার্জ্জনা করিবে, মন্ত্র যথা—

"ওঁ তনূপা অগ্নেঽসি তন্বং মে পাহ্যায়ুর্দ্দা অগ্নেঽসি আয়ুর্ম্মে দেহি বর্চ্চোদা অগ্নেঽসি বর্চ্চো মে দেহি অগ্নে যন্মে তন্বা উনং তন্ম আপৃণ। ওঁ মেধাং মে দেবঃ সবিতা আদধাতু মেধাং মে দেবী সরস্বতী আদধাতু মেধাং মে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ।"

পুনরায় পূর্ব্ববৎ উভয়-হস্ত প্রতপ্ত করিয়া সর্ব্বাঙ্গ মার্জ্জনা করিবে। যথা—

"ওঁ অঙ্গানি চ ম আপ্যায়ন্তাম্" (সর্ব্বাঙ্গ), "ওঁ বাক্ চ ম আপ্যায়তাম্" (মুখ), "ওঁ নাসিকা চ ম আপ্যায়তাম্" (নাসিকা), "ওঁ প্রাণশ্চ ম আপ্যায়ন্তাম্" (হৃদয়), "ওঁ চক্ষুশ্চ ম আপ্যায়তাম্" (উভয়-চক্ষুঃ), "ওঁ শ্রোত্রঞ্চ ম আপ্যায়তাম্" (উভয়-কর্ণ), "ওঁ যশো বলঞ্চ ম আপ্যায়তাম্," বলিয়া পুনঃ সর্ব্বাঙ্গ।

অনন্তর অনামিকা অঙ্গুলিযোগে ভস্মদ্বারা ললাটাদিতে তিলক করিবে। যথা—ললাটে "ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্।" গ্রীবায় "ওঁ যমদগ্নেস্ত্র্যায়ুষম্।" দক্ষিণাংসে ওঁ "যদ্দেবানাং ত্র্যায়ুষম্।" হৃদয়ে "ওঁ তন্মোঽস্তু ত্র্যায়ুষম্"।

অতঃপর মাণবক প্রথমতঃ মাতার নিকট ভিক্ষা প্রার্থনা করিবে। "ওঁ ভবতি ভিক্ষাং দেহি।" ভিক্ষা দেওয়া হইলে "ওঁ স্বস্তি" বলিবে। এইরূপ সর্ব্বত্র। পরে এইরূপে ভগিনী ও মাতৃস্বসার নিকট প্রার্থনা করিয়া পিতার নিকট প্রার্থনা করিবে।

"ওঁ ভবন্ ভিক্ষাং দেহি।"

পরে আচার্য্য শান্তি, আশীর্ব্বাদ ও অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

ব্রহ্মচারী মৌনী থাকিবে। অশক্ত-পক্ষে নিয়তবাক্ হইয়া দিনশেষ অতিবাহিত করত সন্ধ্যোপসনা করিয়া পূর্ব্ববৎ সমিদাধান-পূর্ব্বক অক্ষারলবণ ভোজন করিবে।

অথ বেদারম্ভ

ব্রহ্মচারী শুভদিনে স্বস্তিবাচনাদি পূর্ব্বক গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকাপূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ [১] করিয়া গুরুসমীপে গমন করিবে। গুরু, আত্ম-বামে ব্রহ্মচারীকে উপবেশন করাইয়া অগ্নি স্থাপন করত আঘারাজ্যভাগ হোম করিয়া পরে সমুদ্ভব নামক অগ্নিস্থাপন-পূর্ব্বক বেদাহুতি-হোম করিবেন, মন্ত্র যথা—

"অগ্নে ত্বং সমুদ্ভবনামাসি" বলিয়া অগ্নির নামকরণ করিয়া "সমুদ্ভবাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি বলিয়া আবাহন করিয়া "এতৎ পাদ্যং ওঁ সমুদ্ভবাগ্নয়ে নমঃ" এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া হোম করিবেন।

যথা—"ওঁ পৃথিব্যৈ স্বাহা—ইদং পৃথিব্যৈ। ওঁ অগ্নয়ে স্বাহা—ইদমগ্নয়ে। (ইতি ঋগ্বেদে)। ওঁ অন্তরীক্ষায় স্বাহা—ইদমন্তরীক্ষায়। ওঁ বায়বে স্বাহা—ইদং বায়বে। (ইতি যজুর্ব্বেদে)। ওঁ দিবে স্বাহা—ইদং দিবে। ওঁ সূর্য্যায় স্বাহা—ইদং সূর্য্যায়। (ইতি সামবেদে)। ওঁ দিগ্‌ভ্যঃ স্বাহা—ইদং দিগ্‌ভ্যঃ। ওঁ চন্দ্রমসে স্বাহা ইদং চন্দ্রমসে। (ইতি অথর্ব্ববেদে) সর্ব্ববেদ-সাধারণ আহুতি যথা—"ওঁ ব্রহ্মণে স্বাহা—ইদং ব্রহ্মণে। ওঁ ছন্দোভ্যঃ স্বাহা—ইদং ছন্দোভ্যঃ। ওঁ প্রজাপতয়ে স্বাহা—ইদং প্রজাপতয়ে। ওঁ দেবেভ্যঃ স্বাহা—ইদং দেবেভ্যঃ॥ ওঁ ঋষিভ্যঃ স্বাহা—ইদং ঋষিভ্যঃ। ওঁ শ্রদ্ধায়ৈ স্বাহা—ইদং শ্রদ্ধায়ৈ। ওঁ মেধায়ৈ স্বাহা ইদং মেধায়ৈ। ওঁ সদসস্পতয়ে স্বাহা—ইদং সদসস্পতয়ে। ওঁ অনুমতয়ে স্বাহা ইদং অনুমতয়ে।"

তদন্তর অন্বারম্ভপূর্ব্বক (ব্রহ্মাসন ও নিজ আসনের সহিত একটী কুশ সংযুক্ত করিয়া) মহাব্যাহৃতি-হোম করিবেন যথা—"ওঁ ভূঃ স্বাহা—ইদং ভূঃ। ওঁ ভুবঃ স্বাহা—ইং ভুবঃ। ওঁ স্বঃ স্বাহা—ইদং স্বঃ॥"

পরে প্রায়শ্চিত্ত-হোম (পৃঃ ৫৪) করিবেন। অতঃপর ব্রহ্মদক্ষিণা করত আচার্য্য, পূর্ব্বমুখে উপবিষ্ট হইয়া ব্রহ্মচারীর মুখের দিকে দৃষ্টিপাত করিয়া থাকিবেন। ব্রহ্মচারী পশ্চিমমুখে বসিয়া দক্ষিণ-হস্ত দ্বারা আচার্য্যের দক্ষিণচরণ এবং বামহস্তদ্বারা আচার্য্যের বামচরণ ধারণপূর্ব্বক আচার্য্যের প্রতি দৃষ্টিপাত করিবে। পরে আচার্য্য গায়ত্রী পাঠক্রমে বেদাধ্যয়ন করাইবেন। যথা—

ঋগ্বেদাদিমন্ত্রস্য মধুচ্ছন্দ ঋষিরগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ স্বাধ্যায়ে বিনিয়োগঃ। "ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্॥ যজুর্ব্বেদাদিমন্ত্রস্য পরমেষ্ঠীঋষিঃশাখাবৎসগাবোদেবতা শাখাচ্ছেদনসন্নয়নবৎসোপস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ ইষেত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥ সামবেদাদিমন্ত্রস্য গোতমঋষির্গায়ত্রীচ্ছন্দঃঅগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ॥ ও অগ্ন আয়াহি বীতয়ে। গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি॥ অথর্ব্ববেদাদিমন্ত্রস্য

১। একদিনে সমস্ত কার্য্য করিলে পৃথক বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয় না।

দধ্যঙ্ঙাথর্ব্বণ ঋষিরাপোদেবতা গায়ত্রীছন্দঃ শান্তিকরণে বিনিয়োগঃ। ওঁ শন্নো দেবীর-ভিষ্টয়ে। আপো ভবন্তু পীতয়ে। শংযোরভি স্রবন্তু নঃ" ॥

তদনন্তর দক্ষিণা, শান্তি, আশীর্ব্বাদ ও অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

অথ সমাবর্ত্তন

ব্রহ্মচারী, নিবন্ধোক্তকালে শুভদিনে আচার্য্যকে দক্ষিণাদ্বারা সন্তুষ্ট করিয়া বলিবে—"গুরো স্নাস্যামি॥" আচার্য্য বলিবেন—"স্নাহি"। তৎপরে ব্রহ্মচারী স্বস্তিবাচনাদি পূর্ব্বক বৃদ্ধিশ্রাদ্ধাদি সম্পন্ন করিয়া ছায়ামণ্ডপে সমাসীন-আচার্য্যসমীপে উপস্থিত হইয়া তাঁহার উত্তরদিকে উপবেশন করিলে—আচার্য্য, পূর্ব্ববৎ যথাবিধি অগ্নি স্থাপন করিয়া "অগ্নে ত্বং তেজোনামাসি" বলিয়া অগ্নির নামকরণাদি করিয়া হোম করিবেন। প্রথমে দ্রব্যাসাদন যথা,—পূর্ব্বাগ্রকুশোপরি পশ্চিমাদিক্রমে জলপূর্ণ মুখে আম্রপল্লবযুক্ত কুশসহিত আটটী কলসী, দ্বাদশাঙ্গুল পরিমিত-উড়ুম্বর-কাষ্ঠনির্ম্মিত দন্ত-কাষ্ঠ, পিষ্ঠ-তিল-পিণ্ড, অনুলেপনার্থ সুগন্ধি দ্রব্য, পরিধান ও উত্তরীয়ার্থ নূতন-বস্ত্রদ্বয়, উষ্ণীষার্থ নববস্ত্র, যজ্ঞোপবীত, পুষ্প, সুবর্ণ-কুণ্ডলদ্বয়, অঞ্জন, দর্পণ, ছত্র, পাদুকাযুগল এবং বৈণবদণ্ড প্রভৃতি। অনন্তর পূর্ব্ববৎ অন্বারম্ভপূর্ব্বক স্রুবদ্বারা আঘারাজ্যভাগ-হোম করিয়া পুনর্ব্বার পূর্ব্ববৎ বেদাহুতি-হোম করত সর্ব্ববেদ-সাধারণ-আহুতি দিবেন (৭২ পৃঃ বেদারম্ভ দেখুন)। তৎপরে অন্বারম্ভপূর্ব্বক মহাব্যাহৃতি-হোম করিবেন। যথা—

"ওঁ ভূঃ স্বাহা—ইদং ভূঃ। ওঁ ভুবঃ স্বাহা—ইদং ভুবঃ। ওঁ স্বঃ স্বাহা—ইদং স্বঃ॥"

অতঃপর প্রায়শ্চিত্ত হোমের সংকল্প করিয়া "অগ্নে ত্বং বিধুনামসি" এই নামকরণ করিয়া "ওঁ তন্নোঽগ্নে" ইত্যাদি মন্ত্রে প্রায়শ্চিত্ত হোম ও (৫৪ পৃঃ) প্রাজাপত্যহোম এবং স্বিষ্টকৃদ্ধোম প্রভৃতি সম্পাদন করিবে, পরে 'অগ্নে ত্বং মৃড়নামাসি' বলিয়া নামকরণ আবাহন ও পূজা করিয়া পূর্ণাহুতি দিবেন। সংস্রব প্রাশন আচমন ও ব্রহ্মদক্ষিণা করিয়া তদনন্তর "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব।" এই মন্ত্রে অগ্নির ঈশানকোণে প্রদান করিবেন। পরে "ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্"—ইত্যাদি মন্ত্রে তিলকদান করিবেন। পরে ব্রহ্মচারী গুরুর পাদগ্রহণ করিয়া সায়ংকালে ও প্রাতঃকালে সমিদাধান করিবে।

পরে অগ্নির উত্তরে পূর্ব্বাগ্র কুশোপরি পশ্চিমাদি হইতে পঙ্‌ক্তিক্রমে পূর্ব্বস্থাপিত জলপূর্ণ কলস-সমূহের এক একটী কলস হইতে পশ্চিমাদিক্রমে এক এক অঞ্জলি জল লইয়া নিজেকে অভিষিক্ত করিবে। যথা—

"ওঁ যে অপ্স্বন্তরগ্নয়ঃ প্রবিষ্টা গোহ্য উপগোহ্যঃ ময়ূখো মনোহাঃ খলো বিরুজ-স্তনূদূষিরিন্দ্রিয়হা তান্ বিজহামি যো রোচনস্তমিহ গৃহ্ণামি। ওঁ যদপাংক্রূরং যদপামশান্ত যতীতং সৃজামি যো রোচনস্তমিহ গৃহ্ণামি।"

এই মন্ত্র পাঠ করিয়া পশ্চিমকলসী হইতে এক অঞ্জলি জল লইয়া নিম্ন-মন্ত্রে আত্মাকে অভিষিক্ত করিবে। মন্ত্র যথা—

"ওঁ তেন মামভিষিঞ্চামি শ্রিয়ৈ যশসে ব্রহ্মণে ব্রহ্মবর্চ্চসায়। যেন শ্রিয়মকৃণুতাং যেনাবমৃষতাং সুরান্। যেনাক্ষাবভ্যসিঞ্চতাং যদ্বাং তদশ্বিনৌ যশঃ।"
পরে পূর্ব্বস্থাপিত দ্বিতীয়কলস হইতে পূর্ব্বোক্ত মন্ত্রে জল লইয়া—"ওঁ আপো হিষ্ঠা।"—ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে।

পরে তৃতীয় কলস হইতে ঐ মন্ত্রে জল লইয়া—"ওঁ যো বঃ শিবতমোরসঃ"—ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে। পূর্ব্বোক্ত মন্ত্রে চতুর্থ কলস হইতে জল লইয়া "ওঁ তস্মা অরংগমাম"—ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে। পরে উক্ত মন্ত্রেই পঞ্চমাদি অবশিষ্ট কলস হইতে জল লইয়া অমন্ত্রক অভিষেক করিবে।

তৎপরে নিম্নোক্ত-মন্ত্র পাঠ করিয়া মস্তকের উপর দিয়া মেখলা উন্মোচন করিবে। যথা—

"ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদবাধমং বিমধ্যমং শ্রথায়। অথ বয়মাদিত্যব্রতে তবানাগসোঽদিতয়ে স্যাম।" অতপর মেখলা ভূমিতে নিক্ষেপপূর্ব্বক বিনামন্ত্রে উত্তরীয় প্রভৃতিও ত্যাগ করিবে। নূতন-শুদ্ধবস্ত্র পরিধান করত "ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্ণুরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ প্রাতর্যাবভিরস্থাৎ দশসনিরসি দশসনিং মা কুর্ব্বাত্বাবিদন্মাগময়। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্ণুরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ দিবা যাবভিরস্থাৎ শতসনিরসি শতসনিং মা কুর্ব্বত্বা বিদন্মাগময়॥" "ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্ণুরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ সায়ং যাবভিরস্থাৎ সহস্রসনিরসি সহস্রসনিং মাকুর্ব্বাত্বা বিদন্মাগময়॥ এই মন্ত্রে আদিত্যো-পস্থান করিবে।

অনন্তর দধি ও তিল কেশে মাখাইয়া কেশ মুণ্ডন ও নখ কর্ত্তন করত পূর্ব্বাসাদিত দন্তকাষ্ঠদ্বারা দন্তধাবন করিবে। মন্ত্র যথা—

"ওঁ অন্নাদ্যায় ব্যূহধ্বং সোমো রাজা সমাগমৎ। স মে মুখং প্রমার্ক্ষ্যতে যশসা চ ভগেন চ।"

তৎপরে সুগন্ধি দ্রব্য ম্রক্ষণ করিয়া স্নান ও আচমন করিয়া সুগন্ধি দ্রব্যদ্বারা হস্তদ্বয় লেপন করত নাসিকা ও মুখে লেপন করিবে। মন্ত্র যথা—

"ওঁ প্রাণাপানৌ মে তর্পয়, চক্ষুর্মে তর্পয়, শ্রোত্রং মে তর্পয়।"

তৎপরে সুগন্ধি-লিপ্ত হস্তদ্বয়ে জলাঞ্জলি গ্রহণপূর্ব্বক "ওঁ পিতরঃ শুন্ধধ্বম্" বলিয়া পিতৃ-তীর্থদ্বারা দক্ষিণদিকে কুশোপরি দিবে। তদনন্তর সর্ব্বগাত্রে সুগন্ধিঅনুলেপনপূর্ব্বক মন্ত্র জপ করিবে। যথা—

"ওঁ সুচক্ষা অহমক্ষিভ্যাং ভূয়াসম্। ওঁ সুবর্চ্চা মুখেন ভূয়াসম্ ওঁ সুশ্রুতঃ কর্ণাভ্যাং ভূয়াসম্॥" পরে অজিনোত্তরীয় ত্যাগ করিয়া বক্ষ্যমাণ মন্ত্রে নূতন-বস্ত্র পরিধান করিবে, "ওঁ পরিধাস্যে যশোধাস্যে দীর্ঘায়ুত্বায় জরদষ্টিরস্মি শতঞ্চ জীবামি শরদঃ সুবর্চ্চা রায়স্পোষমভিসংব্যয়য়িষ্যে।" পরে—"ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ। এই মন্ত্রে যজ্ঞোপবীত

ধারণ করিয়া বক্ষ্যমাণ মন্ত্রে উত্তরীয়বস্ত্র ধারণ করিবে—"ওঁ যশসা মা দ্যাবাপৃথিবী যশসেন্দ্রাবৃহস্পতী যশো ভগশ্চ মাবিদদ্‌যশো মা প্রতিপদ্যতাম্‌।" পরে নিম্ন মন্ত্রপাঠ করিয়া পুষ্প গ্রহণ করিবে। যথা—

"ওঁ যা আহরদযমদগ্নিঃ শ্রদ্ধায়ৈ মেধায়ৈ কামায়েন্দ্রিয়ায়। তা অহং প্রতিগৃহ্ণামি যশসা চ ভগেন চ" তৎপরে বক্ষ্যমাণ-মন্ত্র পাঠ করিয়া মালা ধারণ করিবে। যথা—"ওঁ যদ্‌ যশোঽপ্সরসামিন্দ্রশ্চকার বিপুলং পৃথু। তেন সংগ্রথিতাঃ সুমনস আবধ্নামি যশো ময়ি।" অনন্তর নিম্ন-মন্ত্র পাঠ করিয়া শুভ্র বস্ত্র দ্বারা মস্তক বেষ্টন করিবে, যথা—"ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্‌ ভবতি জায়মানঃ, তন্ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবন্তঃ।" পরে নিম্ন-মন্ত্র পাঠ করত কর্ণে সুবর্ণ কুণ্ডল পরিধান করিবে—"ওঁ অলঙ্করণমসি ভূয়ঃ অলঙ্করণং ভূয়াঃ।" পরে চক্ষুর্দ্বয়ে অঞ্জন দান করিবে। মন্ত্র যথা—

"ওঁ বৃত্রস্য কনীনিকাসি চক্ষুর্দ্দা অসি চক্ষুর্ম্মে দেহি।" পরে দর্পণে আত্মমুখ দর্শন করিবে—"ওঁ রোচিষ্ণুরসি।" পরে "ওঁ বৃহস্পতেশ্ছদিরসি পাপ্‌মনো মামন্তর্দ্ধেহি। তেজসো যশসো মামন্তর্দ্ধেহি।" এই মন্ত্রে ছত্র ধারণ করিবে। তৎপরে বক্ষ্যমাণ-মন্ত্রে পদদ্বয়ে উপানহ (জুতা) ধারণ করিয়া পাঠ করিবে—

"ওঁ প্রতিষ্ঠে স্থো বিশ্বতো মা পাতম্‌।" পরে পরবর্ত্তী-মন্ত্রে বৈণবদণ্ড (বাঁশের দণ্ড) ধারণ করিবে—"ওঁ বিশ্বাভ্যো মা নাষ্ট্রাভ্যঃ পরিপাহি সর্ব্বতঃ।" অতঃপর পূর্ব্ব-গৃহীত বিল্বদণ্ড অগ্নিতে নিক্ষেপ করিবে।

অনন্তর আচার্য্য বিবাহ-পদ্ধতি ক্রমে বিষ্টর, পাদ্য, অর্ঘ, আচমনীয়, মধুপর্ক প্রভৃতি দ্বারা শিষ্যের পূজা করিয়া শান্তি, আশীর্ব্বাদ, কর্ম্মকারয়িতৃ ব্রাহ্মণকে দক্ষিণাদান ও অচ্ছিদ্রাবধারণ করিবেন। তৎপরে মাণবক আচারানুসারে মাঙ্গলিক-কর্ম্ম করিয়া ত্রিরাত্র ব্রহ্মচারি-ভাবে নিরামিষ-ভোজন করিবে।

অথ শালা কর্ম্ম

গৃহস্বামী,—জ্যোতিঃশাস্ত্রোক্ত-শুভদিনে নিত্যক্রিয়া-সমাপন পূর্ব্বক বাস্তু পূজাদি দ্বারা পরিশুদ্ধ-ভূমিতে উপবেশন করত স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবেন। যথা—

"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেতাদি অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বসম্পত্তিসিদ্ধিকামঃ পারস্করোক্তবিধিনা শালাকর্ম্মাহং কুর্ব্বীয়।" এইরূপ সঙ্কল্প করিয়া গণপত্যাদি নানাদেবতার পূজা করত স্তম্ভারোপণার্থ অগ্ন্যাদি চতুষ্কোণে গর্ত্ত করিয়া তাহাতে "ওঁ অচ্যুতায় ভৌমায় স্বাহা" বলিয়া তিনবার স্রুব দ্বারা প্রত্যেকস্থানে আজ্যাহুতি প্রদান করত "ওঁ ইমামুচ্ছ্রয়ামি ভুবনস্য নাভিং বসোর্ধারাং প্রতরণীং বসূনাম। ইহৈব ধ্রুবং নিমিনোমি শালাং ক্ষেমে তিষ্ঠতু ঘৃতমুক্ষমাণা। অশ্ববতী গোমতী সূনতা সুমহতে সৌভগায়। আত্মা শিশুবক্রো গাবো ধেনবো বশ্যমানাঃ। আত্মা কুমারস্তরুণং আবৎসো জগদৈঃ

সহ। আত্মা পরিশ্রুতঃ কুম্ভ আদধুঃ কলসে রূপং। ক্ষেমস্ত পত্নী বৃহতী সুবামা রয়িন্নো ধেহি সুভগে সুবীর্য্যং। অশ্বাবদ্গোমদূর্জ্জস্বৎপর্ণাং বনস্পতেরিব। অভি নঃ পূর্বতাং রয়িরিদমনুশ্রেয়ো বসানঃ।" এই মন্ত্রে চারিদিকে চারিটা স্তম্ভ রোপণ করিবেন।

পরে গৃহ-নির্ম্মাণ হইলে কর্ত্তা পুণ্যদিনে শুভলগ্নে প্রাতঃকালে আচার বশতঃ স্বীয়-মস্তকে এক আঢ়ক ধান্য লইয়া ও কক্ষস্থিত জলপূর্ণ-কলসযুক্তপত্নীর সহিত বিপরীত-ভাবে[১] গৃহ প্রবেশ করিয়া মাতৃকাপূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ সম্পন্ন করিয়া গৃহাভ্যন্তরে স্বগৃহ্যোক্ত-প্রকারে অগ্নিস্থাপন করত প্রোক্ষণীস্থাপনান্ত-কর্ম্ম করিয়া চরু-পাক করিবেন। যথা—

অগ্নির পশ্চিমদিকে পূর্ব্বস্থাপিত তণ্ডুল হইতে "ওঁ বাস্তোষ্পতি-অগ্নীন্দ্র-বৃহস্পতি-বিশ্বদেব-সরস্বতী-বাজীভ্যস্ত্বা জুষ্টং গৃহ্লামি।" এই মন্ত্রে এক মুষ্টি তণ্ডুল গ্রহণ করিয়া "ওঁ বাস্তোষ্পতি-অগ্নীন্দ্র, বৃহস্পতি-বিশ্বদেব-সরস্বতী-বাজীভ্যস্ত্বা জুষ্টং নির্ব্বপামি।" বলিয়া উদূখলে স্থাপন ও "ওঁ বাস্তোষ্পতি, অগ্নীন্দ্র-বৃহস্পতি-বিশ্বদেব-সরস্বতী-বাজীভ্যস্ত্বা জুষ্টং প্রোক্ষামি।" বলিয়া প্রোক্ষণীপাত্রস্থ জলদ্বারা প্রোক্ষণ করিবেন। এই ক্রমে সর্প-দেব-জন-সর্ব্ব-হিমবৎ-সুদর্শন-বসু রুদ্রাদিত্যেশানজগদেভ্যস্ত্বা ইত্যাদি।" পূর্ব্বাহ্না-পরাহ্নমধ্যন্দিন-প্রদোষার্দ্ধরাত্র-ব্যুষ্টাদেবী-মহাপথাভ্যস্ত্বা" ইত্যাদি। "কর্ত্তৃ-বিকর্ত্তৃ-বিশ্বকর্ম্মৌষধিবনস্পতিভ্যস্ত্বা" ইত্যাদি। "ধাতৃবিধাতৃ-নিধিপতি-স্যোন-শিব-ব্রহ্ম-প্রজাপতিসর্ব্বদেবতাভ্যস্ত্বা"…। "অগ্নয়ে স্বিষ্টকৃতে ত্বা"…বলিয়া গ্রহণ, নির্ব্বপণ ও প্রোক্ষণ করিয়া আমন্ত্রক দুই মুষ্টি তণ্ডুল গ্রহণ নির্ব্বপণ ও প্রোক্ষণ করিবেন।

অতঃপর মুষলদ্বারা আঘাত করিয়া কুলাদ্বারা তিনবার ঝাড়িয়া প্রক্ষালন করত চরুস্থালীতে দুগ্ধসহ তণ্ডুল প্রদান করিয়া প্রণীতা-জল-দ্বারা অভ্যক্ষণপূর্ব্বক অগ্নিতে চরু-পাক করিবেন।

পরে চরু-পাক হইলে জ্বলন্ত কাষ্ঠদ্বারা স্থালীমধ্য দেখিয়া তাহাতে ঘৃতধারা দিয়া অগ্নির উত্তরদিকে নামাইয়া পুনর্ব্বার তাহাতে ঘৃতধারা দিবেন। পরে পত্নীর সহিত গৃহদ্বার হইতে বহির্গমন করিয়া "ওঁ ব্রহ্মন্ প্রবিশামি" বলিলে, ব্রাহ্মন্ বলিবেন—"ওঁ প্রবিশ" পরে "ওঁ ঋচং প্রপদ্যে শিবং প্রপদ্যে"। এই মন্ত্রে গৃহপ্রবেশ করিবেন। অনন্তর অগ্নির পশ্চিমদিকে উপবেশন করিয়া আঘারাজ্যভাগান্ত-কুশণ্ডিকা করিবেন। যথা—

প্রথমে "ওঁ অগ্নে ত্বং ভব নামাসি" অগ্নির এই নাম করণ করিয়া আবাহন "ওঁ পিঙ্গভ্রু ইত্যাদি ধ্যান পাঠ করিয়া পূজা করত "ওঁ ইহ রতিবিহ রমস্ব ইহ স্বধৃতিঃ স্বাহা। ইদমগ্নয়ে ॥ ১ ॥ ওঁ উপসৃজন্ধরুণং মাত্রে ধরণং মাতরন্ধয়ন্ রায়স্পোষমস্মাসু দীধরৎ স্বাহা। ইদমগ্নয়ে ॥ ২ ॥" এই দুইটী মন্ত্রে দুইবার ঘৃতাহুতি দিয়া ঘৃতদ্বারা বাস্তহোম করিবেন। যথা—"ওঁ বাস্তোষ্পতে প্রতিজানীহ্যস্মান্ স্বাবেশো অনমীবো ভবানঃ। যত্তেমহে

১। অগ্রে পত্নী পশ্চাৎ স্বামী গমন করিবেন, প্রমাণ যথা…গৃহপ্রবেশ বিপরীতযাত্রা।"

প্রতিতন্নো জুষস্ব শন্নো ভব দ্বিপদেশঞ্চতুষ্পদে স্বাহা ॥ ১ ॥ প্রত্যেক বারেই "ইদং বাস্তোষ্পতয়ে" এই মন্ত্র বলিয়া প্রত্যাহুতি দিতে হইবে। "ওঁ বাস্তোষ্পতে প্রতরণো ন এধি গয়স্ফানো গোভিরশ্বেভিরিন্দো। অজরাসস্তে সখ্যেস্থাম পিতেব পুত্রান্ প্রতিমো জুষস্ব স্বাহা ॥ ২ ॥ ওঁ বাস্তোষ্পতে শগ্ময়া সংসদাতে সক্ষীমহিরণ্ময়া গাতুমত্যা। পাহি ক্ষেম উত যোগে বরং নো য়ুয়ং পাত স্বস্তিভিঃ সদা নঃ স্বাহা ॥ ৩ ॥ ওঁ অমীবহা বাস্তোষ্পতে বিশ্বারূপাণ্যাবিশন্ সখা সুশেব এধি নঃ স্বাহা ॥ ৪ ॥"

পরে অবদান ধর্ম্মে ১ চরুগ্রহণ করিয়া "ওঁ অগ্নি মিন্দ্রং বৃহস্পতিং বিশ্বান্ দেবানুপহ্বয়ে। সরস্বতীঞ্চ বাজীঞ্চ বাস্তু মে দদতু বাজিনঃ স্বাহা—ইদমগ্নীন্দ্র-বৃহস্পতি-বিশ্বদেবসরস্বতীবাজীভ্যঃ।" পুনর্ব্বার ঐ রূপে গ্রহণ করিয়া "ওঁ সর্পদেব-জানন্ সর্ব্বান্ হিমবন্তং সুদর্শনং বসুংশ্চ রুদ্রানাদিত্যানীশানং জগদৈঃ সহ। এতান্ সর্ব্বান্ প্রপদ্যেহহং বাস্তু মে দদতু বাজিনঃ স্বাহা—ইদং সর্পদেবজনসর্ব্বহিমবৎ-সুদর্শনবসুরুদ্রাদিত্যেশান-জগদেভ্যঃ।" পুনরপি ঐ রূপে গ্রহণ করিয়া ওঁ "পূর্ব্বাহ্নমপরাহ্নঞ্চোভৌ মধ্যন্দিনা সহ। প্রদোষমর্দ্ধরাত্রঞ্চ ব্যুষ্টাং দেবীঃ মহাপথাং। এতান্ সর্ব্বান্ প্রপদ্যেহহং বাস্তু মে দদতু বাজিনঃ স্বাহা—ইদং পূর্ব্বাহ্নাপরাহ্নমধ্যন্দিনপ্রদোষার্দ্ধরাত্রব্যুষ্টাদেবীমহাপথাভ্যঃ।" "ওঁ কর্ত্তারঞ্চ বিকর্ত্তারং বিশ্বকর্ম্মাণমোষধীংশ্চ বনস্পতীন্ এতান্ সর্ব্বান্ প্রপদ্যেহহং বাস্তু মে দদতু বাজিনঃ স্বাহা—ইদং কর্ত্তৃবিকর্ত্তৃবিশ্বকর্ম্মৌষধিবনস্পতিভ্যঃ।" "ওঁ ধাতারঞ্চ বিধাতারং নিধীনাং পতিভিঃ সহ। এতান্ সর্ব্বান্ প্রপদ্যেহহং বাস্তু মে দদতু বাজিনঃ স্বাহা—ইদং ধাতৃবিধাতৃনিধিপতিভ্যঃ।" "ওঁ স্যোনং শিবমিদং বাস্তু দত্তাং ব্রহ্ম প্রজাপতী-সর্ব্বাশ্চ দেবতা স্বাহা—ইদং স্যোন-শিব-ব্রহ্ম-প্রজাপতি-সর্ব্বদেবতাভ্যঃ।" পুনর্ব্বার প্রচুর চরু গ্রহণ করিয়া "ওঁ অয়াশ্চাগ্নের্ব্বষট্ যৎ কর্ম্মণোহত্যরীরিচং দেবাগাতু বিদো গাতুং বিত্ত্বা গাতুমিত মনসম্পত ইমং দেবযজ্ঞং স্বাহা—ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে"।

অতঃপর মহাব্যাহৃতি হোম করিয়া ব্রহ্মদক্ষিণা দিয়া উড়ুম্বর-পত্র সক্ষীর জল, দূর্ব্বা, গোময়, দধি, ঘৃত, কুশ ও যব কাংস্যপাত্রে লইয়া গৃহভিত্তিস্থিত নাগদন্ত, শিক্যসমূহ (শিকা), দেবতাস্থান ও প্রসিদ্ধ স্থানসমূহে অমন্ত্রক প্রোক্ষণ করিবেন। অতঃপর এই সমস্ত দ্রব্যদ্বারা নিম্নলিখিত মন্ত্রে গৃহের অগ্নিকোণ শোধন করিবেন। যথা—

"ওঁ শ্রীশ্চ ত্বা যশশ্চ পূর্ব্বে সন্ধৌ গোপায়েতাম্।" নৈঋ৾তকোণ; যথা—"ওঁ যজ্ঞশ্চ ত্বা দক্ষিণা চ দক্ষিণে সন্ধৌ গোপায়েতাম্।" বায়ুকোণ, যথা—"ওঁ অন্নঞ্চ ত্বা ব্রাহ্মণশ্চ প্রতীচ্যাং সন্ধৌ গোপায়েতাম্।" এবং ঈশানকোণ "ওঁ উর্ক্ ত্বা সুনৃতাশ্চোত্তরে সন্ধৌ গোপায়েতাম্।" বলিয়া শোধন করিবেন। অনন্তর গৃহদ্বার হইতে বহির্গমন

১। অবদান ধর্ম্ম যথা—

প্রথমে চরুস্থালীতে ঘৃতদিয়া স্রুব (ঘৃত গ্রহণপাত্র) দ্বারা ঘৃত গ্রহণ করিয়া স্রুচে (চরু-গ্রহণপাত্রে) ঘৃত দিয়া পুনর্ব্বার চরুতে ঘৃত দিয়া চরুগ্রহণ করিয়া পুনরপি চরুর উপরিভাগে ঘৃত দিয়া হোম করিবে।

করিয়া গৃহের পূর্ব্বদিকে গমন করত পূর্ব্বমুখ হইয়া, কৃতাঞ্জলি পুরঃসর নিম্ন-মন্ত্র পাঠ করিবেন। যথা—

"ওঁ কেতা চ মা সুকেতা চ পুরস্তাদ্-গোপায়েতামিত্যগ্নির্ব্বৈ কেতাদিভ্যঃ সুকেতা তৌ প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তু তৌ মা পুরস্তাদ্গোপায়েতাম্।" দক্ষিণদিকে গমন করিয়া দক্ষিণমুখ হইয়া "ওঁ গোপায়মানঞ্চ মা রক্ষমাণা চ তে প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তু তৌ মা দক্ষিণতো গোপায়েতাম্।" পশ্চিমদিকে গমন করত পশ্চিমমুখ হইয়া "ওঁ দীদিবিশ্চ মা জাগৃবিশ্চ পশ্চাদ্গোপায়েতামিত্যন্নং বৈ দীদিবিঃ প্রাণো জাগৃবিস্তৌ প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তু তৌ পশ্চাদ্গোপায়েতাম্।" উত্তরদিকে গমন করিয়া উত্তরমুখ হইয়া "ওঁ অস্বপ্নশ্চ মানবদ্রাণশ্চোত্তরতো গোপায়েতাম্। ওঁ চন্দ্রমা বা অস্বপ্নোত্যহর্বৈ গোপায়মাণং রাত্রিররক্ষমাণা তে প্রপদ্যে তাভ্যাং নমোঽস্তুতে মাদক্ষিণতোগোপায়েতাম্।" "বায়ুরণবদ্রাণস্তৌ প্রপদ্যে। তাভ্যাং নমোঽস্তু তৌ মোত্তরতো গোপায়েতাম্।"

অনন্তর নিম্ন-মন্ত্র পাঠ করিয়া গৃহ প্রবেশ করিবেন। যথা—

"ওঁ ধর্ম্মস্থূণারাজ্যং শ্রীস্তূপমহোরাত্রে দ্বারফলকে। ইন্দ্রস্য গৃহা বসুমন্তো বরূথিন স্তানহং প্রপদ্যে সহ প্রজয়া পশুভিঃ সহ যন্মে কিঞ্চিদস্ত্যুহূতঃ সর্ব্বগণঃ সখায়ঃ সাধু সংবৃতঃ। তাং ত্বা শালেঽরিষ্টবীরা গৃহা নঃ সন্তু সর্ব্বতঃ।" অতঃপর "ওঁ অদ্যেত্যাদিকৃতৈতৎশালা-কর্ম্মসিদ্ধ্যর্থং দক্ষিণামিদং কাঞ্চনং তন্মূল্যং বা শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব-গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" এই বলিয়া দক্ষিণা করত শান্তি, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য প্রশমন করিবেন।

শালা কর্ম্ম সমাপ্ত

ইতি যজুর্ব্বেদীয়-দশকর্ম্ম সমাপ্ত

ঋগ্বেদীয়-দশকর্ম্ম

অথ বিবাহ

করণ—কোনও কোনও দেশে 'করণ' নামক ক্রিয়ার অনুষ্ঠান দেখা যায়। যাঁহাদের ব্যবহার আছে তাঁহাদের জন্য প্রণালী লিখিত হইতেছে।

কন্যার পিতা ও বরের পিতা উভয়ে বিবাহ দিবসে প্রাতঃকালে স্নান ও সন্ধ্যাপূজাদি সমাপন করিয়া দুইটী মাটীর হাঁড়ি, দুইটী কুশময় ব্রাহ্মণ, কুশাঙ্গুরীয়, ত্রিপত্র ও কিঞ্চিৎ আতপতণ্ডুল লইয়া কোন জলাশয়ে উপস্থিত হইবেন। প্রথমে কন্যার পিতা জলমধ্যে দণ্ডায়মান হইয়া আচমন ও স্বস্তিবাচন করিয়া কুশব্রাহ্মণ দুইটীকে বর ও কন্যারূপে কল্পনা করিয়া যথাক্রমে মাটীর হাঁড়ি দুইটীতে জলসহিত স্থাপন করত দক্ষিণ হস্তদ্বারা একটীকে ধরিয়া পাঠ করিবেন। যথা—

বিষ্ণুরোঁ তৎসদস্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুক-দেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকী-দেবীং কন্যাং দাতুমহং প্রতিজানে। অতঃপর বরপিতাও অপর হাঁড়ির মধ্যস্থিত কুশব্রাহ্মণ দক্ষিণ হস্তে ধারণ করিয়া পূর্ব্ববৎ পাঠ করিবেন।

কালেশিনাপণ্ডিতেন স্মৃতিন্যায়ার্থদর্শিনা।
ঋগ্বেদিনাং নিষেকাদৌ পদ্ধতিঃ ক্রিয়তে শুভা॥

বিবাহ-কার্য্যের পূর্ব্বেই ইন্দ্রাণীকর্ম্ম করিতে হয়, তাহার প্রণালী যথা—

প্রতিমুখে উপবেশন করিয়া উর্দ্ধদেশে চন্দ্রাতপ আচ্ছাদন করত বক্ষ্যমাণ মন্ত্রানুসারে কার্পাস-সূত্রদ্বারা প্রত্যেকদিকে ত্রিবেষ্টন করিবে। মন্ত্র—"ওঁ ইন্দ্রাণী মাসুমাবাস্য সুভগামাহশ্রবং। নহস্য অপরঞ্চনজরসা মরতে পতির্ব্বিশ্বস্মাদিন্দ্র উত্তরঃ।" অতঃপর বক্ষ্যমাণমন্ত্রে কেশ-কলাপে উর্ণাসূত্র বন্ধন করিবেন। "ওঁ অগ্নে বিশ্বেভিঃ স্বনীক দেবৈরূর্ণাবন্তং প্রথমঃ সীদযোনিঃ কুলায়িনং ঘৃতবন্তং সবিত্রে যজ্ঞং নয় যজমানায় সাধু।"

অনন্তর কন্যাদাতা বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া অর্হণার্থ বিষ্টর, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, দধি, মধু এবং দুটী কাংস্যপাত্র ও একটি গো প্রভৃতি দ্রব্য স্থাপন করিবেন। তৎপরে কন্যাদাতা শুভচরলগ্নে উত্তরমুখে বসিয়া আচমন করিয়া সূর্য্যার্ঘ্যদান ও স্বস্তিবাচন পূর্ব্বক "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া গণেশাদি দেবতাগণকে গন্ধাদিদ্বারা অর্চ্চনা করত, জামাতৃ-বরণ করিবেন। কন্যাদাতা পূর্ব্বমুখে উপবিষ্ট বরকে বলিবেন "ওঁ সাধুভবানাস্তাং" বর "ওঁ সাধ্বহমাসে" দাতা "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং" বর "ওঁ অর্চ্চয়।" তৎপরে কন্যাদাতা বরকে গন্ধপুষ্প, বস্ত্র, মাল্য, যজ্ঞোপবীত ও অঙ্গুরীয়ক প্রভৃতি লইয়া "এতানি গন্ধপুষ্পমাল্যাঙ্গুরীয়কসযজ্ঞোপবীতবস্ত্রাণি বরায় নমঃ" বলিয়া বরের হাতে দিবেন। বর "ওঁ স্বস্তি" বলিয়া গ্রহণ করত পরিধান করিয়া পূর্ব্ববৎ উপবিষ্ট হইবেন। পরে সম্প্রদাতা বরের দক্ষিণজানু আতপ তণ্ডুল ও দূর্ব্বা-সহিত দক্ষিণহস্ত দ্বারা ধরিয়া বলিবেন, "বিষ্ণুরোঁ তৎসদস্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুক পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রং, অমুকগোত্রং অমুকপ্রবরং শ্রীঅমুকদেবশর্ম্মণং বরং, অমুক-গোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুক-দেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং

অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং কন্যাং শুভবিবাহেন দাতুমেভিঃ গন্ধাদিভিরভ্যর্চ্চ্য বরয়েন ভবন্তমহং ধৃণে।" বলিয়া হাঁটু ছাড়িয়া দিবেন। তৎপরে বর "ওঁ বৃতোঽস্মি" বলিবেন। দাতা "ওঁ যথাবিহিতং বিবাহ-কর্ম্ম কুরু"; বর "ওঁ যথাজ্ঞানং করবাণি" বলিবেন। তৎপরে আচার অনুসারে বর ও কন্যার মুখচন্দ্রিকা ও স্ত্রী-আচার সমাধা করাইবেন।

অনন্তর বর পূর্ব্ববৎ স্বীয় আসনে বসিবেন। কন্যাকে ঘটের পূর্ব্বদিকে পশ্চিমমুখে বসাইবেন ও দাতা উত্তরমুখে উপবেশনপূর্ব্বক বিষ্টরাদি দ্বারা বরকে অর্চ্চনা করিবেন। যথা—

দাতা, বিষ্টর গ্রহণ করিয়া "ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাম্" এই বলিয়া বরকে বিষ্টর দান করিলে—বর, "ওঁ বিষ্টরং প্রতিগৃহ্লামি" বলিয়া বিষ্টরগ্রহণপূর্ব্বক নিম্ন-মন্ত্র পাঠ করত উত্তরাগ্র করিয়া উহাতে দক্ষিণপদদ্বারা ও দ্বিতীয়টীতে বামপদদ্বারা উপবেশন করিবেন। মন্ত্র যথা—

"অহং বর্ষ্ম ইত্যস্য প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ পরমেষ্ঠী দেবতা বিষ্টরাসনদানে বিনিয়োগঃ। ওঁ অহং বর্ষ্ম সজাতানাং বিদ্যুতামিব সূর্য্য ইদন্তমধিতিষ্ঠামি যো মা কশ্চাভিদাসতি"। আর একটী বিষ্টর ঐ প্রণালীতে দিবেন। কন্যাদাতা, পাদ্য গ্রহণ করিয়া "ওঁ পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাম্" এই বলিয়া বরকে দিবেন। বর "ওঁ পাদ্যং প্রতিগৃহ্লামি" [১] বলিয়া গ্রহণ করিয়া তাহা হইতে প্রথমে বামপাদ ও পরে দক্ষিণপাদ প্রক্ষালন করিবেন। সম্প্রদাতা, দূর্ব্বা অক্ষত ও জলযুক্ত অর্ঘ্য গ্রহণ করিয়া "ওঁ অর্ঘ্যমর্ঘ্যং প্রতিগৃহ্যতাম্" এই বলিয়া বরকে দিবেন॥ বর "ওঁ অর্ঘ্যং প্রতিগৃহ্লামি" বলিয়া দুই হস্তে গ্রহণ করিয়া স্বীয়-মস্তকে দিবেন। দাতা, আচমনীয় গ্রহণ করিয়া "ওঁ আচমনীয়মাচমনীয়মাচনীয়ং প্রতিগৃহ্যতাম" বলিয়া বরকে দিবেন। বর "ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্লামি" বলিয়া গ্রহণ করতঃ "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" বলিয়া আচমণ করিবেন। দাতা, কাংস্যপাত্রে দধি, মধু ও ঘৃত মিশ্রিত করিয়া, অপর কাংস্যপাত্র দ্বারা আচ্ছাদন করতঃ "ওঁ মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাম্" বলিয়া মধুপর্ক দিবেন। বর "ওঁ মধুপর্কং প্রতিগৃহ্লামি" বলিয়া গ্রহণ করতঃ "মিত্রস্যত্বা ইত্যস্য প্রজাপতির্ঋষিঃ গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা মধুপর্ক-প্রেক্ষণে বিনিয়োগঃ। ওঁ মিত্রস্য ত্বা চক্ষুষা প্রতীক্ষে" এই বলিয়া দর্শন করিয়া "দেবস্য ত্বা ইত্যস্য প্রজাপতির্ঋষির্গায়ত্রীছন্দঃ পূষা দেবতা মধুপর্ক-গ্রহণে বিনিয়োগঃ। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং প্রতিগৃহ্লামি" এই বলিয়া গ্রহণ করিয়া "মধুবাতেতি বিশ্বামিত্রঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দো মধুপর্কালোড়নে বিনিয়োগঃ। ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ-সন্ত্বোষধীঃ। ওঁ মধু নক্তমুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা। ওঁ মধুমান্নো বনস্পতি, র্ম্মধু মাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবে ভবন্তু নঃ।" এই বলিয়া

১। পাদ্য অর্ঘ্যের মন্ত্র গৃহ্যসূত্রে না থাকায় লিখিত হইল না।

অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলী দ্বারা বারত্রয় আলোড়ন করিয়া "ওঁ বসবস্ত্বা গায়ত্রেণ ছন্দসা ভক্ষয়ন্তু" বলিয়া পূর্ব্ব দিকে কিয়দংশ নিক্ষেপ করিবেন। "ওঁ রুদ্রাস্ত্বা ত্রৈষ্টুভেন ছন্দসা ভক্ষয়ন্তু" বলিয়া দক্ষিণদিকে কিয়ৎ পরিমাণ নিক্ষেপ করিবেন। "ওঁ আদিত্যাস্ত্বা জাগতেন ছন্দসা ভক্ষয়ন্তু" বলিয়া পশ্চিম দিকে কিঞ্চিৎ পরিমাণ নিক্ষেপ করিবেন। "ওঁ বিশ্বেদেবাস্ত্বা আনুষ্টুভেন ছন্দসা ভক্ষয়ন্তু" বলিয়া উত্তর দিকে কিঞ্চিৎ নিক্ষেপ এবং "ওঁ ভূতেভ্যস্ত্বা প্রক্ষিপামি" বলিয়া ঊর্দ্ধদিকে তিনবার কিঞ্চিৎ নিক্ষেপ করিবেন। "ওঁ বিরাজো দোহোঽসি" বলিয়া বাম কনিষ্ঠা দ্বারা প্রথম আঘ্রাণ করিবেন, তৎপরে "ওঁ বিরাজো দোহমশীয়" মন্ত্রে পুনর্ব্বার আঘ্রাণ করিবেন। "ওঁ ময়ি দোহঃ পাদ্যায়ৈ বিরাজঃ" বলিয়া পুনশ্চ আঘ্রাণ করিয়া অবশিষ্টাংশ শিষ্যকে প্রদান করিবেন, তৎপরে আচমনপদ্ধতি-অনুসারে "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" বলিয়া প্রথম আচমন করিয়া শৌচার্থ "ওঁ সত্যং যশঃ শ্রীর্ম্ময়ি শ্রীঃ শ্রয়তাম্" এই বলিয়া দ্বিতীয়বার আচমন করিবেন। তৎপরে কর্ম্মাঙ্গ আচমন করিবেন। অতঃপর নাপিত "গৌঃ গৌঃ গৌঃ বলিলে বর নিম্নলিখিত-মন্ত্রে গোমোচন করিবেন। যথা—

"ওঁ হতো মে পাপ্মা পাপ্মা মে হতঃ॥ মাতা রুদ্রাণাং ইত্যস্য বশিষ্ঠ ঋষি-স্ত্রিষ্টুপ্‌ছন্দো গৌর্দ্দেবতা গবানুমন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসাদিত্যানামমৃতস্য নাভিঃ। প্র নু বোচং চিকিতুষে জনায় মা গা-মনাগামদিতিং বধিষ্ট" তৎপরে নাপিত (পরামাণিক) "বন্ধনান্মুক্তেয়ং গৌঃ" বলিবে।

অনন্তর কন্যা আনয়ন করত বরের মঙ্গলার্থ ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন করাইয়া বরকে নিম্ন মন্ত্র বলাইবেন—

"ওঁ দীর্ঘায়ুঃ শ্রীঃ শান্তিঃ পুষ্টিশ্চাস্তু, শিবা আপঃ সন্তু, অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু।"

সম্প্রদান

কন্যাদাতা, ঘটের উপর বরের দক্ষিণ হস্ত চিৎ করিয়া তাহাতে হস্তলেপ বা চন্দন লেপন করিয়া তদুপরি কন্যার দক্ষিণ হস্ত হস্তলেপ বা চন্দন লিপ্তকরত চিৎকরিয়া রাখিবে তদুপরি গাঁইটছড়া রাখিয়া কুশরজ্জু ও পুষ্পমাল্যদ্বারা গায়ত্রী পাঠ পূর্ব্বক উভয়ের হস্ত বন্ধন করিবেন। কন্যার গাত্রে নূতন গামছা দিয়া বাম হস্তে ঐ গামছা ধরিয়া ওঁ সবস্ত্রাচ্ছাদিতায়ৈ সালঙ্কারায়ৈ কন্যায়ৈ নমঃ।" এই মন্ত্রে তিনবার গন্ধপুষ্প দ্বারা কন্যাকে অর্চ্চনা করিবেন্। পরে "ওঁ এতদধিপতয়ে প্রজাপতয়ে নমঃ", "ওঁ এতৎ-সম্প্রদানায় বরায় নমঃ" বলিয়া গন্ধপুষ্প দিবেন। তৎপরে কুশ ও তিন-জলাদি গ্রহণ করিয়া বাক্য করিবেন। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুক-রাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুক-দেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুক-

গোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় (ঋগ্বেদান্তর্গতাশ্বলায়নশাখৈকদেশাধ্যায়িনে) শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় অর্চ্চিতায়। অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং কন্যাং অর্চ্চিতাং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, এবং পৌত্রায়, পুত্রায়, বরায় অর্চ্চিতায়, এবং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, এবং পৌত্রীং, পুত্রীং, কন্যাং এবং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, এবং পৌত্রায়, পুত্রায়, তুভ্যং এবং অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, এবং পৌত্রীং, পুত্রীং এনাং কন্যাং সবস্ত্রাচ্ছাদিতাং সালঙ্কারাং প্রজাপতিদেবতাকামহং সংপ্রদদে" বলিয়া বরের হাতে জল দিবেন। বর, "ওঁ স্বস্তি" বলিয়া গায়ত্রীপাঠপূর্ব্বক "ওঁ কন্যেয়ং প্রজাপতিদেবতাকা" বলিবেন। কন্যাদাতা বলিবেন "ওঁ ধর্ম্মে চার্থে চ কামে চ ন ব্যভিচরিতব্যা ত্বয়েয়ম্।" বর "ওঁ বাঢ়ং" বলিবেন। অতঃপর বর, কন্যাকে অভিমর্ষণপূর্ব্বক এই কামস্তুতি পাঠ করিবেন। যথা—

"ক ইদমিত্যস্য প্রজাপতির্ঋষিঃ কামো দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ, কন্যাগ্রহণে বিনিয়োগঃ। ওঁ ক ইদং কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা কামঃ সমুদ্রমাবিশৎ কামেন ত্বাং প্রতিগৃহ্লামি কামৈতত্তে। ওঁ বৃষ্টিরসিদ্যৌস্ত্বা দদাতু পৃথিবী ত্বা প্রতিগৃহ্লাতু। দক্ষিণাঃ পান্তু বহুদেয়ঞ্চ নোঽস্তু প্রজাপ্রতিঃ প্রীয়তাং তিথিকরণমুহূর্ত্তনক্ষত্রগ্রহলগ্নসম্পদঃ সন্তু"। তৎপরে পুণ্যাহ, স্বস্তি, ঋদ্ধি, তিনবার পাঠ করিয়া জলপাত্রগ্রহণ করিয়া "ওঁ অনাধৃষ্টমনাধৃষ্টং দেবানামোজোঽভিশস্তিপাঃ। অনভিশস্তমঞ্জসা সংসত্যমুপাগেষং স্বিতে মা ধাঃ। যৎ কুক্ষিরামমিত্যঙ্গিরাঃ প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতা গায়ত্রীচ্ছন্দোঽভিমন্ত্রণে বিনিয়োগঃ॥ ওঁ যৎকুক্ষি রামং বলনং পুত্রোঽঙ্গিরসা মদে, তেন নোঽস্য বিশ্বেদেবাঃ সম্প্রিয়ং সমজীজনৎ।" এইরূপে অভিমন্ত্রিত করিয়া "ওঁ সমুদ্র জ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাৎ পুনানা যন্ত্যনিবিশমানাঃ। ইন্দ্রো যা বজ্রী বৃষভোররাদ তা আপোদেবীরিহমামবন্তু। ওঁ যা আপো দিব্যা উত বা স্রবন্তি খনিত্রিমা উত বা যাঃ স্বয়ংজাঃ। সমুদ্রার্থা যাঃ শুচয়ঃ পাবকাস্তা আপো দেবীরিহমামবন্তু। ওঁ যাসাং রাজা বরুণো যাতি মধ্যে সত্যানৃতে অবপশ্যঞ্জনানাম্। মধুশ্চ্যুতঃ শুচয়ো যাঃ পাবকাস্তা আপো দেবীরিহ মামবন্তু। ওঁ যাসু রাজা বরুণো যাসু সোমো বিশ্বে দেবা যাসূর্জ্জং মদন্তি। বৈশ্বানরো যাস্বগ্নিঃ প্রবিষ্টস্তা আপো দেবীরিহ মামবন্তু।" কন্যাকে এই মন্ত্র দ্বারা অভিষিক্ত করিবেন। "আ নঃ প্রজাং ইত্যস্য প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ আপো মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আ নঃ প্রজাং জনয়তু প্রজাপতিরাজরসায় সমনক্ত্বর্যমা অদুর্ম্মঙ্গলীঃ পতিলোকমা বিশ শং নো ভব দ্বিপদে শং চতুষ্পদে। ওঁ অঘোরচক্ষুরপতিঘ্ন্যেধি শিবা পশুভ্যঃ সুমনাঃ সুবর্চ্চাঃ। বীরসূর্দ্দেবকামা স্যোনা শং নো ভব দ্বিপদে

শং চতুষ্পদে” এই মন্ত্রে কন্যাকে স্পর্শ করিবেন। তৎপরে সুবর্ণাদি দ্বারা দক্ষিণা করিবেন। অতঃপর কন্যার অধোবাস গ্রহণ করিয়া গৃহে প্রবেশ করিবেন। এইকালে লোকাচারবিহিত কার্য্য করিবে।

ঋগ্বেদীয়-সাধারণ-কুশণ্ডিকা

সংস্কৃত-অগ্নিতে হোমের বিধান আছে বলিয়া যে যে কর্ম্মে হোমের বিধান আছে সেই সেই কর্ম্মেই কুশণ্ডিকা, করিতে হয়।

কর্ত্তা, নিত্যক্রিয়া-সমাপনপূর্ব্বক স্বস্তিবাচনাদি করিয়া পূর্ব্বমুখে উপবিষ্ট হইয়া—প্রথমতঃ বাহুপরিমিতস্থণ্ডিল, গোময়-দ্বারা লেপন করিয়া তাহাতে কুশ কিংবা যজ্ঞীয়-কাষ্ঠাদিখণ্ড দ্বারা প্রাদেশপরিমিত ছয়টি রেখা অঙ্কিত করিবেন। যথা স্থণ্ডিলের মধ্যস্থলে কিঞ্চিৎ-পশ্চিমে একটী রেখা উত্তরাগ্র, তাহার উভয়প্রান্তে পূর্ব্বরেখার সহিত অসংলগ্নভাবে দুইটি পূর্ব্বাগ্র এবং তাহাদের মধ্যে ও পূর্ব্বরেখার নীচে দক্ষিণ হইতে উত্তরদিক ক্রমে তিনটী পূর্ব্বাগ্র রেখা অঙ্কিত করিবেন। সকল রেখাই পরস্পর অসংলগ্ন ও জলসিক্ত করিবেন। পরে সেই কুশ বা কাষ্ঠখণ্ড পূর্ব্বাগ্রভাবে স্থণ্ডিলে স্থাপন করিয়া ঐ রেখাসমূহ অভ্যুক্ষণ করত উক্ত কুশ বা কাষ্ঠ অগ্নিকোণে নিক্ষেপ করিয়া জলস্পর্শ করতঃ মন্ত্রানুসারে সন্নিহিতস্থানে অগ্নিস্থাপন করিবেন। মন্ত্র যথা—

“বশিষ্ঠঋর্ষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা সন্নিহিতস্থানে অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ অয়ং তে যোনি ঋর্ত্বিয়ো যতো জাতো অরোচথাঃ। তং জানন্নগ্ন আ সীদাথা নো বৰ্দ্ধয়া গিরঃ।”

তৎপরে নিম্নমন্ত্রে স্থাপিত-অগ্নি হইতে প্রজ্বলিত-কাষ্ঠ গ্রহণ করিয়া দক্ষিণদিকে নিক্ষেপ করিবেন। মন্ত্র যথা—

“বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা পূর্ব্বার্দ্ধেন ক্রব্যাদংশপরিত্যাগে বিনিয়োগঃ। ওঁ ক্রব্যাদমগ্নিং প্র হিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ” তৎপরে “বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা উত্তরার্দ্ধেনাগ্নিগ্রহণে বিনিয়োগঃ। ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্” এই মন্ত্রে প্রজলিত অগ্নি গ্রহণ করিয়া “বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ অগ্নে জুষস্ব নো হবিঃ পুরোডাশং জাতবেদঃ প্রাতঃসাবে ধিয়াবসো। প্রজাপতির্ঋষিঃ বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বরোঁ।” বলিয়া ছয়টী রেখা স্পর্শ হয় এমনভাবে আত্মাভিমুখে সংস্থাপন করত প্রচুরতরকাষ্ঠাদিদ্বারা ঐ অগ্নিকে বিশেষরূপে প্রজ্বলিত করিবেন। অর্থাৎ কর্ম্মশেষপর্য্যন্ত ঐ অগ্নিকে রাখিতে হইবে। তৎপরে অর্ঘপাত্র সংস্থাপন করিয়া ভূতশুদ্ধি, “রং” এই বহ্নি-বীজদ্বারা প্রাণায়াম, করন্যাস ও অঙ্গন্যাস করিয়া ধ্যান করত পূজা করিবেন। ধ্যান যথা—

“বামদেব ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিধ্যানে বিনিয়োগঃ। ওঁ চত্বারি শৃঙ্গা

তৎপরে কুলাচারনিয়মানুসারে মাঙ্গল্য-কার্য্যাদি সম্পাদন করিয়া স্বর্ণ, ধান্য, শাস্ত্র-গ্রন্থ প্রভৃতি দিয়া, কোন্ বস্তুটীতে বালকের আসক্তি তাহা দর্শন করিয়া জীবনের অবলম্বন বুঝিয়া লইবেন। অনন্তর দক্ষিণাদি দান ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অথ চূড়াকরণ

প্রাতঃকালে পিতা, নিত্য-ক্রিয়া সমাপনান্তে গৌর্য্যাদি ষোড়শ-মাতৃকাপূজা, বসুধারাদান, আয়ুষ্যসূক্ত-জপ ও বৃদ্ধিশ্রাদ্ধ সম্পন্ন করিয়া ছায়ামণ্ডপে আলপনাদিলিখিত-স্থানে সপল্লব-পূর্ণ কুম্ভ স্থাপন করিবেন।

পরে মাতা, কুমারকে ক্রোড়ে লইয়া পতির বামপার্শ্বে উপবেশন করিবেন। হোতা, "সত্যনামক" অগ্নি স্থাপনপূর্ব্বক উপলেপনাদি-আজ্যভাগান্ত-কর্ম্ম করিয়া অগ্নির উত্তরে আস্তীর্ণ-কুশোপরি ব্রীহি যব, মাষ ও তিলপূর্ণ শরাব চতুষ্টয় এবং বৃষগোময়, শমীপত্র, শীতোষ্ণোদক ও নবনীত-পূর্ণ পঞ্চ শরাব, অগ্নির পশ্চিমে মাতার নিকটে পৃথক পৃথক্ স্থাপন করিবেন। মাতার দক্ষিণ-ভাগে পিতা, একবিংশতি কুশ-পিঞ্জলী স্থাপন করিবেন। পরে নিম্নলিখিত চারিটি মন্ত্রে ঘৃতদ্বারা অগ্নিতে চারিটি আহুতি দিবেন—মন্ত্র যথা—"অগ্ন আয়ূংষীতি ত্র্যর্চ্চস্য শতং বৈখানসা ঋষয়োঽগ্নিঃ পবমানো দেবতা গায়ত্রীচ্ছন্দ আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আয়ূংষি পবস আ সুবোর্জ্জমিষং চ নঃ। আরে বাধস্ব দুচ্ছুনাং স্বাহা। ইদমগ্নয়ে পবমানায়॥ ওঁ অগ্নির্ঋষিঃ পবমানঃ পাঞ্চজন্যঃ পুরোহিতঃ। তমীমহে মহাগয়ং স্বাহা। ইদমগ্নয়ে পবমানায়॥ ওঁ অগ্নে

পবস্ব স্বপা অস্মে বর্চঃ সুবীর্য্যং। দধদ্রয়িং ময়ি পোষং স্বাহা। ইদমগ্নয়ে পবমানায়॥ প্রজাপতে ইত্যস্য হিরণ্যগর্ভঋষিঃ প্রাজাপত্যোদেবতা ত্রিষ্টুপ্ ছন্দ আজ্য-হোমে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতে ন ত্বদেতান্যন্যো বিশ্বা জাতা ন পরি তা বভূব। যৎ কামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা—ইদং প্রজাপতয়ে।"

তদনন্তর তিনটি সেজারুর কাঁটা দ্বারা কুমারের কেশার্দ্ধ দক্ষিণকর্ণোপরি ও বামকর্ণোপরি স্থাপনপূর্ব্বক দক্ষিণস্থ-ভাগদ্বারা ভাগচতুষ্টয় করিবেন। তৎপরে কুমারের পশ্চিমদিকে থাকিয়া হস্তে শীতলোষ্ণজলপূর্ণ শরাবদ্বয় লইয়া যুগপৎ অন্য পাত্রে মিশ্রিত করিবেন, মন্ত্র যথা,—"ওঁ উষ্ণেন বায় উদকেনৈধি।"

তৎপরে কিঞ্চিৎ মিশ্রিত জল নবনীত লইয়া কুমারের কেশভাগের উপরে নিম্নমন্ত্র পাঠ করিয়া তিনবার জল দিবেন। মন্ত্র যথা—

"অদিতিঃ কেশানিত্যস্য প্রজাপতির্ঋষিরদিতিরাপশ্চ দেবতা গায়ত্রীচ্ছন্দশ্চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ অদিতিঃ কেশান্ বপত্বাপ উন্দন্তু জীবসে দীর্ঘায়ুষ্টায় বলায় বর্চ্চসে।"

অনন্তর হোতা, তিনটি কুশপিঞ্জলি লইয়া নিম্নমন্ত্র পাঠ করিয়া কুমারের কেশভাগে স্থাপন করিবেন—"ওষধে ইত্যস্য প্রজাপতির্ঋষিরোষধির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দশ্চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ ওষধে ত্রায়স্বৈনম্।"

পরে তাম্রক্ষুর গ্রহণপূর্ব্বক পাঠ করিবেন,—"স্বধিত ইত্যস্য প্রজাপতির্ঋষিঃ স্বধিতির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দশ্চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ স্বধিতে মৈনং হিংসীঃ॥ উক্ত মন্ত্রে পীড়ন করিবেন।

লৌহক্ষুর গ্রহণ করত পাঠ করিবেন, যথা—"ওঁ যেন ভূয়শ্চ রাত্র্যাং জ্যোক্ চ পশ্যতি সূর্য্যং তেন আয়ুধ বপামি সুশ্লোক্যায় স্বস্তয়ে।" এই মন্ত্র পাঠ করিয়া দর্ভপিঞ্জলী-সহ কেশ ছেদনপূর্ব্বক শমীপত্রসহ কুমারের মাতার হস্তে প্রদান করিবেন, মাতা, গোময়-শরাবে নিক্ষেপ করিরেন।

নিম্নমন্ত্র পাঠপূর্ব্বক হোতা, অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলি-যোগে ক্ষুরধার মার্জ্জনা করিবেন, যথা—"যৎ ক্ষুরেণ্যেতাস্য প্রজাপতির্ঋষিঃ ক্ষুরো দেবতা ক্ষুরধারমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ যৎ ক্ষুরেণ মার্জ্জয়তা সুপেশসা বপ্তা বপসি কেশান্ ছিন্ধি শিরোমাস্যায়ুঃ প্রমোষীঃ।"

নাপিতকে ক্ষুর প্রদান করিয়া হোতা বলিবেন—"শীতোষ্ণাভিরদ্ভিরব্যর্থং কুর্ব্বাণোঽক্ষুণ্বন্ কুমারং কুশলীকুরু।" নাপিত বলিবে—"করবাণি।"

অতঃপর নাপিত, অগ্নি-সমীপে কুমারের সমস্ত কেশ মুণ্ডন করিবে।

তৎপরে পতি-পুত্রবতী নারীগণ, কুমারকে বেদীতে লইয়া মঙ্গলাচারসহকারে স্নান করাইয়া অলঙ্কারে বিভূষিত করিবে এবং কর্ণবেধ করাইয়া মাতৃক্রোড়ে দিবে।

তদনন্তর প্রায়শ্চিত্ত-হোম, স্বিষ্টকৃদ্ধোম সমাপনপূর্ব্বক দক্ষিণা প্রদান ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

নাপিতকে ব্রীহি-প্রভৃতি-পূর্ণ শরাবচতুষ্টয় দান করিতে হয়। কেশসমূহ বংশবিট-প্যাদিতে বা শুচিপ্রদেশে নিক্ষেপ করিবেন।

অথ উপনয়ন

কৃতাহ্নিক-পিতা, গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকাপূজা, বসুধারা, আয়ুষ্যসূক্ত জপ, এবং বৃদ্ধিশ্রাদ্ধ সমাপন করিয়া "সমুদ্ভব" নামক অগ্নি স্থাপন করত উপলেপনাদি মেক্ষণ-সংস্কারান্ত কর্ম্ম করিয়া যথাবিধি চরু-শ্রপণ করিবেন। মন্ত্র যথা—ওঁ সদসম্পতয়ে ত্বা জুষ্টং গৃহ্লামি। ওঁ সদসম্পতয়ে ত্বা জুষ্টং নির্ব্বপামি। ওঁ সদসম্পতয়ে ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি। এবং গায়ত্র্যৈ, ঋষিভ্যঃ, ব্রহ্মণে।" তৎপরে প্রস্ফোটনাদি-পাকান্ত কার্য্য যথাবিধি শেষ করিয়া চরু অবতারণ করিবেন।

তৎপরে অগ্নির নামকরণাদি আজ্যাভাগান্ত সমস্ত কার্য্য শেষ করিবেন॥ অতঃপর একটী যজ্ঞোপবীত দক্ষিণপার্শ্বাবলম্বন-ভাবে কুমারের বামস্কন্ধে দিবেন। মন্ত্র যথা—

"ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ।"

অনন্তর কৃষ্ণসারাজিনের উত্তরীয় নিম্নমন্ত্রে প্রদান করিবেন, যথা—"প্রজাপতির্ঋষি-স্ত্রিষ্টুপ্ ছন্দঃ কৃষ্ণাজিনং দেবতা কৃষ্ণাজিন-পরিধানে বিনিয়োগঃ। ওঁ মিত্রস্য চক্ষুর্ব্বরুণং বলীয়স্তেজো যশস্বী স্থবিরং সমিদ্ধং। অনাহনস্যং বসনং জরিষ্ণু পরীদং বাজ্যজিনং দধেহহং।"

অতঃপর আচমন করিয়া ব্রহ্মগ্রন্থিযুক্ত মেখলা গ্রহণ করিয়া পাঠ করিবেন, যথা— ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা বর্ণং পবিত্রং পুনতী ম আগাৎ। প্রাণাপানাভ্যাং বলমাবহন্তী স্বসা দেবী সুভগা মেখলেয়ম্। ওঁ ঋতস্য গোপ্ত্রী তপসঃ পরস্বী ঘ্নতী রক্ষঃ সহমানা অরাতীঃ। সা নঃ সমন্তমভিপর্য্যেহি ভদ্রে ভর্ত্তারস্তে মেখলে মা রিষাম।" এই মন্ত্রে মেখলা দান করিয়া পাঠ করিবেন—"ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনাভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্ব্বণঃ। স্বস্তি পুষা অসুরো দধাতুঃ নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা।"

অতঃপর যথাশক্তি কুণ্ডলাদি-অলঙ্কারে মাধবকে অলঙ্কৃত করিবেন। মাণবক, অঞ্জলি বন্ধন করিয়া বলিবে—"ওঁ উপনয়স্ত মাং যুষ্মৎপাদাঃ।" গুরু বলিবেন—"ওঁ উপনেষ্যামি ভবন্তম্।" মাণবক বলিবে—"ওঁ বাঢ়ম্।"

অনন্তর আচার্য্য, অগ্নির উত্তর-দেশে গমন করিয়া নিম্ন-মন্ত্র চতুষ্টয়ে অগ্নিতে চারিটি ঘৃতাহুতি প্রদান করিবেন, যথা—"অগ্ন আয়ূংষীতি ত্র্যর্চ্চস্য শতং বৈখানসা ঋষয়োঽগ্নিঃ পবমানো দেবতা গায়ত্রীচ্ছন্দ আজ্যহোমে বিনিয়োগঃ। "ওঁ অগ্ন আয়ূংষি পবস আ সুবোর্জমি ষং চ নঃ। আরে বাধস্ব দুচ্ছুনাং স্বাহা। ইদমগ্নয়ে পবমানায় ১॥ ওঁ অগ্নির্ঋষিঃ পবমানঃ পাঞ্চজন্যঃ পুরোহিতঃ। তমীমহে মহাগয়ং স্বাহা। ইদমগ্নয়ে পবমানায় ।২॥ ওঁ অগ্নে পবস্ব স্বপা অস্মে বর্চ্চঃ সুবীর্য্যং। দধদ্রয়িং ময়ি পোষং

স্বাহা। ইদমগ্নয়ে পবমানায়। ৩॥ হিরণ্যগর্ভ ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দ আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতে ন ত্বদেতান্যন্যো বিশ্বা জাতানি পরি তা বভুব। যৎকামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা। ইদং প্রজাপতয়ে। ৪॥”

পরে আচার্য্য-অগ্নির উত্তরে দণ্ডায়মান হইলে—সম্মুখে মাণবকও প্রত্যঙ্মুখে করপুটে দণ্ডায়মান হইবে। আচার্য্য মাণবকের অঞ্জলি এবং অন্য ব্রাহ্মণ আচার্য্যের অঞ্জলিপূর্ণ করিয়া জল দিবেন। তৎপরে আচার্য্য মাণবকের অঞ্জলিতে স্বীয় অঞ্জলি মিশ্রিত করিয়া নিম্নমন্ত্র পাঠপূর্ব্বক মাণবককে অভিষেক করিবেন। যথা—

“শ্যাবাশ্ব আত্রেয় ঋষিঃ সবিতা দেবতা অনুষ্টুপ্ ছন্দো জলাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ তৎ সবিতুর্ব্বৃণীমহে বয়ং দেবস্য ভোজনং। শ্রেষ্ঠং সর্ব্বধাতমং তুরং ভর্গস্য ধীমহি।”

তৎপরে আচার্য্য মাণবকের সাঙ্গুষ্ঠ-দক্ষিণ-হস্ত ধারণ করিয়া নিম্নমন্ত্র পাঠ করিবেন।— যথা—“প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দ উপনয়নে মাণবক-দক্ষিণ-হস্ত গ্রহণে বিনিয়োগঃ। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং শ্রীঅমুক-দেবশর্ম্মন্ হস্তং তে গৃহ্লামি।

পুনর্ব্বার মাণবকের অঞ্জলি জল-পূরিত করিয়া করদ্বয়দ্বারা গ্রহণপূর্ব্বক—“শ্যাবাশ্ব ঋষিঃ সবিতা দেবতা অনুষ্টুপ্ ছন্দো জলাঞ্জলি-সেকে বিনিয়োগঃ। ওঁ তৎসবিতুর্ব্বৃণীমহে বয়ং দেবস্য ভোজনং। শ্রেষ্ঠং সর্ব্বধাতমং তুরং ভর্গস্য ধীমহি।”—উক্ত জলে মাণবককে অভিষিক্ত করিবেন।

পুনরায় মাণবকের সাঙ্গুষ্ঠ-দক্ষিণ-হস্ত গ্রহণ করিয়া পাঠ করিবেন—“প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দ উপনয়নে মাণবকহস্তগ্রহণে বিনিয়োগঃ। ওঁ সবিতা তে হস্তমগ্রহীৎ অমুকদেবশর্ম্মন্ হস্তং তে গৃহ্লামি।”

পুনরায় মাণবকের অঞ্জলি, জলদ্বারা পূর্ণ করিয়া হস্তদ্বয়ে ধারণপূর্ব্বক আচার্য্য পাঠ করিবেন—“শ্যাবাশ্ব ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দো জলাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ তৎ সবিতুর্ব্বৃণীমহে বয়ং দেবস্য ভোজনং। শ্রেষ্ঠং সর্ব্বধাতমং তুরং ভর্গস্য ধীমহি” এই মন্ত্রে মাণবককে অভিষিক্ত করিবেন।

পরে মাণবকের সাঙ্গুষ্ঠ হস্ত ধারণ করিয়া আচার্য্য পাঠ করিবেন—“প্রজাপতির্ঋষি-রগ্নির্দ্দেবতা উপনয়নে মাণবক-হস্তগ্রহণে বিনিয়োগঃ। ওঁ অগ্নিরাচার্য্যস্তবাসৌ হস্তং গৃহ্লামি শ্রীঅমুকদেবশর্ম্মন্।

অনন্তর আচার্য্য নিম্নমন্ত্রে মাণবককে সূর্য্য দর্শন করাইবেন। যথা—“ওঁ দেব সবিতরেষ তে ব্রহ্মচারী ত্বং গোপায় সমাবৃত ইতি॥”

আচার্য্য মাণবককে জিজ্ঞাসা করিবেন, “কিং নামাসি?” মাণবক তাহার নাম বলিবে,—“শ্রীঅমুকদেবশর্ম্মাহং ভোঃ।” আচার্য্য জিজ্ঞাসা করিবেন,—“কস্য ব্রহ্মচার্য্যসি?”

মানবক বলিবে—"প্রাণস্য ব্রহ্মচার্য্যস্মি।" আচার্য্য—কস্ত্বা উপনয়তে?" মাণবক—"কায়স্ত্বা পরিদধামি।" আচার্য্য নিম্ন-মন্ত্রে ব্রহ্মচারীকে অগ্নি প্রদক্ষিণ করাইবেন—বিশ্বামিত্রঋষির্যূপো দেবতা ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নিপ্রদক্ষিণে বিনিয়োগঃ। ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ।"

অনন্তর আচার্য্য প্রাঙ্মুখ-মাণবকের পশ্চাদ্দেশে থাকিয়া স্কন্ধোপরি হস্ত, প্রদানপূর্ব্বক নিম্নমন্ত্র পাঠ করিয়া তদীয় হৃদয়দেশ স্পর্শ করিবেন। যথা—

ওঁ তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ।"

তৎপরে উভয়ে প্রাঙ্মুখে অগ্নি-সমীপে উপবেশন করিবেন। মাণবক তূষ্ণীম্ভাবে একটি সমিধ অগ্নিতে আহুতি দিয়া আর একটি সমিধ্ লইয়া নিম্নমন্ত্র পাঠপূর্ব্বক অগ্নিতে দিবে। যথা—"প্রজাপতিঋর্ষিরগ্নির্দ্দেবতা বৃহতীচ্ছন্দঃ সমিদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নয়ে সমিধমহাষং বৃহতে জাতবেদসে। তয়া ত্বমগ্নে বর্দ্ধয়স্ব সমিধা ব্রহ্মণা বয়ং স্বাহা। ইদং ব্রহ্মণে।"

অনন্তর মাণবক অগ্নি স্পর্শপূর্ব্বক হস্তে জল লইয়া নিম্নমন্ত্র পাঠ করিয়া তিনবার মুখমার্জ্জন করিবে। মন্ত্র যথা—"ওঁ তেজসা মাং সমনজ্মি।"

তৎপরে গাত্রোত্থান করিয়া করপুটে নিম্ন মন্ত্রগুলি পাঠ করিয়া অগ্নির উপস্থান করিবে। যথা—

"ময়িমেধামিতি যণ্ণাং বসুশ্রুতঋষিরগ্নির্দ্দেবতানুষ্টুপ্ ছন্দোঽগ্ন্যুপস্থানে বিনিয়োগঃ। ওঁ ময়ি মেধাং ময়ি প্রজা ময্যগ্নিস্তেজো দধাতু। ১॥ ওঁ ময়ি মেধাং ময়ি প্রজা ময়ীন্দ্র ইন্দ্রিয়ং দধাতু। ২॥ ওঁ ময়ি মেধাং ময়ি প্রজা ময়ি সূর্য্যো ভ্রাজো দধাতু। ৩॥ ওঁ যত্তেঽগ্নে তেজস্তেনাং তেজস্বী ভূয়াসম্। ৪॥ ওঁ যত্তেঽগ্নে বর্চ্চস্তেনাহং বর্চ্চস্বী ভূয়াসম্। ৫॥ ওঁ যত্তেঽগ্নে তরস্তেনাহং তরস্বী ভূয়াসম্। ৬॥"

পরে নিম্ন মন্ত্র পাঠ করিয়া আশীর্ব্বাদ গ্রহণ করিবে,—"কুৎসঋষীরুদ্রো দেবতা জগতীচ্ছন্দ আশীঃকর্ম্মণি বিনিয়োগঃ। ওঁ মা নস্তোকে তনয়ে মা ন আয়ৌ মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ। বীরান্মা নো রুদ্র ভামিতো বধীর্হবিষ্মন্তঃ সদমিত্ত্বা হবামহে। ওঁ ত্র্যায়ুষং যমদগ্নেঃ কশ্যপস্য ত্র্যায়ুষং তন্মেঽস্তু ত্র্যায়ুষং তত্তেঽস্তু ত্র্যায়ুষং তন্নোঽস্তু ত্র্যায়ুষম্। ওঁ স্বস্তি মেধাং যশঃ প্রজ্ঞাং বিদ্যাং বুদ্ধিং শ্রিয়ং বলম্। আয়ুষ্যং তেজ আরোগ্যং দেহি মে হব্যবাহন॥"

তদনন্তর ব্রহ্মচারী, ভূমিতলে জানুদ্বয় পাতিয়া দক্ষিণ-হস্তদ্বারা গুরুর দক্ষিণচরণ এবং বামহস্তদ্বারা বামচরণ ধারণপূর্ব্বক বলিবে,—"শ্রীঅমুক-দেবশর্ম্মাহং ভো অভিবাদয়ামি।" আচার্য্য বলিবেন,—"ওঁ আয়ুষ্মান্ ভব সৌম্য শ্রীঅমুকদেবশর্ম্মন্॥" ব্রহ্মচারী করদ্বারা মস্তক স্পর্শ করিলে, আচার্য্য বলিবেন,—"অধীহি ভোঃ সাবিত্রীম্।" ব্রহ্মচারী বলিবে,—"ভো অনুব্রূহি।" আচার্য্য উভয়হস্তে ব্রহ্মচারীর উভয়হস্ত ধারণ করিয়া উত্তরীয়-

বস্ত্রদ্বারা আচ্ছাদন করত নিম্ন-প্রকারে গায়ত্রী বলিতে আরম্ভ করিবেন। প্রথমতঃ পাঠ করিবেন,—

"শ্বেতবর্ণা সমুদ্দিষ্টা কাষায়বসনা তথা। শ্বেতৈর্ব্বিলেপনৈঃ পুষ্পৈরলঙ্কারৈশ্চ শোভিতা॥ অক্ষমালা ধরা দেবী পদ্মাসনগতা শুভা। আদিত্যমণ্ডলান্তঃস্থা ব্রহ্মলোকগতা স্থিরা॥ তত্রাবাহ্য জপিত্বা চ নমস্কারৈর্ব্বিসর্জ্জয়েৎ॥ সবিতা দেবতা চাস্যা মুখমগ্নিস্ত-দিত্যচঃ। বিশ্বামিত্রঋষিশ্ছন্দো গায়ত্রী তু বিধীয়তে॥ আয়াহি বরদে দেবী জপ্যে মে সন্নিধী ভব। গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বং ততঃ স্মৃতা॥ এষা হি ত্রিপদা দেবী শব্দব্রহ্মময়ী শুভা। মহতা তপসা দৃষ্টা বিশ্বামিত্রেণ ধীমতা॥ গায়ত্রীঞ্চৈব বেদাংশ্চ তুলয়া সমতোলয়ৎ। বেদা একত্র সাঙ্গাশ্চ গায়ত্রী চৈকতঃ স্থিতা॥ যোগভূতা তু বেদানাং গৃহ্যোপনিষদাং তথা। তাভ্যঃ সারস্তু গায়ত্রী তিস্রো ব্যাহৃতয়স্তথা॥ গায়ত্র্যাঃ পাদমৰ্দ্ধঞ্চ ঋচোঽৰ্দ্ধমৃচ এব চ। ব্রহ্মহত্যা সুরাপানং সুবর্ণস্তেয়মেব চ। গুরুদারাগমঞ্চৈব জপ্যেনৈষা পুনাতি বৈ॥ এতয়া জ্ঞাতয়া সর্ব্বং বাঙ্‌ময়ং বিদিতং ভবেৎ। উপাসিতং ভবেচ্চৈব বিশ্বং ভুবনপঞ্চকম্॥ অজ্ঞাত্বা চৈব গায়ত্রীং ব্রাহ্মণ্যাদেব হীয়তে॥ গায়ত্রী বেদজননী গায়ত্রী লোকপাবনী। ন গায়ত্র্যাঃ পরং জপ্যমেতদ্‌বিজ্ঞায় মুচ্যতে॥ তত্রাস্য মাতা সাবিত্রী পিতা ত্বাচার্য্য উচ্যতে॥"

অতঃপর ক্রমশঃ গায়ত্রী বলিয়া গায়ত্রীদীক্ষা প্রদান করিবেন। যথা—

"ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।" মাণবক উহা পাঠ করিলে, আচার্য্য পুনরায় পাঠ করাইবেন,—"ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।" মাণবক পাঠ করিলে, আচার্য্য পাঠ করাইবেন,—"ওঁ ভূঃ। ওঁ ভুবঃ। ওঁ স্বঃ।"

তদনন্তর মাণবকের হৃদয়ে উৰ্দ্ধাঙ্গুল-দক্ষিণ-হস্ত দিয়া,—"পরাকদাসঋষির্হৃদয়ং দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দো মাণবক-হৃদয়দেশালভনে বিনিয়োগঃ। ওঁ মম ব্রতে তে হৃদয়ং দধামি মম চিত্তমনুচিত্তন্তেঽস্তু মম বাচমেকমনা জুষস্ব বৃহস্পতিস্ত্বা নিযুনক্তু মহ্যম্।—"এই মন্ত্র পাঠ করিয়া নিম্ন মন্ত্র পাঠ করত মাণবকের কটিদেশে মেখলা বন্ধন করিবেন। মন্ত্র যথা—

"বিশ্বামিত্রঋষির্মেখলা দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দো মেখলাবন্ধনে বিনিয়োগঃ। ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা বর্ণং পবিত্রং পুনতী ম আগাৎ। প্রাণাপানাভ্যাং বলমাবহন্তী স্বসা দেবী সুভগা মেখলেয়ম্। ওঁ ঋতস্য গোপ্ত্রী তপসঃ পরস্বী ঘ্নতী রক্ষঃ সহমানা অরাতীঃ সা নঃ সমন্তমনুপরে হি ভদ্রে ভর্ত্তারস্তে মেখলে মা রিষাম।"

পরে নিম্নমন্ত্রে মাণবককে পলাশদণ্ড (বা বিল্বদণ্ড) প্রদান করিবেন,—"আত্রেয় ঋষির্ব্বিশ্বেদেবা দেবতাস্ত্রিষ্টুপ্‌ছন্দো দণ্ডগ্রহণে বিনিয়োগঃ। ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্ব্বণঃ। স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা।"

অনন্তর আচার্য্য ব্রহ্মচারীকে নিম্নলিখিত বাক্যগুলি বলিয়া আদেশ করিবেন—"ব্রহ্মচার্য্যসি, আপোশানং কর্ম্ম কুরু, মা দিবা স্বাপ্সীঃ। আচার্য্যাদ্বেদমধীস্ব, উদকসমিৎ-কুশাদ্যাহরণঃ কুরু। সায়ংপ্রাতঃ সমিধমাধেহি, সায়ংপ্রাতর্ভিক্ষাটনং কুরু।" ব্রহ্মচারী সর্ব্বত্র বলিবে,—"ওঁ বাঢ়ম্।"

অনন্তর ব্রহ্মচারী জলস্পর্শপূর্ব্বক বদ্ধাঞ্জলি হইয়া পাঠ করিবেন,—"ওঁ ব্রতানাং ব্রতপতিরসি ব্রতং সাবিত্রীকং চরিষ্যামি।"

অতঃপর দণ্ডধারী ব্রহ্মচারী, প্রথমতঃ মাতার নিকটে ভিক্ষা গ্রহণ করিবে, যথা—"ওঁ ভবতি ভিক্ষাং দেহি।" ভিক্ষা দেওয়া হইলে "ওঁ স্বস্তি" বলিবে। পরে ঐ মন্ত্রে মাতৃবন্ধু-স্ত্রীগণের নিকট ভিক্ষা প্রার্থনা করিবে। তৎপরে পিতার নিকটে ভিক্ষা প্রার্থনা করিবে,—"ওঁ ভবন্ ভিক্ষাং দেহি।"

অনন্তর অপরাপর লোকের নিকট প্রার্থনা করিলে, তাহারাও যথাশক্তি ভিক্ষা দান করিবেন। ব্রহ্মচারী ভিক্ষালব্ধ সমস্ত-দ্রব্য আচার্য্যকে প্রদান করিবেন। আচার্য্য "উপভূজ্যতাম্" বলিয়া অনুজ্ঞা দিলে, মাণবক সায়ংকালের ভোজনার্থ তাহা রাখিয়া দিবে। অনন্তর আচার্য্য ব্রহ্মচারীসহ স্রুক্ স্রুবদ্বারা অবদানস্থানে [১] ঘৃতস্রুবদ্বয় দিয়া নিম্নমন্ত্রে চরুহোম ও সমিধ্‌হোম করিবেন। যথা—"মেধাতিথিঃ কাণ্ব ঋষিঃ সদসম্পতি-র্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দোঽনুপ্রবচনীয়-চরুহোমে বিনিয়োগঃ। ওঁ সদসম্পতিমদ্ভুতং প্রিয়মিন্দ্রস্য কাম্যং। সনিং মেধামযাসিষং স্বাহা—ইদং সদসম্পতয়ে॥ ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ স্বাহা—ইদং গায়ত্র্যৈ॥ ওঁ ঋষিভ্যঃ স্বাহা—ইদং ঋষিভ্যঃ। অতঃপর সমিধহোম—"মেধাতিথিঃ কাণ্বঋষিঃ সদসম্পতির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সমিদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ সদসম্পতিমদ্ভুতং প্রিয়মিন্দ্রস্য কাম্যং। সনিং মেধামযাসিষং স্বাহা—ইদং সদসম্পতয়ে। গায়ত্র্যৈ। ঋষিভ্যঃ।"

ব্রহ্মচারী এই সময়ে সন্ধ্যা করিবে। [২] পরে ব্রহ্মচারী একটি ঘৃতাক্ত-সমিধ্ অগ্নিতে আহুতি দিবে। মন্ত্র যথা—

"প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা বৃহতীচ্ছন্দঃ সমিদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নয়ে সমিধ-মহার্ষং বৃহতে জাতবেদসে তয়া ত্বমগ্নে বর্দ্ধয়স্ব সমিধা ব্রহ্মণা বয়ং স্বাহা—ইদং ব্রহ্মণে॥"

অতঃপর ব্রহ্মচারী সমাগত-ব্রাহ্মণগণের নিকট বদ্ধাঞ্জলি হইয়া পাঠ করিবে,—"বেদ-সমাপ্তিং ভবন্তো মেহনুব্রুবন্তু।" ব্রাহ্মণগণ বলিবেন,—"অবিঘ্নেন বেদসমাপ্তিরস্তু ভবতঃ।"

তদনন্তর মেধাজননকর্ম্ম। যথা—আচার্য্য কুম্ভোদকদ্বারা অভিষিক্ত ব্রহ্মচারীকে নিম্নমন্ত্র পাঠ করাইবেন। মন্ত্র যথা—

১। অবদান ধর্ম্ম কি তাহা যজুর্ব্বেদীয় দশকর্ম্ম নোটে দ্রষ্টব্য।

২। সন্ধ্যা দ্বিতীয় পর্ব্বে দ্রষ্টব্য।

"ওঁ সুশ্রবঃ সুশ্রবা অসি যথা ত্বং সুশ্রবঃ সুশ্রবা অস্যেবং মা সুশ্রবঃ সৌশ্রবসং কুরু যথা ত্বং দেবানাং যজ্ঞস্য নিধিপোঽস্যেবমহং মনুষ্যাণাং দেবানাং নিধিপো ভূয়াসম্।"

অতঃপর বেদারম্ভ। এতদর্থে গুরু সঙ্কল্প করিবেন। যথা—

"অদ্যেত্যাদি অমুক-দেবশর্ম্মণো বেদারম্ভাঙ্গহোমমহং কুর্ব্বীয়।"—এইরূপ সঙ্কল্প করিয়া ঘৃত লইয়া তদ্দ্বারা হোম করিবেন। যথা—

"ওঁ পৃথিব্যৈ স্বাহা—ইদং পৃথিব্যৈ। ওঁ অগ্নয়ে স্বাহা—ইদমগ্নয়ে। ওঁ ব্রহ্মণে স্বাহা—ইদং ব্রহ্মণে। ওঁ প্রজাপতয়ে স্বাহা—ইদং প্রজাপতয়ে। ছন্দোভ্যঃ স্বাহা—ইদং ছন্দোভ্যঃ। ওঁ ঋষিভ্যঃ স্বাহা—ইদং ঋষিভ্যঃ। ওঁ শ্রদ্ধায়ৈ স্বাহা—ইদং শ্রদ্ধায়ৈ। ওঁ মেধায়ৈ স্বাহা—ইদং মেধায়ৈ। ওঁ সদসস্পতয়ে স্বাহা—ইদং সদসস্পতয়ে॥

পরে আচার্য্য অগ্নির উত্তরে প্রাঙ্মুখে বসিবেন এবং শিষ্য প্রত্যঙ্মুখে বসিয়া গুরুর মুখের দিকে দৃষ্টি করিয়া রহিবে। শিষ্য দক্ষিণ হস্তদ্বারা গুরুর দক্ষিণ-চরণ ধারণ করিয়া নিকটস্থ হইলে, গুরু তাহাকে ব্যাহৃতি পাঠ করাইয়া বেদাদি অধ্যয়ন করাইবেন। যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। মধুচ্ছন্দাবৈশ্বামিত্রঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো দেবারম্ভে বিনিয়োগঃ[১] ওঁ অগ্নিমীলে পুরোহিতম্॥ মধুচ্ছন্দাবৈশ্বামিত্রঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো বেদারম্ভে বিনিয়োগঃ। ওঁ অগ্নিমীলে পুরোহিতং, যজ্ঞস্য দেবমৃত্বিজম্। মধুচ্ছন্দাবৈশ্বামিত্রঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো বেদারম্ভে বিনিয়োগঃ। ওঁ অগ্নিমীলে পুরোহিতং, যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্নধাতমম্॥—ইতি ঋক্॥ যাজ্ঞবল্ক্য ঋষিরুষ্ণিক্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ॥ যাজ্ঞবল্ক্যঋষিরুষ্ণিক্‌ছন্দোঽ-গ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। যাজ্ঞবল্ক্য ঋষিরুষ্ণিক্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥ ইতি যজুঃ॥ ভরদ্বাজঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।[২] ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে। ভরদ্বাজঋষির্গায়িত্রচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে, গৃণানোহব্যদাতয়ে। ভরদ্বাজঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥—ইতি সাম॥ সিন্ধুদীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা ব্রহ্মযজ্ঞজপে

১। কোন কোন পদ্ধতিতে প্রতি বেদোক্ত মন্ত্রের আদিতে একবারমাত্র ঋষিচ্ছন্দঃ প্রভৃতির উল্লেখ আছে।

২। পদ্ধতিতে "অগ্ন আয়াহি।" এই মন্ত্রের "গৌতমঋষি" দৃষ্ট হয়, কিন্তু মূল ঋগ্বেদ-সংহিতায় উক্তমন্ত্রে ভরদ্বাজঋষি আছে।

বিনিয়োগঃ। ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে। সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ শন্নো দেবীরভিষ্টয়, আপো ভবন্তু পীতয়ে। সিন্ধুদ্বীপ-ঋষির্গায়ত্রীচ্ছন্দ অপো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ ওঁ শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শং যোরভি স্রবন্তু নঃ॥ ইতি অথর্ব্ব।"

অথ সমাবর্ত্তন

ব্রহ্মচারী প্রণিপাত ও প্রচুর দক্ষিণা দ্বারা গুরুকে সন্তুষ্ট করত কর্ণে ধারণ যোগ্য সুবর্ণাদি-নির্ম্মিত কুণ্ডল, কণ্ঠে পরিধানযোগ্য মণি এবং বস্ত্র, উপানহযুগল, বৈণবদণ্ড (বংশ দণ্ড), সর্ব্বৌষধি-গন্ধানুলেপন, উষ্ণীষ, ছত্র—এই সমুদায় দ্রব্য আচার্য্য মাণবককে প্রদান করিবেন।

অতঃপর মাণবক সমস্ত সমিধ্ অগ্নিসমীপে স্থাপন করিয়া আচার্য্যকে ভোজ্য এবং গো-দান করত অন্য ব্রাহ্মণকেও ভোজ্য দান করিবে।

তৎপরে সঙ্কল্প করিয়া শ্মশ্রু প্রভৃতি সংস্কার করিবে। প্রথমতঃ চূড়াকরণবৎ হোম করিবে। পরে কুশপিঞ্জলী-স্থাপন ও তাম্র-লৌহ-ক্ষুরপীড়নাদি সমস্ত ক্রিয়া সম্পন্ন করিবে। চূড়াকরণেই ঐ সকলের মন্ত্রাদি লিখিত হইয়াছে তদনন্তর ব্রহ্মচারী শিখা ধারণপূর্ব্বক ক্ষৌরকার্য্য সম্পাদন করিয়া সর্ব্বৌষধিজলে স্নান করিবে।[১]

পরে বস্ত্রাদি গুরুকে দিয়া স্বয়ং নিম্নমন্ত্র পাঠপূর্ব্বক বস্ত্র পরিধান ওঁ উষ্ণীষবন্ধন করিবে। মন্ত্র যথা—"দীর্ঘতমা ঔচথ্যঋষির্মিত্রাবরুণৌ দেবতে জগতীচ্ছন্দঃ বস্ত্রপরিধানে বিনিয়োগঃ। ওঁ যুবং বস্ত্রাণি পীবসা বসাথে যুবোরচ্ছিদ্রা মন্তবো হ সর্গাঃ অবাতিরতম্ নৃতানি বিশ্ব ঋতেন মিত্রাবরুণা সচেথে।"

পরে যজ্ঞোপবীত গ্রহণ করিবে, মন্ত্র যথা—"পরমাত্মা ঋষিঃ পরমাত্মা দেবতা গায়ত্রীচ্ছন্দো যজ্ঞোপবীতধারণে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞোপবীতং"—ইত্যাদি মন্ত্র।

নিম্নমন্ত্র পাঠ করিয়া মেখলা ও কৃষ্ণাজিন মোচন করত বৈণব দণ্ড অগ্রে স্থাপন করিবে, "ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদবাধমং বিমধ্যমং শ্রথায়। অথাদিত্যব্রতে বয়ং তবানাগসো অদিতয়ে স্যাম।"

"ওঁ অশ্মনস্তেজোঽসি চক্ষুষী মে পাহি।"—এই মন্ত্রে অঞ্জন গ্রহণ করিবে।

"ওঁ অশ্মনস্তেজোঽসি শ্রোত্রং মে পাহি।"—এই মন্ত্রে কর্ণে কুণ্ডল ধারণ করিয়া হস্তে অনুলেপন প্রদান করিবে।

"ওঁ অনাবর্ত্তস্যানাবর্ত্তো ভূয়াসম্।"—এই মন্ত্রে শিখায় মাল্যবন্ধন করিবে।

"ওঁ দেবানাং প্রতিষ্ঠে স্থঃ সর্ব্বতো মাং পাহি।"—এই মন্ত্রে উপানহ পরিধান করিবে।

১। এই সমস্ত কার্য্য বর্ত্তমানকালে প্রয়োজন হয় না, পূর্ব্বে বেদাধ্যয়নজন্য বহু দিবস গুরুগৃহে অবস্থান করা হইত বলিয়া এ সকল কার্য্য অনুষ্ঠিত হইত, এখন এ সকল কার্য্য উপনয়ন-দিবসেই সম্পন্ন হইয়া থাকে।

"ওঁ দিবশ্ছদ্মাসি সর্ব্বতো মাং পাহি।"—এই মন্ত্রে ছত্র গ্রহণ করিবে।

"ওঁ বেণুরসি বানস্পত্যোঽসি সর্ব্বতো মাং পাহি।" এই মন্ত্রে বৈণবদণ্ড গ্রহণ করিবে। পলাশদণ্ড (বা বিল্বদণ্ড) এই সময়ে তুষ্ণীম্ভাবে অগ্নিতে নিক্ষেপ করিবে।

"ওঁ আয়ুষ্যং বর্চ্চস্যং রায়স্পোষমৌদ্‌ভিদম্। ইদং হিরণ্যং বর্চ্চস্যং জৈত্রায়াবিশতান্মাং। এই মন্ত্রে কণ্ঠে মণি ধারণ করিবে।

অতঃপর মাণবক উষ্ণীষ লম্বমান করত উপানহ্ সন্তাড়নপূর্ব্বক অগ্নির ঈশান দিকে দণ্ডায়মান হইয়া নিম্নমন্ত্রে অগ্নিতে একটি ঘৃতাক্ত সমিধ্ আহুতি দিবে—"ওঁ স্মৃতঞ্চ মে অস্মৃতঞ্চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। নিন্দা চ মে অনিন্দা চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। বিদ্যা চ মে অবিদ্যা চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। শ্রদ্ধা চ মে অশ্রদ্ধা চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। প্রজ্ঞা চ মে অপ্রজ্ঞা চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। ইষ্টঞ্চ মে অনিষ্টঞ্চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। দত্তঞ্চ মে অদত্তঞ্চ মে তন্ম উভয়-ব্রতঞ্চ মে। অধীতঞ্চ মে অনধীতঞ্চ মে তন্ম উভয়-ব্রতঞ্চ মে। কৃতঞ্চ মে অকৃতঞ্চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। সত্যঞ্চ মে অসত্যঞ্চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। শ্রুতঞ্চ মে অশ্রুতঞ্চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। ব্রতঞ্চ মে অব্রতঞ্চ মে তন্ম উভয়ব্রতঞ্চ মে। যমদগ্নেঃ সেন্দ্রস্য সপ্রজাপতিকস্য সপরিকরস্য সঋষিকস্য সঋষিরাজকন্যকস্য সপত্নীকস্য সপত্নীরাজকন্যকস্য সাকাশস্য সাতিকাশস্য সপ্রতিকাশস্য সদেবমনুষ্যস্য সগন্ধর্ব্বাপ্সরোরক্ষসঃ সহারণ্যৈঃ পশুভির্গ্রাম্যৈশ্চ যন্ম আত্মনি ব্রতং তন্মে সর্ব্বং ব্রতম্। ইদমহমগ্নে সর্ব্বতো ভবামি স্বাহা—ইদমগ্নয়ে।"

অনন্তর ব্রহ্মচারী উপবেশনপূর্ব্বক মণ্ডপ হইতে সমিধ্ আকর্ষণ করত নিম্নলিখিত একটি মন্ত্রে একটি ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া দশটি সমিধ্ দ্বারা হোম করিবে; যথা—

"দশানাম্ বিহব্যঋষির্ব্বিশ্বেদেবা দেবতা, ত্রিষ্টুপ, জগতী বিরাট্‌ছন্দাংসি সমিদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ মমাগ্নে বর্চ্চো বিহবেষস্ত বয়ং ত্বেন্ধানাস্তন্বং পুষেম। মহ্যং নমন্তাং প্রদিশশ্চতস্রস্ত্বয়াধ্যক্ষেণ পৃতনা জয়েম স্বাহা—ইদমগ্নয়ে। ১॥ ওঁ মম দেবা বিহবে সন্ত সর্ব্ব ইন্দ্রবন্তো মরুতো বিষ্ণুরগ্নিঃ। মমান্তরিক্ষমুরুলোকমস্ত মহ্যং বাতঃ পবতাং কামে অস্মিন্ স্বাহা—ইদমগ্নয়ে। ২॥ ওঁ ময়ি দেবা দ্রবিণমা যজন্তাং ময্যাশীরস্ত ময়ি দেবহূতিঃ। দৈব্যা হোতারো বনুষন্ত পূর্ব্বেঽরিষ্টাঃ স্যাম তন্বা সুবীরাঃ স্বাহা—ইদমগ্নয়ে। ৩॥ ওঁ মহ্যং যজন্ত মম যানি হব্যাকূতিঃ সত্যা মনসো মে অস্ত। এনো মা নি গাং কতমঞ্চ নাহং বিশ্বেদেবাসো অধিবোচতা নঃ স্বাহা—ইদমগ্নয়ে। ৪॥ ওঁ দেবীঃ ষলুর্ব্বীরুরু নঃ কৃণোত বিশ্বে দেবাস ইহ বীরয়ধ্বং। মা হাস্মহি প্রজয়া মা তনুভির্মা রধাম দ্বিষতে সোম রাজন্ স্বাহা—ইদমগ্নয়ে। ৫॥ ওঁ অগ্নে মন্যুং প্রতিনুদন্ পরেষামদব্ধো গোপাঃ পরি পাহি নস্ত্বং। প্রত্যঞ্চো যন্ত নিগুতঃ পুনস্তেমৈষাং চিত্তং প্রবুধাং বি নেশৎ স্বাহা—ইদমগ্নয়ে। ৬॥ ওঁ ধাতা ধাতৄণাং ভুবনস্য যস্পতির্দ্দেবং ত্রাতারমভিমাতিষাহং।

ইমং যজ্ঞমশ্বিনোভা বৃহস্পতির্দ্দেবাঃ পান্তু যজমানং ন্যর্থাৎ স্বাহা—ইদমগ্নয়ে। ৭॥ ওঁ উরুব্যচা নো মহিষঃ শর্ম্মযংস দদস্মিন্‌হবে পুরুহূতঃ পুরুক্ষুঃ; স নঃ প্রজায়ৈ হর্য্যশ্ব মৃলয়েন্দ্র মা নো রীরিষো মা পরা দাঃ স্বাহা—ইদমগ্নয়ে। ৮॥ ওঁ যে নঃ সপত্না অপ তে ভবন্ত্বিন্দ্রাগ্নিভ্যামব বাধামহে তান্। বসবো রুদ্রা আদিত্যা উপরিস্পৃশংমোগ্রং চেত্তারমধিরাজমক্রন্ স্বাহা—ইদমগ্নয়ে। ৯॥ ওঁ অর্ব্বাঞ্চমিন্দ্রমমুতো হবামহে যোগোজিদ্ধনজিদশ্বজিৎ য। ইমং নো যজ্ঞং বিহবে জুষস্বাস্য কুর্ম্মো হ বীরো যা দিনং ত্বা স্বাহা—ইদমগ্নয়ে। ১০॥"

অনন্তর প্রায়শ্চিত্ত হোম ও স্বিষ্টকৃদ্ধোম করিয়া দক্ষিণা প্রদান করিতে হয়।

তৎপরে আচার্য্য ব্রহ্মচারীকে নিম্নলিখিত নিয়মগুলি শুনাইয়া দিবেন, যথা—রাত্রিতে স্নান করিবে না, উলঙ্গ হইয়া শয়ন করিবে না, নগ্ন-স্ত্রী দর্শন করিবে না, ধাবমান হইবে না, বৃক্ষে আরোহন করিবে না, কোন বিষয়ে সন্দিগ্ধ হইবে না।

অনন্তর সন্ধ্যাকাল অতীত হইলে পাদশৌচ ও আচমনপূর্ব্বক বাগ্‌যত হইয়া ভোজন করিতে হয়। প্রথমে—"ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা"—বলিয়া আপোশান (এক গণ্ডূষ জলপান) করিবে। তৎপরে অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা অন্ন গ্রহণ করত "ওঁ প্রাণায় স্বাহা," অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠা দ্বারা "ওঁ অপানায় স্বাহা, অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা "ওঁ ব্যানায় স্বাহা," অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা "ওঁ উদানায় স্বাহা," এবং সর্ব্বাঙ্গুলীযোগে "ওঁ সমানায় স্বাহা" বলিয়া অন্ন গ্রহণ করিতে হয়। তদনন্তর মৌনভাবে তৃপ্তি সহকারে ভোজন করিয়া "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা," বলিয়া আপোশানপূর্ব্বক আচমন করত পাদপ্রক্ষালন করিয়া কৃষ্ণাজিনশয্যায় শয়ন করিবে।

(বর্ত্তমানকালে) এই দিবস হইতে দ্বাদশ দিন, (কোথাও বা তিন দিন) অক্ষার-লবণ—সেবনের ব্যবহার আছে। তদনন্তর যথারীতি ভোজন করিবে।

সূতিকা ষষ্ঠী পূজা

সন্তানের জন্ম হইতে ষষ্ঠ দিনের রাত্রিতে ষষ্ঠীপূজা করিয়া জাগরণ করিতে হয়। এই পূজা পিতা স্বয়ং করিবেন। ইহাতে তাঁহার জননাশৌচ এমন কি অন্যবিধ অশৌচ হইলেও বাধা নাই। কেবল এই কর্ম্মের জন্যই এই দিনে কেবল মাত্র পিতার অশৌচ থাকে না। অসমর্থ বা শূদ্র হইলে অন্য শুচি ব্রাহ্মণ দ্বারা করাইবেন।

সন্ধ্যাকালে সূতিকাগৃহের দ্বারে বসিয়া আচমন, বিষ্ণুস্মরণ, গন্ধাদি ও নারায়ণাদির অর্চ্চনা করিয়া কুশীতে আতপতণ্ডুল লইয়া স্বস্তিবাচন করিবেন—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ সূতিকাগারদেবতাপূজনকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি। পরে স্বশাখোক্ত স্বস্তিসূক্ত ও "সূর্য্যঃ সোমো যম" ইত্যাদি সাক্ষ্যমন্ত্র পাঠ করিয়া সঙ্কল্প করিবেন। বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকে মাসি (মুখ্যচান্দ্র) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা মমাভিনবজাতকুমারস্য সংরক্ষণকামঃ গণপত্যাদিনানাদেবতা-পূজাপূর্ব্বকসূতিকা-

গারদেবতাপূজনকর্ম্মাহং করিষ্যে। পরার্থে হইলে 'মম' স্থলে 'অমুকগোত্রস্য অমুক-দেবশর্ম্মণঃ' (পিতার নাম) 'করিষ্যে' স্থলে 'করিষ্যামি' বলিবেন পরে সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া সূতিকাগৃহদ্বারে সাতটী মণ্ডল আঁকিয়া তাহাতে সাতটী বটপত্রে মাষভক্তবলি সাজাইয়া জলশুদ্ধি, আসনশুদ্ধি, ও বিঘ্নাপসারণ করিয়া তাম্রকুণ্ডের জলে ক্ষেত্রপালাদির পূজা করিবে যথা—এষ গন্ধঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এষ ধূপঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এষ দীপঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ। প্রণাম—"ওঁ ক্ষেত্রপাল নমস্তুভ্যং সর্ব্বশান্তিফলপ্রদ। বালস্য বিঘ্ননাশায় মম গৃহ্ণ ত্বিমং বলিং॥"১।

এইরূপে সর্ব্বত্র গন্ধাদি দ্বারা পূজা ও প্রণাম করিবে। ওঁ ভূতদৈতাপিশাচাদি গন্ধর্ব্বযক্ষরাক্ষসেভ্যো নমঃ। প্রণাম—ওঁ ভূতদৈত্যপিশাচাদ্যা গন্ধর্ব্বা যক্ষরাক্ষসাঃ। শুভং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিং।" ২॥ ওঁ পূর্ব্বাদিস্বস্থানবাসিভ্যো নমঃ। প্রণাম—"ওঁ পূর্ব্বাদিদিগ্‌বিভাগেষু স্বস্থানপ্রতিবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিং॥" ৩॥ ওঁ যোগিনীডাকিনীভ্যো নমঃ। প্রণাম—ওঁ নানারূপধরাঃ সর্ব্বা মাতরো দেবযোনয়ঃ। বালস্য বিঘ্ননাশায় যম গৃহ্ণন্ত্বিমং বলিং॥"৪॥ ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ। প্রণাম—ওঁ আদিত্যাদিগ্রহা যে চ নিত্যং স্বস্থানবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিং॥"৫॥ ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ। প্রণাম—ওঁ ইন্দ্রাদ্যা যে চ দিক্‌পালা নিতং স্বস্থানবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিং॥" ৬॥ ওঁ দ্বারপালায় নমঃ। প্রণাম—"ওঁ দ্বারপাল নমস্তুভ্যং সর্ব্বোপদ্রবনাশন। বালবিঘ্ননাশায় পূজাং গৃহ্ণ সুরোত্তম॥" ৭॥ ওঁ জন্তায় নমঃ বলিয়া পঞ্চোপচারে পূজা করিবেন। প্রণাম—ওঁ জন্তাসুর মহোবীর সর্ব্বশান্তিফলপ্রদ। রক্ষস্ব মম বালং ত্বঃ পূজাং গৃহ্ণ যথাসুখং॥৮॥ অনন্তর গৃহে প্রবেশ করত আসন শুদ্ধ্যাদি করিয়া 'যং" বীজে প্রাণায়াম করন্যাস অঙ্গন্যাসাদি করিয়া বটশাখা সমীপে ঘটস্থাপন করত পূজা করিবেন। অগ্রে ঐ ঘটে গণেশের পূজা করিবেন, যথা—'ওঁ ভূর্ভুবঃস্ব গণেশ ইহাগচ্ছ ইহাগচ্ছ' ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া 'ওঁ গণেশায় নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ সর্ব্ববিঘ্নহর শ্রীমন্নেকদন্ত গজানন। ষষ্ঠীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা শিশুঃ দীর্ঘায়ুষং কুরু॥" 'ওঁ গৌর্য্যাদিষোড়শমাতৃকা ইহাগচ্ছত, ইহাগচ্ছত' ইত্যাদি দ্বারা আবাহন করিয়া 'ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ' মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিবেন। এইরূপে নিম্নলিখিত প্রত্যেক নামের পর 'মাত্রে নমঃ' বলিয়া পূজা করিবেন। যথা—পদ্মায়ৈ, শচ্যৈ, মেধায়ৈ, সাবিত্র্যৈ বিজয়ায়ৈ, জয়ায়ৈ, দেবসেনায়ৈ, স্বধায়ৈ, স্বাহায়ৈ, শান্ত্যৈ, পুষ্ট্যৈ, ধৃত্যৈ, তুষ্ট্যৈ, আত্মদেবতায়ৈ, কুলদেবতায়ৈ। প্রণাম—ওঁ গৌর্য্যাদিষোড়শমাতৃকাভ্যো নমঃ। পরে গন্ধাদিদ্বারা পূজা করিবেন যথা—ওঁ দুর্গায়ৈ নমঃ, ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো

নমঃ, ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ। ষষ্ঠীর ধ্যান পাঠ করিয়া মানসোপচারে পূজা ও বিশেষার্ঘ্য স্থাপন করিবেন। পরে কূর্ম্ম মুদ্রায় পুষ্প লইয়া পুনরায় ষষ্ঠীর ধ্যান বলিয়া ঐ পুষ্প ঘটের উপর দিয়া 'ওঁ ষষ্ঠী-দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি দ্বারা আবাহন করিয়া বলিবেন "ওঁ আয়াহি বরদে দেবি মহাষষ্ঠীতি বিশ্রুতে। শক্তিরূপেণ মে পুত্রং রক্ষ জাগরবাসরে।" পুনরায় ধ্যান করিয়া ষোড়শোপচারে পূজা করিবেন, পরে "ওঁ গৌর্য্যাঃ পুত্রো যথা স্কন্দঃ শিশুঃ সংরক্ষিতস্ত্বয়া। তথা মমপায়ং বালো রক্ষ্যতাং ষষ্ঠী তে নমঃ॥" এই মন্ত্রে পুষ্পাঞ্জলি দিবেন। পরে প্রণাম করিবেন মন্ত্র যথা—"ওঁ জয় দেবি জগন্মাতর্জগদদানন্দকারিণি। প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবিকে॥ ওঁ ধাত্রী ত্বং কার্ত্তিকেয়স্য মহাষষ্ঠীতিবিশ্রুতা। দীর্ঘায়ুষ্টঞ্চ নৈরুজ্যং কুরুষ মম বালকে॥ ওঁ জননী সর্ব্বভূতানাং সর্ব্ববিঘ্নক্ষয়ঙ্করী॥ নারায়ণস্বরূপেণ মৎপুত্রং রক্ষ সর্ব্বতঃ॥ ওঁ ভূতদৈত্যপিশাচেভ্যো ডাকিনীভ্যোঽপি সঙ্কটাৎ। সুতং মেঽস্য শুভং দত্ত্বা রক্ষ দেবি নমোঽস্তুতে॥ ওঁ আয়ুর্দ্দেহি যশোদেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥" ওঁ মন্থানদণ্ডায় নমঃ বলিয়া পঞ্চোপচারে মন্থানদণ্ডের পূজা করিবেন। প্রণাম—"ওঁ মন্থান মন্দরোঽসি ত্বং মথিতঃ সাগর স্তয়া। তথা মমাপি পুত্রস্য মথ বিঘ্নং নমোঽস্তুতে॥" ঐরূপ ওঁ কার্ত্তিকেয়ায় নমঃ। প্রণাম—"ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরীহৃদয়নন্দন। কুমার রক্ষ মে পুত্রং খড়্গহস্ত নমোঽস্তু তে॥" ষট্‌কৃত্তিকায় একত্র অথবা পৃথক্ পৃথক্ পূজা করিবেন। উহাঁদের নাম যথা—শিবা, সম্ভূতি, কীর্ত্তি, সন্ততি, অনসূয়া ও ক্ষমা। জন্মদার পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ যা জন্মদেতি বিখ্যাতা শুভদা ভুবি পূজিতা। করোতু সর্ব্বদা রক্ষাং বালস্য সূতিকাগৃহে॥" যোগিনী, ডাকিনী ও রাক্ষসীগণের পূজা করিয়া গৃহভিত্তিতে গোময় পুত্তলীর উপর জাতহারিণীর আবাহন করিয়া পূজা করিবেন। পরে ঘটে ঘোরা, পিশিতাসনা, বসুদেব, দেবকী, নন্দা, ত্রিলোচনা ও যশোদার পূজা পূর্ব্বক মার্কণ্ডেয়ের পূজা করিয়া প্রণাম করিবেন—'ওঁ মার্কণ্ডেয় মহাভাগ প্রার্থয়েঽহং কৃতাঞ্জলিঃ। চিরজীবী যথা ত্বং ভোস্তথা ভবতু মে সুতঃ॥" ওঁ অশ্বত্থাম্নে নমঃ বলিয়া পূজা করিবেন। এইরূপ আদিতে 'ওঁ' ও অন্তে 'নমঃ" যোগ করিয়া বলয়ে, ব্যাসায়, হনুমতে, বিভীষণায়, কৃপায় ও পরশুরামায় বলিয়া পূজা করিয়া প্রণাম করিবেন— "অশ্বত্থমা বলি র্ব্যাসোহনুমাংশ্চ বিভীষণঃ। কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে পান্তু মে সুতং।" পাথার উপর বস্ত্র পাতিয়া তাহাতে শিশুকে শোয়াইয়া ষষ্ঠীর চরণে অর্পণ করিবেন— "ওঁ জননী সর্ব্বভূতানাং লোকানাং হিতকারিণী। ব্যজনস্থং রক্ষ পুত্রং তব পাদে সমর্পিতং॥" শিশুর সর্ব্বাঙ্গ উদ্দেশ করিয়া পাঠ করিবেন—"ওঁ মাথুরং মঙ্গলং যচ্চ বিষ্ণোরতুলাতেজসঃ। হরস্য মঙ্গলং যচ্চ সর্ব্বং ভবতু মে সুতে॥ ওঁ রক্ষাং করোতু ভগবান্ বহুরূপী জনার্দ্দনঃ। বরাহরূপধৃগ্দেবঃ শিশুং রক্ষতু কেশবঃ। ওঁ নখাগৈগ্রর্যোবিদ-

লিতবৈরিবক্ষঃস্থলোহরিঃ। নৃ সিংহরূপী সর্ব্বত্র স ত্বাং রক্ষতু কেশবঃ। ওঁ শিরস্তে পাতু গোবিন্দো গণ্ডং রক্ষতু কেশবঃ। গুহ্যং সজঠরং পাতু জঙ্ঘাঞ্চৈব জনার্দ্দনঃ। স্কন্ধং বাহুং প্রবাহুঞ্চ মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ॥" আচার বশতঃ শিশুর কর্ণে খড়িকাস্পর্শ প্রভৃতি করিয়া হরিদ্রা দ্বারা হরির দ্বাদশ নাম লিখিত নূতন বস্ত্রখণ্ড শিশুর মস্তকে দিবেন। দ্বাদশ নাম যথা—কেশব, অচ্যুত, পদ্মনাভ, গোবিন্দ, ত্রিবিক্রম, হৃষীকেশ, পুণ্ডরীকাক্ষ, বাসুদেব, নারায়ণ, নরসিংহ, হয়গ্রীব, বামন। অতঃপর দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিয়া 'আবাহিত দেবতাঃ ক্ষমধ্বং' বলিয়া ঘটে ও গোময় পুত্তলীতে জলের ছিটা দিয়া বিসর্জ্জন করিবেন। দ্বাদশ ব্রাহ্মণের পদধূলি বস্ত্রখণ্ডে বাঁধিয়া শিশুর মস্তকে দিবেন।

দ্বিতীয় পর্ব্ব

নিত্যকৃত্য-প্রকরণ

প্রাতঃকৃত্য

ব্রাহ্মণাদি চারিবর্ণেরই ব্রাহ্ম-মুহূর্ত্ত নিদ্রা-ত্যাগের সময়। রাত্রিমানকে আটভাগে বিভক্ত করিয়া সর্ব্বশেষ ভাগকে দুইটী সংজ্ঞায় নির্দ্দিষ্ট করিবে। এক মুহূর্ত্ত রৌদ্র, তাহার পূর্ব্ব এক মুহূর্ত্ত ব্রাহ্ম বলিয়া ধরা হয়; সুতরাং রাত্রির প্রায় চারিদণ্ড থাকিতেই ব্রাহ্ম-মুহূর্ত্ত প্রবৃত্ত হয়।[১] আর্য্যগণ এই সময় নিদ্রাভঙ্গ করিয়া গাত্রোত্থানপূর্ব্বক শয্যার উপরে পূর্ব্ব বা উত্তর মুখ হইয়া উপবেশন করত বক্ষ্যমাণ শ্লোক কয়েকটি পাঠ করিবেন। যথা—

ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী ভানুঃ শশী ভূমি-সুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনি-রাহু-কেতু কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতম্॥
কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী।
ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা॥
বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা।
এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥
লোকেশ চৈতন্যময়াধিদেব শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তির্জ্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি॥
কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনম্॥
কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ।
যেন সাগরপর্য্যন্তা ধনুষা নির্জ্জিতা মহী॥
যস্তস্য কীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ স্যান্নষ্টঞ্চ লভতে পুনঃ॥
প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গা দুর্গাক্ষরদ্বয়ম্।
আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা॥

১। রাত্রেশ্চ পশ্চিমে যামে মুহূর্ত্তো যস্তৃতীয়কঃ।
স ব্রাহ্ম ইতি বিখ্যাতো বিহিতঃ সংপ্রবোধনে॥ ইতি পিতামহঃ।

অহল্যা দ্রৌপদী কুন্তী তারা মন্দোদরী তথা।
পঞ্চকন্যা স্মরেন্নিত্যং মহাপাতকনাশনম্॥
পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকো চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ॥

এই শ্লোক কয়টী পাঠ করিয়া দীক্ষিত সকল বর্ণই (অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র সকলেই) তান্ত্রিক প্রাতঃকৃত্য করিবেন। যাঁহারা দীক্ষিত হন নাই, তাঁহারা তান্ত্রিক প্রাতঃকৃত্য ব্যতীত পূর্ব্ব কথিত "ব্রহ্মা মুরারিঃ" ইত্যাদি শ্লোকগুলি পাঠ করিবেন। স্ত্রীলোকের পক্ষেও এই নিয়ম।

তান্ত্রিক-প্রাতঃকৃত্য

দীক্ষিত-ব্যক্তি শয্যার উপরে পূর্ব্ব বা উত্তর-মুখে বদ্ধপদ্মাসনে বা স্বস্তিকাসনে উপবিষ্ট হইয়া[১] শিরোঽবস্থিত অধোমুখ সহস্রদলকমলকর্ণিকান্তর্গত—উর্দ্ধমুখ-দ্বাদশদল-কমলো-পরিস্থিত-শরচ্চন্দ্রসুন্দর-পূর্ণেন্দু-মণ্ডলান্তর্গত-হংসপীঠে উপবিষ্ট-গুরুকে ধ্যান করিবেন।

গুরুর ধ্যান

শিরসি সহস্রদলকমলাবস্থিতং শ্বেতবর্ণং দ্বিভুজং।
বরাভয়করং শ্বেতমাল্যানুলেপনং স্বপ্রকাশস্বরূপং।
স্ববামস্থিতসুরক্তশক্ত্যা স্বপ্রকাশস্বরূপয়া সহিতং গুরুম্।

এই ধ্যানোক্ত-আকৃতি[২] মনে মনে চিন্তা করিবেন। যদি দীক্ষা-গুরু স্ত্রীলোক হন, তবে নিম্নলিখিত রূপে ধ্যান করিতে হইবে।

স্ত্রীগুরুর ধ্যান

সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণশোভিতে।
প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাম্॥
প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুম্।
পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রসুশোভনাম্॥
রক্তকঙ্কণপাণিঞ্চ রক্তনূপুরশোভিতাম্।
স্থলপদ্মপ্রতীকাশপাদপদ্মবিশোভিতাম্॥

১। কাহারও মতে রাত্রিবাস পরিত্যাগানন্তর প্রাতঃকৃত্য করিবার বিধি প্রদত্ত হইয়াছে। কিন্তু তাহা সমীচীন নহে। কারণ—নানাতন্ত্রোক্ত রচনাবলী দ্বারা প্রাতঃকালে নিদ্রাভঙ্গের পরেই প্রাতঃকৃত্যের প্রতিপাদন বশতঃ মলমূত্রের পরিত্যাগের পূর্ব্বে রাত্রিবাস পরিত্যাগ না করিয়া শয্যাস্থ হইয়া প্রাতঃকৃত্য করিবেন, এইরূপ প্রতিপাদিত হইয়াছে।

২। শিরঃস্থিত সহস্রদলকমলাবস্থিত গুরুদেবকে শ্বেতবর্ণ, দ্বিভুজ, বর ও অভয়প্রদ শ্বেতমাল্য ও শ্বেতচন্দন-চর্চ্চিত, স্বপ্রকাশমূর্ত্তি, স্ববামভাগস্থিতা রক্তবর্ণা স্বপ্রকাশমানা শক্তির সহিত সামাশ্লিষ্ট এইরূপ মনে করিয়া চিন্তা করিবেন।

শরদিন্দুপ্রতীকাশাং রত্নোদ্ভাসিতকুণ্ডলাম্।
স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাম্ ॥[১]

এইরূপে গুরুদেবকে সদাশিবমূর্ত্তি (স্ত্রীগুরু হইলে শক্তিমূর্ত্তি) চিন্তা করিয়া মানসোপচারে পূজা করিবেন।

মানস-পূজা যথা—'ঐঁ' এই মন্ত্রে উচ্চারণপূর্ব্বক 'লং পৃথ্ব্যাত্মকং গন্ধং সশক্তিক-শ্রীগুরবে সমর্পয়ামি নমঃ' বলিয়া নিজের দেহস্থ পর্থিবাংশ গন্ধরূপে কল্পনা করিয়া গন্ধমুদ্রা প্রদর্শন করিবেন। পরে 'হং আকাশাত্মকং পুষ্পং সশক্তিক-শ্রীগুরবে সমর্পয়ামি নমঃ' বলিয়া দেহস্থ আকাশ পুষ্পরূপে কল্পনা করিয়া পুষ্পমুদ্রা প্রদর্শন করিবেন। অনন্তর 'যং বায্বাত্মকং ধূপং সশক্তিকশ্রীগুরুবে সমর্পয়ামি নমঃ' বলিয়া দেহস্থবায়ু ধূপরূপে কল্পনা করত ধূপমুদ্রা প্রদর্শন করিবেন। তৎপর 'রং বহ্ন্যাত্মকং দীপং সশক্তিক-শ্রীগুরবে সমর্পয়ামি নমঃ' বলিয়া দেহস্থ অগ্নি দীপরূপে কল্পনা করিয়া দীপমুদ্রা প্রদর্শন করিবেন। অতঃপর 'বং অমৃতাত্মকং নৈবেদ্যং সশক্তিক শ্রীগুরবে সমর্পয়ামি নমঃ' বলিয়া দেহস্থ জলীয়-অংশ নৈবেদ্যরূপে কল্পনা করিয়া নৈবেদ্যমুদ্রা[২] প্রদর্শন পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে 'ঐ' সর্ব্বাত্মকং তাম্বূলং সশক্তিক-শ্রীগুরবে নমঃ' বলিয়া মনঃ-কল্পিত তাম্বুল প্রদান করিবেন।

অনন্তর "গাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস ওঁ "গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি ক্রমে করন্যাস করিয়া কৃতাঞ্জলিপূর্ব্বক, মস্তকের বামভাগে "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ" বলিয়া দক্ষিণভাগে "ওঁ গণপতয়ে নমঃ" বলিয়া এবং উর্দ্ধভাগে "ওঁ শ্রীগুরবে নমঃ" বলিয়া নমস্কার করত গুরুর মূলমন্ত্র (ঐঁ) যথাশক্তি জপ করিয়া (জপপ্রণালী দেখ) "গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং। সিদ্ধির্ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বর ॥" এই বলিয়া জপ বিসর্জ্জন করিয়া শ্রীগুরুদেবকে নমস্কার করিবেন।

১। শিরঃস্থ কেশরাজি-শোভিত সহস্রদলবাসিনী গুরুকে বক্ষ্যমাণরূপে চিন্তা করিবেন,—তিনি প্রফুল্লপদ্মপত্রলোচনী, ঘনপীনস্তনী, প্রসন্নমুখী, ক্ষীণমধ্যা এবং মঙ্গলময়ী, তাঁহার দেহকান্তি প্রবাল সদৃশ ও বস্ত্র রক্তবর্ণ; ইনি হস্তে কঙ্কণ ধারণ করিয়াছেন, ইনি রক্ত নুপুরের দ্বারা সুশোভিতা; ইহার পাদপদ্ম স্থলপদ্মের ন্যায় শোভা ধারণ করিয়াছেন; ইনি শরচ্চন্দ্রের ন্যায় সুমনোহরা, ইঁহার কর্ণদ্বয়ে রক্তবর্ণ কুণ্ডল শোভা পাইতেছে, স্বকীয় শিবের বামভাগে অবস্থিতা হইয়া ইনি করপদ্মদ্বয়ে সাধককে বর ও অভয় প্রদান করিতেছেন।

২। গন্ধাদি-মুদ্রা যথা—উভয়হস্তের কনিষ্ঠাদ্বারা অঙ্গুষ্ঠাঙ্গুলি যোগের নাম—গন্ধমুদ্রা, উভয়হস্তের অঙ্গুষ্ঠদ্বারা তর্জ্জনী অঙ্গুলি যোগের নাম—পুষ্পমুদ্রা, উভয়হস্তের তর্জ্জনী দ্বারা অঙ্গুষ্ঠাঙ্গুলি যোগের নাম—ধূপমুদ্রা, উভয়হস্তের মধ্যমাঙ্গুলি-দ্বারা অঙ্গুষ্ঠযোগের নাম দীপমুদ্রা; উভয়হস্তের অনামিকা-দ্বারা অঙ্গুষ্ঠযোগের নাম—নৈবেদ্যমুদ্রা।

গুরু-নমস্কার মন্ত্র

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন-শলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
নমস্তে গুরবে তস্মৈ ইষ্টদেবস্বরূপিণে।
যস্য বাগামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞকম্॥

স্ত্রীগুরু-নমস্কার

ব্রহ্মবিষ্ণুশিবত্বাদি-জীবন্মুক্তিপ্রদায়িনী।
জ্ঞানবিজ্ঞানদাত্রী চ তস্যৈ শ্রীগুরবে নমঃ।

সমর্থ হইলে অতঃপর গুরুর স্তব ও কবচ পাঠ করিবেন। স্ত্রীগুরু হইলে স্ত্রীগুরুর ধ্যানানুসারে পূর্ব্ববৎ পূজা করিয়া স্ত্রীগুরুর স্তব কবচ পাঠ করিবেন। ধ্যান ব্যতীত অন্যান্য পূজা-প্রণালী, পুরুষ ও স্ত্রীগুরুর একপ্রকার জানিবেন। অনন্তর কুলকুণ্ডলিনীর ধ্যান করিবেন।

কুলকুণ্ডলিনী ধ্যান[১]

যিনি মূলাধার-পদ্মের কর্ণিকার (বীজকোষ) মধ্যস্থিত ত্রিকোণান্তর্গত স্বয়ম্ভুলিঙ্গকে প্রসুপ্ত-সর্পের ন্যায় সার্দ্ধত্রিতয়বেষ্টনে বেষ্টন করিয়া রহিয়াছেন, যাঁহার দেহকান্তি কোটি বিদ্যুতের ন্যায় এবং যিনি মৃণাল-তন্তুবৎ অতীব সূক্ষ্মা, সাধক এতাদৃশী নিজ ইষ্টদেবতা-রূপিণী কুলকুণ্ডলিনীশক্তিকে 'যং বং' এই মন্ত্রযোগে হুঙ্কারদ্বারা চৈতন্যযুক্ত করিয়া 'হংসঃ'[২] এই মন্ত্রে উত্থাপিত করত ব্রহ্মমার্গে পরমশিবে সংযোজিত করিয়া শিব-শক্তির সামরস্য-চিন্তাপূর্ব্বক ত্রিপুরসুন্দরীস্বরূপা রক্তবর্ণা গুরুশক্তির সহিত সম্মিলিত পরমশিবরূপী গুরুকে চিন্তা করিবেন।

অতঃপর পরমশিব-সামরস্যোদ্ভূত-অমৃতধারা-পরিপ্লুতা কুলকুণ্ডলিনীকে মূলাধারে আনয়ন করত শ্বাস পরিত্যাগপূর্ব্বক ইষ্টদেবতা নমস্কার-মন্ত্রে তাঁহাকে প্রণাম করিবেন। অনন্তর চৌরগণেশ-মন্ত্র জপ করিবেন।

চৌরগণেশ-মন্ত্র

প্রথমতঃ হৃদয়দেশে "ক্রোং" এই বীজ দশবার (অসমর্থপক্ষে—একবার) ন্যাস করিবেন। এইরূপে দক্ষিণচক্ষুতে "হ্রীঁ হ্রীঁ," বামনেত্রে—"হ্রীঁ হ্রীঁ," দক্ষিণকর্ণে—

১। ধ্যায়েৎ কুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধারনিবাসিনীং। তামিষ্টদেবতারূপাং সার্দ্ধত্রিবলয়ান্বিতাং। কোটি-সৌদামিনীভাসাং স্বয়ম্ভুলিঙ্গ-বেষ্টিতাম্॥

মনে মনে এই ধ্যানোক্ত-আকৃতি (ধ্যানের অর্থ উপরে লিখিত হইয়াছে) চিন্তা করিতে হয়।

২। এই স্থানে বিষ্ণু-উপাসকদিগের কিছু বিশেষ আছে; তাঁহারা, 'হংসঃ' স্থলে 'সোঽহং' বলিবেন।

"হূং হূং", বামকর্ণে—"হূং হূং", দক্ষিণ-নাসাপুটে—"ক্রীং ক্রীং", বাম নাসাপুটে—"ক্রীং ক্রীং", মুখে—"স্ত্রীং স্ত্রীং", নাভিতে—"ঐং", লিঙ্গমূলে—হ্সৌঃ, গুহ্যে—ব্লুঁ, ভ্রূমধ্যে—হ্রূং, এই একাদশ বীজ একাদশ স্থানে ন্যাস করিবেন। সমর্থ হইলে এই সময় আজপাজপ সমর্পণ করিবেন।

আজপাজপ-সমর্পণ

"অস্য অজপাগায়ত্রীমন্ত্রস্য হংসঋষিঃ অব্যক্তগায়ত্রীচ্ছন্দঃ পরমহংসো দেবতা হং বীজং সঃ শক্তিঃ সোঽহং কীলকং পরমাত্ম-প্রীতয়ে উচ্ছ্বাসনিশ্বাসাভ্যাং ষট্‌শতাধিকৈকবিংশতি-সহস্রাজপসমর্পণে মোক্ষপ্রাপ্তয়ে বিনিয়োগঃ। শিরসি—হংসঋষয়ে নমঃ। মুখে—অবক্তগায়ত্রীচ্ছন্দসে নমঃ; হৃদি—পরমহংসায় দেবতায়ৈ নমঃ। মূলাধারে—হং বীজায় নমঃ; পাদয়োঃ—সঃ শক্তয়ে নমঃ; সর্ব্বাঙ্গে—সোঽহং কীলকায় নমঃ।" এই মন্ত্রে ঋষ্যাদিন্যাস করিয়া ষড়ঙ্গন্যাস করিবেন। যথা—

"ওঁ হংসাং সূর্য্যাত্মনে তেজোবত্যৈ শক্তয়ে হৃদয়ায় স্বাহা; ওঁ হংসীং সোমাত্মনে প্রভাশক্তয়ে শিরসে স্বাহা; ওঁ হংসূং নিরঞ্জনাত্মনে অবিন্তাশক্তয়ে শিখায়ৈ স্বাহা; ওঁ হংসৈং নিরাভাসাত্মনে মায়াশক্তয়ে কবচায় স্বাহা। ওঁ হংসৌং অনন্তাত্মনে ঈক্ষণ-শক্তয়ে নেত্রত্রয়ায় বৌষট্; ওঁ হংসঃ অনন্তাত্মনে জ্ঞানশক্তয়ে অস্ত্রায় ফট্।"

অতঃপর ধ্যান করিবেন যথা, "গমাগমস্থং গমনাদিশূন্যং, চিদ্রূপরূপং তিমিরান্তকারং। পশ্যামি তং সর্ব্বজনপ্রধানং, নমামি হংসং পরমার্থরূপম্॥" এইরূপে ধ্যান করিয়া জপসমর্পণ করিবেন।

যথা—মূলাধারণ্ডপে স্বর্ণবর্ণচতুর্দ্দশপদ্মে দ্রুতসৌবর্ণবর্ণবাদিসান্তচতুর্ব্বর্ণান্বিতে গায়ত্রী-সহিতায় রক্তবর্ণায় গণনাথায় ষট্‌শতসংখ্যমজপাজপমহং সমর্পয়ামি নমঃ। স্বাধিষ্ঠানমণ্ডপে বিদ্রুমনিভে বিদ্যুৎপুঞ্জপ্রভাভ বাদিলান্তষড়্‌বর্ণান্বিতে ষড়্‌দলপদ্মে সাবিত্রীসহিতায় ব্রহ্মণে অজপামন্ত্রং ষট্‌সহস্রমহং সমর্পয়ামি নমঃ। মণিপূরমণ্ডপে সুনীলপ্রভে মহানীলপ্রভ-ভাদিহান্ত-দশবর্ণবিভূষিতে দশদলপদ্মে লক্ষ্মীসহিতায় বিষ্ণবে ষট্‌সহস্রমজপাজপমহং সমর্পয়ামি নমঃ। অনাহতমণ্ডপে তরুণরবিনিভে মহাবহ্নিকণিকাভ-কাদিঠান্তদ্বাদশবর্ণযুতে দ্বাদশদলপদ্মে গৌরীসহিতায় শিবায় ষট্‌সহস্রমজপাজপমহং সমর্পয়ামি নমঃ। বিশুদ্ধ-মণ্ডপে ধূম্রবর্ণে অকারাদি-অঃকারান্তষোড়শস্বরান্বিতে ষোড়শদলপদ্মে প্রাণশক্তিসহিতায় জীবাত্মনে সহস্রসংখ্যমজপাজপমহং সমর্পয়ামি নমঃ। আজ্ঞামণ্ডপে বিদ্যুৎপুঞ্জনিভে শুভ্র-হ-ক্ষ-বর্ণান্বিতে দ্বিদলপদ্মে মায়াসহিতপরমাত্মনে একসহস্রমজপাজপমহং সমর্পয়ামি নমঃ। ব্রহ্মরন্ধ্রমণ্ডপে কর্পূরাভে নানাবর্ণোজ্জলদলবিভূষিতে নানাবর্ণ-বর্ণসমুদয়োজ্জলে সহস্রারে নাদবিন্দুপরিস্থিত-ব্রহ্মরূপ-সশক্তিকগুরবে একসহস্রসংখ্যমজপাজপমহং সমর্পয়ামি নমঃ।" এই মন্ত্র পাঠ করত জপসমর্পণ করিয়া "হংস" এই অজপা মন্ত্র অষ্টোত্তর শত (১০৮) বার জপ করিবেন।

অতঃপর "ষট্‌শতাধিকৈকবিংশতি-সহস্রজপেন পরমদেবতারূপঃ শ্রীপরমেশ্বরঃ প্রীয়তাম্" এইরূপ মনে মনে চিন্তা করিয়া, পুনর্ব্বার পরদিবসের জন্য হংসের ধ্যান করিবেন।

ধ্যান যথা—"আরাধয়ামি মণিসন্নিভমাত্মলিঙ্গং, মায়াপুরীহৃদয়পঙ্কজসন্নিবিষ্টং। শ্রদ্ধানদীবিমলচিত্তজলাবগাহং, নিত্যং সমাধিকুসুমৈরপুনর্ভবায় ॥"

অনন্তর সাধক কৃতাঞ্জলিপূর্ব্বক "ওঁ ত্রৈলোক্যচৈতন্যময়ি ত্রিশক্তে, শ্রীবিশ্বমাতর্ভব-দাজ্ঞয়ৈব। প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং, সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥ জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তিঃ, জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ। ত্বয়া হৃষীকেশি হৃদিস্থয়া মে, যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥ অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্। সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাববান্ ॥" এই বলিয়া প্রার্থনা করিবেন।

অতঃপর কৃতাঞ্জলিপুরঃসর "ওঁ সমুদ্রমেখলে দেবি, পর্ব্বতস্তনমণ্ডলে। বিষ্ণুপত্নি নমস্তুভ্যং, পাদস্পর্শং ক্ষমস্ব মে ॥ ধারণং পোষণং ত্বত্তো ভূতানাং দেবি সর্ব্বদা। তেন সত্যেন মাং পাহি পাশান্মোচয় ধারিণি" এই বলিয়া প্রার্থনা করিয়া "ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ" বলিয়া পৃথিবীকে নমস্কার করত বামপদপুরঃসর বহির্দ্দেশে গমন করিয়া মল-মূত্র ত্যাগ, দন্তধাবন ও মুখপ্রক্ষালনাদি কার্য্য নির্ব্বাহ করিবেন।

মলমূত্র-ত্যাগের ব্যবস্থা

বাসস্থানের দেড়শত হস্ত দূরে নৈর্ঋতকোণে (দক্ষিণ-পশ্চিমকোণে) মলমূত্র পরিত্যাগের স্থান নির্দ্দেশ করিবেন। মল-মূত্র পরিত্যাগের স্থানে অধিকক্ষণ বসিয়া থাকা অবিধেয়। দিবাভাগে উত্তর-মুখ, রাত্রিতে দক্ষিণ-মুখ এবং দিবা-রাত্রির সন্ধিকালে উত্তর-মুখ হইয়া উপবেশন করিবেন। অত্যন্ত-বেগ না হইলে সন্ধিকালে মলমূত্র পরিত্যাগ করা নিষিদ্ধ। যাঁহাদের যজ্ঞোপবীত আছে, তাঁহারা উহা মালার ন্যায় পৃষ্ঠদেশে রাখিয়া, আর যদি উত্তরীয়-বস্ত্র না থাকে, তবে যজ্ঞোপবীত দক্ষিণ-কর্ণে ধারণ করিয়া মল-মূত্র ত্যাগ করিবেন। মলমূত্র ত্যাগ করিয়া বস্ত্র ধৌত করা কর্ত্তব্য। ঐ বস্ত্র পরিয়া কোন কার্য্য করিতে নাই। রাত্রিতে বৃক্ষাদির ছায়াবৃতস্থানে, অন্ধকারময়-স্থানে এবং চৌরব্যাঘ্রাদি-সঙ্কুল ভীতিযুক্ত-স্থানে মলমূত্র পরিত্যাগ করিতে হইলে, পূর্ব্বোক্ত দিক্ নিরূপণের প্রতি লক্ষ্য করিবে না।

চন্দ্র, সূর্য্য, জল, বায়ু, গো এবং ব্রাহ্মণের অভিমুখ হইয়া এবং পথ, ভস্ম, গোস্থান, চষাভূমি, জল, চিতা, পর্ব্বত, জীর্ণদেবালয়, উইভূমি, প্রাণিযুক্তগর্ত্ত, এবং নদীতীরে বসিয়া মল-মূত্রাদি ত্যাগ করা নিষিদ্ধ। গমন করিতে করিতে কিংবা দাঁড়াইয়া অথবা পাদুকা ধারণ করিয়া এবং জলশৌচপাত্র হস্তদ্বারা ধারণ করিয়া মল-মূত্র ত্যাগ করিবেন না। মলমূত্রাদি ত্যাগ কালে, কথাবলা, হাইতোলা ও হাঁচিতোলা নিষিদ্ধ।

শৌচ-ক্রিয়া

আর্য্যশাস্ত্রে দুইপ্রকার শৌচবিধি নির্দ্দিষ্ট আছে। বাহ্য ও আভ্যন্তরশৌচ। মৃত্তিকা-জলাদি দ্বারা দেহাদি শুদ্ধির নাম—বাহ্য-শৌচ এবং মানসশুদ্ধির নাম—আভ্যন্তর-শৌচ। আভ্যন্তর-শৌচ, বাহ্য-শৌচ-সাপেক্ষ ; সুতরাং যে পর্য্যন্ত মানসশৌচ শিক্ষা না হয়, সে পর্য্যন্ত যত্নসহকারে বাহ্যশৌচ করিবেন। এই নিমিত্ত এই স্থলে বাহ্যশৌচই উপদিষ্ট হইল।

বাহ্য-শৌচ-প্রণালী

মলাদি ত্যাগ করিয়া জল ও মৃত্তিকা দ্বারা শৌচ করিতে হয়। বামহস্তে মৃত্তিকা লইয়া লিঙ্গে একবার, মলস্থানে তিনবার, বাম হস্তের মধ্যে দশবার ও হস্ত-পৃষ্ঠে ছয়বার লেপন করিয়া পরে উভয়হস্তেই সাত বার করিয়া মৃত্তিকা লেপন করিবেন। যদি ইহাতেও দুর্গন্ধ নষ্ট না হয়, তবে যতবার মৃত্তিকা লেপন করিলে দুর্গন্ধ নষ্ট হয়, ততবারই মৃত্তিকা লেপন করিবেন, তৎপর জলদ্বারা উহা নিঃশেষে ধৌত করিয়া ফেলিবেন। যদি কখনও জলপাত্রের অভাববশতঃ জলাশয়ের জলদ্বারা শৌচ করিতে হয়, তাহা হইলে জলাশয়ের নিতান্ত তীরে না বসিয়া, প্রায় এক হস্ত পরিমিত স্থান পরিত্যাগ করিয়া জল গ্রহণপূর্ব্বক জলশৌচ করিবেন। এই নিয়মে জলশৌচ করিয়া তৃণাদি-দ্বারা নখাভ্যন্তর-প্রবিষ্ট মৃত্তিকাদি আস্তে আস্তে তুলিয়া ফেলিবেন। অতঃপর উভয়পদে যথাক্রমে তিনবার করিয়া মৃত্তিকালেপন করত জলদ্বারা ধৌত করিয়া ফেলিবেন।

উই বা ইন্দুর কর্তৃক উৎখাত, জলমধ্যস্থ, শৌচাবশিষ্ট, গৃহস্থিত, কোন ক্ষুদ্রপ্রাণিযুক্ত, হলদ্বারা উৎখাত বা কর্দ্দমযুক্ত মৃত্তিকা, শৌচের জন্য গ্রহণ করিবেন না।

কেবল মূত্রপরিত্যাগ করিলে, লিঙ্গে একবার, বামহস্তে তিনবার, উভয়হস্তে দুইবার, এবং পাদদ্বয়ে এক একবার করিয়া মৃত্তিকা লেপন করিয়া জলদ্বারা উত্তমরূপে উহা ধৌত করিয়া ফেলিবেন।

রাত্রিতে কোন বাধাবশতঃ সম্পূর্ণ শৌচক্রিয়া-অনুষ্ঠানে অসমর্থ হইলে এবং পীড়িত ও পথিক ব্যক্তি যথানিয়মে শৌচক্রিয়া করিতে অশক্ত হইলে যথাসম্ভব শৌচক্রিয়া করিবেন। যদি সামর্থ্য থাকে, তাহা হইলে কদাচ নিয়মভঙ্গ করিবেন না।

অনুপনীত দ্বিজাতি, স্ত্রী ও শূদ্র দুর্গন্ধ নষ্ট না হওয়া পর্য্যন্ত পূর্ব্বোক্ত নিয়মে শৌচ করিবে। ইহাদের পক্ষে শৌচের কোন সংখ্যা নির্দ্দিষ্ট নাই। অতঃপর পাদ-প্রক্ষালন করিবেন।

পাদপ্রক্ষালন-বিধি

প্রথমত পূর্ব্বমুখ হইয়া পাদপ্রক্ষালনার্থ বসিবেন। পরে দেবকার্য্যের জন্য উত্তরমুখ, পিতৃকার্য্যের নিমিত্ত দক্ষিণমুখ, এবং সাধারণ কার্য্যের জন্য পশ্চিমমুখ হইয়া পাদ প্রক্ষালন করিবেন।

কাংস্যপাত্রস্থ জল-দ্বারা পাদ-ধৌত এবং কুশধারা পাদ-মার্জ্জন করিতে নাই। যথোক্ত-মুখে উপবিষ্ট হইয়া "সব্যং পাদমবনেনিজে" বলিয়া প্রথম বামপদ, পরে "দক্ষিণং পাদমবনেনিজে" বলিয়া দক্ষিণপদ প্রক্ষালন করিবেন। যজুর্ব্বেদীয়েরা প্রথম দক্ষিণপদ, পরে বামপদ উত্তমরূপে প্রক্ষালন করিবেন। অতঃপর দ্বিজগণ পৃষ্ঠ বা কর্ণবিলম্বিত-যজ্ঞসূত্র যথাস্থানে স্থাপিত করিবেন। অনন্তর সকল বর্ণেরই শিখাবন্ধন কর্ত্তব্য।

শিখা-বন্ধন

দ্বিজাতিগণ একবার গায়ত্রী পড়িয়া এবং শূদ্র ও স্ত্রী নিম্নলিখিত মন্ত্র পড়িয়া আড়াই পাক দিয়া শিখা ও জুটিকা [১] বন্ধন করিবেন। মন্ত্র যথা—

"ব্রহ্মবাণী-সহস্রাণি শিববাণী-শতানি চ। বিষ্ণোর্নামসহস্রেণ শিখাবন্ধং করোম্যহম্॥"

সকল বর্ণই বক্ষ্যমাণ-মন্ত্রে শিখামোচন করিবেন, মন্ত্র যথা—

"গচ্ছন্তু সকলা দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। তিষ্ঠত্বত্রাচলা লক্ষ্মীঃ শিখামুক্তং করোম্যহম্॥"

শিখাবন্ধন করিয়া চক্ষুর্দ্বয় প্রক্ষালনপূর্ব্বক বারদ্বয় আচমন করত পবিত্রভাবে দন্তধাবন করিবেন।

দন্ত-ধাবন

দন্তধাবন না করিলে কোনক্রিয়াতেই অধিকার হয় না, ইহা শাস্ত্রের অভিমত; সুতরাং ধর্ম্মনিষ্ঠ ব্যক্তিমাত্রেরই যথাবিহিত ব্রাহ্মমুহূর্ত্তে দন্তধাবন অবশ্য কর্ত্তব্য।

পূর্ব্ব বা উত্তরমুখ হইয়া খদির, কদম্ব, করঞ্জ, বট, তেঁতুল, বংশত্বক, আম্র, নিম্ব, অপামার্গ, বিল্ব, আকন্দ ও উড়ুম্বর—এই সকল কাষ্ঠের অন্যতম কাষ্ঠদ্বারা দন্তধাবন করিবেন। দন্তকাষ্ঠ কনিষ্ঠাঙ্গুলীর অগ্রভাগের ন্যায় স্থূল (মোটা) ও ত্বকযুক্ত হওয়া চাই। দন্তকাষ্ঠের অগ্রভাগ, দলিত (থেঁত) করিয়া লইবেন। সামবেদীয়গণ অষ্ট-অঙ্গুলী, অন্য বেদীয়েরা দ্বাদশ অঙ্গুলী পরিমিত দন্তকাষ্ঠ গ্রহণ করিবেন। শ্রাদ্ধ, জন্ম, বিবাহ, ব্রত ও উপবাস-বাসরে এবং প্রতিপদ ষষ্ঠী, নবমী, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা এবং সংক্রান্তিদিনে দন্তধাবন করিবেন না।

দন্তধাবন শেষ হইলে মৌনী হইয়া দন্তকাষ্ঠ প্রক্ষালন পূর্ব্বক পবিত্র স্থানে নিক্ষেপ করিবেন। বিহিত-কাষ্ঠের স্বভাব হইলে এবং নিষিদ্ধ দিনে দ্বাদশ গণ্ডূষ জলের দ্বারা মুখ প্রক্ষালন করিবেন। যদি ভুক্ত কোন দ্রব্য দৃঢ়তররূপে দাঁতে লাগিয়া থাকে অর্থাৎ যাহার কোন আস্বাদ করিতে পাওয়া যায় না, তাদৃশ স্থলে উহা তুলিয়া ফেলিবার জন্য অতিশয় চেষ্টা করিবেন না। জিহ্বামার্জ্জন সকল দিনই করিতে হইবে।

১। নাসিকা হইতে প্রাদেশপ্রমাণ মস্তকভাগ পরিত্যাগ করত কেশধারণ করা বিধেয়—অর্থাৎ নাসিকার মূলদেশে বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগ স্থাপন পূর্ব্বক তর্জ্জনী অঙ্গুলি বিস্তার করিয়া তদীয় অগ্রভাগ দ্বারা মস্তকের যতদূর পর্য্যন্ত স্পর্শ করা যায়, ততদূর পর্য্যন্ত ক্ষৌরকার্য্য করিয়া অবশিষ্টভাগে কেশ ধারণ করিবেন। ঐ কেশের দক্ষিণভাগ শিখা ও বামভাগ জুটিকা বলিয়া অভিহিত হইয়াছে।

অনামিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা দন্তধাবনপূর্ব্বক পূর্ব্ব বা উত্তরমুখ হইয়া নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করত দন্তধাবন করিবেন। কিন্তু শূদ্রাদি প্রথম মন্ত্রটী পাঠ না করিয়া দ্বিতীয় মন্ত্রটী (আয়ুর্ব্বলং ইত্যাদি দেহি বনস্পতে ইতান্ত) পাঠ করিবেন। মন্ত্র যথা—

"অন্নাদ্যায় ব্যূহধ্বং সোমো রাজায়মাগমৎ। স মে মুখং প্রমার্ক্ষ্যতে যশসা চ ভগেন চ ॥ ১। আয়ুর্ব্বলং যশোবর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ। ব্রহ্মপ্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো দেহি বনস্পতে ॥ ২।"

অথ স্নান-বিধি[১]

দীক্ষিত-ব্যক্তি প্রথমতঃ নদী প্রভৃতি জলাশয়ে বৈদিক-স্নান করিয়া পরে তান্ত্রিক স্নান করিবেন।

অরুণোদয়কালে—অর্থাৎ যখন পূর্ব্বদিক রক্তাভ হইয়া উঠে, তখনই প্রাতঃস্নানের মুখ্য-কাল। শাস্ত্রে সাত প্রকার স্নান কথিত হইয়াছে যথা—মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, মানস এবং বারুণ। "শন্ন আপ" ইত্যাদি মন্ত্র (বৈদিক সন্ধ্যাপ্রকরণ দ্রষ্টব্য) পাঠপূর্ব্বক মার্জ্জনের নাম—মান্ত্রস্নান; ইহা বেদাধিকারীর পক্ষে নির্দ্দিষ্ট। গঙ্গামৃত্তিকা-দ্বারা তিলক ধারণ করার নাম—ভৌমস্নান। গাত্রে ভস্মলেপনের নাম আগ্নেয়। গো-ক্ষুর-সমুত্থিতধূলি-স্পর্শের নাম—বায়ব্য। রৌদ্র থাকিতে থাকিতে যে বৃষ্টিপাত হয়, সেই বৃষ্টিজল শরীরে ধারণ করার নাম—দিব্য। বিষ্ণুস্মরণ অর্থাৎ বিষ্ণুর পাদপদ্মবিনিঃসৃত গঙ্গাজলে স্নান করিতেছি এইরূপ চিন্তা করার নাম—মানসস্নান। জলে অবগাহন পূর্ব্বক স্নান করার নাম বারুণস্নান। যদি সম্পূর্ণরূপে অবগাহন করিয়া স্নান করিতে অশক্ত হয়, তবে পাদদেশপর্য্যন্ত ধৌত অথবা আর্দ্র-বস্ত্র দ্বারা শরীর মার্জ্জন করিবেন।

অবগাহন-স্নানে স্রোতোজলে স্রোতোঽভিমুখে এবং স্রোতোহীনজলে সূর্য্যাভিমুখে নাভিপ্রমাণ-জলে দাঁড়াইয়া মুখ, নাসিকা, চক্ষু ও কর্ণ উভয়হস্ত-দ্বারা আবৃত করিয়া—একবার ডুব দিবেন; পরে মন্ত্রাদি পাঠপূর্ব্বক পুনর্ব্বার ডুব দিতে হয়। উদ্ধৃত-জলে স্নান করিতে হইল, অগ্নিসংযোগে উষ্ণ করিয়া, কিংবা স্বর্ণ, রৌপ্য, কুশ, পুষ্প, বিল্বপত্র বং শ্বেতসর্ষপ প্রক্ষেপ-দ্বারা জল শোধন করিয়া লইবেন।

বৈদিক-স্নানবিধি

সাধক, মূলমন্ত্রের পর 'ফট্' এই মন্ত্র উচ্চারণ করত শঙ্কু (খোঁটা) দ্বারা কিঞ্চিৎ মৃত্তিকা[২] উত্তোলন পূর্ব্বক দূর্ব্বা তিল সহিত তাম্রাদি-বিহিত-পাত্র লইয়া ও দীক্ষিত

১। স্নান ও সন্ধ্যাপূজাদি করিবার সময় হস্তে কুশ ধারণের বিধি আছে; শাক্তদিগের পক্ষে বদ্ধকুশ-ধারণ নিষিদ্ধ। তাঁহারা তর্জ্জনীতে রৌপ্যাঙ্গুরীয় ও অনামায় স্বর্ণাঙ্গুরীয় ধারণ করিবেন। ইহাতেই হস্তে কুশধারণ করা সিদ্ধ হইবে। বরদাতন্ত্রে ইহার প্রমাণ কথিত হইয়াছে, যথা—"তর্জ্জন্যা রজতং ধার্য্যং স্বর্ণং ধার্য্যমনামযা। এষ এব কুশঃ প্রোক্তো ন তু বদ্ধ কুশঃ কুশঃ ॥

২। বল্মীক বা ইন্দুর কর্ত্তৃক উৎখাত, জলমধ্যস্থ, শ্মশানমধ্যস্থ, বৃক্ষতলস্থ, যজ্ঞগৃহস্থিত এবং অন্যের স্নানবিশিষ্ট মৃত্তিকা গ্রহণ করা নিষিদ্ধ।

ব্যক্তি, ইষ্টদেবতার প্রীতির নিমিত্ত (ইষ্টদেবতা স্মরণ করিতে করিতে) নদ্যাদিতে স্নানার্থ গমন করিবেন।

জলাশয়-তীরে উপস্থিত হইয়া বিষ্ণুস্মরণপূর্ব্বক 'ফট্' এই মন্ত্র উচ্চারণ করত তীর-স্থল ধৌত করিয়া তথায় স্নানদ্রব্য স্থাপন করিবেন। পরে আনীত মৃৎ-পিণ্ড তিনভাগ করিয়া বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করত এক ভাগ জলাশয়ে নিক্ষেপ করিবেন। মন্ত্র যথা—"ইদং বিষ্ণুরিতি মন্ত্রস্য মেধাতিথি ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা তোয়ে মৃত্তিকালম্ভনে বিনিয়োগ। ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুরে।" অনন্তর অবশিষ্ট দুই ভাগ মৃত্তিকার মধ্যে একভাগ মৃত্তিকাদ্বারা মস্তকাদি নাভিপর্য্যন্ত এবং অপরভাগ মৃত্তিকা-দ্বারা অবধি পাদপর্য্যন্ত মন্ত্রপাঠ পূর্ব্বক লেপন করিতে হয়। মন্ত্র যথা—"ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে। মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্॥ ওঁ উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা। আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়॥ মৃত্তিকে ব্রহ্মদত্তাসি কশ্যপেনাভিমন্ত্রিতা নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে॥ ওঁ আধারঃ সর্ব্বরূপস্য বিষ্ণোরতুলতেজসঃ। তদ্রূপাশ্চ ততো জাতা অগ্রে তাঃ প্রণমাম্যহম্॥"

অতঃপর "ওঁ তৎসৎ" কিংবা দীক্ষিত-ব্যক্তি মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক জলে অবতরণ করিবেন। যদি পরকীয়-জলাশয়ে স্নান করা হয়, তাহা হইলে জল মধ্য হইতে পাঁচটী মৃৎপিণ্ড উদ্ধৃত করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক তীরে নিক্ষেপ করিবেন। মন্ত্র যথা,—

"উত্তিষ্ঠোত্তিষ্ঠ পঙ্ক ত্বং ত্যজ পুণ্যং পরস্য চ।
বিনাশয় মে পাপানি শান্তিং দেহি সদা মম॥"

অনন্তর নাভিমাত্র জলে দাঁড়াইয়া "হ্রীং গঙ্গায়ৈ হ্রীং" এই মন্ত্রে সাতবার জপ করিয়া ইষ্টদেবতা স্মরণ করত মুক্তকেশ হইয়া মূলমন্ত্র উচ্চারণ-পূর্ব্বক স্রোতোঽভিমুখ বা সূর্য্যাভিমুখ হইয়া বারত্রয় ডুব দিবেন ও শুভ্রগাত্রমার্জ্জনীদ্বারা দেহ মার্জ্জন করিবেন। ইহাকেই মালাপকর্ষ-স্নান বলে। পরে ঐ নাভিপ্রমাণ জলে দাঁড়াইয়া প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করত সতিলজলপূর্ণ বিহিত-তাম্রাদি পাত্র লইয়া সঙ্কল্প করিবেন। যথা—"ওঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকদেবপ্রীতয়ে[১] স্নানমহং করিষ্যে।"[২]

অতঃপর "হ্রীঁ" এই মন্ত্রে জল আলোড়িত করিয়া জলমধ্যে হস্ত পরিমিত-চতুষ্কোণ-মণ্ডল বা ত্রিকোণমণ্ডল অঙ্কিত করিয়া অঙ্কুশ-মুদ্রা দ্বারা "ক্রোং গঙ্গে চ যমুনে চৈব

১। অদীক্ষিত-ব্যক্তি বিষ্ণুপ্রীতিকামনায় স্নান করিবেন। দীক্ষিত ব্যক্তিও বিষ্ণুপ্রীতি-কামনায় স্নান করিয়া পুনর্ব্বার নিজ ইষ্টদেবতার প্রীতিকামনায় স্নান করিবেন।

২। স্ত্রী ও শূদ্র স্নানের সঙ্কল্প ব্যতীত অন্য কোন মন্ত্র স্বয়ং পাঠ করিবে না। স্নানান্তে ব্রাহ্মণ-দ্বারা মন্ত্র পাঠ করাইয়া, মন্ত্র-পাঠ সমাপ্তি পর্য্যন্ত নিজে "নমো নমঃ" বলিবে।

গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥" এই মন্ত্রপাঠপূর্ব্বক তীর্থাবাহন করত নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া করযোড়ে প্রার্থনা করিবেন। মন্ত্র যথা— "ওঁ ব্রহ্মাণ্ডে যানি তীর্থানি করৈঃ স্পৃষ্টানি তে রবে। তেন সত্যেন মে দেব তীর্থং দেহি দিবাকর।"

অনন্তর বক্ষ্যমাণ মন্ত্র পড়িয়া গঙ্গাতেই হউক কিংবা অন্যজলাশয়েই হউক গঙ্গাকে আবাহন করিবেন। যথা—"ওঁ আবাহয়ামি ত্বাং দেবি স্নানার্থমিহ সুন্দরি। ত্রাহি গঙ্গে নমস্তভ্যং সর্ব্বতীর্থসমন্বিতে।"

অতঃপর 'বং' এই মন্ত্রে ধেনুমুদ্রা ও 'হূং' মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা-প্রদর্শন করিয়া চক্রমুদ্রায় রক্ষা ও 'ফট্' মন্ত্রে ছোটিকা-দ্বারা দশদিক্ বন্ধন করিয়া মৎস্য মুদ্রায় আচ্ছাদন করত দীক্ষিত-ব্যক্তি মূল-মন্ত্র একাদশবার জপ করিয়া সূর্য্যাভিমুখে দ্বাদশ-অঞ্জলি জল নিক্ষেপ করিবেন এবং সেই মণ্ডল-মধ্যবর্ত্তিজলে বহ্নিমণ্ডল, সোমমণ্ডল ও সূর্য্যমণ্ডল চিন্তা করিয়া দীক্ষিত-ব্যক্তি স্বীয় ইষ্টদেবতার পাদারবিন্দ-নিঃসৃতজলে স্নান করিতেছি—এইরূপ ভাবনা করিয়া (অদীক্ষিত ব্যক্তি বিষ্ণুর পাদারবিন্দনিঃসৃত জলে স্নান করিতেছি' এইরূপ চিন্তা করিয়া) ইষ্টদেবতার ধ্যানপূর্ব্বক ইষ্টমন্ত্র উচ্চারণ করিতে করিতে কর্ণ-নাসিকাদি সপ্তছিদ্র রোধ করত তিনবার জলে মস্তক পর্য্যন্ত নিমগ্ন করিবেন। অনন্তর পূর্ব্ববৎ আচমন ও ষড়ঙ্গন্যাস করিয়া জলোপরি তিনবার মূলমন্ত্র জপ করত (অদীক্ষিত ব্যক্তি "ওঁ নমো নারায়ণায় নমঃ" বলিয়া) কলস-মুদ্রাযোগে স্বীয়মস্তক দশবার বা সাত বার অভিষিক্ত করিবেন।[১]

অতঃপর জল হইতে উত্থিত হইবার সময় "ওঁ অসুরা ভূতবেতালাঃ কুষ্মাণ্ডা ব্রহ্মরাক্ষসাঃ। তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু ময়া দত্তেন বারিণা॥" এই মন্ত্র পাঠপূর্ব্বক তীরে তিন অঞ্জলি জল নিক্ষেপ করিয়া তীরে উত্থিত হইয়া গাত্র মার্জ্জন করত বিশুদ্ধ-বস্ত্র পরিধান করিবেন।

অতঃপর জলাশয়তীরে বসিয়াই হউক বা গৃহে আসিয়াই হউক, শিখা বন্ধন করিয়া তিলক-ধারণ করত যথাবিধি সন্ধ্যা করিবেন।

প্রাতঃস্নানে অসমর্থ ব্যক্তি যৌগিক-স্নান বা অন্যবিধ মানসিকস্নান করিবেন।

১। কেহ কেহ এই স্থলে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া থাকেন। যথা—"ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা। পাহি নস্ত্বেনসস্তস্মাদাজন্মমরণান্তিকাৎ। তিস্রঃ কোট্যর্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্তু জাহ্নবি। নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ। বৃন্দা পৃথ্বী চ সুভগা বিশ্বকায়া শিবামৃতা। বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোকপ্রসাদিনী। ক্ষমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তিপ্রদায়িনী। এতানি পুণ্যনামানি স্নানকালে চ যঃ পঠেৎ। ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী। ভাগীরথী ভোগবতী জাহ্নবী ত্রিদশেশ্বরী। ত্বয়ি স্নানং করোম্যদ্য পাপং মে হর জাহ্নবী।

তান্ত্রিক-স্নান

দীক্ষিত ব্যক্তি, পূর্ব্বোক্তরূপে বৈদিক-স্নান করিয়া তান্ত্রিক-স্নান করিবেন। যথা—তাম্রপাত্রে দূর্ব্বা ও তিলযুক্ত জল লইয়া "ওঁ অদ্যেত্যাদি অমুক-দেবতাপ্রীতয়ে স্নানমহং করিষ্যে" এই বলিয়া সঙ্কল্প করত ষড়ঙ্গন্যাস ও প্রাণায়াম করিয়া "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্র পাঠ পূর্ব্বক অঙ্কুশমুদ্রা-দ্বারা সূর্য্যমণ্ডল হইতে তীর্থাবাহন করিয়া 'বং' মন্ত্রে ধেনু-মুদ্রায় অমৃতীকরণ, কবচ-মুদ্রায় অবগুণ্ঠন ও 'ফট্' মন্ত্রে সংরক্ষণ করিয়া মূলমন্ত্রে সেই জল একাদশবার অভিমন্ত্রিত করত আদিত্যাদিমুখে দ্বাদশবার বারিধারা নিক্ষেপ করিয়া ঐ জল ইষ্টদেবতার পাদপদ্মনিঃসৃত চিন্তা করিয়া উহাতে বারত্রয় নিমজ্জিত হইয়া দেবতার ধ্যান করত মূলমন্ত্র যথাশক্তি জপ করিবেন। পরে কলসমুদ্রাদ্বারা তিনবার স্বীয়-মস্তকে অভিষেক করত বৈদিকসন্ধ্যা করণানন্তর তান্ত্রিক সন্ধ্যা করিবেন।

বস্ত্রপরিধান-বিধি

স্নানান্তে উত্তমরূপে মস্তক ও গাত্র মার্জ্জন করিয়া কেশের জল অপনয়নার্থ মস্তকে অতীব পরিষ্কৃত উষ্ণীষ বন্ধন করিবেন। পরে ধৌত ও পরিষ্কৃত বস্ত্র পরিধান করিবেন। ছিন্ন, মলিন, দগ্ধ, কীট বা মূষিক দষ্ট, শীর্ণ, দশাহীন, শিলাইকরা, নীলবর্ণ, রক্তবর্ণ, রজকগৃহাগত, পরকীয়, অধৌত এবং কটিনিঃসৃত (ছাড়া), বস্ত্র পরিধান করিবেন না। পরিহিত-বস্ত্র জানুর নিম্নদেশ পর্য্যন্ত পতিত হওয়া বিধেয়। ধৌতবস্ত্রের অভাব হইলে শণ-সূত্র নির্ম্মিত, রেশমি, মেষলোমজ এবং ছাগলোমজ-বস্ত্র পরিধান করিয়া পূজাদি কার্য্য করা যাইতে পারে ; কিন্তু এই সকল বস্ত্রও অন্নাহারের পর ছাড়িয়া রাখিলে ধৌত না করিয়া পরিধান করত সন্ধ্যা পূজাদি কার্য্য করা যাইতে পারে না। কাষায় ও রক্তবস্ত্র পরিধান করিয়া তান্ত্রিক কার্য্য করার বিধি আছে। এই নিয়মে বস্ত্র নির্দ্দিষ্ট করিয়া দ্বিজাতিগণ প্রণব (ওঁ) বা ইষ্টমন্ত্র উচ্চারণ করত এবং দীক্ষিত-শূদ্রাদি ইষ্টমন্ত্র পড়িয়া ত্রি-কচ্ছ করিয়া বস্ত্র পরিধান পূর্ব্বক উত্তরীয়-বস্ত্র ধারণ করিবেন। উপনীত ব্যক্তির পৃথক্ উত্তরীয় ধারণ না করিলেও চলিতে পারে।

এই নিয়মে বস্ত্র পরিধান করিয়া আর্দ্রবস্ত্রে বারত্রয় মৃত্তিকা দিয়া প্রথমে পূর্ব্ব বা উত্তরদিকে বস্ত্রের দশাগ্র বিস্তার করত হস্তদ্বারা উত্তমরূপে ধৌত করিয়া পুনর্ব্বার পশ্চিম বা দক্ষিণ দিকে উক্ত দশাগ্র বিস্তার করত উত্তমরূপে প্রক্ষালন করিবেন। অনন্তর তিলক ধারণ করিতে হয়। তিলক ধারণ না করিয়া কোন বৈধ কার্য্য করিতে নাই।

তিলকধারণ-বিধি

পূর্ব্ব বা উত্তরাস্য হইয়া তিলক-ধারণ করিবেন। স্নানান্তে মৃত্তিকা[১] দ্বারা হোমান্তে ভস্ম দ্বারা এবং পূজান্তে চন্দনদ্বারা তিলক ধারণ করা বিহিত। মৃত্তিকা বা গোপীচন্দন

১। পদ্মপুরাণে,—"পর্ব্বতাগ্রে নদীতীরে বিল্বমূলে জলাশয়ে। সিন্ধুতীরে চ বল্মীকে হরিক্ষেত্রে বিশেষতঃ। বিষ্ণোঃ স্নানোদকং যত্র প্রবাহয়তি নিত্যশঃ। পুণ্ড্রাণাং ধারণার্থায় গৃহ্নীয়াৎ তস্য মৃত্তিকাম্ ॥"

দ্বারা, তদভাবে জল দ্বারাও তিলক করা যাইতে পারে। সধবা স্ত্রীগণ মৃত্তিকা দ্বারা তিলক করিবেন না ; তাঁহারা কপালে সিন্দূরের টীপ দিবেন। ব্রাহ্মণ নাসিকামূল হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র উর্দ্ধপুণ্ড্র, ক্ষত্রিয় ত্রিপুণ্ড্র, বৈশ্য অর্দ্ধ চন্দ্রাকার এবং শূদ্র বর্ত্তুলাকার তিলক করিবেন।

তিলকধারণ-স্থান

ললাট, মস্তক, হৃদয়, কণ্ঠ, কর্ণদ্বয়, বাহুমূলদ্বয়, নাভি, পৃষ্ঠ, পার্শ্বদ্বয়, ও মস্তক মধ্য। পিতা জীবিত থাকিলে কেবল ললাটেই তিলক ধারণ করিবেন।

তিলকধারণের মন্ত্র

"কেশবানন্ত গোবিন্দ বরাহ পুরুষোত্তম। পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু ॥" যদি চন্দন দ্বারা করিতে হয়, তাহা হইলে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া তিলক করিবেন।

"কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্ ॥"

শক্তিপূজা-বিষয়ে তিলক

রক্তচন্দন, কুঙ্কুম অথবা চন্দন-দ্বারা ললাটে অর্দ্ধচন্দ্রাকৃতি তিনটী রেখা করিয়া তাহার মধ্যে সিন্দুর-বিন্দু দিবেন। ইষ্টমন্ত্র পড়িয়া এই তিলক করিতে হয় এবং তিলক-দ্রব্যসমূহকে ইষ্টদেবতার চরণ-ধূলিরূপে চিন্তা করিতে হয়। এই প্রকারে তিলক করিয়া তন্মধ্যে অতি গুপ্তভাবে ইষ্টমন্ত্রটী লিখিবেন, যেন অন্যে না পড়িতে পারে। হৃদয়ে শ্বেতপদ্মাকার তিলক করিয়া তাঁহাতে 'হূং' মন্ত্র লিখিবেন। বাহুতে বেণার ন্যায় এবং পূর্ব্বোক্ত-তিলকধারণ-স্থানে বিন্দুর ন্যায় তিলক করিবেন।

বৈষ্ণব-তিলক

বৈষ্ণবগণ, বাহুতে বংশপত্রের ন্যায়, হৃদয়ে অশ্বত্থপত্রের ন্যায়, অন্যত্র তুলসীপত্রের ন্যায় তিলক করিবেন। ললাটে নাসিকামূল হইতে কেশ-পর্য্যন্ত সচ্ছিদ্র-উর্দ্ধপুণ্ড্র করিবেন। বক্ষ্যমাণ-মন্ত্রে বৈষ্ণবগণের তিলক-ধারণ করিতে হয়। মন্ত্র যথা—

ললাটে—কেশবায় নমঃ, উদরে—নারায়ণায় নমঃ, বক্ষস্থলে—মাধবায় নমঃ, কণ্ঠকূপে—গোবিন্দায় নমঃ, দক্ষিণপার্শ্বে—বিষ্ণবে নমঃ, দক্ষিণ বাহুতে—মধুসূদনায় নমঃ, দক্ষিণ-স্কন্ধে—ত্রিবিক্রমায় নমঃ, বামপার্শ্বে—বামনায় নমঃ, বামবাহুতে—শ্রীধরায় নমঃ, বামস্কন্ধে—হৃষীকেশায় নমঃ, পৃষ্ঠে—পদ্মনাভায় নমঃ, কটিতে—দামোদরায় নমঃ, বলিয়া তিলক করত হস্তপ্রক্ষালনজল-দ্বারা বাসুদেবায় নমঃ বলিয়া মস্তকে তিলক করিবেন।

শিবপূজায় বিশেষ :—শিবপূজাতে ভস্ম-দ্বারা ত্রিপুণ্ড্র করিতে হয়। ভস্মের অভাবে চন্দন, তদভাবে মৃত্তিকা তদভাবে জলের দ্বারা তিলক করিবেন।

গঙ্গাস্নান১

গঙ্গাতীরে গমনপূর্ব্বক কৃতাঞ্জলি পুরঃসর—"গঙ্গে দেবি জগন্মাতঃ পাদাভ্যাং সলিলং তব। স্পৃশামীত্যপরাধং মে প্রসন্না ক্ষন্তুমর্হসি ॥ স্বর্গারোহণসোপানং ত্বদীয়মুদকং শুভে। অতঃ স্পৃশামি পাদাভ্যাং গঙ্গে দেবি নমোঽস্তু তে ॥" এই মন্ত্র পাঠ করিয়া গঙ্গাজলে নিজের পাদস্পর্শজনিত অপরাধের ক্ষমা প্রার্থনা করিয়া সাধারণ-স্নানবিধি অনুসারে স্নানাঙ্গ অন্য সমস্ত মন্ত্রাদি পাঠ করিয়া নিম্ন লিখিত বিশেষ মন্ত্র পাঠ করত স্নান করিবেন—"ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি। ধর্ম্মদ্রবীতি বিখ্যাত পাপং মে হর জাহ্নবি ॥ শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দ্দেবি জাহ্নবি। অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাং ॥" এই মন্ত্র পাঠ পূর্ব্বক স্নান করিয়া "ওঁ সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখ-বিনাশিনী। সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ ॥" এই বলিয়া গঙ্গাকে নমস্কার করিবেন। এই নমস্কার-মন্ত্র স্ত্রী ও শূদ্রও পাঠ করিতে পারিবেন।

মাঘমাসীয়-প্রাতঃস্নান

পূর্ব্বোক্ত বৈদিক-স্নানবিধি অনুসারে যাবতীয় মন্ত্রাদি পাঠ করিয়া পরে—"মাঘমাসমিমং পুণ্যং স্নাম্যহং দেব মাধব। তীর্থস্যাস্য জলে নিত্যং প্রসীদ ভগবন্ হরে। দুঃখদারিদ্র্যনাশায় শ্রীবিষ্ণোস্তোষণায় চ। প্রাতঃস্নানং করোম্যদ্য মাঘে পাপবিনাশনং ॥ মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব। স্নানেনানেন মে দেব যথোক্তফলদো ভব ॥ ওঁ দিবাকর জগন্নাথ প্রভাকর নমোঽস্তু তে। পরিপূর্ণং কুরুষেদং মাঘস্নানং মহাব্রতং ॥" এই সমস্ত মন্ত্র পাঠ করত স্নান করিবেন।

কার্ত্তিকমাসীয়-প্রাতঃস্নান-মন্ত্র

স্নানবিধি-অনুসারে যাবতীয় মন্ত্রাদি পাঠ করিয়া বক্ষ্যমাণ-মন্ত্র পাঠপূর্ব্বক স্নান করিবেন। মন্ত্র যথা—"ওঁ কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন। প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহ ॥"

মাকরী-সপ্তমী-স্নান

সঙ্কল্প যথা, "বিষ্ণুরোম্ তৎসদদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে মাকরীসপ্তম্যাং তিথৌ অরুণোদয়বেলায়াং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশতসূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নানজন্য-ফলসমফলপ্রাপ্তিকামঃ অস্মিন্ জলে স্নানমহং করিষ্যে" [২] এইরূপ সঙ্কল্প করিয়া সাতটি আকন্দপাতা ও সাতটী কুলপাতা মস্তকে স্থাপন করত নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক স্নান করিবেন। মন্ত্র যথা—

১। শৌচ, আহারান্তে মুখপ্রক্ষালন, নির্ম্মল্য-ক্ষেপণ, কেশত্যাগ, শরীর-মলত্যাগ, গাত্রমর্দ্দন জলক্রীড়া, প্রতিগ্রহ, কামসম্ভোগ, অন্যতীর্থাভিলাস, অন্য-তীর্থ প্রশংসা, বস্ত্রত্যাগ, বস্ত্রদ্বারা জলোপরি আঘাত এবং সন্তরণ—এই সকল কার্য্য গঙ্গাদি তীর্থে করিবেন না।

২। শূদ্র ও স্ত্রী হইলে "ওঁ" স্থলে "নমঃ", শূদ্র "দেবশর্ম্মা" স্থলে "দাস" ও স্ত্রীলোক দেবী বা দাসী বলিবে এইরূপ সর্ব্বত্র।

"ওঁ যদ্‌যজ্জন্মকৃতং পাপং ময়া সপ্তসু জন্মসু। তন্মে রোকঞ্চ শোকঞ্চ মাকরী হন্তু সপ্তমী॥"

অতঃপর সাতটী আকন্দপাতা, সাতটী কুলপাতা, সাতটী কুল, দূর্ব্বা রক্তজবা এবং আতপ তণ্ডুল একত্র করত তাম্রপাত্রে একটী অর্ঘ সাজাইয়া—

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে" ১ এষোঽর্ঘঃ (সামবেদীয়গণ 'ইদমর্ঘ্যং' বলিবেন)। ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ"। এই মন্ত্র পাঠ করত সূর্য্যোদ্দেশে ঐ অর্ঘ প্রদান করিবেন এবং "ওঁ জবাকুসুম-সঙ্কাশং ২ কাশ্যপেয়ং মহাদ্যুতিং। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং"॥ এই মন্ত্র পাঠ করিয়া সূর্য্যদেবকে নমস্কার করত কৃতাঞ্জলিপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করিবেন। যথা—

"ওঁ জননী সর্ব্বভূতানাং সপ্তমী সপ্তসপ্তিকে। সপ্তব্যাহৃতিকে দেবি নমস্তে রবিমণ্ডলে॥ ওঁ সপ্তসপ্তিবহপ্রীত সপ্তলোকপ্রদীপন। সপ্তম্যাং হি নমস্তভ্যং নমোঽনন্তায় বেধসে॥"

গ্রহণ স্নান ৩

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ রাহুগ্রস্তনিশাকরে (সূর্য্যগ্রহণ হইলে, "রাহুগ্রস্তদিবাকরে" বলিবেন) অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা গঙ্গা-স্নানজন্যফলসমফল-প্রাপ্তিকামঃ৪ অস্মিন্ জলে স্নানমহং করিষ্যে" এই প্রকার সঙ্কল্প করিয়া স্নানবিধি অনুসারে স্নান করিবেন। পরে গ্রহণ মুক্ত হইলে, আমন্ত্রক আর একবার স্নান করিয়া কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিবেন। যথা—

"ওঁ উত্তিষ্ঠ গম্যতাং রাহো ত্যজ্যতাং চন্দ্রসঙ্গমঃ। কর্ম্মচাণ্ডালযোগোত্থং কুরু পাপক্ষয়ং মম॥"

সূর্য্যগ্রহণ হইলে উক্ত মন্ত্রের "চন্দ্রসঙ্গমঃ" স্থলে "সূর্য্যসঙ্গমঃ" বলিতে হইবে।

ব্রহ্মপুত্র-স্নান

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা সর্ব্বপাপক্ষয়পূর্ব্বকসর্ব্বতীর্থস্নানজন্যফল সমফলপ্রাপ্তিকামঃ ব্রহ্মপুত্রনদে স্নানমহং

১। "শুচয়ে চ নমস্তস্মৈ নমস্তে কর্ম্মদায়িনে" এই পাঠান্তর আছে।

২। "জবাকুসুমসঙ্কাশং" স্থলে "জপাকুসুমসঙ্কাশং" এইরূপ পাঠান্তর আছে।

৩। নিজের রাশি অনুসারে গ্রহণ দর্শন যদি নিষিদ্ধ হয়, তবে গ্রহণ স্নান করিবেন না, কিন্তু গ্রহণ মুক্তির নির্দ্দিষ্ট সময়ে মুক্তি-স্নান অবশ্য করিবেন।

৪। গ্রহণ-কালে গঙ্গায় স্নান করিলে—"ত্রিকোটীকুলোদ্ধরণকামঃ" বলিবেন। সূর্য্যগ্রহণের পূর্ব্বে-চারি-প্রহর এবং চন্দ্রগ্রহণের পূর্ব্বে-তিন-প্রহরের মধ্যে ভোজন করা নিষিদ্ধ। গ্রস্তোদয়া চন্দ্রগ্রহণের পূর্ব্বে দিবা ভোজন করিতে নাই। বালক, বৃদ্ধ ও রোগী তিন মুহূর্ত্ত ত্যাগ করিয়া ভোজন করিতে পারে। গ্রস্তাস্ত-চন্দ্রগ্রহণদর্শিগণ পরদিবস সূর্য্যোদয় হইলে স্নান করিয়া যথা সময়ে আহার করিবেন; গ্রস্তাস্ত ও গ্রস্তোদয়, পঞ্জিকা দেখিয়া স্থির করিবেন।

করিষ্যে" এইপ্রকার সঙ্কল্প করিয়া স্নানবিধিতে লিখিত মন্ত্রাদি পাঠপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রটী পাঠ করিয়া স্নান করিবেন। যথা—"ওঁ ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন। অমোঘাগর্ভসম্ভূত পাপং লৌহিত্য মে হর" ॥

গঙ্গাসাগর-স্নান

"বিষ্ণুরোম্ তৎসদস্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ গঙ্গাসাগরসঙ্গমে স্নানমহং করিষ্যে।" এই বলিয়া সঙ্কল্প করিয়া স্নানবিধি-অনুসারে স্নান করত কৃতাঞ্জলিপুরঃসর বক্ষ্যমাণমন্ত্রটী পাঠ করিবেন। যথা—"ওঁ ত্বং দেব সরিতাং নাথ ত্বং দেবি সরিতাং বরে। উভয়োঃ সঙ্গমে স্নাত্বা মুঞ্চামি দুরিতানি বৈ ॥"

দশহরা-স্নান

"বিষ্ণুরোম্ তৎসদস্য জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে দশম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা দশবিধপাপক্ষয়কামঃ গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।" দশহরা দিনে যদি হস্তানক্ষত্র-যুক্তদশমী হয়, তাহা হইলে 'হস্তানক্ষত্রযুক্তদশম্যাং তিথৌ দশজন্মার্জ্জিত-দশবিধপাপ-ক্ষয়কামঃ" বলিবেন। আর যদি ঐ দিন মঙ্গলবার ও হস্তানক্ষত্র হয়, তাহা হইলে "কুজবারাধিকরণক-হস্তানক্ষত্রযুক্তদশম্যাং তিথৌ দশজন্মার্জ্জিত—দশবিধ—পাপক্ষয়-পূর্ব্বকশতগুণ-বাজিমেধাযুতজন্যপুণ্যসমপুণ্য প্রাপ্তি-কামঃ" বলিয়া সঙ্কল্প করিয়া স্নান করিবেন। সর্ব্বত্র নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন।

যথা—ওঁ অদত্তানামুপাদানং হিংসা চৈবাবিধানতঃ। পরদারোপসেবা চ কায়িকং ত্রিবিধং স্মৃতং ॥ পারুষ্যনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ। অসম্বন্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধং। পরদ্রব্যেষভিধ্যানাং মনসানিষ্টচিন্তনং বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্ম মানসং। এতানি দশপাপানি প্রশমং যান্তু জাহ্নবি। স্নাতস্য মম তে দেবি জলে বিষ্ণুপদোদ্ভবে ॥" এই মন্ত্র পাঠ করত গঙ্গাস্নানোক্ত মন্ত্র পাঠ করিয়া স্নান করিবেন। পরে "সদ্যঃ পাতকসংহন্ত্রী" ইত্যাদি মন্ত্রে গঙ্গাকে প্রণাম করিবেন।

বারুণী-স্নান

"বিষ্ণুরোম্ তৎসদস্য চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে শতভিষানক্ষত্রযুক্ত-ত্রয়োদশ্যাং তিথৌ বারুণ্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশতসূর্য্যগ্রহণ-কালীনগঙ্গাস্নানজন্যফলসমফল-প্রাপ্তিকামঃ গঙ্গায়াং স্নানমহং করিষ্যে" এইরূপ সঙ্কল্প করিবেন। ঐ দিন যদি শনিবার হয়, তবে "শনিবারাধিকরণক-শতভিষানক্ষত্রযুক্ত-ত্রয়োদশ্যাং তিথৌ মহাবারুণ্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুকোটি-সূর্য্যগ্রহণকালীন-গঙ্গাস্নান-জন্য-ফলসমফলপ্রাপ্তি-কামঃ" আর যদি ঐ দিন শনিবার, শতভিষানক্ষত্র ও শুভযোগ হয়, তাহা হইলে "শনিবারাধিকরণক-শুভযোগশতভিষানক্ষত্রযুক্ত-ত্রয়োদশ্যাং তিথৌ মহামহাবারুণ্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ত্রিকোটিকুলোদ্ধারণকামঃ" এইরূপ বলিতে হইবে।

এইরূপ সঙ্কল্প করিয়া পূর্ব্বোক্ত স্নানবিধি ও গঙ্গাস্নানবিধি অনুসারে স্নান করিবেন। বারুণীযোগ না ঘটিলে—মধুকৃষ্ণত্রয়োদশ্যাং তিথৌ শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ, ইত্যাদি।

নন্দা-স্নান ১

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা সপ্তজন্মাবচ্ছিন্ন—পতিতান্নভক্ষণ-পতিত-সংসর্গকৃতপাপ-পঞ্চমহা পাতকানির্ব্বচনীয়—পাপক্ষয়-রজস্বলাস্পৃষ্টান্নভোজন—সততাসত্যভাষণ—স্বর্ণমণি—রত্নাপহরণসামান্য-সকল-বস্তপহরণ—সখিবধমিত্রহিংসাদিজনিত—মহারৌরবাদ্যনব—রতযমকিঙ্করতাড়ন নিবারণা-জন্মবাল্যযৌবনবার্দ্ধকদশাপাপক্ষয়—ব্রহ্মলোকাধি করণক—পরমহংসদর্শন-পূর্ব্বক-বাসা-ধীত-চতুর্ব্বেদব্রাহ্মণসম্প্রদানক-কপিলাধেনুলক্ষদান-জন্য--ফল-শ্রীমন্নারায়ণ-দক্ষিণ-ভুজবাস-তদুত্তর-মর্ত্ত্যলোকীয়-জন্মগুণাশ্রয়ত্ব—সর্ব্ব-সুখ-ভোগ-যশঃ—প্রাপ্তিকামঃ গঙ্গায়াং নন্দায়াং স্নানমহং করিষ্যে" এইরূপে সঙ্কল্প করিয়া পূর্ব্বোক্ত স্নানবিধি ও গঙ্গা-স্নান-বিধি অনুসারে স্নান করিবেন।

সন্ধ্যার সামান্য-বিধি

উপনীত ব্যক্তিমাত্রেরই সন্ধ্যা অবশ্য কর্ত্তব্য। শাস্ত্রে কথিত আছে,—

"এতৎ সন্ধ্যাত্রয়ং প্রোক্তং ব্রহ্মণ্যং যদধিষ্ঠিতম্।
যস্য নাস্ত্যাদরস্তত্র ন স ব্রাহ্মণ উচ্যতে॥
সন্ধ্যা তুপাসিতা যেন তেন বিষ্ণুরুপাসিতঃ।
দীর্ঘমায়ুঃ স বিন্দেত সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥
সন্ধ্যাং নোপাসতে যস্তু ব্রাহ্মণো হি বিশেষতঃ।
স জীবন্নেব শূদ্রঃ স্যাৎ মৃতঃ শ্বা চাভিজায়তে॥
সন্ধ্যাহীনোঽশুচিনিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু।
যদন্যৎ কুরুতে কর্ম্ম ন তস্য ফলভাগ্ ভবেৎ॥"

ইত্যাদি শাস্ত্র-দ্বারা প্রতিপাদিত হইয়াছে যে, ব্রাহ্মণের পক্ষে সন্ধ্যানুষ্ঠান অবশ্য কর্ত্তব্য। অন্যথা ব্রাহ্মণ জীবিতাবস্থায় শূদ্রবৎ এবং মরণান্তে কুকুরযোনিতে জন্মলাভ করিয়া থাকেন। সুতরাং ব্রাহ্মণ কখনই সন্ধ্যাহীন হইয়া থাকিবেন না।

রাত্রির শেষ একদণ্ড ও দিনের প্রথম এক দণ্ড প্রাতঃসন্ধ্যার কাল এবং দিনের শেষ একদণ্ড ও রাত্রির প্রথম এক দণ্ড সায়ং সন্ধ্যার কাল, আর দিনে অষ্টম মুহূর্ত্ত (অর্থাৎ দিনমানকে ১৫ ভাগ করিয়া এক এক ভাগের নাম এক এক মুহূর্ত্ত) মধ্যাহ্ন সন্ধ্যার কাল যদি সন্ধ্যার কাল অতীত হয়, তাহা হইলে দশবার গায়ত্রীজপরূপ প্রায়শ্চিত্ত করিয়া পরে সন্ধ্যা করিবেন।

১। প্রত্যেক মাসের প্রত্যেক পক্ষের প্রতিপদ, একাদশী এবং ষষ্ঠীর নাম "নন্দা তিথি।" এই তিথিপত্রের এক এক তিথিতে গঙ্গাস্নান মহাফলপ্রদ। ফলের বর্ণনামূলে সঙ্কল্প পড়িলেই বুঝিতে পারিবেন।

প্রাতঃ-সন্ধ্যা পূর্ব্বমুখ মধ্যাহ্ন-সন্ধ্যা পূর্ব্ব বা উত্তর মুখ এবং সায়ংসন্ধ্যা বায়ুকোণাভিমুখ হইয়া করিবেন। ভ্রম-প্রমাদ-প্রযুক্ত পূর্ব্বসন্ধ্যার বাদ হইলে, পরসন্ধ্যা করিবার পূর্ব্বে পূর্ব্বসন্ধ্যা করিবেন। যদি অনিবার্য্য কোন কারণবশতঃ তিনটী সন্ধ্যারই বাদ হইয়া থাকে, তবে উপবাসরূপ প্রায়শ্চিত্ত করিবেন; ইহাতে অসমর্থ হইলে একটী ব্রাহ্মণ ভোজন করাইবেন; কিংবা কোন ব্রাহ্মণকে ভোজন-দ্রব্যের উপযুক্ত মূল্য প্রদান করিবেন। পীড়া বা অত্যন্ত কোন বিপৎপাতহেতু সন্ধ্যা করিতে অশক্ত হইলে অন্ততঃ দশবার গায়ত্রী জপ করিবেন। জনন-মরণাশৌচে ত্রি-কাল-সন্ধ্যা ও সংক্রান্তি, অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী এবং শ্রাদ্ধদিনে সায়ং-সন্ধ্যা করিবেন না।

সন্ধ্যা করিবার সময় কাহারও সহিত কথা বলিবেন না। যদি ঐ সময় কথা বলেন বা হাঁচি, থুথুফেলা, হাইতোলা, অধোবায়ু-নিঃসরণ এবং নিদ্রাকর্ষণ হয়, তবে বিষ্ণুস্মরণ পূর্ব্বক দক্ষিণ-কর্ণ স্পর্শ করিবেন।

মার্জ্জন

"শন্ন আপ" ইত্যাদি "পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ" পর্য্যন্ত ছয়টিমন্ত্র পাঠ করিয়া মার্জ্জন করিতে হয়। মার্জ্জনের তাৎপর্য এই যে—বাহ্যান্তর শুদ্ধি না হইলে শুদ্ধস্বরূপ ঈশ্বরের উপাসনায় অধিকার জন্মে না। সেই হেতু প্রথমে বাহ্যান্তরশুদ্ধির নিমিত্ত মার্জ্জন করিতে হয়। জগতের মধ্যে জল পরমপাবন-পদার্থ বলিয়া মার্জ্জনে ও আচমনে জলের ব্যবহার ও তাহাতেই ঈশ্বরের উপাসনা করা হয়। মার্জ্জন, সাতপ্রকার স্নানের মধ্যে একপ্রকার স্নান; ইহাকে মন্ত্র-স্নান কহে।

প্রাণায়াম

উপাসনাকালে বহুরাজ্য হইতে মনকে প্রতিনিবৃত্ত করিতে পারিলেও আভ্যন্তরিক শ্বাস-প্রশ্বাস-ক্রিয়াদ্বারা মন সর্ব্বদা চঞ্চল হইয়া থাকে; সুতরাং মনের একাগ্রতা হয় না। তাই মনঃস্থিরতার জন্য প্রাণায়াম করিতে হয়। 'প্রাণায়াম' শব্দে দেহাভ্যন্তরে নির্ম্মল-বায়ুর প্রবেশ, নিরোধ ও নিঃসরণরূপ প্রক্রিয়া বুঝায়। প্রাণায়াম তিনপ্রকার—পূরক, কুম্ভক ও রেচক। বহিঃস্থ বায়ুকে শরীরাভ্যন্তরে প্রবেশ করানকে পূরক বলে, অভ্যন্তরস্থবায়ুর নিরোধকে কুম্ভক এবং নিরুদ্ধ বায়ুর নিঃসরণকে রেচক প্রাণায়াম বলে। শাস্ত্রকারগণ প্রাণায়ামের বিশেষ গুণকীর্ত্তন করিয়াছেন। তাঁহারা বলেন, মানবের পক্ষে প্রাণায়াম বিশেষ উপকারী। কারণ, প্রাণায়ামে চিত্তের চাঞ্চল্য দূর হয় এবং একাগ্রতা জন্মে। সন্ধ্যাঙ্গ-প্রাণায়াম করিবার সময় ব্রহ্মা, বিষ্ণু ও শম্ভুর ধ্যান করিতে হয়। তাহার তাৎপর্য্য এই যে,—ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা, সেই জন্য দেহমধ্যে বায়ুর আবির্ভাব-রূপ-পূরকে ব্রহ্মার ধ্যান; বিষ্ণু স্থিতিকর্ত্তা, সেই জন্য বায়ুর স্থিতি অর্থাৎ নিশ্চলতারূপ-কুম্ভকে বিষ্ণুর ধ্যান, এবং শম্ভু সংহারকর্ত্তা, সেই জন্য বায়ুর সংহার-রূপ রেচকে তাঁহার ধ্যান করিতে হয়।

আচমন

আচমনীয় জলে কায়মনোবাক্যসম্ভূত-পাপের মিশ্রণ-চিন্তা করিয়া, উহা হৃদয়স্থ তেজঃপদার্থে নিক্ষেপ করিতে হয়। ইহাদ্বারা বাগ্‌যন্ত্র আপ্যায়িত হয় অর্থাৎ উহার সঙ্কোচ ও শুষ্কতা অন্তর্হিত হইয়া যায় এবং বিশদরূপে মন্ত্রোচ্চারণ করিবার শক্তি জন্মে। এইরূপ জলপানের পর চক্ষুঃ-কর্ণাদি ইন্দ্রিয় সকল স্পর্শ করিবার বিধি আছে। তাহার কারণ এই যে, আর্দ্র অঙ্গুলি-দ্বারা ইন্দ্রিয়সকল স্পৃষ্ট হওয়ায় তত্তৎ ইন্দ্রিয়ের শান্তিবিধান হয়।

অঘমর্ষণ

দক্ষিণ হস্ত গোকর্ণাকৃতি করিয়া উহাতে জলগ্রহণ করতঃ নাসাগ্রের নিকট লইয়া "ঋতঞ্চ সত্যঞ্চ" ইত্যাদি মন্ত্র পাঠ করিতে করিতে চিন্তা করিতে হইবে যে,—"শরীরস্থ কৃষ্ণবর্ণ-পাপপুরুষ হস্তস্থিত-জলে মিলিয়া যাইতেছে, এবং তৎসংসর্গস্থ সেই জল কৃষ্ণবর্ণ হইয়াছে" এইরূপ চিন্তা করিতে করিতে সেই কৃষ্ণবর্ণজল ভূমিতলে জোরে ছুঁড়িয়া ফেলিবেন। অঘমর্ষণে পাতক, উপপাতক ও মহাপাতক নষ্ট হয়।

সূর্য্যোপস্থান

সূর্য্যোপস্থান বলিতে সূর্য্যোপাসনা। তাৎপর্য্য এই যে,—সূর্য্যমণ্ডলে ব্রহ্মবিভূতির অসাধারণ বিকাশ। তাই সূর্য্যমণ্ডলোপহিত-চৈতন্যের উপাসনা করিতে হয়। সূর্য্য-মণ্ডলান্তর্গত অপূর্ব্ব উত্তম জ্যোতিঃই প্রাণীদিগের প্রাণরূপে অবস্থিত।

গায়ত্রীজপ

গায়ত্রী ব্রহ্ম-আরাধনার মূলমন্ত্র; কিন্তু নির্গুণ-ব্রহ্মের উপাসনা আমাদের অসম্ভব। তাই সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণাত্মক ব্রহ্মেরই উপাসনা আমাদের পক্ষে বিহিত। এইজন্য প্রাতে রজোগুণাশ্রিতা ব্রহ্মাণীর, মধ্যাহ্নে সত্ত্বগুণাশ্রিতা বৈষ্ণবীর, এবং সায়ংকালে তমোগুণোপেতা রুদ্রাণীর ধ্যান করিয়া "তৎ সবিতুর্ব্বরেণ্য" ইত্যাদি মন্ত্র জপ করিতে হয়। এই মন্ত্রে ঈশ্বরের ধ্যান করা হইয়া থাকে। ঈশ্বরের ঐ ঐ শক্তি হৃদয়ে ধারণ করিয়া ঈশ্বরের চিন্তা করিতে হয়।

আত্মরক্ষা

আত্মন্ শব্দের অর্থ মতি, তাহার রক্ষাবিধান অর্থাৎ জপকালে "সোঽহমস্মি" (আমি ব্রহ্ম) এইরূপ চিন্তায় আত্মার যে মঙ্গলময়-শক্তি আবির্ভূত হয়, তাহাই অবিচলিতভাবে অবস্থিত হউক—এই কামনা। আত্মরক্ষায় অগ্নির উপাসনা করিতে হয়; কারণ, অগ্নি সেই চেতনাস্বরূপ পরব্রহ্ম বলিয়া কথিত হইয়াছেন। দক্ষিণ কর্ণমূলের পশ্চাদ্ভাগ অঙ্গুষ্ঠাঙ্গুলি দ্বারা স্পর্শ করিয়া আত্মরক্ষার মন্ত্র পড়িতে হয়। ঐ স্থান জীবনী-শক্তির আধার। সুতরাং আত্মরক্ষায় সেই শক্তির স্থায়িত্ব কামনা করা হইয়া থাকে।

রুদ্রোপস্থান

রুদ্রই পর-ব্রহ্ম। গায়ত্রীদ্বারা ব্রহ্মের উপাসনা করিয়া আত্মরক্ষা দ্বারা চিৎশক্তির দৃঢ়তা সম্পাদনপূর্ব্বক পরব্রহ্মকে প্রণাম করিবার ব্যবস্থা।

সূর্য্যার্ঘদান

অর্ঘদানে সম্মান অর্থাৎ ভক্তিপ্রদর্শন করা হয়। সূর্য্য ও ব্রহ্ম সাধকের নিকট অভিন্ন সুতরাং সূর্য্যকে অর্ঘদান করায় ব্রহ্মকেই অর্ঘদান করা হয়। সূর্য্যার্ঘদানের মন্ত্রে তাহা স্পষ্ট বিবৃত হইয়াছে। শাস্ত্রে লিখিত আছে যে, মন্দেহনামে ত্রিশকোটী মহাবলশালী কৃষ্ণবর্ণ-রাক্ষস সূর্য্যকে সর্ব্বদা গ্রাস করিতে ইচ্ছা করে। তাহাদিগকে দগ্ধ করিবার জন্য বজ্রস্বরূপ জলাঞ্জলি নিক্ষেপ করিতে হয়।

সামবেদীয়-সন্ধ্যাপদ্ধতিঃ

সন্ধ্যা করিবার সময় পবিত্র ভাবে শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া দুইবার আচমন [১] করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া মস্তকে জলপ্রোক্ষণ করত মার্জ্জন করিবেন।

মার্জ্জন

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ, শমনঃ সন্তু-নূপ্যাঃ।
শন্নঃ সমুদ্রিয়া আপঃ, শমনঃ সন্তু কূপ্যাঃ॥ ১

হে মরুদেশোৎপন্ন জল! তোমরা আমাদের মঙ্গল কর, হে জলময়-দেশোৎপন্ন জল, তোমরা আমাদের, মঙ্গলদায়ক হও; হে সমুদ্রোৎপন্ন জল, তোমরা আমাদের মঙ্গল বিধান কর;—এবং হে কূপোৎপন্ন জল! তোমরা আমাদের মঙ্গল সম্পাদন কর। ১

১। সাধারণ আচমন।—হস্ত পদ ধৌত করিয়া জানুদ্বয়ের মধ্যে দক্ষিণ-হস্ত রাখিয়া উহাকে গো-কর্ণের ন্যায় করত একটী মাষকলাই ডুবিতে পারে এই পরিমাণ জল লইবেন। তৎপরে ব্রাহ্মতীর্থ (অঙ্গুষ্ঠ-অঙ্গুলির মূলদেশের নাম—ব্রাহ্মতীর্থ) দ্বারা ঐ জল পান করিবেন। (স্ত্রী ও শূদ্র অঙ্গুলির অগ্রভাগ দ্বারা জল পান করিবে।) এইরূপে বারত্রয় জল পান করিয়া "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥" (স্ত্রী ও শূদ্র—"অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥") ইহা পাঠ করিয়া বিষ্ণুস্মরণপুর্ব্বক দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠমূলদ্বারা দক্ষিণদিক হইতে বাম দিকে বারদ্বয় ওষ্ঠ মার্জ্জন করিয়া হস্ত বিধৌত করত তর্জ্জনী, মধ্যমা অনামা অঙ্গুলি সম্মিলিত করিয়া উহার অগ্রভাগদ্বারা ওষ্ঠের উপরিভাগ ও অধরের অধোভাগ দুইবার স্পর্শ করিবেন। পরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ একত্র করত যথাক্রমে নাসিকার দক্ষিণ ও বামরন্ধ্র, দক্ষিণ চক্ষুঃ ও বাম চক্ষুঃ এবং দক্ষিণকর্ণ ও বামকর্ণ এক একবার স্পর্শ করিবেন। তৎপর সম্মিলিত অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠার অগ্রভাগদ্বারা একবার নাভিদেশ স্পর্শ করিয়া হস্তপ্রক্ষালন করিবেন। পরে করতলদ্বারা একবার বক্ষঃস্থল স্পর্শ করিবেন। অনন্তর সমস্ত অঙ্গুলির অগ্রভাগ একত্র করত তদ্দ্বারা মস্তক এবং দক্ষিণ ও বামবাহু-মূলভাগ স্পর্শ করিবেন। এই পর্য্যন্ত অনুষ্ঠান করিলে একবার আচমন করা হয়; এইরূপ দুইবার আচমন করা বিধেয়। স্ত্রী ও শূদ্র একবার আচমন করিবে।

ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ, স্বিন্নঃ স্নাতো মলাদিব।
পূতং পবিত্রেণবাজ্য,-মাপঃ শুদ্ধন্তু মৈনসঃ ॥ ২

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব,-স্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে ॥ ৩
ওঁ যো বঃ শিবতমো রস—স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ ॥ ৪
ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ ॥ ৫

ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাৎ-তপসোঽধ্যজায়ত।
ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ ॥
ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত।
অহোরাত্রাণি বিদধদ্, বিশ্বস্য মিষতো বশী ॥
ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্ব্ব-মকল্পয়ৎ।
দিবঞ্চ পৃথিবীঞ্চা,-ন্তরিক্ষ-মথো স্বঃ ॥ ৬

অতঃপর কৃতাঞ্জলি হইয়া প্রণায়াম-মন্ত্রের ঋষ্যাদি স্মরণ করিবেন।

ঘর্ম্মাক্ত ব্যক্তি তরুতলে বসিয়া যেরূপ ঘর্ম্ম হইতে মুক্ত হয়, স্নাতব্যক্তি যেরূপ শরীর-মল হইতে মুক্ত হয়, ঘৃত যেমন সংস্কারবিধি দ্বারা পবিত্র হয়, জল সেইরূপ আমাকে পাপ মুক্ত করুক। ২

হে জল-সমূহ! যেহেতু তোমরা সুখদায়ক, সেই হেতু তোমরা আমাদিগকে অন্নভোগে অধিকারী কর, এবং মহৎ রমণীয়-ব্রহ্মের সহিত সংযোজিত কর। ৩

হে জল। পুত্রহিতৈষিণী জননীরা যেমন স্বীয় স্তন্যরসপান করাইয়া পুত্রের কল্যাণ-সাধন করিয়া থাকেন, সেইরূপ, তোমরাও ইহকালে আমাদিগকে তোমাদিগের কল্যাণময়-রস-দ্বারা পরিতৃপ্ত করিয়া আমাদের কল্যাণ-বিধান কর। ৪

হে জল-সকল! তোমরা যে রসের দ্বারা ব্রহ্মাদিস্তম্ব-পর্য্যন্ত সর্ব্বপদার্থকে তৃপ্ত করিতেছ, সেই রসে আমরাও যেন তৃপ্তিলাভ করি এবং তোমরাও আমাদিগকে সেই রস-ভোগে অধিকারী কর। ৫

(মহা-প্রলয়-সময়ে) কেবল মাত্র ঋত ও সত্যস্বরূপ পরব্রহ্মই ছিলেন, তখন রাত্রি অর্থাৎ সমস্ত জগৎ গাঢ় অন্ধকারময় ছিল। ৬

তারপর সর্ব্বতোভাবে ফলোন্মুখ অদৃষ্ট বশতঃ অর্থাৎ পূর্ব্বকল্পস্থিত জীবগণের প্রাক্তন-কর্ম্ম-বশতঃ প্রথমে জলময় সমুদ্র উৎপন্ন হইল। অতঃপর সেই জলময় সমুদ্র হইতে প্রকাশমান-জগতের নির্ম্মাণে সমর্থ ব্রহ্মা আবির্ভূত হইলেন। তিনি যথাক্রমে সূর্য্য ও চন্দ্রকে সৃষ্টি করলেন, তাহাতে দিন ও রাত্রি হইতে লাগিল। (দিন রাত্রি হওয়ায়) সংবৎসরের সৃষ্টি হইল। অনন্তর ব্রহ্মা পৃথিবী, আকাশ, স্বর্গ এবং মহঃ প্রভৃতি লোকের সৃষ্টি করিলেন। ৬

যথা—ওঁকারস্য ব্রহ্ম ঋষির্গায়ত্রী-চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগ ॥ ৭

সপ্তব্যাহৃতীনাং প্রজাপতিঋর্ষি-র্গায়ত্র্যুষ্ণি-গনুষ্টু ব্-বৃহতীপঙ্ক্তি-ত্রিষ্টু ব্ জগত্য-শ্ছন্দাংসি, অগ্নি-বায়ু-সূর্য্য-বরুণ-বৃহস্পতীন্দ্র-বিশ্বদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৮

গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৯

গায়ত্রীশিরসঃ প্রজাপতির্ঋষি-*ব্রহ্ম-বায়্বগ্নি-সূর্য্যা-শ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১০

পরে অগ্নি-প্রাচীররূপে আপনার চতুর্দ্দিকে জলবেষ্টন করিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ-নাসিকা টিপিয়া বাম নাসিকা-দ্বারা বায়ুর আকর্ষণরূপ পূরক করত—

নাভৌ, রক্তবর্ণং চতুর্ম্মুখং দ্বিভুজং অক্ষসূত্র-কমণ্ডলু-করং হংসবাহনস্থং ব্রহ্মাণং ধ্যায়ন্ ॥ ১১

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ॥ ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ ॥ ১২

ওঙ্কারের ঋষি ব্রহ্মা, ছন্দঃ, গায়ত্রী, দেবতা অগ্নি এবং সকল কর্ম্মের আরম্ভে তাহার বিনিয়োগ। ৭

(ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ সত্যং—এই) সপ্ত ব্যাহৃতির প্রজাপতি ঋষি (যথাক্রমে) গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্ক্তি, ত্রিষ্টুপ ও জগতী—এই সাতটী ছন্দঃ; অগ্নি বায়ু, সূর্য্য, বরুণ, বৃহস্পতি, ইন্দ্র ও বিশ্বদেব—এই সাতটী দেবতা এবং প্রাণায়ামে ইহার প্রয়োগ। ৮

গায়ত্রীর ঋষি বিশ্বামিত্র, ছন্দঃ গায়ত্রী, দেবতা সবিতা এবং প্রাণায়ামে ইহার বিনিয়োগ। ৯

গায়ত্রীর শির অর্থাৎ 'আপো জ্যোতী' ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি, ব্রহ্মা, বায়ু, অগ্নি ও সূর্য্য—এই চারি দেবতা এবং প্রাণায়ামে ইহার বিনিয়োগ। ১০

রক্তবর্ণ, চতুর্ম্মুখ, দ্বিভুজ,—এক হস্তে জপমালা ও অপর হস্তে কমণ্ডলুধারী, হংসবাহন ব্রহ্মাকে নাভিদেশে অবস্থিতরূপে ধ্যান করিবেন। ১১।

যিনি সূর্য্যমণ্ডল-মধ্যবর্ত্তি-তেজের প্রাণস্বরূপ, সৃষ্টি-স্থিতি-প্রলয়কারিণী শক্তির অভিন্ন আধারস্বরূপ, যিনি জন্ম মৃত্যু-দুঃখাদি-বিনাশের নিমিত্ত উপাস্য, সেই পরব্রহ্মকে আমরা চিন্তা করি এবং তিনি আমাদিগের বুদ্ধিকে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ-বিষয়ে প্রেরণ করুন এবং যিনি ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ ও সত্য—এই সপ্ত লোককে ব্যাপিয়া আপন জ্যোতিতে প্রকাশিত রহিয়াছেন। তিনিই জগতের কারণস্বরূপ,

---

১। অনেক পদ্ধতিতে "প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ" এইরূপ পাঠ দৃষ্ট হয়; কিন্তু তাহা সমীচীন নহে। কারণ গায়ত্রী শিরের ছন্দঃ নাই।

উক্ত মন্ত্র মনে মনে পাঠ করিয়া নাভিদেশে ব্রহ্মার ধ্যান করত পূরকপ্রাণায়াম করিবেন পরে দক্ষিণ-নাসিকা পূর্ব্ববৎ টিপিয়া রাখিয়া, অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি, দ্বারা বামনাসিকা টিপিয়া শ্বাসরোধরূপ কুম্ভক করত—

"হৃদি—নীলোৎপল-দলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মহস্তং গরুড়ারূঢ়ং কেশবং ধ্যায়ন। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ॥" ১৩.

এই মন্ত্র মনে মনে পড়িয়া হৃদয়দেশে বিষ্ণুর ধ্যান করিয়া কুম্ভক-প্রাণায়াম করিবেন। পরে দক্ষিণ-নাসিকা হইতে অঙ্গুষ্ঠ ছাড়িয়া দিয়া ধীরে ধীরে বায়ুর নিঃসারণরূপ রেচক করত—

"ললাটে—শ্বেতং দ্বিভুজং ত্রিশূল-ডমরু-করং অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্য ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতীর-সোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ।" ১৪

এই মন্ত্র মনে মনে পাঠ করিয়া ললাটে শম্ভুর ধ্যান করত রেচক-প্রাণায়াম করিবেন।

আচমন

দক্ষিণ-হস্তে জল লইয়া প্রাতঃসন্ধ্যা সময়ে বক্ষ্যমাণ-মন্ত্র পাঠপূর্ব্বক আচমন করিবেন। সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ। মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং॥ যদ্রাত্রিয়া পাপ-মকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যাং-মুদরেণ শিশ্না। রাত্রিস্তদবলুম্পতু, যৎ কিঞ্চ দুরিতং ময়ি। ইদমহং মামমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥" ১৫

জলস্বরূপ, তিনিই মণিপাষাণাদি স্থাবরে জ্যোতিঃরূপে অধিষ্ঠিত এবং তৃণ, বৃক্ষ, ওষধী প্রভৃতির অন্তরে রসরূপে অবস্থিত; তিনিই মনুষ্য, পশু, পক্ষী কীট প্রভৃতি জঙ্গমের হৃদয়ে চেতনাত্মরূপে বিরাজমান; তিনিই ত্রিগুণাতীত পরমেশ্বর এবং তিনিই পৃথিবী আকাশ ও স্বর্গ এই ত্রিলোক-স্বরূপ। ১২।

নীলপদ্মসদৃশ-প্রভাবিশিষ্ট চতুর্ভুজ, শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী, গরুড়ারূঢ় বিষ্ণুকে হৃদয়-দেশে ধ্যান করিবেন (পূর্ব্ববৎ সপ্তব্যাহৃতিযুক্ত ও সশিরস্ক গায়ত্রীর অর্থ চিন্তা করিবেন)। ১৩।

শ্বেতবর্ণ, দ্বিভুজ, ত্রিশূল-ডমরু-ধারী, অর্দ্ধচন্দ্রভূষিত, ত্রিনয়ন, বৃষারূঢ় শম্ভুকে ললাটদেশে ধ্যান করিবেন (পূর্ব্ববৎ সপ্তব্যাহৃতিযুক্ত ও সশিরস্ক গায়ত্রীর অর্থ চিন্তা করিবেন)। ১৪।

"সূর্য্যশ্চ মা মন্যুশ্চ" ইত্যাদি মন্ত্রে ঋষি ব্রহ্মা, ছন্দঃ প্রকৃতি, জল দেবতা এবং

মধ্যাহ্নসন্ধ্যায় সময় নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক আমচন করিবেন।—

"আপঃ পুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুর্ঋষি-রনুষ্টুপ্ ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং, পৃথ্বী পূতা পুনাতু মাং। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাং। যদুচ্ছিষ্ট-মভোজ্যঞ্চ, যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপো, হসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥" ১৬

সায়ংসন্ধ্যার সময় নিম্নলিখিত মন্ত্রটী পাঠপূর্ব্বক আমচন করিবেন।

"অগ্নিশ্চ মেতি মন্ত্রস্য রুদ্র ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুপতয়শ্চ। মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং॥ যদহ্না পাপ-মকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যা-মুদরেণ শিশ্না। অহস্তদবলুম্পতু, যৎ কিঞ্চ দুরিতং ময়ি। ইদমহং মা মমৃতযোনৌ সত্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥" ১৭

পুনর্ম্মার্জ্জন

প্রণব, ব্যাহৃতি ও সাবিত্রী পাঠান্তে প্রতিবারে মস্তকে জলক্ষেপ করিবেন। যথা—

(১) "ওঁ, (২) ভূর্ভুবঃ স্বঃ, (৩) তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥

আচমনে ইহার প্রয়োগ। সূর্য্য এবং যজ্ঞ ও যজ্ঞপতি ইন্দ্রাদি দেবগণ অসম্পূর্ণ যজ্ঞ কৃত পাপ হইতে আমাকে রক্ষা করুন। আমি রাত্রিকালে মন, বাক্য, হস্তদ্বয়, পদদ্বয় উদর ও লিঙ্গদ্বারা যে পাপ করিয়াছি, রাত্রি-দেবতা তাহা নষ্ট করুন এবং আমাতে আরও যে কিছু পাপ আছে, সেই সমস্ত এবং সেই পাপের কর্ত্তা আমাকে (আমার লিঙ্গশরীরকে) আমি অমৃতময় পরম জ্যোতিতে (স্বপ্রকাশ পরব্রহ্মে) আহুতি সমর্পণ করিলাম, সমস্ত পাপ নিঃশেষে দগ্ধ হউক। ১৫।

"আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রের বিষ্ণু ঋষি, অনুষ্টুপ্ ছন্দঃ, জল দেবতা, এবং আচমনে ইহার প্রয়োগ। জল পৃথিবীকে পবিত্র করুন, পৃথিবী পবিত্র হইয়া আমাকে (আত্মাকে) পবিত্র করুন এবং জল বেদের আশ্রয় আচার্য্যকে পবিত্র করুন। সেই বেদ পবিত্র হইয়া আমাকে পবিত্র করুন। উচ্ছিষ্ট ভোজন, অখাদ্য-ভক্ষণ, অসদাচরণ এবং অসৎ প্রতিগ্রহ জনিত আমার যে কিছু পাপ আছে, সেই সকল পাপ বিনষ্ট করিয়া জল আমাকে পবিত্র করুন, সেই সকল পাপ নিঃশেষে দগ্ধ হউক। ১৬।

"অগ্নিশ্চ মা মন্যুশ্চ" মন্ত্রের ঋষি রুদ্র, ছন্দঃ প্রকৃতি, দেবতা জল এবং আচমনে ইহার বিনিয়োগ। অগ্নি এবং ক্রোধ ও ক্রোধপতি ইন্দ্রিয় সকল ক্রোধকৃত-পাপ হইতে আমাকে রক্ষা করুন। আমি দিবসে মন বাক্য, হস্তদ্বয়, পদদ্বয়, উদর ও লিঙ্গ-দ্বারা যে সকল পাপ করিয়াছি, দিনদেবতা তাহা নষ্ট করুন। আমার শরীরে যে কিছু পাপ আছে, সেই সমস্ত পাপ এবং সমস্ত পাপের কর্ত্তা। আমাকে আমি জগৎকরণ সত্যস্বরূপ জ্যোতিতে (পরব্রহ্মে) হোম করিলাম। সমস্ত পাপ নিঃশেষে দগ্ধ হউক। ১৭।

অতঃপর নিম্নলিখিত তিনমন্ত্রেও তিনবার মস্তকে জল প্রোক্ষণ করিবেন।

"আপো হি ষ্ঠেতি ঋকৃত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব,-স্তা ন উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রস,-স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। অপো জয়নথা চ নঃ॥ ১৮॥'

অঘমর্ষণ

পরে সোকণাকৃতি দক্ষিণহস্তে একগণ্ডুষ জল নাসিকাগ্রে ধরিয়া—বক্ষ্যমানমন্ত্র পাঠপূর্ব্বক অঘমর্ষণ করিবেন যথা—

১ "ঋতমিত্যস্য ঋকৃত্রয়স্য অঘমর্ষণ ঋষি-রনুষ্টুপ্ ছন্দো ভাবৃত্তো দেবতা অশ্বমেধাবভৃতে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবদধি, সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্ বিশ্বস্য মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ॥" ১৯॥

এই মন্ত্রত্রয় পাঠ করিয়া, নিশ্বাস দ্বারা দেহাভ্যন্তরস্থ পাপরাশি নির্গত হইয়া উক্ত জলগণ্ডুষে মিশিয়াছে এইরূপ চিন্তা করিয়া, ঐ জল বামপার্শ্বস্থ ভূমিতে নিক্ষেপ করিবেন। পরে হস্তপ্রক্ষালনপূর্ব্বক আচমন করিয়া সূর্য্যাভিমুখে দাঁড়াইয়া—"ওঁ ভূর্ভুবঃস্বঃ, তৎ সবিতূর্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥

এই গায়ত্রী তিনবার পড়িয়া সূর্য্যাভিমুখে তিন অঞ্জলি জল প্রদান করিবেন। মধ্যাহ্নকালে একবার গায়ত্রী পড়িয়া এক অঞ্জলিমাত্র জল দিবেন।[২]

অতঃপর উভয়পদাগ্রে ভর দিয়া দাঁড়াইয়া, অথবা এক পায়ে দাঁড়াইয়া সূর্য্যাভিমুখে প্রাতঃকালে ও সায়ংকালে কৃতাঞ্জলি হইয়া, এবং মধ্যাহ্নে উর্দ্ধবাহু হইয়া, বক্ষ্যমাণ তিনটী মন্ত্র পাঠ করিয়া সূর্য্যোপস্থান করিবেন।[৪]

"আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্রত্রয়ের সিন্ধুদ্বীপ ঋষি, গায়ত্রী ছন্দঃ, জল দেবতা এবং মার্জ্জনে ইহার প্রয়োগ। ১৮।[১]

"ঋতমিত্যাদি মন্ত্রের ঋষি অঘমর্ষণ, ছন্দঃ অনুষ্টুপ্, ব্রহ্ম দেবতা এবং অশ্বমেধযজ্ঞান্তে স্নানকার্য্যে ইহার প্রয়োগ (মন্ত্রের ব্যাখ্যাদি পূর্ব্বে দ্রষ্টব্য)। ১৯

১। মন্ত্রত্রয়ের ব্যাখ্যাদি পূর্ব্বে অনূদিত হইয়াছে।

২। মন্ত্রত্রয়ের ব্যাখ্যাদি পূর্ব্বে অনূদিত হইয়াছে।

৩। "আদিত্যাভিমুখস্তিষ্ঠংস্ত্রিরর্ঘ্যং সন্ধ্যয়োঃ ক্ষিপেৎ। মধ্যাহ্নে তু সকৃদেবং ক্ষেপণীয়ং দ্বিজাতিভিঃ॥"

৪। "সায়ং প্রাতরুপস্থানং কুর্য্যাৎ প্রাঞ্জলিরানতঃ। উর্দ্ধবাহুস্ত মধ্যাহ্নে তথা সূর্য্যস্য দর্শনাৎ॥" ইতি হারীতঃ।

সূর্য্যোপস্থান

"উদুত্যমিত্যস্য প্রস্কণ্ব ঋষির্গায়ত্রীছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদুত্যং জাতবেদসং, দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যং ॥ ২০

"চিত্রমিত্যস্য কুৎস ঋষি-স্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানা-মুদগাদনীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং, সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥" ২১

অতঃপর নিম্নলিখিত মন্ত্র পাঠ করত এক এক অঞ্জলি জল দিবেন। যথা—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ, ওঁ আচার্য্যেভ্যো নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ বেদেভ্যো নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ মৃত্যবে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ বৈশ্রবণায় নমঃ, ওঁ উপজায় নমঃ। (তর্পণাধিকারী এই সময় তর্পণ করিবেন)। কেহ কেহ বলেন উক্ত মন্ত্রে প্রতিবার প্রণাম করিবেন ও 'বৈশ্রবণায় চোপজায়ত' পাঠ করিবেন।

গায়ত্রীজপ

কৃতাঞ্জলি হইয়া বক্ষ্যমাণ-মন্ত্রে গায়ত্রীর আবাহন করিবেন। যথা—

ওঁ আয়াহি বরদে দেবি, ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রি চ্ছন্দসাং মাত-র্ব্রহ্মযোনি নমোঽস্তু তে ॥ ২২

অতঃপর অঙ্গন্যাস করিবেন। যথা—"ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামিকাদ্বারা হৃদয়, "ভূঃ শিরসে স্বাহা" বলিয়া মধ্যমা ও তর্জ্জনীদ্বারা মস্তক, "ভূ শিখায়ৈ বষট্‌" বলিয়া অঙ্গুষ্ঠদ্বারা শিখা, "বঃ কবচায় হুং" বলিয়া কবচ (দক্ষিণ বাহু ও বাম বাহু) এবং "স্বঃ অস্ত্রায় ফট্‌" বলিয়া দক্ষিণহস্ত মস্তকের চারিদিকে ঘুরাইয়া তর্জ্জনী ও মধ্যমাদ্বারা বামকরতলে আঘাত করিবেন। এইরূপ অঙ্গন্যাস তিনবার করিবেন।

অতঃপর গায়ত্রীর ঋষ্যাদি স্মরণ করিবেন। যথা—

"উদুত্যমিত্যাদি মন্ত্রের প্রস্কণ্ব ঋষি, গায়ত্রী ছন্দঃ সূর্য্য দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ। জগতের প্রকাশার্থে কিরণ সকল সেই তেজোরূপ সূর্য্যদেবকে ঊর্দ্ধে ধারণ করিতেছে। ২০

চিত্রমিত্যাদি মন্ত্রের কুৎস ঋষি, ত্রিষ্টুপ্‌ছন্দঃ, সূর্য্য দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার বিনিয়োগ। মিত্র, বরুণ ও অগ্নির অধিষ্ঠিত ত্রিজগতের প্রকাশক, সমস্ত দেবতার আশ্চর্য্যকর তেজঃপুঞ্জস্বরূপ স্থাবর ও জঙ্গমের অন্তর্য্যামী সূর্য্য উদিত হইয়াছেন এবং স্বর্গ মর্ত্ত্য ও আকাশকে স্বীয়-রশ্মিজালে পূর্ণ করিয়াছেন। ২১

হে বরদাত্রি, হে দেবি, হে অক্ষরত্রয়ময়ি, হে ব্রহ্মপ্রকাশিনি, হে বেদমাতঃ, হে পরব্রহ্মোদ্ভবে গায়ত্রি, তুমি আগমন কর; আমি তোমাকে প্রণাম করি। ২২

গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষি-র্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ ॥ ২৩

গায়ত্রীধ্যান—প্রাতঃকালে

ওঁ কুমারী-মৃগ্‌ বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডল-সংস্থিতাং ॥ ২৪

মধ্যাহ্নকালে

ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসং।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডল-সংস্থিতাং ॥ ২৫

সায়ংকালে

ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভ-বাহিনীং।
সূর্য্যমণ্ডল-মধ্যস্থাং সামবেদ সমাযুতাং ॥ ২৬

গায়ত্রীজপ

ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥ ২৭

ইহা যথাশক্তি (অন্ততঃ ১০ বার, ১০৮ বার বা এক হাজার আট বার) জপ করিবেন। প্রাতঃসন্ধ্যার সময়ে (উত্তান) চিৎ হাতে, মধ্যাহ্নসন্ধ্যায় হৃদয়াভিমুখ-হস্তে এবং সায়ংসন্ধ্যার সময়ে উপুড় হাতে জপ করিতে হয়। [১] অতঃপর গায়ত্রী-বিসর্জ্জন করিবেন।

গায়ত্রীর বিশ্বামিত্র ঋষি, গায়ত্রী ছন্দঃ, সবিতা দেবতা এবং জপে ও উপনয়নে ইহার প্রয়োগ ॥ ২৩।

প্রাতঃকালে গায়ত্রীদেবীকে কুমারী, ঋগ্বেদধারিণী, ব্রহ্মরূপা, হংসারূঢ়া, কুশহস্তা, সূর্যমণ্ডলবাসিনী চিন্তা করিবেন। ২৪।

মধ্যাহ্নসময়ে গায়ত্রীকে যুবতী, যজুর্ব্বেদধারিণী, বিষ্ণুরূপা, গরুড়ারূঢ়া, পীতবসনা ও সূর্য্যমণ্ডলস্থিতা চিন্তা করিবেন। ২৫।

সায়ংকালে গায়ত্রীকে বৃদ্ধা, সামবেদ-ধারিণী, শিবরূপা, বৃষভারূঢ়া ও সূর্য্যমণ্ডলবাসিনী চিন্তা করিবেন। ২৬।

স্বর্গ-মর্ত্ত্য-আকাশরূপ—স্থাবর-জঙ্গমাত্মক-ত্রৈলোক্যস্বরূপ এবং জন্ম-মৃত্যু দুঃখাদি বিনাশার্থ উপাস্য, সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তী তেজের প্রাণরূপ, সৃষ্টি-স্থিতিপ্রলয়কারিণী শক্তির অভিন্ন আধারস্বরূপ সেই সর্ব্বান্তর্য্যামি পরব্রহ্মকে (তিনিই আমি, এই ভাবে) চিন্তা করি। তিনি ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ-বিষয়ে আমাদের বুদ্ধিবৃত্তিকে প্রেরণ করুন। ২৭। (ব্যাখ্যা—প্রাণায়ামে দ্রষ্টব্য)।

১। "কৃত্বোত্তানৌ করৌ প্রাতঃ সায়ঞ্চাধোমুখৌ করৌ। মধ্যে তির্য্যক্‌করৌ প্রোক্তৌ জপ এমুবদাহৃতঃ ॥"—স্মৃতি।

গায়ত্রী-বিসর্জ্জন

ওঁ মহেশ-বদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়-সম্ভবা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥ ২৮

এই মন্ত্রে একে গণ্ডূষ জল দিয়া গায়ত্রীর বিসর্জ্জন করত কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবেন।

ওঁ অনেন জপেন ভগবন্তাবাদিত্যশুক্রৌ প্রীয়েতাং।
অতঃপর, ওঁ আদিতশুক্রাভ্যাং নমঃ ॥

এই বলিয়া এক অঞ্জলি জল দিয়া আত্ম-রক্ষা করিবেন।

আত্ম-রক্ষা

১ দক্ষিণ-হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ-কর্ণের পৃষ্ঠদেশ স্পর্শ করিয়া—

"জাতবেদস ইত্যস্য কশ্যপ ঋষি-স্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা, আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নি দহাতি বেদঃ। স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ।" এই বলিয়া আপনার চারিদিকে দক্ষিণাবর্ত্তে জল বেষ্টন করিবে। ২৯

রুদ্রোপস্থান

কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রটী পাঠ করিবেন যথা—"ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্রঋষি-রনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ।"

"ওঁ ঋতুং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলং।
ঊর্দ্ধরেতং বিরূপাক্ষং, বিশ্বরূপং নমো নমঃ ॥" ৩০

হে দেবি গায়ত্রি! তুমি মহেশ্বরের মুখ হইতে উদ্ভূত হইয়াছ, বিষ্ণু হৃদয়ে অবস্থান করিতেছ এবং ব্রহ্মা তোমার বিদিত আছেন। তুমি (এক্ষণে) যথা ইচ্ছা গমন কর। ২৮।

"জাতবেদসে" ইত্যাদি মন্ত্রের কশ্যপ ঋষি, ত্রিষ্টুপ্ ছন্দঃ, অগ্নি দেবতা এবং আত্মরক্ষার্থ জপে ইহার বিনিয়োগ। আমরা অগ্নিদেবের প্রীতির নিমিত্ত সোমযজ্ঞের অনুষ্ঠান করি। সেই অগ্নিদেব আমাদিগের শত্রুর ধন ভস্ম করুন এবং নাবিকগণ যেমন নৌকাদ্বারা নদী পার করে, সেইরূপ অগ্নি সমস্ত দুঃখ হইতে আমাদিগকে পার করুন এবং দুঃখের হেতুভূত-পাপ হইতে আমাদিগকে মুক্ত করুন। ২৯।

ঋতমিত্যাদি মন্ত্রের কালাগ্নিরুদ্র ঋষি অনুষ্টুপ্ ছন্দঃ রুদ্র দেবতা এবং রুদ্রোপসনায় ইহার বিনিয়োগ। যিনি ঋত (একাক্ষরময়) ও সত্য (অনন্তজ্ঞানময়) পরব্রহ্ম, যিনি ভক্তানুগ্রহের জন্য উমামহেশ্বরাত্মক পুরুষরূপ ধারণ করেন, (অতএব) যিনি দক্ষিণে মহেশ্বর-ভাগে কৃষ্ণবর্ণ, বামে উমাভাগে পিঙ্গলবর্ণ, যিনি যোগবলে ঊর্দ্ধরেতা এবং ত্রিনয়ন বলিয়া বিরূপাক্ষ, সেই বিশ্বরূপ পুরুষকে পুনঃপুনঃ নমস্কার করি। ৩০।

১। ইহার বিশেষ প্রমাণ পাওয়া যায় না।

অতঃপর "ওঁ ব্রহ্মণে নমঃ। ওঁ বিষ্ণবে নমঃ। ওঁ রুদ্রায় নমঃ। ওঁ বরুণায় নমঃ॥" এই বলিয়া প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবেন।

সূর্য্যার্ঘ্য

এই সময় ব্রহ্মযজ্ঞ (পরে দ্রষ্টব্য) করিতে হয় অনন্তর সূর্য্যার্ঘ্য দান করিবেন।

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্, ভাস্বতে বিষ্ণু-তেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে। ইদমর্ঘ্যং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ॥" ৩১

এই বলিয়া (অর্ঘ্য বা তদভাবে) এক অঞ্জলি জল দিয়া কৃতাঞ্জলি হইয়া—

"ওঁ জবাকুসুম-সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥" ৩২

এই মনে সূর্য্যকে প্রণাম করিবেন ; পরে—

"ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥" ৩৩

এই সময় গায়ত্রী-দেবীকে এক অঞ্জলি জল দিয়া ত্রুটিমার্জ্জনা ও পূর্ণতা চাহিবে আমারে আচমন করিবেন।

এই তোমার (শিবপূজাদি করিয়া) উক্তরূপেই ("শন্ন আপো ধন্বন্যাঃ" হইতে সূর্য্যপ্রণাম পর্য্যন্ত) মধ্যাহ্নসন্ধ্যা, এবং সায়ংকালে সায়ংসন্ধ্যা করিবেন।

ইতি সামবেদীয়-সন্ধ্যাপদ্ধতিঃ সমাপ্ত।

হে পরব্রহ্মস্বরূপ সবিতৃদেব, তুমি তেজস্বী, দীপ্তিমান, বিশ্বব্যাপি-তেজের আধার, জগতের কর্ত্তা, পবিত্র এবং কর্ম্মপ্রবর্ত্তক ; তোমাকে নমস্কার করি। এই অর্ঘ্য সূর্য্যদেবকে অর্পণ করিলাম। ৩১।

জবাকুসুমের ন্যায় রক্তবর্ণ, কশ্যপের পুত্র, অতিশয়-দীপ্তিশালী, অন্ধকারনাশকারী, সর্ব্বপাপনাশক, দিবাকরকে আমি নমস্কার। ৩২

(এই সন্ধ্যোপাসনায়) যদি কোনও অক্ষর পরিভ্রষ্ট হইয়া থাকে—অর্থাৎ কোনও অক্ষরের উচ্চারণ না করিয়া থাকি এবং যদি কোনও মাত্রার উচ্চারণ না হইয়া থাকে, তবে হে সুরেশ্বরি গায়ত্রি, তোমার প্রসাদে তৎসমস্ত সম্পূর্ণ হউক। ৩৩।

ঋগ্বেদীয়-সন্ধ্যাপদ্ধতিঃ

পূর্ব্ববৎ আচমন করিয়া নিম্নলিখিত প্রত্যেক মন্ত্র পড়িয়া মস্তকে জল প্রোক্ষণ করিয়া মার্জ্জন করিবেন।[১]

মার্জ্জন

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু-নূপ্যাঃ।
শন্নঃ সমুদ্রিয়া আপঃ, শমনঃ সন্তু কূপ্যাঃ ॥১
ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ, স্নাতো মলাদিব।
পূতং পবিত্রেণেবাজ্য,-মাপঃ শুন্ধন্তু মৈনসঃ ॥২
ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব,-স্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে ॥ ৩
ওঁ যো বঃ শিবতমো রস,-স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ ॥ ৪
ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ ॥ ৫
ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধা,-ওপসোঽধ্যজায়ত।
ততো রাত্র্যজায়ত,-ততঃ সমুদ্রো অর্ণবঃ ॥
ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত।
অহোরাত্রাণি বিদধদ্, বিশ্বস্য মিষতো বশী ॥
ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্ব্বমকল্পয়ৎ।
দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্ব ॥ ৬ ॥

ওঁকারস্য ব্রহ্ম ঋষি-রগ্নির্দ্দেবতা, গায়ত্রী ছন্দঃ সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ ॥ ৭ ॥

সপ্তব্যাহৃতীনাং বিশ্বামিত্র-ভৃগু-ভরদ্বাজ-বশিষ্ঠ গোতম-কাশ্যপাঙ্গিরস ঋষয়ঃ, অগ্নি-বায্বাদিত্য-বৃহস্পতি-বরুণেন্দ্র-বিশ্বদেবা দেবতাঃ, গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্-বৃহতী পঙ্‌ক্তি-ত্রিষ্টুব্-জগত্যশ্চন্দাংসি প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৮ ॥

গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিঃ, সবিতা, গায়ত্রী ছন্দঃ, প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৯ ॥

গায়ত্রীশিরসঃ প্রজাপতির্ঋষির্ব্রহ্মবায্বগ্নি সূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১০ ॥

প্রাণায়াম

অতঃপর নিজের চতুর্দ্দিকে জলবেষ্টনপূর্ব্বক দক্ষিণাঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসাপুট টিপিয়া ধরিয়া বামনাসা-দ্বারা শ্বাসগ্রহণরূপ পূরক করত—বক্ষ্যমাণ-মন্ত্র মনে মনে পাঠ করিবেন।

১। সামবেদীয়-সন্ধ্যায় যে সমস্ত মন্ত্রাদির অনুবাদ করা হইয়াছে, তাহা পুনর্ব্বার অনূদিত হইল না। (সামবেদীয় সন্ধ্যা দ্রষ্টব্য।)

"ওঁ হংসস্থং দ্বিভুজং রক্তং সাক্ষসূত্র-কমণ্ডলুং।
চতুর্ম্মুখ-মহং বন্দে ব্রহ্মাণং নাভিমণ্ডলে ॥ ১১।

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ। ॥" ১২।

অতঃপর অনামিকা ওঁ কনিষ্ঠাঙ্গুলিদ্বারা বামনাসাপুট টিপিয়া বায়ুনিরোধরূপ কুম্ভক করত নিম্নলিখিত মন্ত্র মনে মনে পাঠ করিবেন। যথা—

"ওঁ শঙ্খচক্রগদাপদ্মকরং গরুড়বাহনং।
হৃদি নীলোৎপলশ্যামং বিষ্ণুং বন্দে চতুর্ভুজং ॥ ১৩।

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ॥ ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ।" ১৪।

অনন্তর অঙ্গুষ্ঠাঙ্গুলি ত্যাগ করিয়া দক্ষিণ নাসাপুট দ্বারা ধীরে ধীরে শ্বাসত্যাগরূপ রেচক করত—বক্ষ্যমাণ-মন্ত্র মনে মনে পাঠ করিবেন।

ওঁ শ্বেতং ত্রিশূল-ডমরু-করমর্দ্ধেন্দু-ভূষিতং।
ত্রিলোচনং ব্যাঘ্রচর্ম্ম-পরীধানং বৃষাসনং।
ললাটে চিন্তয়েদ্ দেব-দেবং ভুজগ-ভূষণং ॥" ১৫।

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং! ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ। ॥ ১৬।

অতঃপর তিন বেলায় তিনপ্রকার মন্ত্র পড়িয়া আচমন করিবেন।

প্রাতরাচমন

প্রাতঃসন্ধ্যায় জলগণ্ডূষ লইয়া, নিম্ন-মন্ত্র পাঠ করিয়া আচমন করিবেন।—

"সূর্য্যশ্চেত্যনুবাকস্য যাজ্ঞিক উপনিষদৃষিঃ; সূর্য্য-মন্যু-মন্যুপতি-রাত্রয়ো দেবতাঃ; সূর্য্যশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্য চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী যদ্রাত্রিয়েত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ ইদমহমিত্যারভ্য স্বাহেত্যন্তস্য দশাক্ষর-পাদাভ্যামুপেতা বিরাট্ ছন্দঃ;

হংসারূঢ়, দ্বিভূজ, রক্তবর্ণ, জপমালা ও কমণ্ডলুধারী, চতুর্ম্মুখ ব্রহ্মাকে আমি নাভি-দেশে (ধ্যান করিয়া) নমস্কার করি। ১১।

শঙ্খচক্রগদাপদ্মধারী, গরুড়ারূঢ়, নীলপদ্মের ন্যায় শ্যামবর্ণ, চতুর্ভুজ বিষ্ণুকে হৃদয়দেশে (ধ্যান করিয়া) নমস্কার করি। ১৩।

শ্বেতবর্ণ, ত্রিশূল ও ডমরুধারী, অর্দ্ধচন্দ্রভূষিত, ব্যাঘ্রচর্ম্ম-পরিধান, বৃষারূঢ়, ও সর্পালঙ্কৃত ত্রিলোচনকে ললাটদেশে ধ্যান করি। ১৫।

মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ও সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদ্রাত্রিয়া পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না॥ রাত্রিস্তদবলুম্পতু' যৎ কিঞ্চ দুরিতং ময়ি॥ ইদমহং মা-মমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥" ১৭॥

মধ্যাহ্নাচমন

মধ্যাহ্নসন্ধ্যায় এই মন্ত্র পাঠ করিয়া আচমন করিবেন—"আপঃ পুনন্ত্বিত্যনুবাকস্য নারায়ণঋষিরাপো দেবতা অষ্টিশ্ছন্দো, মন্ত্রাচমনে বিনিয়োগঃ।"

ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং, পৃথ্বী পূতা পুনাতু মাং।
পুনন্তু ব্রহ্মণস্পতি র্ব্রহ্ম পূতা পুনাত মাং॥
যদুচ্ছিষ্ট-মভোজ্যঞ্চ, যদ্‌বা দুশ্চরিতং মম।
সর্ব্বং পুনন্তু মামাপো-ঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥১৮।

সায়ংসন্ধ্যায় নিম্ন-মন্ত্র পাঠ করিয়া আচমন করিবেন।

সায়াহ্নাচমন

"অগ্নিশ্চেত্যনুবাকস্য যাজ্ঞিক উপনিষদৃষিঃ, অগ্নি মন্যু মন্যুপত্যহানি দেবতাঃ; অগ্নিশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্য চতুর্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদহ্নেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ ইদমহমিত্যারভ্য স্বাহেত্যেন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতা বিরাট্ ছন্দঃ, মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ। মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং॥ যদহ্না পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না। অহস্তদবলুম্পতু যৎ কিঞ্চ দুরিতং ময়ি॥ ইদমহং মা-মমৃতযোনৌ সত্যে জ্যোতিষি জুহোমি স্বাহা"॥১৯।

"সূর্য্যশ্চ" ইত্যাদি মন্ত্রের যজ্ঞকারী উপনিষদ্‌নামা ঋষি; সূর্য্য, মন্যু, মন্যুপতি ও রাত্রি দেবতা; 'সূর্য্যশ্চ' হইতে 'রক্ষন্তাম্' পর্য্যন্ত অংশের চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী ছন্দঃ, 'যদ্রাত্রিয়া' হইতে 'ময়ি' পর্য্যন্ত অংশের পঞ্চপদাত্মক পঙক্তি ছন্দঃ, 'ইদমহম্' হইতে 'স্বাহা' পর্য্যন্ত অংশের দশাক্ষর-চরণদ্বয়বিশিষ্ট বিরাট ছন্দঃ, মন্ত্র-পাঠ-পূর্ব্বক আচমনে ইহার বিনিয়োগ। ১৭।

'আপঃ পুনন্তু' ইত্যাদি মন্ত্রের নারায়ণ ঋষি, জল দেবতা, অষ্টি ছন্দঃ, মন্ত্র পাঠপূর্ব্বক আচমনে ইহার বিনিয়োগ। ('আপঃ পুনন্তু' ইত্যাদি মন্ত্রের ব্যাখ্যা পূর্ব্বসন্ধ্যায় দেখুন)। ১৮।

"অগ্নিশ্চ" ইত্যাদি মন্ত্রের যাজ্ঞিক উপনিষদ্ নামা ঋষি; অগ্নি, মনু, মন্যুপতি ও দিন এই চারিজন দেবতা; 'অগ্নিশ্চ' হইতে 'রক্ষন্তাং' পর্য্যন্ত অংশের চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী ছন্দঃ, 'যদহ্না' হইতে 'ময়ি' পর্য্যন্ত পঙ্‌ক্তি ছন্দঃ, 'ইদমহম্' হইতে 'স্বাহা' পর্য্যন্ত অংশের দশাক্ষরচরণদ্বয়বিশিষ্ট বিরাট্ ছন্দঃ, মন্ত্র-পাঠপূর্ব্বক আচমনে ইহার বিনিয়োগঃ। ১৯।

পুনর্ম্মার্জ্জন

"ওঁ (১), ভূর্ভুর্বঃস্বঃ (২), তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ (৩)॥" ২০।

এই তিন মন্ত্রে তিনবার মস্তকে জল প্রোক্ষণ করিয়া, নিম্নলিখিত প্রত্যেক মন্ত্রেও জল প্রোক্ষণ করিবেন।

"আপো হি ষ্ঠেতি নবর্চ্চস্য স্থক্তস্যাম্বরীষঃ সিন্ধুদ্বীপ ঋষিঃ; আপো দেবতাঃ; পঞ্চম্যা বর্দ্ধমানা, সপ্তম্যাঃ প্রতিষ্ঠা, অন্ত্যয়োরনুষ্টুপ্, শিষ্টানাং গায়ত্রী ছন্দঃ মার্জ্জনে বিনিয়োগঃ।

(ক) ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব-স্তান উর্জ্জে দধাতন মহে রণায় চক্ষসে॥ ২১।

ওঁ যো বঃ শিবতমো রস-স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ২২॥

ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। অপো জনয়থা চ নঃ॥ ২৩।

ওঁ শন্নো দেবীরভিষ্টয়, আপো ভবন্তু পীতয়ে। শং যো-রভি স্রবন্তু নঃ॥ ২৪।

ওঁ ঈশানা বার্য্যাণাং ক্ষয়ন্তীশ্চর্ষণীনাং। অপো যাচামি ভেষজং॥ ২৫।

ওঁ অপ্সু মে সোমো অব্রবীদন্তর্ব্বিশ্বানি ভেষজা। অগ্নিঞ্চ বিশ্বশম্ভুবং॥ ২৬।

ওঁ আপঃ পৃণীত ভেষজং, বরূথং তন্বে মম। জ্যোক্চ সূর্য্যং দৃশে॥" ২৭।

ওঁ ইদমাপঃ প্র বহত, যৎকিঞ্চ দুরিতং ময়ি। যদ্বাহমভিদুদ্রোহ, যদ্বা শেপ উতানৃতং॥ ২৮।

"আপো হি ষ্ঠা" ইত্যাদি নয়টী মন্ত্ররূপ সূক্তের অম্বরীষপুত্র-সিন্ধুদ্বীপ ঋষি; জল দেবতা, পঞ্চম মন্ত্রের বর্দ্ধমানা ছন্দঃ, সপ্তম মন্ত্রের প্রতিষ্ঠা ছন্দঃ, শেষের দুইটি মন্ত্রের অনুষ্টুপ্ ছন্দঃ এবং অবশিষ্ট পাঁচটি মন্ত্রের গায়ত্রী ছন্দ, মার্জ্জনে ইহার বিনিয়োগ। ২১।

দেবতাস্বরূপ জল পাপাপনোদন করিয়া আমাদের সুখদায়ক হউক, আমাদের যজ্ঞের নিমিত্ত (যজ্ঞের অঙ্গস্বরূপ) হউক, আমাদের পানের নিমিত্ত হউক, আমাদের উৎপন্ন রোগের প্রশমন ও অনুৎপন্ন রোগের দূরীকরণ করুক, এবং (পবিত্রতা সম্পাদনের জন্য) আমাদের উপরি ক্ষরিত হউক। ২৪।

যে জল শস্যের (অথবা ধনের) ঈশ্বর এবং মানবগণের জীবনরক্ষক, সেই জলের নিকট আমি সুখ প্রার্থনা করি। ২৫।

সোমদেব আমাকে বলিয়াছেন যে, জলের মধ্যে সমস্ত ঔষধের সংমিশ্রণ আছে এবং সমস্ত জগতের সুখকর অগ্নি অর্থাৎ তেজঃপদার্থ বিদ্যমান আছে। ২৬।

হে জল, তুমি আমার দেহ-রক্ষার্থ এবং চিরকাল সূর্য্য অর্থাৎ পরমাত্মভূত জ্যোতিঃ দর্শনার্থ রোগ নিবারক ঔষধ পূরণ কর। ২৭।

হে জল, আমাতে যে কিছু অজ্ঞানকৃত পাপ আছে, কিংবা আমি জ্ঞানপূর্ব্বক অন্যের যে অনিষ্টাচরণ করিয়াছি অথবা যে শাপ দিয়াছি এবং মিথ্যা বলিয়াছি, সেই সমস্ত পাপ দূরীভূত কর। ২৮।

ওঁ আপো অদ্যান্বচারিষং, রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আ গহি, তং মা সং সৃজ বর্চ্চসা ॥" ২৯। অতঃপর অঘমর্ষণ প্রণালী অনুসারে অঘমর্ষণ করিতে হয়।

অঘমর্ষণ

দক্ষিণহস্ত গো-কর্ণাকৃতি করত জলগণ্ডূষ লইয়া নাসিকাগ্রে ধারণ করতঃ কৃষ্ণবর্ণ যে পাপপুরুষ দেহের মধ্যে ব্যাপিয়া আছে, মন্ত্রপ্রভাবে তাহা নির্গত হইয়া এই জলে পতিত হইল, এইরূপ ভাবিতে ভাবিতে—"ঋতঞ্চেতি ঋকৃত্রয়স্য মাধুচ্ছন্দসাঘমর্ষণ ঋষির্ভাববৃত্তং দেবতা, অনুষ্টুপ্ ছন্দঃ, অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্, বিশ্বস্য মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা, যথা—পূর্ব্বকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ॥ ৩০।

এই মন্ত্র পড়িয়া সেই জল বামভাগে কল্পিত শিলাখণ্ডে সবল নিক্ষেপ করিবেন। পরে একবার আচমন করিয়া—

প্রাতঃ ও সায়ং-সন্ধ্যায়

"ওঁকারস্য ব্রহ্ম ঋষি-রগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ; মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠী প্রজাপতি-ঋষিঃ প্রজাপতির্দেবতা বৃহতীচ্ছন্দঃ; গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ। সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ৩১॥

এই মন্ত্র তিনবার পড়িয়া সূর্য্যাভিমুখে তিনবার জলাঞ্জলি দিবেন।

মধ্যাহ্ন-সন্ধ্যায়

"আ কৃষ্ণেনেত্যস্য হিরণ্যস্তূপ ঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ। ওঁ আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো, নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্॥" ৩২॥

অদ্য আমি জলে অবগাহন করিয়াছি এবং তাহার রসের সহিত মিলিত হইয়াছি। হে অগ্নিদেব, তুমি জলান্তর্ব্বর্ত্তী বলিয়া জলবিশিষ্ট, তুমি আগমন কর এবং তাদৃশ আমাকে তেজের সহিত সংযুক্ত কর। ২৯।

"ঋতঞ্চ" হইতে 'মথো স্বঃ' পর্য্যন্ত তিনটি মন্ত্রের মধুচ্ছন্দার পুত্র অঘমর্ষণ ঋষি ব্রহ্ম দেবতা অনুষ্টুপ্ ছন্দঃ এবং অশ্বমেধ যজ্ঞের পরবর্ত্তী স্নান-কার্য্যে ইহার বিনিয়োগ। ৩০।

ওঙ্কারের ব্রহ্মা ঋষি, প্রজাপতি দেবতা, বৃহতী ছন্দঃ, ভূর্ভুবঃস্বঃ এই মহাব্যাহৃতিত্রয়ের পরমেষ্ঠি প্রজাপতি ঋষি, প্রজাপতি দেবতা, বৃহতী ছন্দঃ, সূর্য্যকে জলাঞ্জলি দিতে ইহার বিনিয়োগ। ৩১।

আ কৃষ্ণেন ইত্যাদি মন্ত্রের হিরণ্যস্তূপ ঋষি, সূর্য্য দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ, সূর্য্যজলাঞ্জলি-

এই মন্ত্র পড়িয়া সূর্য্যাভিমুখে একবার জলাঞ্জলি দিবেন। অতঃপর সূর্য্যোপস্থান করিতে হয়।

সূর্য্যোপস্থান

প্রাতঃসন্ধ্যায় সূর্য্যাভিমুখে এক পায়ে দাঁড়াইয়া কৃতাঞ্জলি হইয়া বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করত সূর্য্যোপস্থান করিবেন।

"চিত্রং দেবানামিতি ষড়্চস্য সূক্তস্য কুৎস ঋষিঃ সূর্য্যো দেবতা ত্রিষ্টুপ্ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানা-মুদগাদনীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আ প্রা দ্যাবাপৃথিবী অন্তরীক্ষং, সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ৩৩।

ওঁ সূর্য্যো দেবীমুষসং রোচমানাং, মর্য্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ। যত্রা নরো দেবয়ন্তো যুগানি, বিতন্বতে প্রতি ভদ্রায় ভদ্রং ॥ ৩৪ ॥

ওঁ ভদ্রা অশ্বা হরিতঃ সূর্য্যস্য, চিত্রা এতগ্বা অনুমাদ্যাসঃ। নমস্যন্তো দিব আ পৃষ্ঠমস্থুঃ, পরি দ্যাবাপৃথিবী যন্তি সদ্যঃ ॥ ৩৫ ॥

ওঁ তৎ সূর্য্যস্য দেবত্বং তন্মহিত্বং, মধ্যা কর্ত্তোর্বিততং সং জভার। যদেদযুক্ত হরিতঃ সধস্থাদাদ্রাত্রী বাসস্তনুতে সিমস্মৈ ॥ ৩৬ ॥

দানে ইহার বিনিয়োগ। সকলের স্তুত্য সূর্য্যদেব সুবর্ণময়-রথে আরোহণপূর্ব্বক শূন্যমার্গে পুনঃপুনঃ ঘুরিতে ঘুরিতে অমরগণকে এবং মনুষ্যগণকে স্ব-স্ব স্থানে স্থাপন করত এবং সকল লোককে উদ্ভাসিত করত আগমন করিতেছেন। ৩২।

"চিত্রং দেবানাম্" ইত্যাদি ছয়টি মন্ত্ররূপ সূক্তের কুৎস ঋষি, সূর্য্য দেবতা ত্রিষ্টুপ্ছন্দঃ, সূর্য্যোপাসনায় ইহার প্রয়োগ। ৩৩।

মনুষ্য যেমন গমনশীলা যুবতী স্ত্রীর অনুগমন করে, সেইরূপ সূর্য্যদেব দানাদিগুণযুক্তা দীপ্তিশালিনী ঊষাদেবীর অনুগমন করিতেছেন। এই ঊষার উদয় হইলে যজমানেরা সূর্য্যদেবকে পূজা করিতে ইচ্ছুক হইয়া যজ্ঞকর্ম্মের অনুষ্ঠান করেন। আমরা মঙ্গললাভের জন্য এতাদৃশ মঙ্গলময় সূর্য্যদেবকে স্তব করিতেছি। ৩৪।

সূর্য্যের অশ্ব অর্থাৎ কিরণসকল কল্যাণময়, সর্ব্বব্যাপক, বিচিত্রবর্ণ এবং আমাদের যথাক্রমে স্তবনীয়। সেই কিরণসকল আমাদের নমস্কার প্রাপ্ত হইয়া শূন্য-লোকের উপরে আরোহণ করিতেছে এবং তখন স্বর্গ ও মর্ত্ত্যকে ব্যাপ্ত করিতেছে। ৩৫।

সর্ব্বপ্রেরক সূর্য্যের তাহাই ঈশ্বরত্ব ও তাহাই মহত্ত্ব—যে, তিনি কর্ম্মের মধ্যে অর্থাৎ লোকের আরব্ধ কৃষ্যাদি কর্ম্ম সমাপ্ত হইতে না হইতে স্বীয় বিস্তীর্ণ রশ্মি-জাল সংহার করেন; (সূর্য্য অস্ত গমন করিলে আর কেহ কর্ম্ম করিতে পারে না; সুতরাং আরব্ধ কর্ম্মও অসম্পূর্ণ অবস্থায় রাখিতে বাধ্য হয়)। যখনই তিনি আপনার রশ্মিসমূহ সংহরণ করিয়া এই পৃথিবীলোক হইতে অন্যত্র নিযুক্ত করেন, তখনই তমোমালা-দ্বারা এই লোক পরিব্যাপ্ত হয়। ৩৬।

ওঁ তন্মিত্রস্য বরুণস্যাভিচক্ষে, সূর্য্যো রূপং কৃণুতে দ্যোরুপস্থে। অনন্ত-মন্য দ্রুশদস্য পাজঃ, কৃষ্ণমন্যদ্ধরিতঃ সং ভরন্তি ॥ ৩৭ ॥

"ওঁ অদ্যা দেবা উদিতা সূর্য্যস্য নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ। তন্নো মিত্রো বরুণো মামহন্তা-মদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যৌঃ ॥" ৩৮ ॥

মধ্যাহ্ন সন্ধ্যার সূর্য্যাভিমুখে একপায়ে দাঁড়াইয়া উর্দ্ধবাহু হইয়া নিম্নলিখিত মন্ত্র পড়িয়া সূর্য্যোপস্থান করিবেন। মন্ত্র যথা—

"উদু ত্যমিতি ত্রয়োদশর্চ্চস্য সূক্তস্য কাণ্ব প্রস্কণ্ব ঋষিঃ সূর্য্যো দেবতা, আদ্যানাং নবানাং গায়ত্রী, অন্ত্যানাং চতসৃণাম্ অনুষ্টুপ্ ছন্দঃ; সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদু ত্যং জাতবেদসং, দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যং ॥ ৩৯ ॥

ওঁ অপ ত্যে তায়বো যথা, নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ। সূরায় বিশ্বচক্ষসে ॥ ৪০ ॥

ওঁ অদৃশ্রমস্য কেতবো বি রশ্ময়ো জনাঁ অনু। ভ্রাজন্তো অগ্নয়ো যথা ॥ ৪১ ॥

ওঁ তরণির্বিশ্বদর্শতো জ্যোতিষ্কৃদসি সূর্য্য। বিশ্বমা ভাসি রোচনং ॥ ৪২।

ওঁ প্রত্যঙ্ দেবানাং বিশঃ, প্রত্যঙ্ঙুদেষি মানুষান্ ॥ প্রত্যঙ্ বিশ্ব স্বর্দৃশে ॥ ৪৩ ॥

সূর্য্যদেব উদয়কালে মিত্র বরুণ প্রভৃতি সমস্ত জগতের প্রকাশের জন্য আকাশের কোলে স্বীয় তেজ বিস্তার করেন। তাঁহার ঐ রস-হরণশীল কিরণসকল দিবসে এক-প্রকার তেজ ধারণ করে, তাহা অনন্ত, শুক্লবর্ণ ও অন্ধকার নিবারণে সমর্থ; এবং রাত্রিতে আর একপ্রকার তেজ ধারণ করে, তাহা কৃষ্ণবর্ণ। ৩৭।

হে প্রকাশমান রশ্মিসমূহ! তোমরা আজ সূর্য্যদেব উদিত হইলে ইতস্ততঃ প্রসৃত হইয়া আমাদিগকে নিরতিশয় নিন্দনীয় পাপ হইতে সরাইয়া লইয়া যাও এবং মিত্র (দিবাভিমানিনী দেবতা), বরুণ, (রাত্র্যভিমানিনী দেবতা), দেবমাতা অদিতি, সিন্ধু (জলাভিমানিনী দেবতা) এবং পৃথিবী ও স্বর্গের অধিষ্ঠাত্রী দেবতাগণ আমাদের এই কথার অনুমোদন করুন। ৩৮।

"উদু ত্যম্" ইত্যাদি তেরটি মন্ত্ররূপ সূক্তের কণ্বপুত্র প্রস্কণ্ব ঋষি, সূর্য্য দেবতা; প্রথম নয়টীর গায়ত্রী ছন্দঃ, অবশিষ্ট চারিটীর অনুষ্টুপ্ ছন্দঃ; সূর্য্যোপাসনায় ইহার বিনিয়োগ। ৩৯।

জগৎ-প্রকাশক সূর্য্যদেবকে আগমন করিতে দেখিয়া প্রসিদ্ধ দস্যুগণের ন্যায় নক্ষত্র-সকল রাত্রির সহিত পলায়ন করিতেছে। ৪০।

এই সূর্য্যের বিজ্ঞাপক রশ্মিসকল, প্রদীপ্ত অগ্নির ন্যায় সমস্ত জগৎকে একে একে প্রকাশ করিতেছে। ৪১।

হে সূর্য্য, তুমি উপাসকগণের রোগহন্তা, পাপমোচনের জন্য সমস্ত প্রাণীর দর্শনীয় এবং সকল পদার্থের প্রকাশকর্ত্তা। তুমি সমগ্র আকাশকে আলোকিত করিতেছ। ৪২।

হে সূর্য্যদেব! তুমি জগতের প্রকাশের জন্য, দেবতাদিগের বৈশ্য যে আকাশচারী

ওঁ যেনা পাবক চক্ষসা ভূরণ্যন্তং জনাঁ অনু। ত্বং বরুণ পশ্যসি ॥ ৪৪ ॥

ওঁ বি দ্যামেষি রজস্পৃথ্বহা, মিমানো অক্তুভিঃ। পশ্যন্ জন্মানি সূর্য্য ॥ ৪৫ ॥

ওঁ সপ্ত ত্বা হরিতো রথে, বহন্তি দেব সূর্য্য। শোচিষ্কেশং বিচক্ষণ ॥ ৪৬ ॥

ওঁ অযুক্ত সপ্ত শুন্ধ্যুবঃ, সূরো রথস্য নপ্ত্যঃ। তাভির্যাতি স্বযুক্তিভিঃ ॥ ৪৭ ॥

ওঁ উদ্বয়ং তমসস্পরি, জ্যোতিষ্পশ্যন্ত উত্তরং। দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমং ॥ ৪৮ ॥

ওঁ উদ্যন্নদ্য মিত্রমহ আরোহন্নুত্তরাং দিবং। হৃদ্রোগং মম সূর্য্য হরিমাণঞ্চ নাশয় ॥ ৪৯ ॥

ওঁ শুকেষু মে হরিমাণং, রোপণাকাসু দধ্মসি। অথো হারিদ্রবেষু মে হরিমাণং নিদধ্মসি ॥ ৫০ ॥

ওঁ উদগাদয়-মাদিত্যো বিশ্বেন সহসা সহ। দ্বিষন্তং মহ্যং রন্ধয়ন্ মো অহং দ্বিষতে রধং ॥ ৫১ ॥

মরুদগণ, তাঁহাদের সম্মুখে, মানবগণের সম্মুখে এবং সমস্ত স্বর্গবাসীর সম্মুখে উদিত হইতেছ। ৪৩।

হে সূর্য্য! তুমি জগৎপাবন এবং অনিষ্ট নিবারক, তুমি যে তেজ দ্বারা সমস্তপ্রাণীর পোষণকারী এই মর্ত্ত্যলোককে একে একে প্রকাশ করিতেছ, (তোমার সেই তেজকে আমরা স্তব করি।)। ৪৪।

হে সূর্য্য! তুমি দিন রাত্রি সৃষ্টি করিয়া, উৎপত্তিশীল সমুদায় পদার্থকে দর্শন করত বিস্তীর্ণ অন্তরীক্ষলোকে বিচরণ করিতেছ। ৪৫।

হে বিশ্বপ্রকাশক সূর্য্যদেব! তুমি কেশের ন্যায় তেজঃসম্পন্ন : তোমাকে রথে করিয়া সাতটী অশ্ব বহন করিতেছে। ৪৬।

যাহারা রথকে ফেলিয়া দেয় না এরূপ সাতটি ঘোটকীকে সূর্য্যদেব রথে নিযুক্ত করিয়াছেন। আপনা কর্তৃক রথে সংযুক্ত সেই সকল ঘোটকী-দ্বারা তিনি যজ্ঞগৃহে গমন করিতেছেন। ৪৭।

আমরা তমোগুণাতীত তেজস্বী দেবদেব সর্ব্বোৎকৃষ্ট-জ্যোতিঃ-স্বরূপ উদয়প্রাপ্ত সূর্য্যদেবকে যেন (উপাসনা-কালে) দর্শন করিতে পারি। ৪৮।

হে অনুকুল-তেজ-সম্পন্ন সূর্য্য, তুমি অত্যুচ্চ আকাশে অদ্য আরোহণ করত উদিত হইয়া আমার মানসিক-ব্যাধি, এবং শারীরিক-ব্যাধি, বিনাশ কর। ৪৯।

ব্যাধি-প্রযুক্ত আমার দেহে যদি হরিদ্বর্ণ-ভাব হয় তাহা আমি শুক পক্ষীতে ও শারিকা পক্ষীতে স্থাপন করি এবং আমার সেই হরিদ্বর্ণ-ভাব হরিতাল-বৃক্ষে স্থাপন করি (তাৎপর্য্য এই যে, এইরূপ বর্ণ ঐ সকল পক্ষী ও বৃক্ষেতেই থাকুক, আমাতে যেন কখনও না আসে)। ৫০।

এই সূর্য্য আমার ব্যাধিকে বিনাশ করিতে সর্ব্ববলসম্পন্ন হইয়া উদিত হইয়াছেন।

সায়ংসূর্য্যোপস্থান মন্ত্র।—(সূর্য্যাভিমুখে একপার্শে দাঁড়াইয়া।)

মো যু বরুণেতি পঞ্চর্চ্চস্য বশিষ্ঠ ঋষির্বরুণো দেবতা গায়ত্রী ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ মো যু বরুণ মৃণ্ময়ং, গৃহং রাজন্নহং গমং। মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৫২ ॥

ওঁ যদেমি প্রস্ফুরন্নিব দৃতির্ন ধ্মাতো অদ্রিবঃ। মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৫৩ ॥

ওঁ ক্রত্বঃ সমহ দীনতা, প্রতিপং জগমা শুচে। মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৫৪ ॥

ওঁ অপাং মধ্যে তস্থিবাংসং, তৃষ্ণা-বিদজ্জরিতারং। মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৫৫ ॥

ওঁ যৎকিঞ্চেদং বরুণ দৈব্যে জনে,-হভিদ্রোহং মনুষ্যাশ্চরামসি। অচিত্তী যত্তব ধর্ম্মা যুয়োপিম, মা নস্তস্মাদেনসো দেব রীরিষঃ ॥ ৫৬।

এইরূপে ত্রিসন্ধ্যায় সূর্য্যোপস্থান করিয়া অঙ্গন্যাস করিবেন। যথা

"ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া হৃদয়, "ভূঃ শিরসে স্বাহা" বলিয়া মস্তক, "ভুবঃ শিখায়ৈ বষট্" বলিয়া শিখা, "স্বঃ কবচায় হুং" বলিয়া কবচ (বাম বাহু ও দক্ষিণ বাহু) পরে

(এই সূর্য্যদেবই আমার রোগ বিনাশ করুন) আমি নিজে ব্যাধিকে বিনাশ করিব না। ৫২।

"মো যু বরুণ" ইত্যাদি পাঁচটি মন্ত্রের বশিষ্ঠ ঋষি, বরুণ দেবতা, গায়ত্রী ছন্দঃ সূর্য্যোপস্থানে ইহার বিনিয়োগ। হে রাজন্ বরুণ! আমি মৃত্তিকানির্ম্মিত গৃহে যেন গমন না করি—অর্থাৎ আমাকে যেন ভূলোক আর জন্মগ্রহণ করিতে না হয়। হে সুক্ষত্র! আমাকে সুখী কর এবং দয়া কর। ৫২।

হে আয়ুধধারি-বরুণ! আমি যখন তোমার ভয়ে কাঁপিতে কাঁপিতে কামারের যাঁতার ন্যায় বায়ুপূর্ণ হইয়া তোমার নিকট গমন করি, (অর্থাৎ উপাসনা করি), তখন তুমি আমাকে সুখী করিও। হে শোভনধনশালিন্! আমাকে সুখী কর এবং দয়া কর। ৫৩।

হে ধনশালিন্। হে নির্ম্মলস্বভাব বরুণ! আমি অক্ষমতাবশতঃ বিহিতকর্ম্মের প্রতিকূলে গিয়াছি (অর্থাৎ বিহিত ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিতে পারি নাই), সুতরাং হে শোভনধনশালিন্ আমাকে সুখী কর এবং দয়া কর। ৫৪।

আমি সমুদ্রের মধ্যে বাস এবং তোমার উপাসনা করিলেও আমার তৃষ্ণা পাইতেছে (কারণ সমুদ্র-জল লবণাক্ত বলিয়া অপেয়, তৃষ্ণাতুরব্যক্তি তন্মধ্যে বাস করিয়াও যেমন তাহার তৃষ্ণা নিবারণ করিতে পারে না, সেইরূপ আমি দুর্লভ মানবজন্ম প্রাপ্ত হইয়াও জ্ঞানলাভ করিতে না পারায় অসুখী হইতেছি)। সুতরাং হে শোভনধনশালিন্ বরুণ! তুমি আমাকে সুখী কর এবং দয়া কর। ৫৫।

হে বরুণ! আমরা মানুষ হইয়া দেবতাগণের প্রতি এই যে কিঞ্চিৎ অপকার করিয়াছি এবং অজ্ঞানবশতঃ তোমার উপাসনা-কার্য্য যে অমনোযোগী হইয়াছি, হে দেব, সেই পাপ-হেতু আমাদিগকে হিংসা করিও না। ৫৬।

"ওঁ ভূর্ভুবঃ নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া জ্রসহিত নেত্রদ্বয়ে ন্যাস করিবেন এবং "ওঁ ভূর্ভুবঃ স্বঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া বামহস্তের তল স্পর্শ করিয়া তালি দিবেন। অতঃপর গায়ত্রীকে ধ্যান করিবেন।

গায়ত্রী-ধ্যান

"প্রাতর্মধ্যাহ্নসায়াহ্নেষু ঋগ্‌যজুঃসামত্রিপদাং তির্য্যগূর্দ্ধাধরদিক্ষু ষট্‌কুক্ষিং পঞ্চশিরসমগ্নিমুখীং ব্রহ্মশিরস্কাং রুদ্রশিখাং বিষ্ণুহৃদয়াং সূর্য্যমণ্ডলস্থাং কৌষেয়বসনাং পদ্মাসনস্থাং দণ্ডকমণ্ডল্বক্ষসূত্রাভয়াঙ্ক-চতুর্ভুজাং শুভ্রবর্ণাং শুভ্রাম্বরানুলেপনস্রগাভরণাং শরচ্চন্দ্রসহস্রপ্রভাং সর্ব্বদেবময়ীং ধ্যায়েৎ ॥" ৫৭ ১

তিনবার এইরূপে ধ্যান করিয়া বক্ষ্যমাণমন্ত্র পাঠ করত গায়ত্রীর আবাহন করিবেন। যথা—

"ওঁ আয়াতু বরদা দেবী অক্ষরং ব্রহ্ম সম্মিতং।
গায়ত্রীচ্ছন্দসাং মাতা ইদং ব্রহ্ম জুষস্ব নঃ ॥ ৫৮ ॥

ওঁ ওজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধাম নামাসি বিশ্বমসি বিশ্বায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ু-রভিভূরোঁ। গায়ত্রীমাবাহয়ামি ॥ ৫৯ ॥

ঋক্, যজুঃ ও সাম—এই বেদত্রয় যাঁহার পদ; চতুর্দ্দিকে এবং ঊর্দ্ধে ও অধোদিকে যাঁহার ছয়টি উদর; যাঁহার পাঁচটি শিরঃ; অগ্নি যাঁহার মুখ; ব্রহ্মা যাঁহার মস্তক; রুদ্র যাঁহার শিখা; বিষ্ণু যাঁহার হৃদয়; যিনি সূর্য্যমণ্ডলবাসিনী, পট্ট বস্ত্র-পরিধানা ও ও পদ্মাসনে উপবিষ্টা; যাঁহার হস্ত চতুষ্টয় দণ্ড, কমণ্ডলু, জপমালা ও অভয়-মুদ্রায় চিহ্নিত; যাঁহার বর্ণ শুক্ল এবং মাল্য চন্দন ও আভরণসমূহও শুক্লবর্ণ এবং যিনি শরৎকালীন সহস্রচন্দ্রের ন্যায় প্রভাবিশিষ্টা, সেই সর্ব্বদেবময়ী গায়ত্রীকে ধ্যান করিবেন ॥ ৫৭ ॥

বরপ্রদা দেবী অক্ষর (অর্থাৎ বিনাশরহিত) ও সম্মিত (অর্থাৎ বেদান্তপ্রমাণে সম্যক্ নিশ্চিত) ব্রহ্ম-উদ্দেশে। (অর্থাৎ জগৎকারণ পরমতত্ত্বের উদ্দেশে) আগমন করুন, এবং দেবমাতা গায়ত্রী-দেবী আমাদিগকে ব্রহ্মতত্ত্ব উপদেশ করুন ॥ ৫৮ ॥

হে গায়ত্রি। তুমি দেহের উপাদানভূত ওজোনামক ধাতু-স্বরূপা; তুমি শত্রু-পরাজয়ে সহায়ভূতা শক্তিরূপা; তুমি শারীরিক সামর্থ্য-স্বরূপা; তুমি অগ্ন্যাদি-দেবগণের

১। কোন কোন পদ্ধতিতে ত্রিকালে ত্রিবিধ ধ্যানও লিখিত হইয়াছে। যথা, প্রাতঃকালে—"বালাং বালাদিত্যমণ্ডলস্থাং রক্তবর্ণাং রক্তাম্বরানুলেপনস্রগাভরণাং চতুর্মুখীং দণ্ডকমণ্ডলু সূত্রাভয়াঙ্কচতুর্ভুজাং হংসারূঢ়াং ব্রহ্মদৈবতাং ঋগ্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রী গায়ত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥" মধ্যাহ্নে—"যুবতীং যুবাদিত্যমণ্ডলস্থাং শ্বেতবর্ণাং শ্বেতাম্বরানুলেপনস্রগাভরণাং সত্রিনেত্রপঞ্চবক্ত্রাং চন্দ্রশেখরাং ত্রিশূলখড়্গখট্বাঙ্গডমরুকাঙ্কচতুর্ভুজাং বৃষারূঢ়াং রুদ্রদৈবতাং যজুর্ব্বেদমুদাহরন্তীং ভুবর্লোকাধিষ্ঠাত্রীং সাবিত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥" সায়াহ্নে—"বৃদ্ধাং বৃদ্ধাদিত্যমণ্ডলস্থাং শ্যামবর্ণাং শ্যামাম্বরানুলেপনস্রগাভারণাম্ একবক্ত্রাং শঙ্খচক্রগদাপদ্মাঙ্কচতুর্ভুজাং গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবতাং সামবেদমুদাহরন্তীং স্বর্লোকাধিষ্ঠাত্রীং সরস্বতীং নাম তাং ধ্যায়েৎ ॥"

ওঁ আগচ্ছ বরদে দেবি জপ্যে মে সন্নিধা ভব।
গায়ন্তং ত্রায়সে যস্মাদ্গায়ত্রী-ত্বমতঃ স্মৃতা ॥ ৬০ ॥

"ওঁকারস্য ব্রহ্ম ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো ; মহব্যাহৃতীনাং পরমেষ্ঠী প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দেবতা বৃহতীচ্ছন্দো ; গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দ, শ্বেতো বর্ণঃ, অগ্নির্মুখং, ব্রহ্মা শিরো, বিষ্ণুর্হৃদয়ং, রুদ্রো ললাটং, পৃথিবী কুক্ষিস্ত্রৈলোক্যং চরণাঃ, সাংখ্যায়নো গোত্রম্ ; অশেষপাপক্ষয়ায় জপে বিনিয়োগঃ ॥" ৬১ ॥

এইরূপে ঋষি-ছন্দঃ প্রভৃতি উচ্চারণ করিয়া—গায়ত্রী জপ করিবেন। গায়ত্রী যথা—
"ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ ॥" ৬২ ॥[১]

এই গায়ত্রী যথাশক্তি (অন্ততঃ ১০ বার, ১০৮ বার বা ১০০৮ বার) জপ করিবেন। প্রাতঃসন্ধ্যায় উত্তান হস্তে (চিৎ হাতে)। মধ্যাহ্নসন্ধ্যায় হৃদয়ভিমুখে হস্ত রাখিয়া এবং সায়ংসন্ধ্যায় হস্ত উপুড় করিয়া জপ করিতে হয়।

পরে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠের পৃষ্ঠভাগ দ্বারা দক্ষিণ কর্ণের পৃষ্ঠদেশ স্পর্শ করিতে করিতে আত্মরক্ষা করিবেন।

আত্ম-রক্ষা

"জাতবেদস ইত্যস্য কাশ্যপ ঋষির্জাতবেদা অগ্নির্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ শান্ত্যর্থজপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোম-মরাতীয়তো নি দহাতি বেদঃ। স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বা, নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ ॥ ৬৩ ॥

তেজোরূপা ; তুমি জগৎ-স্বরূপা · তুমি জগতের আয়ুঃ, এবং তুমিই সকল ও সম্পূর্ণ-আয়ুঃস্বরূপা ; তুমি অভিভূ অর্থাৎ সকল পাপের বিনাশকর্ত্রী, এবং তুমি ওঁ অর্থাৎ পরমাত্মা-স্বরূপা ॥ ৫৯ ॥

হে বরপ্রদে দেবি, তুমি আগমন কর এবং জপকার্য্যে আমার সন্নিহিতা হও। যে তোমাকে গায় অর্থাৎ উচ্চারণ করে, তাহাকে তুমি ত্রাণ কর, এই নিমিত্ত তোমাকে গায়ত্রী বলিয়া সকলে জানে ॥ ৬০ ॥ ১

ওঙ্কারের ঋষি ব্রহ্মা, দেবতা অগ্নি, ছন্দঃ গায়ত্রী, মহাব্যাহৃতিত্রয়ের পরমেষ্ঠী প্রজাপতি ঋষি, প্রজাপতি দেবতা, বৃহতী ছন্দঃ ; গায়ত্রীর ঋষি বিশ্বামিত্র, দেবতা সবিতা, গায়ত্রী ছন্দঃ, গায়ত্রীর বর্ণ শ্বেত, মুখ অগ্নি, ব্রহ্মা মস্তক, বিষ্ণু হৃদয়, রুদ্র ললাটে, পৃথিবী উদর, ত্রিভুবন চরণ ; সাংখ্যায়ন গোত্র, অশেষ পাপক্ষয়ের নিমিত্ত জপে ইহার প্রয়োগ হয় ॥ ৬১ ॥

জাতদেবসে এই মন্ত্রের কাশ্যপ ঋষি, সর্ব্বজ্ঞ অগ্নি দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ ; শান্তিনিমিত্ত-জপে ইহার প্রয়োগ। ৬৩।

১। গায়ত্রীর অনুবাদ দ্রষ্টব্য।

অতঃপর নিম্নলিখিত প্রত্যেক মন্ত্রে মস্তকে জল দিবেন।

তচ্ছংযোরিত্যস্য শংযুর্ঋষির্বিশ্বেদেবা দেবতাঃ শক্করীচ্ছন্দঃ, নমো ব্রহ্মণে ইত্যস্য প্রজাপতির্ঋষির্বিশ্বেদেবা দেবতা জগতীচ্ছন্দঃ শান্ত্যর্থ্যজপে বিনিয়োগঃ ওঁ তচ্ছংযো রা বৃণীমহে ॥ ৬৪ ॥ ওঁ নমো ব্রহ্মণে নমো অস্ত্বগ্নয়ে ॥ ৬৫ ॥

তৎপরে পূর্ব্বাদি দিক্ প্রভৃতিকে প্রণাম করিবেন। যথা—

ওঁ পূর্ব্বাদি-দিগ্‌ভ্যো নমঃ। ওঁ দিগীশেভ্যো নমঃ। ওঁ সন্ধ্যায়ৈ নমঃ। ওঁ গায়ত্রৈ নমঃ। ওঁ সাবিত্র্যৈ নমঃ। ওঁ সরস্বত্যৈ নমঃ। ওঁ সর্ব্বাভ্যো দেবতাভ্যো নমঃ ॥ ৬৬ ॥

এই বলিয়া প্রত্যেককে নমস্কার করিয়া গায়ত্রী বিসর্জ্জন করিবেন। যথা—

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতমূর্দ্ধনি।
ব্রাহ্মণৈরভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখং ॥ ৬৭ ॥

এই মন্ত্রে একগণ্ডূষ জল দিবেন। অতঃপর ব্রহ্মযজ্ঞ করিবেন (ব্রহ্মযজ্ঞ পরে দ্রষ্টব্য), অনন্তর তর্পণাধিকারী ব্যক্তি তর্পণ করিয়া সূর্য্যার্ঘ দান করিবেন। তর্পণে অনধিকারী ব্যক্তি ব্রহ্মযজ্ঞের পরে সূর্য্যার্ঘ দান করিবেন।

সূর্য্যার্ঘ

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্, ভাস্বতে বিষ্ণুতেজসে ;
জগৎসবিত্রে শুচয়ে, সবিত্রে কর্ম্মদায়িনে ॥
এহি সূর্য্য সহস্রাংশো, তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং, গৃহাণার্ঘং দিবাকর ॥
ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিসদতিথির্দুরোণ-
সদ্‌ নৃসদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং (বৃহৎ ১) ॥

"তচ্ছংযোঃ" এই মন্ত্রের শংযু ঋষি, বিশ্বদেবগণ দেবতা, শক্করী ছন্দঃ ; "নমো ব্রহ্মণে" এই মন্ত্রের প্রজাপতি ঋষি, বিশ্বেদেবগণ দেবতা, জগতী ছন্দঃ ; শান্তি-নিমিত্ত জপে ইহার প্রয়োগ। যে কর্ম্ম উপস্থিত-রোগের উপশমকারি ও ভবিষ্যৎ-রোগের বিদূরণ-কারি সেই কর্ম্ম প্রার্থনা করি। ৬৪।

ব্রহ্মাকে ও অগ্নিকে নমস্কার করি। ৬৫।

পূর্ব্বাদি দিক্ সমূহকে নমস্কার। দিকের অধিপতিদিগকে নমস্কার। সন্ধ্যাকে নমস্কার। গায়ত্রীকে নমস্কার। সাবিত্রীকে নমস্কার। সরস্বতীকে নমস্কার। সকল দেবতাদিগকে নমস্কার। ৬৬।

হে গায়ত্রি দেবি! তুমি ভূমিতে অবস্থিত উত্তরদিকস্থ পর্ব্বতের উত্তর-শিখরে বাস কর। হে দেবি! তুমি এখন ব্রাহ্মণদিগের (অর্থাৎ তোমার উপাসকদিগের অনুজ্ঞা পাইয়া যথাস্থানে সুখে গমন কর) ৬৭।

১। 'বৃহৎ' পাঠ মূল বেদে নাই, কিন্তু বহু প্রাচীন পদ্ধতিতে এইরূপ পাঠ দৃষ্ট হয়।

এষোঽর্ঘঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।—বলিয়া সূর্য্য উদ্দেশে এক অঞ্জলি জল দিয়া নমস্কার করিবেন।

সূর্য্যপ্রণাম

ওঁ জবাকুসুম-সঙ্কাশং কাশ্যপেয়ং মহদ্যুতিং॥
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥

এই মন্ত্র পাঠ করিয়া শেষে আচমন করিবেন অতঃপর বেদাদি মন্ত্র চতুষ্টয় পাঠ করিবেন।

প্রাতঃসন্ধ্যার (শিবপূজাদি করিয়া উক্তরূপেই "শন্ন আপো ধন্বন্যাঃ" হইতে সূর্য্যপ্রণাম পর্যন্ত) মধ্যাহ্নসন্ধ্যা এবং সায়ংকালে সায়ংসন্ধ্যা করিবেন।

ইতি ঋগ্বেদীয়-সন্ধ্যা পদ্ধতিঃ সমাপ্তা

যজুর্ব্বেদীয়-সন্ধ্যাপদ্ধতিঃ

প্রথমতঃ শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া আচমন করত নিম্নলিখিত প্রত্যেক মন্ত্রে মস্তকে জল-প্রোক্ষণ করিয়া মার্জ্জন করিবেন। যথা

মার্জ্জন

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ, শমনঃ সন্তু-নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ, শমনঃ সন্তু কুপ্যাঃ॥ ১॥

ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ, স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্বন্তু মৈনসঃ॥ ২॥

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ৩॥

ওঁ যো বঃ শিবতমো রস-স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ৪॥

ওঁ তস্মা অরং গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ৫॥

ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধা,ত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্, বিশ্বস্য মিষতো বশী॥ ৬॥ ওঁ সূর্য্যোচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্ব্ব-মকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষ-মথো স্বঃ॥ ৭॥

অতঃপর ঋষ্যাদি স্মরণপূর্ব্বক প্রাণায়াম করিবেন। ঋষ্যাদি যথা—

"ওঁকারস্য ব্রহ্মঋষি-রগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং প্রজাপতির্ঋষি-রগ্নি-বায়ু-সূর্য্য-বরুণ-বৃহস্পতীন্দ্র-বিশ্বদেবা-দেবতাঃ গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্-বৃহতী-পঙ্‌ক্তি-ত্রিষ্টুব্-জগত্যশ্ছন্দাংসি প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিঃ

সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতির্ঋষি-র্ব্রহ্মবায়্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥" ৮॥

প্রাণায়াম

অতঃপর আপনার চতুর্দ্দিকে জল বেষ্টন করিয়া দক্ষিণ অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ নাসাপুট টিপিয়া বাম নাসাদ্বারা বায়ু আকর্ষণ করত মনে মনে বলিবেন—"নাভৌ—রক্তবর্ণং চতুর্ম্মুখং দ্বিভুজং অক্ষসূত্রকমণ্ডলুকরং হংসবাহনস্থং ব্রহ্মাণং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ।" ॥ ৯॥

পরে দক্ষিণ হস্তের অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলীদ্বারা বামনাসাপুট টিপিয়া বায়ু নিরোধ-পূর্ব্বক মনে মনে বলিবেন—"হৃদি—নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্র-গদাপদ্মহস্তং গরুড়ারূঢ়ং কেশবং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ।" ॥ ১০॥

অনন্তর বামনাসাপুট পূর্ব্ববৎ টিপিয়া রাখিয়াই দক্ষিণ নাসাপুট ছাড়িয়া দিয়া, অল্পে অল্পে বায়ু নিঃসারণ করত মনে মনে বলিবেন—"ললাটে—শ্বেতবর্ণং দ্বিভুজং ত্রিশূল-ডমরুকরং অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ।" ॥ ১১॥

এই বলিয়া প্রাণায়াম করত বক্ষ্যমাণরূপে আচমন করিবেন।

আচমন

গোকর্ণাকৃতি দক্ষিণহস্তে জল লইয়া প্রাতঃসন্ধ্যায় নিম্ন মন্ত্র পড়িয়া আচমন করিবেন। যথা—"ব্রহ্মঋষি-রাপো দেবতাঃ প্রকৃতিশ্ছন্দ আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ। মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদ্রাত্রিয়া পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না। রাত্রিস্তদবলুম্পতু যৎ কিঞ্চ দুরিতং ময়ি॥ ইদমহং মা-মমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি জুহোমি স্বাহা" ॥ ১২॥

মধ্যাহ্নসন্ধ্যায় জলগণ্ডূষ লইয়া নিম্নলিখিত মন্ত্র পড়িয়া আচমন করিবেন। মন্ত্র যথা —বিষ্ণুর্ঋষিরাপো দেবতা অনুষ্টুপ্ ছন্দ আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং, পৃথ্বী পূতা পুনাতু মাং। পুনন্তু ব্রহ্মণস্পতি, র্ব্রহ্ম পূতা পুতাতু মাং॥ যদুচ্ছিষ্ট-মভোজ্যঞ্চ, যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ ১৩॥

সায়ংসন্ধ্যায় জলগণ্ডুষ লইয়া নিম্নলিখিত মন্ত্র পড়িয়া আচমন করিবেন। মন্ত্র যথা—রুদ্র ঋষি-রাপো দেবতাঃ প্রকৃতিশ্ছন্দ আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ। মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং॥ যদহ্না পাপ-মকারিষং মনসা বাচা

হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না। অহস্তদবলুম্পতু যৎ কিঞ্চ দুরিতং ময়ি॥ ইদমহং মা-মমৃতাযোনৌ সত্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥ ১৪॥

পুনর্ম্মার্জ্জন

এই মন্ত্রে মস্তকে জল প্রোক্ষণ করিবেন—ওঁ। ভূর্ভুবঃ স্বঃ। তৎ সবিতুর্বরেণ্যং, ভর্গোদেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।

সিন্ধুদ্বীপঋষি-রাপো দেবতা গায়ত্রীচ্ছন্দ আপোমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব-স্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ওঁ যো বঃ শিবতমো রস-স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ১৫॥

অঘমর্ষণ

অতঃপর অঘমর্ষণ করিবেন। গোকর্ণাকৃতি দক্ষিণ হস্তে জলগণ্ডুষ লইয়া নাসিকাগ্রে ধারণ করত—

অঘমর্ষণ ঋষি-র্ভাববৃত্তং দেবতা, অনুষ্টুপ্ ছন্দঃ, অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধা, ত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ। ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত। অহো-রাত্রাণি বিদধদ্, বিশ্বস্য মিষতো বশী। ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্ব॥ ১৬॥

এই মন্ত্র পাঠ করিয়া দেহের সমস্ত পাপ জলে মিশ্রিত হইল চিন্তা করিয়া ঐ জলগণ্ডুষ ভূমিতে নিক্ষেপ করিয়া আচমন করিয়া সূর্য্যোপস্থান করিবেন।

সূর্য্যোপস্থান

প্রস্কন্ব ঋষিঃ সূর্য্যো দেবতা, গায়ত্রীচ্ছন্দঃ, অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদু ত্যং জাতবেদসং, দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যং॥ ১৭॥

কুৎস ঋষিঃ, সূর্য্যো দেবতা, ত্রিষ্টপ্ ছন্দঃ অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানা-মুদগাদনীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আ প্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং, সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ॥ ১৮॥

দধ্যঙ্ ঙাথর্ব্বণঋষিঃ, সূর্য্যো, দেবতা ব্রাহ্মী ত্রিষ্টুপ্ ছন্দো, মহাবীরাদ্যন্তয়োঃ শান্তিকরণে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ তচ্চক্ষুর্দেবহিতং, পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ। পশ্যেম শরদঃ শতং, জীবেম শরদঃ শতং,[১] শৃণুয়াম শরদঃ শতঃ,[২] প্রব্রবাম শরদঃ শত-মদীনাঃ স্যাম শরদঃ শতং, ভূয়শ্চ শরদঃশতাৎ॥ ১৯॥

অথর্ব্বার পুত্র দধীচ (দধ্যঙ্) ঋষি, সূর্য্য দেবতা, ব্রাহ্মীত্রিষ্টুপ ছন্দঃ, মহাবীরযাগের আদিতে ও অন্তে শান্তিকার্য্যে সূর্য্যোপস্থানে ইহার বিনিয়োগ। দেবগণের প্রিয়,

---

১। শ, ষ, স, ও হ পরে থাকিলে যজুর্ব্বেদে অনুস্বারের উচ্চারণ "গুং" হয়।

২। পদ্ধতিতে "প্রব্রবাম" হইতে মন্ত্রটুকুর শেষ অংশ কিন্তু মূল বেদে আছে।

প্রস্কণ্ব ঋষিঃ, সূর্য্যো দেবতা, অনুষ্টুপ্ ছন্দঃ, সৌত্রামণ্যবভৃথে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্‌বয়ং তমসস্পরি, স্বঃ পশ্যন্ত উত্তরং। দেবং দেবত্রা সূর্য্য-মগন্ম জ্যোতিরুত্তমং ॥ ২০ ॥

সূর্য্য ঋষিঃ সূর্য্যো দেবতা, সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ স্বয়ম্ভুরসি, শ্রেষ্ঠো রশ্মির্ব্বর্চ্চোদা অসি, বর্চ্চো মে দেহি, সূর্য্যস্যাবৃত-মন্বাবর্ত্তে ॥ ২১ ॥

হিরণ্যস্তূপাঙ্গিরা ঋষিঃ, সবিতা, দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দ, সূর্য্যোপস্থানে বিনিয়োগ। ওঁ আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো, নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ ॥ ২২ ॥

এই বলিয়া সূর্য্যোপস্থান করিয়া কৃতাঞ্জলি পুরঃসর বক্ষ্যমাণ মন্ত্রটী পাঠ করিবেন। যথা—"ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধাম নামাসি প্রিয়ন্দেবানামমাধৃষ্টং দেবযজনমসি।"

পরে গায়ত্রীর আবাহন করিবেন। যথা—

"ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রি চ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে ॥"

এই বলিয়া গায়ত্রীর আবাহনপূর্ব্বক অঙ্গন্যাস করিবেন। যথা—"ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া হৃদয়, "ভূঃ শিরসে স্বাহা" বলিয়া তর্জ্জনী ও মধ্যমা দ্বারা মস্তক এবং "ভূ শিখায়ৈ বষট্" বলিয়া অঙ্গুষ্ঠদ্বারা শিখাস্পর্শ করিবেন। "বঃ কবচায় হুং" বলিয়া কবচ (বাম ও দক্ষিণ বাহু) স্পর্শ করত "স্বঃ অস্ত্রায় ফট্" দক্ষিণহস্ত মস্তকের চারিধারে ঘুরাইয়া দক্ষিণতর্জ্জনী ও মধ্যমাদ্বারা বাম করতলে আঘাত করিবেন। এই প্রকার অঙ্গন্যাস তিনবার করিবেন।

পবিত্রমূর্ত্তি, জগতের নেত্ররূপ সূর্য্য পূর্ব্বদিকে উঠিতেছেন। সূর্য্যদেবকে উপাসনা করিয়া আমরা যেন শত বৎসর পর্য্যন্ত ভালরূপ দেখিতে পাই, শত বৎসর পর্য্যন্ত স্বাধীনভাবে জীবন ধারণ করি, শত বৎসর পর্য্যন্ত ভালরূপ শুনিতে পাই, শত বৎসর পর্য্যন্ত ভালরূপ কথা কহিতে পারি, শত বৎসর পর্য্যন্ত কাহারো নিকট হীন না হই, শত বৎসরের পরেও বহুকাল পর্য্যন্ত যেন আমরা ঐরূপ থাকিতে পারি। ১৯।

প্রস্কণ্ব ঋষি, সূর্য্য দেবতা, অনুষ্টুপ ছন্দঃ, সৌত্রামণীযাগান্তে স্নানকালে সূর্য্যোপাসনায় ইহার বিনিয়োগ। অপ্রকাশস্বরূপ ভূর্লোকের ঊর্দ্ধভাগে অবস্থিত স্বর্গলোককে দর্শন করত আমরা সর্ব্বোৎকৃষ্ট জ্যোতিঃস্বরূপ, দেবশ্রেষ্ঠ সূর্য্যদেবকে উপাসনা করিতেছি। তিনি আমাদিগকে পরিত্রাণ করিয়া থাকেন। ২০।

সূর্য্য ঋষি, সূর্য্য দেবতা, সূর্য্যোপাসনায় ইহার প্রয়োগ। হে সূর্য্য তুমি স্বয়ং প্রকাশমান বস্তু, তুমি সর্ব্বশ্রেষ্ঠরশ্মি, তুমি তেজঃপ্রদ, অতএব আমাকে তেজঃ দাও। সূর্য্য যেরূপ পৃথিবীকে প্রদক্ষিণ করিতেছেন, আমিও সেইরূপ ভূ প্রদক্ষিণের ফল যেন লাভ করিতে পারি ॥ ২১ ॥

গায়ত্রীধ্যান

অনন্তর তিন বেলায় তিন প্রকার গায়ত্রীর ধ্যান করিবেন। যথা—

প্রাতর্ধ্যান—কুমারীং রক্তাঙ্গীং রক্তবাসসং ত্রিনেত্রাং বরদাঙ্কুশাক্ষমালাকমণ্ডলুধরাং হংসারূঢ়াং ঋগ্বেদসহিতাং ব্রহ্মদেবত্যাং ভূলোকব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং গায়ত্রী-মাবাহয়িষ্যে।

মধ্যাহ্নধ্যান—যুবতীং শ্বেতাঙ্গীং শ্বেতবাসসং ত্রিনেত্রাং পাশাঙ্কুশত্রিশূলডমরুহস্তাং বৃষারূঢ়াং যজুর্ব্বেদসহিতাং রুদ্রদেবত্যাং ভুবর্লোকব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং সাবিত্রী-মাবাহয়িষ্যে।

সায়াহ্নধ্যান—বৃদ্ধাং কৃষ্ণাঙ্গীং কৃষ্ণবাসসং ত্রিনেত্রাং শঙ্খচক্রগদাপদ্মহস্তাং গরুড়ারূঢ়াং সামবেদসহিতাং বিষ্ণুদেবত্যাং স্বর্লোক ব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং সরস্বতী-মাবাহয়িষ্যে। [১]

এইরূপে ধ্যান করিয়া ঋষ্যাদি স্মরণ করিবে যথা—

"গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ জপোপনয়নে বিনিয়োগঃ," অতঃপর গায়ত্রী জপ করিবেন। গায়ত্রী যথা—"ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ॥" [২]

এই গায়ত্রী যথাশক্তি (১০ বার, ১০৮ বা ১০০৮ বার) জপ করিবেন। প্রাতঃকালে উত্তান (চিৎ হস্তে মধ্যাহ্নে তির্য্যক কাইৎ) হস্তে এবং সায়াহ্নে উপুড় হাতে জপ করিবেন (জপের নিয়ম দ্রষ্টব্য) অতঃপর নিম্নমন্ত্রে জপ বিসর্জ্জন করিবেন।

১। কোন কোন পদ্ধতিতে নিম্নলিখিতরূপ গায়ত্রীর ধ্যান দৃষ্ট হয়। যথা—

প্রাতর্ধ্যান,—"প্রাতর্গায়ত্রী রবিমণ্ডল-মধ্যস্থা রক্তবর্ণা দ্বিভুজা অক্ষসূত্রকমণ্ডলুধরা হংসাসনমারূঢ়া ব্রহ্মাণী ব্রহ্মদেবত্যা কুমারী ঋগ্‌বেদোদাহৃতা ধ্যেয়া।"

মধ্যাহ্ন ধ্যান;—"মধ্যাহ্নে সাবিত্রী রবিমণ্ডলমধ্যস্থা কৃষ্ণবর্ণা চতুর্ভুজা ত্রিনেত্রা শঙ্খ-চক্র গদাপদ্মহস্তা যুবতী গরুড়ারূঢ়া বৈষ্ণবী বিষ্ণুদেবত্যা যজুর্ব্বেদোদাহৃতা ধ্যেয়া।"

সায়াহ্ন-ধ্যান;—"সায়াহ্নে সরস্বতী রবিমণ্ডলমধ্যস্থা শুক্লবর্ণা দ্বিভুজা ত্রিশূল-ডমরুকরা বৃষভাসনমারূঢ়া বৃদ্ধা রুদ্রাণী রুদ্রদেবত্যা সামবেদোদাহৃতা ধ্যেয়া।"

২। উপনয়নকালে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য ত্রিবর্ণকেই এই সাবিত্রী দেওয়া হয়; ইহাকে গায়ত্রী-সাবিত্রী কহে। পরন্তু ক্ষত্রিয়কে ত্রিষ্টুপ্-সাবিত্রী ও বিশ্যকে জগতী-সাবিত্রী দিবারও বিধি আছে। ফলকথা উপনয়ন-কালে যিনি যে সাবিত্রীতে দীক্ষিত হইয়াছেন তিনি সেই সাবিত্রীই জপ করিবেন। পাঠকের অবগতির জন্য এই স্থলে ক্ষত্রিয় ও বৈশ্যের গায়ত্রী লিখিত হইল।

ক্ষত্রিয়ের ত্রিষ্টুপ্-সাবিত্রী যথা—

"বৃহস্পতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সবিতা দেবতা বাজপেয়াজ্যহোমে জপে বিনিয়োগঃ।

ওঁ দেব সবিতা প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়।

দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্বাচন্নঃ স্বদতু॥"

বৈশ্যদিগের জগতী-সাবিত্রী যথা,—প্রজাপতির্ঋষির্জগতীছন্দঃ সবিতা দেবতা রুক্মপাশপ্রতিমোচনে উখাসন্তরণে জপে বিনিয়োগঃ।

ওঁ বিশ্বা রূপাণি প্রতিমুঞ্চতে কবিঃ প্রাসাবীদ্ ভদ্রং দ্বিপদে চতুষ্পদে।

বি নাকমখ্যৎ সবিতা বরেণ্যোঽহনু প্রায়াণ-মুষসো বি রাজ্যত॥

বিসর্জ্জন

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতবাসিনী। ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥ ২৩ ॥ এই মন্ত্রে এক অঞ্জলি জল দিবেন। এই সময়ে ব্রহ্মযজ্ঞ-প্রকরণ অনুসারে ব্রহ্মযজ্ঞ করিয়া, তর্পণাধিকারী ব্যক্তি তর্পণ করিয়া সূর্য্যার্ঘ দান করিবেন। যাঁহারা তর্পণাধিকারী নহেন, তাঁহারা ব্রহ্মযজ্ঞের পরেই সূর্য্যার্ঘ দিবেন।

সূর্য্যার্ঘ

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্, ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে, সবিত্রে কর্ম্মদায়িনে॥ এষোঽর্ঘঃ ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ।"

এই বলিয়া অর্ঘ অথবা এক অঞ্জলি জল দিবেন। অতঃপর সূর্য্য নমস্কার করিবেন।

সূর্য্য-প্রণাম

"ওঁ জবাকুসুম-সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥"

অতঃপর আচমন করিবেন।

প্রাতঃসন্ধ্যার পর (শিবপূজাদি করিয়া) উক্তরূপেই ("শন্ন আপো ধন্বন্যাঃ" হইতে সূর্য্যপ্রণাম পর্য্যন্ত) মধ্যাহ্নসন্ধ্যা এবং সায়ংকালে সায়ংসন্ধ্যা করিতে হয়।

ইতি যজুর্ব্বেদীয়-সন্ধ্যাপদ্ধতিঃ সমাপ্তা।

ব্রহ্মযজ্ঞ, পিতৃযজ্ঞ, দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, এবং নৃযজ্ঞ—এই পাঁচটীকে পঞ্চযজ্ঞ বলা হইয়াছে।[১] বেদাদি ধর্ম্মশাস্ত্র পাঠের নাম ব্রহ্মযজ্ঞ, নিত্যশ্রাদ্ধ ও তর্পণাদির নাম পিতৃযজ্ঞ, দেবতাপূজা ও হোমের নাম দেবযজ্ঞ, মন্ত্র-পাঠপূর্ব্বক পিতৃগণ ও ইতর প্রাণী-দিগকে অন্নদানের নাম ভূতযজ্ঞ এবং অতিথিপূজার নাম নৃযজ্ঞ। এই পঞ্চযজ্ঞ গৃহীর নিত্য কর্ত্তব্য। ইহার অনুষ্ঠান না করিলে পাপভাগী হইতে হয়।

ব্রহ্মযজ্ঞ

হস্ত পদ প্রক্ষালনপূর্ব্বক পূর্ব্বাগ্র-কুশোপরি পূর্ব্বমুখে পদ্মাসনে উপবিষ্ট হইয়া বামহস্তে কুশ ধারণপূর্ব্বক তাহার উপরে দক্ষিণহস্ত অধোমুখ ভাবে স্থাপন করিয়া প্রথমে গায়ত্রী পাঠ করিবেন। যথা—

"ওঁ ভূর্ভুবঃ স্বঃ, তৎসুর্ব্বরেণ্যং। ভর্গোদেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।"

এইরূপে গায়ত্রী পাঠ করত ঋষ্যাদি সহ ব্রহ্মযজ্ঞের ৪টি মন্ত্র[২] পাঠ করিবেন।

---

১ শূদ্রেরও পঞ্চযজ্ঞানুষ্ঠান একান্ত কর্ত্তব্য। কিন্তু পঞ্চযজ্ঞানুষ্ঠান মন্ত্র পাঠ করা নিষিদ্ধ। মন্ত্রগুলি ব্রাহ্মণদ্বারা পাঠ করাইয়া নিজে "নমোনমঃ" বলিয়া কার্য্যগুলি করিবে। ব্রাহ্মণের অভাব হইলে স্বয়ং কেবল 'নমঃ নমঃ,' বলিয়া পঞ্চযজ্ঞীয় ক্রিয়াগুলি অনুষ্ঠান করিবে।

২ যথাশক্তি চতুর্ব্বেদ, ধর্ম্মশাস্ত্রে এবং ইতিহাসাদি পাঠের নাম ব্রহ্মযজ্ঞ, তাহা সম্ভব হইয়া উঠে না বলিয়া চারিবেদের চারিটী মন্ত্র পঠিত হইয়া থাকে, ইহাও শাস্ত্রানুমোদিত। অশক্তব্যক্তির পক্ষে চতুর্ব্বেদাদি-মন্ত্রচতুষ্টয়-পাঠ বিহিত আছে।

১ম মন্ত্রের ঋষ্যাদি যথা—"মধুচ্ছন্দাঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ॥"

১ম মন্ত্র যথা—"ওঁ অগ্নিমীলে (অগ্নিমীড়ে) পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্নধাতমম্॥" ১॥

২য় মন্ত্রের ঋষ্যাদি যথা—"যাজ্ঞবল্ক্য ঋষিরুষ্ণিক্ ছন্দো বায়ুর্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।"

২য় মন্ত্র যথা—"ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥" ২॥

৩য় মন্ত্রের ঋষ্যাদি যথা—গৌতম ঋষির্গায়ত্রীচ্ছন্দো ঽগ্নির্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।"

৩য় মন্ত্র যথা,—"ওঁ অগ্ন আয়াহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি॥ ৩॥"

৪র্থ মন্ত্রের ঋষ্যাদি যথা—"পিপ্পলাদ ঋষির্গায়ত্রীচ্ছন্দোবরুণোদেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।"

৪র্থ মন্ত্র যথা,—"ওঁ শন্নোদেবীরভিষ্টয়' আপোভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ।" ৪॥

এই প্রকারে সামবেদীয় ও ঋগ্বেদীয়গণ ব্রহ্মযজ্ঞ করিবেন, কিন্তু যজুর্ব্বেদীয়গণ উপরোক্ত ঋষ্যাদি পাঠ করিবেন না। তাঁহারা নিম্নলিখিত ঋষ্যাদি স্মরণ করিয়া উপরোক্ত মন্ত্র পাঠ করিবেন।

১ম মন্ত্রের ঋষ্যাদি যথা—"ঋগ্বেদাদিমন্ত্রস্য মধুচ্ছন্দা ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীস্বাধ্যায়ে বিনিয়োগঃ।"

২য় মন্ত্রের ঋষ্যাদি—"যজুর্ব্বেদাদিমন্ত্রস্য পরমেষ্ঠী ঋষিঃ শাখাবৎসগাবোদেবতা শাখাচ্ছেদনসন্নয়বৎস্পর্শনে বিনিয়োগঃ।"

৩য় মন্ত্রের ঋষ্যাদি যথা—"সামবেদাদিমন্ত্রস্য গৌতমঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।"

৪র্থ মন্ত্রের ঋষ্যাদি যথা,"অথর্ব্ববেদাদিমন্ত্রস্য দধ্যঙ্ভার্ব্বণঋষিরাপো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শান্তিকরণে বিনিয়োগঃ।"

এই প্রকারে ব্রহ্মযজ্ঞ সমাপন করিয়া তর্পণাধিকারী ব্যক্তি তর্পণ করিয়া পরে তান্ত্রিক সন্ধ্যা করিবেন। শূদ্র তান্ত্রিক সন্ধ্যা করিয়া পরে তর্পণ করিবেন।

তর্পণ-পদ্ধতি

নাস্তিক্যভাবাৎ যশ্চাপি ন তর্পয়তি বৈ সুতঃ।
পিবন্তি দেহরুধিরং পিতরো বৈ জলার্থিনঃ ॥
(মনু, শাতাতপ, যাজ্ঞবল্ক্য।)

যে পুত্র নাস্তিক্যবশতঃ প্রতিদিন পিতৃগণের তর্পণ করে না, পিতৃগণ জলার্থী হইয়া তাহার শোণিত পান করেন। সুতরাং তর্পণাধিকারী ব্যক্তির প্রত্যহ যত্নপূর্ব্বক তর্পণ করা অবশ্য কর্ত্তব্য।

যে জলাশয়ের জল সমস্ত জীবের উদ্দেশ্যে উৎসর্গ করা হয় নাই এবং যে জল অপেয় ও নিপানজ (কূপ সমীপে গবাদির পানার্থ রচিত কৃত্রিম জলাশয়ের নাম নিপান), এইরূপ জলদ্বারা তর্পণ করা নিষিদ্ধ। বৃষ্টি-জলমিশ্রিত ও অন্ত্যজ-জাতির জলাশয়ের জলে তর্পণ করিতে নাই। শূদ্রাদির আনীত জলে তর্পণ করা নিষিদ্ধ; কিন্তু গঙ্গাজল শূদ্রাদিকর্ত্তৃক আনীত হইলেও তদ্দ্বারা তর্পণ করা যাইতে পারে।

আর্দ্র-বস্ত্রে থাকিয়া তর্পণ করিলে জল থাকিয়াই করিতে হইবে। আর আর্দ্র-বস্ত্র পরিত্যাগ করিয়া তর্পণ করিলে তীরে বসিয়া করিতে হইবে। তীর্থে আর্দ্র-বস্ত্র পরিত্যাগ করিয়া তর্পণ করিলে এক চরণ জলে রাখিয়া করিবেন। এক হস্তে তর্পণ করা নিষিদ্ধ। যব ও ত্রিপত্র-দ্বারা দেব-তর্পণ, তিল ও মোটক দ্বারা পিতৃ-তর্পণ করিবেন। তিল-যবাদির অভাবে জলে স্বর্ণ, রৌপ্য বা কুশ স্পর্শ করাইয়া তর্পণ করিতে হয়। তর্পণ জল জলাশয়েই ফেলিবেন; কিন্তু উদ্ধৃত-জলে তর্পণ করিলে, তর্পণের জল স্বর্ণ, রৌপ্য তাম্র পাত্র কিংবা কুশ বা জলপূর্ণ গর্ত্তে ফেলিবেন। কোন অশুদ্ধ স্থানে ফেলিবেন না। তর্পণজল জল হইতে এক বিঘৎ উঁচু করিয়া ফেলিবেন।

বাম বাহুর রোম-হীন স্থানে তিল রাখিয়া, দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলিকা দ্বারা ঐ তিল গ্রহণ করিবেন। রবিবার, শুক্রবার, অমাবস্যানিমিত্তক-শ্রাদ্ধ ভিন্ন শ্রাদ্ধ দিন, দ্বাদশী ও সপ্তমী তিথি, সংক্রান্তি জন্মতিথি ও রাত্রিতে, তিল দ্বারা তর্পণ করিবেন না। কিন্তু অয়ন ও বিষুবসংক্রান্তি, গ্রহণকাল, যুগাদি, প্রেতপক্ষ (অর্থাৎ মহালয়া অমাবস্যার পূর্ব্ব প্রতিপদ হইতে মহালয়া অমাবস্যা পর্য্যন্ত) এবং গঙ্গাতীর্থে সর্ব্বদাই তিল-দ্বারা তর্পণ করিবেন। এই সকল স্থলে তিল-তর্পণে কোন বার বা তিথিই নিষিদ্ধ নহে। পুত্র পৌত্রাদি না থাকিলে বিধবা স্ত্রী তিল ও কুশের দ্বারা স্বামী, শ্বশুর ও আর্য্যশ্বশুরের (শ্বশুরের পিতার) তর্পণ করিতে পারেন। স্ত্রী ও শূদ্র তর্পণ-মন্ত্র ব্রাহ্মণদ্বারা পাঠ করাইয়া নিজে "নমঃ নমঃ" বলিয়া জল দিবে; কিন্তু পিত্রাদির নাম উল্লেখ করত যে বাক্য করিতে হয়, তাহা স্ত্রী ও শূদ্র করিবে; তাহাতে কোন নিষেধ নাই। অনুপনীত ও জীবৎপিতৃক ব্যক্তি প্রেততর্পণ ব্যতীত অন্য তর্পণ করিতে পারিবে না।

সামবেদীয়-তর্পণ-পদ্ধতি

তর্পণাধিকারী ব্যক্তি প্রথমতঃ দুইবার আচমন করিয়া প্রাচীনাবীতী (যে ভাবে যজ্ঞোপবীত ধারণ করা হয়, তাহার বিপরীত ভাবে ধারণ করাকে প্রাচীনাবীতী কহে) ও দক্ষিণাস্য হইয়া কৃতাঞ্জলিপূর্ব্বক—

"ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা-প্রভাস-পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্তিহ ॥"

এই বলিয়া তীর্থ আবাহন করত পূর্ব্বমুখে উপবীতী (যে ভাবে যজ্ঞোপবীত ধারণ করা হয়, সেইভাবে বামস্কন্ধে যজ্ঞোপবীত রাখিয়া) হইয়া দেবতর্পণ করিবেন।

দেবতর্পণ যথা—"ওঁ ব্রহ্মা তৃপ্যতাম্" "ওঁ বিষ্ণুস্তৃপ্যতাম্" "ওঁ প্রজাপতিস্তৃপ্যতাম্" এইরূপ প্রত্যেকবার বলিয়া দেবতীর্থ (অঙ্গুলীর অগ্রভাগের নাম—দেবতীর্থ) দ্বারা এক এক অঞ্জলি জল দিবেন। এইরূপে দেবতর্পণ করিয়া পরে—

"ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ ॥
বিদ্যাধরা [১] জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া ॥"

এই মন্ত্র পাঠ করিয়া দেবতীর্থদ্বারা এক অঞ্জলি জল দিবেন। তৎপরে পশ্চিমমুখে নিবীতী (মালার ন্যায় যজ্ঞোপবীত ধারণ করাকে নিবীতী কহে) হইয়া—

"ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা ॥"

এই মন্ত্র দুইবার পাঠ করিয়া কায়তীর্থ (কনিষ্ঠা অঙ্গুলীর মূলদেশকে কায়তীর্থ কহে) দ্বারা ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবেন।

অনন্তর পূর্ব্বমুখে উপবীতী হইয়া—

"ওঁ মরিচিস্তৃপ্যতাম্, ওঁ অত্রিস্তৃপ্যতাম্, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাম্, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাম্, ওঁ পুলহস্তৃপ্যতাম্, ওঁ ক্রতুস্তৃপ্যতাম্, প্রচেতাস্তৃপ্যতাম্, ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাম্, ওঁ ভৃগুস্তৃপ্যতাম্, ওঁ নারদস্তৃপ্যতাম্, ওঁ দেবাস্তৃপ্যন্তাম্, ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তাম্ ॥"

ইহা বলিয়া মরিচি হইতে ব্রহ্মর্ষি পর্য্যন্ত যথাক্রমে প্রত্যেককে দেবতীর্থদ্বারা এক এক অঞ্জলি জল দিবেন। অনন্তর দক্ষিণমুখে প্রাচীনাবীতী হইয়া "ওঁ অগ্নিদাত্তাঃ **পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং** (তিলতর্পণের নিষিদ্ধদিনে "এতদুদকং" বলিবেন)

---

১ "বায়ুধারা" এইরূপ পাঠও আছে।

তেভ্যঃ স্বধা,[১] ওঁ সৌম্যাঃ, ওঁ হবিষ্মন্তঃ, উষ্মপাঃ, ওঁ সুকালিনঃ, ওঁ বর্হিষদঃ, ওঁ আজ্যপাঃ" এই বলিয়া প্রত্যেককে পিতৃতীর্থ (দক্ষিণহস্তের তর্জ্জনীর ও অঙ্গুষ্ঠের মধ্যভাগের নাম—পিতৃতীর্থ;) দ্বারা এক এক অঞ্জলি সতিল জল দিবেন॥ পরে যম-তর্পণ করিবেন। যথা—

[২] "ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ॥
ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥"

এই মন্ত্রটী তিনবার পাঠ করিয়া পিতৃতীর্থদ্বারা তিন অঞ্জলি জল দিবেন। অথবা প্রত্যেক নামে তিন অঞ্জলি জল দিবেন যথা—"এতৎ সতিলোদকং ওঁ যমায় নমঃ" ইত্যাদি।

পিতৃ-তর্পণ

অতঃপর তর্পণসমাপ্তি-পর্য্যন্ত দক্ষিণাস্য ও প্রাচীনাবীতী হইয়া পিতৃতীর্থ দ্বারা পিতৃ-তর্পণ করিবেন।

কৃতাঞ্জলিপূর্ব্বক বক্ষ্যমাণমন্ত্র পড়িয়া পিতৃগণের আবাহন করিবেন। যথা—"ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্ণন্ত্বপোঽঞ্জলিম্," এই বলিয়া পিতৃগণের আবাহন করত "বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা।" এই বাক্যটি তিনবার পাঠ করিয়া পিতৃ-উদ্দেশে তিন অঞ্জলি সতিল-জল দিবেন। এইরূপে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ এবং বৃদ্ধ-প্রমাতামহকে তাঁহাদের নাম উল্লেখ করত বাক্য করিয়া তিন তিন অঞ্জলি সতিল জল দিবেন। পরে "বিষ্ণুরোম্ অমুকগোত্রা মাতা অমুকী দেবী তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা" এই বলিয়া মাতাকে এবং এইরূপে পিতামহী, প্রপিতামহীকে, তিন তিন অঞ্জলি সতিল জল দিবেন, পরে ঐরূপ বাক্য বলিয়া মাতামহী, প্রমাতামহী বৃদ্ধপ্রমাতামহী, বিমাতা, পিতৃব্য, মাতুল এবং ভ্রাতা প্রভৃতি সকলকেই এক এক অঞ্জলি সতিল জল দিবেন।[৩]

পিতৃ-তর্পণ সমাপ্ত করিয়া ভীষ্মাষ্টমীতে[৪] ভীষ্মের তর্পণ করিবেন॥ অন্য দিন ভীষ্মতর্পণ ত্যাগ করিয়া তর্পণের অবশিষ্ট টুকু করিবেন।

---

১. রেখাঙ্কিত অংশ প্রত্যেক নামের পরে বসিবে। যথা,—ওঁ সৌম্যাঃ পিতৃরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা ইত্যাদি। গঙ্গাজল হইলে 'সতিলগঙ্গোদকং' বলিবে।

২। কেহ কেহ বলেন, কেবল ভূতচতুর্দ্দশী ও রটন্তীচতুর্দশীতেই যমতর্পণ কর্ত্তব্য প্রতিদিন নহে।

৩। পিত্রাদি তিন, মাতামহাদি তিন; মাতা পিতামহী ও প্রপিতামহী তিন এবং মাতামহী, প্রমাতামহী ও বৃদ্ধপ্রমাতামহী তিন, এই দ্বাদশ পুরুষের মধ্যে কেহ জীবিত থাকিলে তাঁহাকে পরিত্যাগ করিয়া উর্দ্ধ এক পুরুষ ধরিয়া দ্বাদশ-সংখ্যা পূরণ করিয়া লইবেন।

৪। মাসে মাসে শুক্ল পক্ষের অষ্টমীর নাম ভীষ্মাষ্টমী, ঐ তিথিতে সকলকেই ভীষ্মতর্পণ করিতে হয়, শূদ্র-ব্যক্তি পিতৃতর্পণের পূর্ব্বে ও যমতর্পণের পরে ভীষ্মতর্পণ করিবে।

ভীষ্ম-তর্পণ

"বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥"

এই মন্ত্র পাঠ করত ভীষ্ম-উদ্দেশ্যে এক অঞ্জলি সতিল জল দিয়া তাঁহাকে নমস্কার করিবেন যথা—

"ওঁ ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াং॥"

অনন্তর "ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধা কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিং॥" এই মন্ত্রটি পড়িয়া এক অঞ্জলি সতিল জল দিবেন। পরে—"ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়-কাঙ্ক্ষিণঃ।" এই মন্ত্র পাঠ করিয়া এক অঞ্জলি সতিল জল দিবেন। তৎপর "ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ। অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাং। ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং॥" এই মন্ত্র পড়িয়া তিন অঞ্জলি সতিল জল দিয়া "ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু" এই মন্ত্রে তিন অঞ্জলি সতিল জল দিবেন॥ ১ তৎপর "ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ। তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকং॥" এইমন্ত্রে স্থলে উঠিয়া স্নানবস্ত্র নিষ্পীড়িত করিয়া ভূমিতে একবার জল দিবেন ২। অনন্তর পিতৃগণকে প্রণাম করিবেন।

পিতৃ-নমস্কার

"ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ"
পিতৄন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ, স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং, বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু।
(পিতৃচরণেভ্যো নমঃ)

সামবেদীয় তর্পণ-বিধি সমাপ্ত।

যজুর্ব্বেদীয় ও শূদ্রের তর্পণ পদ্ধতি৩

প্রথমে দক্ষিণাস্য হইয়া আচমন করত প্রাচীনাবীতী হইয়া কৃতাঞ্জলিপূর্ব্বক "ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গাপ্রভাসপুষ্করাণি চ। তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্ত্বিহ॥" বলিয়া তীর্থ আবাহন করত "ওঁ দেবা আগচ্ছন্তু" এই বলিয়া দেবগণের আবাহন করত

১। নিতান্ত অশক্ত হইয়া যদি সমস্ত তর্পণ করিতে না পারেন তবে, আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু' বলিয়া তিন অঞ্জলি জল দিবেন।

২। সংক্রান্তি, অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী ও শ্রাদ্ধদিনে বস্ত্র-নিষ্পীড়িত-জলে তর্পণ করা নিষিদ্ধ।

৩। শূদ্র সর্ব্বত্র 'ওঁ' ও 'স্বধা' স্থানে 'নমঃ' বলিবে।

পূর্ব্বমুখে উপবীতী হইয়া "ওঁ ব্রহ্মা তৃপ্যতু, ওঁ বিষ্ণুস্তৃপ্যতু, ওঁ রুদ্রস্তৃপ্যতু, ওঁ প্রজাপাতিস্তৃপ্যতু" বলিয়া প্রত্যেককে দেবতীর্থদ্বারা এক এক অঞ্জলি জল দিয়া তর্পণ করিবেন। তৎপরে "ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ। ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ। বিদ্যাধরা (বায়ুধারা) জলাধারাস্তথৈবাকাশগামিনঃ। নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া ॥" এই বলিয়া দেবতীর্থ ধারা এক অঞ্জলি জল দিবেন।

তৎপরে উত্তরমুখে নিবীতী হইয়া "ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা। সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা।" এই মন্ত্র দুইবার পাঠ করিয়া কায়তীর্থ-দ্বারা দুই অঞ্জলি জল দিবেন, পরে পূর্ব্বাস্য হইয়া উপবেশনপূর্ব্বক উপবীতী হইয়া "ওঁ মরিচিস্তৃপ্যতু ওঁ অত্রিস্তৃপ্যতু, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতু, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতু, ওঁ পুলহস্তৃপ্যতু, ওঁ ক্রতুস্তৃপ্যতু, ওঁ প্রচেতাস্তৃপ্যতু, ওঁ বশিষ্ঠাস্তৃপ্যতু, ওঁ ভৃগুস্তৃপ্যতু, ওঁ নারদস্তৃপ্যতু, ওঁ দেবাস্তৃপ্যন্তু ওঁ ব্রহ্মর্ষয়স্তৃপ্যন্তু" এই বলিয়া দেবতীর্থদ্বারা প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবেন।

তৎপরে তর্প সমাপ্তি-পর্য্যন্ত দক্ষিণমুখে প্রাচীনাবীতী হইয়া "ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তু ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তু, ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তু" এই নামগুলি তিনবার পাঠ করিয়া প্রত্যেককে পিতৃতীর্থদ্বারা তিন তিন অঞ্জলি সতিল জল দিবেন। পরে যমতর্পণ করিবেন।

যম-তর্পণ

"ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ। ঔড়ুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥" এই মন্ত্র পাঠ করত তিন অঞ্জলি জল দিবেন। অথবা প্রত্যেক নামে পৃথক্ পৃথক্ দিবেন। শূদ্র এই সময়ে ভীষ্মতর্পণ করিয়া পরে পিতৃতর্পণ করিবেন॥

পিতৃ-তর্পণ

কৃতাঞ্জলিপূর্ব্বক "ওঁ পিতন্ আবাহয়িষ্যে" এই বলিয়া "ওঁ আবাহর" বলিবেন। তৎপরে[১] "ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি উশন্নুশত আবহ পিতৄন্ হবিষে হত্তবে॥ ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সৌম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তে অবন্ত্বস্মান্॥" এই দুইটী মন্ত্র পাঠ করিবেন। পরে এক অঞ্জলি জল লইয়া—"ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিং।" এই মন্ত্র পড়িয়া একবার জল দিতে হইবে। অনন্তর "ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ

১। শূদ্র "উশন্তস্ত্বা, আয়ান্ত নঃ, উর্জ্জংবহন্তি' ইত্যাদি পাঠ করিবেন না, কেবল "নমোনমঃ" পাঠ করিয়া বাক্য করিবেন।

তর্পয়ত মে পিতৄন্॥ অমুকগোত্রে মাতঃ অমুকীদেবি (শূদ্র "অমুকীদাসি" বলিবে) এতৎ সতিলোদকং[১] তুভ্যং স্বধা" এইরূপ তিনবার বলিয়া মাতৃ-উদ্দেশ্যে তিন অঞ্জলি জল দিয়া সামবেদীয় তর্পণে লিখিত ব্যক্তিদিগকে জল দিয়া তর্পণ করিবেন। অতঃপর ভীষ্মতর্পণ করিবেন। (সামবেদীয় তর্পণ দেখুন)।

পরে—"ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥" এই মন্ত্র পড়িয়া তিন অঞ্জলি জল দিবেন। পরে "ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥" এই মন্ত্র পাঠ করত তিন অঞ্জলি জল দিতে হইবে। তৎপরে "ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষি-পিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ। অতীতকলকোটীনাং সপ্তদ্বীপ-নিবাসিনাং। ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ং॥" এই বলিয়া তিন অঞ্জলি জল দিবেন এবং "আব্রহ্মস্তম্বপর্যন্তং জগৎ তৃপ্যতু" এই বলিয়া তিন অঞ্জলি জল দিয়া, বস্ত্রনিষ্পীড়িত জলদ্বারা তর্পণ করিবেন।

"ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাং॥ তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্র-নিষ্পীড়নোদকং॥" এই বলিয়া স্থলে উঠিয়া স্নানবস্ত্র-নিষ্পীড়িত করিয়া ভূমিতে একবার জল দিবেন। তৎপরে 'পিতা স্বর্গ' ইত্যাদি মন্ত্রে পিতৃ-নমস্কার করিবেন।

যজুর্ব্বেদীয় তর্পণ-সমাপ্ত।

ঋগ্বেদীয়-তর্পণপদ্ধতি

যজুর্ব্বেদীয়-তর্পণপদ্ধতি-অনুসারে প্রথম হইতে ঋষিতর্পণ-সমাপ্তি-পর্য্যন্ত যাবতীয় অনুষ্ঠান নির্ব্বাহ করত প্রাচীনাবীতী ও দক্ষিণাস্য হইয়া পিতৃতীর্থদ্বারা "ওঁ অগ্নিষাত্তাস্তৃপ্যন্তু, ওঁ সৌম্যাস্তৃপান্তু, ওঁ আজ্যস্তৃপ্যন্তু", প্রভৃতি সাতটী নামের প্রত্যেকটী নাম তিনবার বলিয়া তিন তিন অঞ্জলি জল দিবেন। অনন্তর যজুর্ব্বেদীয় পদ্ধতি-ক্রমে যমতর্পণ করিবেন। পরে কৃতাঞ্জলি হইয়া "ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্ণন্ত্বপোঽঞ্জলিং" বলিয়া পিতৃগণের আবাহন ও জলাঞ্জলি গ্রহণের প্রার্থনা করিয়া প্রাচীনাবীতী ও দক্ষিণাস্য হইয়া "অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি এতৎ সতিলোদকং (গঙ্গাজল-হইলে 'সতিলগঙ্গোদকং' তিলতর্পণের নিষিদ্ধদিনে—'এতদুদকং') তস্মৈ স্বধা নমঃ" এইরূপ বাক্য করিয়া পিতৃতীর্থ-দ্বারা পিতৃউদ্দেশ্যে তিন অঞ্জলি সতিল জল দিবেন। পরে "অমুকগোত্রং মাতরং অমুকীদেবীং তর্পয়ামি এতৎ সতিলোদকং তস্যৈ স্বধা নমঃ" বলিয়া মাতৃ উদ্দেশ্যে তিনি অঞ্জলি সতিল জল দিবেন। পরে বাক্য করিয়া পিতামহাদি সকলের তর্পণ করিবেন। পরে সামবেদীয় তর্পণ অনুসারে অবশিষ্ট কর্ম্ম করিবেন।

১। গঙ্গাজল হইলে 'সতিলগঙ্গোদকং বলিবে।

তান্ত্রিক-সন্ধ্যা-পদ্ধতি

সাধক, আচমনের ১ প্রণালী অনুসারে "ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা" বলিয়া বারত্রয় আচমন করত কৃতাঞ্জলিপুরঃসর মস্তকের বামভাগে— "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ" দক্ষিণভাগে—"ওঁ গণেশায় নমঃ"। ললাটে মূলমন্ত্র-উচ্চারণ পূর্ব্বক "শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ" বলিয়া গুর্ব্বাদি নমস্কার করত অঙ্কুশমুদ্রা-যোগে "ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।"—এই মন্ত্র পাঠ করিয়া জলে তীর্থাবাহন করত বীজমন্ত্র উচ্চারণপূর্ব্বক কুশদ্বারা (কুশের অভাবে তত্ত্বমুদ্রায়) তিনিবার জল ভূমিতে নিক্ষেপ করিয়া, মূলমন্ত্রে সাতবার স্বীয়মস্তকে অভিষেক করিবেন। অতঃপর প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করিয়া বামকরতলে কিঞ্চিৎ জল লইয়া দক্ষিণ হস্তদ্বারা সেই জল আচ্ছাদন করত "হং যং বং লং রং" এই মন্ত্রে তিনবার অভিমন্ত্রিত করিয়া, দক্ষিণহস্ত-তত্ত্বমুদ্রাযোগে অঙ্গুলিচ্ছিদ্রগলিত জলবিন্দু-দ্বারা বীজমন্ত্র-উচ্চারণপূর্ব্বক সাতবার স্বীয়মস্তকে অভ্যুক্ষণ করত শেষ জল দক্ষিণহস্তে আনয়নপূর্ব্বক ঐ জলকে তেজোরূপে চিন্তা করিয়া 'বং' এই মন্ত্র-স্মরণপূর্ব্বক বামনাসিকা-দ্বারা আকর্ষণ করিয়া সেই জলদ্বারা "শরীরান্তর্গত পাপসকল প্রক্ষালিত হইয়াছে" এইরূপ ভাবনা করিয়া পূর্ব্বকল্পিত বজ্রশিলাতে "ফট্" এই মন্ত্রে পাপপুরুষরূপ সেই জলকে ক্ষেপণ করিবেন। ইহাকেই অঘমর্ষণ বলে।

অনন্তর হস্তপ্রক্ষালন করিয়া পূর্ব্ববৎ আচমন করিয়া নিম্নলিখিত মন্ত্রে তর্পণ করিবেন। যথা—

২ "ওঁ দেবাংস্তর্পয়ামি নমঃ, ওঁ ঋষীংস্তর্পয়ামি নমঃ, ওঁ পিতৄংস্তর্পয়ামি নমঃ, ওঁ গুরুং তর্পয়ামি নমঃ, ওঁ পরমগুরুং তর্পয়ামি নমঃ, ওঁ পরাপরগুরুং তর্পয়ামি নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুং

১। বৈষ্ণবাচমন।—"ওঁ কেশবায় নমঃ, ওঁ নারায়ণায় নমঃ, ওঁ মাধবায় নমঃ," এই তিন মন্ত্রে তিনবার জল পান করিয়া "ওঁ গোবিন্দায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ," এই দুই মন্ত্রে দুই হস্ত প্রক্ষালন করিবেন। অনন্তর "ওঁ মধুসূদনায় নমঃ, ওঁ ত্রিবিক্রমায় নমঃ," বলিয়া ওষ্ঠাধর মার্জ্জন করিয়া "ওঁ বামনায় নমঃ, ওঁ শ্রীধরায় নমঃ, "বলিয়া মুখমার্জ্জন করিবেন। পরে ওঁ হৃষীকেশায় নমঃ," বলিয়া হস্তদ্বয় প্রক্ষালন করত "ওঁ পদ্মনাভায় নমঃ" বলিয়া পদে এবং "ওঁ দামোদরায় নমঃ," বলিয়া মস্তকে জল প্রোক্ষণ করিবেন। পরে "ওঁ সঙ্কর্ষণায় নমঃ," বলিয়া মুখ, "ওঁ বাসুদেবায় নমঃ" বলিয়া দক্ষিণনাসিকা, "ওঁ প্রদ্যুম্নায় নমঃ" বলিয়া বামনাসিকা, "ওঁ অনিরুদ্ধায় নমঃ," বলিয়া দক্ষিণনেত্র, "ওঁ পুরুষোত্তমায় নমঃ" বলিয়া বামনেত্র, "ওঁ অধোক্ষজায় নমঃ" বলিয়া দক্ষিণকর্ণ, "ওঁ নৃসিংহায় নমঃ" বলিয়া বামকর্ণ, "ওঁ অচ্যুতায় নমঃ," বলিয়া নাভি, "ওঁ জনার্দ্দনায় নমঃ" বলিয়া হৃদয়, ওঁ উপেন্দ্রায় নমঃ" বলিয়া মস্তক, "ওঁ হরয়ে নমঃ" বলিয়া দক্ষিণবাহুমূল, "ওঁ বিষ্ণবে নমঃ" বলিয়া বামবাহুমূল স্পর্শ করিবেন।

২। এস্থলে বৈষ্ণবের পক্ষে—"ওঁ নারদং তর্পয়ামি, পর্ব্বতং তর্পয়ামি, জিষ্ণুং তর্পয়ামি, নিশঠং তর্পয়ামি, উদ্ধবং তর্পয়ামি, দারুকং তর্পয়ামি, বিষ্বক্সেনং তর্পয়ামি, শৈনেয়ং তর্পয়ামি, গুরুং তর্পয়ামি, বীজমন্ত্রান্তে শ্রীঅমুকদেবতাং তর্পয়ামি নমঃ"—বলিয়া প্রত্যেকতঃ তিনবার জল দিতে হয়।

তর্পয়ামি নমঃ” বলিয়া দৈবতীর্থে প্রত্যেককে এক একবার জল প্রদান করত, মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক “শ্রীঅমুকী-দেবীং তর্পয়ামি, স্বাহা” বলিয়া তিনবার ইষ্টদেবতার তর্পণ করিবেন। অতঃপর আবরণ দেবতাগণের প্রত্যেকতঃ এক একবার তর্পণ করিতে হয়।

অতঃপর, দূর্ব্বা, আতপতণ্ডুল ও রক্তপুষ্পাদি-দ্বারা, অথবা কেবল জল দ্বারা সূর্য্যার্ঘ্য দিবেন। যথা—

“হ্রীং হংসঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তিসহিতায় এষোঽর্ঘঃ (সামবেদীয়গণ “ইদমর্ঘ্যং”) শ্রীসূর্য্যায় স্বাহা।”

১ এই মন্ত্রে অর্ঘ প্রদানপূর্ব্বক ইষ্টদেবতার উদ্দেশে অর্ঘ প্রদান করিবেন। যথা—

ইষ্টদেবতার গায়ত্রী উচ্চারণ পূর্ব্বক “ওঁ উদ্যদাদিত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্যচৈতন্যো-দিতায়ৈ শ্রীমদেকজটায়ৈ এষোঽর্ঘঃ (সামবেদীয়গণ—“ইদমর্ঘ্যঃ) শ্রীঅমুকদেবতায়ৈ স্বাহা।” বলিয়া দূর্ব্বা, আতপণ্ডুল, বিল্বপত্র ও জবাপুষ্পাদি-দ্বারা, তদভাবে একমাত্র জল দ্বারা ইষ্টদেবতার উদ্দেশে অর্ঘ্য প্রদান করিবেন। ২

অনন্তর গায়ত্রীধ্যান করিবেন।

প্রাতঃকালীন ধ্যান

“ওঁ উদ্যদাদিত্যসঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েত্তারকিতেঽম্বরে॥”

মধ্যাহ্নকালীন ধ্যান

“ওঁ শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্র-লসৎকরাং।
গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াং॥

সায়ংকালীন ধ্যান

ওঁ সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্ যতিঃ।
শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াং॥
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাং॥
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ॥ ৩

১। স্ত্রী ও শূদ্র—“হ্রাং হ্রীং সঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তিসহিতায় এষোঽর্ঘঃ শ্রীসূর্য্যায় নমঃ” বলিয়া সূর্য্যার্ঘ প্রদান করিবেন।

ত্রিপুরাবিষয়ে—“ওঁ হ্রীং শ্রীং হ্রীং হ্রীং সঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তিসহিতায় গ্রহরাশিনক্ষত্র-তিথিযোগকরণ-পরিবারসহিতায় এষোঽর্ঘঃ শ্রীসূর্য্যায় স্বাহা।” বলিয়া সূর্য্যার্ঘ দিতে হয়।

স্ত্রী ও শূদ্র সর্ব্বত্র “স্বাহা” স্থলে “নমঃ” এবং প্রণব (ওঁ) স্থলে দীর্ঘ প্রণব “ওঁং” বা “হ্রীং” উচ্চারণ করিবেন॥

২। তারাদি নয় মহাবিদ্যা ভিন্ন অন্য দেবতা হইলে ইষ্টদেবতার গায়ত্রী বাসূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুক দেবতায়ৈ নমঃ বলিবেন। কেহ কেহ বলেন ইষ্টদেবতার উদ্দেশ্যে তিন বার জল দিতে হয় অর্ঘ নহে। সূর্য্যার্ঘদানে ‘হ্রীং হংসঃ’ বা ‘ওঁ ঘৃণিঃ সূর্য্য আদিত্য’ এই মূল মন্ত্র বলিবেন।

তৎপরে দশবার গায়ত্রী[১] জপ করিয়া একগণ্ডূষ জল লইয়া—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥ ৪

এই বলিয়া (পুং-দেবতার দক্ষিণ হস্ত এবং স্ত্রী-দেবতার বামহস্ত-উদ্দেশে) ঐ জল গো-যোনি মুদ্রায় ভূমিতে ত্যাগ করিয়া, জপ সমর্পণ করিবেন। পুংদেবতা হইলে 'গোপ্ত্রী' স্থানে 'গোপ্তা', 'দেবি' স্থানে 'দেব' এবং 'মহেশ্বরি' স্থানে 'মহেশ্বর' বলিবেন। শিব ও তৎশক্তি ব্যতীত অন্যত্র 'সুরেশ্বরি' ও 'সুরেশ্বর' বলিতে হয়।

অতঃপর বীজমন্ত্রে প্রাণায়াম ঋষ্যাদিন্যাস এবং করন্যাস ও অঙ্গন্যাস করিয়া গুরু, দেবতা ও মন্ত্র—এই তিনের ঐক্য ভাবিয়া, যথাশক্তি ইষ্টমন্ত্র জপ করিয়া 'গুহ্যাতিগুহ্য' ইত্যাদি মন্ত্রে জপসমর্পণ-পূর্ব্বক পুনর্ব্বার প্রাণায়াম করিয়া, ইষ্টদেবতা ও গুরুকে প্রণাম করিবেন। তার পর পূর্ব্বোক্তরূপেই মধ্যাহ্ন-সন্ধ্যা ও সায়ংকালে সায়ংসন্ধ্যা করিয়া ইষ্ট-মন্ত্র জপ করিবেন।

শিবপূজা-পদ্ধতি

শাক্ত, শৈব, বৈষ্ণব, সৌর, গাণপত্য সকলেরই অগ্রে শিবলিঙ্গ পূজা করিতে হয়। শিবপূজা না করিয়াই অন্য পূজা করা নিষিদ্ধ। যথা লিঙ্গার্চ্চনতন্ত্রে—

"শাক্তো বা বৈষ্ণবো বাপি শৈবো বা পরমেশ্বরি।
আদৌ লিঙ্গং প্রপূজ্যাথ বিল্বপত্রৈর্ব্বরাননে॥
পশ্চাদন্যং মহেশানি শিবং প্রার্থ্য প্রপূজয়েৎ।
অন্যথা মূত্রবৎ সর্ব্বং শিবপূজাং বিনা প্রিয়ে॥"

বাণলিঙ্গ, স্ফটিকলিঙ্গ, পাষাণলিঙ্গ প্রভৃতি যাঁহার যেরূপ শিবলিঙ্গ আছে, তিনি তাহাতেই শিবপূজা করিবেন। পার্থিব শিবলিঙ্গ নির্ম্মাণ করিয়া তাহাতে শিবপূজা করা সকলেরই কর্ত্তব্য।

বাণলিঙ্গ শিব-পূজা করিতে হইলে প্রাণ-প্রতিষ্ঠা, সংস্কার, আবাহন ও অষ্টমূর্ত্তির পূজা করিতে নাই। বিল্বপত্রের উপর বাণলিঙ্গ স্থাপন করা নিষিদ্ধ; কিন্তু পার্থিব লিঙ্গ বিল্বপত্রোপরি স্থাপন করিতে হইবে।

ফলশূন্য বিল্ববৃক্ষের পত্র দ্বারা পূজা করিতে নাই। বিল্বপত্র ধৌত করিবার সময় যাহাতে বৃন্ত (বোঁটা) ধৌত না হয় তাহা করিবেন।

যাঁহারা বিষ্ণুক্রান্তে (বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্ব চট্টগ্রাম পর্য্যন্ত দেশ সমূহে) বাস করিতেছেন, তাঁহারা বিল্বপত্রের বৃন্তচ্ছেদ করিয়া শিবপূজা বা অন্য দেবদেবীর পূজা করিবেন না।

---

১ স্ব স্ব ইষ্টদেবতার গায়ত্রী নিজ নিজ গুরু মুখ হইতে জ্ঞাত হইবেন। দ্বিজাতি গায়ত্রীর আদিতে "ওঁ" স্ত্রী ও শূদ্র "ওঁং" দিয়া জপ করিবেন।

কেহ কেহ শিব পূজায় গর্ভশূন্য দূর্ব্বা প্রদান করিয়া থাকেন ; কিন্তু ইহা সমীচীন নহে। করণ, শাক্তানন্দতরঙ্গিণীতে শিব-বিষয়ে লিখিত আছে—"গৃহিণা সগর্ভৈব দূর্ব্বা দেয়া।" যথা—"অন্তঃশূন্যাং ত্রিপত্রাঞ্চ যো দত্থান্মচ্ছিরোপরি। জন্মন্যত্র দরিদ্রঃ স্যাদন্তে চ নরকং ব্রজেৎ॥"

পার্থিব শিবলিঙ্গনির্ম্মাণ-বিষয়ে ব্রাহ্মণ শুক্লবর্ণ, ক্ষত্রিয় রক্তবর্ণ, বৈশ্য হরিদ্রাবর্ণ এবং শূদ্র কৃষ্ণবর্ণ মৃত্তিকা গ্রহণ করিবেন। একতোলা বা দুইতোলা মৃত্তিকা দ্বারা শিবলিঙ্গ নির্ম্মাণ করিতে হয়। মৃত্তিকা গ্রহণ কালে "ওঁ হরায় নমঃ" বলিবেন এবং "ওঁ মহেশ্বরায় নমঃ" বলিয়া লিঙ্গনির্ম্মাণ করিবেন। মৃত্তিকা তিনভাগ করিয়া উপরের ভাগে লিঙ্গ, মধ্যভাগে গৌরী-পীঠ এবং শেষভাগ দ্বারা বেদী করিবেন। উপরের লম্বমান ভাগ লিঙ্গ, মধ্যভাগ গৌরী-পীঠ এবং অধোভাগের নাম বেদী ; শিবলিঙ্গ অঙ্গুষ্ঠ পরিমাণ অপেক্ষা ক্ষুদ্র এবং বিতস্তি পরিমাণ অপেক্ষা বৃহৎ হইবে না হস্তদ্বয়ের একতর দ্বারা শিবলিঙ্গ নির্ম্মাণ করা বিহিত ; যদি না পারেন তবে উভয় হাত দ্বারাই করিবেন। এইরূপ প্রণালী অনুসারে শিবলিঙ্গ নির্ম্মাণ করিয়া তাহার উপরে একটি বজ্র দিবেন। যদি অন্য ব্যক্তি শিবলিঙ্গ নির্ম্মাণ করেন, তবে পূজক এক সময়েই "ওঁ হরায় নমঃ," ইত্যাদি মন্ত্র পাঠ করিবেন।

লিঙ্গ নির্ম্মাণ করিয়া সাধক উত্তর মুখে উপবেশন পূর্ব্বক পাদপ্রক্ষালন করত কুশাসন, কম্বলাসন অথবা মৃগরোমজ আসনে উত্তরমুখ হইয়া উপবিষ্ট হইবেন। ইচ্ছাপূর্ব্বক যে কোন আসনে বা মৃত্তিকায় বসিয়া পূজা করিতে নাই। আসন দুই হস্তের অধিক লম্বা, দেড় হস্তের অধিক প্রশস্ত এবং তিন অঙ্গুলির অধিক উচ্চ হইবে না। শিবপূজার সময় কণ্ঠে রুদ্রাক্ষমালা ধারণ প্রশস্ত।

স্বর্ণ, রৌপ্য, তাম্র, কাংস্য অথবা প্রস্তর পাত্রে কিম্বা পদ্মপত্রে, পলাশপত্রে অথবা কদলীপত্রে শিবলিঙ্গ স্থাপন করিয়া অর্চ্চনা করিবেন। তৈজসপাত্র বা কাষ্ঠনির্ম্মিত পাত্রে স্থাপন করিয়া অর্চ্চনা করিলে সামান্য ফললাভ হয় ; কিন্তু ইহা ব্যতীত অন্য পাত্রে স্থাপন করিয়া পূজা করিতে নাই।

পার্থিব-শিবলিঙ্গ-পূজা-পদ্ধতি

পূজক শুদ্ধাসনে উত্তরাস্য হইয়া উপবেশন করত তাম্রাদি পাত্রে বিল্বপত্রোপরি শিবলিঙ্গ স্থাপন করিবেন। পরে আচমন করিয়া সূর্য্যার্ঘ প্রদান করিবেন।

যথা—কুশীর অগ্রভাগে সচন্দন পুষ্প, ত্রিপত্রযুক্ত দূর্ব্বা এবং আতপতণ্ডুল রাখিয়া ঐ পাত্র জলপূর্ণ করত উহা দুইহস্ত দ্বারা ধারণ করিয়া—

"ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাগতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে" ॥ এষোঽর্ঘঃ
(সামবেদীয়গণ—"ইদমর্ঘ্যং") শ্রীসূর্য্যায় নমঃ ॥"

এই বলিয়া সূর্য্য-উদ্দেশে অর্ঘ্য প্রদান করত সূর্য্য নমস্কার করিবেন। যথা—

"ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥"

পরে স্বীয় দক্ষিণে আসনের একদিকে একটি ত্রিকোণ-মণ্ডল করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তয়ে কমলাসনায় নমঃ" বলিয়া একটি চন্দনযুক্ত পুষ্প আসনের উপর দিয়া আসন ধরিয়া—"আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধরায় মাং নিত্যং পবিত্রংকুরু চাসনম্॥" এই বলিয়া আসনশুদ্ধি করিয়া গুরুপংক্তি নমস্কার করিবেন যথা—"বামে ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপর-গুরুভ্যো নমঃ। দক্ষিণে ওঁ গণেশায় নমঃ, উর্দ্ধে ওঁ শিবায় নমঃ" পরে সামান্যার্ঘ্য স্থাপন করিবেন। যথা—

নিজের সম্মুখে মৃত্তিকাতে একটু জলের ছিটা দিয়া তদুপরি একটী চতুষ্কোণ তন্মধ্যে বর্ত্তুলাকার এবং তন্মধ্যে ত্রিকোণ মণ্ডল করিয়া "এতে গন্ধেপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ" এই মন্ত্রে গন্ধপুষ্প বা গন্ধাক্ষত দিবেন। অনন্তর "অস্ত্রায় ফট্" বলিয়া কোশা ধৌত করত পূর্ব্বোক্ত মণ্ডলোপরি একটী পাত্র রাখিয়া তদুপরি ঐ কোশা স্থাপন করিবেন। পদে "নমঃ" বলিয়া ঐ কোশা বিশুদ্ধ জলদ্বারা পূর্ণ করিবেন। অতঃপর কোশার অগ্রভাগে ত্রিপত্র-বিল্বপত্র, তদুপরি ত্রিপত্র-দূর্ব্বা, গন্ধ, পুষ্প এবং আতপতণ্ডুল রাখিয়া অঙ্কুশমুদ্রা-যোগে তর্জ্জনী অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা ঐ জল আলোড়নপূর্ব্বক "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্র পাঠ করত তীর্থাবাহন করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ জলায় নমঃ" বলিয়া কোশার জলে গন্ধপুষ্প দিবেন এবং সেই জলের উপর ধেনুমুদ্রা প্রদর্শন করাইয়া জলের উপর "ওঁ" (স্ত্রী ও শূদ্র—"নমঃ) এই মন্ত্র দশবার কিংবা আটবার জপ করিয়া, সেই জলে কিঞ্চিৎ লইয়া স্বীয় দেহ ও পূজার সমস্ত দ্রব্য অভ্যুক্ষণ করিবেন। অতঃপর বিঘ্নাপসারণ করিবেন। যথা—

"ওঁ নমঃ শিবায়" বলিয়া উর্দ্ধে দৃষ্টি নিক্ষেপ করত স্বর্গস্থ "অস্ত্রায় ফট্" এই মন্ত্র পড়িয়া দক্ষিণ হস্ত দ্বারা দক্ষিণাবর্ত্তে মস্তকের চতুর্দ্দিক্ স্থিত আকাশে জলাভ্যুক্ষণ করিয়া আকাশস্থ এবং বামপদের গুল্ফ (গোড়ালী) দ্বারা বামদিকে ভূমিতে বারত্রয় আঘাত করত ভূমিস্থ সমস্ত বিঘ্ন নিবারণ হইয়াছে, এই প্রকার মনে করিয়া "ফট্" এই মন্ত্র সাতবার জপ করত নারাচমুদ্রাযোগে তণ্ডুল গ্রহণ করিয়া—

"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ!
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥"

বলিয়া ঐ তণ্ডুল মৃত্তিকাতে নিক্ষেপ করিবেন এবং গৃহমধ্যে যে বিঘ্ন আছে তাহা

নিঃশেষে বিদূরিত হইল এইরূপ চিন্তা করিবেন। চন্দনযুক্ত পুষ্প লইয়া "ঐং রং অস্ত্রায় ফট" বলিয়া দুই হস্ত দ্বারা সেই পুষ্পটী ঘর্ষণ করত বামদিকে নিক্ষেপ করিবেন। অনন্তর ঊর্দ্ধে উপরি উপরি তিনটী করতালি দিয়া দক্ষিণাবর্ত্তে পূর্ব্বাদি দিক্ ক্রমে তুড়ি দিয়া দশদিক্ বন্ধন করিবেন। পরে সমর্থ হইলে ভূতশুদ্ধি করিয়া মাতৃকান্যাসাদি করিবেন (ভূতশুদ্ধি ও মাতৃকান্যাসাদি শক্তিপূজায় দ্রষ্টব্য)। অতঃপর গণেশাদি পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ," "এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ" ঐরূপ "সূর্য্যাদিনবগ্রহেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্ পালেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবতাভ্যো নমঃ" বলিয়া গন্ধ পুষ্প দিবেন।

অতঃপর শিবের মূলমন্ত্র অথবা "ওঁ" স্ত্রী ও শূদ্র "ঔং" দ্বারা প্রাণায়াম করিবেন। পরে ঋষ্যাদিন্যাস করিবেন। যথা—

"ওঁ নমঃ শিবায়ে" ত্যস্য মন্ত্রস্য বামদেব ঋষিঃ পঙ্‌ক্তিচ্ছন্দঃ ঈশানো দেবতা চতুর্ব্বর্গ-সিদ্ধয়ে বিনিয়োগঃ" শিরসি—বামদেবঋষয়ে নমঃ ; মুখে—পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ ; হৃদি—ঈশানায় দেবতায়ৈ নমঃ। অনন্তর মুর্ত্তিন্যাস করিবেন।

মূর্ত্তিন্যাস যথা ;—অঙ্গুষ্ঠযোগে তর্জ্জনীদ্বয়ে—"নং তৎপুরুষায় নমঃ।" অঙ্গুষ্ঠ যোগে মধ্যমাদ্বয়ে—"মঃ অঘোরায় নমঃ"। অঙ্গুষ্ঠযোগে কনিষ্ঠাদ্বয়ে—"শিং সদ্যোজাতায় নমঃ।" অঙ্গুষ্ঠযোগে অনামিকাদ্বয়ে—"বাং বামদেবায় নমঃ।" তর্জ্জনীযোগে অঙ্গুষ্ঠদ্বয়ে—"য়ং ঈশানায় নমঃ।" অতঃপর অঙ্গন্যাস ও করন্যাস করিবেন। যথা—"ওঁ হৃদয়ায় নমঃ ; নং শিরসে স্বাহা ; মঃ শিখায়ৈ বষট্ ; শিং কবচায় হুং ; ব্যং নেত্র ত্রয়ায় বৌষট্ ; য়ং করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।" এইরূপে অঙ্গন্যাস করিয়া করন্যাস করিবেন।

"ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ; নং তর্জ্জনীভ্যাং স্বাহা ; মঃ মধ্যমাভ্যাং বষট্ ; শিং অনামিকা-ভ্যাং হুং ; বাং কনিষ্ঠাভ্যাং বৌষট্ ; য়ং করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া করন্যাস করত ব্যাপক ন্যাস করিবেন। যথা—

"ওঁ নমোঽস্তু স্থাণুভূতায় জ্যোতির্লিঙ্গাত্মনে নমঃ।
চতুর্ম্মূর্ত্তিবপুশ্ছায়া ভাসিতাঙ্গায়া শম্ভবে॥"

এই মন্ত্র পাঠ করিতে করিতে মস্তক হইতে পাদ পর্য্যন্ত ও পাদ হইতে মস্তক পর্য্যন্ত সাতবার, পাঁচবার বা তিনবার হস্তদ্বারা মার্জ্জন করিবেন।

অনন্তর "ওঁ হরায় নমঃ" বলিয়া শিবের মস্তকে কিঞ্চিৎ জল দিয়া "ওঁ মহেশ্বরায় নমঃ" বলিয়া শিবলিঙ্গ মার্জ্জন করিবেন। অনন্তর প্রাণপ্রতিষ্ঠা করিবেন যথা—

লেলিহামুদ্রায় দূর্ব্বা, তণ্ডুল অথবা পুষ্প দ্বারা শিবলিঙ্গ ধারণপূর্ব্বক "ওঁ শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব" বলিলেন। পরে আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শনপূর্ব্বক আবাহন করিবেন। মন্ত্র যথা—"ওঁ পিনাকধৃক্ ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ, ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।"

অতঃপর "ইদং স্নানীয়জলং ওঁ পশুপতয়ে নমঃ" বলিয়া শিবলিঙ্গকে স্নান করাইয়া বস্ত্র নামাইয়া পীঠের উপরি রাখিবেন, পরে দশোপচারে পূজা করিবেন। যথা—

ধ্যান

অতঃপর কূর্ম্মমুদ্রায় সচন্দন পুষ্প লইয়া দেবতার ধ্যান করিবেন।

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং, রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নং। পদ্মাসীনং সমন্তাৎ স্তুত-মমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং, বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং ॥ ১ ॥

মহেশ্বরকে সর্ব্বদা এইরূপ ধ্যান করিবেন—ইঁহার বর্ণ রজতগিরির ন্যায় শুভ্র, সুন্দর চন্দ্রখণ্ড ইঁহার শিরোভূষণ; রত্নময় বেশে ইঁহার দেহ উজ্জ্বল; বাম হস্তদ্বয়ে পরশু ও মৃগমুদ্রা (অঙ্গুষ্ঠ, মধ্যমা ও অনামিকা সংযুক্ত করিয়া তর্জ্জনী ও কনিষ্ঠাকে উচ্চ করিয়া রাখার নাম মৃগমুদ্রা) এবং দক্ষিণ হস্তদ্বয়ে বর ও অভয়মুদ্রা, ইনি প্রসন্নমূর্ত্তি ও পদ্মাসনে উপবিষ্ট; ইঁহার চতুর্দ্দিকে দেবগণ স্তব করিতেছেন; ইঁহার পরিধানে ব্যাঘ্রচর্ম্ম; ইনি জগতের আদি ও জগতের কারণ, সকল-ভয়হারী এবং পঞ্চবদন ও ত্রিনয়ন ॥ ১ ॥

এই ধ্যান করিয়া, হস্তস্থিত ঐ পুষ্প নিজ মস্তকে রাখিয়া, বক্ষঃস্থলে উত্তান (চিৎ) ভাবে বামহস্তের উপর দক্ষিণহস্ত স্থাপন করত ধ্যানানুরূপ শিবমূর্ত্তি চিন্তা করিয়া যথাশক্তি মানসপূজা করিবেন।*

অনন্তর পুনর্ব্বার পূর্ব্ববৎ অঙ্গন্যাস ও করন্যাস করিয়া পুনর্ব্বার কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান পাঠ করিয়া, "হৃদয়স্থ দেবতা পুষ্পমধ্যে আবির্ভূত হইয়া মৃন্ময়লিঙ্গে অবস্থিত হইলেন"—এইরূপ চিন্তা করিয়া শিবের মস্তকে ঐ পুষ্প দিবেন।

কুশীতে করিয়া জল লইয়া এতৎ পাদ্যং "ওঁ নমঃ শিবায় নমঃ" (স্ত্রী ও শূদ্রের পক্ষে— "এতৎ পাদ্যং নমঃ শিবায় নমঃ" এইরূপ সর্ব্বত্র) বলিয়া শিবলিঙ্গের মস্তকে দিবেন। এইক্রমে—"এষোঽর্ঘঃ" (সামবেদীয় পক্ষে—ইদমর্ঘ্যং) "ইদমাচমনীয়ং" "ইদং স্নানীয়ং", "এষ গন্ধ", "এতৎ পুষ্প", "এতৎ সচন্দন বিল্বপত্রং", "এষ ধূপঃ", "এষ দীপঃ", "এতৎ সোপকরণ-নৈবেদ্যং", "ইদং পানার্থজলং", "ইদং পুনরাচমনীয়জলং", "ইদং তাম্বূলং" বলিয়া পাদ্যপ্রদানের ন্যায় অর্ঘ্যাদি-দ্রব্য প্রদান করিবেন।

অনন্তর "এতে গন্ধপুষ্পে ওঁ গৌর্য্যৈ নমঃ" বলিয়া গৌরী পীঠে পূজা করিয়া পুষ্প (পুষ্পাভাবে অক্ষত বা জল দ্বারা) বেদীতে অষ্টমূর্ত্তির পূজা করিবেন।

অষ্টমূর্ত্তি-পূজা

"এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ (পূর্ব্বদিকে), ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ (ঈশানকোণে), ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ (উত্তরে), (সমস্ত্র জলনিঃসরণ-স্থান লঙ্ঘন না করিয়া) ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ (বায়ুকোণে), ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ

* মানসপূজার প্রণালী বাণলিঙ্গ পূজায় দ্রষ্টব্য।

(পশ্চিমে), ওঁ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ (নৈঋতে), ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ (দক্ষিণে), ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ (অগ্নিকোণে)", বলিয়া পূজা করিবেন।

তৎপরে মূলমন্ত্র (অর্থাৎ দ্বিজাতিদিগের পক্ষে—"ওঁ নমঃ শিবায়"; এবং স্ত্রী ও শূদ্র পক্ষে "নমঃ শিবায়") ১০৮ বার জপ করিয়া—

"ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব, ত্বৎপ্রসাদান্মহেশ্বর ॥"

এই মন্ত্রে কোশাস্থিত সামান্যার্ঘ্য বা জলগণ্ডূষ গো-যোনি মুদ্রায় শিবের অধঃস্থিত দক্ষিণহস্তের উদ্দেশে অর্পণ করিয়া জপ সম্পূর্ণ করিবেন। পরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা "বম্ বম্" শব্দে দক্ষিণ গালে বাদ্য করিবেন, (সমর্থ হইলে এই সময় স্তবাদি পাঠ করিবেন)। পরে প্রদক্ষিণ করিয়া প্রণাম করিবেন। প্রণাম-মন্ত্র।—

"ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর ॥"

পরে "ওঁ মহাদেব ক্ষমস্ব" বলিয়া সংহার মুদ্রায় বিসর্জ্জন করত ঈশানকোণে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করিয়া, "ওঁ চণ্ডেশ্বরায় ভৈরবায় নমঃ" বলিয়া তদুপরি কিছু নির্ম্মাল্য দিয়া অর্চ্চনা করিবেন।

বাণলিঙ্গ-শিব-পূজাপদ্ধতি

পূজক শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া আচমনাদি করত নিম্নলিখিত মন্ত্রে বাণলিঙ্গকে স্নান করাইবেন মন্ত্র যথা—

"ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং।
উর্ব্বারুকমিব বন্ধনান্ মৃত্যোর্ম্মুক্ষীয় মামৃতাৎ ॥"

অনন্তর কূর্ম্মমুদ্রাযোগে সচন্দনপুষ্প লইয়া, বাণলিঙ্গের ধ্যান করিবেন। যথা—
ঐঁ প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভম্ ॥ কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমম্ ॥
শৃঙ্গারদিরসোল্লাসং ভাবয়েৎ পরমেশ্বরম্।

এইরূপ ধ্যান করিয়া হস্তস্থিত পুষ্প নিজ মস্তকে দিয়া স্বীয় ইষ্টদেবতা হইতে অভিন্ন শিবশক্তি যুগলমূর্ত্তি ভাবনা করিয়া (উভয় হস্তে কনিষ্ঠাযোগে) "লং পৃথ্ব্যাত্মকং গন্ধং সমর্পয়ামি নমঃ" ইত্যাদি ক্রমে মানসপূজা করিবেন ॥ অথবা মনে মনে গন্ধপুষ্পাদি উপচার দ্বারা অর্চ্চনা করিবেন।

অতঃপর পুনর্ব্বার পূর্ব্ববৎ কূর্ম্মমুদ্রাযোগে সচন্দন পুষ্প লইয়া প্রাগুক্ত ধ্যান পাঠ করত, মনে মনে কুলকুণ্ডলিনীকে সহস্রারে লইয়া যাইয়া সেই স্থান তেজোময় চিন্তা করত, সেই তেজঃ হইতে শিব-শক্তি-রূপ মূর্ত্তি কল্পনা করিয়া বামনাসিকা নিঃসৃত নিঃশ্বাস দ্বারা সেই কল্পিত-মূর্ত্তি কূর্ম্মমুদ্রাস্থিত পুষ্পে সংস্থাপনপূর্ব্বক সেই পুষ্প বাণলিঙ্গের মস্তকে প্রদান করত, "এতৎ পাদ্যং ঐঁ বাণেশ্বরশিবায় নমঃ" এই ক্রমে পাদ্য, অর্ঘ্য, আচমনীয়,

স্নানীয়, গন্ধ, পুষ্প, বিল্বপত্র, ধূপ, দীপ, নৈবেদ্য, পানার্থোদক, পুনরাচমনীয় ও তাম্বূল প্রদান করিবেন। সকল উপাচার দ্রব্যই বাণলিঙ্গের মস্তকে প্রদান করিতে হয়।

অনন্তর "ঐঁ" বীজ দ্বারা প্রণায়াম করিয়া স্বীয় ইষ্টদেবতার সহিত বাণেশ্বরের অভিন্নতা ভাবনা করত "ঐঁ" এই বীজ যথাশক্তি জপ করিয়া "ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং" ইত্যাদি মন্ত্রপাঠ পূর্ব্বক জপ সমর্পণ করত বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিয়া নমস্কার করিবেন। নমস্কার যথা—

"ওঁ বাণেশ্বরায় নরকার্ণবতারকায়, জ্ঞানপ্রদায় কারুণাময়সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দু-জুটাধরায়, দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়॥"

"ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর॥"

বাণলিঙ্গের উপরি অন্য শিবপূজা করিতে হইলে, অগ্রে উক্ত বিধানে বাণেশ্বরের অর্চ্চনা করিয়া, পরে অন্য শিবের পূজা করিতে হয়।

অনন্তর দক্ষিণহস্তে তর্জ্জনী ও অঙ্গুষ্ঠযোগে দক্ষিণগালে আঘাত করিতে করিতে "বম্ বম্" শব্দে পাঁচবার মুখবাদ্য করিয়া যথাশক্তি স্তব কবচাদি পাঠ করিবেন।

সাধারণ শক্তিপূজা-পদ্ধতি

সাধক সংযতচিত্ত হইয়া নিজ ইষ্টদেবতাকে ভাবনা করত স্তোত্রপাঠ কিংবা মূলমন্ত্র জপপূর্ব্বক পূজাগৃহে গমন করিবেন। পরে গৃহদ্বারে আসনোপরি উপবিষ্ট হইয়া পাপাপনোদনার্থ কৃতাঞ্জলি পুরঃসর বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিবেন। যথা—

"ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপক্রান্তমভূন্মম।
তন্নিসারয় চিত্তান্মে পাপং হূঁ ফট্ চ তে নমঃ॥
ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ চ।
এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ॥"

অনন্তর "ওঁ হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং শিবতত্ত্বায় স্বাহা" ইত্যাদি ক্রমে আচমন (সন্ধ্যাপদ্ধতি দেখুন) করিয়া, রক্তবর্ণা চতুর্ভুজা, সিংহারূঢ়া, শঙ্খ-চক্র-ধনুর্ব্বাণধারিণী কামিনীকে ধ্যান করিয়া জপপূজার অনুষ্ঠান করিবেন। "কং" —এই মন্ত্র দশবার জপ করিবেন। অতঃপর দক্ষিণহস্তে জল লইয়া "ওঁ বজ্রোদকে হূঁ ফট্ স্বাহা"—এই মন্ত্রে শোধন করত সেই জল প্রোক্ষণীপাত্রে স্থাপনপূর্ব্বক শেষ জলদ্বারা আসন অভ্যুক্ষণ করত তদুপরি স্বস্তিকাদি ক্রমে উপবিষ্ট হইয়া "ওঁ হ্রীং বিশুদ্ধ সর্ব্বপাপানি সময়াশেষবিকল্পমপনয় হূং ফট্ স্বাহা" এই মন্ত্রপাঠপূর্ব্বক হস্তপদ-প্রক্ষালন করিয়া মন্ত্রাচমন করিবেন।[১] অতঃপর সামান্যার্ঘ্য স্থাপন করিবেন যথা—

১। মন্ত্রাচমন দেবতাভেদে স্বতন্ত্র। সাধারণের অবগতির জন্য এস্থলে তাহা লিখিত হইতেছে। দক্ষিণকালিকার বিশেষ মন্ত্রাচমন যথা;—"ক্রীং"—এই মন্ত্রে তিনবার আচমন করিয়া 'ওঁ কালৈ নমঃ, ওঁ

প্রথমতঃ নিজের বামভাগে মৃত্তিকাতে ত্রিকোণ-মণ্ডল অঙ্কিত করত তদ্বহির্ভাগে বৃত্ত ও তদ্বহির্ভাগে চতুরস্র-মণ্ডল অঙ্কিত করিয়া, "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ" বলিয়া মণ্ডল অর্চ্চনা করত তদুপরি আধার স্থাপন করিয়া, 'ফট্'—এই মন্ত্রে পাত্র (কোশা) প্রক্ষালন করিবেন। পরে, 'নমঃ'—এই মন্ত্রে জল দ্বারা কোশা পরিপূর্ণ করিয়া, 'ওঁ'—এই মন্ত্রে দূর্ব্বা, আতপতণ্ডুল, বিল্বপত্র ও সচন্দন পুষ্পাদি নির্ম্মিত অর্ঘ্য কোশার

কপালিন্যৈ নমঃ'—এই মন্ত্রদ্বয় উচ্চারণ পূর্ব্বক দুইবার ওষ্ঠ মার্জ্জন করত 'ওঁ কুল্লায়ৈ নমঃ'—এই মন্ত্রে হস্ত প্রক্ষালন করিবেন। ওঁ কুরুকুল্লায়ৈ নমঃ,—এই মন্ত্রে তত্ত্বমুদ্রায় মুখ-স্পর্শ করিয়া, 'ওঁ বিরোধিন্যৈ নমঃ, ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ'—এই দুই মন্ত্রে যথাক্রমে দক্ষিণ ও বামনাসিকা, 'ওঁ উগ্রায়ৈ নমঃ, ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ'—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বামচক্ষু,—'ওঁ দীপ্তায়ৈ নমঃ, ওঁ নীলায়ৈ নমঃ,—এই মন্ত্রে দক্ষিণ ও বামকর্ণ, 'ওঁ ঘনায়ৈ নমঃ'—এই মন্ত্রে নাভি, ওঁ বলাকায়ৈ নমঃ,—এই মন্ত্রে বক্ষস্থল, ওঁ মাত্রায়ৈ নমঃ—এই মন্ত্রে মস্তক, ওঁ মুদ্রায়ৈ নমঃ, ওঁ মিতায়ৈ নমঃ'—এই মন্ত্রে দক্ষিণস্কন্ধ ও বামস্কন্ধ স্পর্শ করিবেন।

তারা-বিষয়ে মন্ত্রাচমন যথা;—'ওঁ হ্রীং ফট্ স্বাহা'—এই মন্ত্রে তিনবার আচমন করিবেন। বিশেষ মন্ত্রাচমন যথা—হ্রীং স্ত্রীং হূংফট্'—এই মন্ত্রে তিনবার জলপান করত 'হ্রীং'—এই মন্ত্রে হস্ত ধৌত করিয়া 'হ্রীং, হূং—এই দুই মন্ত্রে দুইবার ওষ্ঠমার্জ্জনপূর্ব্বক 'ফট্'—এই মন্ত্রে পুনর্ব্বার হস্ত প্রক্ষালন করিবেন। পরে 'ওঁ বৈরোচনায় নমঃ'—এই বলিয়া তত্ত্বমুদ্রায় মুখস্পর্শ, 'ওঁ শঙ্খায় নমঃ, ওঁ পাণ্ডবায় নমঃ'—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বামনাসিকা, 'ওঁ পদ্মনাভায় নমঃ, ওঁ অসিতাভায় নমঃ'—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বাম চক্ষুঃ, 'ওঁ নামকায় নমঃ, ওঁ বামকায় নমঃ'—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বামকর্ণ, 'ওঁ তারকায় নমঃ'—এই মন্ত্রে নাভি, 'ওঁ পদ্মান্তকায় নমঃ'—এই মন্ত্রে হৃদয়। ওঁ যমান্তকায় নমঃ'—এই মন্ত্রে শিরোদেশ, 'ওঁ বিঘ্নান্তকায় নমঃ, ওঁ নরকান্তকায় নমঃ—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বামস্কন্ধ স্পর্শ করিবেন।

জগদ্ধাত্রী-দুর্গার বিশেষ মন্ত্রাচন যথা—'দুঁ'—এই মন্ত্রে তিনবার জলপান করিয়া 'ওঁ প্রভায়ৈ নমঃ' 'ওঁ মায়ায়ৈ নমঃ—এই দুই মন্ত্রে অঙ্গুষ্ঠ দ্বারা বারদ্বয় ওষ্ঠ মার্জ্জন করত 'দুঁ'—এই মন্ত্রে হস্ত প্রক্ষালন করিয়া 'ওঁ জয়ায়ৈ নমঃ, ওঁ সূক্ষ্মায়ৈ নমঃ'—এই দুই মন্ত্রে বারদ্বয় তত্ত্বমুদ্রায় মুখ স্পর্শ করিবেন। পরে, 'ওঁ বিশুদ্ধায়ৈ নমঃ ওঁ নন্দিন্যৈ নমঃ'—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বামনাসিকায়, 'ওঁ সুপ্রভায়ৈ নমঃ, ওঁ বিজয়ায়ৈ নমঃ—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বাম চক্ষুঃ, 'ওঁ সিদ্ধায়ৈ নমঃ, ওঁ উমায়ৈ নমঃ'—এই দুই মন্ত্রে দক্ষিণ ও বাম কর্ণ, 'ওঁ শূলধারিণৈ নম'—এই মন্ত্রে নাভি, 'ওঁ সুগন্ধ্যায়ৈ নমঃ'—মন্ত্রে হৃদয়, 'ওঁ সর্ব্বসাধিন্যৈ নমঃ'—এই মন্ত্রে শিরোদেশ, 'ওঁ চন্দ্রিকায়ৈ নমঃ, ওঁ সৌভদ্রিকায়ৈ নমঃ'—এই দুই মন্ত্রে যথাক্রমে দক্ষিণস্কন্ধ ও বামস্কন্ধ স্পর্শ করিবেন।

অন্নপূর্ণা ও ভুবনেশ্বরীর বিশেষ মন্ত্রাচমন যথা—'ওঁ হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং শিবতত্ত্বায় স্বাহা'—এই মন্ত্রে তিনবার জলপান করিয়া 'ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম'—এই মন্ত্রে মুখ-নাসিকা প্রভৃতি স্থান স্পর্শ করিবেন।

ত্রিপুরাবিষয়ে বিশেষ মন্ত্রাচমন যথা—'ঐং ক্লীং, সৌঃ'—এই মন্ত্রে তিনবার জলপান করিয়া 'হূং, হূং,—এই মন্ত্রে দুইবার ওষ্ঠমার্জ্জন করত 'হ্রীং' এই মন্ত্রে হস্ত প্রক্ষালন করিবেন। পরে, 'স্ত্রীং'—এই মন্ত্রে তত্ত্বমুদ্রায় মুখ স্পর্শ করিয়া, 'হ্রীং'—এই মন্ত্রে দক্ষিণনাসিকা, 'ঐং'—মন্ত্রে বামনাসিকা, 'হ্রীং'—মন্ত্রে দক্ষিণচক্ষুঃ, 'ক্লীং'—মন্ত্রে বামচক্ষুঃ, 'শ্রীং'—মন্ত্রে দক্ষিণ কর্ণ, 'হ্রীং'—মন্ত্রে বামকর্ণ, 'ক্লীং'—মন্ত্রে নাভি, 'এং' মন্ত্রে হৃদয়, 'ওঁ'—মন্ত্রে শিরোদেশ, 'ঈং'—মন্ত্রে দক্ষিণস্কন্ধ, এবং 'ক্রোং'—মন্ত্রে বামস্কন্ধ স্পর্শ করিবেন।

অগ্রভাগে স্থাপন করিবেন। অনন্তর, "ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥" এই মন্ত্র পাঠপূর্ব্বক অঙ্কুশমুদ্রাযোগে সূর্য্যমণ্ডল হইতে তীর্থাবাহন করিয়া, 'হুঁ' মন্ত্রে অবগুণ্ঠন ও 'বং' মন্ত্রে ধেনুমুদ্রায় অমৃতীকরণ করিবেন। পরে যোনিমুদ্রা প্রদর্শন করিয়া, মৎস্যমুদ্রাদ্বারা আচ্ছাদন করত 'ওঁ'—এই মন্ত্র জলোপরি দশবার জপ করিয়া, সেই শোধিত জল-দ্বারা দ্বারদেশে অভ্যুক্ষণ পূর্ব্বক দ্বারদেবতার পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ"।[১]

অনন্তর পূজক স্বীয় বামাঙ্গ সঙ্কোচন পূর্ব্বক বামাপদ—পুরঃসর[২] পূজাগৃহে প্রবেশ করিয়া নৈঋ্ঁতকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় নমঃ" বলিয়া অর্চ্চনা করত নারাচমুদ্র-যোগে শ্বেতসর্ষপ ও আতপতণ্ডুল লইয়া 'ফট্' মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করত "ওঁ সর্ব্ববিঘ্নানুৎসারয় হুঁং ফট্ স্বাহা। ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবজ্ঞয়া॥"—এই মন্ত্র পাঠপূর্ব্বক বিঘ্নোৎসারণ করিবেন।

অতঃপর "ওঁ রক্ষ রক্ষ হুং ফট্ স্বাহা" বলিয়া মুষ্টিনিঃসৃত-জলদ্বারা ভূমি শোধন করিয়া, "ওঁ পবিত্রবজ্রভূমে হুঁ হুঁ ফট্ স্বাহা"—এই মন্ত্রপাঠপূর্ব্বক যোনিমুদ্রা-দ্বারা ভূমি স্পর্শ করত অভিমন্ত্রিত করিয়া ত্রিকোণ-মণ্ডল অঙ্কিত করিয়া "ওঁ হ্রীং এতে গন্ধেপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ" বলিয়া গন্ধপুষ্প দ্বারা উক্ত মণ্ডলের অর্চ্চনা করত তদুপরি যথাবিহিত আসন স্থাপনপূর্ব্বক স্বস্তিকাদি ক্রমে উপবিষ্ট হইয়া, আসনশুদ্ধি করিবেন।

যথা—আসন স্পর্শ করত "অস্য আসনোপবেশন-মন্ত্রস্য মেরুপৃষ্ঠে ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।—

পরে কৃতাঞ্জলি হইয়া "ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবী ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্ ॥—এই মন্ত্র পাঠ করিতে হইবে। অতঃপর"

১। কালী, তারা ও ত্রিপুরা দেবী-বিষয়ে দ্বারদেবতার পূজায় বিশেষ। যথা :—দ্বারোর্দ্ধে—এতে গন্ধপুষ্পে 'ওঁ হ্রীং গণেশায় নমঃ'; স্ববামে—'ওঁ হ্রীং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ'; দক্ষিণে—'ওঁ হ্রীং বাং বটুকায় নমঃ'; অধঃ—'ওঁ হ্রীং যং যোগিনীভ্যো নমঃ।' দ্বারচতুষ্টয়ে পূর্ব্বাদি ক্রমে—'ওঁ হ্রীং গঙ্গায়ৈ নমঃ। ওঁ হ্রীং যাং যমুনায়ৈ নমঃ, ওঁ হ্রীং শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ' দেহলীতে 'ওঁ হ্রীং অস্ত্রোভ্যো নমঃ, ওঁ হ্রীং অষ্টমাতৃকাভ্যো নমঃ' বলিয়া গন্ধপুষ্প বা তদভাবে জলদ্বারা পূজা করিবেন।

নিবন্ধানুসারে অন্যান্য দেবীবিষয়ে দ্বারদেবতাপূজা যথা :—উর্দ্ধোড়ুম্বরে ওঁ হ্রীং বিঘ্নেশায় নমঃ; তদ্দক্ষিণে—ওঁ হ্রীঃ মহালক্ষ্ম্যৈ নমঃ; তদ্বামে—ওঁ হ্রীং সরস্বতৈ নমঃ; মধ্যে—ওঁ হ্রীং দ্বারশ্রিয়ৈ নমঃ; দক্ষিণাশাখায় ওঁ হ্রীং গণেশায় নমঃ; বামশাখায়—ওঁ হ্রীং ক্ষেত্রপালায় নমঃ; তৎপার্শ্বদ্বয়ে—ওঁ হ্রী শঙ্খনিধয়ে নমঃ।

২। শক্তি-উপাসকগণ বামপাদপুরঃসর এবং পুংদেবতার উপাসকগণ দক্ষিণংপাদপুরঃসর পূজাগৃহে প্রবেশ করিবেন।

"আঃ সুরেখে বজ্ররেখে হুঁ ফট্ স্বাহা"—এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আসনোপরি ত্রিকোণ-মণ্ডল অঙ্কিত করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তয়ে কমলাসনায় নমঃ"—এই মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা মণ্ডলের অর্চ্চনা করিবেন।[১] অনন্তর গুরুপংক্তি নমস্কার করিবেন ; যথা—বামে—"ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, দক্ষিণে—"ওঁ গণেশায় নমঃ," ললাটদেশে—মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "শ্রীঅমুক-দেবতায়ৈ নমঃ" বলিয়া নমস্কার করিবেন।

অতঃপর "মণিধরিবজ্রণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হুঁং ফট্ স্বাহা" এই মন্ত্রপাঠ পূর্ব্বক বস্ত্রাঞ্চলে গ্রন্থি-বন্ধন করিবেন। পরে "আংফট্ হুং স্বাহা" বলিয়া গন্ধপুষ্প দ্বারা হস্তদ্বয় মার্জ্জন করত উক্ত পুষ্প বামহস্তে লইয়া 'ক্লীং' এই মন্ত্রে বারত্রয় নির্ম্মঞ্ছন করত 'ঐং'—এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আঘ্রাণ লইয়া নারাচমুদ্রা-যোগে 'ফট্' এই মন্ত্রে ঈশানকোণে ফেলিয়া দিবেন। অনন্তর ওঁ শতাভিষেক হুং ফট্ স্বাহা' এই মন্ত্রে পুষ্প অভ্যুক্ষণ করত "ওঁ পুষ্পকেতুরাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায় হুং" এই বলিয়া পুষ্প স্পর্শ করিবেন। পরে "ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াব-কীর্ণে হুং ফট্ স্বাহা" এই মন্ত্র পাঠ করত পুষ্প-শোধন করিবেন।

অনন্তর মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক দিব্য-দৃষ্টি-দ্বারা দিব্য-বিঘ্ন সকলে উৎসারিত করিয়া তর্জ্জনী ও মধ্যমাঙ্গুলীদ্বারা উর্দ্ধোর্দ্ধক্রমে তালত্রয় প্রদান করত অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী অঙ্গুলী দ্বারা ছোটিকাধ্বনি (তুড়ি) করিয়া পূর্ব্বাদি হইতে ঈশানকোণ পর্য্যন্ত এবং অধঃ ও উর্দ্ধ এব দশ দিক্ বন্ধন করিবেন।

অতঃপর ""ফট্"—মন্ত্র উন্ত্র উচ্চারণপূর্ব্বক ভূমিতে বামপার্ষ্ণি (বামপদের গোড়ালি) দ্বারা তিন বার আঘাত করিয়া "অস্ত্রায় ফট্" বলিয়া জল দ্বারা অন্তরীক্ষ-গত বিঘ্ন-সকল দূরীকৃত করত মূলমন্ত্রের অন্তে 'ফট্' এই মন্ত্র সংযোজিত করিয়া দেবতা ও পূজার দ্রব্যসম্ভার প্রোক্ষণদ্বারা সংশোধন করন ধেনুমুদ্রা প্রদর্শন করিয়া মাতৃকা-পুটিত মন্ত্র জপ দ্বারা মন্ত্র শোধন করিবেন।

অনন্তর 'রং'—এই মন্ত্রে জলধারা প্রদান করিয়া তদ্দ্বারা চতুর্দ্দিকে বহ্নিপ্রকার চিন্তা করত মূলমন্ত্রে স্বীয় দেহ মার্জ্জন করিয়া স্বহৃদয়ে হস্ত প্রদান পূর্ব্বক "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি

১। অন্নপূর্ণা পূজায় বিশেষ এই যে,—প্রথমতঃ চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করত তন্মধ্যে ত্রিকোণ অঙ্কিত করিয়া তন্মধ্যে 'নমঃ' এই মন্ত্র লিখিবেন। পরে, ওঁ কামরূপায় নমঃ বলিয়া গন্ধপুষ্প দ্বারা, মণ্ডলের পূজা করিয়া তদুপরি আসন স্থাপন করত আসনোপরি ত্রিকোণমণ্ডল করত 'আধারশক্তয়ে কমলাসনায় নমঃ" বলিয়া পূজা করিতে হইবে।

ত্রিপুরা দেবীর পূজার সময়—আসনের নীচে ত্রিকোণ মণ্ডল লিখিয়া তদুপরি—হ্রীং এতে গন্ধপুষ্পে আধারশক্তয়ে কমলাসনায় নমঃ, মূলপ্রকৃত্যৈ নমঃ, কূর্ম্মায় নমঃ, অনন্তায় নমঃ, পৃথিব্যৈ নমঃ' বলিয়া পূজা করত 'অস্য আসনোপবেশনমন্ত্রস্য মেরুপৃষ্ঠে ঋষিঃ সুতলং ছন্দঃ' ইত্যাদি পাঠ করিয়া উল্লিখিত মত কার্য্য করিবেন।

স্বাহা, ওঁ আং হূং ফট্ স্বাহা" এই মন্ত্র পাঠ করিয়া আত্মরক্ষা করত প্রাণায়াম করিয়া ভূতশুদ্ধি করিবেন। প্রাণায়াম করিবার প্রণালী। যথা—দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা অঙ্গুলী মুষ্টিবদ্ধের ন্যায় করিয়া 'অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা দক্ষিণনাসাপুট রোধ করত মূলমন্ত্র (মূল মন্ত্রের আদ্যক্ষর), হ্রীং কিংবা প্রণব (ওঁ) ষোড়শবার জপ করিতে করিতে বাম নাসাদ্বারা বায়ু আকর্ষণপূর্ব্বক স্বীয় দেহ পূর্ণ করিবেন। এই জপকালে বামহস্তে সংখ্যা রাখিতে হইবে। ইহাকে পূরক কহে। অনন্তর দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলি দ্বারা দক্ষিণানাসাপুট রুদ্ধ রাখিয়াই অনামিকা ও কনিষ্ঠাঙ্গুলি দ্বারা বামনাসাপুট রোধ করত কুম্ভক (শ্বাসরোধ) করিয়া উক্ত বীজ চতুঃষষ্টিবার জপ করিবেন। উহাকে কুম্ভক কহে। অতঃপর অঙ্গুষ্ঠাঙ্গুলি পরিত্যাগ করিয়া দ্বাত্রিংশৎবার উক্ত বীজ জপ করিতে করিতে দক্ষিণনাসিকা-দ্বারা ধীরে ধীরে বায়ু ত্যাগ করিবেন, ইহাকে রেচক বলে। এইরূপ অবিচ্ছেদে পুনর্ব্বার দক্ষিণ নাসিকা হইতে আরম্ভ করিয়া ক্রমশঃ পূরক কুম্ভক ও রেচক করিবেন। তৎপরে পুনরায় প্রথমবারের ন্যায় বামনাসা হইতে আরম্ভ করিয়া, পূরক, কুম্ভক ও রেচক করিবেন। এই প্রকারে একবার প্রাণায়ামে বামনাসিকায় পূরক, উভয়নাসিকা-রোধে কুম্ভক, দক্ষিণনাসিকায় রেচক এবং দক্ষিণনাসিকায় পূরক, উভয়নাসিকা-রোধে কুম্ভক, বামনাসিকায় রেচক, এবং পুনর্ব্বার বামনাসিকায় পূরক, উভয় নাসিকা-রোধে কুম্ভক ও দক্ষিণনাসিকায় রেচক শেষ হইবে এই প্রকারে অবিচ্ছেদে তিনবার পূরক, তিনবার কুম্ভক ও তিনবার রেচকে একটী প্রাণায়াম সিদ্ধ হয়।

উক্তরূপ প্রাণায়াম করিতে (অর্থাৎ পূরকে ১৬ বার, কুম্ভকে ৬৪ বার ও রেচকে ৩২ বার জপ করিতে) অশক্ত হইলে, ইহার চতুর্থাংশ (জপ অর্থাৎ পূরকে ৪ বার, কুম্ভকে ১৬ বার ও রেচক ৮ বার জপ) করিয়া প্রাণায়াম করিবেন। অতঃপর ভূতশুদ্ধি করিবেন। যথা—স্বাঙ্কে উত্তানৌ করৌ কৃত্বা "হংসঃ" ইতি মন্ত্রেণ জীবাত্মানং হৃদয়স্থং দীপকলিকাকারং মূলাধারস্থিতকুলকুণ্ডলিন্যা সহ সুষুম্নাবর্ত্মনা মূলাধারস্বাধিষ্ঠানমণিপূর-কানাহতবিশুদ্ধাজ্ঞাখ্যষট্চক্রাণি ভিত্বা, শিরোহবস্থিতাধোমুখসহস্রদলকমলকর্ণিকান্তর্গত-পরমাত্মনি শিবে সংযোজ্য, তত্রৈব পৃথিব্যপ্তেজোবায্বাকাশগন্ধরসরূপস্পর্শশব্দনাসিকা-জিহ্বাচক্ষুস্ত্বক্শ্রোত্রবাক্পাণিপাদপায়ূপস্থপ্রকৃতিমনোবুদ্ধ্যহঙ্কার-চতুর্বিংশতিতত্ত্বানি বিলীনানি বিভাব্য, যমিতি বায়ুবীজং ধূম্রবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য, তস্য ষোড়শবারজপেন বায়ুনা দেহমাপূর্য্য নাসাপুটৌ ধৃত্বা, তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা বামকুক্ষিস্থ-কৃষ্ণবর্ণপাপপুরুষেণ সহ দেহং সংশোষ্য, তস্য দ্বাত্রিংশদ্বারজপেন দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। ততো দক্ষিণনাসাপুটে রমিতি বহ্নিবীজং রক্তবর্ণং ধ্যাত্বা, তস্য ষোড়শবার-জপেন বায়ুনা দেহমাপূর্য্য, নাসাপুটৌ ধৃত্বা, তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা, পাপ-পুরুষেণ সহ দেহং মূলধারস্থিতবহ্নিনা দগ্ধ্বা, তস্য দ্বাত্রিংশদ্বারজপেন বামনাসয়া ভস্মনা সহ বায়ুং রেচয়েৎ ততঃ ঠমিতি চন্দ্রবীজং শুক্লবর্ণং বামনাসিকায়াং ধ্যাত্বা, তস্য ষোড়শবার-

জপেন ললাটে চন্দ্রং নীত্বা, বমিতি বরুণবীজস্য চতুঃষষ্টিবারজপেন তস্মাল্ললাটইস্থচন্দ্রাদ্‌-গলিতসুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্তদেহং বিরচয্য, লমিতি পৃথ্বীবীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন দেহং সুদৃঢ়ং বিচিন্ত্য, দক্ষিণেন বায়ুং রেচয়েৎ। ততঃ "সোহহং" ইতি মন্ত্রেণ জীবং স্বহৃদয়মানীয় কুলকুণ্ডলিনীং পৃথিব্যাদীনি চ যথাস্থানমানয়েৎ। ততঃ শরীরং শুদ্ধং নির্ম্মায় পঞ্চভূতানি যথাস্থানং "হংসঃ" ইতি মন্ত্রেণ কুলকুণ্ডলিন্যা সহ জীবাত্মানং স্বহৃদয়ে স্থাপয়িত্বা সৃষ্টিক্রমেণ পঞ্চভূতানি যথাস্থানে স্থাপয়িত্বা দেবতারূপমাত্মানং বিচিন্ত্য হৃদি হস্তং দত্বা পঠেৎ। ওঁ আং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সঃ মম প্রাণা ইহ প্রাণাঃ। ওঁ আমিত্যাদি মম জীব ইহ স্থিতঃ। ওঁ আমিত্যাদি মম সর্ব্বেন্দ্রিয়াণি। ওঁ আমিত্যাদি মম বাঙ্মনস্ত্বক্চক্ষুঃ-শ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা। ইতি প্রাণপ্রতিষ্ঠা।

অর্থাৎ সাধক স্বীয় ক্রোড়দেশে হস্তদ্বয় উত্তান (চিৎ) ভাবে বাম-দক্ষিণক্রমে উপর্য্যুপরি স্থাপন পূর্ব্বক 'হংস' চিন্তা করতঃ হৃদয়স্থিত দীপকলিকাকার জীবযুত্মাকে মূলাধার-স্থিত কুলকুণ্ডলিনীর সহিত সুষুম্নাপথে মূলাধার, স্বাধিষ্ঠান, মনিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা নামক ষট্‌চক্রভেদ (ভেদ-প্রণালী গুরুমুখে শ্রোতব্য) করত, শিরোহবস্থিত অধোমুখে সহস্রদল-কমলকর্ণিকান্তর্গত পরমাত্মায় সম্মিলিত করিয়া, তাহাতে, শারীরিক পৃথিব্যাদি চতুর্ব্বিংশতিতত্ত্ব বিলীন চিন্তা করত 'যং' এই ধূম্রবর্ণ বায়ুবীজ বামনাসাপুটে চিন্তাপূর্ব্বক (প্রাণায়ামপ্রণালীমতে), উক্ত বীজ ষোড়শবার জপ করত বায়ুদ্বারা দেহ-পূরণ করিয়া, উভয়নাসাপুট ধারণ পূর্ব্বক উক্ত বীজ চতুঃষষ্টিবার (৬৪) জপ দ্বারা কুম্ভক করত, বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণ পাপপুরুষের সহিত দেহের শোষণ চিন্তা করিয়া, উক্ত বীজ বত্রিশবার জপ করত দক্ষিণ নাসিকাদ্বারা বায়ু রেচন করিবেন। অতঃপর দক্ষিণনাসা-পুটে 'রং' এই রক্তবর্ণ বহ্নিবীজ চিন্তা করিয়া, উক্ত বীজ ১৬ বার জপ করত বায়ুদ্বারা দেহ পুরণ করিয়া উভয়নাসাপুট ধারণ পূর্ব্বক ৬৪ বার জপ দ্বারা কুম্ভক করত পাপ পুরুষের সহিত দেহকে মূলাধারস্থিত বহ্নি দ্বারা দগ্ধ চিন্তা করিয়া, উক্ত বীজ ৩২ বার জপ করত বামনাসিকায় ভস্ম সহ বায়ু রেচন করিবেন। পরে 'ঠং' এই শুক্লবর্ণ চন্দ্রবীজ বামনাসিকায় চিন্তা করিয়া, উক্তবীজ ১৬ বার জপ করত শ্বাস আকর্ষণ করিয়া ঐ বীজাকার চন্দ্রকে ললাটদেশে চিন্তাকরত উভয় নাসিকা ধারণ করিয়া, 'বং' এই বরুণবীজ ৬৪ বার জপ করিয়া কুম্ভকদ্বারা সেই ললাটস্থ চন্দ্র হইতে বিগলিত পঞ্চাশৎ মাতৃকা বর্ণাত্মিকা সুধাধারা-দ্বারা সমস্ত দেহকে গঠিত ভাবনা করিয়া, 'লং' এই পৃথ্বীবীজ ৩২ বার জপ করত স্বীয় দেহকে সুদৃঢ় চিন্তা করিয়া দক্ষিণনাসিকা দ্বারা বায়ু রেচন করিবেন। অতঃপর জীবাত্মাকে হৃদয়ে স্থাপন করিয়া 'সোহহং' চিন্তা করিবেন পরে 'হংস' এই মন্ত্রদ্বারা পৃথিব্যাদি যথাস্থানে স্থাপন পূর্ব্বক আত্মাকে দেবতাস্বরূপ চিন্তা করিয়া নিজ হৃদয়ে হস্ত দিয়া "ওঁ আং" ইত্যাদি মন্ত্রদ্বারা প্রাণপ্রতিষ্ঠা করিবেন। ইহাকেই ভূতশুদ্ধি কহে। ইহা সাধন করা অতীব দুরূহ কার্য্য। সুতরাং ভূতশুদ্ধির

লিখিতভাবে চিন্তা করিতে না পারিলেও কেবলমাত্র উক্ত বীজ কয়েকটীর দ্বারা তিনবার প্রাণায়াম করিবেন। যদি ১৬ বার, ৬৪ বার ৩২ বার জপ করিতে সামর্থ্য না হয়, তবে ৪ বার, ১৬ বার ও ৮ বার জপ করিয়া প্রাণায়াম করিবেন।

অতঃপর "আং হ্রুঁ ফট্ স্বাহা" এই মন্ত্র পাঠ পূর্ব্বক দেহ, বাক্য ও চিত্ত শোধন করত যথাক্রমে মাতৃকান্যাসাদি করিবেন।

মাতৃকান্যাস

যথা—"অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ অব্যক্তং কীলকং সর্ব্বাভীষ্টসিদ্ধয়ে লিপিন্যাসে বিনিয়োগঃ। শিরসি ব্রহ্মণে ঋষয়ে নমঃ' মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি শ্রীমাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈঃ নমঃ। মূলাধারে হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ। পাদয়োঃ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ। সর্ব্বাঙ্গে অবক্তায় কীলকায় নমঃ॥"

কারঙ্গন্যাসৌ—অং কং খং গং ঘং ঙং আং—অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ইং চং ছং জং ঝং ঞং ঈং—তর্জ্জনীভ্যাং স্বাহা। উং টং ঠং ডং ঢং ণং ঊং—মধ্যামাভ্যাং বষট্। এং তং থং দং ধং নং ঐং—অনামিকাভ্যাং হুং। ওং পং ফং বং ভং মং ঔং—কনিষ্ঠাভ্যাং বৌষট্। অং যং রং লং বং শং ষঃ সং হং লং ক্ষং অঃ—করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। এবং হৃদয়াদিষু—(হৃদয়, শিরঃ, শিখা, কবচ নেত্রদ্বয়, করতলপৃষ্ঠ) অং কং খং গং ঘং ঙং আং—হৃদয়ায় নমঃ ইত্যাদি॥ অতঃপর অন্তর্মাতৃকান্যাস করিবেন।

কণ্ঠদেশে বিশুদ্ধাখ্যচক্রে—"অং নমঃ, আং নমঃ, ইং নমঃ ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ, ৠং নমঃ, ঌং নমঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওঃ নমঃ, ঔং নমঃ, অং নমঃ, অঃ নমঃ।"

হৃদয়স্থিত অনাহতচক্রে—"কং নমঃ, খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ ঝং নমঃ, ঞং নঃ, টং নমঃ, ঠং নমঃ।"

নাভিস্থির মণিপুরচক্রে—"ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ নং নমঃ, পঃ নমঃ, ফং নমঃ।"

লিঙ্গমুলস্থিত স্বাধিষ্ঠানচক্রে—"বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ।"

মুলাধারচক্রে—"বং নমঃ, শং নমঃ, যং নমঃ, সং নমঃ।"

ভ্রূমধ্যস্থিত-আজ্ঞাচক্রে—"হঃ নমঃ, ক্ষং নমঃ।"

বাহ্যমাতৃকান্যাস

ধ্যান যথা—"ওঁ পঞ্চাশল্লিপিভির্ব্বিভক্তমুখদোঃ পন্ম্যধ্যবক্ষঃস্থলাং ভাস্বন্‌মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্ব্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে॥" এইরূপ ধ্যান করিয়া ন্যাস করবেন।

যথা ;—মধ্যমা ও অনামিকা অঙ্গুলিদ্বারা ললাটে—অং নমঃ। তর্জ্জনী, মধ্যমা ও অনামিকাদ্বারা মুখবৃত্তের চতুঃপার্শ্বে—আং নমঃ। অঙ্গুষ্ঠ ও অনামিকাযোগে দক্ষিণ চক্ষুতে—ইং নমঃ, বাম চক্ষুতে—ঈং নমঃ। অঙ্গুষ্ঠাঙ্গুলির পৃষ্ঠ দ্বারা দক্ষিণকর্ণে—উং নমঃ; বামকর্ণে—ঊং নমঃ। কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠযোগে দক্ষিণনাসিকায়—ঋং নমঃ; বামনাসিকায়—ৠঃ নমঃ। তর্জ্জনী মধ্যমা ও অনামিকাযোগে দক্ষিণগণ্ডে—ঌং নমঃ; বামগণ্ডে—ৡং নমঃ। মধ্যমাঙ্গুলি দ্বারা ওষ্ঠে—এং নমঃ। অধরে—ঐং নমঃ। অনামিকা দ্বারা উর্দ্ধদন্তপংক্তিতে—ওং নমঃ; অধোদন্তপংক্তিতে—ঔং নমঃ। মধ্যমাদ্বারা উত্তমাঙ্গে—অং নমঃ। অনামিকাদ্বারা মুখবিবরে—অঃ নমঃ। কনিষ্ঠা, মধ্যমা ও অনামিকা অঙ্গুলিযোগে দক্ষিণবাহুর মূল হইতে সন্ধিত্রয়ে যথাক্রমে—কং নমঃ, খং নমঃ, গং নমঃ; অঙ্গুলিমূলে—ঘং নমঃ; অঙ্গুলির অগ্রভাগে—ঙং নমঃ। ঐরূপে বামবাহুর মূল হইতে সন্ধিত্রয়ে অঙ্গুলির মূল ও অগ্রভাগ পর্য্যন্ত যথাক্রমে—চং নমঃ; ছং নমঃ; জং নমঃ; ঝং নমঃ; ঞং নমঃ। ঐরূপ দক্ষিণ পাদের পঞ্চস্থান যথাক্রমে—টং নমঃ; ঠং নমঃ; ডং নমঃ; ঢং নমঃ; ণং নমঃ। এইরূপে বামপাদের পঞ্চস্থানে যথাক্রমে—তং নমঃ; থং নমঃ; দং নমং, ধং নমঃ; নং নমঃ। কনিষ্ঠা মধ্যমা ও অনামিকাযোগে দক্ষিণ পার্শ্বে—পং নমঃ; বামপার্শ্বে—ফং নমঃ; পৃষ্ঠদেশে—বং নমঃ। অঙ্গুষ্ঠ, মধ্যমা, অনামা ও কনিষ্ঠাঙ্গুলিযোগে নাভিতে—ভং নমঃ। সমস্ত-অঙ্গুলিযোগে জঠরে—মং নমঃ। করতলদ্বারা হৃদয়ে—যং ত্বগাত্মনে নমঃ; এবং দক্ষিণস্কন্ধে—রং অসৃগাত্মনে নমঃ; ককুদি—লং মংসাত্মনে নমঃ, বামস্কন্ধে—বং মেদ-আত্মতে নমঃ। ঐরূপ হৃদয়াদি দক্ষিণবাহুপর্যন্ত—শং অস্থ্যাত্মনে নমঃ; হৃদয়াদি বামবাহু পর্য্যন্ত—ষং মজ্জাত্মনে নমঃ; হৃদয়াদি দক্ষিণপাদপর্য্যন্ত—সং শুক্রাত্মনে নমং; হৃদয়াদি বামপাদপর্যন্ত—হং প্রাণাত্মনে নমঃ; হৃদয়াদি উদরপর্য্যন্ত—লং জীবাত্মনে নমঃ; হৃদয়াদি মুখপর্য্যন্ত—ক্ষং পরমাত্মনে নমঃ। অতঃপর তত্ত্বমুদ্রা যোগ বর্ণন্যাস করিবেন।

বর্ণন্যাস

যথা—হৃদয়ে অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং নমঃ। দক্ষিণহস্তে—এং ঐং ওং ঔং অং অঃ কং খং গং ঘং নমঃ। বামহস্তে—ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং ডং ঢং নমঃ। দক্ষিণপাদে—ণং তং থং দং ধং নং পং ফং বং ভং নমঃ। বামপাদে—মং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং নমঃ। অতঃপর পীঠন্যাস করিবে।

পীঠন্যাস

যথা—হৃদয়ে "ওঁ আধারশক্তয়ে নমঃ। এবং কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়।" দক্ষিণস্কন্ধে—ধর্ম্মায়। বামস্কন্ধে—জ্ঞানায়। বামউরুতে—বৈরাগ্যায়। দক্ষিণউরুতে—ঐশ্বর্য্যায়। মুখে—অধর্ম্মায়। বামপার্শ্বে—অজ্ঞানায়। নাভিতে—অবৈরাগ্যায়। দক্ষিণপার্শ্বে—

অনৈশ্বর্য্যায়। হৃদয়ে—অনন্তায়, পদ্মায়, অং, সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে। সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে। এই পীঠন্যাস কার্য্য সর্ব্বত্র আদিতে "ওঁ" এবং অন্তে "নমঃ" শব্দ যোগ করিয়া করিতে হইবে। যেমন —ওঁ আধারশক্তয়ে নমঃ; "ওঁ কূর্ম্মায় নমঃ" ইত্যাদি।

গুরুপূজা

প্রথমতঃ "গাং হৃদয়ায় নমঃ, গীং শিরসে স্বাহা, গং শিখায়ৈ বষট্ গৈং কবচায় হুং, গৌং নেত্রত্রয়ায় বৌষট্; গঃ কমতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।" এবং "গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, গীং তর্জ্জনীভ্যাং স্বাহা, গূং মধ্যমাভ্যাং বষট্, গৈং অনামিকাভ্যাং হুং, গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্ গঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।" বলিয়া অঙ্গন্যাস ও করন্যাস করত গুরুর ধ্যান করিবেন। ধ্যান প্রাতঃকৃত্যে দেখুন।

তৎপরে "ঐং এতৎ পাদ্যং সশক্তিকশ্রীগুরবে নমঃ" বলিয়া পাদ্য প্রদান করত উক্তক্রমে অর্ঘ্যাদি উপচার প্রদান করিয়া, পুনর্ব্বার অঙ্গন্যাস ও করন্যাস করত যথাশক্তি গুরুমন্ত্র জপ করিয়া "গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং" ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণপূর্ব্বক "অখণ্ডমণ্ডলাকারং" ইত্যাদি মন্ত্রে গুরুদেবকে নমস্কার করিবেন।

নারায়ণপূজা

শুদ্ধাসনোপবিষ্ট সাধক, প্রথমঃ আচমন করিয়া সূর্য্যার্ঘ্য প্রদানপূর্ব্বক স্বশাখোক্ত স্বস্তিবাচনাদি আসনশুদ্ধ্যন্ত কর্ম্ম করিয়া নারায়ণচক্রকে স্নান করাইবেন।

স্নানমন্ত্র যথা—"ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা (১) অত্যতিষ্ঠদশাঙ্গুলং ॥ ১ ॥ ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারাং রত্নধাতমম্ ॥ ২ ॥ ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥ ৩ ॥ ওঁ অগ্ন আহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি ॥ ৪ ॥ ওঁ শন্নো দেবীরভীষ্টয় আপো (২) ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ ॥ ৫ ॥

এই পাচটী মন্ত্র পাঠ করত স্নান করাইয়া গায়ত্রী দ্বারা গাত্রমার্জ্জনপূর্ব্বক তাম্রাদি পাত্রে সচন্দন তুলসীপত্রের উপর বসাইয়া, চন্দনযুক্ত আর একটী তুলসীপত্র নারায়ণের উপর দিবেন। অনন্তর সচন্দন-পুষ্প লইয়া "এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্ননাশায় নমঃ; এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদিপঞ্চদেবত্যভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ; এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ; এতে গন্ধপুষ্পে ওঁ মৎস্যাদিদশাবতারেভ্যো নমঃ; এতে গন্ধপুষ্পে ওঁ নমো নারায়ণায় নমঃ" বলিয়া অর্চ্চনা করত করযোড়ে নিম্নলিখিত মন্ত্রটী পাঠ করিয়া নমস্কার করিবেন। মন্ত্র যথা—

১। ঋগ্বেদীয়ের পক্ষে "সভূমিং বিশ্বতো বৃত্বা" এইরূপ পাঠ।

২। সামবেদীয়ের পক্ষে "দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু" এইরূপ পাঠ॥

"ওঁ ত্রৈলোক্যপূজিত শ্রীমন্ সদা বিজয়বর্দ্ধন।
শান্তি কুরু গদাপাণে নারায়ণ নমোঽস্তু তে॥"

অতঃপর গণেশের পূজা করিবেন। যথা—

"গাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি ক্রমে অঙ্গন্যাসাদি করিয়া, কূর্ম্মমুদ্রায় পুষ্প গ্রহণ করত ধ্যান করিবেন। ধ্যান যথা—

"ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপ-ব্যালোল-গন্ডস্থলং।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দুরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু (কামদং)॥"

এই ধ্যান পাঠ করত পুষ্পটী স্বীয় মস্তকে প্রদানপূর্ব্বক পুনর্ব্বার অঙ্গন্যাস ও করন্যাস করিয়া, পুনরপি কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান পাঠ করত পুষ্পটি নারায়ণচক্রের উপর দিবেন। পরে "এতৎ পাদ্যং গং গণেশায় নমঃ।" ইত্যাদিক্রমে দশোপচারে বা পঞ্চোপচারে পূজা করিবেন। অনন্তর নারায়ণের ঋষ্যাদিন্যাস করিবেন। যথা—

"ওঁ নমো নারায়ণায় ইত্যষ্টাক্ষরমন্ত্রস্য সাধ্যনারায়ণ-ঋষির্দৈবী-গায়ত্রীচ্ছন্দঃ পরমাত্মা দেবতা চতুর্ব্বর্গসিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি—সাধ্যনারায়ণায় ঋষয়ে নমঃ। মুখে—দৈবী-গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি—পরমাত্মনে দেবতায়ৈ নমঃ।" অতঃপর অঙ্গন্যাস ও করন্যাস করিবেন। যথা—

"ওঁ নাং হৃদয়ায় নমঃ; ওঁ নীং শিরসে স্বাহা; ওঁ নূং শিখায়ৈ বষট্; ওঁ নৈং কবচায় হুং; ওঁ নৌং নেত্রত্রায় বৌষট্; ওঁ নঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। অতঃপর করন্যাস করিবেন। যথা—

"ওঁ নাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ; ওঁ নীং তর্জ্জনীভ্যাং স্বাহা; ওঁ নূঃ মধ্যমাভ্যাং বষট্; ওঁ নৈং অনামিকাভ্যাং হুং; ওঁ নৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্; ওঁ নঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।"

অতঃপর নারায়ণের পূর্ব্বদিক হইতে আরম্ভ করিয়া ঈশানকোণপর্য্যন্ত অষ্টদিকে পূজা করিবেন। যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ কর্ত্রে নমঃ"—এই ক্রমে, "হর্ত্রে, ধাত্রে, সামবেদায়, যজুর্ব্বেদায়, ঋগ্‌বেদায়" অথর্ব্ববেদায়" গন্ধপুষ্পদ্বারা ইহাদের অর্চ্চনা করিয়া কূর্ম্মমুদ্রাযোগে সচন্দন পুষ্প লইয়া নারায়ণের ধ্যান করিবেন। ধ্যান যথা—

"ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী, নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী, হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥"

এই ধ্যান পাঠপূর্ব্বক পুষ্পটী নিজমস্তকে প্রদান করত মানসোপচারে পূজা করিয়া পুনর্ব্বার পূর্ব্ববৎ অঙ্গন্যাস ও করন্যাস করিয়া, পুনঃ কূর্ম্মমুদ্রাযোগে চন্দনযুক্ত পুষ্প লইয়া পুনর্ব্বার ধ্যান পাঠ করত ঐ পুষ্পটী নারায়ণ-চক্রের উপরে দিয়া, "এতেৎ পাদ্যং ওঁ নমো

নারায়ণায় নমঃ”—এই ক্রমে যথাশক্তি উপচারে পূজা করিবেন। পূজার মন্ত্র সকল-উপচারেই এইরূপ কেবল তুলসীদানের মন্ত্র স্বতন্ত্র। যথা—

এতৎ সচন্দনতুলসীপত্রং—“ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা।” ওঁ নমো নারায়ণায় নমঃ।

অতঃপর পুনরায় অঙ্গন্যাস ও করন্যাস করত গুরুপংক্তি নমস্কার পূর্ব্বক “ওঁ নমো নারায়ণায়” এই অষ্টাক্ষর মন্ত্রটী যথাশক্তি জপ করিয়া “গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং” ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক ‘গোযোনি’ মুদ্রায় জপ সমর্পণ করিয়া নারায়ণকে নমস্কার করিবেন। মন্ত্র যথা—

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণ-হিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

অনন্তর ঈশানকোণে উর্দ্ধমুখ ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করিয়া “ওঁ বিশ্বকসেনায় নমঃ” বলিয়া নির্ম্মাল্য দ্বারা অর্চ্চনা করিবেন। পরে নারায়ণোপরি শ্রীশ্রীলক্ষ্মীদেবীর অর্চ্চনা করিতে হয়।

লক্ষ্মী-পূজা

“শ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ”—ইত্যাদি ক্রমে করাঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে সচন্দন পুষ্প লইয়া লক্ষ্মীদেবীর ধ্যান করিবেন। যথা—

“ওঁ পাশাক্ষমালিকাম্ভোজ-সৃণিভির্যাম্যসৌম্যয়োঃ।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরম্॥
গৌরবর্ণাং স্বরূপাঞ্চ সর্ব্বালঙ্কার-ভূষিতাম্।
রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥”

এই ধ্যান পাঠ করিয়া পুষ্পটী নিজের মস্তকে দিয়া, মানসোপচারে অর্চ্চনা করত পুনর্ব্বার করাঙ্গন্যাস করিবেন; পরে পুনর্ব্বার কূর্ম্মমুদ্রায় সচন্দন পুষ্প লইয়া পূর্ব্ববৎ ধ্যান পাঠ করত পুষ্পটী নারায়ণচক্রোপরি প্রদান করিয়া “এতৎ পাদ্যং শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ” —এইক্রমে দশোপচারে পূজা করিয়া লক্ষ্মীদেবীকে নমস্কার করিবেন। নমস্কার মন্ত্র যথা—

“ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবী মহালক্ষ্মি নমোঽস্তুতে॥”

সামান্যপূজাপদ্ধতি

আচমন

দুই পাদ ও দুই হস্ত ধৌত করিয়া গো-কর্ণের ন্যায় হস্ত করিয়া একটী মাষকলাই ডুবিতে পারে এতটুকু জল ব্রাহ্মতীর্থ ক্রমে[১] হস্তে লইয়া তাহা দর্শন করত পান করিবেন। এইরূপে বারত্রয় জল পান করিতে হয়। পরে হস্ত ধৌত করত দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দুইবার মুখ মার্জ্জন করিয়া সম্মিলিত তর্জ্জনী মধ্যমা ও অনামিকার অগ্রভাগ দ্বারা মুখ স্পর্শ করিবে। অনন্তর সম্মিলিত অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা নাসিকা স্পর্শ করিয়া, অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা উভয় চক্ষুঃ ও তৎপর কর্ণদ্বয় স্পর্শ করিবেন। অনন্তর অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলীর মিলিতাগ্রভাগ দ্বারা নাভিদেশ স্পর্শ করিয়া হস্ত ধৌত করিবেন। পরে করতল দ্বারা হৃদয় স্পর্শ করিয়া, একীকৃত অঙ্গুলী সমূহ দ্বারা মস্তক এবং অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা উভয় বাহুমূল স্পর্শ করত বিষ্ণু স্মরণ করিয়া শুচি হইবেন।

বিষ্ণুস্মরণ যথা—"ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥" ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।

স্ত্রী ও শূদ্রের আচমন—দৈবতীর্থ[১] দ্বারা জল লইয়া ওষ্ঠে জলের ছিটা দিয়া "নমো বিষ্ণুঃ, নমো বিষ্ণুঃ, নমো বিষ্ণুঃ" এইরূপ তিনবার বিষ্ণু স্মরণ করত নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—

"নমঃ—অবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥"
নমঃ পুণ্ডরীকাক্ষঃ।

সামবেদি-স্বস্তিবাচন

"ওঁ সোমং রাজানং বরুণমগ্নিন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্॥ ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি॥"

যজুর্ব্বেদি-স্বস্তিবাচন

"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ গণানান্ত্বা গণপতিং হবামহে, ওঁ প্রিয়াণান্ত্বা প্রিয়পতিং হবামহে, ওঁ নিধীনান্ত্বা নিধিপতিং হবামহে বসো মম। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি॥"

ঋগ্বেদি-স্বস্তিবাচন

ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্ব্বণঃ। স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ। স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা। স্বস্তয়ে বায়ু-মুপ ব্রবামহৈ, সোমং স্বস্তি

১। অঙ্গুলীর অগ্রভাগকে দৈবতীর্থ বলে। কনিষ্ঠার মূলদেশকে কায়তীর্থ বলে; অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যদেশকে পৈত্রতীর্থ এবং বৃদ্ধাঙ্গুলীর মূলদেশকে ব্রাহ্মতীর্থ বলে।

ভুবনস্য যস্পতিঃ। বৃহস্পতি সর্ব্বগণং স্বস্তয়ে স্বস্তয়। আদিত্যাসো ভবন্তু নঃ। বিশ্বে দেবা নো অদ্যা স্বস্তয়ে। বৈশ্বানরো বায়ুরগ্নিঃ স্বস্তয়ে। দেবা অবন্ত্বৃভবঃ স্বস্তয়ে, স্বস্তি নো রুদ্রঃ পাত্বংহসঃ। স্বস্তি মিত্রাবরুণা, স্বস্তি পথ্যে রেবতি। স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ। স্বস্তি নো অদিতে কৃধি। স্বস্তি পন্থা-মনু চরেম। সূর্য্যাচন্দ্রমসাবিব। পুনর্দ্দদতা-ঘ্নতা জানতা সঙ্গমেমহি। স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং, মহদ্ভুতং বায়সং দেবতানাম্। অসুরঘ্ন-মিন্দ্রসখং সমৎসু বৃহদ্ যশো নাবমিবারুহেম। অংহোমুচ মাঙ্গিরসং গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যং। প্রয়তপাণিঃ শরণং প্র পদ্যে। স্বস্তি সম্বাধেষ্ঠভয়ং নো অস্তু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।”

সঙ্কল্পপদ্ধতি *

সঙ্কল্প না করিয়া মানুষ যে কার্য্য করে, সে কার্য্যের সম্পূর্ণ ফল লাভ হয় না; প্রত্যুত ধর্ম্মের অর্দ্ধ ফল নষ্ট হয়। (ক) সুতরাং, কাম্যকর্ম্মে সঙ্কল্প করিতে হয়।

তাম্রাদি বিহিত পাত্র জলপূর্ণ (খ) করিয়া সাগ্র ত্রিপত্র (কুশ), ফল, পুষ্প ও তিল লইয়া সঙ্কল্প করিতে হয়। জলাশয়; উপবন ও কূপপ্রতিষ্ঠাকালে পূর্ব্বাভিমুখে, আর অন্যান্য সাধারণ-কার্য্যে উত্তরমুখ হইয়া সঙ্কল্প করিবেন। সঙ্কল্পবাক্যপাঠানন্তর পাত্রস্থ জল ঈশানকোণে নিক্ষেপ করিতে হয় (গ)। কার্য্যভেদে সঙ্কল্পবাক্য পৃথক্, সুতরাং সঙ্কল্প-বাক্য তত্তৎ স্থলে দ্রষ্টব্য। সঙ্কল্পান্তর সূক্ত পাঠ করিতে হয়। যথা—

সামবেদি-সঙ্কল্পসূক্ত

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ, পূর্ণাং বিবষ্ট্যাসিচম্। উদ্বা সিঞ্চধ্ব-মুপ বা পৃণধ্ব,-মাদিদ্বো দেব ওহতে॥

---

* আহ্নিকে পিতৃকৃত্যে তু মাসশ্চান্দ্রমসঃ স্মৃতঃ। বিবাহদৌ স্মৃতঃ সৌরে যজ্ঞাদৌ সাবনোমতঃ। পিতৃকার্য্যে— অর্থাৎ শ্রাদ্ধাদিতে চান্দ্রমাস, বিবাহাদিতে সৌরমাস ও যজ্ঞাদিতে সাবনমাস উল্লেখ করিতে হয়।

১। সৌরমাস যথা—সমাজে যাহা মাসরূপে ব্যবহৃত হয় তাহাই সৌর মাস।

২। চান্দ্রমাস যথা—সৌরমাসের মধ্যে যে শুক্লপক্ষে প্রতিপৎ তদবধি অমাবস্যা পর্য্যন্ত যে মাস অথবা ত্রিশ তিথি তাহাই চান্দ্রমাস যথা—বৈশাখ মাসের ১৭ই শুক্লা প্রতিপৎ, জ্যৈষ্ঠমাসের ১৫ই অমাবস্যা ইত্যবস্থায় ঐ শুক্লাপ্রতিপৎ হইতে অমাবস্যা পর্য্যন্ত চান্দ্র বৈশাখ, অতএব তন্মধ্যে কর্ম্ম করিতে হইলে “বৈশাখে মাসি” উল্লেখ করিতে হইবে। প্রায় সকল কর্ম্মেই চান্দ্রমাস উল্লেখ করিতে হয়; কেবল বিবাহাদিতে ও তন্ত্রোক্ত কার্য্য বিশেষ সৌরমাস উল্লেখ আবশ্যক।

৩। গৌণচান্দ্র মাস যথা—বৈশাখ মাসের ১৭ই যদি শুক্লা প্রতিপৎ হয়, তবে তৎপূর্ব্ব কৃষ্ণ প্রতিপৎ হইতে পূর্ণিমা পর্য্যন্ত গৌণচান্দ্র বৈশাখ, ঈদৃশ গৌণচান্দ্র বিহিত মাস জন্মাষ্টমী প্রভৃতি তিথিকৃত্যে উল্লেখ হয়।

(ক) সঙ্কল্পেন বিনা রাজন্ যৎ কিঞ্চিৎ কুরুতে নরঃ। ফলঞ্চাল্পাল্পকং তস্য ধর্ম্মস্যার্দ্ধক্ষয়ো ভবেৎ।

(খ) শুক্তিশঙ্খাশ্মহস্তৈশ্চ কাংস্যরৌপ্যাদিভিস্তথা।
সঙ্কল্পো নৈব কর্ত্তব্যোমৃন্ময়েন কদাচন॥ ভবিষ্যে।

(গ) গৃহীত্বৌড়ুম্বরং পাত্রং বারিপূর্ণং গুণান্বিতং। দর্ভত্রয়ং সাগ্রমূলং ফলপুষ্প তলান্বিতে জলাশয়ারামকূপে সঙ্কল্পে পূর্ব্বদিঙ্মুখঃ। সাধারণে চোত্তরাস্য ঐশান্যাং নিক্ষিপেৎ পয়ঃ॥

যজুর্ব্বেদি-সঙ্কল্পসূক্ত

ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবং, তদু সুপ্তস্য তথৈবেতি। দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু॥

ঋগ্বেদি-সঙ্কল্পসূক্ত

ওঁ যা গুংগূর্য্যা সিনীবালী, যা রাকা যা সরস্বতী। ইন্দ্রাণীমহ্ব উতয়ে, বরুণানীং স্বস্তয়ে॥

আসনশুদ্ধি

যে আসনে বসিয়া পূজা করিতে হইবে, তাহার উপরে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করিয়া সচন্দন পুষ্প গ্রহণ করত "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তয়ে কমলাসনায় নমঃ" এই মন্ত্রে পুষ্পটি আসনোপরি প্রদানপূর্ব্বক আসন ধরিয়া পাঠ করিবেন—

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে (আসনপরিগ্রহে) বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি! ত্বয়া ধৃতা লোকা দেবি! ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং, পবিত্রং কুরু চাসনম্॥"

ভূতাপসারণ

অতঃপর পূজক, দিব্যদৃষ্টি দ্বারা অবলোকন করিয়া দিব্য বিঘ্ন উৎসারিত করত "ফট্" এই মন্ত্রে জলধারা বেষ্টন করিয়া আকাশস্থিত বিঘ্ন ও বামপাদের পার্ষ্ণি (গোড়ালি) দ্বারা মৃত্তিকাতে বারত্রয় আঘাত করত ভূমিগত বিঘ্ন দূর করিয়া "ফট" এই মন্ত্র সাতবার জপ করত বিকির [1] হস্তে লইয়া বক্ষ্যমানমন্ত্র পাঠপূর্ব্বক উহা চতুর্দ্দিকে ছড়াইয়া দিবেন। মন্ত্র যথা—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।"

ঘটস্থাপন

[2]বিস্তারে ষট্‌ত্রিংশৎ (৩৬) অঙ্গুলি, উচ্চে ষোড়শ (১৬) অঙ্গুলি, কণ্ঠ চারি অঙ্গুলি, মুখের বিস্তার ছয় অঙ্গুলি এবং তলদেশ পঞ্চাঙ্গুলিপরিমিত স্বর্ণ, [3]রৌপ্য তাম্র, কাংস্য মৃত্তিকা, পাষাণ বা কাচ নির্ম্মিত ঘট স্থাপন করিবেন। দেবতার প্রীতির জন্য ঘটনির্ম্মাণে বিত্ত-শঠতা করিবেন না—অর্থাৎ অবস্থানুযায়ী ঘট প্রস্তুত করাইয়া স্থাপন করা কর্ত্তব্য। [4]ঘট সুদৃশ্য ও অক্ষত হওয়া আবশ্যক।

১। দৈ, চন্দন, শ্বেতসর্ষপ, ভস্ম, দূর্ব্বা, কুশ ও আতপতণ্ডুল, এই সকল দ্রব্যকে বিকির বলে।

২। ষট্‌ত্রিংশদঙ্গুলায়ামং ষোড়শাঙ্গুলমুচ্চকৈঃ। চতুরঙ্গুলকং কণ্ঠং মুখমস্য ষড়ঙ্গুলম্। পঞ্চাঙ্গুলিমিতং মূলং বিধানং ঘটনির্ম্মিতেঃ॥ ইতি মহানির্ব্বাণতন্ত্রম্।

৩। সৌবর্ণং রাজতং তাম্রং কাংস্যজং মৃত্তিকোদ্ভবম্। পাষাণকাচজং বাপি ঘটমক্ষত- মব্রণম্॥ কারয়েদ্দেবতাপ্রীত্যৈ বিত্তশাঠ্যং বিবর্জ্জয়েৎ॥

৪। সৌবর্ণং ভোগদং প্রোক্তং রাজতং মোক্ষদায়কম্। তাম্রং প্রীতিকরং জ্ঞেয়ং কাংস্যজং পুষ্টিবর্দ্ধনম্। কাচং বশ্যকরং প্রোক্তং পাষাণং স্তম্ভকর্ম্মণি। মৃন্ময়ং সর্ব্বকার্য্যেষু সুদৃশ্যং সুপরিষ্কৃতম্।

স্বর্ণ নির্ম্মিত, ঘট ভোগপ্রদ, রজতনির্ম্মিত ঘট মোক্ষপ্রদ, প্রীতিকর কার্য্যে তাম্র নির্ম্মিত, পুষ্টিবর্দ্ধনে কাংস্যনির্ম্মিত, বশীকরণে কাচনির্ম্মিত ও স্তম্ভনকার্য্যে পাষাণনির্ম্মিত ঘট প্রশস্ত। পরিষ্কৃত ও সুদৃশ্য মৃত্তিকা নির্ম্মিত ঘট সর্ব্বকার্য্যের প্রশস্ত। ঘটমধ্যে নবরত্ন ও পঞ্চরত্ন প্রদান করিবেন। তদভাবে কেবল সুবর্ণ প্রদান করিবেন।

সামবেদি-ঘটস্থাপন

ভূমিতে হাত দিয়া পাঠ করিবেন—ওঁ ভূমিরন্তরীক্ষং দ্যৌ দ্বা ভূতায়াঃ।[১]

ধান্য স্পর্শ করিয়া পাঠ করিবেন—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্তমুকৃথিনং ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।

উভয় হস্তদ্বারা ঘট ধারণ করত পাঠ করিবেন—ওঁ আবিশন্ কলশং সুতো বিশ্ব অর্ষন্নভিশ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে।

জল স্পর্শ করিয়া পাঠ করিবেন—ওঁ আ নো মিতাবরুণা ঘৃতৈর্গব্যূতিমুক্ষতং মধ্বা রজাংসি শুক্রতু।

পল্লব ধরিয়া পাঠ করিবেন—ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব্। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা সূয়তাং রয়িঃ।

ফল ধারণ করিয়া পাঠ করিবেন—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে যৎ পার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শবসশ্চকান আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ।

বস্ত্র স্পর্শ করিয়া পাঠ করিবেন—ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আ গাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্ত।

পুষ্প স্পর্শ করিয়া পাঠ করিবেন—ওঁ পবমান ব্যশ্ন হি রশ্মিভির্ব্বাজসা তমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্।

সিন্দূর স্পর্শ করিয়া পাঠ করিবে—ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে, ক্রতুং রিহন্তি মধ্বাভ্যঞ্জতে। সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং। হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্ণতে।

স্থিরীকরণ—(ঘট ধারণ করিয়া পাঠ করিবেন,)—ওঁ স্থাবতঃ পুরূবসো বয়মিন্দ্র প্রণেতঃ। স্মসি স্থাতর্হরীণাম্। ওঁ স্থাং স্থীং স্থিরো ভব।

কৃতাঞ্জলি পূর্ব্বক পাঠ করিবেন—ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ ॥ ২

ঋগ্বেদি-ঘটস্থাপন

ভূমিস্পর্শ করিয়া পাঠ করিবেন—ওঁ উর্ধ্বী সদ্মনী বৃহতী ঋতেন হুবে দেবানামবসা জনিত্রী। দধাতে যে অমৃতং সুপ্রতীকে দ্যাবা রক্ষতং পৃথিবী নো অভ্বাৎ।

ধান্য স্পর্শ করিয়া—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্তমুকৃথিনম্ ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।

১। মন্ত্রান্তর—"ওঁ মহি ত্রীণামবরস্তু দ্যুক্ষং মিত্রস্যার্য্যম্ণঃ। দুরাধর্ষং বরুণস্য।"

২। স্ত্রীদেবতার নিমিত্ত ঘট স্থাপনকালে "তিষ্ঠ দেবি গণৈঃ সহ" বলিতে হইবে।

ঘটে হস্ত দিয়া—ওঁ এতানি ভদ্রা কলশ ক্রিয়াম, কুরুশ্রবণ দদতো মঘানি। দান ইদ্ বো মঘবানঃ সো হস্ময়ঞ্চ সোমো হৃদি যং বিভর্ম্মি।

জল স্পর্শ করিয়া—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি। বরুণস্য স্কম্ভসর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ।

ফল ধারণ করিয়া—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ, বৃহস্পতি-প্রসূতা-স্তানো মুঞ্চন্ত্বংহসঃ ॥ [১]

স্থিরীকরণ—ওঁ স্থিরো ভব বিড্বঙ্গ আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ।" পরে "সর্ব্বতীর্থোদ্ভবং বারি" ইত্যাদি পাঠ করিবেন।

যজুর্ব্বেদি-ঘটস্থাপন

ভূমি স্পর্শ করিয়া—ওঁ ভূরসি ভূমিরস্যদিতি-রসি বিশ্বধারা বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী, পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃংহ পৃথিবীং মা হিংসীঃ।

ধান্য স্পর্শ করিয়া—ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞং। ধিনুহি যজ্ঞপতিং। ধিনুহি মাং যজ্ঞন্যম্।

ঘট স্পর্শ করিয়া—ওঁ আ জিঘ্র কলশং মহ্যা ত্বা বিশন্ত্বিন্দবঃ পূনরূর্জ্জা নি বর্ত্তস্ব সা নঃ। সহস্রং ধুক্ষ্বোরুধারা পয়স্বতী পুনর্ম্মা বিশতাদ্রয়িঃ।

জল স্পর্শ করিয়া—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জ্জনীস্থঃ॥ বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ।

পল্লব স্পর্শ করিয়া—ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি ধন্বনা সর্ব্বাঃ প্রদিশো জয়েম ॥ [২]

ফল স্পর্শ করিয়া—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতা-স্তা নো মুঞ্চন্ত্বংহসঃ ॥

সিন্দূর স্পর্শ করিয়া—ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী কাষ্ঠা ভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্বমানঃ।

পুষ্প স্পর্শ করিয়া—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা-বহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুংমং ইষাণ সর্ব্বলোকং ম ইষাণ ॥

বস্ত্র ধারণ করিয়া—ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ ॥

স্থিরীকরণ—ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ॥ স্থাং স্থীং স্থিরো ভব, বিড্বঙ্গ আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্ব-মগ্নেঃ পুরীষবাহনঃ ॥

১। সিন্দুরমন্ত্র, বস্ত্রমন্ত্র, পুষ্পমন্ত্র, যজুর্ব্বেদীয় ঘটস্থাপনায় দ্রষ্টব্য।

২। মন্ত্রান্তরং—"অশ্বথে বো নিষদনং পর্ণে বো বসতিষ্কৃতো। গোভাজ ইৎ কিলাসথ বৎ সনবথ পুরুষম্।"

সামান্যার্ঘ্য

ভূমিতে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করত গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

"ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ।"

অতঃপর "ফট্" এই মন্ত্রে অর্ঘপাত্র প্রক্ষালন করিয়া, ত্রিপদিকা উপরি স্থাপন করিবেন। পরে 'ওঁ' এই মন্ত্রে সেই পাত্র জলপূর্ণ করিয়া—

"মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ॥" বলিয়া পূজা করিবেন।

তৎপরে পাত্রস্থ জল তিনভাগ করিয়া তদুপরি গন্ধ, পুষ্প ও দূর্ব্বা প্রভৃতি প্রদানপূর্ব্বক ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ, মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন এবং বক্ষ্যমাণ মন্ত্র পাঠ পূর্ব্বক অঙ্কুশমুদ্রা দ্বারা সেই জলে তীর্থসকলের আবাহন করিবেন। মন্ত্র যথা—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।"

অনন্তর অর্ঘপাত্রের উপরি 'ওঁ' এই মন্ত্র দশবার জপ করিয়া নিজমস্তকে ও পূজার উপকরণে সেই জলের ছিটা দিবেন।

মাষভক্তবলি

নিজের বামভাগে গোময়ের দ্বারা ত্রিকোণ-মণ্ডল অঙ্কিত করিয়া তদুপরি ভূতগণের আবাহন করত "এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালাদিভূতগণেভ্যা নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিয়া নূতন মৃণ্ময়পাত্রে বা বিল্বপত্রের উপরি মাষকলায়, দধি ও আতপ তণ্ডুল একত্র করতঃ "ওঁ মাষভক্তবলয়ে নমঃ" বলিয়া তাহার অর্চ্চনা করত "এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালাদিভূতগণেভ্যো নমঃ।" বলিয়া নিবেদন করিয়া করযোড়ে প্রার্থনা করিবেন।

"ওঁ ভূতপ্রেতপিশাচাশ্চ দানবা রাক্ষসাশ্চ যে।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে ইমং গৃহ্নন্তু মদ্‌বলিম্॥

অনন্তর শ্বেতসর্ষপ গ্রহণ করত—

"ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অপসর্পন্তু তে সর্ব্বে নারসিংহেন তাড়িতাঃ।"

ইহা বলিয়া চতুর্দ্দিকে শ্বেতসর্ষপ ছড়াইয়া দিবেন। অতঃপর গুরুপংক্তি নমস্কার করিবেন। যথা—

নিজের বামভাগে "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ।" দক্ষিণে—"ওঁ গণেশায় নমঃ।" মধ্যে—"ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।"

পরে একটি সচন্দন পুষ্প হস্তে লইয়া 'ফট্' এই মন্ত্রে উভয়হস্ত দ্বারা পুষ্পটি মর্দ্দন করত আঘ্রাণ করিয়া ঈশানকোণে পরিত্যাগ করিবেন। এই ক্রমে উর্দ্ধে তালত্রয় ও ছোটিকা (অঙ্গুলিধ্বনি) দ্বারা দশদিক্ বন্ধন করিবেন।

ভূতশুদ্ধি

ভূতশুদ্ধি শক্তিপূজার সামান্য পদ্ধতিতে দ্রষ্টব্য।

সংক্ষেপ-ভূতশুদ্ধি

নিম্নলিখিত চারিটী মন্ত্র পাঠ করিয়া দেবতার শরীরস্থান ভাবনা করিলেই, সংক্ষেপে ভূতশুদ্ধি করা হয়। মন্ত্রচতুষ্টয় যথা—

"ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা ॥ ১ ॥ ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা ॥ ২ ॥ ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা ॥ ৩ ॥ ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল সোঽহং হংসঃ স্বাহা" ॥ ৪ ॥

কৃষ্ণবিষয়ে সংক্ষেপ-ভূতশুদ্ধি

স্বকীয়হৃদয়ে ধ্যায়েৎ শ্রীকৃষ্ণচরণাম্বুজম্।
ভূতশুদ্ধিমিমাং প্রাহুঃ সর্ব্বাগমবিশারদাঃ ॥

সাধকের স্বীয়হৃদয়ে শ্রীকৃষ্ণদেবের পাদপদ্মযুগল ধ্যান করিলেই ভূতশুদ্ধি হয়। ইহা আগমবিশারদগণ করিয়াছেন।

ন্যাস করিবার ক্রম

মনসা বিন্যসেন্ন্যাসান্ পুষ্পেণৈবাথবা মুনে।
অঙ্গুষ্ঠানামিকাভ্যাং বা নান্যথ ফলভাগ্ ভবেৎ ॥

পুষ্প দ্বারা, অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলি যোগে অথবা মনে মনে ন্যাস করিবেন।

মাতৃকান্যাস ও বাহ্যমাতৃকান্যাস

মাতৃকান্যাস ও বাহ্যমাতৃকান্যাস, শক্তিপূজার সামান্যপদ্ধতিতে লিখিত হইয়াছে। পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

প্রাণায়াম

হ্রীঁ" মন্ত্র দ্বারা স্ত্রীদেবতার "ওঁ দ্বারা পুংদেবতার প্রাণায়াম করিবেন ইহাই সাধারণ নিয়ম।

সমস্ত কার্য্যেই প্রাণায়াম অবশ্য কর্ত্তব্য। প্রাণায়াম ব্যতীত মন্ত্র জপ ও পূজাদির অধিকার হয় না। প্রাণায়াম প্রণালী সাধারণ শক্তিপূজা পদ্ধতিতে দ্রষ্টব্য।

শ্যামারহস্য প্রভৃতি তন্ত্রে কথিত হইয়াছে যে, অগ্রে প্রাণায়াম করিয়া পরে ভূতশুদ্ধি করিবেন। তন্ত্রসার প্রভৃতি অনেক গ্রন্থে কথিক আছে অগ্রে ভূতশুদ্ধি করিয়া পরে প্রাণায়াম করিবেন। বস্তুতঃ এই ভিন্ন ভিন্ন মতের মধ্যে যে কোন মত অবলম্বন করিয়া কার্য্য করিলেই ফলসিদ্ধি হইবে। কারণ স্বতন্ত্রতন্ত্রে বলিয়াছেন—"পূজা তু বিবিধা প্রোক্তা তাস্বেকতমমাশ্রয়েৎ।"

ব্যাপকন্যাস

"ওঁ" বা মূলমন্ত্র উচ্চারণ করিয়া মস্তক হইতে পাদ পর্য্যন্ত এবং পাদ হইতে মস্তক পর্য্যন্ত দুই হস্ত প্রসারণপূর্ব্বক দেহের অতি অন্নিকটস্থান দিয়া হস্তসঞ্চালন করাকে ব্যাপক-ন্যাস বলে। ব্যাপকন্যাস নয়বার, সাতবার, পাঁচবার বা তিনবার করিতে হয়।

অঙ্গন্যাসে অঙ্গুলিনিয়ম

হৃদয়ং মধ্যমানামাতর্জ্জনীভিঃ স্মৃতং শিরঃ। মধ্যমাতর্জ্জনীভ্যাং স্যাদঙ্গুষ্ঠেন শিখা স্মৃতা॥ দশভিঃ কবচং প্রোক্তং তিসৃভির্নেত্রমীরিতম্। প্রোক্তাঙ্গুলিভ্যামস্ত্রং স্যাদঙ্গক্লৃপ্তিরিয়ং মতা॥ (তিসৃভিস্তর্জ্জনীমধ্যমানামাভিঃ)। তর্জ্জনী মধ্যমানামা প্রোক্তা নেত্রত্রয়ে ক্রমাৎ। যদি নেত্রদ্বয়ং প্রোক্তং তদা তর্জ্জনীমধ্যমে॥ ইতি রাঘবভট্টধৃতবচনাৎ।

মধ্যমা, অনামিকা ও তর্জ্জনী অঙ্গুলি দ্বারা হৃদয়ে, মধ্যমা ও তর্জ্জনী দ্বারা মস্তকে, অঙ্গুষ্ঠদ্বারা শিখাস্থানে, সর্ব্বাঙ্গুলিদ্বারা কবচে, তর্জ্জনী মধ্যমা ও অনামিকা দ্বারা নেত্রত্রয়ে এবং তর্জ্জনী ও মধ্যমা দ্বারা করতলে ন্যাস করিবেন। যদি দেবতার দুই নেত্র হয়, তবে সেই স্থলে তর্জ্জনী ও মধ্যমা-দ্বারা নেত্রদ্বয়ে ন্যাস করিতে হইবে। যে স্থলে পঞ্চাঙ্গন্যাস উক্ত আছে, সে স্থানে নেত্র পরিত্যাগ করিয়া অপর পঞ্চ অঙ্গে ন্যাস করিবেন।

বিষ্ণুবিষয়ে অঙ্গুষ্ঠহীন প্রসারিত কর দ্বারা হৃদয়ে ও মস্তকে ন্যাস করিবেন এবং অঙ্গুষ্ঠমধ্যগত মুষ্টি দ্বারা শিখা, উভয়হস্তের সর্ব্বাঙ্গুলি দ্বারা কবচ এবং তর্জ্জনী ও মধ্যমা-দ্বারা নেত্রদ্বয়ে ন্যাস করিয়া অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীদ্বারা করতলধ্বনি করিবেন।

ধ্যান

কূর্ম্মমুদ্রাযোগে সচন্দন পুষ্প গ্রহণ করিয়া দেবতার আকৃতি চিন্তার নাম ধ্যান, বাক্যে যে দেবতার যে প্রকার আকৃতি বর্ণিত আছে, পূজক তাহাই চিন্তা করিবেন।

আবাহন

আবাহনের বিশেষ নিয়ম এই যে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক সুষুম্নাপথে স্বস্থান হইতে চৈতন্যরূপ তেজঃ আনয়ন করত নাসিকারন্ধ্র দ্বারা নির্গত করিয়া হস্তস্থিত পুষ্পসঞ্চয়ে সংস্থাপনপূর্ব্বক আবাহন করিবেন।

বিনায়কং তথা দুর্গাংবায়ুমাকাশমেব চ।
আবাহয়েদ্ ব্যাহৃতিভিস্তথৈবাশ্বিকুমারকৌ॥

গণেশ, দুর্গা, বায়ু, আকাশ এবং অশ্বিনীকুমারদ্বয়কে ব্যাহৃতিপূর্ব্বক আবাহন করিবেন। যথা—

"ভূর্ভুবঃ স্বর্গণপতে" ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ ইত্যাদি—বলিয়া আবাহন্যাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করাইয়া আবাহন করিবেন।

প্রাণপ্রতিষ্ঠা

দেবতার সম্মুখভাগ বস্ত্রদ্বারা আচ্ছাদন করিয়া লেলিহানমুদ্রা দ্বারা দেবতার হৃদয়ে[১] দূর্ব্বা ও আতপ তণ্ডুল ধারণ করত নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া দেবতার প্রাণপ্রতিষ্ঠা করিবেন। যথা—

"ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সং শ্রীঅমুকদেবতায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সঃ শ্রীঅমুকদেবতায়া জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সঃ শ্রীমুকদেবতায়াঃ সর্ব্বেন্দ্রিয়াণি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সং শ্রীঅমুকদেবতায়া বাঙ্মনস্ত্বক্‌চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।" "ওঁ মনো জুতির্জুষতা-মাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বে দেবা স ইহ মাদয়ন্তামোঁ। প্রতিষ্ঠ॥ ওঁ অস্মৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্মৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্মৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা।"[২]

স্ত্রীদেবতা হইলে "অস্যৈ" এবং পুরুষদেবতা হইলে "অস্মৈ" বলিবেন।

মানস-পূজা[৩]

বাহ্যপূজা-ক্রমে মানসপূজা করিতে হয়। অর্থাৎ ধ্যানযোগে মনে মনে হৃদয়ে দেবতার অধিষ্ঠান চিন্তা করত মনঃকল্পিত উপচার দ্বারা দেবপূজা করিতে হয়।

বিশেষার্ঘ্যস্থাপনক্রম

পূজক নিজের বামদিকে[৪] ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করিয়া "এতে গন্ধপুষ্প ওঁ আধার-শক্তয়ে নমঃ"—এই ক্রমে "ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ।"—বলিয়া তদুপরি পূজা করিবেন।

তৎপরে উহার উপরে ত্রিপদিকা স্থাপন করিয়া "হুং ফট্" এই মন্ত্রে শঙ্খ[৫] ধৌত করিয়া মণ্ডলের উপর রাখিবেন। অতঃপর মূলমন্ত্রে শুদ্ধ জল দিয়া "মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ—এই মন্ত্রে ত্রিপদিকা, "অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ"—এই মন্ত্রে শঙ্খ, "উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ"—এই মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা জলকে পূজা করিবেন, তদনন্তর শঙ্খস্থ জল তিনভাগ করত তাহাতে "নমঃ" বলিয়া পুষ্প দিয়া,

---

১ প্রাণপ্রতিষ্ঠায় দেবতার কপোল ধারণেরও শাস্ত্র আছে। যথা—"প্রতিমায়াঃ কপোলৌ দ্বৌ স্পৃষ্ট্বা দক্ষিণপাণিনা। প্রাণপ্রতিষ্ঠা কর্ত্তব্যা তস্যাং দেবত্ব সিদ্ধয়ে॥"

২ প্রাণপ্রতিষ্ঠায়, "পঞ্চমন্ত্রও" জপ করিতে হয়। "পঞ্চমন্ত্র" দুর্গাপূজা প্রকরণে দ্রষ্টব্য।

৩ বিশেষ মানসপূজা কালীপূজা প্রকরণে দ্রষ্টব্য।

৪ পূজা ও পূজকের মধ্যস্থান পূর্ব্ব, তদ্দক্ষিণ দক্ষিণ, তদ্বাম উত্তর ও তৎপৃষ্ঠ পশ্চিম বলিয়া জানিবেন।

৫। শিব ও সূর্য্য পূজা ব্যতীত সকল পূজাতেই শঙ্খে অর্ঘস্থাপন-বিধি।—"সর্ব্বত্রৈকঃ প্রশস্তোঽর্ঘ্যঃ শিবসূর্য্যার্চ্চনং বিনা। ইতি রাঘবভট্টধৃতবচনাৎ।

পুষ্প, দূর্ব্বা ও তণ্ডুলাদি দ্বারা অর্ঘ্য [১] সাজাইয়া তদুপরি স্থাপন করত ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ, মৎস্যমুদ্রায় আচ্ছাদন করত অঙ্কুশমুদ্রা দ্বারা "ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।" এই মন্ত্রে জল শোধন করিবেন।

অনন্তর আটবার মূলমন্ত্র জপ করিয়া স্বীয় হৃদয় হইতে দেবতাকে সেই জলে আনয়ন করত "হুং" এই মন্ত্রে যথাবিধি অবগুণ্ঠন মুদ্রা প্রদর্শন করাইবেন। দেবতা-বিশেষে যাহা বিশেষ আছে, তাহা তত্তৎপদ্ধতিতে দ্রষ্টব্য। অনন্তর সেই অর্ঘপাত্রস্থ জল প্রোক্ষণী-পাত্রে লইয়া, সেই জলদ্বারা নিজমস্তক ও পূজার উপকরণাদি অভ্যুক্ষণ করিবেন পরে যথাবিধি পূজা করিবেন।

অর্ঘ্য

"গন্ধপুষ্পাক্ষতযবকুশাগ্রতিলসর্ষপৈঃ।
দূর্ব্বাভিঃ সর্ব্বদেবানামেতদর্ঘ্যমুদাহৃতম্॥"

গন্ধ, পুষ্প, আতপতণ্ডুল, যব, কুশের অগ্র, তিল, সর্ষপ এবং দূর্ব্বা দ্বারা সকল দেবতাবিষয়ক অর্ঘ্যই রচনা করিতে হয়। এই সমস্ত দ্রব্যের অভাব হইলে আতপতণ্ডুল ও দূর্ব্বা অর্ঘ্য দেওয়া হয়। *

মধুপর্ক

"দধিসর্পির্জলং ক্ষৌদ্রং সিতৈতাভিস্তু পঞ্চভিঃ। প্রোচ্যতে মধুপর্কস্তু সর্ব্বদেবৌঘতুষ্টয়ে॥ জলন্তু সর্ব্বতঃ স্বল্পং সিতা দধি ঘৃতং সমম্। সর্ব্বেষামধিকং ক্ষৌদ্রং মধুপর্কে প্রয়োজয়েৎ। তদদ্যাৎ কাংস্যপাত্রেণ রৌপ্যশ্বেভবেন বা॥"

দধি, ঘৃত, জল, মধু ও শর্করা—এই পঞ্চদ্রব্যের একত্র সংমিশ্রণকে মধুপর্ক বলে। মধুপর্কে অন্যান্য জিনিষ অপেক্ষা জল কম দিবেন। শর্করা, দধি ও ঘৃত সমভাগে, কেবল মধুই অধিক পরিমাণে দিতে হয়। মধুপর্ক সুবর্ণ, রজত বা কাংস্যপাত্রে করিয়া দিবেন। পাত্র আট আঙ্গুল পরিমাণ করিতে হয়।

পুষ্প ও বিল্বপত্রদানবিধি

"যথোৎপন্নং তথা দেয়ং বিল্বপত্রং ত্বধোমুখম্। অঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যাঞ্চ বৃন্তং ধৃত্বা সমর্পয়েৎ॥ বহুপুষ্পসমাযুক্তপ্রদানে নিয়মো ন হি। সংস্থাপ্য বামহস্তে তু ততঃ পুষ্পং ন দীয়তে॥"

পুষ্প যে ভাবে উৎপন্ন হয় সেই ভাবেই দেবতাকে দিতে হয় এবং বিল্বপত্র অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী অঙ্গুলি দ্বারা বোঁটা ধরিয়া অধোমুখ করিয়া দিবেন। বহু পুষ্প বা বহু বিল্বপত্রদানে কোন নিয়ম নাই। বামহস্তে পুষ্প রাখিয়া দক্ষিণ হস্ত দ্বারা দেবতাকে দেওয়া বিধেয় নহে।

১। অর্ঘ্যং—তত্ত্ পূজার্থদূর্ব্বাক্ষতচন্দনপুষ্পমিশ্রিতবারি। ইত্যমরঃ।

ধূপ ও দীপ দানবিধি

"দীপং দক্ষিণতো দদ্যাৎ পুরতো বা ন বামতঃ।
বামতস্তু তথা ধূপমগ্রে বা ন তু দক্ষিণে॥
ন ভূমৌ বিতরেদ্ধূপং নাসনে ন ঘটে তথা॥"

দেবতার দক্ষিণে দীপ স্থাপন করত নিবেদন করিতে হয়; সম্মুখে বা বাম স্থাপন করিয়া নিবেদন করা নিষিদ্ধ। ধূপ বামদিকে দিবেন, সম্মুখে বা দক্ষিণে দিবেন না। ধূপ আসনে বা ঘটে রাখিয়া নিবেদন করিতে নাই। ঘৃতপ্রদীপ দক্ষিণে ও তৈলপ্রদীপ বামে নিবেদন করিবেন।

ধূপ, দীপ নিবেদন করিয়া—"ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা" এই বলিয়া সচন্দন পুষ্প দ্বারা ঘণ্টার অর্চ্চনা করত বামহস্তে ঘণ্টাবাদন করিয়া তত্তন্মন্ত্রে ধূপ ও দীপ প্রদান করিবেন। ধূপ, দীপ আরাত্রিক করিয়া দিবারও ব্যবস্থা আছে।

নৈবেদ্য

"নৈবেদ্যং দক্ষিণে বামে পুরতো বা ন পৃষ্ঠতঃ॥"

দেবতার দক্ষিণে, বামে কিংবা সম্মুখে নৈবেদ্য স্থাপন করিয়া নিবেদন করিবেন; কদাচ পশ্চাতে স্থাপন করিবেন না।

পূর্ব্বোক্ত নিয়মে (উপচারদান প্রণালী দেখুন) নৈবেদ্য নিবেদন করত বামহস্তে গ্রাসমুদ্রা রচনা করিয়া, দক্ষিণ হস্তে প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান—এই পঞ্চমুদ্রা দ্বারা যথাক্রমে "ওঁ প্রাণায় স্বাহা ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা" এই মন্ত্র পাঠ করিবেন। পক্কান্ন দেবতার বামে ও আমান্ন দেবতার দক্ষিণে স্থাপন করিবেন।

জপনিয়ম

নিত্য-জপ করমালাতে করিতে হয়। শিবাদি দেবতাভেদে করমালা বিভিন্ন। স্ত্রী-দেবতার শক্তিমালাক্রমে ও পুরুষদেবতার শৈবমালাক্রমে জপ করিতে হয়। বিহিত-মালার অভাব হইলে করমালাতেও কাম্যজপ করিতে পারা যায়। এ বিষয়ে বিস্তারিত গুরু মুখে জ্ঞাতব্য।

জপ-সমর্পণ

প্রাগুক্তপ্রকারে জপ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করত গন্ধ, আতপতণ্ডুল ও কুশোদক দ্বারা স্ত্রী-দেবতার বামহস্তে এবং কুশ, পুষ্প ও অর্ঘ্যজলদ্বারা পুরুষ-দেবতার দক্ষিণহস্তে জপ সমর্পণ করিতে হয়। মন্ত্র যথা—

ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা (স্ত্রীদেবতার পক্ষে গোপ্ত্রী) ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেব (স্ত্রীদেবতার পক্ষে দেবি) ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর (স্ত্রীদেবতার পক্ষে সুরেশ্বরি)॥"

দেবতা-বিশেষে "সুরেশ্বরি" স্থলে "মহেশ্বরি" "সুরেশ্বর" স্থলে "মহেশ্বর" বলিবেন এবং বিষ্ণু-বিষয়ে "জনার্দ্দন" বলিতে হয়।

আরাত্রিক

আদৌ চতুষ্পাদতলপ্রদেশে, দ্বৌ নাভিদেশে মুখমণ্ডলে ত্রীন্।
সর্ব্বেষু গাত্রেষু চ সপ্তবারানারাত্রিকং তং মুনয়ো বদন্তি॥"

মুনিগণ বলেন—দেবতার পাদতলে চারিবার, নাভিদেশে দুইবার, মুখমণ্ডলে তিনবার ও সর্ব্বগাত্রে সাতবার আরাত্রিক করিবেন।

নীরাজনং পঞ্চবিধং প্রথমং দীপমালয়া।
দ্বিতীয়ং সোদকাব্জেন তৃতীয়ং ধৌতবাসসা।
চতুর্থং পত্রপুষ্পৈশ্চ প্রণত্যা পঞ্চমং স্মৃতং॥"

নীরাজন পাঁচ প্রকার—প্রথমে দীপমালা—অর্থাৎ পঞ্চপ্রদীপ, দ্বিতীয়ে সজলশঙ্খ—অর্থাৎ অর্ঘ্যপাত্র, তৃতীয়ে ধৌতবস্ত্র, চতুর্থে পল্লব ও পুষ্প, তৎপরে প্রণিপাত। কর্পূর, যক্ষধূপ, চামর, ব্যজন প্রভৃতি দ্বারাও আরাত্রিক করার প্রথা আছে।

প্রণাম-পদ্ধতি

দেবতা-বিষয়ে অষ্টাঙ্গ ও পঞ্চাঙ্গ প্রণামই প্রশস্ত। এইরূপ প্রণাম পূজান্তে করিতে হয়।

অষ্টাঙ্গ-প্রণাম

"পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যামুরসা শিরসা দৃশা।
বচসা মনসা চৈব প্রণমোঽষ্টাঙ্গ ঈরিতঃ॥"—তন্ত্রসারঃ।

পাদদ্বয়, হস্তদ্বয়, জানুদ্বয়, বক্ষঃ, মস্তক, চক্ষু, বাক্য ও মনঃ—এই অষ্ট-অঙ্গ দ্বারা প্রণামই অষ্টাঙ্গ-প্রণাম বলিয়া কথিত।

পঞ্চাঙ্গ-প্রণাম

"বাহুভ্যাঞ্চৈব জানুভ্যাং শিরসা বচসা দৃশা।
পঞ্চাঙ্গোঽয়ং প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমৌ॥"—তন্ত্রসারঃ।

বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বাক্য ও চক্ষু এই পঞ্চাঙ্গ দ্বারা প্রণামকে পঞ্চাঙ্গ-প্রণাম বলে।

"স্ববামে প্রণমেদ্বিষ্ণুং দক্ষিণে শক্তিশঙ্করৌ।
প্রণমেচ্চ গুরোরগ্রে চান্যথা নিষ্ফলং ভবেৎ॥"

বিষ্ণুমূর্ত্তিকে নিজের বামদিকে রাখিয়া, শক্তিদেবতাকে এবং শঙ্করকে দক্ষিণদিকে ও গুরুকে অগ্রে রাখিয়া প্রণাম করিবেন। ইহার অন্যথা করিলে প্রণাম নিষ্ফল হয়।

প্রদক্ষিণ

"শঙ্খহস্তেন সর্ব্বত্র দক্ষিণং পরিকীর্ত্তিতম্॥"—বিশ্বসারঃ।

হস্তে শঙ্খ লইয়া দেবতাকে প্রদক্ষিণ করিবে।

"দক্ষিণাদ্বায়বীং গত্বা দিশং তস্যাশ্চ শাম্ভবীং। ততশ্চ দক্ষিণাং গত্বা নমস্কারস্ত্রিকোণবৎ। অর্দ্ধচন্দ্রং মহেশস্য পৃষ্ঠতশ্চ সমীরিতং। শিবপ্রদক্ষিণে মন্ত্রী অর্দ্ধচন্দ্রক্রমেণ তু॥ সব্যাসব্যক্রমেণৈব সোমসূত্রং ন লঙ্ঘয়েৎ॥ সোমসূত্রং জলনিঃসরণস্থানম্॥" ইতি তন্ত্রসারঃ।

দেবতার দক্ষিণদিক্ হইতে বায়ুকোণ পর্য্যন্ত গমন করিয়া, ঈশানকোণে গমন করিতে হয়, তৎপরে পুনরায় বায়ুকোণ হইতে দক্ষিণে আসিতে হয়। ইহাকেই ত্রিকোণাকার প্রদক্ষিণ কহে। শিবকে অর্দ্ধচন্দ্রাকারে প্রদক্ষিণ করিবেন—অর্থাৎ অগ্নিকোণ হইতে বায়ুকোণে যাইয়া বায়ুকোণে হইতে অগ্নিকোণে আসিবেন, কিন্তু সোমসূত্র লঙ্ঘন করিবেন না। যোনিপীঠের অগ্রবর্ত্তি জলনিঃসরণ স্থানকে 'সোমসূত্র বলে।

"একং দেব্যাং রবৌ সপ্ত ত্রীণি কুর্য্যাদ্বিনায়কে।
চত্বারি কেশবে কুর্য্যাৎ শিবে চার্দ্ধপ্রদক্ষিণম্॥"

দেবীকে একবার, সূর্য্যকে সাতবার, বিনায়ককে তিনবার, বিষ্ণুকে চারিবার এবং শিবকে অর্দ্ধপ্রদক্ষিণ করিতে হয়। মতান্তরে স্ত্রীদেবতাকে তিনবার প্রদক্ষিণ করার বিধি আছে। যথা—

"সকৃত্রির্ব্বা বেষ্টনেন দেব্যাং প্রীতিঃ প্রজায়তে।
স চ প্রদক্ষিণো জ্ঞেয়ঃ সর্ব্বদেবস্য তুষ্টিদঃ॥"—কালিকাপুরাণং।

একবার বা তিনবার বেষ্টন করিয়া দেবীকে প্রদক্ষিণ করিলে তাঁহার প্রীতি উৎপন্ন হয় এবং তাহাতে সকল দেবগণ তুষ্ট হইয়া থাকেন।

আত্ম-সমর্পণ

এক অঞ্জলি জল হস্তে লইয়া—"ওঁ ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা হস্তাভ্যা" পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎকৃতং তৎ সর্ব্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা, ওঁ মাং মদীয়ং সকলং সম্যক্‌শ্রীমদমুক-দেবতায়ৈ সমর্পয়ামি ওঁ তৎ সৎ॥—এই বলিয়া গৃহীত জল দেবতার চরণে অর্পণ করিয়া আত্মসমর্পণ করিবেন।

বিসর্জ্জন

সাধক "দেবতার শরীরে আবরণ-দেবতাগণ বিলীন হইয়াছেন" এইরূপ চিন্তা করিয়া "ক্ষমস্ব" এই বলিয়া বিসর্জ্জন করিবেন।

"সংহারমুদ্রয়া তত্তেজঃ পুষ্পৈঃ সার্দ্ধং স্বহৃদয়মানয়েৎ॥"—সংহার মুদ্রা প্রদর্শন করিয়া নির্ম্মাল্যপুষ্পের সহিত দেবতার তেজঃ নিজ হৃদয়ে আনয়ন করিবেন।

স্বীয়-মস্তকে নির্ম্মাল্য ধারণপূর্ব্বক সর্ব্বাঙ্গ চন্দন-ভূষিত করিবেন। দেবতার বিশিষ্ট ভক্ত-ব্যক্তিকে নৈবেদ্য দান করিয়া পরে স্বয়ং ভক্ষণ করিবেন। দেবতার্চ্চনাবশিষ্ট শঙ্খমধ্যস্থ জল অঙ্গে লেপন করিলে, মানুষ ব্রহ্মহত্যাদি পাতক হইতে মুক্ত হইতে পারে।

সামবেদি-শান্তি

কয়া নশ্চিত্র ইতিঋক্ত্রয়স্য বামদেব ঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আ ভূব দূতী সদা বৃধঃ সখা॥ কয়া শচিষ্ঠয়া বৃতা॥ ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু ওঁ অভী যু ণঃ সখীনামবিতা জরিতৄণাং। শতং ভবাস্যূতয়ে। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। ওঁ দ্যৌঃ শান্তিরন্তরীক্ষং শান্তিঃ পৃথিবী শান্তিরাপঃ শান্তিরোষধয়ঃ শান্তিঃ। বনস্পতয়ঃ শান্তির্বিশ্বেদেবাঃ শান্তির্ব্রহ্মশান্তিঃ সর্ব্বং শান্তিঃ শান্তিরেব শান্তিঃ সা মা শান্তিরেধি। ওঁ শান্তিরস্তু শিবঞ্চাস্তু বিনশ্যত্বশুভঞ্চ যৎ। যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু স্বাহা॥

ঋগ্বেদি-শান্তি

ওঁ সন্দলী পাবয়ন্তে তন্মুঞ্চয়তি বচো যথা। আভ্যাবন্তং যমাবন্তং যত্র বেদমিতি ব্রুবন্। যায়াকেতুং পুরস্পৃহং ভারতী ব্রহ্মবর্দ্ধিনী। সজ্ঞনানামভিহিতো য এবেদমিতি ব্রুবন্। ইন্দ্রস্থং কিং বিভুঃ প্রভুর্ভাষুর্নায়ং সরস্বতীম্। তেন সূর্য্যমরোচয়ৎ যেনেমে রোদসী উভে। জুবস্বাগ্নে আঙ্গিরসঃ কাণ্বং মেধা তিথিমাত্মা। সোমস্য ববৃহৎ শোত স্যামধ্যমোত্তমঃ। জুষস্বাগ্নে আঙ্গিরসঃ শোত স্যাদৈ বরিতমঃ। অশান্তমাশান্তমভি শান্তে স্বস্তিমকূর্ব্বতঃ। শন্নঃ কণিক্রদন্দে পর্জ্জন্যোঽভিবর্ষতু। ওষধয়ঃ প্রদীপয়ন্তাং শন্নো দ্যাবাপৃথিবী। শং প্রজাভ্যঃ শন্নোঽস্তু দ্বিপদে শঞ্চতুষ্পদে॥ ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

যজুর্ব্বেদি-শান্তি

"ওঁ ঋচং বাচং প্রপদ্যে মনো যজুঃ প্রপদ্যে সামপ্রাণং প্রপদ্যে চক্ষুঃ শ্রোত্রং প্রপদ্যে রাগো যঃ সহজো ময়ি, প্রাণাপানয়োর্যন্মে ছিদ্রং চক্ষুষোর্হৃদয়স্য ব্যতিতীর্ণং বৃহস্পতির্মে দধাতু শন্নো ভবতু ভুবনস্য যস্পতিঃ॥ ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।"

পৌরাণিক শান্তি

"ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবন্ যমো বৈ নৈঋতস্তথা॥ বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা॥ ওঁ কীর্ত্তিলক্ষ্মীর্ধৃতির্ম্মেধা শ্রদ্ধা পুষ্টিঃ ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ। এতাস্ত্বামভিষিঞ্চন্তু দেবপত্ন্যঃ সমাগতাঃ। আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ। ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ। অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো

বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্থাবয়বাশ্চ যে॥ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥"

পঞ্চোপচার

"গন্ধং পুষ্পঞ্চ ধূপঞ্চ দীপং নৈবেদ্যমেব চ।
প্রদদ্যাৎ পরমেশানি পূজা পঞ্চোপচারিকা॥"

গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য,—ইহাকেই পঞ্চোপচার বলে।

দশোপচার

"পাদ্যার্ঘ্যাচমনীয়ানি মধুপর্কস্তথাচমঃ।
গন্ধাদয়ো নৈবেদ্যান্তা উপচারা দশ স্মৃতাঃ।"

পাদ্য, অর্ঘ, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য,—ইহাকেই দশোপচার বলে।

ষোড়শোপচার

"আসনং স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্। মধুপর্কাচমস্নানবসনাভরণানি চ। গন্ধ-পুষ্পধূপদীপনৈবেদ্যবন্দনং তথা। প্রয়োজয়েদর্চ্চনায়ামুপচারাংস্তু ষোড়শ॥"

আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নানীয়, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বন্দনা; ইহাই ষোড়শোপচার।

অষ্টাদশোপচার

"আসনাবাহনঞ্চার্ঘ্যং পাদ্যমাচমনংতথা। স্নানং বাসস্তুপবীতভূষণানি চ সর্ব্বশঃ। গন্ধঃ পুষ্পং তথা ধূপো দীপোঽন্নঞ্চাপি তর্পণম্। মাল্যানুলেপনঞ্চৈব নমস্কারবিসর্জ্জনে। অষ্টাদশোপচারৈস্তু মন্ত্রী পূজাং সমাচরেৎ॥" ইতি ফেৎকারিণীতন্ত্র॥

আসন, আবাহন, অর্ঘ্য, পাদ্য, আচমন, স্নানীয়, বস্ত্র, উপবীত, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, তর্পণ, মাল্য, অনুলেপন, নমস্কার ও বিসর্জ্জন;—ইহাকেই অষ্টাদশোপচার বলে।

উপচারদানবিধি

"এতস্মৈ আসনায় নমঃ" বলিয়া তিনবার অর্চ্চনা করিয়া—" এতে গন্ধপুষ্পে এতস্মৈ আসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ [১] এতৎ সম্প্রদানায় শ্রীঅমুক-দেবায় নমঃ" বলিয়া অর্চ্চনা করত "ইদং আসনং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" [২] বলিয়া আসন; "অমুক-দেব স্বাগতং" বলিয়া স্বাগতপ্রশ্নানন্তর এতৎ পাদ্যং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" বলিয়া দেবতার পাদযুগলে পাদ্য, "এষোঽর্ঘঃ" সামবেদীয়েরা "ইদমর্ঘ্যং অমুক-

১। প্রত্যেক বস্তুর অধিপতি স্বতন্ত্র হইলেও "সর্ব্বং বা বিষ্ণুদৈবতং" এই প্রমাণ অনুসারে সকল দ্রব্য উৎসর্গ বাক্যেই" এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ বলিবেন। সমর্থ পক্ষে প্রত্যেক বস্তুর অধিপতির উল্লেখ করিতে হইলে ষোড়শ দান প্রকরণ দ্রষ্টব্য।

২। আসনের ন্যায় সমস্ত উপচার দানেই প্রথমে অর্চ্চনা করিয়া অধিপতির অর্চ্চনা করিবেন, পরে দেবতার উদ্দেশে নিবেদন করিতে হয়। "অর্চ্চিতমর্চ্চিতায় দদ্যাৎ।"

দেবতায়ৈ স্বাহা" বলিয়া দেবতার মস্তকে অর্ঘ্য, ঐরূপ "স্বধা" বলিয়া দেবতার বদনে আচমনীয়, "স্বধা" বলিয়া মধুপর্ক, "নিবেদয়ামি" বলিয়া স্থানীয় ও বস্ত্র "নমঃ" মন্ত্রে আভরণ ও গন্ধ (চন্দন, কর্পূর ও কৃষ্ণাগুরুকে গন্ধদ্রব্য বলে), "বৌষট্" বলিয়া পুষ্প, "নমঃ" মন্ত্রে ধূপ, দীপ, নিবেদয়ামি" বলিয়া নৈবেদ্য নিবেদন করিবেন। তান্ত্রিক পূজায় এইরূপ পৃথক পৃথক নিবেদন মন্ত্র, পৌরাণিক পূজায় সকল উপচারই "নমঃ বলিয়া নিবেদন করিবেন।

সমস্ত দ্রব্যই দেবতার সম্মুখে আনয়ন করিয়া অর্ঘ্যজল দ্বারা প্রোক্ষণ করত "ফট্" মন্ত্রে সংপ্রোক্ষণ করিয়া ধেনুমুদ্রা প্রদর্শনপূর্ব্বক তদুপরি মূলমন্ত্র আটবার জপ করিয়া নিবেদন করিতে হয়। অনন্তর পানার্থ জল ও তাম্বুলাদি "নমঃ বলিয়া নিবেদন করিয়া দিবেন।

উপচারদানে অঙ্গুলি-নিয়ম

মধ্যমা, অনামিকা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলির অগ্রভাগ দ্বারা গন্ধ; অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীযোগে পুষ্প প্রদান করিবেন। মধ্যমা ও অনামিকা অঙ্গুলির মধ্যপর্ব্ব ও অঙ্গুষ্ঠাঙ্গুলির অগ্রভাগ দ্বারা ধূপ ও দীপ ধারণ করিয়া বারত্রয় উত্তোলনপূর্ব্বক নিবেদন করিতে হয়। তত্ত্বমুদ্রা দ্বারা নৈবেদ্য ধারণ করিয়া নিবেদন করিবেন।

অধিবাস [১]

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অন্যের কর্ত্তব্য পূজা হইলে ইহার পর "অমুকগোত্রস্য 'শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" দিতে হইবে) শ্রীমদমুকদেবতাপ্রীতিকামঃ সঙ্কল্পিতশ্রীমদমুকদেবতাপূজাঙ্গভূতং শ্রীমদমুকদেবতায়াঃ শুভগন্ধাদিভিরধিবাসনকর্ম্মাহং করিষ্যে, (অন্যের হইলে "করিষ্যামি" হইবে)। এইরূপ সঙ্কল্প করিয়া সূক্ত পাঠপূর্ব্বক প্রথমতঃ নিম্নলিখিত মন্ত্রে গন্ধ, তৈল, হরিদ্রা অভিমন্ত্রিত করিয়া "অনেন গন্ধেন অস্যাঃ শ্রীমদমুকদেবতায়াঃ শুভাধিবাসনমস্তু" এই প্রকারে দেবীর বা দেবের ললাটে সকল দ্রব্য স্পর্শ করাইবেন। পরে প্রশস্তিবন্দন করাইবেন যথা—মৃত্তিকা, চন্দন, প্রস্তর, ধান্য, দূর্ব্বা, পুষ্প, ফল, দধি, ঘৃত, স্বস্তিক, সিন্দূর, শঙ্খ, কজ্জল, গোরোচনা, শ্বেতসর্ষপ, স্বর্ণ, রৌপ্য, তাম্র, চামর, দর্পণ, দীপ, প্রশস্তিপাত্র (বরণডালা বা কুলা); —এই সমস্ত দ্রব্য নীচের লিখিত মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া— "অনয়া মৃত্তিকয়া শ্রীমদমুকদেবতায়াঃ শুভাধিবাসনমস্তু" এইরূপ বলিয়া প্রত্যেকটি দ্রব্যকে অগ্রে দেবতার ললাটদেশে স্পর্শ করাইয়া, পশ্চাৎ ভূমিতে ছোঁয়াইয়া প্রশস্তি-পাত্রে

১। পুত্র বা কন্যার বিবাহাদিকার্য্যে অধিবাসের জন্য 'শ্রীঅমুকদেবশর্ম্মণঃ' শূদ্রপক্ষে 'দাসস্য' কন্যার জন্য 'শ্রীঅমুকী দেব্যাঃ' শূদ্রপক্ষে 'দাস্যাঃ' শুভবিবাহাঙ্গভূতং গন্ধাদিভিরধিবাসনমহং করিষ্যামি, এইরূপ সঙ্কল্প করিতে হইবে। অধিবাসের কালে "অনয়া মৃত্তিকয়া শ্রীঅমুকদেবশর্ম্মণঃ– দাসস্য—স্ত্রীপক্ষে শ্রীঅমুকীদেব্যাঃ—দাস্যাঃ শুভাধিবাসনমস্তু" বলিতে হইবে।

স্থাপন করিবেন এবং ঐ পাত্রও পূর্ব্বমত দেবতার ললাটে স্পর্শ করাইবেন ; পরে নিজ নিজ আচারসিদ্ধ মাঙ্গল্য দ্রব্যাদিও (আইভাঁড়, শ্রী ইত্যাদি) "অনেন মাঙ্গল্যদ্রব্যেণ" ইত্যাদি প্রকারে স্পর্শ করাইবেন। পরে সাত বা পাঁচটি দূর্ব্বাযুক্ত কুঙ্কুম বা হরিদ্রা-রঞ্জিত ডোরক (সূত্র) শেষোক্ত-মন্ত্রে পূত করিয়া পুংদেবতার ও পুরুষের দক্ষিণ হস্তে এবং দেবীর ও কন্যার বামহস্তে বন্ধন করিবেন।

সামবেদীয় অধিবাসমন্ত্র

গন্ধমন্ত্র—"ওঁ অলর্ষিরাতিং বসুদা-মুপ-স্তুহি, ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। যো অস্য কামং বিধতো ন রোষতি, মনো দানায় চোদয়ন্॥" পুষ্পমন্ত্র—"ওঁ শ্রীরসি ময়ি রমস্ব॥" তৈলহরিদ্রামন্ত্র—"ওঁ শ্রায়ন্ত ইব সূর্য্যং বিশ্বেদিন্দ্রস্য ভক্ষত। বসূনি জাতে জনিমান্যো-জসা, প্রতি-ভাগং ন দীধিমঃ।" মহীমন্ত্র—"ওঁ মহি ত্রীণামবরস্ত দ্যুক্ষঃ, মিত্রস্যার্য্যম্ণঃ। দুরাধর্ষং বরুণস্য॥" গন্ধমন্ত্র—"ওঁ অলর্ষিরাতিং বসুদা-মুপ স্তুহি, ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। যো অস্য কামং বিধতো ন রোষতি, মনো দানায় চোদয়ন্॥" শিলামন্ত্র—"ওঁ বি-স্বদাপো ন পর্ব্বতস্য পৃষ্ঠা-দুক্থেভিরগ্নে জনয়ন্ত দেবাঃ। ত্বং ত্বা গিরঃ সুষ্টুতয়ো বাজয় ন্ত্যাজিং ন গির্ব্বাহো জিগ্যুরশ্বাঃ॥" ধান্যমন্ত্র—"ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্ত মুক্থিনং। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ॥" দূর্ব্বামন্ত্র—"ওঁ যজ্জায়থা অপূর্ব্ব্য মঘবন্ বৃত্র-হত্যায়। তৎপৃথিবী-মপ্রথয়, স্তদস্তভ্না উতো দিবং॥" পুষ্পমন্ত্র—"ওঁ পবমান ব্যশ্নুহি, রশ্মিভির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্যং॥" ফলমন্ত্র—"ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে, যৎ পার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতাশবসশ্চকান, আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ॥" দধিমন্ত্র—"ওঁ দধি ক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরৎ, প্রাণ আয়ূংষি তারিষৎ॥" ঘৃতমন্ত্র—"ওঁ ঘৃতবতী ভুবনানামধিশ্রিয়োর্ব্বী, পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা, বিস্কভিতে অজরে ভূরিরেতসা॥" স্বস্তিকমন্ত্র—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতি র্দধাতু॥" সিন্দূরমন্ত্রে—"ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্ত-মুক্ষণং, ঘৃতস্য পাবাঃ পশুমপ্সু গৃভ্নতে॥" শঙ্খমন্ত্র—"ওঁ স সুন্বে যো বসূনাং যো রায়া মানেতা য ইড়ানাং। সোমো যঃ সুক্ষিতীনাং॥" কজ্জলমন্ত্র—"ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে, ক্রতুং রিহন্তি মধ্বাভ্যঞ্জতে॥" গোরোচনামন্ত্র—"ওঁ অধ জ্মো অধ বা দিবো, বৃহতো রোচনাদধি। অয়া বর্দ্ধস্ব তন্বা গিরা, মমা জাতা সুক্রতো পৃণ॥" শ্বেতসর্ষপ মন্ত্র—"ওঁ এষো উষা অপূর্ব্ব্যা, বুচ্ছতি প্রিয়া দিবঃ, স্তুষে বা-মশ্বিনাবৃহৎ॥" স্বর্ণমন্ত্র—"ওঁ তৎ গূর্দ্ধয়া স্বর্ণরং দেবাসো, দেবমরতিং দধন্বিরে। দেবত্রা হব্যমূহিষে॥" রৌপ্যমন্ত্র—"ওঁ যদ্ বর্চ্চো হিরণ্যস্য, যদ বাবর্চ্চো গবামুত। সত্যস্য ব্রহ্মণো বর্চ্চ-স্তেন মা সংসৃজামসি॥" তাম্রমন্ত্র—"ওঁ বণ্মহাঁ অসি সূর্য্য, বড়াদিত্য মহাঁ অসি। মহস্তে সতো মহিমা পনিষ্টম, মহ্না দেব মহাঁ অসি॥" চামরমন্ত্র—"ওঁ বাত আ বাতু ভেষজং, শম্ভু ময়োভু নো হৃদে। প্রাণ আয়ূংষি

তারিষৎ॥" দর্পণমন্ত্র—"ওঁ আদিৎ প্রত্নস্য রেতসো, জ্যোতিষ্পশ্যন্তি বাসরং। পরো যদিধ্যতে দিবি॥" দীপমন্ত্র—"ওঁ অগ্ন আয়াহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥" প্রশস্তিপাত্রমন্ত্র—"ওঁ উত্তমেঁাকানরোচয়ঃ ইমাল্লোকাঁনরোচয়ঃ। প্রজাভূতমরোচয়ো, বিশ্বভূতমরোচয়ঃ॥" মাঙ্গল্যসূত্রমন্ত্র—"ওঁ সুত্রামাণং পৃথিবীং দ্যা-মনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিং। দৈবীং নাবং স্বরিত্রা-মনাগস, মস্রবন্তী-মা রুহেমা স্বস্তয়ে॥"

যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয় অধিবাসমন্ত্র

গন্ধমন্ত্র—"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং, নিত্যপুষ্টাং করীষিণীং। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে, মিশ্রম্॥" পুষ্পমন্ত্র—"ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা, বহোরাত্রে পার্শ্বে, নক্ষত্রাণি রূপ—মশ্বিনৌ ব্যাত্তং। ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ, সর্ব্বলোকম্ম ইষাণ॥" তৈল-হরিদ্রা মন্ত্র "ওঁ কোহসি, কতমোহসি, কস্মৈ ত্বা, কায় ত্বা। সুশ্লোক সুমঙ্গল সত্যরাজন্॥" মহীমন্ত্র—ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি, বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী পৃথিবীং যচ্ছ, পৃথিবীং দৃঁহ, পৃথিবীং মা হিঁসীঃ।" গন্ধমন্ত্র—"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং। ঈশ্বরীং সর্ব্বভূতানাং, তামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥

শিলামন্ত্র—"ওঁ প্র পর্ব্বতস্য বৃষভস্য পৃষ্ঠা,-ন্নাবশ্চরন্তি স্বসি চ ইয়ানাঃ। তা আব-বৃত্রন্নধরা-গুদক্তা, অহিং বুধ্ন্য-মনু রীয়মাণাঃ বিষ্ণোবিক্রমণমসি বিষ্ণোর্ব্বিক্রান্তমসি। বিষ্ণোঃ ক্রান্তমসি॥" ধান্যমন্ত্র—"ওঁ ধান্যমসি, ধিনুহি দেবান্, ধিনুহি যজ্ঞং ধিনুহি যজ্ঞপতিং, ধিনুহি মাং যজ্ঞন্যং॥" দূর্ব্বামন্ত্র—"ওঁ কাণ্ডাৎ-কাণ্ডাৎ প্ররোহন্তী, পুরুষঃ-পরুষস্পরি। এবা নো দূর্ব্বে প্রত নু, সহস্রেণ শতেন চ॥" পুষ্পমন্ত্র—"ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ পত্ন্যা-বহোরাত্রে পার্শ্বে, নক্ষত্রাণি রূপ, মশ্বিনৌ ব্যাত্তং ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ সর্ব্বলোকম্ম ইষাণ।" ফলমন্ত্র—"ওঁ যাঃ ফলিনী র্যা অফলা, অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতা-স্তা নো মুঞ্চন্তং হসঃ॥" দধিমন্ত্র—"ওঁ দধি ক্রাব্ণো অকারিষং, জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নৌ মুখা-করৎ প্র ণ আয়ুংষি তারিষৎ॥" ঘৃতমন্ত্র—"ওঁ তেজোহসি শুক্রমস্যমৃতমসি, ধাম নামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি॥" স্বস্তিকমন্ত্র—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তিনস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি, নো বৃহস্পতির্দধাতু॥" সিন্দূরমন্ত্র—"ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো, বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষোন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্বমানঃ॥" শঙ্খমন্ত্র—"ওঁ প্রতিশ্রুৎকায়া অর্ত্তনং ঘোষায় ভযমন্তায় বহুবাদিন মনন্তায় মূকং, শব্দায়াড়-ম্বরাঘাতামহসে বীণাবাদং কোশায় তূণবধ্ম-অবরস্পরায় শঙ্খধ্বং বনায় বনপ,-মন্যতোহর-ণ্যায় দাবপং॥" কজ্জলমন্ত্র—"ওঁ সমিদ্ধো অঞ্জন্ কৃদরং মতীনাং, ঘৃতমগ্নে মধুমৎ পিন্বমানঃ বাজী-বহন্। বাজিনং জাতবেদো, দেবানাং বক্ষি। প্রিয়-মামধস্থং॥" গোরোচনামন্ত্র—"ওঁ যু ঞ্জন্তি ব্রধ্ন মরুষং, চরন্তং পরি তস্থুষঃ। রোচন্তে রোচনা দিবি॥" শ্বেতসর্ষপমন্ত্র—

"ওঁ রক্ষোহণো বো বলগহনঃ প্রোক্ষামি বৈষ্ণবান্। রক্ষোহণো বো বলগহনোহব নয়ামি বৈষ্ণবান্। রক্ষোহণো বো বলগহনোহব স্তৃণামি বৈষ্ণবান্। রক্ষোহণৌ বাং বলগহনা উপদধামি বৈষ্ণবী। রক্ষোহণৌ বাং বলগহনৌ পর্য্যূহামি বৈষ্ণবী। বৈষ্ণবমসি। বৈষ্ণবাঃ স্থঃ। স্বর্ণমন্ত্র—"ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে, ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। সদাধার পৃথিবীং দ্যামুতেমাং, কস্মৈ দেবায় হবিষা বিধেম॥" রৌপ্যমন্ত্র,—"ওঁ রূপেণ বো রূপমভ্যাগাং। তুথো বো বিশ্ববেদা বিভজতু। ঋতস্য পথা প্রেত চন্দ্রদক্ষিণাঃ। বি স্বঃ পশ্য ব্যন্তরিক্ষং। যতস্ব সদস্যৈঃ॥" তাম্রমন্ত্র—"ওঁ অসৌ যস্তাম্রো অরুণ, উত বভ্রুঃ সুমঙ্গলং। যে চেমাং রুদ্রা অভিতো দিক্ষু শ্রিতাঃ, সহস্রশোহবৈষাং হেড় ঈমহে॥" চামরমন্ত্র—"ওঁ বাতো বা মনো বা, গন্ধর্ব্বাঃ সপ্তবিংশতিঃ। তে অগ্রেহশ্ব-মযুঞ্জং,-স্তে অস্মিঞ্জবমাদধুঃ॥" দর্পণমন্ত্র—"ওঁ আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো, নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেন, দেবো যাতি ভুবনানি পশ্যন্॥" দীপমন্ত্র—"ওঁ মনো জূতির্জুষতা মাজ্যস্য, বৃহস্পতির্যজ্ঞমিমং তনো-ত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু। বিশ্বে দেবাস ইহ মাদয়ন্তা মোঁ-প্রতিষ্ঠ॥" প্রশস্তিপাত্রমন্ত্র—"ওঁ প্রতিপদসি, প্রতিপদে ত্বা—নুপদ,-স্যনুপদে ত্বা ; সম্পদসি, সম্পদে ত্বা ; তেজোহসি তেজসে ত্বা॥" মাঙ্গল্যসূত্র-মন্ত্র—"ওঁ সূত্রামাণং পৃথিবীং দ্যা-মনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিং। দৈবীং নাবং স্বরিত্রামনাগসমস্রবন্তী-মা রুহেমা স্বস্তয়ে।"

অথ বলিদান

ছাগবলি। যথা—সুলক্ষণাক্রান্ত ছাগপশুকে স্নান করাইয়া দেবতার সম্মুখে পূর্ব্বমুখে রাখিয়া পূজক উত্তরমুখ হইয়া "ওঁ অস্ত্রায় ফট্" এই মন্ত্রে বলিকে নিরীক্ষণ করত নিম্নলিখিত-মন্ত্রে কুশোদক দ্বারা প্রোক্ষণ করিবেন। যথা—"ওঁ অগ্নি পশুরাসীৎ, তেনাযজন্ত, স এতাং লোকমজয়দ, যস্মিন্নগ্নিঃ, স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি, পিবৈতা অপঃ। ওঁ বায়ুঃ পশুরাসীৎ, তেনাযজন্ত, স এতং লোক-মজয়দ্ ; যস্মিন্ বায়ুঃ স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ। ওঁ সূর্য্যঃ পশুরাসীৎ, তেনাযজন্ত, স এতং লোকমজয়দ্ ; যস্মিন্ সূর্য্যং স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি, পিবৈতা অপঃ। ওঁ বাচস্তে শুন্ধামি, প্রাণস্তে শুন্ধামি, চক্ষুস্তে শুন্ধামি, শ্রোত্রস্তে শুন্ধামি। নাভিস্তে শুন্ধামি, মেঢ্রস্তে শুন্ধামি, পায়ুস্তে শুন্ধামি, চরিত্রাং স্তে শুন্ধামি। ওঁ মনস্ত আপ্যায়তাং বাক্ ত আপ্যায়তাং, প্রাণস্ত আপ্যায়তাং, চক্ষুস্ত আপ্যায়তাং, শ্রোত্রস্ত আপ্যায়তাং, যত্তে ক্রূরং যদা স্থিতং তত্ত আপ্যায়তাং, তত্তে নিষ্ঠ্যায়তাং তত্তে শুধ্যতু শমহোভ্যঃ।" পরে নিম্নমন্ত্রে হস্তদ্বারা পশুর অঙ্গশোধন করিবেন, যথা—ওঁ পশুপাশ-বিনাশায় হেমকূটস্থিরায় চ। পরাপরায় পরমাত্মনে, হুঁকারায় ত্রিমূর্ত্তয়ে। তদনন্তর শৃঙ্গমধ্যে সিন্দুর দিয়া "ওঁ ছাগপশবে নমঃ" বলিয়া পূজা করিয়া পশুর মস্তকে "ওঁ রুধিরবদনায়ৈ নমঃ", কপালে—ঐঁ চণ্ডিকায়ৈ নমঃ, কর্ণদ্বয়ে—ওঁ বৃহস্পতয়ে নমঃ,

চক্ষুর্দ্বয়ে—ওঁ চন্দ্রাদিত্যাভাং নমঃ, মুখ ও নাসিকায়—ওঁ সরস্বত্যৈ নমঃ, জিহ্বায়—ওঁ অগ্নয়ে নমঃ, গ্রীবায়—ওঁ উগ্রচণ্ডায়ৈ নমঃ, চতুষ্পাদে ওঁ মহাভৈরব্যৈ নমঃ, উদরে—ওঁ বৈষ্ণব্যৈ নমঃ, পুচ্ছে—ওঁ রক্তদন্তিকায়ৈ নমঃ, সর্ব্বাঙ্গে—ওঁ রুধিরবদনায়ৈ নমঃ। পরে পশুস্পর্শ করিয়া পাঠ করিবেন—"ওঁ শিরঃ পুনাতু গোবিন্দঃ কণ্ঠং বিষ্ণুঃ পুনাতু তে। পৃষ্ঠং পুনাতু বৈকুণ্ঠঃ কবচং তে জনার্দ্দনঃ। গুহ্যং পুচ্ছন্তু পবনো জঙ্ঘাপাদৌ মহেশ্বরঃ। এবং সমস্তাগাত্রাণি পুনাতু পুরুষোত্তমঃ ওঁ ছাগ ত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ শর্ব্বরূপিণঃ বলিরূপিণং। ওঁ চণ্ডিকা-প্রীতি-দানেন দাতুরাপদ্‌বিনাশিনে। চামুণ্ডাবলিরূপায়, বলে তুভ্যং নমো নমঃ॥ ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যগু তস্মাদ্‌যজ্ঞে বধোঽবধঃ।' পরে পশুকে শিবরূপী চিন্তা করত "ওঁ ঐঁ হ্রীং শ্রীং" এই মন্ত্রে উহার মস্তকে পুষ্প প্রদান করিয়া উৎসর্গাদি করিবেন, "ওঁ এতস্মৈ ছাগপশবে নমঃ। এই বলিয়া ৩ বার জলের ছিটা দিবে। এতদধিপতয়ে ওঁ বহ্নয়ে নমঃ, এতৎ সম্প্রদানায় শ্রীঅমুকীদেব্যৈ নমঃ" বলিয়া কোশায় হাত রাখিয়া মহাবাক্য পাঠ করিবেন; যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি শ্রীমদমুকদেবতা-প্রীতিকামঃ (অভীষ্টফলকামঃ বা) ইমং ছাগপশুং বহ্নিদৈবতং শ্রীমদমুকদেবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে (অন্যের হইলে "ঘাতয়িষ্যামি" বলিবেন) এই বলিয়া পশুর মস্তকে জল দিয়া পশুর কর্ণে নিম্নমন্ত্র পাঠ করিবেন যথা—"ওঁ হিলি হিলি কিলি কিলি বহুরূপধরায়ৈ হুঁ হুঁ স্ফেঁ স্ফেঁ ইমং পশুং প্রদর্শয় স্বর্গং নিয়োজয় মুক্তিং কুরু কুরু স্বাহা। ওঁ পশুপাশায় বিদ্মহে শিরচ্ছেদায় ধীমহি। তন্নঃ পশুঃ প্রচোদয়াৎ॥" পরে খড়্গের ধ্যান করিবেন—"ওঁ কৃষ্ণং পিণাকপাণিঞ্চ, কালরাত্রিস্বরূপিণং। উগ্রং রক্তাস্যনয়নং, রক্তমাল্যানুলেপনং। কৃষ্ণাম্বরধরঞ্চৈব, পাশহস্তং কুটুম্বিনং। পীয়মানঞ্চ রুধিরং ভুঞ্জন্তং (ভুঞ্জানং) ক্রব্যসংহতিং॥" এইরূপ ধ্যান করিয়া "ওঁ রসনা ত্বং চণ্ডিকায়াঃ সুরলোকপ্রসাধকঃ। হ্রীং শ্রীঁ কালি কালি বিকটদংষ্ট্রে স্ফেং স্ফেং ফেৎকারিণি খাদয় ছেদয় সর্ব্বদুষ্টান্ মারয় মারয় বলিং খড়্গেন ছিন্ধি কিলি কিলি চিকি চিকি পিব পিব রুধিরং স্ফোঁ স্ফোঁ কিরি কিরি কালিকায়ৈ নমঃ।" এই মন্ত্রে খড়্গকে অভিমন্ত্রিত করত "ওঁ খড়্গায় নমঃ" এই বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিয়া "ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ" বলি পুষ্পাঞ্জলি দিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবেন ;—ওঁ অসির্বিশসনঃ খড়্গ-স্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব, ধর্ম্মপাল নমোঽস্তুতে। ইত্যাষ্টৌ তব নামানি, স্বয়মুক্তানি বেধসা। নক্ষত্রং কৃত্তিকা তুভ্যং গুরুর্দেবো মহেশ্বরঃ। হিরণ্যঞ্চ শরীরং তে ধাতা দেবো জনার্দ্দনঃ। পিতা পিতামহো দেব,-ত্বং মাং পালয় সর্ব্বদা। ওঁ নীলজীমূতসঙ্কাশস্তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ। ভাবশুদ্ধো মর্ষণশ্চ, অতিতেজাস্তথৈব চ। ইয়ং যেন ধৃতা ক্ষৌণী, হতশ্চ মহিষাসুরঃ,। তীক্ষ্ণধারায়, শুদ্ধায়, তস্মৈ খড়্গায় তে নমঃ।" পুনঃ খড়্গামূলে "ব্রহ্মণে নমঃ মধ্যে "বিষ্ণবে নমঃ", অগ্রে "রুদ্রায় নমঃ", পার্শ্বদ্বয়ে "কালযমাভ্যাং নমঃ", বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ

নমঃ", পরে "ওঁ হ্রীঁ হ্রীঁ হ্রঃ শ্রীঁ শ্রীঁ শ্রঃ নিখিলব্রহ্মাণ্ড খণ্ড খণ্ড বলিরূপং গৃহ্ণ গৃহ্ণ স্বাহা" এই বলিয়া পশু সমর্পণ করিবেন। পরে গন্ধপুষ্পাদি দ্বারা "ওঁ স্তম্ভায় নমঃ" এই মন্ত্রে স্তম্ভের পূজা করিয়া "আং হ্রীঁ ফট্" এই মন্ত্রে খড়্গ গ্রহণপূর্ব্বক এক আঘাতে পশুকে ছেদন করিবেন। পূজক স্বয়ং অক্ষম হইলে পশুর গ্রীবায় খড়্গ স্পর্শ করাইয়া উপযুক্তব্যক্তিকে অনুমতি দিয়া ছেদন করাইবেন। বলি পূর্ব্বাভিমুখে রাখিয়া ঘাতক উত্তরাভিমুখ হইবেন। পরে মৃৎ বা তাম্রপাত্রে রুধির গ্রহণপূর্ব্বক উহাতে জল, সৈন্ধব, কদলী, চিনি ও মধু সংযুক্ত করিয়া দেবতার বামভাগে স্থাপন করিবেন।

পরে "অদ্যেত্যাদি" উল্লেখ করত "শ্রীঅমুকস্য দশবর্ষাবচ্ছিন্ন-শ্রীঅমুক-দেবতাপ্রীতি-কামনয়া এষ ছাগরুধিরবলিঃ (মূলমন্ত্র মন্ত্র পড়িয়া) ওঁ শ্রীমদমুকদেবতায়ৈ নমঃ।" এই বলিয়া রুধির উৎসর্গ করত "ওঁ ঐঁ হ্রীং শ্রীঁ কৌষিক রুধিরেণাপ্যায়তাম।" এই বলিয়া জলের ছিটা দিবেন। পরে ছিন্নমুণ্ডে জলন্ত (ঘৃতাক্ত) বর্ত্তিকা স্থাপনপূর্ব্বক বাক্য করিবেন, "বিষ্ণুরোম্ ইত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শ্রীঅমুকদেবতায়া দর্শনাভিবন্দন-স্পর্শনাভিপূজন-স্নপন-তর্পণ-জনিত-পূর্ব্বপূর্ব্ব-পুণ্যাধিক-পুণ্য-প্রাপ্তিকামনয়া এষ সপ্রদীপ-ছাগশীর্ষবলিঃ (মূলমন্ত্র উচ্চারণ করিয়া) ওঁ শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ। এই বলিয়া মুণ্ড উৎসর্গ করিয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন;—"ওঁ জয় ত্বং সর্ব্বভূতেশে সর্ব্বভূত-সমাবৃতে। রক্ষ মাং সর্ব্বভূতেভ্যো, বলি ভূঙ্ক্ষ নমোঽস্তুতে॥" পরে অঙ্গুলি দ্বারা খড়্গালিপ্ত রুধিরগ্রহণ করিয়া "ওঁ যং যং স্পৃশামি পাদেন যং যং পশ্যামি চক্ষুষা। স স মে বশ্যতাং যাতু যদি শক্রসমো ভবেৎ। ওঁ ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লিন্নে মদদ্রবে স্বাহা"—এই মন্ত্রে ললাটে তিলক করিবেন॥

সংক্ষেপ বলিদান

বলি স্নান করাইয়া, দেবতার সম্মুখে পূর্ব্বমুখে স্থাপন করিয়া, স্বয়ং উত্তরাভিমুখে উপবেশনপূর্ব্বক জলদ্বারা প্রোক্ষণ করিয়া "ওঁ ছাগপশবে নমঃ" এই মন্ত্রে গন্ধ পুষ্পাদি দ্বারা পূজা করিবেন। পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন;—"ওঁ ছাগ ত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ শর্ব্ব,-রূপিণং বলিরূপিণং। ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ, স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাদ্ যজ্ঞে বধোঽবধঃ।" পরে পশুকে শিবরূপী চিন্তা করিয়া "ওঁ ঐঁ হ্রীঁ শ্রীঁ" এই মন্ত্রে পশুর মস্তকে পুষ্প প্রদান করিবেন। পরে মহাকাব্য করিবেন যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি অভীষ্টফললাভকামঃ ইমং ছাগপশুং বহ্নিদৈবতং শ্রীঅমুকদেবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে।" (অন্যের হইলে 'ঘাতয়িষ্যামি' বলিবেন।) এই বলিয়া পশুর মস্তকে জল দিবেন। পরে "ওঁ খড়্গায় নমঃ" এই মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা খড়্গের পূজা করিবেন। পরে পুষ্পাঞ্জলি লইয়া—"ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তুতে। এই মন্ত্রে খড়্গে পুষ্পাঞ্জলি দিবেন। পরে "ওঁ স্তম্ভায় নমঃ" এই মন্ত্রে স্তম্ভের পূজা করিয়া।

"আং হ্রীঁ ফট্" এই মন্ত্রে এক আঘাতে ছেদন করিবেন। অশক্ত পক্ষে অন্যদ্বারা ছেদন করাইবেন। পরে মৃৎ বা তাম্রপাত্রে রুধির স্থাপন করত জল, সৈন্ধব, কদলী, শর্করা ও মধুযুক্ত করিয়া দেবতার বামে স্থাপনপূর্ব্বক "বিষ্ণুরোম্—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য দশবর্ষাবচ্ছিন্ন-শ্রীঅমুকদেবতা-প্রীতিকাম-নয়া এষ ছাগরুধিরবলিঃ (মূলমন্ত্র পাঠ করত) ওঁ শ্রীঅমুকদেব্যৈ নমঃ" এই মন্ত্রে রুধির উৎসর্গ করিয়া, কৃতাঞ্জলি হইয়া "ওঁ কৌষিকি রুধিরেণাপ্যায়তাম্" এই বলিয়া প্রার্থনা করিবেন। পরে ছিন্নমুণ্ডে জলন্ত নূতন বর্ত্তিকা প্রদান করিয়া—"বিষ্ণুরোম—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শ্রীমুকদেবতাদর্শনাদিজনিত-পুণ্যাধিকপুণ্যপ্রাপ্তিকামনয়া এষ সপ্রদীপচ্ছাগশীর্ষবলিঃ (মূল মন্ত্র পাঠ করিয়া) শ্রীঅমুকদেব্যৈ নমঃ" এই বলিয়া জল দ্বারা উৎসর্গ করিবেন॥

মেষোৎসর্গ

সমস্তই ছাগবলির মত, কেবল "ছাগ" স্থানে "মেষ", "বহ্নিদৈবত" স্থানে "বরুণদৈবত", "দশবর্ষ" স্থানে "একবর্ষ বলিতে হইবে মাত্র॥

কুষ্মাণ্ড প্রভৃতির বলি বিধান

বলিকে জল দ্বারা প্রোক্ষণ করিয়া, "ওঁ এতস্মৈ অমুকবলয়ে নমঃ, এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ সম্প্রদানায় শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ।" এইরূপে গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া বাক্য করিবেন;—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শ্রীঅমুক-দেবতাপ্রীতিকামঃ ইমং অমুক-বলিং শ্রীমদমুকদৈবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে," এই বলিয়া বলি-শিরে জল প্রদান করত ছাগবলি-প্রকরণে কথিত খড়্গ ও স্তম্ভের পূজা করিয়া বলি ছেদন করিবেন।

মহিষোৎসর্গ-বিধি

পূজক উত্তরাভিমুখে উপবেশন করত স্তম্ভ (যাহার সহিত মহিষকে বন্ধন করা হয়) ধারণ করিয়া পাঠ করিবেন;—"ওঁ স্তম্ভ ত্বং শিবরূপোঽসি, ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। দেব্যা দৃষ্টিপ্রদানেন সদা ত্বমচলোভব। ওঁ স্তম্ভমূলে বসেদ ব্রহ্মা স্তম্ভাগ্রে চ মহেশ্বরঃ। স্তম্ভ-মধ্যে স্বয়ং বিষ্ণুস্ত্বমাস্ত্বমচলো ভব। ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। যথাচান্যে মহীধ্রাশ্চ তথা ত্বমচলোভব। ওঁ স্তম্ভ ত্বং বিষ্ণুরূপোঽসি পার্ব্বত্যানন্দবর্দ্ধন। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং পশুবন্ধনহেতবে।" ইহা পাঠ করিয়া "ওঁ স্তম্ভায় নমঃ" এই বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিবেন। পরে পাশ (গল-রজ্জু) ধারণ করিয়া পাঠ করিবেন—"ওঁ পাশ ত্বং বরুণাজ্জাতঃ সদা বরুণদৈবতঃ। অতস্ত্বাং পূজয়ামীহ শান্তিং কুরু নমোঽস্তু তে।" পরে "ওঁ পাশায় নমঃ" এই মন্ত্রে গন্ধপুষ্পাদিদ্বারা পাশের পূজা করিয়া নিম্নের লিখিত মন্ত্রে পশুকে স্তম্ভে বন্ধন করিবেন যথা—

"ওঁ মেঘাকারস্তম্ভমধ্যে পশুং বন্ধয় বন্ধয়, ব্রহ্মাণ্ডখণ্ডরূপিণং পশুং বন্ধয় বন্ধয়, সশৃঙ্গং সর্ব্বাবয়বসহিতং পশুং বন্ধয় বন্ধয় হুঁ ফট্ স্বাহা।" পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ

করিবেন,—"মহিষ ত্বং মহাবীরঃ, সর্ব্বাভীষ্টপ্রদায়কঃ। কুমতিং সর্ব্বপাপঞ্চ, মম শত্রুংশ্চ, নাশয়।" পরে পশুকে স্নান করাইবার জন্য জল লইয়া "ওঁ বারাহী যমুনা গঙ্গা করতোয়া সরস্বতী। কাবেরী চন্দ্রভাগা চ সিন্ধুভৈরবসাগরাঃ। মহিষস্য পশোঃ স্নানে সান্নিধ্যমিহ কল্পয়।" এই মন্ত্রে তীর্থ আবহান করিয়া সহস্রধারা দ্বারা নিম্নমন্ত্রে স্নান করাইবেন—"ওঁ হ্রীঁ নিখিলপাপক্ষয়ায় ব্রহ্মবীজস্বরূপায় দিব্যতেজসে নমঃ।" "অগ্নিঃ পশুরাসীৎ" ইত্যাদি মন্ত্রদ্বারা মহিষের প্রোক্ষণ নাই।[১] পরে পীতবর্ণ বস্ত্রদ্বারা পশুকে বেষ্টন করিয়া বাঁধিবেন ও শৃঙ্গে হরিদ্রাক্ত সূত্রদ্বারা আল্‌তা বাধিয়া সিন্দুর লেপন করিবেন। গলদেশে রক্তপুষ্পের মালা পরাইয়া পাঠ করিবেন—"ওঁ পশুপাশ-বিনাশায় হেমকূটস্থিতায় চ। পরাপরায় পরমেষ্ঠিনে, হুঙ্কারায় ত্রিমূর্ত্তয়ে নমঃ। ওঁ শিরঃ পুনাতু গোবিন্দঃ কণ্ঠং বিষ্ণুঃ পুনাতু তে। পৃষ্ঠং পুনাতু বৈকুণ্ঠো জঠরঞ্চ হুতাশনঃ। গুহ্যং পুচ্ছঞ্চ পবনো জঙ্ঘাপাদৌ মহেশ্বরঃ। এবং সমস্তগাত্রেষু পনাতু ত্বাং জনার্দ্দনঃ।" পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন—"ওঁ জলদ-সদৃশবর্ণং চারুবিস্তীর্ণং, ধরণী-ধরসমাঙ্গং দীর্ঘতীক্ষ্ণাগ্রশৃঙ্গং। বলিমিমমুপনীতং চণ্ডি মেধ্যং গৃহীত্বা, ভগবতি মম নিত্যং রাজলক্ষীং বিধেহি। ওঁ কুরু মম রিপুনাশং কাম্যঋদ্ধিঞ্চ সিদ্ধিং, হর হর মম দুঃখং সর্ব্বপাপং কুবুদ্ধিং। ভবতরণবরেণ্যৈঃ পূজিতাধিষ্ঠিতা ত্বং, ভগবতি ফলদা, ত্বং সর্ব্বযজ্ঞব্রতানাং।" পরে মহিষের অঙ্গে ন্যাস করিবেন, যথা—

নাসাদ্বয়ে—অং নমঃ আং নমঃ। চক্ষুর্দ্বয়ে—ইং নমঃ ঈং নমঃ। পৃষ্ঠে—ঋং ৠং নমঃ। দন্তপঙ্‌ক্তিতে ঌং ৡং নমঃ। গণ্ডদ্বয়ে এং নমঃ ঐ নমঃ। পুচ্ছে—ওং নমঃ ঔং নমঃ। ললাটে —অং নমঃ। জিহ্বায়—অঃ নমঃ। দক্ষিণপদে—কং খং গং ঘং ঙং নমঃ। বামপদে— চং ছং জং ঝং ঞং নমঃ। জঙ্ঘাদ্বয়ে—টং ঠং ডং ঢং ণং নমঃ। পার্শ্বদ্বয়ে—তং থং দং ধং নং নমঃ। পৃষ্ঠে—পং ফং বং ভং মং নমঃ। হৃদয়ে—যং রং লং বং নমঃ। জঠরে—শং ষং সং নমঃ। গলে—হং লং নমঃ। মস্তকে—ক্ষং নমঃ। এইরূপ ন্যাস করিয়া "ওঁ মহিষপশবে নমঃ" এই মন্ত্রে পাদ্য, অর্ঘ্য প্রভৃতি দ্বারা মহিষের পূজা করিয়া, অধিপতির পূজা করিবেন যথা—"এতদধিপতয়ে ওঁ যমায় নমঃ। এতসম্প্রদানায় ওঁ শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ।" পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন; "ওঁ মহিষ ত্বং মহাবীরো মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ শর্ব্ব—রূপিণং বলিরূপিণং। ওঁ চণ্ডিকাপ্রীতিদানেন দাতুরাপদ্‌বিনাশিনে। চণ্ডিকাবলিরূপায় বলে তুভ্যং নমোনমঃ। ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ, স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাৎ যাজ্ঞ বধোঽবধঃ। ওঁ যথা বাহং ভবান্‌ দ্বেষ্টি যথা বহসি চণ্ডিকাং। তথা মম রিপূন্‌ হিংস শুভং বহ লুলাপক॥ ওঁ যমস্য বাহন্‌ ত্বং হিং, বররূপধরোঽব্যয়ঃ আয়ুর্ব্বিত্তং যশো দেহি কাশরায় নমোঽস্তু তে।"—এইরূপে প্রার্থনাপূর্ব্বক পশুকে শিবরূপী চিন্তা করত "ওঁ ঐং হ্রীং শ্রীং" এই মন্ত্রে উহার মস্তকে পুষ্প

১। মহিষস্যারণ্যপশুত্বেণ্ডনাগস্ত্য—প্রোক্ষিতত্বাত্তদ্দানে "অগ্নিঃ পশুরাসীদিত্যাভির্মন্ত্রেঃ" প্রোক্ষণং নাস্তি।

দিবেন। পরে মহাবাক্য করিবে—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি অমুককামঃ ইমং মহিষপশুং যমদৈবতং শ্রীঅমুকদেবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে," (অন্যের হইলে "ঘাতয়িষ্যামি" বলিবেন) এই বলিয়া পশুর মস্তকে জল দিবেন। পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন ;—"ওঁ প্রাণিনামুপকারার্থং, পশুঃ সৃষ্টঃ স্বয়ম্ভুবা। প্রোষিতঃ পার্ব্বতী-প্রীত্যৈ মা-মাত্মানঞ্চ তারয়।" পরে খড়্গকে প্রেক্ষণ করিয়া সিন্দুর লইয়া "ওঁ দৈবে পিত্র্যে চ সুভগঃ খড়্গাস্তং খড়্গাসন্নিভঃ। ছিন্ধি বিদ্বান্ মহাভাগ গুহাজাত নমোঽস্তুতে।" এই মন্ত্রে খড়্গে মণ্ডল করিয়া ধ্যান করিবেন, যথা ;—"ওঁ কৃষ্ণং পিণাকপাণিঞ্চ কালরাত্রি-স্বরূপিণং। উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনং। পীয়মানঞ্চ রুধিরং ভুঞ্জন্তং (ভুঞ্জানং) ক্রব্যসংহতিং।" এইরূপ ধ্যান করত "ওঁ রসনা ত্বং চণ্ডিকায়াঃ সুরলোকপ্রসাধক।" এই মন্ত্রে খড়্গকে অভিমন্ত্রিত করিয়া "ওঁ খড়্গায় নমঃ" এইমন্ত্রে খড়্গের পূজা করিবেন। পরে "ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ" এই বলিয়া পুষ্পাঞ্জলি দিয়া নিম্নমন্ত্রে প্রণাম করিবেন ;—যথা—ওঁ অসির্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্ম-পাল নমোঽস্তু তে॥ ইতাষ্টৌ তব নামানি স্বয়মুক্তানি বেধসা। নক্ষত্রং কৃত্তিকা তুভ্যং গুরুর্দ্দেবো মহেশ্বরঃ। হিরণ্যঞ্চ শরীরং তে ধাতা দেবো জনার্দ্দনঃ। পিতা পিতামহো দেব-স্ত্বং মাং পালয় সর্ব্বদা। ওঁ নীলজীমূতসঙ্কাশ-তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ। ভাবশুদ্ধো মর্ষণশ্চ অতিতেজাস্তথৈব চ। ইয়ং যেন ধৃতা ক্ষৌণী হতশ্চ মহিষাসুরঃ। তীক্ষ্ণধারায় শুদ্ধায় তস্মৈ খড়্গায় তে নমঃ॥" এই মন্ত্রে পুষ্পাঞ্জলি দিয়া, খড়্গ গ্রহণ করিয়া—'ওঁ কালি কালি বজ্রেশ্বরি, লৌহদণ্ডায়ৈ নমঃ।" ইহা উচ্চারণপূর্ব্বক "ওঁ হূং হূং কালি কালি বিকট-দংষ্ট্রে, স্ফেং স্ফেং ফেৎকারিণি, খাদয়, চ্ছেদয় সর্ব্বান্ দুষ্টান্ মারয় মারয়, লুলাপকং খড়্গেন ছিন্ধি ছিন্ধ, কিল কিল, চিকি-চিকি ; পিব-পিব রুধিরং স্ফোং স্ফোং কিরি-কিরি কালিকায়ৈ নমঃ।" এই মন্ত্রে খড়্গকে অভিমন্ত্রিত করিয়া পশুর গ্রীবাদেশে স্পর্শ করাইবেন। পরে বন্ধনমোচন মন্ত্র পড়িবেন, যথা—"ওঁ যজ্ঞার্থং বন্ধনস্থোঽসি, মুক্তয়ে মোচিতো ময়া। দেব্যাঃ প্রীতিং সমুৎপাদ্য স্বর্গং গচ্ছ পশূত্তম। ওঁ শিরঃ পুচ্ছাদিমেঢ্রষু পাদয়ো-র্জ্জঙ্ঘয়োস্তথা। উদরে পৃষ্ঠদেশে, তে মুঞ্চন্তু পশুদেবতাঃ। ওঁ খড়্গাঘাতোদ্ভবং দুঃখং যত্তে মনসি বর্ত্ততে। তৎ ক্ষমস্ব মহাভাগ গন্ধর্ব্বং লোকমাপ্নুহি।" এই মন্ত্রে বন্ধন মোচন করিয়া স্বয়ং অথবা অন্য দ্বারা এক আঘাতে ছেদন করিবেন। পরে মৃৎ-ভাণ্ডে রুধির গ্রহণ করিয়া উহাতে জল, সৈন্ধব, কদলী শর্করা ও মধু মিশ্রিত করত দেবতার অগ্রভাগে স্থাপনপূর্ব্বক বাক্য বলিবেন ;—বিষ্ণুরোম অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শতবর্ষাব-চ্ছিন্ন, শ্রীঅমুকদেবতা প্রীতিকামনয়া এব মহিষরুধির বলিঃ (মূল মন্ত্র উচ্চারণ পূর্ব্বক) ওঁ শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ।" এই বলিয়া রুধির উৎসর্গ করত প্রার্থনা করিবেন—ওঁ হ্রীং শ্রীং কৌষিকি রুধিরেণাপ্যায়তাম্।" এই মন্ত্রে কুশদ্বারা রুধির চারিভাগে বিভক্ত করিয়া অগ্নিকোণে—ওঁ বিদারিকায়ৈ নমঃ, নৈর্ঋতে—"ওঁ পাপরাক্ষস্যৈ নমঃ" বায়ুকোণে—"ওঁ

পূতনায়ৈ নমঃ” ঈশানে—“ওঁ কালিকায়ৈ নমঃ” বলিয়া জলের ছিটা দিয়া পরে বলি-শিরে জলন্ত ঘৃতবর্ত্তিকা প্রদানপূর্ব্বক “বিষ্ণুরোম্ অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শ্রীঅমুকদেবতায়া দর্শনাভিবন্দন-স্পর্শনাভিপূজন-স্নপন-তর্পজনিত-পূর্ব্বপূর্ব্ব-পুণ্যাধিক-পুণ্যপ্রাপ্তি-কামনয়া এষ সপ্রদীপ-মহিষশীর্ষবলিঃ (মূল মন্ত্র উচ্চারণ করত) শ্রীঅমুকদেবতায়ৈ নমঃ। পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন ;—“ওঁ জয় ত্বং সর্ব্বভূতেশে, সর্ব্বভূতসমাবৃতে। রক্ষ মাং সর্ব্বভূতেভ্যো, বলিং গৃহ্ণ নমোহস্তু তে ॥” ইতি বলি সমাপ্ত ॥

তান্ত্রিক বলিদান

সুলক্ষণ পশু দেবতার অগ্রে আনিয়া অর্ঘ্যোদক দ্বারা প্রোক্ষণ করিয়া “ফট্” মন্ত্রে সংরক্ষণ “হুং” মন্ত্রে ন করণ এবং ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া গন্ধপুষ্পদ্বারা “এতে গন্ধপুষ্পে ওঁ ছাগপশবে নমঃ” [১] বলিয়া পশুর পূজা করত পশুর কর্ণে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিবেন। যথা—“ওঁ পশুপাশায় বিদ্মহে, বিশ্বকর্ম্মণে ধীমহি। তন্নো জীবঃ প্রচোদয়াৎ।” অতঃপর “ওঁ ছাগপশবে নমঃ” বলিয়া পাদ্যাদি দ্বারা পশুর পূজা করত “ওঁ জবাকুসুম-সঙ্কাশ, সূর্য্যকোটিসমপ্রভ। সিন্দুরকজ্জলাদীনি, গৃহ্ণ গৃহ্ণ যথাসুখং।” এই মন্ত্রে পশুর শৃঙ্গ ও ললাটে সিন্দুর দিবেন।

অতঃপর পশুর অঙ্গ পূজা করিবেন। যথা—মস্তকে—“ওঁ ক্ষ্রৌং অসিতাঙ্গভৈরবায় নমঃ। এবং কপালে—রুরুভৈরবায়। মুখে—চণ্ডভৈরবায়। পৃষ্ঠে—ক্রোধভৈরবায়। জঙ্ঘাচতুষ্টয়ে—উন্মত্তভৈরবায়। পুচ্ছে—কপালিভৈরবায়। উদরে—ভীষণভৈরবায়। গলে—সংহারভৈরবায়।” প্রত্যেকমন্ত্রের আদিতে “ওঁ” ও অন্তে “নমঃ” শব্দ যোগ করিয়া অর্চ্চনা করিবেন।

অনন্তর তীক্ষ্ণধার-খড়গের মূল, মধ্য ও অগ্রে “ঐং, হ্রীং, শ্রীং” এই বীজত্রয় লিখিয়া—“ওঁ হ্রীং কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায় খড়্গায় নমঃ।” বলিয়া খড়গের পূজা করিয়া নিম্ন মন্ত্রে যথাক্রমে খড়গের অগ্র, মধ্য ও মূলে পূজা করিবেন। যথা—“এতে গন্ধপুষ্পে হূঁ বাগীশ্বরীব্রহ্মভ্যাং নমঃ। হূঁ লক্ষ্মীনারায়ণাভ্যাং নমঃ। হূং উমামহেশ্বরাভ্যাং

---

১ ছাগে দত্তে ভবেদ্বাগ্মী মেষে দত্তে কবির্ভবেৎ।
মহিষে ধনবৃদ্ধিঃ স্যা-মৃগে মোক্ষফলং লভেৎ ॥—মুণ্ডমালাতন্ত্র।

“দেবতাকে ছাগপশু দান করিলে মানব বাগ্মী হয়, মেষদানে কবি, মহিষদানে ধনসম্পত্তিযুক্ত ও মৃগদানে মোক্ষলাভ হয়।”

বামদিকে ছাগ ও সম্মুখে মহিষ প্রদান করিবেন। দক্ষিণ, বাম বা অগ্রে দেহ-শোণিত দান করিতে হয়। স্বর্ণপাত্র, তাম্রপাত্র, অথবা কাংস্য-পাত্রে রুধির স্থাপন করিয়া মন্ত্রপাঠপূর্ব্বক দেবতাকে দান করিবেন। যথা—কালিকাপুরাণে—

ছাগস্তু বামতো দদ্যাৎ মহিষন্তু ভবেৎ পুরঃ। দক্ষিণে বামতো দদ্যাদগ্রতো দেহশোণিতং ॥

যুবানং ব্যাধিহীনঞ্চ সুশ্রীকং লক্ষণান্বিতং। সর্ব্বাবয়বসম্পন্নং বলিং দদ্যাৎ সুশোভনং। তরুণং সুন্দরং কৃষ্ণং ক্ষতাদিদোষবর্জ্জিতং ॥

নমঃ।" তৎপর "ওঁ ব্রহ্ম বিষ্ণু-শিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ।" বলিয়া পূজা করিয়া "ওঁ খড়্গায় খরনাশায় শক্তিকার্য্যার্থতৎপর। পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোঽস্তু তে।" এই মন্ত্রে নমস্কার করিবেন।

পরে "বিষ্ণুরোঁ" ইত্যাদি মহাবাক্য পাঠ করিয়া উৎসর্গানন্তর "ওঁ যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতং" বলিয়া নিবেদনপূর্ব্বক স্তম্ভের পূজা করত সকৃৎপ্রহারে ছেদন করিবেন। পরে মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক "এষ সমাংসরুধিরবলিঃ ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।" (ছাগ ভিন্ন পশুর রুধিরবলি) বলিয়া একভাগ প্রদান করিয়া অবশিষ্ট চারিভাগে বিভাগ করিয়া "ওঁ হুঁ বাং বটুকায় নমঃ। ১। ওঁ হুঁ যাং যোগিনীভ্যো নমঃ। ২। ওঁ হুঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। ৩। ওঁ হুঁ গাং গণপতয়ে নমঃ। ৪। বলিয়া বায়ু, ঈশান নৈঋ্ত ও অগ্নিকোণে ভাগচতুষ্টয় প্রদান করিবেন। পরে মূলমন্ত্র উচ্চারণ করিয়া সপ্রদীপ শীর্ষবলি উৎসর্গ করিয়া দিবেন।

—০:*:০—

যুবা ব্যাধিহীন, সুশ্রী, সুলক্ষণান্বিত, সর্ব্বাবয়বসম্পন্ন, সুশোভন ও কৃষ্ণবর্ণ ক্ষতাদি দোষবর্জ্জিত বলি প্রদান করিবেন। "ছেত্তা পূর্ব্বমুখো ভূত্বা বলিমুত্তরবক্ত্রতঃ।"—ছেত্তা পূর্ব্বমুখ হইয়া বলি উত্তর মুখে রাখিয়া ছেদন করিবেন। যদি ছিন্ন পশুর মুখ হইতে দন্তঘর্ষণে "কট্‌কট" শব্দ শ্রুত হয়, তবে কর্ত্তার মরণ, নেত্র হইতে যদি জল নির্গত হয়, তবে হানি হইয়া থাকে। ছিন্ন-শিরঃ যদি পূর্ব্বোত্তরভাগে পতিত হয় তবে সর্ব্বসম্পৎ লাভ এবং ঈশান ও অগ্নিকোণের মধ্যে পতিত হইলে সর্ব্বসিদ্ধি লাভ এবং বায়ু বা নৈঋ্তকোণে পতিত হইলে হানি হইয়া থাকে।

তৃতীয় পর্ব্ব

পূজাপ্রকরণ

জন্মতিথি পূজাবিধি

জন্মতিথিদিনে অগ্রে তিলবাটা মাখিয়া তিলমিশ্রিত জলে স্নান করিয়া শুদ্ধবস্ত্র পরিধান করত নিত্যক্রিয়া নির্ব্বাহ করিয়া, গুগ্‌গুল, নিম্ব, শ্বেতসর্ষপ, দূর্ব্বা ও গোরোচনা যুক্ত হরিদ্রাক্ত ডোর (সূত্র) নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বকহস্তে বন্ধন করিবেন। মন্ত্র যথা—

"ওঁ ত্রৈলোক্যে যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ব্রহ্মবিষ্ণুশিবৈঃ সার্দ্ধং রক্ষাং কুর্ব্বন্তু তানি মে॥"

অনন্তর স্বশাখোক্ত স্বস্তিবাচন করিয়া "সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্র পাঠ করত কুশতিল-জলফলযুক্ত বিহিত জলপাত্র গ্রহণ করিয়া সঙ্কল্প করিবেন। যথা—

"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শুভবর্ষবৃদ্ধৌ দীর্ঘায়ুষ্টলাভ কামঃ গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং জন্মদিবসনিমিত্তকং গুর্ব্বাদিপূজাকর্ম্মাহং করিষ্যে"—এই প্রকার বাক্য করিয়া স্বশাখোক্ত সূক্ত পাঠ করত ঘটস্থাপন, আসন শোধন ও সামান্যার্ঘ্য-স্থাপনপূর্ব্বক গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, মৎস্যাদি-দশাবতার প্রভৃতির পূজা করিবেন। পরে "ওঁ গুরুভ্যো নমঃ," বলিয়া গুরুদেবের অর্চ্চনা করত "ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ অগ্নিভ্যো নমঃ, ওঁ বিপ্রভো নমঃ" পরে নক্ষত্রের পূজা করিবেন।

যাহার অশ্বিনীনক্ষত্রে জন্ম তিনি "এতৎ পদ্যং ওঁ অশ্বিন্যৈ নমঃ" এই ক্রমে পূজা করিবেন, যদি জন্মনক্ষত্র জানা না থাকে তবে "এতৎ পাদ্যং ওঁ স্বজন্মনক্ষত্রায় নমঃ" বলিয়া পূজা করিবেন, পরে "ওঁ পিতৃভ্যো নমঃ, ওঁ প্রজাপতয়ে নমঃ, ওঁ সূর্য্যায় নমঃ" ওঁ বিঘ্নেশায় নমঃ" এই ক্রমে ইহাদের পূজা করিয়া "ওঁ মার্কণ্ডেয়ায় নমঃ" বলিয়া যথাশক্তি উপচার দ্বারা মার্কণ্ডেয়ের পূজা করিয়া করযোড়ে প্রার্থনা করিবেন, মন্ত্র যথা—"ওঁ মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন। আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থমস্মাকং বরদো ভব। ওঁ চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে। রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়াযুক্তশ্চ সর্ব্বদা॥" পরে "ওঁ ব্যাসায় নমঃ" এবং "পরশুরামায়, অশ্বত্থাম্নে, কৃপায়, বলয়ে, প্রহ্লাদায়, হনুমতে, বিভীষণায়, এইরূপে ইহাদের পূজা করিয়া "যাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই ক্রমে করন্যাস অঙ্গন্যাস করিয়া মাষভক্তবলি গ্রহণ করত "এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ" বলিয়া ভূতগণকে মাষভক্তবলি প্রদান করিয়া ষষ্ঠীর ধ্যান করিবেন যথা—ওঁ ষষ্ঠীং গৌরবর্ণাং দ্বিভুজাং নানালঙ্কারভূষিতাং দিব্য বস্ত্রপরিধানাং প্রসন্নবদনাং বামক্রোড়ার্পিতপুত্রিকাং॥

জগদ্ধাত্রীং সর্ব্বলক্ষণসম্পন্নাং পদ্মোপবিষ্টাং ॥" এই মন্ত্রে ধ্যান করিয়া মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করত পুনর্ব্বার ধ্যান করিয়া ঘটে পুষ্প প্রদান করিবেন ॥ পরে "ওঁ ভগবতি ষষ্ঠীদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করত "ওঁ ষষ্ঠ্যৈ নমঃ" এই ক্রমে যথাশক্ত্যুপচারে পূজা করিবেন তৎপরে প্রণাম করিবেন। মন্ত্র যথা—"ওঁ জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দদায়িনি। প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবতে। ওঁ রূপং দেহি জয়ং দেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে ॥" বলিয়া প্রার্থনা করিবেন, পরে শক্ত হইলে স্বগৃহোক্ত-বিধানে কুশণ্ডিকা শেষ করিয়া সতিলাজ্য দ্বারা পূজিত দেবতাগণের হোম করিয়া তিলদান ও তিল বপন করত জলে জীবিত মৎস্য ছাড়িয়া দিবেন। যথা—

ওঁ অভয়ং ভবতামস্তু মৎস্য গচ্ছ যথাসুখং। জলে তু নিবস স্বচ্ছে মৎপ্রসাদাৎ সুখী ভব॥ জীব মৎস্য জলঞ্চৈতৎ প্রবিশ্য মম হস্ততঃ। জলমোক্ষপ্রদানেন মামর জীব জীবনং ॥

জন্মতিথি শনি মঙ্গলবার যুক্তা হইলে মুক্তাদান কর্ত্তব্য এবং জন্মনক্ষত্রের যোগ না হইলে স্বর্ণ দান করিবেন। তৎপরে তিলযুক্ত দুগ্ধ পান করিবেন, মন্ত্র যথা—ওঁ সতিলং গুড়সংমিশ্রং জলক্ষার্দ্ধমিতং (অঞ্জল্যার্দ্ধমিতং) পয়ঃ। মার্কণ্ডেয় বরং লব্ধা পিবাম্যায়ুষ্যহেতবে॥ পরে অচ্ছিদ্রাধারণ করিবেন॥ জন্মদিনে নিরামিষ ভক্ষণ, স্ত্রীত্যাগ ও শক্তু (ছাতু) ভক্ষণ করিতে হয় ॥

"স্নাত্বা জন্মদিনে স্ত্রিয়ং পরিহরন্ প্রাপ্নোত্যভীষ্টং শ্রিয়ং, মৎস্যান্ মোচয়তো ঘজায় দদবশ্চায়ুশ্চিরং বর্দ্ধতে। শক্তূন্ খাদতি যশ্চ তস্য রিপবো নাশং ব্রজন্তি স্বয়ং। ভুঙ্‌ক্তে যশ্চ নিরামিষং স হি ভবেজ্জন্মান্তরে পণ্ডিতঃ ॥ ইতি জন্মতিথিপূজা।

গঙ্গাপূজাপদ্ধতি

কৃতনিত্যক্রিয় সাধক শুদ্ধাসনে উপবেশনপূর্ব্বক আচমনাদি করত স্বশাখোক্তস্বস্তি-বাচন করিয়া "সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্র পাঠ করিবেন। পরে গণেশ, আদিত্যাদিনব-গ্রহ ও বিষ্ণুকে গন্ধপুষ্প প্রদান করিয়া সঙ্কল্প করিবেন। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা সর্ব্বপাপক্ষয়পূর্ব্বকশ্রীগঙ্গাপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকশ্রীগঙ্গা-দেবীপূজনমহং করিষ্যে।" (পরার্থে করিষ্যামি)

এইরূপ সঙ্কল্প করত স্বশাখোক্ত-সূক্ত পাঠ করিয়া পূজা আরম্ভ করিবেন। প্রতিমার পূজা করিতে হইলে অগ্রে মূলমন্ত্রে চক্ষুর্দ্দান করিয়া ঘটস্থাপন করিতে হইবে। পরে আসনশোধন ও সামান্যার্ঘ্য স্থাপন করিয়া গণেশ শিবাদিপঞ্চদেবতা আদিত্যাদিনবগ্রহ ইন্দ্রাদিদশদিক্‌পাল মৎস্যাদিদশাবতার, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, দুর্গা, যমুনা, নারায়ণ, লক্ষ্মী, ভাস্কর, ভগীরথ, নাগরাজ ও হিমালয়ের পূজা করিয়া, ভূতশুদ্ধি, প্রাণায়াম করত

গুরুপংক্তি নমস্কার করিয়া মাতৃকান্যাসাদি করিবেন। পরে "গাং হৃদয়ায় নমঃ" এইক্রমে অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে পুষ্প গ্রহণ করত দেবীর ধ্যান করিবেন।

"ওঁ সুরূপাং চারুনেত্রাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাং। চামরৈর্বীজ্যমানাস্তু শ্বেতচ্ছত্রোপশোভিতাম্। সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাং। সুধাপ্লাবিতভূপৃষ্ঠামার্দ্রগন্ধানুলেপনাং। ত্রৈলোক্যনমিতাং গঙ্গাং দেবাদিভিরভিষ্টুতাম্।"

এইরূপ ধ্যান করিয়া হস্তস্থিত পুষ্পটী স্বীয় মস্তকে দিয়া, মানসোপচারে পূজা করত পীঠন্যাস করিয়া বিশেষার্ঘ্যস্থাপনপূর্ব্বক পুনরায় করন্যাসাদি করত ধ্যান করিয়া প্রতিমাতে পুষ্প প্রদানপূর্ব্বক আবাহন ও প্রাণপ্রতিষ্ঠাদি করিয়া[১] "ওঁ গাং গঙ্গায়ৈ বিশ্বমুখ্যায়ৈ শিবামৃতায়ৈ শান্তিপ্রদায়িন্যৈ নারায়ণ্যৈ নমো নমঃ" এই মন্ত্রে যথাশক্তি পূজা করিবেন। পরে প্রাণায়াম—

করাঙ্গন্যাস করিয়া—"ওঁ গঙ্গায়ৈ বিশ্বমুখ্যায়ৈ শিবামৃতায়ৈ ইত্যাদি মন্ত্র যথাশক্তি জপ করিয়া জপসমর্পণ করত নিম্নমন্ত্রে নমস্কার করিবেন। যথা—

"ওঁ সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যো দুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা-গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥"

অতঃপর যথাশক্তি বলিদান ও হোমাদি করিয়া দক্ষিণা ও অচ্ছিদ্রাধারণ করিবেন।

মনসাদেবী-পূজাপদ্ধতি

গৃহাঙ্গনে বেদিকোপরি প্রতিমা স্থাপন করিয়া সাধক, নিত্যক্রিয়া সমাপনান্তে স্বস্তিবাচনপূর্ব্বক "সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্র পাঠ করত সঙ্কল্প করিবেন। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা উরগাদিভয়োপশমনপূর্ব্বকশ্রীমনসাদেবীপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকানন্তাদ্যষ্টনাগসহিতশ্রীমনসাদেবীপূজনমহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)

এইরূপ সঙ্কল্প করিয়া স্বশাখোক্ত সূক্ত পাঠ করিবেন। পরে—"ওঁ ইদং নেত্রত্রয়ং দিব্যং চন্দ্রসূর্য্যানলপ্রভং। তারাকারময়ং দেবি পশ্য ত্বং ভুবনত্রয়ং॥" ইহা পাঠ করিয়া মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক অঞ্জন দ্বারা দেবীর চক্ষুর্দ্দান করিবেন। তৎপরে স্বীয়-বেদানুসারে ঘটস্থাপন করিয়া আসন-শোধন ও সামান্যার্ঘ্য স্থাপনপূর্ব্বক গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশাদিক্‌পাল, মৎস্যাদিদশাবতার প্রভৃতির পূজা করত মাতৃকান্যাস ভূতশুদ্ধ্যাদি করিয়া "মাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ"—এই ক্রমে করাঙ্গন্যাস করত কূর্ম্মমুদ্রায় পুষ্প গ্রহণ করিয়া মনসাদেবীর ধ্যান করিবেন। যথা—

"ওঁ দেবীমম্বামহীনাং শশধরবদনাং, চারুকান্তিং বদান্যাং, হংসারূঢ়ামুদারামরুণিতবসনাং সর্ব্বদাং সর্ব্বদৈব। স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কনকমণিগণৈর্নাগরত্নৈরনেকৈ, র্ব্বন্দেহহং সাষ্টনাগামুরুকুচযুগলাং ভোগিনীং কামরূপাম্॥"

১। সাক্ষাৎ গঙ্গায় পূজা করিতে হইলে আবাহন ও প্রাণপ্রতিষ্ঠা করিতে হয় না।

এই প্রকার ধ্যান করিয়া হস্তস্থিত পুষ্পটী নিজ মস্তকে প্রদান করত, মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপনানন্তর পীঠন্যাসক্রমে পীঠপূজা করিবেন। তদনন্তর পুনরায় করন্যাসাঙ্গন্যাস করত পুনরপি পূর্ব্ববৎ ধ্যান করিয়া হস্তস্থিত পুষ্পটী ঘটে বা প্রতিমায় অর্পণ করত কৃতাঞ্জলিপূর্ব্বক আবাহন করিবেন। যথা—

"ওঁ আস্তিকস্য মুনের্ম্মাতা জগনান্দকারিণী। এহেহি মনসাদেবি নাগমাতর্নমোঽস্তু তে॥ ওঁ আগচ্ছ বরদে দেবি, সর্ব্বকল্যাণকারিণি। স্নুহীশাখাং সমারুহ্য তিষ্ঠ পূজাং করোম্যহম্॥ ওঁ ভগবতি মনসাদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিহিতা ভব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ॥"

এইরূপে আবাহন করিয়া প্রাণপ্রতিষ্ঠা করত "ওঁ মনসাদেব্যৈ নমঃ" এই মন্ত্রে যথাসম্ভব উপচারে পূজা করিবেন। স্নান করাইবার কালে "ওঁ ত্রৈলোক্যপূজিতাং দেবীং নাগাভরণভূষিতাম্। স্নাপয়ামি মহাভাগাং পুত্রায়ুর্ধনবৃদ্ধয়ে॥" এই মন্ত্র পাঠ করত মনসাদেবীকে দুগ্ধদ্বারা স্নান করাইয়া পুনর্ব্বার চন্দনমিশ্রিত জলদ্বারা স্নান করাইবেন। যথা—"ওঁ গন্ধচন্দনমিশ্রেণ তোয়েন নাগমাতরম্। স্নাপয়ামি মহাভাগাং সর্ব্বসম্পত্তিহেতবে॥"

অতঃপর পাদ্যাদি দ্বারা অষ্টনাগগণের পূজা করিবেন। যথা—"ওঁ অনন্তনাগ ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া "ওঁ অনন্তায় নাগায় নমঃ" এই বলিয়া পূজা করিবেন। এই ক্রমে—"বাসুকয়ে নাগায়, পদ্মায় নাগায়, মহাপদ্মায় নাগায়, তক্ষকায় নাগায়, কুলিরায় নাগায়, কর্কোটকায় নাগায়, শঙ্খায় নাগায়," বলিয়া প্রত্যেকের ভিন্ন ভিন্ন পূজা করিবেন। আবাহনও প্রত্যেকের স্বতন্ত্র করিতে হইবে। পরে মনসাদেবীকে পুষ্পাঞ্জলি প্রদান করত নমস্কার করিবেন। নমস্কার মন্ত্র যথা—

"ওঁ খযোনিসম্ভবে মাতর্ম্মহেশ্বরসুতে শুভে।
পদ্মালয়ে নমস্তুভ্যং রক্ষ মাং বৃজিনার্ণবাৎ।
ওঁ আস্তিকস্য মুনের্ম্মাতা ভগিনী বাসুকেস্তথা॥
জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবি নমোঽস্তু তে॥"

অতঃপর যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া জপ সমর্পণ করত বলিদান, হোম ও দক্ষিণাদি করিয়া সংহারমুদ্রা দ্বারা "মনসাদেবি ক্ষমস্ব" এই বলিয়া বিসর্জ্জন করত শান্তি আশীর্ব্বাদ করিবেন।

বৃহন্নন্দিকেশ্বর-পুরাণোক্ত—

দুর্গাপূজা

কল্পারম্ভ—কৃষ্ণনবমী, প্রতিপদ, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, এবং কেবল মহাষ্টমী ও কেবল মহানবমী এই সাতপ্রকার কল্পারম্ভের বিধি আছে। যাহাদের যে দিনে কল্পারম্ভ করিবার নিয়ম, তাঁহারা সেই দিনেই কল্পারম্ভ করিবেন।

কল্পারম্ভ-দিনে কর্ত্তা, যথাবিধি নিত্যকর্ত্তব্য-সন্ধ্যাবন্দনাদি সমাপন করিয়া উত্তরীয়-ধারণপূর্ব্বক কুশহস্ত হইয়া পূর্ব্বমুখে উপবেশন করত আচমন করিবেন। পরে "ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ, দিবীব চক্ষুরাততম্" এই মন্ত্র পাঠ করিয়া বিষ্ণুস্মরণপূর্ব্বক "ওঁ পুণ্ডরীকাক্ষঃ," উচ্চারণ করিবেন। পরে রক্ষার্থ প্রদীপ প্রজ্বালন করিয়া গন্ধপুষ্পাদি দ্বারা গণেশ ও নারায়ণকে অর্চ্চনা করিয়া সূর্য্যার্ঘ দিবেন। পরে সূর্য্যপ্রণাম করিয়া পুণ্যাহবাক্য করিবেন যথা—

পূর্ব্বমুখ হইয়া তাম্রপাত্রে তণ্ডুল গ্রহণপূর্ব্বক, উভয়হস্ত দ্বারা উহা ধারণ করিয়া পূর্ব্বমুখে উপবিষ্ট ব্রাহ্মণকে বলিবেন—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ওঁ ভবন্তো ব্রুবন্তু",—এইরূপ তিনবার বলিবেন। ব্রাহ্মণ "ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং" বলিয়া প্রতিবচন করিবেন। পরে স্বস্তিবাক্য করিবেন। "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু" তিনবার পাঠ করিবেন। ব্রাহ্মণ "ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি" প্রতিবচন করিবেন। পরে ঋদ্ধিবাক্য করিবেন।—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু" তিনবার পাঠ করিবেন। ব্রাহ্মণ "ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্" বলিয়া প্রতিবচন করিবেন। পরে তিনবার স্বস্তিবাচনমন্ত্র পাঠ করিয়া তণ্ডুল ভূমিতে বিকীরণ করিয়া "সূর্য্যঃ সোম" ইত্যাদি পাঠ করিবেন। অনন্তর সংকল্প করিবেন, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি কৃষ্ণে পক্ষে নবম্যাস্তিথাবারভ্য মহানবমীং যাবৎ প্রত্যহং অমুকগোত্রঃ সদারাপত্যঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ বার্ষিক-শরৎকালীনশ্রীভগদ্দুর্গাপূজাকর্ম্মাহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)।

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠ করিয়া চণ্ডীপাঠের যেরূপ নিয়ম আছে সেই কয় আবৃত্তি চণ্ডীপাঠের এবং যতসংখ্যক দুর্গানাম জপের নিয়ম আছে তাহার সংকল্প করিবেন। এই সময়ে তন্ত্রধারক এবং স্বয়ং পূজা করিতে অসমর্থ হইলে পূজককে বরণ করিবেন।

তৎপরে পূজক আসনে বসিয়া চণ্ডীর ঘটস্থাপন পূর্ব্বক যথাশক্তি পূজাদি করিয়া চণ্ডীপাঠাদি করিবেন, প্রতিপদ্ হইতে দেবীসম্প্রদান দ্রব্যের উৎসর্গবাক্যে নিম্নলিখিত দ্রব্য দিবেন, প্রতিপদে চিরুণী ও গন্ধদ্রব্যসমন্বিত মাথাঘসা দ্রব্যাদি। দ্বিতীয়ায় কেশবন্ধনার্থ পট্টডোর। তৃতীয়ায় ভূষণার্থ আল্‌তা, দর্পণ, সিন্দূর প্রভৃতি। চতুর্থীতে

কজ্জল, মধুপর্ক, রৌপ্যবিনির্ম্মিত তিলকাদি এবং পঞ্চমীতে মাখিবার জন্য চন্দন, পুষ্পমাল্য প্রভৃতি নিবেদন করিয়া দিবেন।

নবমী-বোধন

আর্দ্রানক্ষত্র যুক্ত নবমীতিথিতে বোধন করিবেন। নিম্নলিখিত ষষ্ঠীবোধনের ন্যায় সমস্ত কার্য্য করিয়া প্রার্থনা করিবেন।

"ওঁ ইষে মাস্যসিতে পক্ষে নবম্যামার্দ্রযোগতঃ। শ্রীবৃক্ষে বোধয়ামি ত্বাং যাবৎ পূজাং করোম্যহম্।"—এই বিশেষ মন্ত্র পাঠ করিয়া "ঐং" রাবণস্য বধার্থায়" ইত্যাদি ষষ্ঠীর বোধনোক্ত সমস্তমন্ত্রাদি পাঠ করিবেন।

ষষ্ঠী-বোধনবিধি

সায়ংকৃত্য সমাপনান্তে বিল্ববৃক্ষসমীপে গমন করিয়া উত্তরাস্য হইয়া উপবেশন পূর্ব্বক আচমনাদি করত স্বস্তিবাচন করিবেন।—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বিল্ববৃক্ষে-বার্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাকর্ম্মাঙ্গ-শ্রীভগবদ্দুর্গাবোধনকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং—ইত্যাদি। পরে স্বশাখোক্ত স্বস্তিবাচন পাঠ করিয়া "ওঁ সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া সঙ্কল্প করিবেন—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে ষষ্ঠ্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা (অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ) শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ কর্ত্তব্য-বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গামহাপূজাকর্ম্মণি তদঙ্গতয়া বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়া বোধনকর্ম্মাহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)।

পরে স্বশাখোক্ত সংকল্পসূক্তাদি পাঠ করিয়া, সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধি করিবেন। মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক দিব্যদৃষ্টি দ্বারা স্বর্গের, "ফট্" এই মন্ত্রে জলধারা অন্তরীক্ষের এবং বামপাদাঘাতদ্বারা ভূমির বিঘ্ন বিদূরিত করিয়া উর্দ্ধোর্দ্ধতালত্রয় দিবেন এবং ছোটিকা দ্বারা দশদিগ্বন্ধন করিয়া শ্বেতসর্ষপ লইয়া নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করিয়া তাহা বিকীর্ণ করিয়া ভূতাপসারণ করিবেন, যথা—

"ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে দুর্গাস্ত্রেণৈব তাড়িতাঃ॥

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥"

পরে ভূমিতে সিন্দূর, তিলক দিয়া—"ওঁ ভূতেভ্যো নমঃ" বলিয়া পঞ্চোপচারে পূজা করত মাষভক্ত লইয়া অর্চ্চনা করিয়া—"এষ মাষভক্তবলিঃ ওঁ ঐং আং ভূতেভ্যো নমঃ। তৎপরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্তাত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ॥ ওঁ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্ত-র্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥"

তদনন্তর করশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস পীঠন্যাসাদি করিয়া—"হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া যজমানের বেদোক্ত ঘটস্থাপন করিবেন।

পরে স্থাপিত ঘটে গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রভৃতির পূজা করিয়া "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এইক্রমে করন্যাস অঙ্গন্যাস করিয়া দুর্গার ধ্যান করিবেন।

দুর্গার ধ্যান—"ওঁ জটাজূটসমাযুক্তামর্দ্ধেন্দুকৃতশেখরাম্। লোচনত্রয়সংযুক্তাং পূর্ণেন্দু-সদৃশাননাম্॥ অতসীপুষ্পবর্ণাভাং (তপ্তকাঞ্চনবর্ণাভাং) সুপ্রতিষ্ঠাং সুলোচনাম্। নবযৌবনসম্পন্নাং সর্ব্বাভরণভূষিতাম্॥ সুচারুদশনাং তদ্বৎ (তীক্ষ্ণাং) পীনোন্নত-পয়োধরাম্। ত্রিভঙ্গস্থানসংস্থানাং মহিষাসুরমর্দ্দিনীম্। মৃণালায়তসংস্পর্শ-দশবাহুসমন্বিতাম্॥ ত্রিশূলং দক্ষিণে ধ্যেয়ং খড়্গং চক্রং ক্রমাদধঃ। তীক্ষ্ণবাণং তথা শক্তিং দক্ষিণেষু বিচিন্তয়েৎ (ক্রমতঃ সন্নিবেশয়েৎ)॥ খেটকং পূর্ণচাপঞ্চ পাশমঙ্কুশমেব চ। ঘণ্টাং বা পরশুং বাপি বামতঃ সন্নিবেশয়েৎ॥ অধস্তান্মহিষং তদ্বদ্বিশিরস্কং প্রদর্শয়েৎ॥ শিরশ্ছেদোদ্ভবং তদ্বদ্দানবং খড়্গপাণিনম্। হৃদি শূলেন নির্ভিন্নং নির্যদন্ত্রবিভূষিতম্॥ রক্তারক্তীকৃতাঙ্গঞ্চ রক্ত-বিস্ফুরিতেক্ষণম্। বেষ্টিতং নাগপাশেন ভ্রূকুটীভীষণাননম্॥ সপাশবামহস্তেন ধৃতকেশঞ্চ দুর্গয়া॥ বমদ্রুধিরবক্ত্রঞ্চ দেব্যাঃ সিংহং প্রদর্শয়েৎ॥ দেব্যাস্তু দক্ষিণং পাদং সমং সিংহোপরি স্থিতম্। কিঞ্চিদূর্দ্ধং তথা বামমঙ্গুষ্ঠং মহিষোপরি॥ প্রসন্ন-বদনাং দেবীং সর্ব্বকামফলপ্রদাং। স্তূয়মানঞ্চ তদ্রূপমমরৈঃ সন্নিবেশয়েৎ। উগ্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা। চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা॥ অষ্টাভিঃ শক্তিভিস্তাভিঃ সততং পরিবেষ্টিতাম্। চিন্তয়েজ্জগতাং ধাত্রীং ধর্ম্মকামার্থমোক্ষদাম্॥"

ধ্যানানন্তর মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্যস্থাপন করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদি-পীঠদেবতাভ্যো নমঃ এই ক্রমে পীঠদেবতার পূজা করিয়া পুনরায় দুর্গাদেবীর ধ্যান করিয়া—"ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদি আবাহনপূর্ব্বক "বং রজতাসনায় নমঃ" এই ক্রমে অর্চ্চনা করিয়া—ইদং রজতাসনং "ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং (শ্রীঁ) দুর্গায়ৈ নমঃ" [১]।—এই ক্রমে ষোড়শোপচারে পূজা করিবেন।

তদনন্তর "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ"—এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা বিল্ববৃক্ষের পূজা করিয়া কৃতাঞ্জলি হইয়া, দেবীর বোধনার্থ মন্ত্র পাঠ করিবেন—

"ঐং রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্ত্বয়ি কৃতঃ পুরা। অহমপ্যাশ্বিনে তদ্বদ্ (ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়ামি বৈ) বোধয়ামি সুরেশ্বরি।

১। দেশভেদে "দক্ষযজ্ঞ" ইত্যাদি মন্ত্রের পূর্ব্বে—"উভে যদিন্দ্র রোদসী আপপ্রাথ উষা ইব, মহান্তং ত্বামহীনাং সম্রাজং চর্ষণীনাং দেবীং জনিত্র্যজীজনৎ ভদ্রা জনিত্র্যজীজনৎ" এই সূক্ত পাঠ ও মন্ত্রে "হ্রীং" এর পর "শ্রী" এর উল্লেখ প্রচলিত আছে।

ধর্ম্মার্থকামোক্ষায় বরদা ভব শোভনে॥ শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং রাজ্যং সুরালয়ে। তস্মাদহং ত্বাং প্রতিবোধয়ামি, বিভূতিরাজ্যপ্রতিপত্তিহেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্যস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি॥ দেবি চণ্ডাত্মিকে, চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি যথাসুখম্॥"

অতঃপর ঘটের চতুষ্কোণে চারিটি তীর আরোপণপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন, যথা—

ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষস্পরি এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ।"

পরে পাঁচ বা সাতটি রক্তসূত্রদ্বারা বেষ্টন করিবেন—মন্ত্র যথা "ওঁ সুত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিং দৈবীং নাবং স্বরিত্রামনাগসমস্রবন্তীমারুহেমা স্বস্তয়ে।"

অনন্তর আরাত্রিক করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবেন, যথা—অদ্যেত্যাদি—কৃতৈতদ্-বোধনকর্ম্মাচ্ছিদ্রমস্তু।

অধিবাস

সপ্তমী পূজার পূর্ব্ব দিন সায়ংকালে অধিবাস করিতে হয়। ঐ দিনে সায়ংকালে ষষ্ঠীর বোধন হইলে বোধনের পরেই অধিবাস করিবেন।

প্রথমতঃ কর্ত্তা বিল্ব বৃক্ষসমীপে গমন করিয়া আচমনাদি করণানন্তর স্বস্তিবাচন করিবেন—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্দুর্গায়াঃ শুভগন্ধাদ্যধিবাসনকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং" ইত্যাদি। পরে সংকল্প করিবেন, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা (অমুকগোত্রস্য সদারাপত্যস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ) শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ শ্বঃকর্ত্তব্য-বার্ষিক-শরৎ-কালীন-শ্রীভগদ্দুর্গা-মহাপূজাঙ্গং শ্রীভগবদ্দুর্গায়াঃ শুভগন্ধাদ্যধিবাসন-কর্ম্মাহং করিষ্যে (করিষ্যামি)।

অনন্তর সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি সমাপনান্তে ভূমিতে সিন্দুরতিলক দিয়া বোধন-নিয়মানুসারে "এষ গন্ধঃ ওঁ ভূতেভ্যো নমঃ" বলিয়া পঞ্চোপচারে পূজা করিয়া "এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ বলিয়া মাষভক্ত বলি নিবেদন করিয়া দিয়া, কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন—"ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্ম্মাণো রৌদ্র-স্থান-নিবাসিনঃ। সৌম্যরূপাশ্চ যে কেচিৎ সৌম্যস্থান-নিবাসিনঃ॥ মাতরো রৌদ্ররূপাশ্চ গণানামধিপাশ্চ যে। বিঘ্নীভূতাশ্চ যে চান্যে দিগ্বিদিক্ষু সমাশ্রিতাঃ॥ তে সর্ব্বে প্রীতমনসঃ প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিম্॥"

অনন্তর ভূতশুদ্ধি আদি যথাশক্তি সম্পন্ন করিয়া গণেশ, শিব, ভাস্কর; অগ্নি, কেশব, কৌশিকী, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিশদিক্‌পাল প্রভৃতির পাদ্যাদি দ্বারা পূজা

করত 'হ্রীং' এই বীজমন্ত্র দ্বারা প্রাণায়াম, করন্যাস, অঙ্গন্যাস, প্রভৃতি করিয়া "ওঁ জটাজূট, ইত্যাদি ধ্যান করিয়া যথাশক্তি উপচার দ্বারা পূজা করিয়া প্রাণায়াম, জপ, তৎপরে পুনরায় প্রাণায়াম করিয়া 'গুহ্যাতি' মন্ত্রে জপ সমর্পণ করিবেন।

অতঃপর স্ব স্ব বেদোক্ত মন্ত্র পাঠপূর্ব্বক "অনেন গন্ধেন অস্যাঃ শ্রীভগবদ্দুর্গায়া নবপত্রিকায়াশ্চ শুভাধিবাসনমস্তু" এই ক্রমে অধিবাসদ্রব্য স্পর্শ করাইয়া অধিবাস করিবেন। সাধারণ অধিবাস দেখুন [১]।

পরে, কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন—"ওঁ পূজাং কর্ত্তুং মহেশানি ত্বামহং চাধিবাসয়ে। মূলে সমাগতে ঋক্ষে সপ্তম্যামাগমিষ্যসি ॥"

তৎপরে, বায়ু ও নৈর্ঋতকোণ ব্যতীত বিল্ববৃক্ষের অন্তদিকের ফলযুগলশালিনী অভাবে কেবল একটি ক্ষুদ্র শাখায় কাটিবার স্থানে সিন্দুর দিয়া হাত যোড় করত আমন্ত্রণ মন্ত্র পাঠ করিবেন—

"ওঁ মেরুমন্দারকৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ ॥" পুনরপি হাত যোড় করিয়া "ওঁ শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ ॥ ওঁ শ্রীফলোঽসি মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। চণ্ডিকা-রোপণার্থায় ত্বামহং বরয়ে প্রভো ॥"

অতঃপর, মৃন্ময়ীপ্রতিমা-সমীপে গমনপূর্ব্বক বাদ্যধ্বনি সহকারে গায়ত্রী পাঠপূর্ব্বক 'অনেন গন্ধেন অস্যাঃ শ্রীদুর্গায়াঃ শুভাধিবাসনমস্তু।' এই ক্রমে প্রতিমার অধিবাস করিয়া মাষভক্তবলি গ্রহণপূর্ব্বক 'ওঁ ভূতেভ্যো নমঃ' বলিয়া নিবেদন করিয়া দিয়া 'কাণ্ডাৎ কাণ্ডাৎ' মন্ত্রে প্রতিমার চারিকোণে চারিটী তীর পুতিয়া আরাত্রিক করিবেন এবং গীতবাদ্য প্রভৃতি উৎসবে সে নিশা অতিবাহিত করিবেন।

সপ্তমী-পূজা

প্রথমতঃ কর্ত্তা প্রাতঃকালে সন্ধ্যোপাসনাদি সমাপ্ত করিয়া যদি পুরোহিত ও তন্ত্রধারকের বরণ না করা হইয়া থাকে, তবে বরণ করিবেন। তৎপরে বিবিধ বাদ্যোদ্যম সহকারে পূর্ব্বাহ্নে চর কিম্বা দ্ব্যাত্মকলগ্নে বিল্ববৃক্ষসমীপে গমন করত আচমনাদি করিয়া বিল্ববৃক্ষের পূজা করিবেন। তৎপরে নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক শ্বেতসর্ষপ বিকীর্ণ করিবেন।

"ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে যাবৎ পূজাং করোম্যহম্ ॥" পরে কৃতাঞ্জলি হইয়া 'ওঁ মেরুমন্দারকৈলাস'—ইত্যাদি অধিবাসোক্ত আমন্ত্রণের মন্ত্রদ্বয় পাঠ করিয়া নিম্নোক্ত মন্ত্র পড়িবেন।

১। দেশভেদে এই সময়ে নিদ্রাকলস স্থাপনের বিধি আছে, যথা—মণ্ডপের ঈশানকোণে নিদ্রাকলস স্থাপন করিয়া পাঠ করিবেন। "ওঁ নিদ্রাং প্রপদ্যে জননীং সর্ব্বভূতনিবেশিনীং। নিদ্রাং সমধিগম্য ত্বং তিষ্ঠ দেবি যথাসুখং।" পরে কলসের চতুর্দ্দিকে কাণ্ডচতুষ্টয় আরোপণ ও সূত্র বেষ্টন করিবেন।

"ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ ; গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গাপূজাং করোম্যহম্॥ ওঁ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ॥"

অতঃপর পূর্ব্বদিনের সিন্দূরচিহ্নিত স্থান তীক্ষধার অস্ত্রদ্বারা—"ওঁ ছিন্ধি ছিন্ধি হুঁ ফট্ স্বাহা"—এই বলিয়া ছেদনপূর্ব্বক করযোড় করিয়া পাঠ করিবেন।"

"ওঁ পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকালয়ম্। বিল্ববৃক্ষং সমাশ্রিত্য লক্ষ্মীং রাজ্যং প্রযচ্ছ মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্কর-প্রিয়ে॥ ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥"

অতঃপর শ্বেত-অপরাজিতালতা ও হরিদ্রাক্ত ডোরকদ্বারা বেষ্টিত করিয়া বিচিত্র পীঠাসনের উপর নবপত্রিকাকে স্থাপন করিবেন। যাঁহাদের সপ্তম্যাদি কল্পারম্ভ তাঁহারা কল্পারম্ভ-প্রকরণানুসারে কল্পারম্ভ করিবেন। তৎপরে, বাদ্যধ্বনি সহকারে ঐ বিল্বশাখা এবং নবপত্রিকা লইয়া পূজালয়ে প্রবেশ করিবেন কোন কোন স্থলে নদ্যাদি হইতে এই সময় নবপত্রিকার স্নান করাইয়া আনার ব্যবহার আছে।

পরে "হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দেবীকে পুষ্পাঞ্জলি দান করিয়া অষ্টাঙ্গুলিপরিমিত বিল্ব-কাষ্ঠোদ্ভব দন্তকাষ্ঠ ও উষ্ণোদক দেবীর মুখপ্রক্ষালনার্থ প্রদান করিয়া নিবেদন করিবেন, মন্ত্র যথা—"ওঁ আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ ব্রহ্ম-প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো ধেহি বনস্পতে॥"

নবপত্রিকাস্নান।—শঙ্খস্থজলদ্বারা নবপত্রিকা স্নান করাইবেন। যথা—শঙ্খমধ্যস্থ-জলে—ওঁ পুণ্যস্ত্বং শঙ্খ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। বিষ্ণুনা বিধৃতো নিত্যং মহাশান্তিং প্রযচ্ছ মে॥

পরে নয়টি দ্রব্যের জলদ্বারা যথাক্রমে নবপত্রিকার স্নান করাইবেন। যথা—উষ্ণোদকে—"ওঁ কদলী তরুসংস্থাসি বিষ্ণোর্বক্ষঃস্থলাশ্রয়ে। নমস্তে নবপত্রি ত্বং নমস্তে চণ্ডনায়িকে॥ ১॥" বাপীজলে—"ওঁ কচ্চি ত্বং স্থাবরস্থাসি সদা সিদ্ধিপ্রদায়িনী। দুর্গা-রূপেণ সর্ব্বত্র স্নানেন বিজয়ং কুরু॥ ২॥" শিশিরোদকে—"ওঁ হরিদ্রে হররূপাসি শঙ্করস্য সদা প্রিয়া। রুদ্ররূপাসি দেবি ত্বং সর্ব্বসিদ্ধিং প্রযচ্ছ মে॥ ৩॥" পুষ্পোদকে—"ওঁ জয়ন্তি জয়রূপাসি জগতাং জয়হেতবে (জয়কারিণী)। নমামি ত্বাং মহাদেবি জয়ং দেহি গৃহে মম॥ ৪॥" সর্ব্বৌষধিজলে—"ওঁ শ্রীফল শ্রীনিকেতোঽসি সদা বিজয়বর্দ্ধনঃ। দেহি মে হিতকামাংশ্চ প্রসন্নো ভব সর্ব্বদা॥ ৫॥" সমুদ্রজলে—"ওঁ দাড়িম্যঘবিনাশায় ক্ষুন্নাশায় চ (সদা ভুবি) বেধসা। নির্ম্মিতা ফলকামায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে॥ ৬॥" সুগন্ধিজলে—"ওঁ স্থিরা ভব সদা দুর্গে অশোকে শোকহারিণী। ময়া ত্বং পূজিতা দুর্গে স্থিরা ভব হর-প্রিয়ে (ভবপ্রিয়ে)॥ ৭॥" রত্নোদকে—"ওঁ মান মান্যেষু বৃক্ষেষু মাননীয়ঃ সুরাসুরৈঃ।

স্নাপয়ামি মহাদেবীং স্নানং দেহি নমোঽস্তুতে তে ॥ ৮ ॥" তিলতৈলযুক্তজলে—"ওঁ লক্ষ্মীস্ত্বং ধান্যরূপাসি প্রাণিনাং প্রাণদায়িনী। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব ॥ ৯ ॥"

মহাস্নান—অনন্তর নিম্নোক্তদ্রব্যসমূহদ্বারা বাদ্যোদ্যমসহকারে নিম্নোক্তমন্ত্রে মহাস্নান করাইবেন। প্রথমে দর্পণপ্রতিবিম্বে দেবীকে বিশেষরূপে চিন্তা করিয়া চন্দন, পিটুলী, পঞ্চশস্য প্রভৃতির চূর্ণ এবং তৈল-হরিদ্রা দর্পণে মাখাইয়া মন্ত্র পড়িবেন—"ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে। তবানুলেপমাত্রেণ চিত্রদোষো বিনশ্যতি ॥ ওঁ উদ্বর্ত্তয়ামি দেবি ত্বাং যথেষ্টং চন্দনাদিভিঃ। উদ্বর্ত্তন-প্রসাদেন প্রাপ্নুয়াং শ্রিয়মুত্তমাম্ ॥"

তৎপরে একটী বিল্ব, হাঁড়ী বা তাম্রাধারে রাখিয়া, তদুপরি দর্পণ স্থাপন পূর্ব্বক স্নান করাইবেন।

প্রথমে শীতলজলে—"ওঁ অগ্নিমীলে পুরোহিতং, যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্ ॥ ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ, দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥ ওঁ অগ্ন আয়াহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি ॥ ওঁ শন্নো দেবীরভিষ্টয়, আপো [১] ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ ॥"

তদনন্তর, তাম্র বা মৃণ্ময় ঘট জলপূর্ণ করিয়া সেই জলদ্বারা নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া স্নান করাইবেন। যথা—

"ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরযুর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী ॥ ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈ স্নাপয়ন্তু তাঃ ॥ ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ ॥ প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নিঋর্তিস্তথা ॥ বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা ॥ ওঁ কীর্ত্তিলক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তি-স্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ। এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সুসংযতাঃ। আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বমভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ ॥ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্‌সরসাং গণাঃ ॥ অস্ত্রাণি সর্ব্ব-শস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে ॥ ওঁ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ ॥ এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে ॥"

"ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে হ্রদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে ॥ ওঁ কুরুক্ষেত্রং প্রয়াগশ্চ অক্ষয়ো বটসংজ্ঞকঃ। গোদাবরী বিয়দ্‌গঙ্গা নর্ম্মদা মণিকর্ণিকা ॥ সর্ব্বাণ্যেতানি তীর্থানি ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে ॥ ওঁ তক্ষকাদ্যাশ্চ যে নাগাঃ পাতালতলবাসিনঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে ॥ ওঁ দুর্গা

১। সামবেদীয় পক্ষে—(রভিষ্টয়ে শন্নো ভবন্তু) পাঠ।

চণ্ডেশ্বরী চণ্ডী বারাহী কার্ত্তিকী তথা ॥ হরসিদ্ধা তথা কালী ইন্দ্রাণী বৈষ্ণবী তথা ॥ ভদ্রকালী বিশালাক্ষী ভৈরবী সর্ব্বরূপিণী ॥ এতাঃ (সর্ব্বাশ্চ যোগিন্যো) সুমনসো ভূত্বা, ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ ॥"

শঙ্খজলে—"সর্ব্বেধামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণি-(র্মহাদেবা) স্তথাদেবা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তিমাম্ ॥"

গঙ্গাজলে—ওঁ মন্দাকিন্যাস্ত যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গস্রোতস্ত বৈষ্ণব্যং স্নানং ভবতু-তে সদা ॥"

উষ্ণোদকে,—"ওঁ পরমং পবিত্রমুষ্ণং চ বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তিমাম্ ॥"

গন্ধোদকে,—ওঁ গন্ধাঢ্যং শোভনঞ্চৈব শীতলং সুমনোহরম্। সর্ব্বপাপহরং বারি ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তিমাম্ ॥"

শুদ্ধজলে—"ওঁ আপো হিষ্ঠা"—ইত্যাদি। "শন্নো দেবীরভীষ্টয়ে"—ইত্যাদি।

তৎপরে পঞ্চগব্যশোধনমন্ত্রে পঞ্চগব্য পৃথক্ রূপে শোধন করিয়া স্নান করাইবেন যথা—গোমূত্রে—"ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ।" গোময়ে,—"ওঁ গাং গৌর্য্যৈ নমঃ" দুগ্ধে—"ওঁ হ্রীং ত্রিনেত্রায়ৈ নমঃ।" দধিতে—"ওঁ হ্রীং ভৈরব্যৈ নমঃ।" ঘৃতে "ওঁ হ্রীং ভুবনেশ্বর্য্যৈ নমঃ।" কুশোদকে—"ওঁ হ্রীং পার্ব্বত্যৈ নমঃ।"

পঞ্চামৃতদ্বারা—দধি—"ওঁ দধিক্রাব্ণোঽকারিষং" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া—"হ্রাং হৃদয়ায় নমঃ।" দুগ্ধে—"ওঁ আপ্যায়স্ব" মন্ত্র পাঠ করিয়া—হ্রীং শিরসে স্বাহা।" ঘৃতে—"ওঁ তেজোঽসি" মন্ত্র পাঠ করিয়া—"ওঁ হ্রূং শিখায়ৈ বষট্ ॥" মধুতে—"ওঁ মধু বাতা" মন্ত্র পড়িয়া—"ওঁ হ্রৈং কবচায় হুং।" ইক্ষুরসে—"ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে, ভগবত্যৈ ধীমহি। তন্নো গৌরী প্রচোদয়াৎ ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্ ॥"

পঞ্চকষায়ে,—"ওঁ জম্বু শাল্মলী বাট্যালং বকুলং বদরং তথা।

এতন্মিশ্রিততোয়েণ স্নাপয়ামি সুশোভনে ॥ ওঁ হ্রীং ভদ্রকাল্যৈ নমঃ।"

পঞ্চশস্যোদকে,—"ওঁ যবগোধূমমুদ্গাশ্চ তিলাশ্চ ধান্যমেব চ। এতত্তোয়েন দেবেশি স্নাপয়ামি প্রসীদ মে ॥ ওঁ হ্রীং উমায়ৈ নমঃ ॥" রজতজলে,—"ওঁ অম্বিকে বরদে দেবি জগতাং হিতকারিণি। রৌপ্যোদকেন দেবি ত্বাং স্নাপয়ামি সুশোভনে। ওঁ হ্রাং বিমলায়ৈ নমঃ ॥" স্বর্ণোদকে—"ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ ॥" মুক্তাজলে,—ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ ॥" মধুতে—"ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ ॥" ঘৃতে—'হ্রীং শিরসে স্বাহা ॥" দুগ্ধে—ওঁ হ্রূং শিখায়ৈ বষট্ ॥" নারিকেলোদকে,—"ওঁ হ্রৈং কবচায় হুং ॥ ইক্ষুরসে—'ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্ ॥" দধিতে—"ওঁ হ্রঃ অস্ত্রায় ফট ॥" তিলোদকে—"ওঁ হ্রীং অম্বিকায়ৈ নমঃ ॥" বিষ্ণুতৈলে—"ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ।" পুষ্পোদকে—"ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ।" সর্ব্বৌষধি-জলে—"ওঁ হ্রীং সর্ব্বদা সর্ব্বপাপঘ্নী অরিষ্টানাং বিঘাতিকা। সর্ব্বৌষধিজলেনাত্ত স্নাপয়ামি

সুরেশ্বরীম্ ॥ ওঁ পার্ব্বত্যৈ নমঃ ॥” মহৌষধিজলে,—“ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে চণ্ডিকায়ৈ ধীমহি, তন্নো গৌরী প্রচোদয়াৎ। হ্রীঁ চণ্ডিকায়ৈ নমঃ॥” অগুরুচন্দনজলে,—“ওঁ গাং গৌর্য্যৈ নমঃ ॥” পুষ্করিণীজলে—“ওঁ হ্রীং কালিকায়ৈ নমঃ ॥” শিশিরোদকে—“ওঁ হ্রীং ভগবত্যৈ নমঃ”—শীতলজলে,—“ওঁ হ্রীং শিবায়ৈ নমঃ ॥” বৃষ্টিজলে“ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ ॥” চন্দনোদকে,—“ওঁ যোঽসৌ মলয়জো বৃক্ষঃ সৌগন্ধ্যনিলয়ঃ সদা। তজ্জলস্নান-মাত্রেণ বরদা ভব শোভনে। হ্রীং কাল্যৈ নমঃ॥” শর্করোদকে, “ওঁ শর্করে মধুরে স্নিগ্ধে দেবামোদবিবর্দ্ধিনি ॥ দেবানাং তুষ্টিদে শীঘ্রং মাতর্নিত্যং প্রসীদ মে। ওঁ হ্রীং শিবায়ৈ নমঃ॥” গজদন্তমৃত্তিকায়—“ওঁ কৌমার্য্যৈ নমঃ॥ বরাহদন্তমৃত্তিকায়—“ওঁ হ্রীঁ চণ্ডিকায়ৈ নমঃ॥” বেশ্যাদ্বারমৃত্তিকায়—“ওঁ হ্রীং কাত্যয়ন্যৈ নমঃ॥” বৃষশৃঙ্গমৃত্তিকায়—“ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ।” বল্মীকমৃত্তিকায়—“ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ॥ নদমৃত্তিকায়—“ওঁ হ্রীং মাহেশ্বর্য্যৈ নমঃ॥” নদীমৃত্তিকায়—“ওঁ হ্রীং শিবায়ৈ নমঃ॥ নদ্যুভয়কুল-মৃত্তিকায়,—ওঁ হ্রীং চণ্ডেশ্বর্য্যৈ নমঃ ॥” সাগরমৃত্তিকায়—“ওঁ হ্রীং কাত্যায়ন্যৈ নমঃ॥” চতুষ্পথমৃত্তিকায় ওঁ হ্রীং কৌশিক্যৈ নমঃ॥” গঙ্গামৃত্তিকায়—“ওঁ হ্রীং কপালিন্যৈ নমঃ॥” গোষ্ঠমৃত্তিকায়—“ওঁ হ্রীং ইন্দ্রাণ্যৈ নমঃ॥” গোরোচনায়—“ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ॥”

সহস্রধারাজলে—(সর্ব্বপ্রকার স্নানীয় দ্রব্য একত্র দিয়া সেই জলে)—“ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ সর্ব্বস্রোতোনদাস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নৈঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে॥” ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলৈস্তথা। সহস্রধারয়া দেবীং স্নাপয়ামি মহেশ্বরীম্॥ ওঁ বসোঃ পবিত্রমসি শতধারং বসোঃ পবিত্রমসি সহস্রধারম্। দেবস্ত্বা সবিতা পুনাতু বসোঃ পবিত্রেণ শতধারেণ সুপ্বা কামধুক্ষঃ।”

অনন্তর অষ্টকলসের জলে পৃথক্ পৃথক্ স্নান করাইবেন।

গঙ্গাজলে—“ওঁ দেবাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
ব্যোমগঙ্গাম্বুপূর্ণেন আদ্যেন কলসেন তু ॥ ১ ॥”

বৃষ্টিজলে—‘ওঁ মরুতশ্চাভিষিঞ্চন্তু ভক্তিমন্তঃ সুরেশ্বরীম্।
মেঘাম্বুপরিপূর্ণেন দ্বিতীয়কলসেন তু ॥ ২ ॥”

সরস্বতীনদীজলে—“ওঁ সারস্বতেন তোয়েন সম্পূর্ণেন সুরোত্তমে।
বিদ্যাধরাভিষিঞ্চন্তু তৃতীয়কলসেন তু ॥ ৩ ॥”

সমুদ্রজলে—“ওঁ শক্রাদ্যাশ্চাভিষিঞ্চন্তু লোকপালাঃ সমাগতাঃ।
সাগরোদকপূর্ণেন চতুর্থকলসেন তু ॥ ৪ ॥”

পদ্মরেণুযুক্তজলে—“ওঁ বারিণা পরিপূর্ণেন পদ্মরেণুসুগন্ধিনা॥
পঞ্চমেনাভিষিঞ্চন্তু নাগাশ্চ কলসেন তু ॥ ৫ ॥”

নির্ঝরোদকে—“ওঁ হিমবদ্ধেমকূটাদ্যাশ্চভিষিঞ্চন্তু পর্ব্বতাঃ।
নির্ঝরোদকপূর্ণেন ষষ্ঠেন কলসেন তু ॥ ৬ ॥”

সর্ব্বতীর্থজলে—ওঁ সর্ব্বতীর্থাম্বুপূর্ণেন কলসেন সুরেশ্বরীম্।
সপ্তমেনাভিষিঞ্চন্তু ঋষয়ঃ সপ্ত খেচরাঃ ॥ ৭ ॥"
চন্দনবাসিতজলে—"ওঁ বসবশ্চাভিষিঞ্চন্তু কলসেনাষ্টমেন তু।
অষ্টমঙ্গলসংযুক্তে দুর্গে দেবি নমোঽস্তু তে ॥ ৮ ॥"

অতঃপর "ওঁ অগ্নিমীলে পুরোহিতং" ইত্যাদি বৈদিক মন্ত্রচতুষ্টয়ে জলদ্বারা স্নান করাইয়া, সুগন্ধিজলে স্নান করাইবেন, মন্ত্র যথা—"ওঁ সূর্য্যঃ সোমঃ কুবেরশ্চ বরুণো যাদসাং পতিঃ। এতে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্। ওঁ অদিতিশ্চ, দিতিশ্চৈব তথৈবারুন্ধতী সতী। এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥ ওঁ ব্যাসশ্চ নারদশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। এতে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে ॥ ওঁ ঐরাবতং . পুষ্পদন্তো হাহা হূহূশ্চ বীর্য্যবান্॥ গীতবাদিত্রনাট্যৈন স্নাপয়ন্তু মহেশ্বরীম্॥"

অনন্তর ধৌতবস্ত্র দ্বারা দর্পণ মুছিয়া মধ্যস্থলে সিন্দুরবিন্দু অঙ্কিত করত তাহার মধ্যে "হ্রীঁ" এই বীজ মন্ত্র বিল্বপত্রবৃন্তের দ্বারা লিখিয়া তদুপরি ত্রিকোণ ও গোলাকার মণ্ডল আঁকিয়া যথাস্থানে স্থাপন করিবেন। তৎপরে নবপত্রিকা আল্‌তা ও বিল্বযুগলের সহিত দৃঢ়রূপে বাঁধিয়া গণেশের দক্ষিণে স্থাপন করিবেন এবং বস্ত্র পরিধান ও সিন্দুর দিয়া মন্ত্র পড়িবেন—ওঁ পরিধত্ত ধত্ত বাসসৈনাং, শতায়ুষীং কৃণুত দীর্ঘমায়ুঃ। শতঞ্চ জীব শরদঃ সুবর্চ্চা বসূনি চার্য্যো বিভজাসি জীবন্।

অতঃপর পূজক আসনে উপবেশনপূর্ব্বক ভূতাপসারণ করিবেন।

ভূতাপসারণ;—"ওঁ অঘোরেভ্যোঽথ ঘোরেভ্যো ঘোরঘোরতরেভ্যশ্চ। সর্ব্বেভ্যঃ সর্ব্বতরেভ্যো রুদ্ররূপেভ্যো নমঃ। এষ মাষভক্তবলিঃ ক্ষেত্রপালায় নমঃ॥" পরে হাতযোড় করিয়া পাঠ করিবেন—"ওঁ আদ্যাশ্চ কর্ম্মজাশ্চৈব যে ভূতা দিবি সংস্থিতাঃ। ভূমৌ ব্যোম্নি স্থিতা যে চ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ বেতালায় নমঃ॥" এষ গন্ধঃ ওঁ ভূতেভ্যো নমঃ—এই ক্রমে পঞ্চোপচারে পূজা করিয়া, হাতযোড় করিয়া পাঠ করিবেন—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তং বলিং মাষপ্রসাধিতম্॥ ওঁ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাঃ পশ্যন্তু মৎকৃতাম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ।" পরে 'ফট্' মন্ত্রে দূর্ব্বাক্ষত গ্রহণপূর্ব্বক "ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ"—এই মন্ত্রে বিকীরণ করিবেন।

নবপত্রিকাপ্রবেশ।—নবপত্রিকায় হস্ত দিয়া পাঠ করিবেন—"ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় শীঘ্রং ত্বমম্বিকে পূজালয়ং প্রবিশ॥ ওঁ আগচ্ছ পত্রিকে দেবি অস্মাকং হিতকারিণি। প্রবিশ্য তিষ্ঠ গেহেঽস্মিন যাবৎ পূজাং করোম্যহম্॥"

পরে দেবীর আসন স্পর্শ করিয়া পাঠ করিবেন—"ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয়

শীঘ্রং পূজালয়ং প্রবিশ ॥ ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে ॥ ওঁ আগচ্ছ মদ্‌গৃহে দেবি সর্ব্বসম্পত্তিহেতবে। বলিপূজাং যথাশক্তি গৃহাণ হরবল্লভে ॥ ওঁ গম্যতাং মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে ॥ ওঁ ত্বং পরা পরমা শক্তিস্ত্বমেব শিববল্লভা। ত্রৈলোক্যোদ্ধারহেতুস্ত্বমবতীর্ণা যুগে যুগে ॥ ওঁ ঐঁ হ্রীং শ্রাং শ্রীং ত্বমম্বিকে স্থিরা ভব ॥"

অনন্তর, দুর্গা, লক্ষ্মী ও সরস্বতীর মস্তকে গন্ধদ্রব্য কপালের সিন্দূর প্রভৃতি দিয়া ঘৃতকজ্জল প্রস্তুত করিয়া গায়ত্রীপাঠপূর্ব্বক প্রতিমাস্থ সমস্ত দেবতার চক্ষুর্দান করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবেন। দেবীর হৃদয়ে পঞ্চমন্ত্র পাঠ করিবেন, যথা—"ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসৎ নৃষদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ ॥ ১ ॥ ওঁ প্রতদ্বিষ্ণুস্তবতে বীর্য্যেণ মৃগোন ভীমঃ কুচরো গরিষ্ঠা যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বা ॥ ২ ॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু। আ সিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে ॥ ৩ ॥ পরে গায়ত্রী পাঠ করিবেন ॥ ৪ ॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মা মৃতাৎ ॥ ৫ ॥" অতঃপর দূর্ব্বা ও আতপ তণ্ডুল দেবী-হৃদয়ে পঞ্চাঙ্গুলীসহযোগে স্থাপন করিয়া—"ওঁ জীব জীবয়তে পৃথ্বি পুরতো মম মনো জগাম যথা দূরকম্। তত্তে নির্ব্বর্ত্তয়ামসীহ অক্ষয়ায় জীবসে ॥ ওঁ যত্তে দিবং যৎ পৃথিবীং মনো জগাম দূরকম্। তত্তে আবর্ত্তয়ামসীহ ক্ষয়ায় জীবসে। হ্রাঁং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, হ্রূং শিখায়ৈ বষট্, হৈঁ কবচায় হুং, হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট।" পরে দেবীর কপোলদ্বয় স্পর্শ করিয়া ওঁ আং হ্রীং ক্রোং ইত্যাদি মন্ত্রে প্রাণ প্রতিষ্ঠা করিবেন। তৎপরে "হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দেবীকে পঞ্চ পুষ্পাঞ্জলি প্রদান-পূর্ব্বক 'আং হ্রীং ক্রোং' ইত্যাদি মন্ত্রে প্রতিমাস্থ গণেশাদি দেবতার প্রাণপ্রতিষ্ঠা করিবেন। (প্রাণপ্রতিষ্ঠা দেখুন)।

তদনন্তর স্ব স্ব বেদোক্তমন্ত্রে অষ্টদলপদ্মমধ্যে দেবীঘট স্থাপন করিবেন। ঘটে পঞ্চরত্ন, দধি, আতপ চাউল ও বস্ত্র দিবেন এবং বহির্ভাগে পুষ্পমাল্যাদি সুশোভিত করিবেন; পরে স্ব স্ব বেদোক্ত ঘটস্থাপন করিয়া, অবশেষে পাঠ করিবেন,—ওঁ সর্ব্ব-তীর্থময়ং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ ॥ পরে অঙ্কুশমুদ্রাদ্বারা তীর্থ আবাহন করিয়া পাঠ করিবেন,—ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ ॥

পরে সপ্তমৃত্তিকা, সর্ব্বৌষধি, গন্ধপুষ্প, দূর্ব্বা ও তণ্ডুলাদি লইয়া ঘটমধ্যে প্রদান করিয়া—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রপাঠ করিবেন। পরে কোণচতুষ্টয়ে তীরচতুষ্টয় আরোপণ করিয়া "হাং হুং ফট্" মন্ত্রে পুষ্পনৈবেদ্যাদি দর্শন করিবেন।

তদনন্তর সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধি করিয়া গুর্ব্বাদি প্রণাম করিবেন, যথা—বামে—"ওঁ গুরুভ্যো নমঃ" দক্ষিণে "ওঁ গণেশায় নমঃ" মধ্যে "ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ।" পরে পুষ্প-শুদ্ধি ও করশুদ্ধি করিয়া (শ্বেত সর্ষপ বিকীরণ করত) ভূতাপসারণ করিবেন। মন্ত্র যথা —"ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে দুর্গাস্ত্রেণৈব তাড়িতাঃ॥ পরে উর্দ্ধোর্দ্ধতালত্রয় দিয়া দশদিগ্বন্ধনপূর্ব্বক ভূতশুদ্ধি করিবেন।

পরে মাতৃকান্যাসাদি এবং পুনর্মধ্যে "বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় হুং ফট্ নমঃ" ইত্যন্ত মন্ত্র পাঠ করিয়া পীঠন্যাস করিবেন এবং গণেশাদি দেবতাগণকে গন্ধপুষ্প দিয়া "হ্রীং" এই বীজ দ্বারা প্রাণায়াম করিয়া ঋষ্যাদি ন্যাস করিবেন। যথা—"অস্য মন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গা দেবতা চতুর্ব্বর্গসিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি নারদঋষয়ে নমঃ। মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি শ্রীদুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ।"

অতঃপর করন্যাস করিবেন, যথা—"হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, হ্রূং মধ্যমাভ্যাং বষট, হ্রৈং অনামিকাভ্যাং হূং, হ্রৌ কনিষ্ঠাভ্যাং বৌষট্; হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।" এই ক্রমে অঙ্গন্যাস করিবেন। "হ্রীং" মন্ত্রে ব্যাপক ন্যাস করিয়া "ওঁ জটাজূট" ইত্যাদি দেবীর ধ্যান করিয়া ধ্যানের পুষ্প স্বীয় মস্তকে দিয়া মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্য স্থাপনানন্তর ঘটস্থাপন-মন্ত্রাদিতে গণেশের সম্মুখে গণেশঘট স্থাপন করত তাহাতে গণেশের পূজা করিয়া পুষ্পাঞ্জলি দিয়া প্রণাম করিবেন—"ওঁ সর্ব্ব-বিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ। দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়॥" তৎপরে গণেশঘটে বিষ্ণু, ব্রহ্মা, শিবাদি-পঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্-পাল প্রভৃতি দেবতার পূজাপূর্ব্বক পীঠন্যাসোক্ত আধারশক্তি-আদির পূজা করিয়া "হ্রীং" এই বীজমন্ত্রে করন্যাস করত পুনরায় দেবীর ধ্যান করিয়া আবাহন করিবেন।

ওঁ আগচ্ছ মদ্গৃহে দেবী অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণ-কারিণি॥ ওঁ এহেহি ভগবত্যম্ব শত্রুক্ষয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ ওঁ দুর্গে দেবী সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগান্ গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পনিসূদনি॥ ওঁ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাশুভবিনাশিনি। ত্রায়স্ব বরদে দেবী নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ যে দেবা যাশ্চ দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি যে। আবাহয়ামি তান্-সর্ব্বান্ চণ্ডিকে পরমেশ্বরি॥ ওঁ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাৎ ত্বং হি দেবি জগৎপ্রিয়ে॥ ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। মেনানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ ও আগচ্ছ মদ্গৃহে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রেহিপর্ব্বতাৎ। আগত্য বিল্ব-শাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥ ওঁ স্থাপিতাসি ময়া দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে।

আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবী নমোঽস্তু তে ॥ ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবগণৈঃ সহ ॥ ওঁ দেবি ত্বং জগতাং মাতা সৃষ্টিসংহারকারিণী। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয় ॥ ওঁ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখিভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে ॥ ওঁ আবাহিতাসি দেবি ত্বং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব ॥ ওঁ চণ্ডি ত্বং চণ্ডরূপাসি চণ্ডবিগ্রহকারিণি। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। যজ্ঞভাগং গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ ॥ ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। বিল্বপত্রকৃতাবাসে সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্ ॥ ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। এই মন্ত্র পাঠ করিয়া আবাহন্যাদি পঞ্চ মুদ্রা দর্শন করাইবেন।

অতঃপর যথাশক্তি দ্রব্যাদি দ্বারা দেবীর ষোড়শোপচারে পূজা করিবেন।

ষোড়শোপচার পূজা।[১] "বং এতস্মৈ রজতাসনায় নমঃ" বলিয়া তিনবার প্রোক্ষণ করিয়া "এতে গন্ধপুষ্পে এতস্মৈ রজতাসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ দেবায় বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ—ইদং রজতাসনং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং (শ্রীং) দুর্গায়ৈ নমঃ—ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি চণ্ডিকে সর্ব্বমঙ্গলে। আসনং সর্ব্বকার্য্যেষু প্রশস্তং ব্রহ্মনির্ম্মিতম্ ॥"

এইরূপে সমস্ত দ্রব্যাদি নিবেদন করিতে হইবে। তত্তদ্ দ্রব্যাদানের বিশেষ মন্ত্রগুলি এই স্থলে লিখিত হইল—কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন,—"ওঁ হ্রীং ভগবতি দুর্গে দেবি স্বাগতং ওঁ সুস্বাগতম্ ॥ ওঁ কৃতার্থোঽনুগৃহীতোঽস্মি সফলং জীবিতং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মদাশ্রমং (মমালয়ং) ॥"

পাদ্য—ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারিণি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে ॥ অর্ঘ,—ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথাপরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে ॥ আচমনীয়—ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্ ॥ মধুপর্ক,—ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি ॥ পুনরাচমনীয়—ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্ ॥ স্নানীয়—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্। স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্ ॥ আচমনীয় পূর্ব্বোক্ত-মন্ত্রে ॥ বস্ত্র—ওঁ বহুতন্ত্রসমাযুক্তং পট্টসূত্রাদিনির্ম্মিতম্।

১। তান্ত্রিক পূজায় উপচারদানে অর্ঘে "স্বাহা" আচমনীয় ও মধুপর্কে "স্বধা" পুষ্পে "বৌষট্" স্নানীয় জলে ও নৈবেদ্যে "নিবেদয়ামি" অন্যত্র "নমঃ" শব্দ প্রয়োগ শাস্ত্রসঙ্গত।

বসনং দেবি সূক্ষ্মঞ্চ গৃহাণ বরবর্ণিনি ॥ ওঁ তন্তুসন্তানসন্নদ্ধং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি ভজ প্রীতিং বাসস্তে পরিধীয়তাম্ ॥ পূর্ব্বের ন্যায় আচমনীয় দিবেন ॥ আভরণ,— ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি ॥ শঙ্খাভরণ—ও শঙ্খোঽয়ং বিবিধৈশ্চিত্রঃ করয়োর্ভূষণং তব। দীয়তে চ ময়া ভক্ত্যা গৃহ্যতাং পরমেশ্বরি ॥ সিন্দূর—ওঁ শিরোভূষণসিন্দূরং ভর্ত্তুরায়ুর্ব্বিবর্দ্ধনম্ ॥ সর্ব্বরত্নাধিকং দিব্যং সিন্দূরং প্রতিগৃহ্যতাম্ ॥ চন্দন,—"ওঁ শরীরং তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতো গন্ধঃ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্ ॥ পুষ্প—ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্ম্মিতং। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্ ॥ বিল্বপত্র—ওঁ শিব-প্রীতিকরং পত্রং শ্রীফলীয়ং সুরেশ্বরি। ময়া নিবেদিতং ভক্ত্যা কৃপয়া প্রতিগৃহ্যতাং ॥ মাল্য,—ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতম্। গন্ধচন্দনসংযুক্তং গৃহাণ পরমেশ্বরি ॥ ধূপ,—ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ ॥ আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্। ধূপ ও দীপদানে প্রোক্ষণ মন্ত্র 'ফট্' এবং জয়ধ্বনিমন্ত্রমাতঃ স্বাহা, বলিয়া ঘণ্টার পূজা করিয়া বাদন পূর্ব্বক দৃষ্টিপর্য্যন্ত ভ্রামণ করত দেবতার বামে ধূপ ও দক্ষিণে দীপ স্থাপন করিতে হয়। দীপ—ওঁ অগ্নির্জ্যোতীরবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ কজ্জল—ওঁ অঞ্জনং পরমং রম্যং নেত্রয়োর্ভূষণং মহৎ। গৃহাণ বরদে দুর্গে প্রসীদ বরবর্ণিনি ॥ নৈবেদ্য,—ওঁ আমান্নং ঘৃতসংযুক্ত ফলতাম্বূলসংযুতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি ॥ আচমনীয় পূর্ব্ববৎ ॥ রচনা—নানাফলসমাযুক্তাং নানাবস্তুসুশোভিতাম্। রচনান্তে প্রযচ্ছামি গৃহাণ পরমেশ্বরি ॥ পানার্থোদক—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্। পানার্থং তে প্রযচ্ছামি গৃহাণ হরবল্লভে ॥ পুনরাচমনীয় পূর্ব্ববৎ ॥ তাম্বূল,—ওঁ ফলপত্রাসমযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাম্ ॥

অনন্তর দেবীকে পঞ্চ পুষ্পাঞ্জলি প্রদান করত তৈজসাধার অন্ন, জল, বস্ত্র এবং ভোজ্যাদি দেবীসম্প্রদানক দ্রব্য উৎসর্গবাক্যে উৎসর্গ করিয়া দিয়া প্রাণায়াম করত যথাশক্তি জপ করিয়া পুনঃ প্রাণায়াম করত 'গুহ্যাতি' মন্ত্রে জপ সমর্পণপূর্ব্বক 'সর্ব্বমঙ্গল-মঙ্গল্যে' মন্ত্রে সাষ্টাঙ্গে প্রণাম করিয়া আবরণ পূজা করিবেন।

আবরণ-পূজা—"হ্রাং হৃদয়ায় নমঃ" এই ক্রমে গন্ধপুষ্পদ্বারা ষড়ঙ্গের পূজা করিয়া পঞ্চোপচারে পূর্ব্বাদিদিক্‌ক্রমে লোকপালের পূজা করিবেন। যথা—"ওঁ ইন্দ্রায় সবজ্রায় সবাহনপরিবারায় নমঃ।" (এই ক্রমে)—অগ্নয়ে সশক্তয়ে, যমায় সদণ্ডায়, নৈঋ তায় সখড়্গায়, বরুণায় সপাশায়, বায়বে সাঙ্কুশায়, কুবেরায় সগদায়, ঈশানায় সশূলায়, অনন্তায় সচক্রায়, ব্রহ্মণে সপদ্মায়।

নবপত্রিকা-পূজা—রম্ভাধিষ্ঠাত্রী ব্রহ্মাণীকে আবাহন করিয়া "ওঁ হ্রীং রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ" এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ দুর্গে দেবি

সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোঽস্তু তে॥" ১॥ কচুতে কালিকার আবাহন করিয়া "ওঁ হ্রীং কচ্‌ব্যধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ" এই ক্রমে পাদ্যাদি-দ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ মহিষাসুরযুদ্ধেষু কচ্‌বীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে॥" ২॥ হরিদ্রায় দুর্গার আবাহন করিয়া "ওঁ হ্রীঁ" হরিদ্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ" এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ হরিদ্রে হররূপাসি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥" ৩॥ জয়ন্তীরূপা কর্ত্তিকীর আবাহন করিয়া "ওঁ হ্রীং জয়ন্ত্যধিষ্ঠাত্র্যৈ কার্ত্তিক্যৈ নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ" নিশুম্ভশুম্ভমথনে সেন্দ্রৈর্দ্দেবগণৈঃ সহ। জয়ন্তী পূজিতাসি ত্বমস্মাকং বরদা ভব॥" ৪॥ বিল্বরূপা শিবাকে আবাহন করিয়া "ওঁ হ্রীং বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষো বিল্বরূপ নমোঽস্তু তে॥" ৫॥ দাড়িমীরূপা রক্তদন্তিকার আবাহন করিয়া "ওঁ দাড়িম্যধিষ্ঠাত্র্যৈ রক্তদন্তিকায়ৈ নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ দাড়িমী ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাদস্মাকং বরদা ভব॥" ৬॥ অশোকরূপা শোকরহিতার আবাহন করিয়া "ওঁ হ্রীং অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ হরপ্রীতিকরো বৃক্ষো হ্যশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু॥" ৭॥ মানরূপা চামুণ্ডার আবাহন করিয়া "ওঁ হ্রীং মানাধিষ্ঠাত্রৈ চামুণ্ডায়ৈ নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—ওঁ যস্য পত্রে বসেদ্দেবী মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ৮॥ ধান্যরূপা লক্ষ্মীর আবাহন করিয়া "ওঁ ধান্যাধিষ্ঠাত্র্যৈ লক্ষ্ম্যৈ নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা॥" ৯॥ নবপত্রিকারূপিণী দুর্গার আবাহন করিয়া "ওঁ হ্রীং নবপত্রিকাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—"ওঁ পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরম। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥"

তৎপরে গণেশ, কার্ত্তিক, লক্ষ্মী, সরস্বতী, মহাদেব, মহিষাসুরাদি প্রতিমাস্থ দেবতার পূজা করিবেন। পরে ওঁ "বাসুদেবায় নমঃ"—"এই ক্রমে—নীলকণ্ঠায়, দশাবতারেভ্যঃ, একাদশরুদ্রেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ পার্ব্বত্যৈ, অষ্টবসুভ্যঃ, ব্যাসায়, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, পূতনায়ৈ, চতুর্ব্বেদেভ্যঃ অস্ত্রেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, চিত্রিতদেবেভ্য" পাদ্যাদিদ্বারা—এই সকল দেবতাদিগের পূজা করিবেন। অতঃপর বলিদান (২১০ পৃঃ দেখুন) করিয়া মূলমন্ত্র জপ, চণ্ডীপাঠাদি করিবেন। পূজান্তে ভোগ দিয়া আরত্রিক করিবেন।

সর্ব্বতোভদ্র মণ্ডল

মহাষ্টমী-পূজা

কৃতনিত্যক্রিয় পুরোহিত দন্তকাষ্ঠ নিবেদন হইতে সপ্তমীপূজাবিহিত নবপত্রিকা পূজান্ত সমস্ত কার্য্য করিয়া ঘটের সম্মুখে সর্ব্বতোভদ্র মণ্ডল নির্ম্মাণ করত অষ্টমী-দিনের আবরণ পূজা করিবেন—কেবল দেবীর প্রথম-ধ্যানের পরে নিয়মত প্রণালী-অনুসারে পীঠপূজা করিয়া পরে পুনর্ধ্যান ও দেবীর ষোড়শ-উপচারে পূজা করিতে হয়। পীঠপূজার প্রণালী যথা—দেবীর ঘটসম্মুখস্থ অষ্টদলপদ্মের পূর্ব্বদলে "হ্রাং অঙ্গুষ্ঠভ্যাং নমঃ" এই ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া ধ্যান করিবেন যথা—"ওঁ রুদ্রচণ্ডাং গোরোচনবর্ণাং অষ্টাদশ-ভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবনসম্পন্নাং। কপালং খেটকং ঘণ্টাং দর্পণং তর্জ্জনীং ধনুঃ। ধ্বজং ডমরুকং পাশং বামহস্তেষু বিভ্রতীং। শক্তিঞ্চ মুষলং শূলং বজ্রং খড়্গং তথাঙ্কুশং। শরং চক্রং শলাকঞ্চ দক্ষিণেষু চ বিভ্রতীং।" এইরূপ ধ্যান করিয়া "ওঁ রুদ্রচণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদিরূপে আবাহন করত "ওঁ রুদ্রচণ্ডায়ৈ নমঃ" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন, মন্ত্র যথা—"ওঁ রুদ্রচণ্ডে নমস্তভ্যং চণ্ডবৈরিবিনাশিনি। সর্ব্বপাপহরে দেবি বরদা ভব সর্ব্বদা" ॥ ১ ॥

আগ্নেয়দলে "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এইরূপ অঙ্গন্যাস করিয়া—"ওঁ প্রচণ্ডামরুণবর্ণা-মষ্টাদশভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবনসম্পন্নাং এই বিশেষমন্ত্রাংশ পাঠ করিয়া পূর্ব্বোক্ত "কপালং খেটকং ঘণ্টাং" হইতে ধ্যানের অবশিষ্ট অংশ পাঠপূর্ব্বক ধ্যান করিবেন, এইরূপ সর্ব্বত্র। পরে "ওঁ প্রচণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া "ওঁ প্রচণ্ডায়ৈ নমঃ" এই মন্ত্রে পূজা করত প্রণাম করিবেন, যথা—"ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমোনমঃ॥" ২॥

দক্ষিণদলে ধ্যান করিবেন, যথা—"ওঁ চণ্ডোগ্রাং কৃষ্ণবর্ণাং ষোড়শভুজাং নানালঙ্কার-ভূষিতাং নবযৌবনসম্পন্নাং" পরে "কপালং" ইত্যাদি পাঠ করত ধ্যান করিয়া "ওঁ চণ্ডোগ্রে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন করিয়া "ওঁ চণ্ডোগ্রায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন, যথা—"ওঁ চণ্ডোগ্রে চর্চ্চিকে ত্বং হিং সর্ব্বভূতভয়াবহে। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু চণ্ডোগ্রাং ত্বাং নমাম্যহং॥" ৩॥

নৈর্ঋতদলে—"চণ্ডনায়িকাং নীলবর্ণাং ষোড়শভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবন-সম্পন্নাং" এবং পরে "কপালং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ চণ্ডনায়িকে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন ও "ওঁ চণ্ডনায়িকায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন, যথা—"ওঁ যা সিদ্ধিরিতি নাম্না চ গুণত্রয়বিভাবিনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাং॥" ৪॥

পশ্চিমদলে—"ওঁ চণ্ডাং শুক্লবর্ণাং ষোড়শভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবনসম্পন্নাং" পরে "কপালং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ চণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন ও "ওঁ চণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন—যথা—"ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব"॥ ৫॥

বায়ুদলে—"চণ্ডবতীং ধূম্রবর্ণাং ষোড়শভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবনসম্পন্নাং" পরে "কপালং" ইত্যাদি মন্ত্রে ধ্যান করত "চণ্ডবতি ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদিরূপে আবাহন করিয়া "ওঁ চণ্ডবত্যৈ নমঃ", এই মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন, যথা—"ওঁ যা সিদ্ধিরিতি নাম্না চ গুণত্রয়বিভাবিনী। যাঃ পরাঃ শক্তয়-স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ॥" ৬॥

উত্তরদলে—"ওঁ চণ্ডরূপাং পীতবর্ণাং ষোড়শভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবন-সম্পন্নাং" পরে "কপালং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ চণ্ডরূপে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন ও "ওঁ চণ্ডরূপায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন, যথা—"ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়কনায়িকা। সর্ব্বসিদ্ধপ্রদা দেবী তস্যৈ নিত্যং নমো নমঃ"॥ ৭॥

ঈশানদলে—"ওঁ অতিচণ্ডাং পাণ্ডুরবর্ণাং ষোড়শভূজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবন-সম্পন্নাং" পরে "কপালং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ অতিচণ্ডিকে ইহাগচ্ছ ইহাগচ্ছ"

ইত্যাদি মন্ত্রে আবাহন করত "ওঁ অতিচণ্ডিকায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন যথা—"ওঁ বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথনী বরদাস্তু-তিচণ্ডিকা" ॥ ৮ ॥

পদ্মমধ্যে—"ওঁ উগ্রচণ্ডাং রক্তবর্ণাং ষোড়শভুজাং নানালঙ্কারভূষিতাং নবযৌবন-সম্পন্নাং পরে "কপালং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ উগ্রচণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ" এইরূপে আবাহন করিয়া "ওঁ উগ্রচণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করত প্রণাম করিবেন, যথা—"ওঁ উগ্রচণ্ডা চ বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমোনমঃ।" ॥ ৯ ॥

পরে "হ্রাং হৃদয়ায় নমঃ" এই ক্রমে ষড়ঙ্গের পূজা করিয়া মণ্ডলের আট দিকে ও মধ্যে নবঘট স্থাপিত করত "ওঁ হ্রীং উগ্রচণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ" এই ক্রমে নবশক্তির আবাহন করিয়া যথাশক্ত্যুপচারে পূজা ও প্রণাম করিবেন। যথা—"ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ।" প্রণাম—ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ।" ১ ॥ "ওঁ হ্রীং প্রচণ্ডায়ৈ নমঃ।" প্রণাম—"ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ ॥ ২ ॥ "ওঁ হ্রীং চন্দোগ্রায়ৈ নমঃ। প্রণাম—"ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্ব-কার্য্যেষু বরদা ভব শোভনে" ॥ ৩ ॥ "ওঁ হ্রীং" চণ্ডনায়িকায়ৈ নমঃ।" প্রণাম—"ওঁ যা সিদ্ধিরিতি নাম্না চ দেবেশবরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্ ॥" ৪ ॥ "ওঁ হ্রীং চন্দায়ৈ নমঃ।" প্রণাম—"দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব ॥" ৫ ॥ "ওঁ হ্রীং চণ্ডবত্যৈ নমঃ।" প্রণাম,—"ওঁ যা সৃষ্টিস্থিতিসংহারগুণত্রয়সমন্বিতা। যাঃ পরাঃ শক্তয়স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ ॥" ৬ ॥ "ওঁ হ্রীং চণ্ডরূপায়ৈ নমঃ।" প্রণাম,—"ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়কনায়িকা। সর্ব্বসিদ্ধিপ্রদা দেবী তস্যৈ নিত্য নমো নমঃ ॥" ৭ ॥ "ওঁ হ্রীং অতিচণ্ডিকায়ৈ নমঃ।" প্রণাম—"ওঁ বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথনী বরদা ত্বতিচণ্ডিকা ॥" ৮ ॥ "ওঁ হ্রীং রুদ্রচণ্ডায়ৈ নমঃ।" প্রণাম—"ওঁ রুদ্রচণ্ডে নমস্তুভ্যং চণ্ডবৈরিবিনাশিনি। সর্ব্ব-পাপহরে দেবি বরদা ভব সর্ব্বদা ॥ ৯ ॥"

চতুঃষষ্টি-যোগিনীর পূজা

পদ্মের প্রতিদলে আটটি করিয়া যোগিনীর পূজা করিয়া প্রণাম করিবেন,—এইরূপে অষ্টদলে চতুঃষষ্টি-যোগিনীর পূজা করিতে হয়। যথা—"হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ" (১), (এই ক্রমে)—"চণ্ডিকায়ৈ (২), রৌদ্রৈ (৩), গৌর্য্যৈ (৪), ইন্দ্রাণৈ (৫), কৌমার্য্যৈ (৬), ভৈরব্যৈ (৭), দুর্গায়ৈ (৮), নরসিংহ্যৈ (৯), কালিকায়ৈ (১০), চামুণ্ডায়ৈ (১১), শিবদূত্যৈ (১২), বারাহ্যৈ (১৩), কৌশিক্যৈ (১৪), মাহেশ্বর্য্যৈ (১৫), শঙ্কর্য্যৈ (১৬), জয়ন্ত্যৈ (১৭), সর্ব্বমঙ্গলায়ৈ (১৮), কাল্যৈ (১৯), করালিন্যৈ (২০), মেধায়ৈ (২১), শিবায়ৈ (২২), শাকম্ভর্য্যৈ (২৩), ভীমায়ৈ (২৪), শান্তায়ৈ (২৫), ভ্রামর্য্যৈ (২৬), রুদ্রাণ্যৈ (২৭),

অম্বিকায়ৈ (২৮), ক্ষমায়ৈ (২৯), ধাত্র্যৈ (৩০), স্বাহায়ৈ (৩১), স্বধায়ৈ (৩২), অপর্ণায়ৈ (৩৩), মহোদর্য্যৈ (৩৪), ঘোররূপায়ৈ (৩৫), মহাকাল্যৈ (৩৬), ভদ্রকাল্যৈ (৩৭), কপালিন্যৈ (৩৮), ক্ষেমঙ্কর্য্যৈ (৩৯), উগ্রচণ্ডায়ৈ (৪০), চণ্ডোগ্রায়ৈ (৪১), চণ্ডনায়িকায়ৈ (৪২), চণ্ডায়ৈ (৪৩), চণ্ডবত্যৈ (৪৪), চণ্ড্যৈ (৪৯), মহামোহায়ৈ (মহামায়ায়ৈ) (৪৬), প্রিয়ঙ্কর্য্যৈ (৪৭), বলবিকরণ্যৈ (৪৮) বলপ্রমথিন্যৈ, (৪৯), মনোন্মথন্যৈ (মদনোন্মথন্যৈ) (৫০), সর্ব্বভূতদমন্যৈ (৫১), উমায়ৈ (৫২), তারায়ৈ (৫৩), মহানিদ্রায়ৈ (৫৪), বিজয়ায়ৈ (৫৫), জয়ায়ৈ (৫৬) শৈলপুত্র্যৈ (৫৭), চণ্ডিকায়ৈ (৫৮), চণ্ডঘণ্টায়ৈ (৫৯), কুষ্মাণ্ড্যৈ (৬০), স্কন্দমাত্রে (৬১), কাত্যায়ন্যৈ (৬২), কালরাত্র্যৈ (৬৩), মহাগৌর্য্যৈ (৬৪) ॥”

পরে ‘হ্রীং শ্রীং কোটিযোগিনীভ্যো নমঃ” এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা কোটিযোগিনীর পূজা করিয়া, মণ্ডলের নবঘটে, নবদুর্গার আবাহনপূর্ব্বক “ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ” এইক্রমে পূজা করিয়া প্রণাম করিবেন—“ওঁ চতুর্ম্মুখীং জগদ্ধাত্রীং হংসারূঢ়াং বরপ্রদাম্। সৃষ্টিরূপাং মহাভাগাং ব্রহ্মাণীং তাং নমাম্যহম্ ॥ ১ ॥” (এইক্রমে)—‘ওঁ মাহেশ্বর্য্যৈ নমঃ।” প্রণাম—“ওঁ বৃষারূঢ়াং শুভাং শুভ্রাং ত্রিনেত্রাং বরদাং শিবাম্। মাহেশ্বরীং নমাম্যত্ত সৃষ্টিসংহারকারিণীম্ ॥ ২ ॥” “ওঁ কৌমার্য্যৈ নমঃ।” প্রণাম—“ওঁ কৌমারীং পীতবসনাং ময়ূরবরবাহনাম্। শক্তিহস্তাং মহাভাগাং নমামি বরদাং শুভাম্ ॥” ৩ ॥ “ওঁ বৈষ্ণব্যৈ নমঃ ॥” প্রণাম—“ওঁ শঙ্খচক্রগদাপদ্মধারিণীং কৃষ্ণরূপিণীম্। স্থিতিরূপাং খগেন্দ্রস্থাং বৈষ্ণবীং তাং নমাম্যহম্ ॥” ৪ ॥ “ওঁ বারাহ্যৈ নমঃ।” প্রণাম—“ওঁ বরাহরূপিণীং দেবীং দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরাম্। শুভদাং পীতবসনাং বারাহীং তাং নমাম্যহম্ ॥” ৫ ॥ “ওঁ নারসিংহ্যৈ নমঃ।” প্রণাম—“ওঁ নৃসিংহরূপিণীং দেবীং দৈত্যদানবদর্পহাম্। শুভাং শুভপ্রদাং শুভ্রাং নারসিংহীং নমাম্যহম্ ॥” ৬ ॥ “ওঁ ইন্দ্রাণ্যৈ নমঃ।” প্রণাম—“ওঁ ইন্দ্রাণীং গজকুম্ভস্থাং সহস্রনয়নোজ্জ্বলাম্। নমামি বরদাং দেবীং সর্ব্বদেবনমস্কৃতাম্ ॥” ৭ ॥ “ওঁ চামুণ্ডায়ৈ নমঃ।” প্রণাম—“ওঁ চামুণ্ডাং মুণ্ডমথনীং মুণ্ডমালাবিভূষিতাম্। অট্টহাসমুদিতাং নমাম্যাত্মবিভূতয়ে ॥” ৮ ॥ “ওঁ কাত্যায়ন্যৈ নমঃ।” প্রণাম—“ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। প্রসন্নবদনাং দেবীং বরদাং তাং নমাম্যহম্ ॥” ৯ ॥ “ওঁ হ্রীং শ্রীং নবদুর্গায়ৈ নমঃ।” প্রণাম—“ওঁ চণ্ডিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরী ॥”

পরে আবাহনপূর্ব্বক “ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যৈ নমঃ” বলিয়া পূজা করিবেন। (এই ক্রমে) “মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ।”

দিক্‌পালপূজা

মণ্ডলমধ্যে দশদিকে ধ্বজপতাকা রোপণ করিয়া দিক্‌পালের পূজা করিবেন। পূর্ব্বদ্বারে শুক্লধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি ইন্দ্র মহারাজাধিরাজ সবলবাহনাবৃত

ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া “ওঁ ইন্দ্রায় নমঃ ওঁ শচ্যৈ নমঃ” এইরূপে পাদ্যাদির দ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন। অগ্নিকোণে রক্তধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি অগ্নে মহারাজাধিরাজ সবলবাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া “ওঁ অগ্নয়ে নমঃ, ওঁ স্বাহায়ৈ নমঃ” এইরূপে পূজা করিয়া প্রণাম করিবেন। দক্ষিণে কৃষ্ণধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি যম মহারাজাধিরাজ সবলবাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া “ওঁ যমায় নমঃ ওঁ চিত্রগুপ্তায় নমঃ” এইরূপে পূজা করিয়া প্রণাম করিবেন। নৈঋর্তে রক্তধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি নৈঋর্ত মহারাজাধিরাজ সকলবাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া “ওঁ নৈঋর্তায় নমঃ” এইরূপ পূজা করিয়া প্রণাম করিবেন।

পশ্চিমে নীলধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি বরুণ মহারাজাধিরাজ সবল-বাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া “ওঁ বরুণায় নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ” এইরূপে পূজা করিয়া প্রণাম করিবেন। বায়ুকোণে পীতধ্বজপতাকা রোপণ করিয়া—“ওঁ আয়াহি বায়ো মহারাজাধিরাজ সবলবাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া—“ওঁ বায়বে নমঃ ওঁ কামদেবায় নমঃ” এইরূপ পূজা করিয়া প্রণাম করিবেন। উত্তরে কৃষ্ণধ্বজপতাকা রোপণ করিয়া—“ওঁ আয়াহি কুবের মহারাজাধিরাজ সবলবাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদি রূপে আবাহন করিয়া “ওঁ কুবেরায় নমঃ” বলিয়া পূজা করিয়া প্রণাম করিবেন। ঈশানে শ্বেতধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি ঈশান মহারাজাধিরাজ সবলবাহনাবৃত ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদি রূপে আবাহন করিয়া “ওঁ ঈশানায় নমঃ, “ওঁ শিবায় নমঃ” এইরূপে পূজা করিয়া প্রণাম করিবেন। মধ্যে রক্তধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ আয়াহি চতুর্ম্মুখ মহারাজাধিরাজ ইহাগচ্ছ ইহাগচ্ছ” ইত্যাদিরূপে আবাহন করিয়া “ওঁ ব্রহ্মণে নমঃ,” পূর্ব্ব ও ঈশানকোণের মধ্যে বিচিত্রধ্বজপতাকা রোপণ করিয়া “ওঁ অনন্তায় নমঃ ওঁ হলধরায় নমঃ” এইরূপে পূজা করিয়া প্রণাম করিবেন।

অনন্তর দেবীর অস্ত্রসমূহের পূজা করিয়া প্রণাম করিবেন। ওঁ ত্রিশূলায় নমঃ। প্রণাম,—ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমো নির্ম্মিতস্ত্বং পিণাকিনা। শূলাৎ সারং সমাকৃষ্য কৃতো মুষ্টিগ্রহঃ শুভঃ ॥ ১ ॥ ওঁ খড়্গায় নমঃ। প্রণাম,—ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গাস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে ॥ ২ ॥ ওঁ চক্রায় নমঃ। প্রণাম —ওঁ চক্র ত্বং বিষ্ণুরূপোঽসি বিষ্ণুপাণৌ সদা স্থিতঃ। দেবীহস্তস্থিতো নিত্যং সুদর্শন নমোঽস্তু তে ॥ ৩ ॥ ওঁ তীক্ষ্ণবাণায় নমঃ। প্রণাম—ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠোঽসি দৈত্যসেনা-নিসূদনঃ। ভয়েভ্যঃ সর্ব্বতো রক্ষ তীক্ষ্ণবাণ নমোঽস্তু তে ॥ ৪ ॥ ওঁ শক্তয়ে নমঃ। প্রণাম,—ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং গুহস্য চ বিশেষতঃ। শক্তিরূপেণ সর্ব্বত্র রক্ষাং কুরু নমোঽস্তু তে ॥ ৫ ॥ ওঁ পূর্ণচাপায় নমঃ। প্রণাম,—ওঁ সর্ব্বায়ুধ-মহামাত্র সর্ব্বদেবারি-

সূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং সায়কসত্তমৈঃ ॥ ৬ ॥ ওঁ পাশায় নমঃ। প্রণাম—ওঁ পাশ ত্বং নাগরূপোঽসি বিষপূর্ণো বিষোদ্ভবঃ। শত্রূণাং দুঃসহো নিত্যং নাগপাশ নমোঽস্তু তে ॥ ৭ ॥ ওঁ অঙ্কুশায় নমঃ। প্রণাম,—ওঁ অঙ্কুশোঽসি নমস্তভ্যং গজানাং নিয়মঃ সদা। লোকানাং সর্ব্বরক্ষার্থং বিধৃতঃ পার্ব্বতীকরে ॥ ৮ ॥ ওঁ ঘণ্টায়ৈ নমঃ। প্রণাম—ওঁ হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ। সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব ॥ ৯ ॥ ওঁ পরশবে নমঃ। প্রণাম—ওঁ পরশেঃ ত্বং মহাতীক্ষ্ণ সর্ব্বদেবারিসূদনঃ। দেবীহস্তে স্থিতো নিত্যং শত্রুক্ষয় নমোঽস্তু তে ॥ ১০ ॥

ওঁ হ্রীং সর্ব্বায়ুধধারিণ্যৈ দুর্গায়ৈ নমঃ। প্রণাম—ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠানি যানি যানি ত্রিপিষ্টপে। তানি তানি দধত্যৈ তে চণ্ডিকায়ৈ নমোঽম্বিকে ॥ ওঁ কিরীটাদিভ্যো দেব্যঙ্গপ্রত্যঙ্গভূষণেভ্যো নমঃ। ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় নমঃ॥ প্রণাম—ওঁ আসনঞ্চাসি ভূতানাং নানালঙ্কারভূষিত। মেরুশৃঙ্গপ্রতীকাশ সিংহাসন নমোঽস্তু তে ॥ ওঁ মহিষাসুরায় নমঃ। ওঁ দেশবাসিন্যৈ নমঃ।

পরে নিম্নলিখিত দেবতাগণের আবাহনপূর্ব্বক পূজা করিবেন, যথা—ওঁ হ্রীং শ্রীং সিদ্ধপুত্রবটুকায় নমঃ। (এই ক্রমে)—জ্ঞানপুত্রটুকায়, সহজপুত্রটুকায়, শেষপুত্রবটুকায়, সময়পুত্রটুকায় নমঃ। ওঁ হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ, এই ক্রমে—ত্রিপুরঘ্নায়, অগ্নিজিহ্বায়, অগ্নিবেতালায়, কালায়, করালায়, একপাদায়, ভীমনাথায়।—(মণ্ডলের চতুর্দ্দিকে)—"ওঁ অসিতাঙ্গায় ভৈরবায় নমঃ" (এই ক্রমে)—রুরবে, চণ্ডায়, ক্রোধায়, উন্মত্তায়, ভয়ঙ্করায়, কপালিনে, ভীষণায়, সংহারায়। তদনন্তর সর্ব্বাধারস্বরূপিণী দেবীকে বিশেষরূপে চিন্তা করিয়া পুষ্পাঞ্জলিত্রয় প্রদানপূর্ব্বক মহিষাসুরাদি প্রতিমাস্থ দেবগণের পূজা করত ছাগাদি বলিদান করিয়া প্রাণায়াম, জপ, জপসমর্পণ ও পুনঃ প্রাণায়াম করিয়া স্তব-কবচ পাঠ এবং কুমারিপূজাদি করিবেন। [১]

সন্ধি-পূজা

অষ্টমী-নবমীর সন্ধিক্ষণে কৃতাচমন পুরোহিত সামান্যার্ঘ্যাদি করিয়া দেবীকে চামুণ্ডারূপিণী চিন্তাপূর্ব্বক ধ্যান [২] করিয়া ষোড়শোপচারে পূজা করিবেন। তৎপরে, তৈজসাধারাদি উৎসর্গ করিয়া চতুঃষষ্টিযোগিনী ও চামুণ্ডার পূজা করিবেন। অনন্তর নবমীর প্রথম দণ্ডে বলিদান করিয়া জপাদি করিবেন এবং দীপমালা উৎসর্গ করিয়া দিবেন।

১। কৌলিক নিয়মানুসারে অষ্টমী ও নবমী উভয় দিনে হোমের প্রথা থাকিলে অষ্টমীদিনে অগ্নিস্থাপনাদি করিয়া হোম করত নবমীদিনেও হোম করিবেন। অথবা কেবল নবমীতে অগ্নিস্থাপনাদি করিয়া হোম করিবেন।

২। সন্ধিপূজায় চামুণ্ডারূপিণীর পূজা করিতে হইলে "হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ" এই মন্ত্রে পূজা এবং "কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিপাশিনী। বিচিত্রখট্টাঙ্গধরা নরমালাবিভূষণা। দ্বীপিচর্ম্মপরীধানা শুষ্কমাংসাতিভৈরবা। অতিবিস্তারবদনা জিহ্বাললন-ভীষণা। নিমগ্নারক্তনয়না নাদাপূরিতদিঙ্মুখা।" এই ধ্যানে পূজা হইয়া থাকে, আবার কোন কোন দেশে দুর্গার ধ্যান মন্ত্রেও সন্ধিক্ষণে পূজার ব্যবহার আছে এই স্থলে দেশাচার গ্রহণই সমীচীন।

মহানবমী-পূজা

এই দিনে সমস্তই মহাষ্টমীর ন্যায় পূজাদি সমাপ্ত করিয়া, কুশণ্ডিকোক্তবিধানে 'বলদ' নামক অগ্নিস্থাপনপূর্ব্বক মূল মন্ত্রে হোম সমাপন করিয়া "ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে ন মা নয়তি কশ্চন। সসস্ত্যশ্বকঃ সুভদ্রিকাং কাম্পীলবাসিনীং স্বাহা।" এই মন্ত্রে সতিলঘৃতাক্ত-বিল্বপত্রদ্বারা হোম করিবেন। হোমান্তে তিলক ও দক্ষিণা করিবেন।

দক্ষিণাবাক্য যথা—"বিষ্ণুরোম্ তৎসদস্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে মহানবম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণো জীববদেতৎস্থূল-শরীরাবিরেধেন দীর্ঘায়ুষ্ট্বাভুলধনধান্যপুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্নসন্ততিগৌরীলোকপ্রাপ্তিকামনয়া (শ্রীদুর্গাপ্রীতিকামনয়া বা) কৃতৈতদ্বার্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গামহাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীভগবদ্দুর্গায়ৈ তুভ্যমহং দদানি।"

প্রদক্ষিণ-স্তোত্র

ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং ব্রহ্মাণীং ব্রহ্মণঃ প্রিয়াম্। সর্ব্বলোকপ্রণেত্রীঞ্চ প্রণমামি সদা শিবাম্॥ মঙ্গলাং শোভনাং শুদ্ধাং নিষ্কলাং পরমাং কলাম্। বিশ্বেশ্বরীং বিশ্বমাতাং চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ সর্ব্বদেবময়ীং দেবীং সর্ব্বরোগভয়াপহাম্। ব্রহ্মেশবিষ্ণুনমিতাং প্রণমামি সদা শিবাম্॥ বিন্ধ্যস্থাং বিন্ধ্যনিলয়াং দিব্যস্থাননিবাসিনীম্। যোগিনীং যোগজননীং চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ ঈশানমাতরং দেবীমীশ্বরীমীশ্বরপ্রিয়াম্। প্রণতোঽস্মি সদা দুর্গাং সংসারার্ণবতারিণীম্॥ য ইদং পঠতি স্তোত্রং শৃণুয়াদ্বাপি যো নরঃ (মানবঃ)। স মুক্তঃ সর্ব্বপাপেভ্যো মোদতে দুর্গয়া সহ॥

পুষ্পাঞ্জলিদান-মন্ত্র

ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ ভূতপ্রেতপিশাচেভ্যো রক্ষোভ্যশ্চ মহেশ্বরি। দেবেভ্যো মানুষেভ্যশ্চ ভয়েভ্যো রক্ষ মাং সদা॥ ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। উমে ব্রহ্মাণি কৌমারি বিশ্বরূপে প্রসীদ মে॥ ওঁ ভগবতি ভয়োচ্ছেদে কাত্যায়নি চ কামদে। কালকৃৎ কৌশিকী ত্বং হি কাত্যায়নি নমোঽস্তু তে॥ ওঁ প্রচণ্ডে পুত্রকে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে- কুলদ্যোতকরে চোগ্রে জয়ং দেহি নমোঽস্তু তে॥ ওঁ রুদ্রচণ্ডে প্রচণ্ডাসি প্রচণ্ডগণনাশিনি। রক্ষ মাং সর্ব্বতো দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে। ওঁ দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্ব্বশুভবিনাশিনি। ধর্ম্মার্থকামমোক্ষায় নিত্যং মে বরদা ভব॥ ওঁ প্রচণ্ডে চণ্ডমুণ্ডারে মুণ্ডমালাবিভূষিতে। নমস্তভ্যং নিশুম্ভারে শুম্ভভীষণকারিণি॥

প্রার্থনা-মন্ত্র

ওঁ দুর্গে দুর্গে মহাভাগে ত্রাহি মাং শঙ্করপ্রিয়ে। মহিষাসৃঙ্মদোন্মত্তে প্রণতোঽস্মি প্রসদী মে॥ ওঁ হর পাপং হর ক্লেশং হর শোকং হরাশুভম্। হর রোগং হর ক্ষোভং

হর মারীং হরপ্রিয়ে ॥ ওঁ কালি কালি মহাকালি কালিকে কালরাত্রিকে। ধর্ম্মার্থকাম-সম্পত্তিং দেহি দেবি নমোঽস্তু তে ॥ ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনী। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে ॥ ওঁ আয়ুর্দ্দাতু মে কালী পুত্রান্ দেহি সদা শিবে। ধনং দেহি মহামায়ে নারসিংহি যশো মম ॥ ওঁ শিরো মে চণ্ডিকা পাতু কণ্ঠং পাতু মহেশ্বরী ॥ হৃদয়ং পাতু চামুণ্ডা সর্ব্বতঃ পাতু কালিকা ॥ ওঁ আক্ষ্যং কুষ্ঠঞ্চ দারিদ্র্যং রোগ্যং শোকঞ্চ দারুণম্। বন্ধুস্বজনবৈরাগ্যং দুর্গে ত্বং হর দুর্গতিম্ ॥ ওঁ রাজ্যং তস্য প্রতিষ্ঠা চ লক্ষ্মীস্তস্য সদা স্থিরা। প্রভুত্বং তস্য সামর্থ্যং যস্য ত্বং মস্তকোপরি ॥ ওঁ নির্বীর্য্যোঽপ্যগুণবান্ বাপি সত্যাচারবিবর্জ্জিতঃ। নরঃ পৌরুষমাপ্নোতি যস্য ত্বং মস্তকোপরি। ওঁ জয়ং দেহি মহামায়ে জগতশ্চাপরাজিতে। ত্রৈলোক্যস্বামিনী ত্বং হি ক্ষুৎপিপাসার্ত্তিনাশিনী ॥ ওঁ ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সফলং জীবিতং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মদাশ্রমম্ (মমালয়ং) ॥ অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং মলয়বাসিনি ; গৃহাণ বরদে দেবী কল্যাণং কুরু মে সদা ॥ ওঁ ইয়ং সাংবৎসরী পূজা যা কৃতা দেবি তে ময়া। সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥ ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরি। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে। ওঁ কায়েন মনসা বাচা কর্ম্মণা যৎ কৃতং ময়া। তৎসর্ব্বং পরিপূর্ণং মে ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥

বিজয়া-দশমী

প্রাতঃকৃত্যাদি সমাপনপূর্ব্বক আচমন ও যথাশক্তি ন্যাসাদি করিয়া গণেশাদি দেবতাগণের পঞ্চোপচারে পূজা করিয়া দশোপচারে দেবীর পূজা করিবেন। তৎপরে "ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং"—ইত্যাদি দেবীর স্তব পাঠ করিয়া প্রদক্ষিণ করিবেন। তৎপর পর্য্যুষিতান্ন ও চিপিটকাদি এবং ভোজ্যোৎসর্গ করিয়া দিয়া আরাত্রিক ও নমস্কার করিবেন।

অনন্তর হাতযোড় করিয়া পাঠ করিবেন—"ওঁ বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদর্চ্চিতম্। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি ॥"

অনন্তর দেবী-অঙ্গে সমস্ত আবরণ দেবতাকে লীন চিন্তা করিয়া ঘটে, একটু জল দিয়া পাঠ করিবেন,—"ওঁ হ্রীঁ দুর্গে ক্ষমস্ব।"

পরে ত্রিকোণমণ্ডলে সংহারমুদ্রাদ্বারা ঘট হইতে পুষ্প আনিয়া যোনিমুদ্রা দেখাইয়া নির্ম্মাল্যবাসিনীর পূজা করিবেন।—"ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ। ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ।"

পরে দেবীর আসন ধরিয়া পাঠ করিবেন,—"ওঁ কৃতা পূজা ময়া ভক্ত্যা তবে দেবি সুরার্চ্চিতে। ভুক্ত্বা ভোগান্ বরান্ দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্ ॥ ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজা প্রগৃহ্য চ। কুরুষ্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ ॥ ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে। ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং যত্র দেবো মহেশ্বরঃ। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ ॥ ওঁ

গৃহীত্বা শারদীং পূজাং সমস্তাং শঙ্করপ্রিয়ে। গচ্ছ দেবি মহামায়ে অষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ যথাশক্তি কৃতা পূজা ভক্ত্যা কমললোচনে। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥ ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। ব্রজ স্রোতোজলে বৃদ্ধ্যৈ স্থাপিতাসি জলে স্থিহ॥ ওঁ নিমজ্জাম্ভসি দেবি ত্বং পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া॥"

অনন্তর নির্ম্মাল্যজলপূর্ণ-আধারে দর্পণ বিসর্জ্জন করিয়া কুলাচার অনুসারে অপরাজিতা পূজা নির্ব্বাহ করত (অপরাজিতা পূজা কালিকা-পুরাণোক্ত দুর্গাপূজার পরে দ্রষ্টব্য।) অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য-সমাধান করত প্রণাম করিবেন।

পরে "ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়জন্তস্তেমহে উপপ্রয়ন্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশূর্ভবা সচা।" এই মন্ত্র পাঠপূর্ব্বক দেবীঘট তুলিয়া লইয়া উহার জলে পল্লবদ্বারা শান্তি করিবেন।—"ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু" ইত্যাদি শান্তিমন্ত্র অগ্রে পাঠ করিয়া, তৎপরে স্ব স্ব বেদোক্ত শান্তিমন্ত্র পাঠ করিয়া শান্তি করিবেন।

দেবীপুরাণোক্ত-দুর্গাপূজা[১]

বোধন

সায়ংকালে বিল্ববৃক্ষ-সমীপে গমন করিয়া বোধন করিবেন। কৃতনিত্য ক্রিয় যজমান শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া স্বস্তিবাচন করিবেন, পরে "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পাপাপনোদন করিবেন। যথা "অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কর্ত্তব্য-বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গাবোধনকর্ম্মাধিকারপ্রতিবন্ধক— পাপাপনোদনকামঃ ওঁ দেবি ত্বমিত্যাদি মন্ত্রদ্বয়-জপমহং করিষ্যে।"

এইরূপে বাক্য করিয়া করযোড়ে নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করিবেন। যথা—ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিঃসারয় চিত্তান্মে পাপং হুঁ ফট্ চ তে নমঃ॥ ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ বৈ। এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ॥"

অতঃপর উর্দ্ধ, অধঃ ও পার্শ্বদ্বয় দিব্যদৃষ্টিতে অবলোকন করিয়া স্থির চিত্ত হইবেন। পরে কুশ-তিল-ফল-পুষ্পান্বিত জলপূর্ণ তাম্রপাত্র গ্রহণ করিয়া নিম্ন লিখিত প্রকারে সংকল্প করিবেন।

"বিষ্ণুর্ে৷ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা সর্ব্ববাধাপ্রশমনপূর্ব্বকদীর্ঘায়ুষ্ট্বাতুলধনধান্য-পুত্রপৌত্রাদিসম্পত্তিকামঃ (শ্রীদুর্গা-

১। কল্পারম্ভের প্রণালী বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্ত দুর্গাপূজায় দ্রষ্টব্য।

প্রীতিকামো বা) দেবীপুরাণোক্তবিধিনা বিল্ববৃক্ষে বার্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-পূজাঙ্গভূতং শ্রীদুর্গায়া বোধনকর্ম্মাহং করিষ্যে।" (পরার্থে করিষ্যামি)।

এইরূপ সংকল্প করিয়া স্বশাখোক্ত-সূক্ত পাঠ করিবেন। অনন্তর স্বশাখোক্ত-ঘটস্থাপন করিয়া সামান্যার্ঘ্য, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, পীঠন্যাস ও "হ্রীঃ" মন্ত্রে প্রণায়াম করিয়া "ওঁ খর্ব্বং স্থূলতনুং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ গং গণেশায় নমঃ বলিয়া পাদ্যাদিদ্বারা গণেশের পূজা করত শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, মৎস্যাদিদশাবতার, গঙ্গা, যমুনা মনসাদেবী, লক্ষ্মী ও সরস্বতীর পাদ্যাদিদ্বারা পূজা করিবেন।

পরে শ্বেতসর্ষপ গ্রহণ করিয়া "ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে যে চান্যে বিঘ্নকারকাঃ॥ বিনায়কাঃ বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থকৈর্বজ্রসমানকল্পৈর্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু॥"

এই মন্ত্র পাঠ করিয়া গৃহীত সর্ষপ বিকীর্ণ করিয়া বিঘ্নাপসারণ করিবেন। অনন্তর "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি ক্রমে দেবীর করাঙ্গন্যাস করত "জটাজুট" ইত্যাদি (২২৪ পৃঃ) ধ্যান করিয়া—স্বীয়মস্তকে পুষ্প প্রদান করত মানসোপচারে পূজা করিবেন। পরে বিশেষার্ঘ্য স্থাপন করত "ওঁ হ্রীঃ ভূর্ভুবঃ স্বর্ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" ইহা বলিয়া আবাহন করত "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দেবীর পূজা করিবেন, পরে "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা বিল্ববৃক্ষের পূজা করিয়া মাষভক্ত বলি প্রদান করিবেন। যথা—

প্রথমতঃ করযোড়ে পাঠ করিবেন—"ওঁ ক্ষেত্রপালাদয়ঃ সর্ব্বে সর্ব্বশান্তিফলপ্রদাঃ। পূজাবিঘ্নবিনাশায় মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥" পরে "এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালাদিভ্যো নমঃ" বলিয়া প্রদান করিবেন। এই ক্রমে "ওঁ ভূতদৈত্যপিশাচাশ্চ গন্ধর্ব্বা রক্ষসাং গণাঃ। সিদ্ধিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।" এবং "ওঁ ডাকিনী যোগিনী চৈব মাতরো দেবযোনয়ঃ। নানারূপধরা নিত্যং মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ডাকিন্যাদিভ্যো নমঃ।" এবং "ওঁ আদিত্যাদিগ্রহা যে চ কুষ্মাণ্ডা রাক্ষসাশ্চ যে। ইন্দ্রাদ্যাশ্চৈব দিক্‌পালা মম গৃহ্ণন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ আদিত্যাদিভ্যো নমঃ" বলিয়া বলিপ্রদান করিবেন।

অনন্তর পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা পূর্ব্বদিগ্‌বর্ত্তিনী বিল্বশাখাকে তত্তন্মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া সেই শাখায় দেবীর বোধনার্থ নিম্নলিখিত মন্ত্র করযোড়ে পাঠ করিবেন। যথা—
"ওঁ ঐঁ রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্ত্বয়ি কৃতঃ পুরা॥ অহমপ্যাশ্বিনে তদ্বদ্বোধয়ামি সুরেশ্বরীম্।[১] শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং রাজ্যং

১। যদি ষষ্ঠীতে বোধন হয়, তবে "তদ্বদ্বোধয়ামিং শুরেশ্বরীং" স্থলে "ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়ামি বৈ" এইরূপ পাঠ করিবেন।

সুরালয়ে ॥ তস্মাদহং ত্বাং প্রতিবোধয়ামি বিভূতিরাজ্য-প্রতিপত্তিহেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্যস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি ॥ তস্মাৎ তিষ্ঠ মহাভাগে যাবৎ পূজাং করোম্যহম্। মূলে সমাগতে শুক্লসপ্তম্যামাগমিষ্যসি ॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহ-কারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি যথাসুখম্ ॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া বিল্বতরুকে আমন্ত্রণ করিবেন। যথা—"ওঁ মেরুমন্দারকৈলাসহিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ। শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ ॥" তৎপরে "ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ" ইত্যাদি মন্ত্রে কাণ্ডচতুষ্টয় আরোপণ করিয়া "ওঁ সুত্রামাণং পৃথিবীং" ইত্যাদি মন্ত্রে সাতবার সূত্র দ্বারা বেষ্টন করিবেন।

পরে পূর্ব্ববৎ দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

অধিবাস

কৃতনিত্যক্রিয় যজমান শুদ্ধাসনে উপবেশন করিয়া আচমনপূর্ব্বক স্বস্তিবাচন করতঃ "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ পাপাপনোদন করত ফল-পুষ্প-তিল-জলান্বিত তাম্রপাত্র গ্রহণ করিয়া সংকল্প করিবেন, যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেব-শর্ম্মা সর্ব্ববাধাপ্রশমনপূর্ব্বক-দীর্ঘায়ুষ্ট্বাতুল-ধনধান্য-পুত্রপৌত্রাদ্যন-বচ্ছিন্নসন্ততিপ্রাপ্তিকামঃ (শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামো বা) শ্বঃকর্ত্তব্যবার্ষিক-শরৎ কালীন-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাঙ্গ-ভূতং শ্রীভগবদ্দুর্গায়াঃ শুভাধিবাসনকর্ম্মহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)।

এই প্রকার সংকল্প করিয়া স্বশাখোক্ত সূক্ত পাঠ করিয়া ঘটস্থাপনপূর্ব্বক পূর্ব্ববৎ শ্বেতসর্ষপ দ্বারা "ওঁ বেতালাশ্চ" ইত্যাদি মন্ত্রে ভূতাপসারণ করিয়া "এতৎ পাদ্যং ওঁ ভূতগণেভ্যো নমঃ" বলিয়া ভূতগণের পাদ্যাদি দ্বারা পূজা করিয়া মাষভক্তবলি গ্রহণ করত "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্লন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ। বলিয়া বলি প্রদান করিবেন।

তৎপরে আসনে শোধন, ভূতাপসারণ, ভূতশুদ্ধি আদি করিয়া সামান্যার্ঘ্য স্থাপন করিবেন। অতঃপর পীঠ পূজা করত গণেশাদি দেবতাগণের পূজা করিয়া পূর্ব্ববৎ করাঙ্গন্যাস করত "ওঁ জটাজূট" ইত্যাদি ধ্যান করিয়া স্বীয়-মস্তকে পুষ্প প্রদান করত মানসোপচারে দেবীর পূজা করিবেন।

পরে বিশেষার্ঘ্য স্থাপনপূর্ব্বক পুনঃ করাঙ্গন্যাসাদি করিয়া পূর্ব্ববৎ দেবীর ধ্যান ও আবাহনাদি করিয়া অর্চ্চনা করিবেন। পূজান্তে দেবীর মন্ত্র জপ করিয়া জপ সমর্পণ করত "ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" ইত্যাদি মন্ত্রে দেবীকে নমস্কার করিবেন।

অতঃপর পাদ্যাদি দ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা করিবেন। পরে করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ অদ্য প্রাপ্তাসি দেবি ত্বং নমস্তে শঙ্করপ্রিয়ে। দুর্গে দেবি সমুত্তিষ্ঠ অহং ত্বামধিবাসয়ে ॥

পরে প্রশস্তিবন্দনোক্ত দ্রব্যাদি দ্বারা বিল্ববৃক্ষে ও ঘটে দেবীর অধিবাস (২০৮ পৃঃ দেখুন) করত মণ্ডপে প্রত্যাগমন করিবেন। পরে পুনঃ ঐ সকল দ্রব্য দ্বারা দেবী ও নবপত্রিকাদির অধিবাস করিবেন।

পরে প্রতিমার আসনের চতুর্দ্দিকে কাণ্ডচতুষ্টয় আরোপণ ও সূত্রবেষ্টন করিবেন।

সপ্তমী-পূজা

সপ্তমীদিনে কৃতনিত্যক্রিয় যজমান প্রথমতঃ মৃণ্ময়ী দেবীর সমীপে গমন করিয়া দেবীর বামহস্তে দেবী-গায়ত্রী পাঠ করিয়া সূত্রবন্ধন করিবেন। পরে শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া স্বশাখোক্ত স্বস্তিবাচন করিয়া "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি পাঠ করত পাপাপনোদন করিয়া সংকল্প করিবেন। যথা,—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যাং তিথাবারভ্য মহানবমীং যাবৎ অমুকগোত্রঃ সদারাপত্যঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তি-পূর্ব্বক-দীর্ঘায়ুষ্ট্ব-পরমৈশ্বর্য্যা-তুলধনধান্য পুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্নসন্ততিমিত্র-বর্দ্ধনশত্রুক্ষয়োত্ত—রোত্তর রাজসম্মানাদ্যভীষ্ট-সিদ্ধয়ে পরত্র দেবীলোকপ্রাপ্তয়ে (শ্রীদুর্গাপ্রীতিকামো বা) যথোপকল্পিতোপহারৈর্দ্দেবী-পুরাণোক্ত-বিধিনা শ্রীভগবদ্দুর্গাপূজন-কর্ম্মাহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)॥

এই প্রকারে সঙ্কল্প করিয়া ঈশানকোণে জল ত্যাগ করত স্বশাখোক্ত সূক্ত-মন্ত্র পাঠ করিবেন। পরে পূর্ব্ববোধিত বিল্ববৃক্ষসমীপে গমন করত পূর্ব্ববৎ পাদ্যাদি দ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা করিয়া কৃতাঞ্জলি পূর্ব্বক পাঠ করিবেন। যথা—"ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গাপূজাং করোম্যহং॥ ওঁ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ॥"

অনন্তর খড়্গ গ্রহণ করিয়া "ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ স্বাহা" এই মন্ত্রে পূর্ব্বাভিমন্ত্রিত বায়ব্যনৈর্ঋতেতরদিক্স্থিতফলদ্বয়যুক্তশাখা ছেদন করিয়া করযোড়ে পড়িবেন।—ওঁ পুত্রায়ুর্দ্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকালয়ম্। বিল্বশাখাং সমাশ্রিত্য লক্ষ্মীং রাজ্যং প্রযচ্ছ মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥"

এই মন্ত্র পড়িয়া বাদ্যধ্বনি সহকারে দেবীগৃহে ফলদ্বয়যুক্তবিল্বশাখা আনয়ন করত রম্ভাদি নবপত্রিকাসংযুক্ত করিবেন। পরে মূলমন্ত্র দ্বারা দন্তকাষ্ঠ নিবেদন করিয়া রম্ভাদি-নির্ম্মিত অপরাজিতালতা-বেষ্টিত নবপত্রিকাতে [১] "ওঁ কোঽসি কতমোঽসি কস্মৈ ত্বা কায় ত্বা সুশ্লোকঃ সুমঙ্গলঃ সত্যরাজন্। ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে।

১। "রম্ভা কচ্বী হরিদ্রা চ জয়ন্তী বিল্বদাড়িমৌ। অশোকোমানকশৈব ধান্যঞ্চ নবপত্রিকা॥"

তবালেপনমাত্রেণ সর্ব্বপাপং বিনশ্যতি॥" এই মন্ত্রদ্বয় পাঠ করিয়া তৈলহরিদ্রা ম্রক্ষণ করিয়া স্নান করাইবেন। ১

যথা—তৈল, হরিদ্রা, আমলকীচূর্ণ ও যবগোধূমাদিচূর্ণ দ্বারা যথাক্রমে নিম্নলিখিত মন্ত্রচতুষ্টয় পাঠ করিয়া পত্রিকায় লেপন করিবেন। "ওঁ তৈলং যদ্রুক্ষদোষঘ্নং তৈলং যচ্ছদ্রকং স্মৃতং। তেন ত্বাং স্নাপয়াম্যদ্য প্রসীদ ভুবনেশ্বরি॥ ১॥ ওঁ হরিদ্রা ক্রিমিদোষঘ্না শোভনা চ সুশীতলা; অতস্ত্বাং ত্রিজগদ্ধাত্রি লেপয়ামি যথেচ্ছয়া॥২॥ ওঁ আমলক্যানয়া দেবি কেশং সংশোধয়ামি তে। প্রসীদ দেবি দুর্গে ত্বং সর্ব্বকল্যাণকারিণি॥ ৩॥ ওঁ মলাপকর্ষণং দেবি তবাঙ্গস্য করোম্যহং। যবগোধূমচূর্ণাদ্যৈরীপ্সিতার্থং প্রযচ্ছ মে॥৪॥" পরে শুদ্ধ জল দ্বারা "ওঁ কদলীতরুসংস্থাসি বিষ্ণোর্বক্ষঃস্থলাশ্রয়ে। নমস্তে নবপত্রি ত্বং নমস্তে চণ্ডনায়িকে॥১॥ ওঁ কচ্বি ত্বং স্থাবরস্থাসি সদা সিদ্ধিপ্রদায়িনী। দুর্গারূপেণ সর্ব্বত্র স্নানেন বিজয়ং কুরু॥ ২॥ ওঁ হরিদ্রে হররূপাসি শঙ্করস্য সদা প্রিয়া। রুদ্ররূপাসি দেবি ত্বং সর্ব্বশান্তিং প্রযচ্ছ মে॥ ৩॥ ওঁ জয়ন্তি জয়রূপাসি জগতাং জয়কারিণি। স্নাপয়ামীহ দেবি ত্বাং জয়ং দেহি গৃহে মম॥ ৪॥ ওঁ শ্রীফল শ্রীনিকেতোঽসি সদা বিজয়বর্দ্ধনঃ। দেহি মে হিতকামাংশ্চ প্রসন্নো ভব সর্ব্বদা॥ ৫॥ ওঁ দাড়িম্যঘবিনাশায় ক্ষুন্নাশায় সদা ভুবি। নির্ম্মিতা ফলকামায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে॥ ৬॥ ওঁ স্থিরা ভব সদা দুর্গে অশোকে শোকহারিণি। ময়া ত্বং পূজিতা দুর্গে স্থিরা ভব ভবপ্রিয়ে॥ ৭॥ ওঁ মান মান্যেষু বৃক্ষেষু माननীয়ঃ সুরাসুরৈঃ। স্নাপয়ামি মহাদেবীং মানং দেহি নমোঽস্তু তে॥ ৮॥ ওঁ লক্ষ্মীস্ত্বং ধান্যরূপাসি প্রাণিনাং প্রাণদায়িনী। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ ৯॥"

পরে ভৃঙ্গারপূর্ণ নদীজল দ্বারা স্নান করাইবেন। যথা, "ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরযুর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥ ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্পালঃ স্নাপয়ন্তু তে। কীর্ত্তির্লক্ষ্মী-র্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ।

১। স্নানে সপ্তমী, অষ্টমী ও নবমীতে পৃথক্ পৃথক্ সঙ্কল্পের বিধিও ব্যবহার আছে, যথা—সপ্তমীতে "ওমদ্যেত্যাদি—সপ্তজন্মকৃতপাপমোচনকামঃ (শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামো বা)" শ্রীদুর্গামহং স্নাপয়িষ্যে (পরার্থে স্নাপয়িষ্যামি)"।

মহাষ্টমীতে—"অষ্টসহস্রবর্ষাবচ্ছিন্ন—স্বর্গাধিকরণকস্থিতিকামঃ (শ্রীদুর্গাপ্রীতিকামো বা)"।

মহানবমীতে—"ধমপুত্রবিবর্দ্ধনশতযজ্ঞফলপ্রাপ্তিকামঃ (শ্রীদুর্গাপ্রীতিকামো বা)"। অন্য সমস্ত সপ্তমীবৎ।

নদী কিম্বা পুষ্করিণীতে নবপত্রিকা লইয়া স্নান করাইবার বিধি আছে, ব্যবহারও প্রায় সর্ব্বত্র সেইরূপ।

এতস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপালাঃ সুসংযতাঃ। আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ। ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ। অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজনো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে। সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ (হ্রদাঃ)। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থ-সিদ্ধয়ে" এই মন্ত্রে স্নান করাইয়া "ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে হ্রদা ভুবি সংস্থিতা। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ তক্ষকাদ্যাশ্চ যে নাগাঃ পাতালতলবাসিনঃ। সর্ব্বে সুমসো ভূত্বা ভুঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ দুর্গা চণ্ডেশ্বরী চণ্ডী বারাহী কার্ত্তিকী তথা। হরসিদ্ধা তথা কালী ইন্দ্রাণী বৈষ্ণবী তথা। ভদ্রকালী বিশালাক্ষী ভৈরবী সর্ব্বরূপিণী। এতাঃ সর্ব্বাশ্চ যোগিন্যো ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥" এই মন্ত্রে শুদ্ধজলে স্নান করাইবেন, অনন্তর শঙ্খস্থ-জলদ্বারা—"ওঁ সর্ব্বেষামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণির্ম্মহাদেবো ভৃঙ্গারৈঃ স্নাপত্বিমাম্॥" গঙ্গাজলদ্বারা—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গস্রোতশ্চ বৈষ্ণব্যং স্নানং ভবতু তেন তে॥" উষ্ণজল দ্বারা—ওঁ পবিত্রং পরমক্ষোষ্ণং (পরমং পবিত্রমুষ্ণঞ্চ) বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্॥" গন্ধজল দ্বারা—"ওঁ গন্ধাঢ্যং শোভনঞ্চৈব শীতলং সুমনোহরং। সর্ব্বপাপহরং বারি ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাং।" অনন্তর "ওঁ আপো হি ষ্ঠা" ইত্যাদি "ওঁ শন্নো দেবী" ইত্যাদি বৈদিক মন্ত্রদ্বয়ে স্নান করাইয়া পরে পঞ্চগব্যদ্বারা স্নান করাইবেন, যথা—পঞ্চগব্য শোধনমন্ত্রে পঞ্চগব্য শোধন করিয়া প্রত্যেকতঃ স্নান করাইবেন। গোমুত্র—গায়ত্রী, গোময়—"গন্ধদ্বারাং" ইত্যাদি, দুগ্ধ—"আপ্যায়স্ব" ইত্যাদি, দধি—"দধিক্রাবে৷ অকারিষং" ইত্যাদি, ঘৃত—"তেজোসি" ইত্যাদি। মধু "মধুবাতা" ইত্যাদি। পরে পুষ্পোদক দ্বারা—"ওঁ অশ্বিন্যোর্ভৈষজ্যেন তেজসে ব্রহ্ম-বর্চ্চসায়াভিষিঞ্চামি। সরস্বত্যৈ ভৈষজ্যেন বীর্য্যায়ান্নাদ্যায়াভিষিঞ্চামি॥ ইন্দ্রস্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়ৈ যশসেঽভিষিঞ্চামি"। কুশোদকে "ওঁ দেবস্য ত্বা সবিতুঃ" ইত্যাদি।

(স্বর্ণোদকদ্বারা)—"ওঁ পৃথিব্যাং স্বর্ণরূপেণ দেবাস্তিষ্ঠন্তি বৈ সদা। সর্ব্বদোষবিনাশার্থং স্নাপয়ামি মহেশ্বরীম্॥" রজতোদকে—"ওঁ অম্বিকে ত্বং মহাভাগে শারদে শত্রুনাশিনি। স্নানেনানেন দেবি ত্বং বরদা ভব সুব্রতে।" সামান্যজলে—"ওঁ যা আপঃ সর্ব্বভূতানাং প্রাণিনাং সিদ্ধিহেতবে। পাবন্তঃ সর্ব্বভূতানাং তাভিস্ত্বাং স্নাপয়াম্যহম্"। ফলোদকে— "ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নি হোতা সৎসি বর্হিষি॥" ইক্ষুরস ও সাগরোদকে—"ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ।" (মধু) "হ্রাং হৃদয়ায় নমঃ।" (ঘৃত) "হ্রীং শিরসে স্বাহা।" (দুগ্ধ) "হ্রূং শিখায়ৈ বষট্।" (নারিকেলোদক) "হ্রৈং কবচায় হুং।" (ইক্ষুরস) "হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্।" (দধি) "হ্রঃ অস্ত্রায় ফট্।"

তিলতৈল দ্বারা "হ্রীং অম্বিকায়ৈ নমঃ।" বিষ্ণু তৈলে "হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ॥" পুষ্পোদক দ্বারা "ওঁ শ্রীশ্চতে" ইত্যাদি। ফলোদক দ্বারা "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা।" নির্ঝরোদকে—"হুঃ চণ্ডবত্যৈ নমঃ।" মূলমন্ত্রে নারিকেলোদক, পঞ্চকষায়, শিশির ও সাগরোদক দ্বারা প্রত্যেক দ্রব্যে—"ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে" ইত্যাদি দেবীর গায়ত্রী পাঠ করিয়া স্নান করাইবেন। সর্ব্বৌষধি মহৌষধি জল দ্বারা—"ওঁ যা ওষধিঃ সোমরাজ্ঞীর্ব্বহ্বীঃ শতবিচক্ষণাঃ। তাসামসি ত্বমুত্তমাহরং কামায় শংহৃদে।" সহস্রধারাজল দ্বারা—"ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ স্বর্গস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নাঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলৈস্তথা। সহস্রধারয়া দেবীং স্নাপয়ামি মহেশ্বরীম্॥" এবং ওঁ অগ্নিমীলে পুরোহিতং" ইত্যাদি বেদোক্তমন্ত্রচতুষ্টয় পাঠ পূর্ব্বক ঘটচতুষ্টয়দ্বারা স্নান করাইয়া গৃহাঙ্গণে বিচিত্র পীঠে নিম্নোক্ত ৮টী মন্ত্রে অষ্টঘট ১ জল দ্বারা স্নান করাইবেন। পরে দর্পণে সিন্দুর দ্বারা বৃত্ত আঁকিয়া তন্মধ্যে "হ্রীং" বীজ লিখিয়া ভদ্রপীঠে স্থাপন করিবেন।

গঙ্গাজলে—"ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। ব্যোমগঙ্গাম্বুপূর্ণেন আদ্যেন কলসেন তু ॥ ১॥" বৃষ্টিজলে—"ওঁ মরুতশ্চাভিষিঞ্চন্তু ভক্তিমন্তঃ সুরেশ্বরি। মেঘাম্বু-পরিপূর্ণেন দ্বিতীয়কলসেন তু॥ ২॥" সরস্বতীজলে—"ওঁ সারস্বতেন তোয়েন সম্পূর্ণেন সুরোত্তমে। বিদ্যাধরাশ্চাভিষিঞ্চন্তু তৃতীয়কলসেন তু॥ ৩॥" সাগরজলে—"ওঁ শক্রাদ্যা-শ্চাভিষিঞ্চন্তু লোকপালাঃ সমাগতাঃ। সাগরোদকপূর্ণেন চতুর্থকলসেন তু ॥ ৪॥ পদ্মরজোমিশ্রিতজলে—"ওঁ বারিণা পরিপূর্ণেন পদ্মরেণু-সুগন্ধিনা। পঞ্চমেনাভিষিঞ্চন্তু নাগাশ্চ কলসেন তু॥ ৫॥ নির্ঝরজলে—"ওঁ হিমবদ্ধেমকূটাদ্যাশ্চাভিষিঞ্চন্তু পর্ব্বতাঃ। নির্ঝরোদকপূর্ণেন ষষ্ঠেন কলসেন তু ॥ ৬॥" সর্ব্বতীর্থজলে—"ওঁ সর্ব্বতীর্থাম্বুপূর্ণেন কলসেন সুরেশ্বরি। সপ্তমেনাভিষিঞ্চন্তু ঋষয়ঃ সপ্ত খেচরাঃ॥ ৭॥" শুদ্ধজলে—"ওঁ বসবশ্চাভিষিঞ্চন্তু কলসেনাষ্টমেন তু। অষ্টমঙ্গলসংযুক্তে দুর্গে দেবি নমোঽস্তু তে॥ ৮॥"

অনন্তর "ভূতেভ্যো নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিয়া—"ওঁ ঘোররূপেভ্যো ঘোরতরেভ্যোঃ সিদ্ধেভ্যঃ সাধ্যাদিভ্যো ভূতেভ্য নমঃ" বলিয়া ইহাদের পূজা করিয়া "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥" ইহা পাঠ করিয়া "এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ" বলিয়া বলিপ্রদান করিবেন।

অনন্তর লাজ, চন্দন, শ্বেত-সর্ষপ, ভস্ম, দূর্ব্বা, কুশ ও আতপতণ্ডুল গ্রহণ করিয়া "ফট্"

১। অষ্টকলস-স্নানে আট রকম রাগ ও বাদ্যের বিধান আছে, যথা…১ম ঘট মালবরাগ, বিজয়বাদ্য। ২য় ললিতরাগ, দেববাদ্য। ৩য় বিভাষরাগ, দুন্দুভিবাদ্য। ৪র্থ ভৈরবীরাগঃ ভীমবাদ্য। ৫ম কেদাররাগ, ইন্দ্রাভিষেকবাদ্য। ৬ষ্ঠ বারাড়ীরাগ, শঙ্খবাদ্য। ৭ম বসন্তরাগ, পঞ্চশব্দবাদ্য। ৮ম ধানসীরাগ বিজয়বাদ্য।

মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করত "ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ (যে চান্যে বিঘ্নকারকাঃ)॥ বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা, যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থকৈর্ব্বজ্রসমান-কল্পৈর্ম্ময়া নিরস্তা বিদ্বিশঃ প্রয়ান্তু।" এই মন্ত্রত্রয় পাঠ করত হস্তস্থিত লাজাদি ছড়াইয়া দিয়া ভূতাপসারণ করিবেন। পরে মাষভক্তবলি গ্রহণ করিয়া "এষ মাষভক্তবলিঃ, ওঁ জয় ত্বং কালি সর্ব্বেশে সর্ব্বভূতসমাবৃতে। রক্ষ মাং নিজভূতেভ্যো বলিং গৃহ্ণ শিবপ্রিয়ে॥ ওঁ কাল্যৈ নমঃ। ওঁ মাতর্মাতর্ব্বরে দুর্গে সর্ব্বকামার্থসাধিনি। অনেন বলিদানেন সর্ব্বান কামান্ প্রযচ্ছ মে"॥ বলিয়া প্রার্থনা করিবেন।

অনন্তর পত্রিকাতে—"ওঁ বিল্বশাখাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ" এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা পূজা করিয়া উঁহাকে দেবীরূপে চিন্তা করত দেবীর মস্তকে দূর্ব্বাক্ষত প্রদানপূর্ব্বক দেবীর আসন ধরিয়া পাঠ করিবেন। যথা—"ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় শীঘ্রং পূজালয়ং প্রবিশ স্বাহা। ওঁ গম্যতাং মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে। ওঁ আরোপি তাসি দুর্গে ত্বং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব। ওঁ স্থাং স্থীং স্থিরা ভব।"

অতঃপর দেবীর সম্মুখে একটি ঘট আনয়ন করত তাহা দধ্যক্ষতযুক্ত করিয়া ঘটমধ্যে পঞ্চ-রত্ন প্রদান করিবেন। পরে স্বশাখোক্ত-মন্ত্রে ঘটস্থাপন করিয়া পাঠ করিবেন—"ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সাগরাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥" পরে "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে অঙ্কুশ-মুদ্রা দ্বারা ঘটস্থ-জলে তীর্থাবাহন করিবেন।

অনন্তর গণেশাদিদেবতাগণের পাদ্যাদিদ্বারা পূজা করিয়া সামান্যার্ঘ্য স্থাপন করিবেন। পরে "হাং হীং হূং ফট্" ইহা উচ্চারণ করত নৈবেদ্যাদি দর্শন করিবেন। তৎপরে পূর্ব্ববৎ লাজচন্দনাদি গ্রহণ করিয়া—"ওঁ অপসর্পন্তু তে ভূতা" ইত্যাদি মন্ত্রে ভূতাপসারণ করিয়া বামপাষ্ণিঘাতত্রয় দ্বারা ভৌমবিঘ্ন দূরীকরণ করিয়া তালত্রয় দ্বারা অন্তরীক্ষগতবিঘ্ন উৎসারণ করিয়া আসন শোধন করিবেন। পরে গুরুপংক্তি নমস্কার করিয়া ঋষ্যাদিন্যাস করিবেন। যথাঃ—"অস্য দুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীছন্দো দুর্গা দেবতা মম সর্ব্বাভীষ্টসিদ্ধার্থং দুর্গাপূজনে বিনিয়োগঃ" শিরসি "ওঁ নারদঋষয়ে নমঃ।" মুখে "ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ," হৃদি "ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ" অতঃপর গন্ধপুষ্পদ্বারা করদ্বয় সংশোধন করিয়া উর্দ্ধোর্দ্ধ তালত্রয় দিয়া ছোটিকা দ্বারা দশদিক্‌বন্ধন করিবেন।

পরে মাতৃকান্যাস, "হ্রীং" বীজে প্রাণায়াম ও করাঙ্গন্যাস করিয়া পীঠন্যাস করিবেন। যথা—হৃদয়ে, "ওঁ আধারশক্তয়ে নমঃ" এই ক্রমে—কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীর-সমুদ্রায়, রত্নদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, রত্নবেদিকায়ৈ, দক্ষিণাংসে—ধর্ম্মায়,

বামাংসে—জ্ঞানায়। বাম-উরুতে—বৈরাগ্যায়। দক্ষিণ-উরুতে—ঐশ্বর্য্যায়। মুখে—অধর্ম্মায়। বামপার্শ্বে—অজ্ঞানায়। নাভিতে—অবৈরাগ্যায়। দক্ষিণপার্শ্বে—অনৈশ্বর্য্যায়। পুনরায় হৃদয়ে—শেষায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে। হৃদয়ে ও অষ্টদিকে—"আং প্রভায়ৈ, ঈং মায়ায়ৈ, উং জয়ায়ৈ, এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওং নন্দিন্যৈ, ঔং সুপ্রভায়ৈ, অং বিজয়ায়ৈ, অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ, পুনর্মধ্যে "বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় হুঁ ফট্ নমঃ" প্রণবাদি নমোঽন্ত করিয়া ন্যাস করিতে হইবে।

পরে—"ওঁ জটাজূটসমাযুক্তাং" (২২৪ পৃষ্ঠা দেখুন) ইত্যাদি দেবীর ধ্যান করিয়া স্বীয়-মস্তকে পুষ্প প্রদান করত মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবেন। পরে ঈশানকোণে গণেশঘট স্থাপনপূর্ব্বক "গাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া "ওঁ খর্ব্বং স্থূলতনুং" ইত্যাদি ধ্যান করত গণেশের আবাহন করিয়া পূজা করত "ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ। দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়॥" বলিয়া নমস্কার করিবেন। পরে ঐ ঘটে শিবাদিপঞ্চদেবতা, ব্রহ্মা, দিক্‌পাল ও নবগ্রহগণের আবাহন করিয়া পূজা করিবেন এবং দুর্গাঘটে "ওঁ আধার-শক্তয়ে"—ইত্যাদি পীঠন্যাসোক্ত-ক্রমে পীঠদেবতাগণের পূজা করিয়া পুনর্ব্বার দেবীর করাঙ্গন্যাসাদি করিয়া পুনশ্চ "ওঁ জটাজুট" ইত্যাদি ধ্যান করিয়া ষড়ঙ্গের পূজা করিবেন। যথা—ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ, ওঁ দুর্গে দুর্গে শিরসে স্বাহা, ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বষট্, ওঁ ভূতরক্ষণি কবচায় হুঁ, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি অস্ত্রায় ফট্।" অতঃপর "ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে দেবি স্বগণ-সহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন্যাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করাইয়া পুষ্প ও তণ্ডুল গ্রহণ করত আবাহন করিয়া মূলমন্ত্রে সকলীকরণ ও ষড়ঙ্গন্যাস করিয়া প্রতিমায় হস্তপ্রদান করিয়া পাঠ করিবেন। যথা "ওঁ স্থাপিতাসি মহাদেবি মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। আয়ুরা-রোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তুতে। ওঁ দুর্গে দুর্গস্বরূপাসি সুরতেজোমহাবলে। সদানন্দকরে দেবি প্রসীদ হরবল্লভে॥

ওঁ আগচ্ছ মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণ-কারিণি॥ ওঁ এহ্যেহি ভগবদ্দুর্গে শত্রুক্ষয়-জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগং গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পনিসূদনি॥ ওঁ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাসুরনিকৃন্তনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ যে দেবা যাশ্চ দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি হি। আবাহয়ামি তান্ সর্ব্বান্ চণ্ডিকে পরমেশ্বরি। ওঁ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্ব-

রক্ষাকরী যস্মাৎ ত্বং হি দেবি জগৎপ্রিয়ে। ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। মেনানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ॥ আগত্য বিল্ব-শাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥ স্থাপিতাসি ময়া দেবি পূজয়ে ত্বাং প্রসীদ মে। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং-দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহ-কারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥ ওঁ দেবি ত্বং জগতাং মাতঃ সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়। ওঁ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখিভিঃ সুরনায়িকেঃ পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ন প্রসীদ মে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ ওঁ চণ্ডিকে চণ্ডরূপাসি সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥

অনন্তর চক্ষুর্দ্দান করিবেন। প্রথমতঃ দক্ষিণচক্ষু—গায়ত্রী পাঠ করত—ওঁ চিত্রং দেবানামুদ্গাদনীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ আ প্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ।" বামচক্ষু—"ওঁ আপ্যায়স্ব ইত্যাদি।" ঊর্দ্ধচক্ষু—গায়ত্রী পাঠ করত—"ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী সদাবৃধঃ সখা কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা॥" এই সকল মন্ত্র পাঠ করিয়া বিল্বপত্রবৃন্তে কজ্জল গ্রহণ করিয়া তদ্দারা চক্ষুদান করিবেন।

পরে "ওঁ আং হ্রীং ক্রোং যং রং" ইত্যাদি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিয়া (২০০ পৃষ্ঠা দেখুন) মূলমন্ত্র তিনবার পাঠ করিবেন। অনন্তর পঞ্চমন্ত্র জপ করিবেন। যথা—"ওঁ হংসঃ শুচিষদ্বসুরন্তরিক্ষ-সদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসৎ নৃষদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং (বৃহৎ)॥ ১॥ ওঁ প্রতদ্বিষ্ণুস্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ। যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধি ক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ॥ ২॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু। আ সিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে॥৩॥ গায়ত্রী॥ ৪॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মা মৃতাৎ॥ ৫॥ পরে দেবী শরীরে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান করিবেন। তৎপরে অন্য সব প্রতিমায় প্রাণপ্রতিষ্ঠা করিবেন। পরে ষোড়শোপচারে দেবীর পূজা করিবেন। যথা—

"বং" এই বীজমন্ত্রে অর্ঘ্যজলদ্বারা দেয়দ্রব্য প্রোক্ষণ করিবেন—পরে "অমুক-দ্রব্যায় নমঃ" বলিয়া গন্ধপুষ্পদ্বারা দ্রব্য অর্চ্চনা করিয়া এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ, এতৎ-সম্প্রদানায় দুর্গায়ৈ নমঃ "ইদং অমুকদ্রব্যং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ দৈব্যৈ নমঃ।" এই বলিয়া দেয়দ্রব্যোপরি জল দান করিবেন। এইরূপ সমস্ত উপচার সম্বন্ধে জানিবেন।

প্রথমতঃ আসন অর্চ্চনা ও নিবেদন করিয়া[১] "ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি নানারত্ন-বিনির্ম্মিতম্। গৃহাণেদং জগন্মাতঃ প্রসীদ ভগবত্যুমে ॥ ১ ॥ মূলমন্ত্র[২] (দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা) উচ্চারণপূর্ব্বক "দুর্গে ইহ স্বাগতম্" ইহা বলিয়া স্বাগত প্রশ্ন করিবেন ॥ ২ ॥ পরে উক্ত প্রকারে পাদ্য নিবেদন করিয়া—"ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে ॥ ৩ ॥ অর্ঘ্য—ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথাপরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘং হরপ্রিয়ে। নানাতীর্থোদ্ভবং বারি কুঙ্কুমাদিসুশীতলম্। গৃহাণার্ঘ্যমিদং দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে ॥ ৪ ॥ আচমনীয়—ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্। ওঁ ইমা আপো ময়া ভব পাণিতলেঽর্পিতাঃ। আচাময় মহাদেবি প্রীতা শান্তিং প্রযচ্ছ মে ॥ ৫ ॥ মধুপর্ক—"ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি ॥ ৬ ॥" আচমনীয় পূর্ব্ববৎ ॥ ৭ ॥ স্নানীয়—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছমিদং শুদ্ধং মনোহরম্। স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্ ॥ ৮ ॥ আচমনীয় পূর্ব্ববৎ। বস্ত্র—"ওঁ বহুতন্তু-সমাযুক্তং পট্টসূত্রাদিনির্ম্মিতম্। বাসো দেবি সুশুক্লঞ্চ গৃহাণ বরবর্ণিনি ॥ ওঁ তন্তুসন্তান-সন্নদ্ধং রঞ্জিতং রাগ-বস্তুনা। দুর্গে দেবি ভজ প্রীতিং বাসস্তে পরিধীয়তাম্ ॥ ৯ ॥" পূর্ব্ববৎ আচমনীয় দিবেন। অলঙ্কার—"ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি ॥" শঙ্খালঙ্কার—'ওঁ শঙ্খঞ্চ বিবিধং চিত্রং বাহূনাঞ্চ বিভূষণম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি ॥ ১০ ॥" গন্ধ—"ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতন্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্ ॥ ১১ ॥" পুষ্প—"ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্ম্মিতম্। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্ ॥ ১২ ॥" ধূপ—"ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ ১৩ ॥" দীপ—"ওঁ অগ্নিজ্যোতীরবিজ্যোতিশ্চন্দ্র-জ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্। ১৪ ॥" সিন্দূর—"ওঁ চন্দনেন সমাযুক্তং সিন্দূরং ভালভূষণম্। রূপজ্যোতিষ্করং দেবি চণ্ডিকে গৃহ্ণ মস্তকে ॥ ওঁ চণ্ডিকায়ৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ।" অঞ্জন—"ওঁ নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং হৃদ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্ ॥ ১৫ ॥" নৈবেদ্য—"ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং ফলতাম্বূলসংযুতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা আমান্নং

১। দেবীপুরাণোক্ত দুর্গাপূজার সকল পদ্ধতিতে ষোড়শোপচারে প্রার্থনার মন্ত্র নাই, দুই একখানি পুস্তকে কয়েকটী মাত্র মন্ত্র পাওয়া যায়। যথা—(পুষ্পমালা) "ওঁ কৌসুমস্রজমেতাঞ্চ-চন্দনাগুরুচর্চ্চিতাং। গৃহাণ ত্বং মহাদেবি প্রসীদ পরমেশ্বরি ॥ (পুষ্প) (দ্রোণপুষ্প)—ব্রহ্মবিষ্ণুশিবাদীনাং দ্রোণপুষ্পং সদাপ্রিয়ং। তত্তে দুর্গে প্রযচ্ছামি সর্ব্বকর্ম্মার্থসিদ্ধয়ে ॥"

২। কোন পদ্ধতিতে "জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তুতে" এই মূলমন্ত্রের উল্লেখ আছে।

প্রতিগৃহ্যতাম্ ॥ ১৬ ॥ ফলাদি—ওঁ ফলমূলানি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানা-বিধসুগন্ধীনি গৃহ্ণ দেবি মমাচিরম্ ॥" মূলমন্ত্রে বিল্বপত্র দান করিবেন। পানার্থ জল—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং সুগন্ধি সুমনোহরম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পানীয়ং প্রতিগৃহ্যতাম্ ॥" তাম্বুল—"ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বুলং প্রতি-গৃহ্যতাম্ ॥" দূর্ব্বা—"ওঁ নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে সুখমোক্ষদে। দূর্ব্বাং গৃহাণ দেবি ত্বং মাং নিস্তারয় সর্ব্বতঃ ॥" বিল্বপত্রমাল্য—"ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেবপ্রিয়ং সদা। পবিত্রং তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি ॥" পুষ্পমাল্য—"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানা-পুষ্পসমন্বিতম্। শ্রীযুক্তং লম্বমানঞ্চ গৃহাণ পরমেশ্বরি ॥ "ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে" ইত্যাদি গায়ত্রী দ্বারা পুষ্পাঞ্জলিত্রয় দান করিবেন এবং দর্পণ দর্শন করাইবেন। মূলমন্ত্রে দেবীকে পাদ্য অর্ঘ্য আচমনীয় প্রদান করত চতুষ্কোণ মণ্ডলের উপর সাধার অন্ন স্থাপন করিয়া অন্ন অভ্যুক্ষণ করত দেবীকে নিবেদন করিয়া—"ওঁ অন্নং চতুর্ব্বিধং দেবি রসৈঃ ষড়্ভিঃ সমন্বিতম্। উত্তমং প্রাণদঞ্চৈব গৃহাণ মম ভাবতঃ ॥" পরমান্ন—"ওঁ গব্যসর্পিঃপয়োযুক্তং নানামধুরসংযুতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পরমান্নং প্রগৃহ্যতাম্।" পিষ্টক—ওঁ অমৃতৈ-রচিতং দিব্যং নানারূপনির্ম্মিতম্। পিষ্টকং বিবিধং দেবি গৃহাণ মম ভাবতঃ ॥ মোদক—"ওঁ মোদকং স্বাদু সংযুক্তং শর্করাদিবিমিশ্রিতম্। সুরম্যং মধুরং ভোজ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্ ॥" পৃথুকাদি (চিঁড়া ইত্যাদি) মূলমন্ত্রে দান করিবেন। পানীয় জল পূর্ব্ববৎ। নমস্কার—"ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" ইত্যাদি ॥

নবপত্রিকা পূজা

"ওঁ রম্ভাধিষ্ঠাত্রি ব্রহ্মাণি ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া—"ওঁ রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ।" বলিয়া পূজা করত "ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোহস্তু তে ॥" ১ ॥ কচ্বাধিষ্ঠাত্রী কালিকার আবাহন করিয়া "ওঁ কচ্বাধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ" বলিয়া পূজা করত "ওঁ মহিষাসুর-যুদ্ধেষু কচ্বীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে ॥" ২ ॥ হরিদ্রাধিষ্ঠাত্রী দুর্গার আবাহন ও "ওঁ হরিদ্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নম" মন্ত্রে পূজা করিয়া—"ওঁ হরিদ্রে বরদে দেবি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে ॥ ৩ ॥ জয়ন্ত্যা-ধিষ্ঠাত্র্যৈ কৌমারীর আবাহন করিয়া "ওঁ জয়ন্ত্যধিষ্ঠাত্রৈ কৌমার্য্যৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া—"ওঁ নিশুম্ভশুম্ভমথনে সেন্দ্রৈর্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্বকস্মাকং বরদা ভব ॥" ৪ ॥ বিল্বাধিষ্ঠাত্রী শিবার আবাহন করিয়া "ওঁ বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া—"ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষো বিল্বরূপ নমোহস্তু তে ॥" ৫ ॥ দাড়িম্যধিষ্ঠাত্রী রক্তদন্তিকার আবাহন করিয়া "ওঁ দাড়িম্যধিষ্ঠাত্রৈ রক্তদন্তিকায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া—"ওঁ দাড়িমি ত্বঃ পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাত্তস্মাত্ত্বং রক্ষ মাং সদা ॥" ৬ ॥ অশোকাধিষ্ঠাত্রী

শোকরহিতার আবাহন করত—"ওঁ অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া—"ওঁ হরপ্রীতিকরো বৃক্ষোহশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু ॥ ৭॥" মানাধিষ্ঠাত্রী চামুণ্ডার আবাহন ও "ওঁ মানাধিষ্ঠাত্র্যৈ চামুণ্ডায়ৈ নমঃ" বলিয়া অর্চ্চনা করিয়া "ওঁ যস্য পত্রে বসেদ্দেবী মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥" ৮॥ ধান্যাধিষ্ঠাত্রী লক্ষ্মীর আবাহন করত "ওঁ ধান্যাধিষ্ঠাত্র্যৈ মহালক্ষ্ম্যৈ নমঃ" বলিয়া অর্চ্চনা করিয়া "ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা ॥ ৯॥"

অতঃপর অগ্ন্যাদি-কোণচতুষ্টয়ে "ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ। ওঁ দুর্গে শিরসে স্বাহা। ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বষট্। ওঁ ভূতরক্ষণি কবচায় হুং।" দেবী সম্মুখে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্।" দিক্‌সমূহে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা অস্ত্রায় ফট্। অথবা "হ্রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদিক্রমে পূজা করিবেন।

পরে দিক্‌পালগণের পূজা করিবেন। যথা—পূর্ব্বাদি-দিকে "ওঁ ইন্দ্রায় সবজ্রায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ অগ্নয়ে সশক্তয়ে সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ যমায় সদণ্ডায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ নৈর্ঋতায় সখড়্গায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বরুণায় সপাশায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বায়বে সাঙ্কুশায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ কুবেরায় সগদায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ঈশানায় সশূলায় সবাহনায় সপরিবারায় নমঃ।" পূর্ব্ব ও ঈশানকোণ-মধ্যে,—"ওঁ ব্রহ্মণে সপদ্মায় সবাহমায় সপরিবারায় নমঃ।" নৈর্ঋত ও পশ্চিমদিক্-মধ্যে "ওঁ অনন্তায় সচক্রায় সবাহনায় সপরিবারায় নমঃ।"

অনন্তর গণেশ, কার্ত্তিক, লক্ষ্মী ও সরস্বতীর ধ্যান করিয়া যথাশক্তি-উপচারে পূজা করিবেন। পরে "ওঁ সাঙ্গোপাঙ্গায়ৈ সবাহনায়ৈ দুর্গায়ৈ নমঃ" বলিয়া তিনবার পুষ্পাঞ্জলি প্রদান করিবেন। সর্প, ময়ূর ও মুষিকেরও এই সময় পূজা করিয়া "ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা সিংহের পূজা করত প্রণাম করিবেন যথা—"ওঁ সিংহ ত্বং সর্ব্বজন্তুনামধিপোহসি মহাবল। পার্ব্বতীবাহন শ্রীমন্ বরং দেহি নমোহস্তু তে। ওঁ আসনঞ্চাসি ভূতানাং নানালঙ্কারভূষিত। মেরুশৃঙ্গপ্রতীকাশ সিংহাসন নমোহস্তু তে॥" অতঃপর—"ওঁ মহিষাসুরায় নমঃ।" বলিয়া পাদ্যাদিদ্বারা মহিষাসুরের পূজা করিয়া যথাশক্তি দেবীর মুলমন্ত্র জপ করিবেন। অতঃপর বলিদান (২১০ পৃঃ দেখুন) করিয়া আরাত্রিক ও স্তব পাঠ করত প্রার্থনামন্ত্র (২৪৩ পৃঃ দেখুন) পাঠ করিবেন।

মহাষ্টমীপূজা

কৃতনিত্যক্রিয় যজমান সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করত শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া—"হ্রাং হ্রীং হুং ফট্" উচ্চারণপূর্ব্বক অর্চ্চনীয় দ্রব্যাদি অবলোকন করত সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি মাতৃকান্যাস, প্রাণায়াম ও পীঠন্যাস সম্পাদন করিয়া দেবীকে চিন্তা করত দর্পণ-

প্রতিবিম্বে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান করিয়া দর্পণে তৈল-হরিদ্রা ম্রক্ষণ করত মহাস্নানোক্ত মন্ত্রে সপ্তমীর ন্যায় স্নান করাইবেন। পরে দর্পণ পুঁছিয়া তাহাতে বীজ মন্ত্র "হ্রূং" লিখিয়া ভদ্রাসনে স্থাপন করিবেন। তৎপরে পূর্ব্ববৎ মাষভক্তবলি দিয়া গণেশঘটে গণেশ, শিবাদি-পঞ্চদেবতা, নবগ্রহ, দিক্‌পাল ও মৎস্যাদি দশাবতারগণের যথাশক্তি অর্চ্চনা করিয়া পুনরায় প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস করিয়া দেবীর ধ্যান করত মানসোপচারে পূজা করিবেন। পরে বিশেষার্ঘ্য স্থাপন করত আধারশক্ত্যাদি পীঠদেবতাগণের পূজা করিয়া পুনরায় দেবীর করন্যাসাদি করত দেবীর ধ্যান করিয়া দেবীকে ষোড়শোপচারে অর্চ্চনা করিবেন; অতঃপর পূর্ব্ববৎ ষড়ঙ্গ এবং নবপত্রিকার অর্চ্চনা করিবেন।

অন্তর অষ্টদলপদ্মমধ্যে পূর্ব্বাদিক্রমে উগ্রচণ্ডাদির পূজা করিবেন। যথা—পূর্ব্বদলে "ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া—"ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করত নমস্কার করিবেন। যথা—"ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ ॥ ১ ॥" আগ্নেয়দলে—ঐরূপে প্রচণ্ডার আবাহন ও পূজা করিয়া নমস্কার করিবেন। "ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দ করে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ ॥ ২ ॥" দক্ষিণদলে—চণ্ডোগ্রার ঐরূপ আবাহন ও পূজা করিয়া প্রণাম করিবেন। "ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু বরদা ভব শোভনে ॥ ৩ ॥ নৈঋর্তদলে চণ্ডনায়িকার আবাহন ও পূজা করিয়া নমস্কার করিবেন। ওঁ যা সৃষ্টি-স্থিতিনাম্না চ দেবেশবরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্ ॥ ৪ ॥ পশ্চিম-দলে চণ্ডার আবাহন ও পূজা করিয়া প্রণাম করিবেন। ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থমোক্ষদে দুর্গে নিত্যং মে বরদা ভব ॥ ৫ ॥ বায়ুদলে চণ্ডবতীর আবাহন ও অর্চ্চনা করিয়া নমস্কার করিবেন। "ওঁ যা সৃষ্টিস্থিতিসংহারগুণত্রয়সমন্বিতা। যাঃ পরাঃ শক্তয়স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ ॥ ৬ ॥" উত্তরদলে চণ্ডরূপার আবাহন ও পূজা করিয়া প্রণাম করিবেন। চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডিকা চণ্ডনায়িকা। সর্ব্বসিদ্ধিপ্রদা দেবি তস্যৈ নিত্যং নমো নমঃ ॥ ৭ ॥" ঈশানদলে অতিচণ্ডিকার আবাহন ও পূজা করিয়া প্রণাম করিবেন। "ওঁ বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথনী বরদা ত্বতিচণ্ডিকা ॥ ৮ ॥" ইহাদের প্রত্যেকনামের আদিতে "ওঁ হ্রীং শ্রীং বীজত্রয় যুক্ত করিয়া অন্তে "নমঃ" যোগ করত আবাহন ও পূজা করিতে হইবে। এইরূপে জয়ন্ত্যৈ, মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ, পরে দেবীর বামদিকে "ওঁ হ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ" এবং "মহাদংষ্ট্রায়ৈ নমঃ" এবং শুভদংষ্ট্রায়ৈ, করালিন্যৈ, ভীমনেত্রায়ৈ, বিশালাক্ষ্যৈ, মঙ্গলায়ৈ, বিজয়ায়ৈ, জয়ায়ৈ, দেবীর অগ্রভাগে "ওঁ হ্রীং মঙ্গলায়ৈ, নন্দিন্যৈ, ভদ্রায়ৈ, লক্ষ্ম্যৈ, কীর্ত্ত্যৈ, যশস্বিন্যৈ, পুষ্ট্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, সাধ্ব্যৈ, যশায়ৈ, শোভায়ৈ, জয়ায়ৈ, ধৃত্যৈ আনন্দায়ৈ, সুনন্দায়ৈ,"

এই ক্রমে পূজা করিয়া পদ্মমধ্যে চতুঃষষ্টিযোগিনীর পূজা করিবেন। যথা—১ "ওঁ হ্রীঁ শ্রীঁ ব্রহ্মাণ্যৈ নমঃ," এবং ২ চণ্ডিকায়ৈ, ৩ রৌদ্রৈ, ৪ গৌর্য্যৈ, ৫ ইন্দ্রাণ্যৈ, ৬ কৌমার্য্যৈ, ৭ ভৈরব্যৈ, ৮ দুর্গায়ৈ, ৯ নারসিংহ্যৈ, ১০ কালিকায়ৈ, ১১ চামুণ্ডায়ৈ, ১২ শিবদূত্যৈ, ১৩ বারাহ্যৈ, ১৪ কৌশিক্যৈ, ১৫ মাহেশ্বর্য্যৈ, ১৬ শাঙ্কর্য্যৈ, ১৭ জয়ন্ত্যৈ, ১৮ সর্ব্বমঙ্গলায়ৈ, ১৯ কাল্যৈ, ২০ করালিন্যৈ, ২১ মেধায়ৈ, ২২ শিবায়ৈ, ২৩ শাকম্ভর্য্যৈ, ২৪ ভীমায়ৈ, ২৫ শান্তায়ৈ, ২৬ ভ্রামর্য্যৈ, ২৭ রুদ্রাণ্যৈ, ২৮ অম্বিকায়ৈ (চণ্ডিকায়ৈ), ২৯ ক্ষমায়ৈ, ৩০ ধাত্রৈ, ৩১ স্বাহায়ৈ, ৩২ স্বধায়ৈ, ৩৩ পূর্ণায়ৈ, ৩৪ মহোদর্য্যৈ, ৩৫ ঘোররূপায়ৈ, ৩৬ মহাকাল্যৈ, ৩৭ ভদ্রকাল্যৈ, ৩৮ কপালিন্যৈ, ৩৯ ক্ষেমঙ্কর্য্যৈ, ৪০ উগ্রচণ্ডায়ৈ, ৪১ চণ্ডোগ্রায়ৈ, ৪২ চণ্ডনায়িকায়ৈ, ৪৩ চণ্ডায়ৈ, ৪৪ চণ্ডবত্যৈ, ৪৫ চণ্ড্যৈ, ৪৬ মহামোহায়ৈ (মহামায়ায়ৈ), ৪৭ প্রিয়ঙ্কর্য্যৈ, ৪৮ বলবিকরণ্যৈ, ৪৯ বলপ্রমথিন্যৈ, ৫০ মদনোন্মথন্যৈ (মনোন্মথন্যৈ), ৫১ সর্ব্বভূতদমন্যৈ, ৫২ উমায়ৈ, ৫৩ তারায়ৈ, ৫৪ মোহনিদ্রায়ৈ, ৫৫ বিজয়ায়ৈ, ৫৬ জয়ায়ৈ, ৫৭ শৈলপুত্র্যৈ, ৫৮ চণ্ডিকায়ৈ, ৫৯ চণ্ডঘণ্টায়ৈ, ৬০ কুষ্মাণ্ডৈ, ৬১ স্কন্দমাত্রে, ৬২ কাত্যায়ন্যৈ, ৬৩ কালরাত্র্যৈ, ৬৪ মহাগৌর্য্যৈ।" ইহাদের প্রত্যেক নামের আদিতে "ওঁ হ্রীং শ্রীং" বীজ ও অন্তে "নমঃ" যোগ করিয়া পূজা করিবেন।

অতঃপর "ওঁ হ্রীং" শ্রীঁ কোটিযোগিন্য ইহাগচ্ছত ইহাগচ্ছত" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া "ওঁ হ্রীঁ শ্রীঁ কোটিযোগিনীভ্যো নমঃ" বলিয়া পদ্মপত্রাগ্রে পাদ্যাদি দ্বারা পূজা করিবেন। অনন্তর অষ্টশক্তির আবাহন করিয়া অর্চ্চনা করিবেন। যথা—"এতে গন্ধেপুষ্পে হ্রীং ওঁ ব্রহ্মাণ্যৈ নমঃ", এবং "মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, নারসিংহ্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ" আদিতে "হ্রীং ওঁ" ও অন্তে "নমঃ" যোগ করিয়া পূজা করিবেন। পরে মাতৃগণের সম্মুখে "ওঁ ভৈরবায় নমঃ, ওঁ মহিষাসুরায় নমঃ" মন্ত্রে পূজা করিবেন।

অঙ্গপূজা। "ওঁ কালি কালি স্বাহা হৃদয়ায় নমঃ।" এই মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন এবং "ওঁ কালি কালি বজ্রিণি শিরসে স্বাহা নমঃ, ওঁ কালি কালেশ্বরি শিখায়ৈ বষট্ নমঃ, ওঁ কালি কালি বজ্রিশ্বরি কবচায় হুঁ নমঃ, ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌদণ্ডায় স্বাহা নেত্রত্রয়ায় বৌষট্ নমঃ, ওঁ কালি কালি লৌহদণ্ডায়ৈ অস্ত্রায় ফট্ নমঃ" বলিয়া পূজা করিবেন।

তৎপরে দেবীর শিখাকে আধাররূপ চিন্তা করত "ওঁ ঈশানায় নমঃ" বলিয়া পূজা করিবেন। এইরূপে দেবীর মুখ চিন্তা করিয়া—"ওঁ কালি কালি তৎপুরুষায় নমঃ।" হৃদয় চিন্তা করিয়া "ওঁ বজ্রেশ্বরি অঘোরায় নমঃ।" অধোদেশ চিন্তা করত "লৌহদণ্ডায়ৈ বামদেবায় নমঃ।" সর্ব্বাঙ্গ চিন্তা করত—"ওঁ স্বাহা সদ্যোজাতায় নমঃ" বলিয়া পূজা করত দেবীর অস্ত্রপূজা করিবেন, যথা, দক্ষিণে—"ওঁ ত্রিশূলায় নমঃ" এবং 'খড়্গায়, চক্রায়, তীক্ষ্ণবাণায়, শক্তয়ে।" বামে—"ওঁ খেটকায় নমঃ" এবং "পূর্ণচাপায়, পাশায়,

অঙ্কুশায়, ঘণ্টায়ৈ, ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুঁ ফট্ নমঃ" বলিয়া সিংহাসন পূজা করিবেন। শস্ত্রপূজা—খড়্গপূজা—"ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তুতে। ইত্যষ্টৌ তব নামানি স্বয়মুক্তানি বেধসা। নক্ষত্রং কৃত্তিকা তুভ্যং গুরুর্দ্দেবো মহেশ্বরঃ। হিরণ্যঞ্চ শরীরন্তে ধাতা দেবো জনার্দ্দনঃ। পিতা পিতামহো দেবস্ত্বং মাং পালয় সর্ব্বতঃ। নীলজীমূতসঙ্কাশস্তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ। ভাবশুদ্ধো মর্ষণশ্চ অতিতেজাস্তথৈব চ। ইয়ং যেন ধৃতা ক্ষৌণী হতশ্চ মহিষাসুরঃ। তীক্ষ্ণধারায় শুদ্ধায় তস্মৈ খড়্গায় তে নমঃ। ওঁ খড়্গায় নমঃ। ছুরিকা-পূজা—ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমং নির্ম্মিতাঽসি পিনাকিনা। শূলাৎ সারং বিনিষ্কৃষ্য কৃত্বা মুষ্টিগ্রহং শুভং। চণ্ডিকায়াঃ প্রসাদেন সর্ব্বদুষ্টনিবর্হিণী। তয়া নিস্তারিতা চাসি দেবানাং প্রতিপাদিতা। সর্ব্বসত্ত্বাঙ্গ-ভূতানি সর্ব্বাশুভনিবর্হিণী। ছুরিকে রক্ষ মাং নিত্যং শান্তিং যচ্ছ নমোঽস্তুতে। ওঁ ছুরিকায়ৈ নমঃ। কট্টারক-পূজা—ওঁ রক্ষাঙ্গানি গজান্ রক্ষ রক্ষ বাজিধনানি চ। মম দেহং সদা রক্ষ কট্টারক নমোঽস্তু তে। ওঁ কট্টারকায় নমঃ। ধনুঃপূজা—"ওঁ সর্ব্বায়ুধ-মহামাত্র সর্ব্বদেবারিসূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং শরগণৈরিহ। ধৃতং কৃষ্ণেন রক্ষার্থং সংহারায় হরেণ চ। ত্রয়ীমূর্ত্তিগতং দেবং ধনুরস্ত্বং নমাম্যহং। ওঁ ধনুষে নমঃ।" কুন্তপূজা—ওঁ গ্রাস পাতয় শত্রূংস্ত্ব-মনয়া লোকমায়য়া। গৃহাণ জীবিতং তেষাং মম সৈন্যঞ্চ রক্ষ্যতাং। ওঁ কুন্তায় নমঃ।" বর্ম্মপূজা—"ওঁ শর্ম্মপ্রদস্ত্বং সমরে বর্ম্মন্ সৈন্যে যশোঽস্তু মে। রক্ষ মাং রক্ষণীয়োঽহং তাপনেয় নমোঽস্তু তে। ওঁ বর্ম্মণে নমঃ॥" চামরপূজা—"ওঁ শশাঙ্ককরসঙ্কাশ হিমহিণ্ডীরপাণ্ডুর। প্রোৎসারয়, ত্বং দুরিতং চামরামর-বল্লভ। চামরায় নমঃ॥" ছত্রপূজা—"যথাম্বুদশ্ছাদয়তে শিবায়ৈনাং বসুন্ধরাং। তথা মাং ছাদয় ছত্র যুদ্ধেঽধ্বনি গতং সদা। ওঁ ছত্রায় নমঃ।" ধ্বজপূজা—"ওঁ শক্রকেতো মহাবীর্য্যঃ সুপর্ণস্ত্বাং সমাশ্রিতঃ। পক্ষিরাজো বৈনতেয়স্তথা নারায়ণধ্বজঃ। কাশ্যপেয়োঽ-মৃতাহর্ত্তা নাগারির্ব্বিষ্ণুবাহনঃ। অপ্রমেয়ো দুরাধর্ষো রণে দেবারিসূদনঃ। গরুত্মান্ মারুতগতিস্ত্বয়ি সন্নিহিতঃ স্থিতঃ। সাশ্ববর্ম্মায়ুধান্ যোধান্ রক্ষাস্মাকং রিপূন্ দহ। ওঁ ধ্বজায় নমঃ।" পতাকাপূজা—"হুতভুগ্ বসবো রুদ্রা বায়ুঃ সোমো মহর্ষয়ঃ। নাগকিন্নর-গন্ধর্ব্বা যক্ষভূতমহোরগাঃ। প্রমথাশ্চ সহাদিত্যৈর্ভূতেশো মাতৃভিঃ সহ। শক্রসেনাপতিঃ স্কন্দো বরুণশ্চাশ্রিতস্ত্বয়ি। দ্রুতং হন্তু রিপূন্ সর্ব্বান্ রাজা বিজয়মৃচ্ছতু। যানি প্রযুক্তান্য-রিভিরায়ুধানি সমন্ততঃ। নিহতানি সদা তানি ভবন্তু তব তেজসা। কালনেমি-বধে যুদ্ধে যুদ্ধে ত্রিপুরঘাতনে। হিরণ্যকশিপোর্যুদ্ধে যুদ্ধে দেবাসুরে তথা। শোভিতাসি তথৈবাদ্য শোভনং সমরং স্মর। নীলাং রক্তাং সিতাং দৃষ্ট্বা নশ্যন্ত্বাশু মমারয়ঃ। পতাকায়ৈ নমঃ॥" দুন্দুভিপূজা—"দুন্দুভে ত্বং সপত্নানাং ঘোষাদ্ধৃদয়কম্পনঃ। ভব ভূমিপসৈন্যানাং তথা বিজয়বর্দ্ধনঃ॥ যথা জীমূতশব্দেন হৃষ্যন্তি বরবারণাঃ। তথাস্তু তব শব্দেন হর্ষোঽস্মাকং জয়াবহঃ। যথা জীমূতশব্দেন স্ত্রীণাংত্রাসোঽভিজায়তে। তথা চ তব শব্দেন ত্রস্যন্ত্বস্মদ্দ্বিষো

রণে। ওঁ দুন্দুভয়ে নমঃ” শঙ্খপূজা—“ওঁ পূণ্যস্ত্বং শঙ্খ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলং। বিষ্ণুনা বিধৃতো নিত্যং তস্মাৎ শান্তিং প্রযচ্ছ মে। ওঁ শঙ্খায় নমঃ।” সিংহাসনপূজা—“ওঁ বিজয়ো জয়দো জেতা রিপুঘাতী প্রিয়ঙ্করঃ। দুঃখহা ধর্ম্মদঃ শান্তঃ সর্ব্বারিষ্ট-বিনাশনঃ। ইত্যষ্টৌ তব নামানি যস্মাৎ সিংহপরাক্রম। তেন সিংহাসনেতি ত্বং নাম্না দেবেষু গীয়তে। ত্বয়ি স্থিতঃ শিবঃ সাক্ষাৎ ত্বয়ি শক্রঃ সুরেশ্বরঃ। ত্বয়ি স্থিতো হরির্দ্দেবস্তদর্থং তপ্যতে তপঃ॥ ওঁ নমস্তে সর্ব্বতো ভদ্র শিবো ভব মহীপতে। ত্রৈলোক্য-জয়সর্ব্বস্ব সিংহাসন নমোঽস্তুতে। ওঁ সিংহাসনায় নমঃ।” পরে গঠিত গণেশাদি প্রতিমাতে দেবতাগণের যথাশক্তি উপচারে পূজাদি করিয়া প্রণাম করিবেন। অনন্তর “ওঁ মহিষাসুরায় নমঃ” বলিয়া পূজা করিয়া দেশবাসিনীগণের পূজা করিবেন। যথা—“ওঁ হ্রীং পূতিবাসিন্যৈ নমঃ” এইক্রমে, “বিমলায়ৈ, মহাগৌর্য্যৈ, কামজয়িন্যৈ, বজ্রেশ্বর্য্যৈ, বাগীশ্বর্য্যৈ, কিরাতরূপিণ্যৈ, সর্ব্বমঙ্গলায়ৈ, কাত্যায়ন্যৈ, কালরাত্র্যৈ, বৈষ্ণব্যৈ, বিমলায়ৈ, দুর্গায়ৈ, মহাকাল্যৈ, বর্গভীমায়ৈ, যোগাদ্যায়ৈ, উত্তরবাহিন্যৈ, ত্রিপুরায়ৈ, সর্ব্বমঙ্গলায়ৈ।” অতঃপর বটুকগণের পূজা করিবেন। পরে ক্ষেত্রপালগণের পূজা করিয়া অসিতাঙ্গাদি ভৈরবগণের অর্চ্চনা করিবেন। অতঃপর দিক্‌পালগণের পূজা করিবেন।

অতঃপর যথাবিধি বলিদান করত জপ করিয়া জলসমর্পণ করত স্তোত্র ও প্রার্থনা-মন্ত্র পাঠ করিবেন। পরে গোময়লিপ্ত স্থানে মাষভক্তবলি গ্রহণ করিয়া “এষ মাষভক্তবলিঃ—“হ্রীঁ ওঁ জয়ন্ত্যৈ নমঃ” এইরূপে মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ, উগ্রচণ্ডায়ৈ, প্রচণ্ডায়ৈ, চণ্ডোগ্রায়ৈ, চণ্ডনায়িকায়ৈ, চণ্ডায়ৈ, চণ্ডবত্যৈ, চণ্ডরূপায়ৈ, অতিচণ্ডিকায়ৈ, উগ্রদংষ্ট্রায়ৈ, মহাদংষ্ট্রায়ৈ শুভদংষ্ট্রায়ৈ, করালিন্যৈ, ভীমনেত্রায়ৈ, বিশালাক্ষ্যৈ, মঙ্গলায়ৈ, বিজয়ায়ৈ, জয়ায়ৈ, মঙ্গলায়ৈ, নন্দিন্যৈ, ভদ্রায়ৈ, লক্ষ্ম্যৈ, কীর্ত্ত্যৈ, যশস্বিন্যৈ, পুষ্ট্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, সাধ্ব্যৈ, যশায়ৈ, শোভায়ৈ, জয়ায়ৈ, ধৃত্যৈ, আনন্দায়ৈ, সুনন্দায়ৈ, বিজয়ায়ৈ, মঙ্গলায়ৈ, ভদ্রায়ৈ, ধৃত্যৈ শান্ত্যৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, সিদ্ধ্যৈ, তুষ্ট্যৈ, উমায়ৈ, পুষ্ট্যৈ, প্রিয়ায়ৈ, ঋদ্ধ্যৈ, রত্যৈ, দীপ্তায়ৈ, কান্ত্যৈ, লক্ষ্ম্যৈ, ঐশ্বর্য্যৈ বৃদ্ধ্যৈ, শক্ত্যৈ, (শাক্র্যৈ), জয়াবত্যৈ, ব্রহ্ম্যৈ, জয়ন্ত্যৈ, অপরাজিতায়ৈ, অজিতায়ৈ, মানস্যৈ, শ্বেতায়ৈ, দিত্যৈ, মায়ায়ৈ, মহামায়ায়ৈ, মোহিন্যৈ, লালসায়ৈ, তীব্রায়ৈ, বিমলায়ৈ, গৌর্য্যৈ, মত্যৈ, দুর্গায়ৈ, ক্রিয়ায়ৈ, অরুন্ধত্যৈ ঘণ্টায়ৈ, কর্ণায়ৈ, সকর্ণায়ৈ, কপালিন্যৈ, রৌদ্র্যৈ, কাল্যৈ, ময়ূর্য্যৈ, ত্রিনেত্রায়ৈ, সুরূপায়ৈ, বহুরূপায়ৈ, রিপুহায়ৈ, অম্বিকায়ৈ, চর্চ্চিকায়ৈ, সুরপূজিতায়ৈ, বৈবস্বত্যৈ, কৌমার্য্যৈ, মাহেশ্বর্য্যৈ, বৈষ্ণব্যৈ, মহালক্ষ্ম্যৈ, কার্ত্তিক্যৈ, কৌশিক্যৈ, শিবদূত্যৈ, শিবায়ৈ, চামুণ্ডায়ৈ, ব্রাহ্ম্যৈ, মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, নারসিংহ্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ” ইহাদের প্রত্যেকের আদিতে “হ্রীঁ ওঁ” ও অন্তে “নমঃ” যোগে বলিপ্রদান করিবেন পরে পুনর্ব্বার মাষভক্ত বলি গ্রহণ করিয়া “ওঁ লোকপাল গ্রহনক্ষত্র সুরাসুর-

গন্ধর্ব্ব-যক্ষ-রাক্ষস-বিদ্যাধর-গরুড়-মহোরগ-কিন্নর-গজেন্দ্র-দেবতাপ্সরো-ভূত-পিশাচ ক্রব্যাদ-মনুষ্য-মাতৃগণ-যোগিনী-ডাকিনী-শাকিনীগণা ইমং নানাদ্রব্যবলিং গৃহ্ণন্তু স্বাহা। ওঁ লোকাপালাদিভ্যো নমঃ" মন্ত্রে বলিদান করত পুনরপি বলিগ্রহণ করিয়া "ওঁ শিবাঃ কঙ্কাল বেতালাঃ পূতনা জম্ভকাদয়ঃ॥ তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু বলিদানেন তোষিতাঃ। ওঁ শিবাদিভ্যো নমঃ।" এই মন্ত্রে বলিপ্রদান করিবেন।

সন্ধিপূজা [১]

যথাসময়ে স্বস্তিবাচনাদি করিয়া গণেশাদিদেবতাগণের পূজা করত মাতৃকান্যাসাদি করিয়া দেবীর চামুণ্ডামূর্ত্তি ধ্যানপূর্ব্বক ষোড়শোপচারে পূজা করিয়া চতুঃষষ্টি যোগিনীর পূজাপূর্ব্বক নবমীক্ষণে বলিদান করিবেন, পরে পুষ্পাঞ্জলি প্রদান করিবেন।

অতঃপর অষ্টোত্তরশতসংখ্যক দীপদান করিবেন। যথা—"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীদুর্গাপ্রীতিকামঃ এতান্ অষ্টোত্তর-শত-সংখ্যক-প্রজ্বলিত-দীপান্ শ্রীচামুণ্ডারূপায়ৈ দুর্গায়ৈ তুভ্যমহঃ সম্প্রদদে" এইরূপ বাক্য করত দীপমালা উৎসর্গ করিয়া যথাশক্তি জপ করিয়া প্রণাম করিবেন।

মহানবমী-পূজা

কৃতনিত্যক্রিয় যজমান যথাসময়ে আসনোপবিষ্ট হইয়া আচমন করত মাষভক্তবলিদান ও ভূতশুদ্ধ্যাদি করিয়া অষ্টমীর ন্যায় স্নানাদি ষোড়শোপচার ক্রমে পূজা ও আবরণ দেবতার পূজাপূর্ব্বক যথাবিধি বলিদান করিবেন।

পরে যথাবিধি হোম করিয়া প্রার্থনা করিবেন যথা—"ওঁ যজ্ঞচ্ছিদ্রং তপশ্ছিদ্রং যচ্ছিদ্রং পূজনে মম। সর্ব্বং তদচ্ছিদ্রমস্তু ভাস্করস্য প্রসাদতঃ। ওঁ যদ্দত্তং ভক্তিমন্ত্রেণ পত্রং পুষ্পং ফলং জলং। আবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্গৃহাণানুকম্পয়া। যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ। ক্ষন্তুমর্হসি তদ্দেবি কস্য ন স্খলিতং নমঃ।" পরে তিল কুশ জল গ্রহণ করিয়া দক্ষিণান্ত করিবেন যথা,—"অদ্যেত্যাদি—শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীভবদ্দুর্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে।

বিজয়াদশমী-কৃত্য

নিত্যক্রিয়াদি সমাপনান্তে শুদ্ধাসনে উপবেশন করিয়া আচমনপূর্ব্বক স্বস্তিবাচনাদি ভূতশুদ্ধি পর্য্যন্ত করিয়া পাদ্যাদি উপচার দ্বারা দেবীর পূজা করিয়া স্তুতি পাঠ করিবেন, পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন।

১। দেবীপুরাণোক্ত দুর্গাপূজাপদ্ধতিতে সন্ধিপূজায় "কালী করালবদনা" ইত্যাদি ধ্যান ও "হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ" বলিয়া পূজার ব্যবস্থা না থাকিলেও বহুদেশে এই ধ্যান এবং ঐ মন্ত্রে পূজার প্রথা চলিত আছে বলিয়া টিপ্পনীতে লিখিত হইল।

ওঁ কালী করলবদনা বিনিষ্ক্রান্তাসি পাশিনী। বিচিত্রখট্বাঙ্গধরা নরমালাবিভূষণা দ্বীপিচর্ম্মপরীধানা শুষ্কমাংসাতিভৈরবা। অতিবিস্তারবদনা জিহ্বাললনভীষণা। নিমগ্নারক্তনয়না নাদাপূরিতদিঙ্মুখা। এই ধ্যান করিয়া "ওঁ হ্রীং চামুণ্ডারূপায়ৈ দুর্গায়ৈ নমঃ" বলিয়া পূজা করিবেন।

"ওঁ বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদর্চ্চিতম্। পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥"

অতঃপর ঘটে হস্ত প্রদান করত "ওঁ হ্রীং দুর্গে দেবী ক্ষমস্ব" বলিয়া ঘট চালিত করিবেন॥ পরে "ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ" বলিয়া নির্ম্মাল্যবাসিনীর পূজা করিয়া সংহারমুদ্রাযোগে নির্ম্মাল্য আনয়ন করত ঈশানে ত্রিকোণমণ্ডলোপরি স্থাপন করিয়া "ওঁ উচ্ছিষ্টচাণ্ডালিন্যৈ নমঃ" (চণ্ডেশ্বর্য্যৈ নমঃ) বলিয়া তদুপরি পূজা করিবেন। অতঃপর দেবীর আসন ধরিয়া পাঠ করিবেন। যথা—

"ওঁ উত্তিষ্ঠ দেবী চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুষ্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। ব্রজ স্রোতোজলে বৃদ্ধ্যৈ তিষ্ঠ গেহে চ ভূতয়ে। ওঁ দুর্গে দেবি জগন্মাতঃ স্বস্থানং গচ্ছ পূজিতে। সম্বৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ। ইমাং পূজাং মহাদেবি ময়া ভক্ত্যা নিবেদিতাং। রক্ষার্থন্তু সমাদায় ব্রজ স্বস্থানমুত্তমং। ওঁ যথাশক্তি কৃতা পূজা সমস্তা শঙ্করপ্রিয়ে। গচ্ছন্তু দেবতাঃ সর্ব্বা দত্ত্বা তু বাঞ্ছিতং বরম্॥ কৈলাসশিখরে রম্যে সংস্থিতা ভব সন্নিধৌ। পূজিতাসি ময়া ভক্ত্যা নবদুর্গে সুরার্চ্চিতে॥ তাং প্রগৃহ্য বরং দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥ ওঁ যন্ময়োপহৃতং কিঞ্চিৎ বস্ত্রাগন্ধানুলেপনম্। তৎসর্ব্বমুপভুজ্য ত্বং গচ্ছ দেবি যথাসুখম্॥ ওঁ রাজ্যং শূন্যং গৃহং শূন্যং সর্ব্বশূন্যা দরিদ্রতা। ত্বাম্নতে ভগবত্যম্ব কিং করোমি বদস্ব তৎ॥" পরে "ওঁ পূজিতদেবতাঃ ক্ষমধ্বং" বলিয়া বিসর্জ্জন করিবেন।

অনন্তর "ওঁ নিমজ্জাম্ভসি দেবি ত্বং" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া জলমধ্যে বিসর্জ্জন করিবেন। প্রচলিত প্রথানুসারে মৃৎপাত্রস্থ জলে দর্পণ বিসর্জ্জনও করিতে পারেন।

পরে কুলাচার অনুসারে অপরাজিতা পূজা করিবেন। অনন্তর শান্তি আশীর্ব্বাদ করিয়া প্রশস্তিবন্দন ও অচ্ছিদ্রাবধারণ এবং বৈগুণ্য সমাধান করিবেন॥

কালিকাপুরাণোক্ত-দুর্গাপূজা

নবম্যাদিকল্পারম্ভ

কল্পারম্ভদিনে কর্ত্তা নিত্যকর্ত্তব্য সন্ধ্যাবন্দনাদি সমাপন করত শুদ্ধাসনে উপবেশন পূর্ব্বক বিষ্ণুস্মরণ করিয়া পুণ্যাহাদি বাচন করিবেন। পরে তিল কুশ ফল ও জলপূর্ণ তাম্রপাত্র গ্রহণ করিয়া সঙ্কল্প করিবেন যথা—"বিষ্ণুরোম্ তৎ সৎ অদ্যাশ্বিনে মাসি কৃষ্ণে পক্ষে নবম্যান্তিথাবারভ্য মহানবমীং যাবৎ (শুক্লদশমীং যাবৎ) প্রত্যহমমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অতুলবিভূতিকামঃ সম্বৎসরসুখকামো বা বার্ষিকশরৎকালীনসপরিবার-শ্রীভগবদ্দুর্গামহাপূজাকর্ম্মাহং করিষ্যে" (পরার্থে "করিষ্যামি") এইরূপ সঙ্কল্প করিয়া সূক্ত

পাঠ করত পূজক ও তন্ত্রধারক বরণ করিবেন এবং প্রত্যহ যথাশক্তি উপচারে দেবীর পূজা করিবেন। প্রতিপদাদি কল্পারম্ভপক্ষে "শুক্লে পক্ষে প্রতিপদি তিথাবারভ্য" ইত্যাদি বলিতে হইবে এবং প্রতিপদাদি পঞ্চ তিথিতে নিম্নলিখিত দ্রব্যগুলি উৎসর্গ করিয়া দিতে হইবে যথা—প্রতিপদে গন্ধামলকদ্রব্য, কঙ্কতিকা (কাকুই-চিরণী), দ্বিতীয়ায় পট্টডোর, তৃতীয়ায় চরণ রাগার্থ অলক্তক, সিন্দূর, দর্পণ। চতুর্থীতে মধুপর্ক, রজততিলক, কজ্জল। পঞ্চমীতে অনুলেপনার্থ চন্দন। উৎসর্গবাক্য যথা—বিষ্ণুরোম্ তৎ সৎ অদ্যেত্যাদি শ্রীভবদ্দুর্গাপ্রীতিকামঃ ইদং কেশসংস্কারকদ্রব্যং (মূল মন্ত্র উচ্চারণ করিয়া) হ্রীং দুর্গায়ৈ দেব্যৈ তুভ্যমহং সম্প্রদদে।" এইরূপে অন্য তিথিতে অন্যান্য দ্রব্য উৎসর্গ করিবেন। ষষ্ঠ্যাদি কল্পারম্ভপক্ষে "শুক্লে পক্ষে ষষ্ঠ্যাস্তিথাবারভ্য" ইত্যাদি।

বোধন

কৃতনিত্যক্রিয় যজমান স্বস্তিবাচনপূর্ব্বক সংকল্প করিবেন। "বিষ্ণুরোঁ তৎসদ্-অদ্য আশ্বিনে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কর্ত্তব্যবার্ষিক-শরৎকালীন-দুর্গামহাপূজাকর্ম্মাঙ্গতয়া বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়া বোধনমহং করিষ্যে।" এইরূপ সঙ্কল্প করিয়া সূক্তপাঠ করিবেন।

পরে "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা। দেশা-দস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥" এই মন্ত্র পড়িয়া "এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ" বলিয়া উৎসর্গ করিবেন। পরে "ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহং। বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ॥" এই মন্ত্র পাঠ করিবেন।

তৎপরে আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, ঘটস্থাপনাদি করিয়া বিল্ববৃক্ষে দেবীকে আবাহন করত ঘটে গণপত্যাদিদেবতা পূজাপূর্ব্বক ঋষ্যাদিন্যাস, করন্যাস, অঙ্গন্যাস করিয়া "জটাজুট" ইত্যাদি ধ্যান করিয়া বিশেষার্ঘ্য স্থাপনপূর্ব্বক "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে দশোপচারে বা পঞ্চোপচারে পূজা করিবেন।

পরে বিল্ববৃক্ষের পূজা করিবেন। বিল্ববৃক্ষের ধ্যান "ওঁ চতুর্ভুজং বিল্ববৃক্ষং রজতাভং বৃষস্থিতম্। নানালঙ্কারসংযুক্তং জটামণ্ডলধারিণম্॥ বরাভয়করং দেবং খড়্গাখট্বাঙ্গ-ধারিণম্। ব্যাঘ্রচর্ম্মাম্বরধরং শশিমৌলিত্রিলোচনম্॥" এইরূপ ধ্যানান্তে "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" মন্ত্রে পূজা করিবেন। পরে বিল্ববৃক্ষের ঈশান-কোণস্থ শাখা ধারণপূর্ব্বক নিম্নমন্ত্র পাঠ করিতে হয়, "ওঁ ইষে মাস্যসিতে পক্ষে নবম্যামার্দ্রযোগতঃ। শ্রীবৃক্ষে বোধয়ামি ত্বাং যাবৎ পূজাং করোম্যহম্॥ ঐঁ রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্ত্বয়ি কৃতঃ পুর॥"

ষষ্ঠীতে বোধন হইলে "ঐঁ রাবণস্য বধার্থায়" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া নিম্ন লিখিত

মন্ত্রদ্বয় পাঠ করিবেন। "অহমপ্যাশ্বিনে ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়ামি বৈ। শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং রাজ্যং সুরালয়ে। তস্মাদহং ত্বাং প্রতিবোধামি বিভূতিরাজ্যপ্রতিপত্তি-হেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্তস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি॥" পরে "কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষস্পরি। এবা নো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ।" মন্ত্রে কাণ্ডচতুষ্টয় আরোপণ করিয়া "ওঁ সু-ত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিং। দৈবীং নাবং স্বরিত্রা-মনাগস-মস্রবন্তী-মারুহেমা স্বস্তয়ে।" মন্ত্রে সাতবার সূত্র বেষ্টন করিবেন। পরে অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

আমন্ত্রণ

সপ্তমীপূজার পূর্ব্বদিনে সায়ংকালে কর্ত্তা স্বস্তিবাচনাদি পূর্ব্বক সঙ্কল্প করিবেন, বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেত্যাদি শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ স্বঃকর্ত্তব্য-বার্ষিক-শরৎ-কালীন-শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণি, তদঙ্গতয়া বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়া আমন্ত্রণকর্ম্মাহং করিষ্যে" এইরূপ সঙ্কল্প করিয়া সূক্ত পাঠ করত দেবীর পূজা করিয়া পাদ্যাদি দ্বারা বিল্ববৃক্ষের পূজা সম্পাদন করিবেন। পরে "ওঁ মেরুমন্দারকৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ। ওঁ শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো। দুর্গাস্বরূপতঃ॥" এই মন্ত্রদ্বয় পাঠপূর্ব্বক আমন্ত্রণ করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবেন।

অধিবাস

বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্ত দুর্গাপূজার অধিবাসের সঙ্কল্পাদির ন্যায় সঙ্কল্পাদি কার্য্য সম্পাদন করিয়া যথাবিধি অধিবাস সমাপনান্তে গীতবাদ্য দ্বারা দেবীকে আপ্যায়িত করিয়া রক্ষার্থ অস্ত্র (খড়্গ) স্থাপন করিবেন। পরে দক্ষিণা দিয়া, অচ্ছিদ্রাধারণ করিবেন।

সপ্তমী-পূজা

সপ্তমীতে নিত্যক্রিয়া সমাধা করত স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবেন। যথা—

"বিষ্ণুরোঁ তৎসদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যাং তিথাবারভ্য মহানবমীং (শুক্ল-দশমীং) যাবৎ প্রত্যহম্ অমুকগোত্রঃ সদারাপত্যঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অন্যের কর্ত্তব্য পূজা হইলে অমুকগোত্রস্য সদারাপত্যস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ) জীববদেতৎস্থূলশরীরাবিরোধেন বিপুলধনধান্যসুতান্বিতত্বকামঃ (শ্রীদুর্গাপ্রীতি কামো বা) বার্ষিকশরৎকালীন শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাকর্ম্মাহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)।

পরে বিল্ববৃক্ষ-সমীপে গমন করিয়া "এতৎ পাদ্যং ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা করিয়া কৃতাঞ্জলিপূর্ব্বক পাঠ করিবেন।

ওঁ মেরুমন্দারকৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ॥ জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা-প্রিয়ঃ॥ ওঁ শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো

দুর্গাস্বরূপতঃ ॥ ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গা-পূজাং করোম্যহম্ ॥ ওঁ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা ত্বৎশাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ ॥

পরে—"ওঁ ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ স্বাহা" এই মন্ত্রে বায়ুকোণ ও নৈর্ঋতকোণ ভিন্ন দিক্ হইতে ফলযুগলশালিনী শাখা ছেদন করিয়া পাঠ করিবেন—"ওঁ পুত্রায়ুর্নবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকাপ্রিয়াম্। বিল্বশাখাং সমাশ্রিত্য লক্ষ্মীং রাজ্য প্রযচ্ছ মে ॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে।" এই মন্ত্র পাঠ করিয়া বাদ্যোদ্যম সহকারে বিল্বশাখানয়ন করিয়া পূর্ব্ববৎ নবপত্রিকা বন্ধনাদি সমস্ত কার্য্য করিবেন। পরে নদ্যাদিতে নবপত্রিকা লইয়া সঙ্কল্প করিবেন "বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সপ্তজন্মকৃত-পাপমোচন কামঃ (শ্রীদুর্গাপ্রীতিকামো বা) শ্রীদুর্গামহং স্নাপয়িষ্যে" এইরূপ সঙ্কল্প করিয়া —দেবীপুরাণোক্ত পদ্ধতি-অনুসারে স্নান করাইবেন।

পরে "ওঁ ভূতেভ্যো নমঃ।" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা ভূতগণের অর্চ্চনা করিয়া মাষভক্তবলি গ্রহণপূর্ব্বক "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তং বলিমেতং প্রসাধিতম্। পূজিতা গন্ধপুষ্পা—দ্যৈর্ব্বলিভিস্তপিতাস্তথা। দেশা-দস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্ত মৎকৃতাম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ।" এই বলিয়া বলিদান করিবেন।

তৎপরে লাজ, চন্দন, শ্বেতসর্ষপ, দূর্ব্বা, কুশ, আতপতণ্ডুল গ্রহণ করিয়া "ফট্" এই মন্ত্রে সাত বার অভিমন্ত্রিত করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করত ভূমিতে ছড়াইয়া দিয়া ভূতা-পসারণ করিবেন। মন্ত্র যথা—

"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্ ॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ ॥" পরে নবপত্রিকাকে দ্বারদেশে আনয়ন করত "ওঁ বিল্বশাখা-বাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ।" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া দেবীরূপ ধ্যান করিয়া দূর্ব্বাক্ষত লইয়া দেবীর মস্তকে দিয়া নির্ম্মঞ্ছন সেবা আরাত্রিকাদি) করিবেন।

তৎপরে দেবীর আসন ধরিয়া—"ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় দুর্গে পূজালয়ং প্রবিশ। ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। মেনানন্দকরে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে। ওঁ আগচ্ছ মদ্‌গৃহে দেবি সর্ব্বসম্পাত্তিহেতবে। বলিং পূজাং যথাশক্তি গৃহাণ দাক্ষি চণ্ডিকে। আগচ্ছ মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে। ত্বং পরা পরমা শক্তিস্ত্বমেব হরবল্লভা। ত্রৈলোক্যোদ্ধার-হেতুস্ত্বমবতীর্ণা যুগে যুগে।"

এই মন্ত্র পাঠ করিয়া দেবীকে পীঠোপরি স্থাপন করিবেন। পরে "ওঁ ঐং হ্রাং হ্রীং

স্থাং স্থীং ত্বমম্বিকে স্থিরা ভব।" এই মন্ত্রে স্থিরীকরণপূর্ব্বক তদ্দক্ষিণে নবপত্রিকা স্থাপন করিয়া কুশাগ্রে কজ্জল লইয়া প্রতিমার চক্ষুর্দ্দান করিবেন।

প্রথমতঃ দুর্গার উর্দ্ধনেত্রে পরে বামনেত্রে তৎপরে দক্ষিণনেত্রে চক্ষুর্দ্দান। মন্ত্র যথা—ওঁ কয়া নশ্চিত্র আ ভুব দূতী সদাবৃধঃ সখা কয়া শচিষ্ঠয়া বৃতা। (উর্দ্ধনেত্রে)। "ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আ প্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ। (দক্ষিণ-নেত্রে)॥ ওঁ আপ্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে। (বামনেত্রে)। অষ্টদলপদ্ম বা সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিয়া স্ব স্ব বেদোক্ত মন্ত্রে ঘট স্থাপন করিবেন।

পরে অঙ্কুশ-মুদ্রা দ্বারা তীর্থাবাহন করিবেন ; মন্ত্র যথা—"ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদাস্তথা (হ্রদাঃ)। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥ ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি পাঠ করিবেন।

পরে গজ, অশ্ব, রথ্যা, বল্মীক, নদীসঙ্গম, হ্রদ, গোকুল এই সপ্তস্থান হইতে আহৃত সপ্তবিধ মৃত্তিকা, সর্ব্বৌষধি, ফল, গন্ধ, পুষ্প, দূর্ব্বা ও অক্ষত লইয়া "নমঃ" মন্ত্রে ঘটে নিক্ষেপ করিবেন। পরে ("ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা") এই দশাক্ষর দুর্গামন্ত্র দশবার জপ করিবেন। পরে "হাং হীং হূং ফট্" এই মন্ত্রে পুষ্প নৈবেদ্যাদি দর্শন করিয়া সামান্যার্ঘ্য স্থাপন করত "ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ, ওঁ বাস্তুপুরুষায় নমঃ, ওঁ ব্রহ্মণে নমঃ, বলিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া সামান্যকাণ্ডোক্ত ভূতশুদ্ধি মাতৃকান্যাসাদি সম্পাদন করত প্রণায়াম করিয়া ঋষ্যাদিন্যাস করিবেন, যথা—

"অস্য মন্ত্রস্য নারদ ঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গাদেবতা চতুর্ব্বর্গসিদ্ধয়ে বিনিয়োগঃ।" শিরসি—"ওঁ নারদায় ঋষয়ে নমঃ।" মুখে—"গায়ত্রীচ্ছন্দসে নমঃ," হৃদি—"শ্রীদুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ।" পরে পীঠন্যাস করিবেন যথা, হৃদয়ে—"ওঁ আধারশক্তয়ে নমঃ," এবং "প্রকৃত্যৈ, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়, দক্ষিণস্কন্ধে—"ধর্ম্মায়," বামস্কন্ধে "জ্ঞানায়" বামউরুতে "বৈরাগ্যায়," দক্ষিণউরুতে "ঐশ্বর্য্যায়," মুখে "অধর্ম্মায়," বামপার্শ্বে "অজ্ঞানায়," নাভিতে "অবৈরাগ্যায়," দক্ষিণপার্শ্বে "অনৈশ্বর্য্যায়," পুনঃ হৃদয়ে—"অনন্তায়, পদ্মায়, অং সূর্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে" হৃৎপদ্মে পূর্ব্বাদিকেশরে ও মধ্যে—আং প্রভায়ৈ, ঈং মায়ায়ৈ, উং জয়ায়ৈ এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওঁ নন্দিন্যৈ, ঔং সুপ্রভায়ৈ অং বিজয়ায়ৈ, অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ" পুনর্ম্মধ্যে "ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্" এই সকলের আদিতে "ওঁ" ও অন্তে "নমঃ," শব্দ যোগ করিয়া ন্যাস করিবেন, এইরূপ নিয়মে পীঠপূজা করিতে হয়। পরে করন্যাস করিবেন, যথা—"ওঁ দুর্গে অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ,-

ওঁ দুর্গে তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ দুর্গোয়ৈ মধ্যমাভ্যাং বষট্, ওঁ ভূতরক্ষণি অনামিকাভ্যাং হুঁ, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।" এই প্রকারে অঙ্গন্যাস করিবেন। পরে দেবীর ধ্যান করিবেন। (২২৪ পৃষ্ঠা দেখুন)।

ধ্যানান্তে বিশেষার্ঘ্য স্থাপনপূর্ব্বক ঈশান-কোণ গণেশঘট স্থাপন করত তদুপরি পাদ্যাদিদ্বারা গণেশের পূজা করিয়া নিম্নোক্ত মন্ত্রে প্রণাম করিবেন। মন্ত্র—"ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ॥ দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়।" পরে সূর্য্য, শিব, নারায়ণ, জয়দুর্গা, ব্রহ্মা ও নবগ্রহ এই সকলের পূজা করিয়া পীঠন্যাসক্রমে পীঠপূজা করিবেন, পরে আবাহন করিবেন ; যথা—ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে স্বকীয়গণ-সহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" এই বলিয়া আবাহন, সংস্থাপন, সন্নিধাপন, সন্নিরোধন, ও সম্মুখীকরণ মুদ্রা প্রদর্শনপূর্ব্বক মূলমন্ত্রে ষড়ঙ্গ বিন্যাস করিয়া প্রতিমা এবং পত্রিকাতে হস্তার্পণ করিয়া পাঠ করিবেন—

"ওঁ আগচ্ছ মদ্গৃহে দেবি অষ্টাভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণকারিণি॥ ওঁ এহেহি ভগবত্যম্ব শত্রুক্ষয়জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগান্ গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পবিনাশিনি॥ ওঁ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাসুরনিকৃন্তনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ যে দেবা যাশ্চ দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি যে। আবাহয়ামি তান্ সর্ব্বাংশ্চণ্ডিকে পরমেশ্বরি॥ ওঁ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাত্ত্বং হি দেবি জগৎপ্রিয়ে॥ ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। মেনানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ আবহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ। আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥ ওঁ স্থাপিতাসি ময়া দেবি পূজয়ে ত্বাং প্রসীদ মে। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ যজ্ঞে সুরেশ্বরি॥ ওঁ দেবি ত্বং জগতাং মাতঃ সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়॥ ওঁ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখাভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ নমোঽস্তু তে। ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ ওঁ চণ্ডি ত্বং চণ্ডরূপাসি সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥"

তৎপরে দেবীর হৃদয়ে হস্ত দিয়া পাঠ করিবেন। যথা—ওঁ হংসঃ শুচি সদ্বসুরন্ত-

রিক্ষসদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসন্নৃযদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং (বৃহৎ)॥ ওঁ প্র তদ্বিষ্ণুস্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরোগিরিষ্ঠাঃ। যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধি ক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ। ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে॥ ওঁ ভূর্ভুবঃ স্বঃ (গায়ত্রী)॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্ উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মা মৃতাৎ।" অনন্তর প্রাণপ্রতিষ্ঠা করিবেন। (২০০ পৃঃ)

তৎপরে পূর্ব্বোক্তভাবে দেবীর শরীরে করন্যাস, অঙ্গন্যাস, মাতৃকান্যাস করিয়া "হ্রীং" কার দ্বারা সন্নিরোধ করত মূলমন্ত্রে মস্তক, হৃদয়, মূলাধার, পাদপদ্ম ও সর্ব্বাঙ্গে পঞ্চ পুষ্পাঞ্জলি দিবেন। এইরূপ গণেশাদিরও প্রাণপ্রতিষ্ঠা করিবেন। তৎপরে পুনর্ধ্যান করিয়া ঘটে প্রতিমায় ও নবপত্রিকাতে দেবীর ষোড়শোপচারে পূজা করিবেন। যথা—

আসন অর্চ্চনা ১ করিয়া—"ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি চণ্ডিকে পরমেশ্বরি। ভজস্ব জগতাং মাতঃ স্থানং মে দেহি চণ্ডিকে॥ ইদমাসনমুত্তানাঙ্গিরোদৈবতং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ নমঃ।" ২ এইরূপ পাদ্য—"ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ইদং পাদ্যং বরুণদৈবতং।"

পরে গন্ধপুষ্পাক্ষত জবাপুষ্প কুশাগ্র দূর্ব্বা বিল্বপত্র সহিত অর্ঘ্য শঙ্খে লইয়া "ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথাপরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ ইদমর্ঘ্যং (সামবেদীতর পক্ষে—"এষোঽর্ঘঃ") বিষ্ণুদৈবতম্।" আচমনীয়—(জাতীফল, লবঙ্গ, কক্কোলচূর্ণযুক্ত আচমনীয় লইয়া) "ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্। এতদাচমনীয়ং বরুণদৈবতম্॥" কাংস্যপাত্রে মধুপর্ক লইয়া—"ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ এষ মধুপর্কঃ বিষ্ণুদৈবতঃ।" চন্দনসহিত শীতলজল লইয়া—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোরমম্। স্নানার্থন্তে ময়া ভক্ত্যা কল্পিতং দেবি গৃহ্যতাম্॥" বস্ত্র লইয়া—"ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্টসূত্রাদিনির্ম্মিতম্। বাসো দেবি সুশুক্লঞ্চ গৃহাণ পরমেশ্বরি॥ ইদং বস্ত্রং বৃহস্পতিদৈবতং॥" পুনরাচমনীয় লইয়া—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥" অলঙ্কার—"ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি॥ ইদমলঙ্করণং বিষ্ণুদৈবতং।" ৩ শঙ্খ—"ওঁ শঙ্খশ্চ সাগরোৎপন্নো নানাবর্ণবিভূষিতঃ। ময়া

১। আসনাদির অর্চ্চনায় সর্ব্বত্র "বং" বীজ।

২। উপচারদানে অর্ঘ্যে "স্বাহা" আচমনীয় ও মধুপর্কে "স্বধা" পুষ্পে "বৌষট" স্নানীয়জলে 'নিবেদয়ামি' অন্যত্র "নম" শব্দপ্রয়োগ তান্ত্রিক পূজায় শাস্ত্রসঙ্গত।

৩। সকল দ্রব্যই "বিষ্ণুদৈবতং" বলিয়াও উৎসর্গ করা যায়।

নিবিদিতো ভক্ত্যা শঙ্খোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥" চন্দন-অগুরু কর্পূর-কস্তূরীমিশ্রিত গন্ধ—"ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্"। পুষ্প—"ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্ম্মিতং। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাং ॥" ধূপ—"ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ এষ ধূপঃ বিষ্ণুদৈবতঃ ॥" দীপ—"ওঁ অগ্নিজ্যোতী রবিজ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ এষ দীপঃ অগ্নিদৈবতঃ ॥" অঞ্জন—ওঁ নমস্তে সর্ব্বগে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং দিব্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্। এতদঞ্জনমগ্নিদৈবতম্।" ফলমূল—"ফলমূলানি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানাবিধিসুগন্ধীনি গৃহ্ণ দেবি মমাচিরম্ ॥ এতৎ ফলমূলং বনস্পতিদৈবতম্ ॥ নৈবেদ্য—"ওঁ আমান্নমুত্তমং দেবি মধুসর্পিঃসমন্বিতম্। নিবেদিতং ময়া ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি ॥ এতৎ প্রজাপতিদৈবতমামান্ননৈবেদ্যম্ ॥" সিদ্ধান্নব্যঞ্জন—"ওঁ অন্নং চতুর্ব্বিধং স্বাদু রসৈঃ ষড়্‌ভিঃ সমন্বিতং। উত্তমং প্রাণদং চৈব গৃহাণ মম ভাবতঃ ॥" পরমান্ন—"ওঁ গব্যসর্পিঃপয়োযুক্তং নানামধুরসংযুতং। ময়া নিবেদিতং ভক্ত্যা পায়সং প্রতিগৃহ্যতাং ॥" পিষ্টক—ওঁ অমৃতৈরচিতং দিব্যং নানারূপবিনির্ম্মিতং। পিষ্টকং বিবিধং দেবি গৃহাণ মম ভাবতঃ ॥" মোদক—"ওঁ মোদকং স্বাদু সংযুক্তং শর্করাদিবিনির্ম্মিতং। সুরসং মধুরং ভোজ্যং দেবি তৎ প্রতিগৃহ্যতাং ॥" পূর্ব্ববদাচমনীয় নিবেদন করিবেন। তাম্বূল—"ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাম্।" অষ্টোত্তরশতদূর্ব্বা—"ওঁ নমস্তে সর্ব্বগে দেবি নমস্তে সুখমোক্ষদে; দূর্ব্বাং গৃহাণ দেবি ত্বং মাং নিস্তারয় সর্ব্বতঃ ॥" শ্রীফলপত্রমাল্য—"ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেবপ্রিয়ং সদা। পবিত্রন্তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি।" মাল্য—"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিত। শ্রীযুক্তা শোভনং মাল্যং গৃহাণ পরমেশ্বরি ॥" পরে—"ওঁ চণ্ডিকায়ৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ ॥" এই মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় ও সিন্দূরতিলক দিবেন, পরে দর্পণ দর্শন করাইয়া চামরব্যজন করিবেন ও ঘণ্টাদি নানাবাদ্য করিবেন।

আবরণপূজা।—অগ্ন্যাদি চতুষ্কোণে "ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ, "ওঁ দুর্গে শিরসে স্বাহা, ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বষট্, ওঁ ভূতরক্ষণি কবচায় হুং।" দেবী সম্মুখে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রায়ায় বৌষট্।" চতুর্দ্দিকে "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি অস্ত্রায় ফট্ ॥"

নবপত্রিকা-পূজা।—"ওঁ রম্ভাধিষ্ঠাত্রি ব্রহ্মাণি ইহাগচ্ছ ইহাগচ্ছ"—ইত্যাদি-রূপ আবাহন করিয়া—"ওঁ রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ।" এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা পূজা করিয়া—"ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোঽস্তু তে ॥ এইক্রমে কচ্বাধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ। ওঁ মহিষাসুরযুদ্ধেষু কচ্বীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে ॥ ওঁ হরিদ্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ

নমঃ। ওঁ হরিদ্রে বরদে দেবি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ওঁ জয়ন্ত্যধিষ্ঠাত্র্যৈ কার্ত্তিক্যৈ নমঃ॥ ওঁ নিশুম্ভশুম্ভমথনে সেন্দ্রৈর্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্বমস্মাকং বরদা ভব॥ ওঁ বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ॥ ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষো বিল্বরূপ নমোঽস্তু তে। ওঁ দাড়িম্যধিষ্ঠাত্র্যৈ রক্তদন্তিকায়ৈ নমঃ। ওঁ দাড়িমি ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাদস্মাকং বরদা ভব॥ ওঁ অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ॥ ওঁ হরপ্রীতিকরো বৃক্ষোঽশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু॥ ওঁ মানাধিষ্ঠাত্র্যৈ চামুণ্ডায়ৈ নমঃ। ওঁ যস্য পত্রে বসেদ্দেবী মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে। ওঁ ধান্যাধিষ্ঠাত্র্যৈ মহালক্ষ্ম্যৈ নমঃ॥ ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা॥ ওঁ নবপত্রিকাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ॥ ওঁ পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেব-মনোরমে॥ পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥"

এই সময়ে গণেশের পূজা করিয়া নারায়ণের পূজা করিবেন। নারায়ণের ধ্যান যথা—"ওঁ শঙ্খচক্রগদাপদ্মধরং কমললোচনম্। শুদ্ধস্ফটিকসঙ্কাশং ক্বচিন্নীলাম্বুজচ্ছবিম্॥ গরুড়োপরি চ ধ্যায়েৎ শুক্লপদ্মাসনং হরিম্। শ্রীবৎসবক্ষসং শান্তং বনমালাধরং পরম্। কেয়ূরকুণ্ডলধরং কিরীটমুকুটোজ্জ্বলম্। লক্ষ্মীসরস্বতীকান্তং সূর্য্যমণ্ডলমধ্যগম্॥"

পরে লক্ষ্মী, সরস্বতী, কার্ত্তিকেয়, শিব, সিংহ, অসুর, মূষিক ইহাদিগের যথাশক্তি উপচারে পূজা করিবেন। যথা—লক্ষ্মীর ধ্যান—"ওঁ কান্ত্যা কাঞ্চনসন্নিভাং হিমগিরিপ্রখ্যৈশ্চতুর্ভির্গজৈঃ, হস্তোৎক্ষিপ্তহিরণ্ময়ামৃতঘটৈরাসিচ্যমানাং শ্রিয়ম্। বিভ্রাণাং বরমব্জযুগ্মমভয়ং হস্তৈঃ কিরীটোজ্জ্বলাং, ক্ষৌমাবদ্ধনিতম্ববিম্বললিতাং বন্দেঽরবিন্দস্থিতাম্॥" ধ্যানান্তে পূজা করিয়া স্তব পাঠ করিবেন যথা—"ওঁ ধনং ধান্যং ধরাং হর্ম্ম্যং কীর্ত্তিমায়ুর্যশঃ শ্রিয়ম্। তুরগান্ দন্তিপুত্রাংশ্চ মহালক্ষ্মি প্রযচ্ছ মে॥"

সরস্বতীর ধ্যান—"ওঁ বাণীং পূর্ণনিশাকরোজ্জ্বলমুখীং কর্পূরকুন্দপ্রভাং, চন্দ্রার্দ্ধাঙ্কিতমস্তকাং নিজকরৈঃ সংবিভ্রতীমাদরাৎ। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্দেবতামাশ্রয়ে॥" ধ্যানান্তে পূজা করিয়া স্তব পাঠ করিবেন; যথা—ওঁ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ। বেদবেদান্তবেদাঙ্গবিদ্যাস্থানেভ্য এব চ।"

কার্ত্তিকেয়ের ধ্যান—"ওঁ শম্ভোর্নন্দনমগ্নিবর্চ্চসমুদারাদ্রীন্দ্রপুত্রীসুতং, শান্তং শক্তিধরং ষড়াননমলঙ্কারৈরলঙ্কারিতম্। ভাসা নির্জ্জিতহেমকুঙ্কুম-গন্ধোদ্গোরোচনাশোণজং, ধ্যায়েদ্দৈত্যকুলার্দ্দিনং সুরস্তুতং তং কার্ত্তিকেয়ং মহঃ॥" ধ্যানান্তে পূজা করিয়া স্তব পাঠ করিবেন। যথা—"ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরীহৃদয়নন্দন। কুমার রক্ষ মাং দেব দৈত্যার্দ্দিন নমোঽস্তু তে॥"

পরে সিংহের পূজা করিয়া স্তুতি পাঠ করিবেন, যথা—"ওঁ সিংহ ত্বং সর্ব্বজন্তূনাম-ধিপোঽসি মহাবল। পার্ব্বতীবাহন শ্রীমন্ বরং দেহি নমোঽস্তু তে।"

তৎপরে মহিষাসুরের পূজা করিয়া স্তবপাঠ করিবেন, যথা—"ওঁ মহিষাসুর মহাবীর সর্ব্বারিষ্টবিনাশন। দেবগৃহেঽর্চ্চিতো ভক্ত্যা পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥"

লোকপালপূজা। কেশরের অষ্টদিকে পূজা করিবেন। পূর্ব্বে—"ওঁ লাং ইন্দ্রায় সবজ্রায় সবাহনায় সপরিবারায় নমঃ। অগ্নিকোণে—ওঁ রাং বহ্নয়ে সশক্তয়ে সবাহনায় সপরিবারায় নমঃ। দক্ষিণে—ওঁ যাং যমায় সদণ্ডায় সবাহনায় সপরিবারায় নমঃ; নৈর্ঋত-কোণে—ওঁ ক্ষাং নৈর্ঋতায় সখড়্গায় সবাহনায় সপরিবারায় নমঃ। পশ্চিমে—ওঁ বাং বরুণায় সপাশায় সবাহনায় সপরিবারায় নমঃ। বায়ুকোণে—ওঁ বাং বায়বে সাঙ্কুশায় সবাহনায় সপরিবারায় নমঃ। উত্তরে—ওঁ কাং কুবেরায় সগদায় সবাহনায় সপরিবারায় নমঃ। ঈশানকোণে—ওঁ হাং ঈশানায় সশূলায় সবাহনায় সপরিবারায় নমঃ। নৈর্ঋত-পশ্চিমদিকের মধ্যে—ওঁ হ্রীং অনন্তায় সচক্রায় সবাহনায় সপরিবারায় নমঃ। পূর্ব্ব ও ঈশানকোণের মধ্যে—ওঁ আং ব্রহ্মণে সপদ্মায় সবাহনায় সপরিবারায় নমঃ॥

পরে বলিদান করিয়া পুষ্পাঞ্জলি-দান-মন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান করত "দুর্গাং শিবাং" ইত্যাদি প্রদক্ষিণ স্তোত্র পাঠ করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করত "গুহ্যাতি" মন্ত্রে সমর্পণ করিয়া "ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥" এই মন্ত্রে প্রণাম করিবেন।

মহাষ্টমী-পূজা

কৃতনিত্যক্রিয় যজমান স্বস্তিবাচনপূর্ব্বক পূর্ব্ববদাসন-শুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, প্রাণায়াম, পীঠন্যাস করিয়া দর্পণপ্রতিবিম্বে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া "ওঁ আয়ুর্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশু বহূনি চ। ব্রহ্মপ্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো ধেহি বনস্পতে॥" এই মন্ত্রে দন্তকাষ্ঠ নিবেদন করত পূর্ব্ববৎ স্নানাদি[১] সম্পাদনপূর্ব্বক গণেশ, সূর্য্য, মহেশ, বিষ্ণু, গৌরী, ব্রহ্মা, নবগ্রহ, পীঠদেবতা, কার্ত্তিকেয়, মহালক্ষ্মী, সরস্বতী, জয়া, বিজয়া, অসুর, সিংহ ইহাদের পূজা করিয়া দেবীর ধ্যানপূর্ব্বক ষড়ঙ্গ বিন্যাস করিয়া ষোড়শোপচারে সপ্তমুক্ত বিধানে দেবীর পূজা করত নবপত্রিকা পূজা শেষ করিয়া আবরণ পূজা করিবেন।

অঙ্গাবরণপূজা।—অগ্ন্যাদিকোণে কেশরে—"ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ। ওঁ দুর্গে শিরসে স্বাহা। ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বষট্। ওঁ ভূতরক্ষণি কবচায় হুং।" দেবীসম্মুখে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্" চতুর্দ্দিকে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা অস্ত্রায় ফট্॥" অষ্টদলপদ্মমূলে—"ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডে "ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি উগ্রচণ্ডার

১। স্নানের বিধি সমস্তই সপ্তমীবৎ কেবল সঙ্কল্পে—"সপ্তজন্মকৃতপাপমোচনকামঃ" স্থলে অষ্টসহস্র-বর্ষাবচ্ছিন্নস্বর্গাধিকরণস্থিতিকামঃ" বিশেষ। এইরূপ নবমীতে "ধনপুত্রবিবর্দ্ধনশতযজ্ঞফলপ্রাপ্তিকামঃ" এই বিশেষ।

আবাহন করিয়া "হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ।" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া—"ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ। ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ" এই বলিয়া প্রণাম করিবেন। এইরূপ সর্ব্বত্র। অগ্নিকোণে কৃষ্ণবর্ণা প্রচণ্ডার আবাহন ও পাদ্যাদি দ্বারা পূজা পূর্ব্বক—"ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীঁ প্রচণ্ডায়ৈ নমঃ।" দক্ষিণে নীলবর্ণা চণ্ডোগ্রার আবাহনপূর্ব্বক পাদ্যাদি দ্বারা, পূজা করিয়া—"ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু বরদা ভব সর্ব্বদা॥ ওঁ হ্রীং শ্রীঁ চণ্ডোগ্রায়ৈ নমঃ।" নৈর্ঋতে শুক্লবর্ণা চণ্ডনায়িকার আবাহন ও পাদ্যাদিদ্বারা পূজাপূর্ব্বক ওঁ যা সিদ্ধিরিতি নাম্না চ দেবেশবরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্॥ ওঁ হ্রীং শ্রীং চণ্ডনায়িকায়ৈ নমঃ।" পশ্চিমে ধূম্রবর্ণা চণ্ডার আবাহন-পূর্ব্বক-পাদ্যাদি দ্বারা পূজা করিয়া "ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থ-মোক্ষদে দুর্গে নিত্যং মে বরদা ভব॥ ওঁ হ্রীং শ্রীঁ চণ্ডায়ৈ নমঃ।" বায়ুকোণে নীলবর্ণা চণ্ডবতীর আবাহনপূর্ব্বক পাদ্যাদিদ্বারা পূজা করিয়া "ওঁ যা সৃষ্টিস্থিতিসংহারগুণত্রয়-সমন্বিতা। যা পরা পরমা শক্তিশ্চণ্ডবত্যৈ নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীঁ চণ্ডবত্যৈ নমঃ।" উত্তরে কৃষ্ণবর্ণা চণ্ডরূপার আবাহনপূর্ব্বক পাদ্যাদি দ্বারা পূজা করিয়া "ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়কনায়িকা। সর্ব্বসিদ্ধিপ্রদা দেবী তস্যৈ নিত্যং নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীঁ চণ্ডরূপায়ৈ নমঃ॥" ঈশানে শুক্লবর্ণা অতিচণ্ডিকার আবাহন করিয়া পাদ্যাদিদ্বারা পূজাপূর্ব্বক—"বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথনী বরদা হ্বতি-চণ্ডিকা॥ ওঁ হ্রীং শ্রীং অতিচণ্ডিকায়ৈ নমঃ॥"

পদ্মমধ্যে পূর্ব্বাদি ঈশানান্ত-ক্রমে অষ্টাবৃত্তে চতুঃষষ্টিযোগিনীর আবাহনপূর্ব্বক "ওঁ হ্রীং শ্রীং" এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা পূজা করিবেন। যথা—(১) "ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ।" এইরূপে—(২) চণ্ডিকায়ৈ, (৩) রৌদ্র্যৈ, (৪) গৌর্য্যৈ, (৫) ইন্দ্রাণ্যৈ, (৬) কৌমার্য্যৈ, (৭) ভৈরব্যৈ, (৮) দুর্গায়ৈ, (৯) নারসিংহ্যৈ, (১০) কালিকায়ৈ, (১১) চামুণ্ডায়ৈ, (১২) শিবদূত্যৈ, (১৩) বারাহ্যৈ, (১৪) কৌশিক্যৈ, (১৫) মাহেশ্বর্য্যৈ, (১৬) শাঙ্কর্য্যৈ, (১৭) জয়ন্ত্যৈ, (১৮) সর্ব্বমঙ্গলায়ৈ, (১৯) কাল্যৈ, (২০) করালিন্যৈ, (২১) মেধায়ৈ, (২২) শিবায়ৈ, (২৩) শাকম্ভর্য্যৈ, (২৪) ভীমায়ৈ, (২৫) শান্তায়ৈ, (২৬) ভ্রামর্য্যৈ, (২৭) রুদ্রাণ্যৈ, (২৮) অম্বিকায়ৈ (চণ্ডিকায়ৈ), (২৯) ক্ষমায়ৈ, (৩০) ধাত্র্যৈ, (৩১) স্বাহায়ৈ, (৩২) স্বধায়ৈ, (৩৩) অপর্ণায়ৈ, (৩৪) মহোদর্য্যৈ, (৩৫) ঘোররূপায়ৈ, (৩৬) মহাকাল্যৈ, (৩৭) ভদ্রকাল্যৈ, (৩৮) কপালিন্যৈ, (৩৯) ক্ষেমঙ্কর্য্যৈ, (৪০) উগ্রচণ্ডায়ৈ, (৪১) চণ্ডোগ্রায়ৈ, (৪২) চণ্ডনায়িকায়ৈ, (৪৩) চণ্ডায়ৈ, (৪৪) চণ্ডবত্যৈ (৪৫) চণ্ড্যৈ, (৪৬) মহামোহায়ৈ (মহামায়ায়ৈ), (৪৭) প্রিয়ঙ্কর্য্যৈ, (৪৮) বলবিকরিণ্যৈ, (৪৯) বলপ্রমথন্যৈ, (৫০) মদনোন্মথন্যৈ (মনোন্মথন্যৈ), (৫১) সর্ব্বভূতদমন্যৈ, (৫২)

উমায়ৈ, (৫৩) তারায়ৈ, (৫৪) মহানিদ্রায়ৈ, (৫৫) বিজয়ায়ৈ, (৫৬) জয়ায়ৈ, (৫৭) শৈলপুত্র্যৈ, (৫৮) চণ্ডিকায়ৈ, (৫৯) চণ্ডঘণ্টায়ৈ, (৬০) কুষ্মাণ্ডৈ্য, (৬১) স্কন্দমাত্রে (৬২) কত্যায়ন্যৈ, (৬৩) কালরাত্র্যৈ, (৬৪) মহাগৌর্য্যৈ।" পরে আবাহনপূর্ব্বক "ওঁ হ্রীং শ্রীং কোটিযোগিনীভ্যো নমঃ" এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা একত্র কোটিযোগিনীর পূজা করিবেন।

পরে "ওঁ দেশবাসিনীভ্যো নমঃ" বলিয়া নানাদেশবাসিনীদিগের পূজা করিবেন। তৎপরে ব্রহ্মাণী প্রভৃতির পূজা করিবেন। যথা—কর্ণিকায় দেবীর ঈশানে "ওঁ হ্রীং শ্রীঁ ব্রহ্মাণি ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি রূপে ব্রহ্মাণীর আবাহন করিয়া—"ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ।" এই বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন যথা—"ওঁ চতুর্ম্মুখীং জগদ্ধাত্রীং হংসারূঢ়াং বরপ্রদাম্। সৃষ্টিরূপাং মহাভাগাং ব্রহ্মাণীন্তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ॥" ১॥ ঐস্থানেই মাহেশ্বরীর আবাহন ও পূজা করিয়া—ওঁ বৃষারূঢ়াং শুভাং শুক্লাং (শুভ্রাং) ত্রিনেত্রাং বরদাং শিবাম্॥ মাহেশ্বরীং নমাম্যন্ত সৃষ্টিসংহারকারিণীম্॥ ওঁ হ্রীং শ্রীং মাহেশ্বর্য্যৈ নমঃ॥" ২॥ অগ্নিকোণে কৌমারীর আবাহন ও পূজা করিয়া—"ওঁ কৌমারীং পীতবসনাং ময়ূরবরবাহনাম্। শক্তিহস্তাং মহাভাগাং নমামি বরদাং সদা॥ ওঁ হ্রীং শ্রীং কৌমার্য্যৈ নমঃ॥" ৩॥ ঐস্থানেই বৈষ্ণবীর আবাহন ও পূজা করিয়া—ওঁ শঙ্খচক্রগদাপদ্মধারিণীং কৃষ্ণরূপিণীম্। স্থিতিরূপাং খগেন্দ্রস্থাং বৈষ্ণবীং তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীঁ শ্রীঁ বৈষ্ণব্যৈ নমঃ॥" ৪॥ নৈর্ঋতে বারাহীর আবাহন ও পূজা করিয়া—ওঁ বরাহরূপিণীং দেবীং দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরাম্। শুভদাং পীতবসনাং বারাহীং তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীঁ শ্রীঁ বারাহ্যৈ নমঃ॥" ৫॥ ঐস্থানেই নারসিংহীর আবাহন ও পূজা করিয়া—"ওঁ নৃসিংহরূপিণীং দেবীং দৈত্যদানবদর্পহাম্। শুভাং শুভপ্রদাং শুভ্রাং নারসিংহীং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীঁ নারসিংহ্যৈ নমঃ॥" ৬॥ বায়ুকোণে ইন্দ্রাণীর আবাহন ও পূজা করিয়া—"ওঁ ইন্দ্রাণীং গজকুম্ভস্থাং সহস্রনয়নোজ্জলাম্। নমামি বরদাং দেবীং সর্ব্বদেবনমস্কৃতাম্॥ ওঁ হ্রীং শ্রীঁ ইন্দ্রাণ্যৈ নমঃ॥" ৭॥ ঐস্থানেই চামুণ্ডার আবাহন ও পূজা করিয়া—"ওঁ চামুণ্ডাং চণ্ডমথনীং মুণ্ডমালোপশোভিতাম্। অট্টহাসমুদিতাং নমাম্যাত্মবিভূতয়ে॥ ওঁ হ্রীং শ্রীং চামুণ্ডায়ৈ নমঃ॥" ৮॥ মধ্যে—"ওঁ হ্রীং শ্রীং চণ্ডিকায়ৈ নমঃ।" এই বলিয়া পূজা করিয়া—"ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। প্রসন্নবদনাং দেবীং বরদাং তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং কাত্যায়ন্যৈ নমঃ॥" ৯॥ পরে "ওঁ হ্রীং শ্রীং নবদুর্গায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিয়া—"ওঁ চণ্ডিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥" বলিয়া প্রণাম করিবেন।

পরে দেবীসন্নিধানে জয়ন্ত্যাদির আবাহন করিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিবেন; যথা—"ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যৈ নমঃ" এইরূপ—"মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ"।

পরে অস্ত্রপূজা করিবেন। দক্ষিণে "ওঁ ত্রিশূলায় নমঃ" এইরূপ পূজান্তে প্রণাম করিবেন। যথা—"ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমো নির্ম্মিতস্ত্বং পিনাকিনা। শূলাৎ সারং সমাকৃষ্য কৃত্বা মুষ্টিগ্রহং শুভম্" ॥ ১ ॥ "ওঁ খড়্গায় নমঃ" এইরূপে পূজান্তে প্রণাম করিবেন।—"ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গাস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে" ॥ ২ ॥ "ওঁ চক্রায় নমঃ" এইরূপ পূজান্তে প্রণাম করিবেন।—"ওঁ চক্র ত্বং বিষ্ণুরূপোঽসি বিষ্ণুপাণৌ সদা স্থিতঃ। দেবীহস্তস্থিতো নিত্যং সুদর্শন নমোঽস্তু তে" ॥ ৩ ॥ "ওঁ তীক্ষ্ণবাণায় নমঃ" এইরূপ পূজান্তে প্রণাম করিবেন; "ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠোঽসি দৈত্যসেনানিসূদনঃ। ভয়েভ্যঃ সর্ব্বতো রক্ষ তীক্ষ্ণবাণ নমোঽস্তু তে" ॥ ৪ ॥ "ওঁ শক্তয়ে নমঃ" এই মন্ত্রে পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং গুহস্য চ বিশেষতঃ। শক্তিরূপেণ সর্ব্বত্র রক্ষাং কুরু নমোঽস্তু তে" ॥ ৫ ॥ "ওঁ খেটকায় নমঃ" এইরূপে পূজান্তে প্রণাম করিবেন। "যষ্টিরূপেণ খেট ত্বং বৈরিসংহারকারকঃ। দেবীহস্তস্থিতো নিত্যং মম রক্ষাং কুরুষ চ" ॥ ৬ ॥" ওঁ পূর্ণচাপায় নমঃ" এই মন্ত্রে পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ সর্ব্বায়ুধ মহামাত্র সর্ব্বদেবারিসূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং সায়কসত্তমৈঃ" ॥ ৭ ॥ "ওঁ নাগপাশায় নমঃ" এই মন্ত্রে পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ পাশ ত্বং নাগরূপোঽসি বিষপূর্ণো বিষোদরঃ। শত্রূণাং দুঃসহো নিত্যং নাগপাশ নমোঽস্তু তে" ॥ ৮ ॥ "ওঁ অঙ্কুশায় নমঃ" বলিয়া পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ অঙ্কুশোঽসি নমস্তভ্যং গজানাং নিয়মঃ সদা। লোকানাং সর্ব্বরক্ষার্থং বিধৃতঃ পার্ব্বতীকরে" ॥ ৯ ॥ "ওঁ ঘণ্টায়ৈ নমঃ" বলিয়া পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ। সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব" ॥ ১০ ॥ "ওঁ পরশবে নমঃ" বলিয়া পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ পরশো ত্বং মহাতীক্ষ্ণ সর্ব্বদেবারিসূদনঃ। দেবীহস্তস্থিতো নিত্যং শত্রুক্ষয় নমোঽস্তু তে" ॥ ১১ ॥ "ওঁ হ্রীং শ্রীং সর্ব্বায়ুধধারিণ্যৈ দুর্গায়ৈ নমঃ" এই মন্ত্রে পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠানি যানি যানি ত্রিপিষ্টপে। তানি তানি দধত্যৈ তে চণ্ডিকায়ৈ নমো নমঃ ॥" "ওঁ হ্রীং শ্রীং সর্ব্বায়ুধাধারিণ্যৈ চণ্ডিকায়ৈ নমঃ ॥ ওঁ কিরীটাদিদেব্যঙ্গভূষণেভ্যো নমঃ" এই বলিয়া পূজা করিয়া—"ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ।" এই মন্ত্রে সিংহকে পাদ্যাদিদ্বারা পূজা করিয়া প্রণাম করিবেন। "ওঁ আসনং চাসি দুর্গায়া নানালঙ্কারভূষিত। মেরুশৃঙ্গপ্রতীকাশ সিংহাসন নমোঽস্তু তে ॥" "ওঁ মহিষাসুরায় নমঃ" বলিয়া পাদ্যাদিদ্বারা পূজান্তে প্রণাম করিবেন। "ওঁ মহিষ ত্বং মহাবীর ইন্দ্রাদিদেবমর্দ্দকঃ। দেব্যস্ত্রতাড়িতো ভূত্বা গতঃ স্বর্গং নমোঽস্তু তে ॥"

পরে পূর্ব্বদিকে—"ওঁ শ্রীং সিদ্ধপুত্রবটুকায় নমঃ।" দক্ষিণে "ওঁ শ্রীং জ্ঞানপুত্রবটুকায় নমঃ।" পশ্চিমে "ওঁ শ্রীং সহজপুত্রবটুকায় নমঃ।" উত্তরে "ওঁ শ্রীং সময়পুত্রবটুকায় নমঃ।" এইরূপে পূজা করিবেন।

পত্র ও কেশরের মধ্যে ক্ষেত্রপালের পূজা করিবেন। যথা—উত্তরে—"ওঁ হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ", ঈশানে—"ওঁ ত্রিপুরঘ্নায় ক্ষেত্রপালায়", পূর্ব্বে—"ওঁ অগ্নিজিহ্বায় ক্ষেত্রপালায়, ওঁ অগ্নিবেতালায় ক্ষেত্রপালায়, ওঁ কালায় ক্ষেত্রপালায়, ওঁ করালায় ক্ষেত্রপালায়, ওঁ একপাদায় ক্ষেত্রপালায়" বায়ুকোণে—"ওঁ ভীমনাথায় ক্ষেত্রপালায়" প্রণবাদিনমোঽন্তে পূজা করিবেন।

অতঃপর পূর্ব্বে—"ওঁ অসিতাঙ্গায় ভৈরবায়" এবং "রুরবে ভৈরবায়।" দক্ষিণে—"চণ্ডায় ভৈরবায়, ক্রোধায় ভৈরবায়।" পশ্চিমে—"উন্মত্তায় ভৈরবায়, ভয়ঙ্করায় ভৈরবায়।" উত্তরে—"কপালিনে ভৈরবায়, ভীষণায় ভৈরবায়।" মধ্যে—"সংহারিণে ভৈরবায়" প্রাণবাদিনমোঽন্তে পূজা করিবেন। পরে লোকপালের পূজা করিবেন যথা—

"ওঁ লাং ইন্দ্রায় দেবাধিপতয়ে সবজ্রায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে সশক্তয়ে সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ যাং যমায় প্রেতাধিপতয়ে সদণ্ডায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ক্ষাং নৈর্ঋতায় রক্ষোঽধিপতয়ে সখড়্গায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বাং বরুণায় জলাধিপতয়ে সপাশায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বাং বায়বে প্রাণাধিপতয়ে সাঙ্কুশায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ কাং যক্ষাধিপতয়ে কুবেরায় সগদায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ হাং ঈশানায় গণাধিপতয়ে সশূলায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ আং ব্রহ্মণে প্রজাধিতয়ে সপদ্মায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে সচক্রায় সবাহনায় সপরিবারায় নমঃ।" পরে পূর্ব্ববৎ বলিদানাদি প্রণামান্ত কার্য্য করিয়া গীতবাদ্যাদি দ্বারা শেষকাল অতিবাহিত করিবেন।[১]

সন্ধিপূজা

অষ্টমীনবমীর সন্ধিসময়ে পূর্ব্ববৎ ভূতশুদ্ধ্যাদি করিয়া দেবীকে চামুণ্ডারূপিণী চিন্তা করিয়া—"ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে চামুণ্ডার পূজা করিবেন।

চামুণ্ডাধ্যান।—"ওঁ কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিপাশিনী। বিচিত্র খট্টাঙ্গধরা নরমালাবিভূষণা॥ দ্বীপিচর্ম্মপরীধানা শুষ্কমাংসাতিভৈরবা। অতিবিস্তারবদনা জিহ্বা-ললনভীষণা। নিমগ্নারক্তনয়না নাদাপূরিতদিঙ্‌মুখা॥"

পরে চতুঃষষ্টিযোগিনীর পূজা করিয়া যথাসময়ে বলি দিবেন। পরে অষ্টোত্তরশত-ঘৃতপ্রদীপ ও রচনাদি উৎসর্গ করিয়া স্তবপাঠান্তে যথাশক্তি জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

মহানবমীপূজা

কৃতনিত্যক্রিয় যজমান পূর্ব্বোক্তরূপে সপ্তম্যষ্টমীবিধিতে পূজা করিয়া প্রভূত বলিদান করিবেন। পরে কুমারী ভোজন করাইবেন। পরে যথাশক্তি হোম করিবেন।

১। ফল-বিশেষার্থী—যেই দিন অর্দ্ধরাত্রে অষ্টমী পায় সেই দিন ষোড়শোপচারে দেবীর পূজা করিবেন।

হোমান্তে গোত্রবন্ধুপরিজনসহ একত্র দেবীস্তোত্র পাঠ ও পুষ্পাঞ্জলি দান করিবেন। পরে ব্রতি-দক্ষিণা করিয়া মূল দক্ষিণা করিবেন—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা কৃতৈতদ্বার্ষিকশরৎকালীনসপরিবার শ্রীভবদ্দুর্গাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং তন্মূল্যং বা শ্রীভগবদ্দুর্গায়ৈ তুভ্যমহং সংপ্রদদে, (পরার্থে দাদনি)।

দুর্গাস্তুতি

প্রথমে "দুর্গাং শিবাং" ইত্যাদি পাঠ করিয়া (২৪৩ পৃঃ)।

ওঁ আয়ুর্দ্দেহি যশো দেহি ভাগ্যং (ভগবতি) ভবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥ ওঁ ভগবতি ভয়োচ্ছেদে ভবভাবিনি কামদে। শঙ্করি কৌশিকি ত্বং হি কাত্যায়নি নমোঽস্তু তে॥ ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে। কুলোদ্যোতকরে দেবি জয়ং দেহি নমোঽস্তু তে॥ ওঁ রুদ্রচণ্ডে প্রচণ্ডে ত্বং প্রচণ্ডবলশালিনি। রক্ষ মাং সর্ব্বতো দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে। ওঁ দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্ব্বাশুভনিবারিণি। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব॥ ওঁ দুর্গে দুর্গে মহাভাগে ত্রাহি মাং শঙ্করপ্রিয়ে। মহিষাসুরভ্ মদোন্মত্তে প্রণতোঽস্মি প্রসীদ মে। ওঁ হর পাপং হর ক্লেশং হর শোকং হরাশুভম্। হর রোগং হর ক্ষোভং হর মারীং হরপ্রিয়ে॥ ওঁ কালি কালি মহাকালি কালিকে পাপহারিণি। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নারায়ণি নমোঽস্তুতে। ওঁ সংগ্রামে বিজয়ং দেহি ধনং দেহি সদা গৃহে। ধর্ম্মকামার্থসম্পত্তিং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ আয়ুর্দ্দাতু মে কালি পুত্রান্ দেহি সদা শিবে। ধনং দেহি মহামায়ে-নারসিংহি যশো মম। ওঁ শিরো মে চণ্ডিকা পাতু কণ্ঠং পাতু মহেশ্বরী। হৃদয়ং পাতু চামুণ্ডা সর্ব্বতঃ পাতু কালিকা॥ ওঁ আন্ধ্যং কুষ্ঠঞ্চ দারিদ্র্যং রোগং শোকঞ্চ দারুণম্। বন্ধুস্বজন-বৈরাগ্যং দুর্গে ত্বং হর দুর্গতিম্॥ ওঁ রাজ্যং তস্য প্রতিষ্ঠা চ লক্ষ্মীস্তস্য সদা স্থিরা। প্রভুত্বং তস্য সামর্থ্যং যস্য ত্বং মস্তকোপরি॥ ওঁ ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সকলং জীবনং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মমালয়ম্॥ ওঁ অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং মলয়বাসিনি। গৃহাণ বরদে দেবি কল্যাণং কুরু মে সদা॥ ওঁ কৃতা পূজা ময়া ভক্ত্যা নবদুর্গে সুরার্চ্চিতে। ভুক্ত্বা ভোগান্ বরং দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥ ওঁ দেবদ্বারে নদীতীরে রাজদ্বারে চ পর্ব্বতে। পর্ব্বতারোহণে দুর্গে দুর্গে রক্ষ নমোঽস্তুতে॥

এইরূপে প্রার্থনা করিয়া পূজা সমাপন করিবেন। "ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং মহেশ্বরি। যদর্চ্চিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ ওঁ গ্রহীতুং শারদীং পূজাং মর্ত্ত্যমণ্ডলসংস্থিতাং। চণ্ডিকে ত্বাং নমাম্যত্র স্বয়মর্য্যাদি গৃহ্যতাং॥ ওঁ কায়েন মনসা বাচা ত্বত্তো নান্যা গতির্মম। অন্তশ্চারেণ ভূতানাং দ্রষ্টী ত্বং পরমেশ্বরি॥ ওঁ কায়েন

মনসা বাচা কর্ম্মণা যৎ কৃতং ময়া। জ্ঞানাজ্ঞানকৃতং পাপং হর দেবি হরপ্রিয়ে॥ পরে "সর্ব্বমঙ্গল"—ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবেন।

বিজয়াদশম-কৃত্য

দশমীতে কৃতনিত্যক্রিয় যজমান ভূতশুদ্ধ্যাদি করিয়া পঞ্চোপচারে দেবীর অর্চ্চনাপূর্ব্বক চিপিটকাদি নিবেদন করত কৃতাঞ্জলি হইয়া স্তুতিপাঠান্তে প্রার্থনা করিবেন। "ওঁ বিধিহীনং ভক্তিহীনং ক্রিয়াহীনং যদর্চ্চিতম্। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি।" পরে "যোনিমুদ্রা" প্রদর্শন করাইয়া সংহার মুদ্রা দ্বারা পুষ্পগ্রহণ করিয়া—"ওঁ দুর্গে দেবি ক্ষমস্ব" মন্ত্রে বিসর্জ্জন করত নির্ম্মাল্য পুষ্প ঈশানকোণে ত্রিকোণ মণ্ডলোপরি স্থাপন করিয়া "ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ। ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ"। এই বলিয়া নির্ম্মাল্য দ্বারা চণ্ডেশ্বরীর পূজা করিবেন।

পরে—"ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুস্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ ওঁ ব্রজ ত্বং স্রোতসি জলে তিষ্ঠ গেহে বিভূতয়ে। ইমাং পূজাং ময়া দেবি যথাশক্তি নিবেদিতাম্। রক্ষণার্থং সমাদায় ব্রজস্ব স্থানমুত্তমম্॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং শিবনন্দন। পূজারাধনকালে চ পুনরাগমনায় চ॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং যত্র দেবো নিরঞ্জনঃ। শত্রোর্দর্পবিনাশায় পুনরাগমনায় চ॥" পরে "ওঁ পূজিতদেবতাঃ ক্ষমধ্বং" বলিয়া বিসর্জ্জন করত দেবীকে চালনা করিয়া জলসমীপে লইয়া যাইবেন।

জলস্থাপনমন্ত্র।—"ওঁ দুর্গে দেবি জগন্মাতঃ স্বস্থানং গচ্ছ চণ্ডিকে। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥ ওঁ নিমজ্জাম্ভসি সম্পূজ্য পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া॥" এই মন্ত্রে দেবীকে জলে স্থাপন করিবেন। (তৎপরে নিম্নলিখিত প্রণালীতে কুলাচার-অনুসারে অপরাজিতা পূজা করিবেন)। জলক্রীড়া করিয়া মঙ্গলাচরণ ও ঘটোদক দ্বারা শান্তি করিবেন।

অথ অপরাজিতাপূজা। বিজয়াদশমীদিনে দুর্গার বির্জ্জনের পর কুলপ্রথা অনুসারে বিজয়কামনায় এই পূজা করিতে হয়। যথা—প্রথমতঃ কর্ত্তা চন্দনলিপ্ত তাম্রপাত্রে অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া তাহাতে অপরাজিতা লতা স্থাপন করত তিল, কুশ ও ফল জলপূর্ণ তাম্রপাত্র গ্রহণ পূর্ব্বক সঙ্কল্প করিবেন।

"বিষ্ণুরোঁ। তৎসদদ্যেত্যাদি—বিজয়লাভকামোঽপরার্জিতাপূজনমহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)।

পরে স্ব স্ব সূক্ত পাঠ করত গণেশাদি দেবতাগণের পূজা করিয়া "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া ধ্যান করিবেন, যথা—"ওঁ চতুর্ভুজাং পীতবস্ত্রাং সর্ব্বাভরণভূষিতাং উপর্য্যধোহস্তয়োঃ খড়্গচর্ম্মধরাং অধস্তনহস্তয়োর্ব্বরাভয়করাং

ঈষৎ-প্রহসিতাননাং, বাগ্মিনীং।" এইরূপে ধ্যান করিয়া—"হ্রীং অপরাজিতায়ৈ নমঃ" মন্ত্রে যথাশক্তি উপচারে পূজা করিয়া "হ্রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে দেবীর ষড়ঙ্গের পূজা করিবেন, পরে দেবীর দক্ষিণে, জয়া ও বামে উমার পূজা করিয়া বিজয়ার পূজা করিবেন, পরে করযোড়ে প্রার্থনা করিবেন। মন্ত্র—"ওঁ চারুণা মুখপদ্মেন বিচিত্রকনকোজ্জ্বলা। জয়া দেবী শিবে ভক্ত্যা সর্ব্বান্ কামান্ দদাতু মে। ওঁ কাঞ্চনেন বিচিত্রেণ কেয়ূরেণ বিভূষিতা। বিজয়া চ মহাভাগা করোতু বিজয়ং মম॥ ওঁ হারেণ সুবিচিত্রেণ ভাস্বৎ-কনক-মেখলা। অপরাজিতা রুদ্রলতা করোতু বিজয়ং মম। সর্ব্বকামার্থসিদ্ধ্যর্থং তস্মাত্ত্বাং (বাহৌ ত্বাং) ধারয়াম্যহং। পূজিতায়াং ত্বয়ি শ্রেয়ো মমাস্তু দুরিতং হতং। প্রসন্নায়াং ভবেয়ুর্মে ধনধান্যসমৃদ্ধয়ঃ॥" পরে "ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করত অপরাজিতালতাকে দেবীরূপে চিন্তা করিয়া অভিলষিত-ফল-কামনায় দক্ষিণবাহুতে ধারণ করিবেন। মন্ত্র "ওঁ জয়দে বরদে দেবি দয়াধারেঽপরাজিতে। ধারয়ামি ভুজে দক্ষে জয়লাভাভিবৃদ্ধয়ে। বলমাধেহি বলয় ময়ি শত্রোঃ পরাজয়ং। ত্বদ্ধারণাদ্ভবেয়ুর্মে ধনধান্যাদিসম্পদঃ।" আশীঃ-প্রার্থনা মন্ত্র—"ওঁ যন্মঙ্গলং প্রবরশঙ্খগদাধরস্য, রামস্য রাবণজয়ায় সমুদ্যতস্য। জিত্বা নিশাচরপুরীং পুনরাগতস্য, তন্মঙ্গলং ভবতু তে (মে) বিজয়ায় নিত্যং।" এইরূপ আশীঃ প্রার্থনা করিয়া দক্ষিণা করত দেবী-পূজার অচ্ছিদ্রাবধারণ করিবেন।

দুর্গোৎসব-হোম

কুশণ্ডিকোক্তবিধানে বলদনামক-বহ্নিস্থাপনপূর্ব্বক স্ব স্ব বেদোক্ত বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা সমাপন করিয়া প্রকৃত কর্ম্মার্থ হোম করিবেন। সঙ্কল্প যথা—"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা জীববদেতৎস্থূলশরীরাবিরোধেন সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক শ্রীদুর্গাপ্রীতিকামঃ বার্ষিকশরৎকালীন-শ্রীদুর্গাপূজাকর্ম্মণি অমুকমন্ত্রেণ সতিলাজ্যবিল্বপত্রৈরিয়ৎসংখ্যাকহোমমহং করিষ্যে।" এইরূপে সঙ্কল্প করিয়া [১] "দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা" মন্ত্রে বা "অম্বে অম্বিকে" ইত্যাদি মন্ত্রে হোম করিয়া দক্ষিণা করিবেন।

কুমারী-পূজাপ্রয়োগ

সুলক্ষণা কুমারীকে নববস্ত্র পরিধান করাইয়া আসনে বসাইয়া কুমারীর পাদদ্বয় অলক্তক দ্বারা রঞ্জিত করত তাহার গলে সুগন্ধকুসুমের মালা ও ললাটে সিন্দুর তিলক দান করিবেন॥ অনন্তর স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবেন, যথা—"বিষ্ণুরোঁ তৎসদদ্যেত্যাদি শ্রীভবদ্দুর্গাপূজাকর্ম্মণঃ পরিপূর্ণফলপ্রাপ্তিকামঃ শ্রীকুমারীপূজনমহং করিষ্যে।" এইরূপে সঙ্কল্প করিয়া সূক্ত পাঠ করত কুমারীর ধ্যান করিবেন। যথা—

"ওঁ বালরূপাঞ্চ ত্রৈলোক্যসুন্দরীং বরবর্ণিনীং নানালঙ্কারভূষাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীং।

১। দুর্গোৎসবে কালিকাপুরাণমতে "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা" ইত্যাদি মন্ত্র এবং দেবীপুরাণমতে "জয়ন্তী মঙ্গলা কালী" ইত্যাদি মন্ত্রে হোমের বিধান আছে। বৃহন্নন্দিকেশ্বর-পুরাণমতে "দক্ষযজ্ঞবিনাশিন্যৈ ইত্যাদি" বা "অম্বে অম্বিকে" ইত্যাদি মন্ত্রে হোম শাস্ত্রও ব্যবহার সিদ্ধ।

চক্রহাস্তাং মহানন্দহৃদয়াং শুভদাং শুভাং॥" এই প্রকারে ধ্যান করিয়া "ঐং হ্রীং শ্রীং হুং হেসৌঃ ইদং পাদ্যং (একবর্ষা হইলে) ওঁ সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ। [১] এইক্রমে যথাশক্তি উপচার দ্বারা পূজা করিবেন।

দ্বিতীয়বর্ষা বালিকা হইলে "সরস্বত্যৈ" তৃতীয়বর্ষা হইলে "ত্রিধামূর্ত্ত্যৈ" উল্লেখ করিয়া পূজা করিবেন। এই প্রকার বয়স অনুসারে নামোল্লেখ করিতে হইবে। অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রে কুমারীর ষড়ঙ্গপূজা করিবেন। যথা—"ঐং হ্রীং শ্রীঃ ক্রীং হেসৌঃ কুল-কুমারিকে হৃদয়ায় নমঃ। হৈং বৈং হ্রৈঃ শ্রীং হ্রীং ঐং স্বাহা শিরসে স্বাহা। ঐং হ্রীং শিখায়ৈ বষট্ নমঃ। ঐং বাগীশ্বরি কবচায় হুং নমঃ। ঐং কুলেশ্বরি নেত্রত্রয়ায় বৌষট্ নমঃ। হ্রীং অস্ত্রায় ফট্ নমঃ॥"

অতঃপর গন্ধপুষ্প দ্বারা নিম্নলিখিত আবরণ-দেবতাগণের পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ সপরিবারায় বালভৈরবায় নমঃ।" এই ক্রমে—"ঐং সিদ্ধজয়ায় পূর্ব্ব-বক্ত্রায়, ঐং জয়ায় উত্তরবক্ত্রায়, ঐঁ হ্রীং শ্রীং কুব্জিকে পশ্চিমবক্ত্রায়, ঐং কালিকে দক্ষিণবক্ত্রায়॥"

তদনন্তর প্রাণায়াম করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করত "গুহ্যাতি" মন্ত্রে জপ সমাপন করিয়া নমস্কার করিবেন। মন্ত্র যথা, "ওঁ নমামি কুলকামিনীং পরমভাগ্যসন্ধায়িনীং, কুমাররবচাতুরীং সকলসিদ্ধিদা-নন্দিনং। প্রবালগুটিকাস্রজাং রজতরাগবস্ত্রান্বিতাং হিরণ্য-কুলভূষণাং ভুবনরূপকুমারীং ভজে॥"

অতঃপর দক্ষিণা প্রদানপূর্ব্বক অচ্ছিদ্রাবধারণ করিয়া পুত্রবতী সধবা রমণীদিগকে ভোজন করাইয়া শক্ত্যনুসারে দক্ষিণা দিবেন।

কোজাগর-কৃত্য

সায়ংকালে কর্ত্তা সায়ংসন্ধ্যা সমাপন করিয়া স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবেন, যথা—"বিষ্ণুরো তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীলক্ষ্মীদেব্যা দ্বারোর্দ্ধভিত্ত্যাদিদেবতা-প্রীতিকামো দ্বারোর্দ্ধভিত্ত্যাদি-পূজনমহং করিষ্যে।" পরার্থে "করিষ্যামি"।

১। "একবর্ষা ভবেৎ সন্ধ্যা দ্বিবর্ষা চ সরস্বতী। ত্রিবর্ষা চ ত্রিধামূর্ত্তিশ্চতুর্ব্বর্ষা চ কালিকা॥ সুভগা পঞ্চবর্ষা চ ষড়্বর্ষা চ উমা ভবেৎ। সপ্তভির্ম্মালিনী সাক্ষাদষ্টবর্ষা তু কুব্জিকা॥ নবভিঃ কালসন্দর্ভা দশভিশ্চাপরাজিতা॥ একাদশী চ রুদ্রাণী দ্বাদশাব্দে তু ভৈরবী॥ ত্রয়োদশে মহালক্ষ্মীর্দ্বিসপ্তা পীঠনায়িক। ক্ষেত্রজ্ঞা পঞ্চদশভিঃ ষোড়শে চাম্বিকা মতা॥ এবং ক্রমেণ সংপূজ্যা যাবৎ পুষ্পং ন বিদ্যতে॥" ইতি যামলে।

একবর্ষীয়া বালিকার নাম সন্ধ্যা, এইরূপ দ্বিবর্ষীয়া কুমারী সরস্বতী, ত্রিবর্ষীয়া ত্রিধামূর্ত্তি, চতুর্ব্বর্ষীয়া কালিকা, পঞ্চবর্ষীয়া সুভগা, ষড়বর্ষা উমা, সপ্তবর্ষা মালিনী, অষ্টবর্ষা কুব্জিকা, নববর্ষা কালসন্দর্ভা, দশমে অপরাজিতা, একাদশে রুদ্রাণী, দ্বাদশে ভৈরবী, ত্রয়োদশে মহালক্ষ্মী, চতুর্দ্দশে পীঠনায়িকা, পঞ্চদশে ক্ষেত্রজ্ঞা এবং ষোড়শে অম্বিকা নামে কথিতা হয়। কন্যা যে পর্য্যন্ত ঋতুমতী না হয়, সেই পর্য্যন্ত তাহাদিগকে এই ক্রমে পূজা করিবেন।

অনন্তর শালগ্রামে বা ঘটে পাদ্যাদিদ্বারা "ওঁ দ্বারোর্দ্ধভিত্তিভ্যো নমঃ" বলিয়া পূজা করিয়া প্রণাম করিবেন।

অতঃপর "এতে গন্ধেপুষ্পে ওঁ হব্যবাহনায় নমঃ; এতে গন্ধেপুষ্পে ওঁ পূর্ণেন্দবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সভার্য্যরুদ্রায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ স্কন্দায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নন্দীশ্বরমুনয়ে নমঃ।" এই মন্ত্রে পূজা করিয়া গোধনবান ব্যক্তি সুরভির পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ সুরভয়ে নমঃ।" ছাগবান্ ব্যক্তি হুতাশিনের পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ হুতাশনায় নমঃ।" মেষবান্ ব্যক্তি বরুণের পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ বরুণায় নমঃ।" হস্তিসম্পন্ন ব্যক্তি বিনায়কের পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ বিনায়কায় নমঃ। অশ্ববান্ ব্যক্তি রেবন্তের পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ রেবন্তায় নমঃ।" সকলেই নিকুম্ভদেবের অর্চ্চনা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ নিকুম্ভায় নমঃ।" এইরূপে প্রত্যেকের পূজা করিবেন, অশক্ত পক্ষে প্রত্যেককে এক একটি গন্ধপুষ্প প্রদান করিবেন। কোন স্থানে হব্যবাহনকে সঘৃত আতপতণ্ডুল এবং যবতণ্ডুলযুক্ত নৈবেদ্য দান করেন, আর পূর্ণেন্দুকে দুগ্ধযুক্ত পায়সের নৈবেদ্যদ্বারা ও অন্যান্য দেবতাগণকে তিলতণ্ডুল এবং মাষকলাই দ্বারা পূজা করিয়া থাকেন।

পরে পুনরায় সঙ্কল্প করিবেন যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা পরমবিভূতিলাভকামো (লক্ষ্মীপ্রীতিকামো বা) গণপত্যাদি-দেবতাপূজাপূর্ব্বক-লক্ষ্মী-পূজনমহং করিষ্যে।

অনন্তর সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া আসনশুদ্ধি সামান্যার্ঘ্যস্থাপনাদি করিয়া গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, মৎস্যাদিদশাবতার প্রভৃতি দেবতাগণকে যথাশক্তি পূজা করিয়া ভূতশুদ্ধি এবং 'শ্রীং' বীজমন্ত্রে প্রাণায়াম ও ব্যাপক-ন্যাস করিয়া 'লাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, লীং তর্জ্জনীভ্যাং স্বাহা' ইত্যাদিক্রমে করন্যাস ও 'লাং হৃদয়ায় নমঃ, লীং শিরসে স্বাহা' ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস করিয়া লক্ষ্মীর ধ্যান করিবেন। ধ্যান [১] যথা—

"ওঁ পাশাক্ষমালিকাম্ভোজসৃণিভির্যাম্যসৌম্যয়োঃ। পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্য-মাতরম্॥ গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাম্। রৌক্মপদ্ম-ব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥"

১। ধ্যানান্তর—"ওঁ কান্ত্যা কাঞ্চনসন্নিভাং হিমগিরিপ্রখ্যৈশ্চতুর্ভির্গজৈ-
হস্তোৎক্ষিপ্তহিরন্ময়ামৃতঘটৈরাসিচ্যমানাং শ্রিয়ম্।
বিভ্রাণাং বরমব্জযুগ্মমভয়ং হস্তৈঃ কিরীটোজ্জ্বলাং,
ক্ষৌমাবদ্ধনিতম্বভাগললিতাং বন্দেঽরবিন্দস্থিতাম্॥"

এইরূপে ধ্যান করিয়া মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্যস্থাপনানন্তর পীঠপূজা [১] করত পুনর্ব্বার ধ্যান করিয়া আবাহন করিবেন, যথা—

"ওঁ লক্ষ্মি দেবী ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।"

এইরূপে আবাহন করিয়া ষোড়শোপচারে পূজা করিবেন, যথা—আসন প্রোক্ষণ ও অর্চ্চনা করিয়া—'ইদং রজতাসনং ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ' এই ক্রমে সর্ব্ব দ্রব্য দিবেন।

অতঃপর পাদ্যাদিদ্বারা "ওঁ ইন্দ্রায় নমঃ" এইক্রমে ইন্দ্রের পূজা করিয়া—

"ওঁ বিচিত্রৈরাবতস্থায় ভাস্বৎকুলিশপাণয়ে।
পৌলোম্যালিঙ্গিতায় সহস্রাক্ষায় তে নমঃ॥"

এই মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান করিয়া প্রণাম করিবেন। প্রণাম মন্ত্র যথা—

"ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।
বজ্রহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥

পরে—"ওঁ কুবেরায় নমঃ" এই ক্রমে পূর্ব্ববৎ কুবেরের পূজা করিয়া প্রণাম করিবেন। প্রণাম মন্ত্র যথা— "ওঁ ধনদায় নমস্তভ্যং নিধিপদ্মাধিপায় চ।
ভবন্তু ত্বৎপ্রসাদান্মে ধনধান্যাদিসম্পদঃ॥"

পরে "শ্রীং" এই বীজ মন্ত্রে প্রাণায়াম করিয়া যথাশক্তি মন্ত্র জপ করিয়া 'গুহ্যাতি' মন্ত্রে জপ সমাপনানন্তর লক্ষ্মীদেবীকে নিম্নলিখিত মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি প্রদান করিবেন। মন্ত্র যথা— "ওঁ নমস্তে সর্ব্বদেবানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ॥"

পরে প্রণাম করিবেন। প্রণামের মন্ত্র যথা,—

"ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে॥" [২]

পরে লক্ষ্মীস্তোত্র পাঠ করিবেন।

লক্ষ্মীস্তোত্রম্

"ঈশ্বর উবাচ। ত্রৈলোক্যপূজিতে দেবি কমলে বিষ্ণু-বল্লভে। যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা। ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া। পদ্মা পদ্মালয়া সম্পদ হৃষ্টিঃ শ্রীঃ পদ্মধারিণী॥ দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সংপূজ্য যঃ পঠেৎ। স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রজায়াদিভিঃ সহ॥" ইতি লক্ষ্মী-স্তোত্রং সমাপ্তম্॥

১। ন্যাসস্থলে ১৮৮ পৃষ্ঠাস্থ সাধারণ পীঠন্যাস করিয়া নিম্নমতে লক্ষ্মীকল্পোক্ত পীঠন্যাস অনুসারে হৃদয়াদিতে বিশেষ পীঠন্যাস করিবেন। যথা—ওঁ বিভূত্যৈ নমঃ, এবং উন্নত্যৈ, কান্ত্যৈ, সৃষ্ট্যৈ, কীর্ত্ত্যৈ, সন্নত্যৈ, বুদ্ধ্যৈ, উৎসৃষ্ট্যৈ, মধ্যে—ঋদ্ধ্যৈ, তদুপরি—শ্রীং কমলায়ৈ।" পীঠপূজাতেও উক্তরূপ জানিবেন।

২। তুলসী বিল্টিকা ও কাঞ্চন পুষ্পে লক্ষ্মীর পূজা করিবেন না এবং ঘণ্টা বাজাইবেন না।

পরে দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবেন।

এই দিনে বালক, বৃদ্ধ ও আতুর ভিন্ন সকলেই উপবাস করিবেন। ব্রাহ্মণ ও বান্ধবদিগকে নারিকেল এবং চিপিটক ভোজন করাইয়া স্বয়ং ভোজন করিবেন। অক্ষক্রীড়াদিদ্বারা রাত্রি জাগরণ করিবেন। কেহ কেহ দীপান্বিতাদিনে না করিয়া এই দিনেই দীপদান ও সুখরাত্রির প্রার্থনা মন্ত্র পাঠ করিয়া থাকেন। দীপদান মন্ত্র যথা—

"ওঁ অগ্নিজ্যোতী-রবিজ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ।
জ্যোতিষামুত্তমো দেবি দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥"

পরদিন প্রত্যূষে গোরোচনাদিদ্বারা তিলক করিয়া, প্রদীপ বন্দনা করত লক্ষ্মীসন্নিধানে প্রার্থনা করিবেন। যথা—"ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে। মহালক্ষ্মি নমস্তুভ্যং সুখরাত্রিং কুরুষ মে॥ বর্ষাকালে মহাঘোরে যন্ময়া দুষ্কৃতং কৃতম্। সুখরাত্রিপ্রভাতেঽস্য [সুখরাত্রিপ্রভাবেণ] তন্মে লক্ষ্মীর্ব্যপোহতু॥ ওঁ যা লক্ষ্মীঃ সর্ব্বভূতানাং যা চ দেবেষ্ববস্থিতা। সম্বৎসরপ্রিয়া যা চ সা মমাস্তু সুমঙ্গলা॥ মাতা ত্বং সর্ব্বভূতানাং দেবানাং সৃষ্টিসম্ভবা। আয়াতা ভূতলে দেবি সুখরাত্রি নমোঽস্তু তে॥"

প্রতিমার পূজা হইলে হোম করিবার প্রথা আছে। হোম করিতে হইলে কুশণ্ডিকাবিধানে হোম করিবেন। আর প্রতিমার চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবেন। (প্রাণপ্রতিষ্ঠার মন্ত্রাদি এই পুস্তকের পৃঃ ২০০ দেখুন)।

ইতি কোজাগরলক্ষ্মীপূজা।

কালীপূজা-পদ্ধতি

প্রথমতঃ হস্তপদ ধৌত করত শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া মন্ত্রাচমন করিবেন। (মন্ত্রাচমন সাধারণ শক্তিপূজা-পদ্ধতিতে দ্রষ্টব্য।)

অতঃপর "ওঁ হ্রীং হংসঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশ-শক্তিসহিতায় এষোঽর্ঘ (ইদমর্ঘ্যং) শ্রীসূর্য্যায় স্বাহা" এই বলিয়া অর্ঘ প্রদান করত মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "ওঁ উদ্যদাদিত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্যচৈতন্যোদিতায়ৈ এষোঽর্ঘঃ (ইদমর্ঘ্যং) শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ দেব্যৈ স্বাহা" বলিয়া দেবতার উদ্দেশে অর্ঘ প্রদান করিবেন।

পরে স্বশাখোক্ত স্বস্তিবাচন করিয়া "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করত তিল, কুশ, ফল ও জল তাম্রপাত্রে গ্রহণ করিয়া সঙ্কল্প করিবেন। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে [১] কৃষ্ণে পক্ষে অমুকতিথৌ (দীপান্বিতা পূজাস্থলে "দীপান্বিতামাবস্যায়াং তিথৌ") অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা জীববদেতৎস্থূলশরীরাবিরোধেন সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকশ্রীমদ্দক্ষিণাকালিকাপ্রীতিকামঃ শ্রীমদ্দক্ষিণাকালিকাপূজনকর্ম্মাহং করিষ্যে।" (পরার্থে "করিষ্যামি")।

১। দীপান্বিতা-কালীপূজা-স্থলে রাশি-উল্লেখ করিবেন না। শব্দকল্পদ্রুমধৃতপ্রমাণ যথা—"সঙ্কল্পবাক্যে তু কার্ত্তিকে মাসীত্যুল্লেখ্যং—নতু রাশ্যুল্লোখোঽপি, গৌণচান্দ্রেণ তদ্বিধানাৎ—॥"

এইরূপে সঙ্কল্প করিয়া নিম্নলিখিত প্রকারে ঘটস্থাপন করিবেন। যথা—'ক্লীং' মন্ত্রে ঘট প্রোক্ষণ করিয়া "ঐঁ" মন্ত্রে শোধন করত "হ্রীং" বীজে ঘটস্থাপন করিবেন। পরে "হ্রীং" বলিয়া বিশুদ্ধ জল দ্বারা ঘট পূর্ণ করত "ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সরাংসি জলদা নদাঃ। হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গপাতালভূগতাঃ। সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিং॥" এই মন্ত্র পাঠ করিবেন। পরে "শ্রীং" বীজ উচ্চারণপূর্ব্বক পল্লব, "হূং" বীজে ফল, স্ত্রীং স্থাং স্থীং স্থিরা ভব" বলিয়া স্থিরীকরণ, "রং" মন্ত্রে সিন্দূর "ধং" বলিয়া পুষ্প ও মূলমন্ত্রে দূর্ব্বা প্রদান করত 'ওঁ' বলিয়া অভ্যুক্ষণপূর্ব্বক "হুং ফট্ স্বাহা" বলিয়া কুশ দ্বারা তাড়ন করিবেন।

অতঃপর সামান্যার্ঘ্য স্থাপন (সাধারণ শক্তিপূজা-পদ্ধতি দেখুন) করিয়া তজ্জলদ্বারা "ফট্" এই মন্ত্রে পূজাদ্রব্যসম্ভার প্রোক্ষণ করত দ্বারদেবতাগণের পূজা করিবেন। যথা —পূর্ব্বে,—"এতে গন্ধপুষ্পে গাং গণেশায় নমঃ।" দক্ষিণে—"ক্ষাং ক্ষেত্রপালায়", পশ্চিমে—"বাং বটুকায়", উত্তরে—"যাং যোগিনীভ্যঃ" কোণচতুষ্টয়ে—গাং "গঙ্গায়ৈ, যাং যমুনায়ৈ, শ্রীং লক্ষ্ম্যৈ ঐঁ সরস্বত্যৈ," নৈঋর্তে—"ব্রহ্মণে, বাস্তুপুরুষায়॥" প্রত্যেক মন্ত্রের আদিতে "ওঁ" ও অন্তে "নমঃ" শব্দ যোগ করিয়া পূজা করিবেন। পরে "ওঁ পবিত্র-বজ্রভূমে হুং ফট্ স্বাহা" বলিয়া ভূমি শোধন করত আসনশুদ্ধি করিবেন।

অনন্তর "ওঁ বজ্রোদকে হুং ফট্ স্বাহা" বলিয়া স্বীয় বামদিকে জল আনয়ন করত মূলমন্ত্রে বস্ত্রাঞ্চলে গ্রন্থি বন্ধন করিবেন। অতঃপর "ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে পুষ্পচয়াবকীর্ণে হুং ফট্ স্বাহা" এই মন্ত্রে পুষ্প শোধন করিবেন। পরে মূলমন্ত্রে দিব্যদৃষ্টি দ্বারা অবলোকন করত স্বর্গগত বিঘ্ন, "ফট্" মন্ত্রে জলদ্বারা অন্তরীক্ষগত বিঘ্ন ও বামপাদঘাতত্রয় দ্বারা ভূমিস্থ বিঘ্ন দূর করিয়া "ফট্" মন্ত্র সাতবার জপ করত নারাচমুদ্রাযোগে দূর্ব্বাক্ষত গ্রহণ পূর্ব্বক "ওঁ অপসর্পন্তু" ইত্যাদি মন্ত্রে বিঘ্ন-উৎসারণ করিয়া "ওঁ হ্রীং ফট্" মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা করশোধনপূর্ব্বক 'লং' মন্ত্রে আঘ্রাণ ও 'ফট্' মন্ত্রে ঈশানকোণে পুষ্প নিক্ষেপ করিবেন। পরে 'অস্ত্রায় ফট্' বলিয়া উর্দ্ধোর্দ্ধ-ক্রমে তালত্রয় দিয়া ছোটিকা দ্বারা দশদিগ্বন্ধন করত গুরুপংক্তি নমস্কার করিয়া ভূতশুদ্ধি করিবেন (১৯৪ পৃঃ দেখুন)। তৎপরে স্বহৃদয়ে হস্ত দিয়া "আং হ্রীং ক্রোং ইত্যাদি "মম প্রাণা ইহ প্রাণাঃ ইত্যাদি প্রাণপ্রতিষ্ঠামন্ত্র (২০০ পৃঃ দেখুন) পাঠ করিয়া প্রাণপ্রতিষ্ঠা করত মাতৃকন্যাসাদি সমস্ত ন্যাস করিয়া (১৮৮ পৃঃ দেখুন) পীঠন্যাস করত [১] ঋষ্যাদিন্যাস করিবেন। যথা—"অস্য মন্ত্রস্য ভৈরবঋষিরুষ্ণিকৃচ্ছন্দঃ শ্রীমদ্দক্ষিণাকালিকা

১। কালী-কল্পে পীঠন্যাস যথা—"ওঁ আধারশক্তয়ে নমঃ" এবং "প্রকৃতয়ে কমঠায়, শেষায়, পৃথিব্যৈ, সুধাম্বুধয়ে, মণিদ্বীপায়, চিন্তামণিগৃহায়, শ্মশানায়, পারিজাতায়, রত্ন-বেদিকায়ৈ মণিপীঠায়, চতুর্দ্দিকে—মুনিভ্যঃ দেবেভ্যঃ শিবাভ্যঃ শবমুণ্ডেভ্যঃ," দক্ষিণাংসে "ধর্ম্মায়," বামাংসে "জ্ঞানায়," বামোরুমূলে "বৈরাগ্যায়," দক্ষিণোরু-মূলে "ঐশ্বর্য্যায়," মুখে "অধর্ম্মায়," বামপার্শ্বে "অজ্ঞানায়," নাভিতে "অবৈরাগ্যায়," দক্ষিণ-পার্শ্বে

দেবতা হ্রীং বীজং হূং শক্তিঃ ক্রীং কীলকং চতুর্ব্বর্গসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।" শিরসি "ওঁ ভৈরবায় ঋষয়ে নমঃ। মুখে—"ওঁ উষ্ণিক্‌ছন্দসে নমঃ।" হৃদয়ে "শ্রীমদ্দক্ষিণাকালিকায়ৈ দেবতায়ৈ নমঃ।" গুহ্যে "হ্রীং বীজায় নমঃ।" পাদয়োঃ "হূং শক্তয়ে নমঃ।" সর্ব্বাঙ্গে —"ক্রীং কীলকায় নমঃ।" অতঃপর ষোঢ়ান্যাস করিবেন।

ষোঢ়ান্যাস যথা—মস্তকে—"ওঁ নমঃ।" মূলাধারে "স্ত্রীং নমঃ॥" লিঙ্গে "এং নমঃ।" নাভিতে "স্ত্রীং নমঃ।" হৃদি ঐং নমঃ।" কণ্ঠে "ক্লীং নমঃ॥" ভ্রূমধ্যে "সৌং নমঃ।" দক্ষিণবাহুতে "ওঁ নমঃ।" বামবাহুতে "শ্রীং নমঃ। দক্ষিণপাদে "হ্রীং নমঃ।" বামপাদে "ক্লীং নমঃ।" পৃষ্ঠে "ক্রোং নমঃ।"—সর্ব্বত্র তত্ত্বমুদ্রায় ন্যাস করিবেন। পরে তত্ত্বন্যাস করিবেন।

তত্ত্বন্যাস যথা—"ওঁ ক্রাং আত্মতত্ত্বায় স্বাহা" বলিয়া পাদাদি নাভিপর্য্যন্ত—"ওঁ ক্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা" বলিয়া নাভি হইতে হৃদয়ান্ত—"ওঁ ক্রূং শিবতত্ত্বায় স্বাহা" বলিয়া হৃদয়াদি-মস্তকপর্য্যন্ত-স্থানে ন্যাস করিবেন। অনন্তর বীজন্যাস করিবেন। যথা—

"ওঁ ক্রীং নমঃ" বলিয়া ব্রহ্মরন্ধ্র, ভ্রূমধ্য ও ললাট ; ওঁ হূং নমঃ" বলিয়া নাভি এবং গুহ্য ; 'ওঁ হ্রীং নমঃ" বলিয়া মুখ ও সর্ব্বাঙ্গে ন্যায় করিয়া মূলমন্ত্রে সাতবার ব্যাপকন্যাস করত "ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি ক্রমে করাঙ্গন্যাস করত কূর্ম্মমুদ্রাযোগে পুষ্প গ্রহণ করিয়া দেবীর ধ্যান করিবেন।

ধ্যান—"ওঁ করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাং। কালিকাং দক্ষিণাং দিব্যাং মুণ্ডমালাবিভূষিতাম্। সদ্যশ্ছিন্নশিরঃখড়্গাবামাধোর্দ্ধকরাম্বুজাং। অভয়ং বরদঞ্চৈব দক্ষিণোর্দ্ধাধপাণিকাম্। মহামেঘপ্রভাং শ্যামাং তথা চৈব দিগম্বরীং। কণ্ঠাবসক্তমুণ্ডালীগলদ্রুধিরচর্চ্চিতাং। কর্ণাবতংসতানীতশবযুগ্মভয়ানকাং। ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নতপয়োধরাং। শবানাং করসঙ্ঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীং। সৃক্কদ্বয়গলদ্রক্তধারাবিস্ফুরিতাননাং। ঘোররাবাং মহারৌদ্রীং শ্মশানালয়বাসিনীং। বালার্কমণ্ডলাকারলোচনত্রিতয়ান্বিতাং। দন্তরাং দক্ষিণব্যাপিমুক্তালম্বিকচোচ্চয়াং। শবরূপমহাদেবহৃদয়োপরি সংস্থিতাং। শিবাভির্ঘোররাবাভিশ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাং। মহাকালেন চ সমং বিপরীতরতাতুরাং। সুখপ্রসন্নবদনাং স্মেরাননসরোরুহাং। এবং সংচিন্তয়েৎ কালীং সর্ব্বকামার্থসিদ্ধিদাম্॥ [১]

এইরূপ ধ্যান করিয়া হস্তস্থিত পুষ্প মস্তকে প্রদানপূর্ব্বক নৈবেদ্য ভিন্নউপচার দ্বারা

"অনৈশ্বর্য্যায়," পুনর্হৃদয়ে, "ওঁ শেষায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে," পূর্ব্বদিকেশরে "ইচ্ছায়ৈ, জ্ঞানায়ৈ, ক্রিয়ায়ৈ, কামিন্যৈ, কামদায়িন্যৈ, রত্যৈ, রতিপ্রিয়ায়ৈ, নন্দায়ৈ," মধ্যে "মনোন্মথন্যৈ" তদুপরি "হেসৌঃ সদাশিবমহাপ্রেত-পদ্মসনায় নমঃ॥"

১। একাক্ষরমন্ত্রে পূজাপক্ষে ধ্যান যথা—"ওঁ শবাবিষ্টাং মহাভীমাং ঘোরদংষ্ট্রাং বরপ্রদাং। হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপালকর্ত্তৃকাকরাং। মুক্তকেশীং ললজ্জিহ্বাং পিবন্তীং রুধিরং মুহুঃ॥ চতুর্ব্বাহুযুতাং দেবীং বরাভয়করাং স্মরেৎ॥"

স্নানসোপচারে পূজা করত বিশেষার্ঘ্য স্থাপন (সাধারণ শক্তিপূজা পদ্ধতি দেখুন) করিয়া, অর্ঘ্যপাত্রস্থ জল কিঞ্চিৎ প্রোক্ষণীপাত্রে নিক্ষেপ করত মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক সেই জল দ্বারা স্বীয়দেহ ও পূজোপকরণ অভ্যুক্ষণ করিয়া পীঠন্যাসক্রমে গন্ধপুষ্প দ্বারা পীঠপূজা করিয়া যন্ত্র অঙ্কিত করত [১] মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "শ্রীমদ্দক্ষিণাকালিকামূর্ত্তিং পরিকল্পয়ামি' বলিয়া মূর্ত্তি কল্পনা করত পুনরায় পূর্ব্ববৎ করাঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে সচন্দনপুষ্প লইয়া পুনরপি দেবীর ধ্যান করত মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক স্বকীয় হৃদয়স্থ তেজোময় দেবতাকে নাসারন্ধ্র দিয়া হস্তস্থিত ধ্যানের পুষ্পে আনয়ন করত প্রতিমায় স্থাপনপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করত আবাহন করিবেন। যথা—

"ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥" মূলমন্ত্র উচ্চারণ করিয়া "শ্রীমদ্দক্ষিণাকালিকে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি" রূপে আবাহন করিয়া "হুং" মন্ত্রে অবগুণ্ঠন ও "ক্রাং" হৃদয়ায় নমঃ" এইক্রমে দেবতাঙ্গে সকলীকরণ, ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ ও পরমীকরণ মুদ্রায় পরমীকরণ করিয়া ভূতিনী, যোনি ও আকর্ষণী মুদ্রা প্রদর্শনপূর্ব্বক মূলমন্ত্রে চক্ষুর্দ্দান "ওঁ আং হ্রীং ক্রোং" ইত্যাদি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা (২০০ পৃঃ) করিয়া ষোড়শোপচারে পূজা করিবেন।

পরে "ওঁ বনস্পতিরসোৎপন্নো গন্ধ্যাঢ্যো গন্ধ উত্তমঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ ধূপঃ॥ ১৭॥ ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ দীপঃ॥ ১৮॥ ওঁ সৎপাত্র-শুদ্ধসুহবির্ব্বিবিধানেকভক্ষণম্। নিবেদয়ামি দেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্॥ এতন্নৈবেদ্যম্॥ ১৯॥ ওঁ সমস্তদেবদেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্। অখণ্ডানন্দ সম্পূর্ণ গৃহাণ জলমুত্তমম্॥ ইদং পানার্থজলম্॥ ২০॥

পরে পুনরায় আচমনীয়দানের মন্ত্র পাঠ করিয়া আচমনীয় জল দিবেন—"ইদমাচমনীয়জলম্॥ ২১॥ ওঁ তাপত্রয়হরং দিব্যং কর্পূরাদিসুবাসিতম্। ময়া নিবেদিতং দেব তাম্বূলমিদমুত্তমম্॥ ইদং তাম্বূলম্॥" ২২॥ পরে নিম্নপ্রকারে আবরণ পূজা করিবেন, যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ রুক্মিণ্যৈ নমঃ—" এবং লক্ষ্ম্যৈ, গোপেভ্যঃ, গোপীভ্যঃ, কালিন্দ্যৈ, চারুহাসিন্যৈ, দাম্নে, সুদাম্নে, বলভদ্রায়, সুভদ্রায়ৈ, উদ্ধবায়, অক্রূরায় সঙ্কর্ষণায়, জনার্দ্দনায়, প্রদ্যুম্নায়, শান্ত্যৈঃ, শ্রিয়ৈ, সরস্বত্যৈ, শঙ্খায়, চক্রায়, গদায়ৈ, পদ্মায়, কৌস্তুভায়, মুষলায়, হলায়, খড়্গায়, বনমালায়ৈ"। পরে রাসমণ্ডলমধ্যস্থ কৃষ্ণ ও অষ্টসখীর পুনঃ পঞ্চোপচারে পূজা করিয়া প্রাণায়াম করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করত প্রার্থনা করিবেন, মন্ত্র যথা—

ওঁ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতং।
যত্তবাজ্যাম্বুজদ্বন্দ্বে মূর্দ্ধা মে ভ্রমরায়তে॥"

অতঃপর রাধিকার পূজা করিবেন। "রাং" এই মন্ত্রে প্রাণায়াম এবং করন্যাস অঙ্গন্যাস করিয়া ধ্যান করিবেন, যথা—

ওঁ তপ্তস্বর্ণপ্রভাং রাধাং সর্ব্বালঙ্কারভূষিতাং।
নীলবস্ত্র-পরীধানাং ভজে বৃন্দাবনেশ্বরীম্ ॥"

ধ্যানপাঠানন্তর মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্য স্থাপনাদি করিয়া ষোড়শোপচারে রাধিকার পূজা করিবেন, মন্ত্র "ওঁ হ্রীং শ্রীং রাধিকায়ৈ স্বাহা।"

পরে প্রণাম করিবেন।

"ওঁ তপ্তকাঞ্চনগৌরাঙ্গীং রাধা বৃন্দাবনেশ্বরীং।
বৃষভানুসুতাং দেবীং তাং নমামি হরিপ্রিয়াম্ ॥"

অনন্তর চন্দ্রাবলী, রতিমঞ্জরী, শ্যামলা, শশিকলা, চিত্রা, সুমুখী, ললিতা, বিশাখা, মদনসুন্দরী, অঙ্গদেবী, সুদেবী, চম্পকলতা, তুঙ্গবিদ্যা শশিরেখা, হরিপ্রিয়া, পদ্মা, সব্যা, ভদ্রা ইহাঁদিগের যথাশক্তি-উপাচারে পূজাপূর্ব্বক "কাটিযোগিনীভ্যো নমঃ" বলিয়া পূজা করিবেন। [১] অনন্তর আরাত্রিক করিবেন।

আরাত্রিক করিবার বিধান—আগে পাদপদ্মে চারবার, নাভিদেশে দুইবার মুখমণ্ডলে তিনবার, সর্ব্বগাত্রে সপ্তবার—এইরূপে দীপাদি প্রদর্শন করাইবেন।

পূজা সমাপ্ত করিয়া স্বগৃহোক্তবিধানে কুশণ্ডিকা করত হোম করিবেন।

সঙ্কল্প যথা—"ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে, অমুকতিথৌ, অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি শ্রীকৃষ্ণপ্রীতিকামঃ ওঁ ক্লীং স্বাহেতি—মন্ত্রকরণকৈকশোঽষ্টাবিংশতিসংখ্যকসাজ্যকরবীরপুষ্পৈর্হোমমহং করিষ্যে।" এইরূপে সঙ্কল্প করিয়া—"ওঁ ক্লীং স্বাহা" মন্ত্রে হোম করিবেন।

অতঃপর দক্ষিণান্ত করণানন্তর অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবেন।

অনন্তর গীতবাদ্যাদি-উৎসবের সহিত বিগ্রহকে চারিবার মণ্ডপ প্রদক্ষিণ করাইয়া মণ্ডপমধ্যে বসাইবেন।

ইতি রাসোৎসববিধি।

অথ দোল-যাত্রা

পূর্ণিমা হইতে পঞ্চমী পর্য্যন্ত ছয়টি তিথিতেই দোলযাত্রা করণীয়, তন্মধ্যে পূর্ণিমায় দোলই প্রশস্ত। সকল দোলেই পূর্ব্বদিনের অধিবাসাদি অবিকল পূর্ণিমার দোলের ন্যায় করিতে হয়।

অধিবাস।—পূর্ব্বদিনে সায়ংসন্ধ্যাদি সমাপনান্তে চন্দ্রাতপ এবং ধ্বজ-চামরাদিদ্বারা সুসজ্জিত চতুর্দ্বার-সমন্বিত দোলমণ্ডপ-মধ্যে উপবিষ্ট হইয়া আচমনপূর্ব্বক স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবেন; যথা—

১। কামনাবিশেষে—"এতস্মৈ নানাপুষ্পাদি-রচিত-কল্পিতকল্পবৃক্ষায় নমঃ"—এই ক্রমে অর্চ্চনা করিয়া—এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ। ওঁ এতৎসম্প্রদানাভ্যাং রাধাকৃষ্ণাভ্যাং নমঃ—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরাধাকৃষ্ণপ্রীতিকামঃ ইমং সবস্ত্রকল্পিত-নানাপুষ্পাদি-রচিত-কল্পিতকল্পবৃক্ষমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীরাধাকৃষ্ণাভ্যাং যুবাভ্যামহং দদে" মন্ত্রে কল্পবৃক্ষ দান করিবেন।

"বিষ্ণুরোম্ তৎসদগু ফাল্গুনে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শ্বঃকর্ত্তব্যশ্রীভগবদ্‌গোবিন্দস্য দোলারোহণপূর্ব্বক-কল্তুৎসবকর্ম্মাঙ্গভূতং শুভগন্ধাদিভিরধিবাসনকর্ম্মাহং করিষ্যে।"

সঙ্কল্পান্তে সূক্ত পাঠ করত—সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, প্রাণায়াম ও করাঙ্গন্যাসাদি করিবেন, অনন্তর গণেশাদিদেবতা, বিষ্ণু, লক্ষ্মী, রুদ্র ও দুর্গার পূজা করিয়া গোবিন্দের পূজা করিবেন।

গোবিন্দ-ধ্যান—ওঁ সমং প্রশান্তং সুমুখং দীর্ঘচারুচতুর্ভুজং। সুনাসং সুন্দরগ্রীবং সুকপোলং শুচিস্মিতম্॥ সমানকর্ণবিন্যস্তস্ফুরন্মকরকুণ্ডলং। হেমহারং ঘনশ্যামং শ্রীবৎসং শ্রীনিকেতনং॥ শঙ্খ-চক্রগদা-পদ্ম-বনমালাবিভূষিতং। নূপুরৈর্ব্বিলসৎপাদং কৌস্তুভপ্রভয়া যুতং॥ দ্যুমৎকিরীট-কটক-কটিসূত্রাঙ্গদৈর্যুতং॥ সর্ব্বাঙ্গসুন্দরং হৃদ্যং প্রসাদসুমুখেক্ষণম্। সুকুমারমভিধ্যায়েদ্ গোবিন্দং গোপ-পূজিতম্॥

ধ্যানান্তে মানসপূজার পর আধারশক্ত্যাদি পীঠদেবতাপূজা (ন্যাসপদ্ধতি দেখুন) করিয়া বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক পুনরায় ধ্যানানন্তর ষোড়শোপচারে পূজা করিবেন।

অনন্তর "ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং"—ইত্যাদি মন্ত্রে অথবা কেবলমাত্র গায়ত্রী পাঠ করিয়া গন্ধ ও মহ্যাদি দ্বারা অধিবাস করিবেন। তাহার বিধান এই গ্রন্থে অধিবাস-পদ্ধতিতে দেখুন।

পরে স্বগৃহ্যোক্ত বিধানক্রমে বহ্নিস্থাপনাদি করিয়া—"অদ্যেত্যাদি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অস্মিন্ শ্রীভগবদ্‌গোবিন্দস্য দোলারোহণপূর্ব্বক-কল্তুৎসবকর্ম্মণি ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততং স্বাহেতি-মন্ত্রকরণকাষ্টোত্তরশতসংখ্যক-সাজ্যকরবীর-পুষ্পসমিদ্ভির্হোমমহং করিষ্যে॥" সঙ্কল্পান্তে হোম করিয়া ঘৃত দ্বারা নিম্নলিখিত প্রণালীতে হোম করিবেন, মন্ত্র যথা—

ওঁ কুষ্মাণ্ডহুতিরাতয়ে রেতো মাং সমৃদ্ধয়ে। অগ্নির্মাতস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা॥ ১॥ ওঁ যে দেবা দেবহেলনং দেবাসশ্চক্রিমা বয়ং। বায়ুর্মা। তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা॥ ২॥ ওঁ যদি দিবা যদি নক্তমেনাংসি চক্রিমা বয়ং। সূর্য্যো মা তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা॥ ৩॥ ওঁ যে দেবা দেব ঈংতে তস্মাৎ ত্বং দেব এনসঃ। বৃহস্পতিস্তাং তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা॥ ৪॥"

অনন্তর হোমসমাপনান্তে দোলমণ্ডপে পূর্ব্বদিকে শুদ্ধভূমির উপর বেড়ার ঘরের নিকট গমন করিয়া, নারায়ণকে (রাধাগোবিন্দকে) স্থাপন করিবেন, এবং যথাশক্ত্যু-পচারে তাঁহার পূজা করত ঐ ঘরের মধ্যে জীবন্ত কিম্বা পিষ্টকময় অথবা ক্ষীরময় একটি মেষ সংস্থাপনপূর্ব্বক, জলদ্বারা সেই ঘর প্রোক্ষণ করিয়া এই মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নি দিবেন।

"ওঁ বিষ্ণুরুদ্রসমুদ্ভূত মহাশন হুতাশন। মেষ-মন্দির-দাহেহত্র সমুদ্ভূতশিখো ভব॥ প্রদক্ষিণেন ধাবন্তং কৌতুকাৎ সহ বিষ্ণুনা। প্রদক্ষিণং দক্ষিণাগ্নে কুরু কৃষ্ণ বিশেষতঃ॥"

অতঃপর ভগবান্‌কে নৃত্যগীতাদি সহকারে সিংহাসনারোহণ করাইয়া—স্কন্ধে লইয়া—সেই গৃহকে সপ্তবার প্রদক্ষিণ করাইবেন। পরে ভগবান্ গোবিন্দকে দোলমঞ্চে আনিয়া দোলাইবার উপযুক্ত পুষ্প-মাল্যাদি দ্বারা শয্যা রচনা করত, তদুপরি শয়ন করাইয়া গীতবাদ্য দ্বারা নিশা যাপন করিবেন।

দেব-দোল

পরদিন অরুণোদয়ের পূর্ব্বে শৌচাদি ক্রিয়া ও স্নানাদি সমাপনপূর্ব্বক প্রাতঃসন্ধ্যাদি করিবেন, অনন্তর দেবতাকে ঘৃত ও সুগন্ধ শীতলজলে স্নান করাইয়া বেশ-ভূষা করিয়া মণ্ডপের চতুঃপার্শ্বে একবিংশতিবার প্রদক্ষিণ করিয়া—দোলিকার উপর স্থাপন করিবেন।

অনন্তর স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবেন—"বিষ্ণুরোম্ তৎ সৎ অদ্যেত্যাদি—শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ যথোক্তবিধিনা শ্রীভগবদ্গোবিন্দস্য দোলারোহণপূর্ব্বকফল্গুৎসবকর্ম্মাহং করিষ্যে।" এইরূপে সঙ্কল্প করিয়া রাসোৎসববিধানে সমস্ত কার্য্য নির্ব্বাহ করিয়া অঙ্গন্যাস, করন্যাসাদি সম্পাদন করত গোবিন্দের ধ্যান করিবেন।

গোবিন্দ ধ্যান—"ওঁ রত্ন-মুক্তাহারভার-সদাশোভিতবক্ষসং। অনর্ঘ্যরত্নঘটিতকুণ্ডলোদ্ভাসিতশ্রুতিং॥ যথাস্থানং যথাশোভং দিব্যালঙ্কাররঞ্জিতং। বিকচাম্বুজমধ্যস্থং বিশ্বধাত্র্যা শ্রিয়া যুতং॥ শঙ্খচক্রগদাপদ্ম-ধারিণং বনমালিনং। সুপ্রসন্নং সুনাসঞ্চ পীনবক্ষঃস্থলোজ্জ্বলং॥ পুরোব্যোমস্থিতৈর্দ্দেবৈর্ব্রহ্মাদ্যৈশ্চৈব কিন্নরৈঃ। কৃতাঞ্জলিপুটৈর্ভক্ত্যা জয়শব্দৈরভিষ্টুতং। গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ কিন্নরৈঃ সিদ্ধচারণৈঃ। হাহাহূহুপ্রভৃতিভিঃ সস্বরং দিব্যগায়নৈঃ॥ অহংপূর্ব্বিকয়া নৃত্যগীতবাদিত্রকাদিভিঃ। নেত্রাম্বুজসহস্রৈস্তু পূজ্যমানং মুদান্বিতৈঃ॥ বিকিরদ্ভিঃ সর্ব্বদিক্ষু গন্ধচন্দনজং রজঃ। উপবিশ্যাথ গোবিন্দং পূজয়েত্ত্রিরুপায়নৈঃ॥ ওঁ বল্লবীবৃন্দমধ্যস্থঃ কদম্বতরুমূলকে। হাবহাস্যবিলাসৈশ্চ ক্রীড়নং বনান্তরে মা। গোপীভিশ্চৈব গোপালৈর্লীলান্দোলিতযানগম্॥"

এই ধ্যান করিয়া মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্য স্থাপনানন্তর আধারশক্ত্যাদির পূজা করিয়া, পুনরায় ধ্যান করত নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিবেন।

ওঁ আগচ্ছ পরমানন্দ জগদ্ব্যাপিন্ জগন্ময়॥
মদনুগ্রহায় দেবেশ মণ্ডপে কুরু সন্নিধিম্॥

শ্রীভগবদ্গোবিন্দদেব ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদিক্রমে আবাহন করিয়া ষোড়শোপচারে পূজা করিবেন, যথা আসন প্রোক্ষণ ও অর্চ্চনা করিয়া—"এতৎসম্প্রদানায় ওঁ ক্লী" গোবিন্দায় নমঃ" বলিয়া এই মন্ত্র পাঠ করিবেন—

"ওঁ চরাচরমিদং সর্ব্বং যত্র পূর্ব্বং প্রতিষ্ঠিতম্॥
তদন্তস্ত্বমেবেশ আসনং কল্পয়ামি তে॥

ইদং রজতাসনং ওঁ গোবিন্দায় নমঃ।" এইরূপে অন্যান্য সমস্ত দ্রব্য প্রদান করিবেন, পরে "গোবিন্দ ইহ স্বাগতম্?" বলিয়া পাঠ করিবেন।—

"ওঁ যস্য দর্শনমিচ্ছন্তি দেবাঃ স্বাভীষ্টসিদ্ধয়ে ॥ তস্মৈ তে পরমেশায় স্বাগতং স্বাগতঞ্চ মে ॥—ওঁ কৃতার্থোঽনুগৃহীতোঽস্মি সফলং জীবতং মম। আগতো দেবদেবেশ সুস্বাগতমিদং বপুঃ ॥—ওঁ সুস্বাগতম্। ওঁ যস্য পাদাম্বুজে দিব্যে নির্ম্মলে ব্রহ্মরূপিণী। পুনাতি তদ্ভবা গঙ্গা জগৎ পাদ্যং দদাম্যহম্ ॥—এতৎ পাদ্যম্। ওঁ ব্রহ্মাদয়ঃ পাদপদ্মং চিন্তয়ন্তি দিনে দিনে। অনর্ঘ্যায় জগদ্ধাত্রে অর্ঘ্যমেতদ্ দদাম্যহম্ ॥—ইদমনর্ঘ্যম্। ওঁ আচান্তস্তীর্থরাজো বৈ যেনাগস্ত্যরূপিণা। দেবায়ান্তরনাশায় দদাম্যাচমনীয়ম্ ॥ ইদমাচমনীয়ম্ ওঁ সর্ব্বকল্মষ-হীনায় পরিপূর্ণসুখাত্মনে। মধুপর্কমিমং দেব কল্পয়ামি প্রসীদ মে। এষ মধুপর্কঃ। ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্ব্বাপি যস্য স্মরণমাত্রতঃ। শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কম্ ॥—ইদং পুনরাচমনীয়ম্। ওঁ যঃ কোলরূপমাস্থায় প্রলয়ার্ণববিপ্লুতাম্। উজ্জহার ধরামেতাং স্নাপয়ামি তমম্ভসা ॥—ইদং স্নানীয়জলম্। ওঁ ব্রহ্মাণ্ডকোটয়ো যস্য বিশ্বরূপস্য সংবৃতিঃ। আচ্ছাদনায় সর্ব্বেষাং প্রদদে বাসসী শুভে ॥—ইদং বস্ত্রম্। ওঁ স্বভাবসুন্দরাঙ্গায় নানাশক্ত্যাশ্রয়ায় তে। ভূষণানি বিচিত্রাণি কল্পয়াম্যমরার্চ্চিত ॥—ইদমাভরণম্। ওঁ যদঙ্গস্পর্শমরুতঃ সঙ্গান্মলয়জদ্রুমাঃ। সুগন্ধিরসসম্পন্না তস্মৈ গন্ধানুলেপনম্ ॥—এষ গন্ধঃ। ওঁ তুরীয়বনসম্ভূতং নানাগুণমনোহরম্। আনন্দসৌরভং পুষ্পং গৃহ্যতামিদমুত্তমম্ ॥—ইদং পুষ্পং।"

পরে "ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা" এই মন্ত্রে তুলসী প্রদান করিয়া ধূপ দান করিবেন, মন্ত্র যথা—ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥—এষ ধূপঃ। ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতিস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ॥ এষ দীপঃ। ওঁ সৎপাত্র-শুদ্ধসুহবির্বিবিধানেকভক্ষণম্। নিবেদয়ামি দেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্ ॥ এতন্নৈবেদ্যম্।"

মূলমন্ত্রে পানার্থজল নিবেদন করিয়া আচমনীয়দানের মন্ত্রে আচমনীয় জল প্রদান করত; তাম্বূল নিবেদন করিবেন, মন্ত্র যথা—"ওঁ দোষত্রয়হরং দিব্যং কর্পূরাদিসুবাসিতম্। ময়া নিবেদিতং দেব তাম্বূলমিদমুত্তমম্ ॥ ইদং তাম্বূলম্ ॥"

পরে অঙ্গন্যাস, করন্যাস এবং প্রাণায়ামপূর্ব্বক যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণানন্তর "নমো ব্রহ্মণ্যদেবায়" মন্ত্রে প্রণাম করিবেন।

তৎপরে ধ্যানপূর্ব্বক ষোড়শোপচারে লক্ষ্মীর পূজা করিয়া গন্ধপুষ্প দ্বারা আবরণ দেবতার পূজা করিবেন, যথা—

এতে গন্ধপুষ্পে "ওঁ ক্লীঁ কৃষ্ণায় নমঃ", এই ক্রমে—"গোবিন্দায়, গোপীজন বল্লভায়, ভগবতে বাসুদেবায়, শঙ্খায়, চক্রায়, গদায়ৈ, পদ্মায়, শ্রীবৎসায়, কালিন্দ্যৈ, নাগ্নজিত্যৈ, চারুহাসিন্যৈ, রোহিণ্যৈ, জাম্ববত্যৈ, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, রাধিকায়ৈ, অষ্টসখিভ্যঃ, বাসুদেবায়, সঙ্কর্ষণায়, অনিরুদ্ধায়, শান্ত্যৈ, শ্রিয়ৈ, সরস্বত্যৈ, কেশবাদিদ্বাদশমূর্ত্তয়ে

সায়ুধবাহনসপরিবারায় নমঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ।" এইরূপে পূজান্তে আরাত্রিক করিয়া, "ফল্গুচূর্ণায় নমঃ" বলিয়া অর্চ্চনা পূর্ব্বক মন্ত্র পাঠ করিয়া দেবতার অঙ্গে ফল্গুপ্রদান করিবেন, মন্ত্র—

"ওঁ ফল্গো ত্বং সর্ব্বদেবানাং শিরোধার্য্যোঽসি সর্ব্বদা। হরেঃ প্রীতিস্ত্বয়া কার্য্যা নমস্তেঽরুণতেজসে॥ ওঁ দামোদর হৃষীকেশ লক্ষ্মীকান্ত জগৎপতে। গোবিন্দ দোলয়ামি ত্বাং সুপ্রীতো ভব কেশব। ওঁ নারায়ণং জগন্নাথং বৈকুণ্ঠং পুরুষোত্তমম্। লীলয়া খেলয়া দেবং গোপীভিঃ পরিবারিতম্॥ গোপীভির্ব্বেষ্টিতং নাথং খেলয়ৎ-পরমেশ্বরং। লোকযাত্রাহিতার্থায় দোলয়ামি জনার্দ্দনং॥ ফল্গুং গৃহাণ দেবেশ ক্রীড়াকৌতুকমঙ্গলৈঃ। শোভার্থং তে শরীরস্য স্বেচ্ছয়া চাত্র দোলয়ে॥ পুরা দেবাসুরে যুদ্ধে ব্রহ্মণা নির্ম্মিতং স্বয়ম্। অসুরাণাং বিনাশায় গৃহ্ণ ফল্গুং সুরোত্তম॥ কল্যাণং কুরু মে দেব গৃহাণ ফল্গুমুত্তমম্। ত্বৎপ্রসাদাজ্জগন্নাথ তব পূজাং করোম্যহম্। জগন্নাথাচ্যুতানন্ত জগদানন্দবর্দ্ধক। ফল্গুক্রীড়াভিরেতাভিস্ত্রাহি মাং ভবসাগরাৎ॥ জয় কৃষ্ণ জগন্নাথ জয় চানূরসূদন। ফল্গুক্রীড়াভিরেতাভিস্ত্রাহি মাং ভবসাগরাৎ॥ গোপীমুখাম্ভোজ-মধু-পানমত্তমধুব্রত। ফল্গুক্রীড়াভিরেতাভিস্ত্রাহি মাং ভবসাগরাৎ॥ জয় দেব দিনেশান রজনীশবিলোচন। নিরাকার-নিরাভাস নির্গুণ ত্রাহি মাং প্রভো॥" তৎপরে তিনবার প্রদক্ষিণ করিয়া—সপ্তবার অল্প অল্প দোলন করিবেন।

তৎপরে সূর্য্যোদয়ের তিন মুহূর্ত্ত পরে সঙ্গবকালে সামান্যার্ঘ ও ন্যাসাদি যথাশক্তি সমাপন করিয়া, "ফুল্লেন্দী" ইত্যাদি ধ্যানদ্বারা দশোপচারে বা ষোড়শোপচারে গোবিন্দের এবং লক্ষ্মীর পূজাপূর্ব্বক সপ্তবার দোলন করিবেন।

অনন্তর মধ্যাহ্নকালে বিগ্রহকে দোলা হইতে অবতরণ করাইয়া অগ্রে পঞ্চোপচারে পূজাপূর্ব্বক অভিষেক করিয়া পরে বিশেষ পূজা করিবেন। (অভিষেক পদ্ধতি দেখুন)।

স্নানের পর ধৌত-শুষ্কবস্ত্র দ্বারা বিগ্রহের গাত্রজল মোচনপূর্ব্বক শোভন বেশভূষা করাইয়া, গোবিন্দ ও লক্ষ্মীর ধ্যানানন্তর ষোড়শোপচারে পূজা করিবেন, পরে অন্নব্যঞ্জনাদি ভোগ দিয়া আরাত্রিক করিবেন।

তৎপরে দক্ষিণাদ্রব্য গন্ধাদি দ্বারা যথাবিধি অর্চ্চনা করিয়া—"অদ্যেত্যাদি শ্রীভগবদ্-গোবিন্দ-প্রীতিকামনয়া কৃতৈতৎ-শ্রীভগবদ্গোবিন্দ-দোলারোহণপূর্ব্বকফল্গুৎসবকর্ম্মণঃ সাঙ্গতার্থং—দক্ষিণামেতৎ কাঞ্চনমূল্যরজতখণ্ডং শ্রীভগবদ্গোবিন্দায় তুভ্যমহং সম্প্রদদে (দাদানি)।" এই ক্রমে দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিয়া বৈগুণ্যসমাধান করিবেন।

ইতি দোলযাত্রাপদ্ধতি।

অথ চন্দনীয়-পুষ্পদোলযাত্রাপদ্ধতি

প্রথমে কর্ত্তা মঞ্চ নির্ম্মাণ করিয়া তদুপরি গোবিন্দকে স্থাপন পূর্ব্বক উত্তরমুখ হইয়া কুশাসনে উপবেশন করিবেন, পরে আচমন ও স্বস্তিবাচনপূর্ব্বক "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্রে পাঠ করিয়া, সঙ্কল্প করিবেন, যথা—

"বিষ্ণুরোম্ তৎসদস্ত বৈশাখে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-শ্রীভগবদ্‌গোবিন্দ-পূজা-চন্দন-সহিতপুষ্পদোল-যাত্রামহং করিষ্যে ॥"

এইরূপে সঙ্কল্প করিয়া স্ব স্ব সূক্ত পাঠ করত পঞ্চগব্য দ্বারা মঞ্চশোধন করিয়া পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা সেই সেই মন্ত্রপাঠ করিয়া গোবিন্দকে স্নান করাইবেন, পরে সামান্যার্ঘ্যস্থাপন আসনশুদ্ধ্যাদি করিয়া ঋষ্যাদি ন্যাস করিবেন, যথা—

"অস্য শ্রীকৃষ্ণমন্ত্রস্য নারদঋষিবিরাড়্‌গায়ত্রী ছন্দঃ শ্রীকৃষ্ণো দেবতা চতুর্বর্গসাধনে বিনিয়োগঃ।" শিরসি—"ওঁ নারদায় ঋষয়ে নমঃ।" মুখে—"ওঁ বিরাড়্ গায়ত্রী চ্ছন্দসে নমঃ। হৃদি—"ওঁ শ্রীকৃষ্ণায় দেবতায়ৈ নমঃ।"

এইরূপ ন্যাস করিয়া—"ক্লীং" এই মূলমন্ত্র পাঠ করত সাতবার ব্যাপক ন্যাস করিবেন। পরে কূর্ম্মমুদ্রায় পুষ্পগ্রহণ করত শ্রীকৃষ্ণের ধ্যান করিবেন, যথা—

"ওঁ স্মরেদ্‌বৃন্দাবনে রম্যে মোহয়ন্তমনাবৃতং। গোবিন্দং পুণ্ডরীকাক্ষং গোপকন্যাঃ সহস্রশঃ। আত্মনো বদনাম্ভোজে প্রেরিতাক্ষিমধুব্রতাঃ। পীড়িতাঃ কামবাণেন চিরমাশ্লেষণোৎসুকাঃ। মুক্তাহার-লসৎ-পীনতুঙ্গস্তনভরানতাঃ। স্রস্তধম্মিল্লবসনা মদস্খলিত-ভাষণাঃ। দন্তপঙ্‌ক্তি-প্রভোদ্ভাসি-স্পন্দমানাধরাঞ্চিতাঃ। বিলোভয়ন্তী-র্ব্বিবিধৈর্ব্বিভ্র-মৈর্ভাবগর্ব্বিতৈঃ। ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং। শ্রীবৎসাঙ্কমুদার-কৌস্তভধরং পীতাম্বরং সুন্দরং। গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গো-গোপ-সঙ্ঘাবৃতং। গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে ॥ এইরূপে ধ্যান করিয়া মানসোপচারে পূজা করত বিশেষার্ঘ্যস্থাপন করিয়া পীঠপূজা ও পুনর্ব্বার ধ্যান করিয়া ষোড়শোপচারে পূজা করিবেন পূজা প্রণালী যথা—আসন প্রোক্ষণ করত অর্চ্চনা করিয়া "ইদমাসনং ক্লীং শ্রীকৃষ্ণায় নমঃ।" এইরূপ সর্ব্বত্র "ক্লীঁ" "শ্রীকৃষ্ণ স্বাগতং ওঁ সুস্বাগতম্ ॥" পাদ্যং নমঃ। অর্ঘ্যং নমঃ। আচমনীয়ং নমঃ। মধুপর্কঃ নমঃ। পুনরাচমনীয়ং নমঃ। গন্ধতৈলং নমঃ। স্নানীয়-জলং নমঃ। যজ্ঞোপবীতং নমঃ। আভরণং নমঃ। গন্ধো নমঃ॥ পুষ্পং নমঃ। নৈবেদ্যং নমঃ। পানার্থজলং নমঃ। আচমনীয়ং নমঃ। তাম্বুলং নমঃ। এই প্রকারে পূজা করিয়া মূলমন্ত্র উচ্চারণ করত চন্দন ও নানাবিধ সুগন্ধপুষ্প শ্রীকৃষ্ণগাত্রে অর্পণ করিয়া তিনবার পুষ্পাঞ্জলি দান করিয়া আবরণ দেবতাদিগের পূজা করিবেন; যথা—এতে গন্ধপুষ্পে "ক্লাং হৃদয়ায় নমঃ। ক্লীঁ শিরসে স্বাহা। ক্লূং শিখায়ৈ বষট্। ক্লৈং কবচায় হুং। ক্লৌং নেত্রাভ্যাং বৌষট্। ক্লঃ অস্ত্রায় ফট্। ওঁ বেণবে নমঃ। ওঁ কৌস্তভায় নমঃ॥ ওঁ বনমালায়ৈ নমঃ। ওঁ মকর-কুণ্ডলায় নমঃ। ওঁ মৎস্যাবতায় নমঃ। কূর্ম্মাবতারায় নমঃ। ওঁ বরাহাবতারায় নমঃ। ওঁ নৃসিংহাবতারায় নমঃ। ওঁ বামনাবতারায় নমঃ। ওঁ পরশুরামাবতারায় নমঃ। ওঁ শ্রীরামচন্দ্রাবতারায় নমঃ। ওঁ বলরামাবতারায় নমঃ। ওঁ বুদ্ধাবতারায় নমঃ। ওঁ কল্ক্যবতারায় নমঃ।"

এই প্রকারে আবরণ দেবতার পূজা করিয়া স্তব পাঠ করিবেন। অতঃপর প্রণাম করিবেন, যথা—

"ওঁ কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥"

পরে যথোক্ত কুশণ্ডিকা করিয়া হোমের সঙ্কল্প করিবেন, "বিষ্ণুরোম্ তৎসদন্ত অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীকৃষ্ণপ্রীতিকামঃ ক্লীং স্বাহেতিমন্ত্রেণ সতিলাজ্যকরবীরপুষ্পসমিদ্ভিরষ্টোত্তরশত (অষ্টাবিংশতি) সংখ্যকহোমমহং করিষ্যে।" এইরূপে সঙ্কল্প করত হোম শেষ করিয়া স্বশাখোক্ত শান্তিমন্ত্রদ্বারা শান্তি এবং ভস্মতিলক করিয়া—দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

ইতি চন্দনীয়পুষ্পদোলযাত্রাপদ্ধতি।

স্নান-যাত্রা

চতুর্দ্দশীর নিশায় ইষ্টকাদিরচিত-মঞ্চে শ্রীকৃষ্ণের পূজাপূর্ব্বক অধিবাস করিবেন। পরদিন পৌর্ণমাসীতে প্রাতঃকৃত্যাদি সমাপনান্তে স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবেন; যথা—"বিষ্ণুরোম্ তৎসদন্ত জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ অমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফলপ্রাপ্তিকামো-ঽমুকদেব-স্নান-যাত্রামহং করিষ্যে।"

পরে সূক্তপাঠ করিয়া যথাশক্তি উপচার দ্বারা পূজা করিয়া মহাস্নান (অভিষেক) করাইবেন। পরে ষোড়শোপচার দ্বারা পূজা করিয়া স্তব পাঠান্তে প্রার্থনা করিবেন, "ওঁ জয়স্ব রামকৃষ্ণেতি জয়ভদ্রেতি যো বদেৎ। স্নানকালে স বৈ মুক্তিং প্রয়াতি দ্বিজসত্তমঃ॥" পরে ভগবান্‌কে দর্শন করিবেন, তৎপরে দক্ষিণাবাক্য করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবেন।

চন্দন-যাত্রা

পূর্ব্বদিন সায়ংকালে নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক পুণ্যাহ বাচন করাইয়া স্বস্তি বাচন করত "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠান্তে সঙ্কল্প করিবেন, যথা—

"ওঁ অদ্যেত্যাদি শ্বঃকর্ত্তব্যশ্রীবিষ্ণোশ্চন্দনযাত্রাকর্ম্মাঙ্গভূতং গণপত্যাদিদেবতাপূজা-পূর্ব্বকং শ্রীকৃষ্ণস্য শুভাধিবাসনকর্ম্মাহং করিষ্যে।"

এইরূপ সঙ্কল্প করিয়া স্বশাখোক্ত সূক্ত পাঠান্তে সামান্যার্ঘ্যাদিস্থাপন করত শালগ্রামে বা ঘটে গণেশ, শিব, বিষ্ণু, সূর্য্য, অগ্নি, কেশব, কৌশিকী; আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল, মৎস্যাদি দশ-অবতার, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, গঙ্গা, যমুনা, নন্দ, যশোদা, বাসুদেব, দেবকী, বলরাম, দাম, সুদাম, উদ্ধব ইহাদের পূজা করিয়া—"ওঁ স্বর্গস্থ-দেবতাগণেভ্যো নমঃ" এই ক্রমে—"মর্ত্ত্যস্থদেবতাগণেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, বিষহর্য্যৈ, বাস্তুপুরুষায়, পূজিতদেবতাগণেভ্যঃ" ওঁঙ্কারাদি-নমোঽন্তে পূজা করিবেন।

তৎপরে "গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদিক্রমে করন্যাস অঙ্গন্যাস করিয়া "ওঁ শুদ্ধস্ফটিক-সঙ্কাশং হিমকুন্দেন্দুসন্নিভং। কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রণয়ন্তং চরাচরম্॥ লাবণ্যামৃত-ধারাভিঃ সিঞ্চন্তমিব সর্ব্বতঃ। সুনাভং বারিজং পদ্মং ধারয়ন্তং গদাং শুভাম্॥ ভূষিতং মালয়া তদ্বৎ দীপিতং নয়নাঞ্জনৈঃ। শ্রীপুষ্টিগরুড়াদ্যৈশ্চ সমন্তাত্ পরিপ্লুতম্॥"

এইরূপ ধ্যান করিয়া "ওঁ নমো ভগবতে বাসুদেবায় শ্রীবিষ্ণবে গোবিন্দায় সর্ব্বাত্মনে নমঃ" এই মন্ত্রে যথাশক্তি উপচার দ্বারা পূজা করিবেন, অনন্তর নিম্নলিখিত পাঁচটি মন্ত্রে পাঁচ বার মাষভক্ত বলি প্রদান করিবেন, মন্ত্র যথা—

"ওঁ ক্ষেত্রপাল নমস্তুভ্যং সর্ব্বশান্তিফলপ্রদ। বিঘ্নসঙ্ঘবিনাশায় গৃহাণেমং বলিং মম॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ॥ ১॥ ওঁ ভূতযক্ষপিশাচাদ্যা গন্ধর্ব্বা রাক্ষসাশ্চ যে। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ যক্ষ-ভূত-পিশাচ-গন্ধর্ব্ব রাক্ষসেভ্যো নমঃ॥ ২॥ ওঁ আদ্যাশ্চ কর্ম্মজাশ্চৈব যে ভূতা দিগ্বিদিক্স্থিতাঃ। পরিতুষ্টা ময়া দত্তং প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ আদ্যন্বকর্ম্মজদিগ্বিদিক্-স্থিতভূতেভ্যো নমঃ॥ ৩॥ ওঁ বৃক্ষেষু পর্ব্বতাগ্রেষু যে বিদিক্ষু চ সংস্থিতাঃ। ভূমৌ ব্যোম্নি স্থিতা যে চ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ বৃক্ষাস্থিতভূতেভ্যো নমঃ॥ ৪॥ ওঁ বিনায়কাঃ ক্ষেত্রপালাঃ পিশাচাঃ কটপূতনাঃ। বলিং যে মম কাঙ্ক্ষন্তে প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ বিনায়ক-ক্ষেত্রপাল-পিশাচ-কটপূতনাদিভ্যো নমঃ॥" ৫॥ পরে অধিবাস করিবেন, পরদিন প্রত্যূষে নিত্যক্রিয়াদি সমাপন পূর্ব্বক মহোৎসবসহকারে বিগ্রহকে ভদ্রপীঠে স্থাপন করত স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবেন।

যথা—"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকং শ্রীকৃষ্ণস্য চন্দনযাত্রামহং করিষ্যে।"

এইরূপ সঙ্কল্পান্তে স্বশাখোক্ত সূক্ত পাঠ করিয়া মহাস্নান করাইবেন, তৎপরে নূতন বস্ত্রদ্বারা দেবতার অঙ্গ-জল মার্জ্জনপূর্ব্বক বস্ত্রালঙ্কার ও মাল্যাদি দ্বারা দেবতাকে ভূষিত করিয়া পুনরায় আচমন করত নিম্নলিখিত মন্ত্রে ভূতাপসারণ করিবেন,—মন্ত্র যথা,—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥"

অনন্তর গুরুপঙ্ক্তি নমস্কার, ভূতশুদ্ধি "ক্লীং" বীজ দ্বারা প্রাণায়াম ও করন্যাস অঙ্গন্যাস করিয়া ঋষ্যাদিন্যাস করিবেন যথা—

শিরসি—"প্রজাপতয়ে ঋষয়ে নমঃ।" মুখে—"গায়ত্রীচ্ছন্দসে নমঃ।" হৃদি—"শ্রীবিষ্ণবে দেবতায়ৈ নমঃ।" তৎপরে ধ্যান করিবেন। যথা—

"ওঁ উদ্যৎপ্রদ্যোতনশতরুচিং তপ্তহেমাবদাতং, পার্শ্বদ্বন্দ্বে জলধিসুতয়া বিশ্বধাত্রা চ জুষ্টম্। নানারত্নোল্লসিতবিবিধাকল্পমাপীতবস্ত্রং, বিষ্ণুং বন্দে সরসিজগদাশঙ্খচক্রাঙ্কপাণিম্।"

এইরূপ ধ্যান করিয়া নিম্নলিখিত রূপ কেশবকীর্ত্ত্যাদি ন্যাস করিবেন :—

ললাটে—"অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ।" মুখে—"আং নারায়ণায় কান্ত্যৈ নমঃ।"

দক্ষিণনেত্রে "ইং মাধবায় তুষ্টৈ্য নমঃ।" বামনেত্রে—"ঈং গোবিন্দায় পুষ্টৈ্য নমঃ।" দক্ষিণকর্ণে—"উং বিষ্ণবে ধৃত্যৈ নমঃ।" বামকর্ণে—"ঊং মধুসূদনায় শান্ত্যৈ নমঃ।" দক্ষিণ-নাসায়াং—"ঋং ত্রিবিক্রমায় ক্রিয়ায়ৈ নমঃ।" বামনাসায়াং—"ৠং বামনায় দয়ায়ৈ নমঃ।" দক্ষিণগণ্ডে—"ঌং শ্রীধরায় মেধায়ৈ নমঃ।" বামগণ্ডে—"ৡং হৃষীকেশায় হর্ষায়ৈঃ নমঃ" ওষ্ঠে—"এং পদ্মনাভায় শ্রদ্ধায়ৈ নমঃ॥" অধরে—"ঐং দামোদরায় লজ্জায়ৈ নমঃ।" ঊর্দ্ধদন্তে—"ওঁ বাসুদেবায় লক্ষ্ম্যৈ নমঃ।" অধোদন্তে—"ঔঁ সঙ্কর্ষণায় সরস্বত্যৈ নমঃ।" মস্তকে—"অং প্রদ্যুম্নায় প্রীত্যৈ নমঃ।" মুখে—"অঃ অনিরুদ্ধায় রত্যৈ নমঃ।" দক্ষিণ বাহুমূলে—কং চক্রিণে জয়ায়ৈ নমঃ।" দক্ষিণ কূর্পরে—"খং গদিনে দুর্গায়ৈ নমঃ।" দক্ষিণমণিবন্ধে—"গং শার্ঙ্গিণে প্রভায়ৈ নমঃ।" দক্ষিণহস্তাঙ্গুলীমূলে—"ঘং খড়্গিনে সত্যায়ৈ নমঃ।" দক্ষিণহস্তাঙ্গুল্যগ্রে—"ঙং শঙ্খিনে চণ্ডায়ৈ নমঃ।" বামবাহুমূলে—"চং হাকিনে বাণ্যৈ নমঃ।" বামকূর্পরে—"ছং মুষলিনে বিলাসিন্যৈ নমঃ।" বামমণিবন্ধে—"জং শূলিনে বিজয়ায়ৈ নমঃ।" বামহস্তাঙ্গুলীমূলে—"ঝং পাশিনে বিজয়ায়ৈ নমঃ।" বামহস্তাঙ্গুল্যগ্রে—"ঞং অঙ্কুশিনে বিশ্বায়ৈ নমঃ।" দক্ষিণপাদমূলসন্ধ্যগ্রস্থানে—"টং মুকুন্দায় বিনন্দায়ৈ নমঃ। ঠং নন্দজায় নমঃ। ডং নন্দিনে স্মৃতৈ নমঃ। ঢং নারায় ঋদ্ধ্যৈ নমঃ। ণং নরকজিতে সমৃদ্ধ্যৈ নমঃ।" বামপাদমূলসন্ধ্যগ্রস্থানে—তং হরয়ে শুদ্ধ্যৈ নমঃ। থং কৃষ্ণায় বুদ্ধ্যৈ নমঃ।" দং সত্যায় মুক্ত্যৈ নমঃ। ধং সাত্বতায় সত্যৈ নমঃ। নং সৌরায় ক্ষমায়ৈ নমঃ।" দক্ষিণপার্শ্বে "পং শূরায় রমায়ৈ নমঃ।" বামপার্শ্বে—"ফং জনার্দ্দনায় উমায়ৈ নমঃ।" পৃষ্ঠে—"বং ভূধরায় ক্লেদিন্যৈ নমঃ।" নাভিতে—"ভং বিশ্বমূর্ত্তয়ে ক্লিন্নায়ৈ নমঃ।" উদরে—"মং বৈকুণ্ঠায় বসুদায়ৈ নমঃ।" হৃদয়ে "যং ত্বগাত্মনে পুরুষোত্তমায় বসুধায়ৈ নমঃ।" দক্ষিণস্কন্ধে—"রং অসৃগাত্মনে বলিনে পরায়ৈ নমঃ। ককুৎস্থানে—"লং মাংসাত্মনে বলানুজায় পরায়ণয়ৈ নমঃ।" বামাংশে—"বং মেদাত্মনে বলায় সূক্ষ্মায়ৈ নমঃ। হৃদয়াদিদক্ষিণকরে—"শং অস্থ্যাত্মনে বৃষঘ্নায় সন্ধ্যায়ৈ নমঃ।" হৃদয়াদিবামহস্তে—"ষং মজ্জাত্মনে বৃষায় প্রজ্ঞায়ৈ নমঃ।" হৃদয়াদিদক্ষিণপাদে—"সং শুক্রবর্ত্মনে হংসায় প্রভায়ৈ নমঃ।" হৃদয়াদিবামপাদে—"হং প্রাণাত্মনে বরাহায় নমঃ।" হৃদয়াদি উদরে—"ळং জীবাত্মনে বিমলায় অমোঘায়ৈ নমঃ।" হৃদয়াদিমুখে—"ক্ষং ক্রোধাত্মনে নৃসিংহায় বিদ্যুতায়ৈ নমঃ।"

পরে ওঁ কিরীট-কেয়ূর-হার-মকরকুণ্ডলধর-শঙ্খচক্রগদাম্ভোজ-হস্ত-পীতাম্বরধর-শ্রীবৎসাঙ্ক-বক্ষঃস্থল-শ্রীভূমিসহিত-স্বাত্মজ্যোতির্ম্ময়-দীপ্তিকরায় সংস্রাদিততেজসে নমঃ।"

এই মন্ত্রে ব্যাপকন্যাস করিয়া অধিবাসোক্তরূপে ধ্যান করিয়া নিজ মস্তকে পুষ্পদানান্তে মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্যস্থাপনপূর্ব্বক ষোড়শ-উপচারে (রাসযাত্রা দেখুন) পূজা করিয়া আবরণ দেবতাগণের পূজা করিবেন যথা—

"ওঁ বিষ্ণবে নমঃ।" এই ক্রমে—"বেণবে, বনমালায়ৈ, শ্রীবৎসায়, সুদাম্নে, বাসুদেবায়,

কিঙ্কিণ্যৈ, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, নাগ্নজিত্যৈ, মিত্রবিন্দায়ৈ সুনন্দায়ৈ, সুলক্ষণায়ৈ, জাম্ববত্যৈ, সীতায়ৈ, দেবক্যৈ, যশোদায়ৈ, রোহিণ্যৈ, সুভদ্রায়ৈ, বলভদ্রায়, গোপেভ্যঃ, মন্দারায়, সন্তানায়, কল্পবৃক্ষায়, পারিজাতায়, হরিচন্দনায়, কৃষ্ণায়, বাসুদেবায়, নন্দায়, নারায়ণায়, যদুশ্রেষ্ঠায়, বিষ্ণবে, অসুরান্তায়, ভূভারহারিণে, শঙ্খায়, চক্রায়, গদায়ৈ, পদ্মায়, লক্ষ্ম্যৈ, মহালক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, ব্রহ্মণে, বনমালায়ৈ, অনন্তায়, রাধায়ৈ, বিনতায়ৈ, ব্যাসায়, পরাশরায়, বশিষ্ঠায়, যমুনায়ৈ, হনুমতে, গরুড়ায়, পদ্মাসনায়।" ইহাদের আদিতে প্রণব (ওঁ) অন্তে "নমঃ" যোগ করিয়া পূজা করিবেন, পরে বন্দনা করিবেন, মন্ত্র যথা—

"ওঁ অনঘং বামনং সৌরিং কামদং পুরুষোত্তমং। বাসুদেবং হৃষীকেশং নৃসিংহং দৈত্যসূদনং॥ দামোদরং পদ্মনাভং কেশবং গরুড়ধ্বজং। গোবিন্দমব্যয়ং বিশ্বমনন্তমপরাজিতং। অধোক্ষজং জগদ্বীজং সর্গস্থিত্যন্তকারিণং। অনাদিনিধনং দেবং ত্রিলোকেশং ত্রিবিক্রমং॥ নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাধরং। পীতাম্বরং নিত্যং বনমালাবিভূষিতং॥ শ্রীবৎসাঙ্কং জগন্নেত্রং শ্রীধরং শ্রীপতিং হরিং। প্রপদ্যেহহং মহাদেবং সর্ব্বকামবিশুদ্ধয়ে। ইতি সংস্তুত্য তং দেবং তুষ্ট্যা চ শ্রদ্ধয়ান্বিতঃ। প্রীতো ভবেত্তদা তস্মৈ দেবো নারায়ণো বিভুঃ॥ ওঁ দেবদেব জগন্নাথ সহজানন্দ নির্ম্মল। সংসারসাগরে মগ্নং ত্রাহি মাং পরমেশ্বর॥ নানাসন্তাপসন্তপ্তং শুভদৃষ্ট্যামৃতেন মাং। সন্তর্পয় তৃণং শুষ্কং যথা মেঘো নমোহস্তু তে॥"

তৎপরে যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণ করিবেন।

তৎপরে স্বশাখোক্ত-কুশণ্ডিকা শেষ করত ঘৃতাক্ত দূর্ব্বা বা করবীরপুষ্প দ্বারা হোম করিবেন, পরে নানাবাদ্যসহকারে অধিবাসের চন্দন আনয়ন করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করত দেবতার গাত্রে লেপন দিবেন। মন্ত্র যথা—

"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥"

পরে চামরাদিদ্বারা ভগবান্‌কে ব্যজন করিয়া পুনরায় যথাশক্তি পূজাপূর্ব্বক দক্ষিণা দান করত অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য প্রশমন করিয়া শান্তি-আশীর্ব্বাদ করিবেন।

অথ বিষ্ণোর্ম্মহাভিষেক-পদ্ধতিঃ

তত্রাদৌ দ্রব্যাসাদনং যথা—মর্দ্দিতহরিদ্রা, তৈলং, বিষ্ণুতৈল্যং, নারায়ণতৈলম্। অভ্যঙ্গনার্থং পঞ্চবিংশতিপলপরিমিতং ঘৃতম্। উদ্বর্তনদ্রব্যাণি যথা—হরিদ্রা, শঙ্খপুষ্পী (ডাইনকুনি), লাক্ষা, গম্ভারী, কুশাগ্রং, এতানি পিষ্ট্বা কর্পূরাদি সুগন্ধ-মিশ্রিতানি।

দ্বাদশ মৃত্তিকা যথা। হস্তিদন্তমৃৎ, বারাহদন্তমৃৎ, অশ্বখুরলগ্নমৃৎ, গোষ্ঠমৃৎ, গোশৃঙ্গমৃৎ, চতুষ্পথমৃৎ, গঙ্গাতীরমৃৎ, নদীকূলদ্বয়মৃৎ, রাজদ্বারমৃৎ, বল্মীকাগ্রমৃৎ, কুশমূলমৃৎ, পদ্মমূলমৃৎ, সর্ব্বৌষধিঃ, মহৌষধিঃ, গন্ধোদকং, পঞ্চামৃতং, পঞ্চগব্যম্, পুষ্পং চন্দনং, বারিপূরিতকুম্ভা অষ্টৌ। ঘটান্তরে দ্বাদশব্রীহিযুক্তজলম্। উষ্ণোদকং, রত্নোদকং, নারিকেলোদকং

তালফলোদকং, পুষ্পোদকং, ইক্ষুরসঃ, ইক্ষুগুড়ং, নদীনদোদকং, গন্ধোদকং, সরস্বত্যুদকং, সাগরোদকং, নির্ঝরোদকং পদ্মরজোমিশ্রিতোদকম্। ইতি দ্রব্যাসাদনম্।

ততঃ সঙ্কল্পং কুর্য্যাৎ যথা। "বিষ্ণুরোঁ তৎসৎ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফলপ্রাপ্তিপূর্ব্বক শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শালগ্রামাধিকরণক শ্রীবিষ্ণোর্ম্মহাস্নানহাপূজনকর্ম্মাহং করিষ্যে।" পরার্থশ্চেৎ "করিষ্যামীতি" বিশেষঃ। ততঃ সঙ্কল্পসূক্তং পঠিত্বা ছত্রচামরধ্বজপতাকাদিভিঃ সুসজ্জীকৃতং, শঙ্খঘণ্টাভের্য্যাদিবহুবাদ্যপুরঃসরং দেবং স্বর্ণাদিরচিতে ভদ্রাসনে সংস্থাপ্য মহাভিষেকমারভেৎ। তদ্‌যথা। তৈলহরিদ্রয়া। "ওঁ কোঽসি কতমোঽসি কস্মৈ ত্বা কায় ত্বা সুশ্লোকঃ সুমঙ্গলং সত্যরাজন্।" নারায়ণতৈলেন। ওঁ নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ।" বিষ্ণুতৈলেন তথা তিলতৈলেন—"ওঁ তৈলং যদ্রৌক্ষদোষঘ্নং স্নিগ্ধং রম্যং সুশীতলম্। তেন ত্বাং স্নাপয়ামীহ বরদো ভব কেশব।" পঞ্চবিংশতিপলপরিমিতঘৃতেন। "ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেষসা দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতে অজরে ভূরি রেতসা।" ততঃ পূর্ব্বোক্তোদ্বর্ত্তনদ্রব্যেণ মূলমন্ত্রেণোদ্বর্ত্তয়েৎ। ততো হস্তিদন্তমৃদা। "ওঁ ইরাবতী ধেনুমতী হি ভূতং সুযবসিনী মনবে দশাস্যাঃ ব্যস্কভ্না রোদসী বিষ্ণএতে দাধর্থ পৃথিবী মভিতো ময়ূখৈঃ।" বরাহদন্তমৃদা। "ওঁ নীল-গ্রীবাঃ শিতিকণ্ঠা দিবং রুদ্রা অধিশ্রিতাঃ। তেষাং সহস্রযোজনেব ধন্বানি তন্মসী।" অশ্বক্ষুরলগ্নমৃত্তিকয়া।" নারায়ণগায়ত্র্যা। গোষ্ঠমৃদা। "ওঁ আপো দেবী মধুমতী অগৃভ্নং নূর্যস্তি রাজস্বশ্চিতানঃ জ্যোতির্মিত্রাবরুণ অভ্যাষিঞ্চন্যাভিরিন্দ্র মনয়ন্নত্যরাতী।" গোশৃঙ্গমৃদা। "ওঁ মূর্দ্ধানং দিবোঽরতিং পৃথিব্যা বৈশ্বানর মৃত আ জাতমগ্নিং কবিং সম্রাজমতিথিং জনানামাসন্নাপাত্রং জনয়ন্ত দেব্যাঃ।" চতুষ্পথমৃদা। "ওঁ চতুষ্পথভবে মৃৎস্নে সর্ব্বশত্রুক্ষয়ঙ্করি। বিষ্ণুস্নানেন দেবেশি কল্যাণং কুরু মে সদা।" গঙ্গাতীরমৃদা। ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।" নদীকুলদ্বয়মৃদা। "ওঁ পঞ্চনদ্যঃ সরস্বতীমপিবন্তী সস্রোতসঃ। সরস্বতী তু পঞ্চধাস্যে দেশেঽভবৎ সরিৎ।" রাজদ্বারমৃদা। "ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ। ব্যাত্তং ইষ্ণন্নিষাণামুন্ম ইষাণ সর্ব্বলোকন্ম ইষাণ।" খড়্গালগ্নমৃদা। খড়্গা পশুবিশেষস্তস্য খড়্গালগ্নমৃদেতি। "ওঁ নমস্তে রুদ্রমন্যব উতোত ইষবে নমঃ। বাহুভ্যামুতেত নমঃ।" কুশমূলমৃদা। "ওঁ কায় স্বাহা কস্মৈ স্বাহা, কতমস্মৈ স্বাহা, স্বাহা ধীমহি যঃ স্বাহা মনঃ প্রজাপতয়ে স্বাহা চিত্তং বিজ্ঞাতায়।" পদ্মমূললগ্নমৃদা। "ওঁ কুবিদঙ্গ যবমন্তো যবং চিদ্‌যথা দান্ত্যনুপূর্ব্বং বিয়ূয় ইহেহৈষাং কৃণুহি ভোজনানি যে বর্হিষো নমো বৃত্তিং ন জগ্মুঃ।" রত্নোদকেন। "ওঁ নারায়ণায় নমঃ।" স্বর্ণোদকেন। "ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। স দাধার পৃথিবীং দ্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেম।" কচুঞ্চবারিণা। "ওঁ শন্ন আপ" ইত্যাদি মন্ত্রেণ। শুদ্ধজলেন। "ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরযুর্গণ্ডকী পুণ্যা

শ্বেতগঙ্গা চ কৌশিকী। ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমম্।" ততঃ শুদ্ধজলৈঃ—কামগায়ত্র্যা—পুরুষসূক্তৈঃ শ্রীসূক্তৈশ্চ স্নাপয়েৎ। তদ্‌যথা। "ওঁ কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ। ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ, সভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্ ॥ ১ ॥ ওঁ পুরুষ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভব্যং উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি ॥ ২ ॥ ওঁ এতাব নস্য মহিমাতো জ্যায়াংশ্চ পুরুষঃ। পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি ॥ ৩ ॥ "ওঁ ত্রিপাদূর্দ্ধ উদৈৎপুরুষঃ পাদোঽস্যেহা ভবৎ পুনঃ। ততো বিষঙ্ ব্যক্রামদ শাশনানশনে অভি ॥ ৪ ॥ ওঁ ততো বিরাড়জায়ত বিরাজো অধিপুরুষঃ। স জাতো অত্যরিচ্যত পশ্চাদ্ভূমিমথো পুরঃ ॥ ৫ ॥ ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ সম্ভৃতং পৃষদাজ্যং। পশূংস্তাংশ্চক্রে বায়ব্যা নারণ্যা গ্রাম্যাশ্চ যে ॥ ৬ ॥ ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ ঋচঃ সামানি যজ্ঞিরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্ যজুস্তস্মাদজায়ত ॥ ৭ ॥ ওঁ তস্মাদশ্বা অজায়ন্ত যে কেচোভয়াদতঃ। গাবো হ যজ্ঞিরে তস্মাত্তস্মাজ্জাতা অজাবয়ঃ ॥ ৮ ॥

ওঁ তং যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্ পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অযজন্ত সাধ্যা ঋষয়শ্চ যে ॥ ৯ ॥ ওঁ যৎপুরুষং ব্যদধুঃ কতিধা ব্যকল্পয়ন্। মুখং কিমস্যাসীৎ কিংবাহূ কিমূরূ পাদা উচ্যেতে ॥ ১০ ॥ ওঁ ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যঃ কৃতঃ। উরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত ॥ ১১ ॥ ওঁ চন্দ্রমা মনসোজাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত। শ্রোত্রাদ্বায়ুশ্চ প্রাণশ্চ মুখাদগ্নিরজায়ত ॥ ১২ ॥ ওঁ নাভ্যা আসীদন্তরিক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্ত্তত। পদ্ভ্যাং ভূমির্দ্দিশঃ শ্রোত্রাত্তথা লোকান্ অকল্পয়ন্ ॥ ১৩ ॥ ওঁ যৎ পুরুষেণ হবিষা দেবা যজ্ঞমতন্বত। বসন্তোঽস্যাসীদাজ্যং গ্রীষ্ম ইধ্মঃ শরদ্ধবিঃ ॥ ১৪ ॥ ওঁ সপ্তাস্যাসন্ পরিধয় স্ত্রিঃ সপ্তসমিধঃ কৃতাঃ। দেবা যদ্‌যজ্ঞং তন্বানা অবধ্নন্ পুরুষং পশুম্ ॥ ১৫ ॥ ওঁ যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাস্তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্। তে হ নাকং মহিমানং সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ ॥ ১৬ ॥ ওঁ অদ্ভ্যঃ সম্ভৃতঃ পৃথিব্যৈ রসাচ্চ বিশ্বকর্ম্মণঃ। সমবর্ত্ততাগ্রে তস্য ত্বষ্টা বিদধদ্রূপমেতি তন্মর্ত্ত্যস্য দেবত্বমাজাতমগ্রে ॥ ১৭ ॥ ওঁ বেদাহ-মেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায় ॥ ১৮ ॥ ওঁ প্রজাপতিশ্চরতি গর্ভে অন্তরজায়মানো বহুধা বিজায়তে। তস্য যোনিং পরিপশ্যন্তি ধীরাস্তস্মিন্ হ তস্থুর্ভুবনানি বিশ্বা ॥ ১৯ ॥ ওঁ যো দেবেভ্য আতপতি যো দেবানাং পুরোহিতঃ। পূর্ব্বো যো দেবেভ্যো জাতো নমো রুচয়ে ব্রাহ্ময়ে ॥ ২০ ॥ ওঁ রুচং ব্রাহ্মং জনয়ন্ত দেবা অগ্রে তমব্রুবন্। যস্ত্বেবং ব্রাহ্মণো বিদ্যাত্তস্য দেবা অসন্ বশে। ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তং ইষ্ণন্নিষাণামুম্ন ইষাণ সর্ব্বলোকং ম ইষাণ ওঁ" ॥ ইতি পুরুষসূক্তম্।

অথ শ্রীসূক্তম্

"ওঁ হিরণ্যবর্ণাং হরিণীং স্বর্ণরজতস্রজম্। চন্দ্রাং হিরণ্ময়ীং লক্ষ্মীং জাতবেদো মমাবহ ॥ ১॥ ওঁ তন্মে আবহ জাতবেদো লক্ষ্মীমনপগামিনীম্। যস্যাং হিরণ্যং বিন্দেয়ং গামশ্বং পুরুষানহম্ ॥ ২ ॥ ওঁ অশ্বপূর্ব্বাং রথমধ্যাং হস্তিনাদপ্রমোদিনীম্॥ শ্রিয়ং দেবীমুপাহ্বয়ে শ্রীর্মে দেবী জুষতাম্ ॥ ৩ ॥ ওঁ কাংস্যোস্মিতাং হিরণ্যপ্রকারামার্দ্রাং জলন্তীং তৃপ্তাং তর্পয়ন্তীম্। পদ্মে স্থিতাং পদ্মবর্ণাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্ ॥ ৪ ॥ ওঁ চন্দ্রপ্রভাসাং যশসা জলন্তীং শ্রিয়ং লোকে দেবজুষ্টামুদারাম্। তাং পদ্মনেমিং শরণং প্রপদ্যে অলক্ষ্মীর্মে নশ্যতাং ত্বাং বৃণে ॥ ৫ ॥ ওঁ আদিত্যবর্ণে তপসোঽধিজাতো বনস্পতিস্তব বৃক্ষোঽথবিল্বঃ। তস্য ফলানি তপসা নুদন্তি মায়া অন্তরায়াশ্চ বাহ্যা অলক্ষ্মীঃ ॥ ৬ ॥ ওঁ উপৈতু মাং দেবসখঃ কীর্ত্তিশ্চ মণিনা সহ। প্রাদুর্ভূতোঽস্মি রাষ্ট্রেঽস্মিন্ কীর্ত্তিং বৃদ্ধিং (কীর্ত্তিবৃদ্ধিং) দধাতু মে ॥ ৭ ॥ ওঁ ক্ষুৎপিপাসামলাং জ্যেষ্ঠামলক্ষ্মীং নাশয়াম্যহম্। অভূতিমসমৃদ্ধিঞ্চ সর্ব্বাণি নুদ মে গৃহাৎ ॥ ৮ ॥ ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্ ॥ ৯ ॥ ওঁ মনসঃ কামমাকূতিং বাচঃ সত্যমশীমহি। পশূনাং রূপমন্নস্য ময়ি শ্রীঃ শ্রয়তাং যশঃ ॥ ১০ ॥ ওঁ কর্দ্দমেন প্রজা ভূতা ময়ি সম্ভবকর্দ্দমঃ। শ্রিয়ঃ বাসময়ে গৃহে মাতরঞ্চ পদ্মমালিনীম্ ॥ ১১ ॥ ওঁ আপঃ সৃজন্তু স্নিগ্ধানি চিক্লীত বস মে গৃহে। নীচদেবীং মাতরং শ্রিয়ং বাসময়ে কুলে ॥ ১২ ॥ ওঁ আর্দ্রাং পুষ্করিণীং পুষ্টিং পিঙ্গলাং পদ্মমালিনীম্। চন্দ্রাং হিরণ্ময়ীং লক্ষ্মীং জাতবেদো মমাবহ ॥ ১৩ ॥ ওঁ আর্দ্রাং পুষ্করিণীং পুষ্টিং স্বর্ণাং হেমমালিনীম্। সূর্য্যাং হিরণ্ময়ীং লক্ষ্মীং জাতবেদো মমাবহ ॥ ১৪ ॥ ওঁ তন্মে আবহ জাতবেদো লক্ষ্মীমনপগামিনীম্। যস্যাং হিরণ্যং প্রভূতং গাবো দাস্যো অশ্বান্ বিন্দেয়ং পুরুষানহম্ ॥ ১৫ ॥ ওঁ আহ্বয়েঽহং শ্রিয়ং পদ্মে পঙ্কজৈঃ কনকৈরপি। যদীচ্ছেদ্বরদাং দেবীং শ্রিয়ঃ নিত্যা কুলে স্থিতাম্ ॥ ১৬ ॥ ওঁ পদ্মাননে পদ্মঊরু পদ্মাক্ষি পদ্মসম্ভবে। তন্মাং ভজস্ব পদ্মাক্ষি যেন সৌখ্যং লভাম্যহম্ ॥ ১৭ ॥ ওঁ যঃ শুচিঃ প্রয়তো ভূত্বা জুহুয়াদাজ্যমন্বহম্ শ্রিয়ং পঞ্চদশর্চঞ্চ শ্রীকামঃ সততং জপেৎ ॥ ১৮ ॥ ওঁ অশ্বদায়ী গোদায়ী ধনদায়ী মহাধনে। ধনং মে জুষতাং দেবি ধর্ম্মকামার্থ-সিদ্ধয়ে ॥ ১৯ ॥ ওঁ ধনং ধান্যং ধনঃ পুত্রং হস্ত্যশ্বরথসংকুলম্। প্রজানাং মাতা ভবসি আয়ুষ্মন্তং করোতু মাম্ ॥ ২০ ॥ ওঁ চন্দ্রাভাং লক্ষ্মীমীশানীং সূর্য্যাভাং শ্রিয়মীশ্বরীম্। চন্দ্রসূর্য্যাগ্নিবর্ণাভাং মহালক্ষ্মীমুপাহ্বয়ে ॥ ২১ ॥ ওঁ ধনমগ্নির্ধনং বায়ুর্ধনং সূর্য্যো ধনং বসু। ধনমিন্দ্রো বৃহস্পতির্ব্বরুণো ধনমশ্নুতে ॥ ২২ ॥ ওঁ বর্ষন্তু তে বিভাবরি দিবো অভ্রস্য বিদ্যুতঃ। রোহন্তু সর্ব্ববীজানি উপব্রহ্ম দ্বিষো জহি ॥ ২৩ ॥ ওঁ বৈনতেয় সোমং পিব সোমং পিবতু বৃত্রহা। সোমং ধনস্য সোমিনো রয়িং দদাতু সোমিনঃ ॥ ২৪ ॥ ওঁ ন ক্রোধো ন চ মাৎসর্য্যং ন লোভঃ ন শুভা মতিঃ। ভবন্তি কৃতপুণ্যানাং শ্রীসূক্তং সততং জপয়েৎ ॥ ২৫ ॥ ওঁ পদ্মপ্রিয়ে পদ্মিনি পদ্মহস্তে, পদ্মালয়ে পদ্মদলায়তাক্ষি। বিশ্বপ্রিয়ে

বিশ্বমনোহনুকূলে ত্বৎ-পাদপদ্মং ময়ি সন্নিধৎস্ব ॥ ২৬ ॥ ওঁ শ্রীর্ব্বর্চ্চস্বমায়ুষ্যারোগমাবিদাং পবমানং মহীয়তে। ধনং ধান্যং পশুং বহুপুত্রলাভং শতসম্বৎসরং দীর্ঘায়ুঃ ॥ ২৭ ॥ ওঁ শ্রিয় এবৈনং তৎ শ্রিয়মাদধাতু সন্তত মৃচা। বষট্‌কৃতে সন্তত্যৈ সন্ধীয়েত প্রজয়া পশুভির্য বীরদ ॥ ২৮ ॥ ওঁ যঃ শ্রীসূক্তং জপেন্নিত্যং তচ্চিত্তস্তৎপরায়ণঃ। তং ন ত্যজতি পদ্মাক্ষী সদা বিষ্ণুমিব ধ্রুবম ॥" ২৯ ॥ ইতি শ্রীসূক্তম্।

ততঃ পঞ্চামৃতেন স্নাপয়েৎ। যথা—"ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবা বাজস্য সঙ্গথে।" ইতি দুগ্ধেন ॥ ১ ॥ "ওঁ নমো ভগবতে বাসুদেবায়ে"তি শর্করয়া ॥ ২ ॥ "ওঁ ঘৃতবতী ভুবনানামভি শ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেষসা দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা। বিষ্কভিতে অজরে ভূরি রেতসা।" ইতি ঘৃতেন ॥ ৩ ॥ ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরৎ প্রণ আয়ুংষি তারিষৎ।" ইতি দধ্না ॥ ৪ ॥ "ওঁ মধুবাতেতি" মধুনা ॥ ৫ ॥

ততঃ পঞ্চগব্যেন। গায়ত্র্যা গোমূত্রেণ ॥ ১ ॥ "ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্।" ইতি গোময়েন ॥ ২ ॥ "ওঁ আপ্যায়স্ব" ইতি দুগ্ধেন ॥ ৩ ॥ "ওঁ দধিক্রাব্ণ" ইতি দধ্না ॥ ৫ ॥ "ওঁ ঘৃতবতীতি" ঘৃতেন ॥ ৫ ॥ "ওঁ অশ্বিনো ভৈষজ্যেন তেজসে ব্রহ্মবর্চ্চসায়াভিষিঞ্চামি। সরস্বত্যৈ ভৈষজ্যেন বীর্য্যায়ান্নাদ্যায়াভিষিঞ্চামি। ইন্দ্রস্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়ৈ যশসেঽভিষিঞ্চামি। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবে অশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণোহস্তাভ্যামাদদে।" ইতি কুশোদকেন।

ততঃ কুম্ভাষ্টকস্থকর্পূরকুঙ্কুমচন্দনবারিভিঃ স্নাপয়েৎ। যথা। "ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে ॥ ১ ॥ ওঁ দেবাস্ত্বামভিষিঞ্চন্তু ঋষয়ো ব্রাহ্মণাস্তথা। বিদ্যাধরাস্তথা যক্ষাঃ কুর্ব্বন্তু তব সেচনম্ ॥ ২ ॥ ওঁ আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ স্নাপয়ন্তু তে ॥ ৩ ॥ ওঁ কীর্ত্তিলক্ষ্মী র্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্রিয়া মতিঃ। বুদ্ধিলর্জ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ। এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপালাঃ সুসংযতাঃ ॥ ৪ ॥ ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ ॥ ৫ ॥ ওঁ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাঙ্গনাঃ। অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে। আয়ুধানি বিচিত্রাণি তথাবরণমুগ্যকাঃ ॥ ৬ ॥ ওঁ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবাদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে ॥ ৭ ॥ ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে হ্রদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমম্ ॥" ৮ ॥

ততঃ শঙ্খজলেন। "ওঁ সর্ব্বেষামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণি-

মহাদেবঃ সদা ত্বাং পরিষিঞ্চতু।" গঙ্গাজলেন। "ওঁ মন্দাকিন্যাস্ত যদ্বারি সর্ব্বপাপহরং শুভং। স্বর্গস্রোতস্ত বৈষ্ণব্যং ত্বাং সদা পরিষিঞ্চতু।" উষ্ণোদকেন। "ওঁ পরমং পবিত্রমুষ্ণং বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং সদা ত্বাং পরিষিঞ্চতু।" গন্ধোদকেন। "ওঁ গন্ধাঢ্যং শোভনঞ্চৈব শীতলং সুমনোহরম্। সর্ব্বপাপহরং বারি সদা ত্বাং স্বর্পয়ত্বদঃ।" শুদ্ধজলেন। "ওঁ আপো হিষ্ঠা, শন্নো দেবীভ্যাম্।" পুষ্পোদকেন। "ওঁ অশ্বিনো র্ভৈষজ্যেন তেজসে ব্রহ্মবর্চ্চসায়াভিষিঞ্চামি। সরস্বত্যৈ ভৈষজ্যেন বীর্য্যায়ান্নাদ্যায়াভিষিঞ্চামি। ইন্দ্রস্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়ৈ যশসেঽভিষিঞ্চামি। কুশোদকেন। "ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবে অশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে।" নারিকেলোদকেন। "ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতাস্তানো মুঞ্চন্ত্বংহসঃ।" তালফলোদকেন। "ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি।" ইক্ষুরসসাগরোদকাভ্যাম্ "ওঁ নারায়ণায় বিদ্মহে, বাসুদেবায় ধীমহি। তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ। সর্ব্বৌষধি-মহৌষধিভিঃ। "ওঁ যা ওষধিঃ সোমরাজ্ঞীর্ব্বহ্বীঃ শতবিচক্ষণাঃ। তাসামসি ত্বমুত্তমারংকামায় সংহৃদে।" সহস্রধারাজলেন। "ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ সর্ব্বস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধীভিঃ পাপঘ্নাঃ সংস্রৈঃ স্নাপয়ন্তিমম্। ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দ্দধিদুগ্ধজলৈস্তথা। সহস্রধারয়া দেবং স্নাপয়ামি জনার্দ্দনম্।" দ্বাদশব্রীহিযুক্তজলেন। "ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো (আপো) ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ।" ততোঽষ্টকলসৈঃ স্নাপয়েদ্ যথা—গঙ্গাজলপূরিতঘটেন। "ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্ত—ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। ব্যোমগঙ্গাম্বুপূর্ণেন আদ্যেন কলশেন তু॥" ১॥ মেঘাম্বুপূরিতঘটেন "ওঁ মরুতস্ত্বাভিষিঞ্চন্ত ভক্তিমন্তঃ সুরেশ্বরম্। মেঘাম্বুপরিপূর্ণেন দ্বিতীয়কলশেন তু। ২॥ সরস্বতীজলপূরিতঘটেন। ওঁ সারস্বতেন তোয়েন সংপূর্ণেন সুরোত্তম। বিদ্যাধরাশ্চাভিষিঞ্চন্ত তৃতীয়কলশেন তু॥" ৩॥ সাগরোদকপূরিত-ঘটেন। "ওঁ শক্রাদ্যাশ্চাভিষিঞ্চন্তলোকপালাঃ সমাগতাঃ। সাগরোদকপূর্ণেন চতুর্থকলশেন তু॥" ৪॥ পদ্মরজোমিশ্রিতাম্বুপূরিতঘটেন। "ওঁ বারিণা পরিপূর্ণেন পদ্মরেণু-সুগন্ধিনা। পঞ্চমেনাভিষিঞ্চন্ত নাগাশ্চ কলশেন তু॥" ৫॥ নির্ঝরোদকপূরিতঘটেন। "ওঁ হিমবদ্ধেমকূটাদ্যা অভিষিঞ্চন্ত পর্ব্বতাঃ। নির্ঝরোদকপূর্ণেন ষষ্ঠেন কলশেন তু॥" ৬॥ সর্ব্বতীর্থাম্বুপূরিত-ঘটেন। ওঁ সর্ব্বতীর্থাম্বুপূর্ণেন কলশেন সুরেশ্বর। সপ্তমেনাভিষিঞ্চন্ত ঋষয়ঃ সপ্ত খেচরাঃ॥" ৭॥ জলপূরিতঘটেন "ওঁ বসবশ্চাভিষিঞ্চন্ত কলশেনাষ্টমেন তু। অষ্টমঙ্গলসংযুক্ত নারায়ণ নমোঽস্তু তে॥" ৮॥ ইত্যভিষিচ্য গৌতবাসসা জলমপনীয় কিরীটসুবর্ণমেখলাতুলসীচন্দনাদিভির্ভূষয়িত্বা গন্ধার্য্যাদি-সর্ব্বতোভদ্রাসনে শক্তশ্চেৎ সুবর্ণাদ্যাসনে স্থাপয়েৎ। ইত্যভিষেকঃ।

—:০:—

চতুর্থ পর্ব্ব

ব্রতমালা

অশূন্যশয়নাব্রত

ব্রতবিধি।—শ্রাবণ মাসের কৃষ্ণা দ্বিতীয়া তিথিতে লক্ষ্মী ও বিষ্ণুর পূজা করত রাত্রিতে অক্ষার-লবণ ভোজন করিবে। এই দিন তৈল ব্যবহার করিতে নাই। এই প্রকারে চারি বৎসর ব্রত করিয়া প্রতিষ্ঠা করিতে হয়।

প্রতিষ্ঠা-কালে ব্রাহ্মণদম্পতিকে যথাবিধি অর্চ্চনা করিয়া শয্যা, পাদুকা ছত্র, চামর, স্বর্ণ-প্রতিমা, সাধার-অন্ন ও জল এবং বস্ত্রাদি দান করিবেন।

পূজাপদ্ধতি।—কৃতনিত্যক্রিয়া ব্রতকারিণী শুদ্ধাসনে উপবিষ্ট হইলে আচমন ও গন্ধাদির অর্চ্চনানন্তর "এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, শ্রীগুরুবে নমঃ, আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, ব্রাহ্মণেভ্যো নমঃ"—বলিয়া গন্ধপুষ্প প্রদান ও সূর্য্যার্ঘদান করাইয়া স্বস্তিবাচন ও "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্রপাঠ করাইবেন। পরে সঙ্কল্প করাইবেন। যথা—

"বিষ্ণুর্নমোঽস্য শ্রাবণে মাসি কৃষ্ণে পক্ষে দ্বিতীয়ায়াং তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকশ্রীবিষ্ণুপ্রীতিকামা অদ্যারভ্য বর্ষচতুষ্টয়ং যাবৎ প্রতিবর্ষীয়শ্রাবণকৃষ্ণদ্বিতীয়ায়াং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকসলক্ষ্মীকবিষ্ণুপূজাতৎকথা-শ্রবণরূপাশূন্যশয়নদ্বিতীয়াব্রতমহং করিষ্যে।" ১

অনন্তর পুরোহিত সঙ্কল্প সূক্ত পাঠ করত আসনশুদ্ধি ও ভূতাপসারণ করিয়া—ঘটস্থাপন করিবেন। পরে সামান্যার্ঘ্য স্থাপন করিয়া মাষভক্ত বলি প্রদানপূর্ব্বক ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, অন্তর্মাতৃকান্যাস, প্রাণায়াম, পীঠন্যাস ও ব্যাপক-ন্যাস করিবেন।

অতঃপর "গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি রূপে করন্যাস, অঙ্গন্যাস করিয়া "ওঁ খর্ব্বং স্থূলতনুং" ইত্যাদি ধ্যান করত পাদ্যাদি উপচার দ্বারা পূজা করিয়া শিবাদি-পঞ্চদেবতা, আদিত্যাদি-নবগ্রহ, ইন্দ্রাদি-দশদিক্পাল, মৎস্যাদি-দশাবতার ব্রহ্মা, বিষ্ণু, শিব, দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, গঙ্গা, যমুনা, মনসাদেবী এবং স্বর্গস্থ, মর্ত্ত্যস্থ ও পাতালস্থ দেবতাগণের

১। প্রতিবর্ষ নিষ্পাদিত করণীয়ব্রতে পুরোহিত এইরূপ সঙ্কল্প করিবেন। যথা—"অদ্যেত্যাদি অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকী দেব্যাঃ পূর্ব্বসঙ্কল্পিত—অমুকব্রতকর্ম্মণি গাণপত্যাদিনানা-দেবতাপূজাপূর্ব্বক—অমুকদেবতা-পূজনকর্ম্মাহং করিষ্যামি।"

ব্রতারম্ভে ব্রতীর দ্বারা মূলের লিখিতরূপে, সঙ্কল্প করাইয়া পুরোহিত নিজে পূজার সঙ্কল্প করিবেন। যথা—"অদ্যেত্যাদি অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকী দেব্যা ইয়ব্বর্ষনিষ্পাদিতামূলক-ব্রতকর্ম্মণি গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-অমুকদেবতাপূজনকর্ম্মাহং করিষ্যামি।"

পাদ্যাদিদ্বারা অর্চ্চনা করত, ষোড়শোপচারে বিষ্ণুর পূজা করিবেন। যথা—"ওঁ বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ"—ইত্যাদি ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস করত কূর্ম্মমুদ্রাসহযোগে সচন্দন পুষ্প গ্রহণ করত বিষ্ণুর ধ্যান করিবেন। যথা—

"ওঁ উদ্যৎ-কোটি-দিবাকরাভমনিশং, শঙ্খং গদাং পঙ্কজং, চক্রং বিভ্রতমিন্দিরাবসুমতী-সংশোভিপার্শ্বদ্বয়ং। কোটীরাঙ্গদহার-কুণ্ডলধরং পীতাম্বরং কৌস্তুভোদ্দীপ্তং বিশ্বধরং স্ববক্ষসি লসৎ—শ্রীবৎসচিহ্নং ভজে ॥"

এইরূপ ধ্যান করিয়া হস্তস্থ পুষ্পটি স্বীয় মস্তকে প্রদান পূর্ব্বক মানসোপচারে পূজা করত বিশেষার্ঘ্য স্থাপন করিবেন।

পরে সেই অর্ঘ্যের জল কিঞ্চিৎ নিজের মস্তকে ও পূজার দ্রব্যাদিতে ছিটাইয়া দিয়া পূর্ব্ববৎ করাঙ্গন্যাসাদি করত পুনর্ব্বার ধ্যান করিয়া—"ওঁ বিষ্ণবে নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিবেন। পরে লক্ষ্মী ও সরস্বতীর যথাসম্ভব উপচারে পূজা করিয়া-আবরণ দেবতাগণের পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ শঙ্খায় নমঃ।" এই ক্রমে, "চক্রায়, গদায়ৈ, পদ্মায়ৈ, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, বলভদ্রায়, দেবক্যৈ, বসুদেবায়, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, সর্ব্বেভ্যঃ দেবেভ্যো সর্ব্বাভ্যো দেবীভঃ।" এই প্রকারে পূজা করিয়া ভোজ্যোৎসর্গ করত কথা শ্রবণ করিবেন।

ব্রত-কথা

ব্রহ্মোবাচ। ভগবন্! পুরুষস্যেহ স্ত্রিয়াশ্চ বিরহাদিকম্। শোকব্যাধিভয়ং দুঃখং ন ভবেদ্ যেন তদ্বদ॥ শ্রীভগবানুবাচ। শ্রবণস্য দ্বিতীয়ায়াং কৃষ্ণায়াং মধুসূদনঃ। ক্ষীরার্ণবে সলক্ষ্মীকঃ সদা বসতি কেশবঃ॥ তস্যাং সম্পূজ্য গোবিন্দং সর্ব্বান্ কামান্ সমশ্নুতে॥ গো-ভূ-হিরণ্যদানানি সপ্তকল্পশতানি চ। অশূন্যশয়না নাম দ্বিতীয়া যা প্রকীর্ত্তিতা। তস্যাং সম্পূজয়েদ্বিষ্ণুমেভির্ম্মন্ত্রৈর্ব্বিধানতঃ॥ শ্রীবৎসধারিণং কান্তং শ্রীবাসং শ্রীশমব্যয়ম্। অর্হন্তং মাং সদা রক্ষ ধর্ম্মকামার্থমোক্ষদ॥ অগ্নয়ো মা প্রণশ্যন্তু দেবতাঃ পুরুষোত্তমাঃ! পিতরো মা প্রণশ্যন্তু মৰ্ত্ত্যদাম্পত্যভেদতঃ॥ লক্ষ্ম্যা বিযুজ্যো হে দেব ন কদাচিদ্ যথা ভবান্। তথা কলত্রসম্বন্ধো দেব মে মা বিযুজ্যতাম্॥ লক্ষ্ম্যা ন শূন্যং শরণং ভবেন্মম হরে সদা। শয্যা মমাপ্যশূন্যা তু তথৈব মধুসূদন॥ গীতবাদিত্রনির্ঘোষং দেবস্যাগ্রে ত কারয়েৎ। ঘণ্টা ভবেদশক্তস্য সর্ব্ববাদ্যময়ী যতঃ॥ এবং সম্পূজ্য গোবিন্দমশ্নীয়াত্তৈলবর্জ্জিতম্। নক্তমক্ষারলবণং যাবত্তৎ স্যাচ্চতুষ্টয়ম্॥ ততঃ প্রভাতে সঞ্জাতে লক্ষ্মীপতিসমন্বিতাম্। দীপান্নভোজনৈর্যুক্তাং শয্যাং দদ্যাদ্বিলক্ষণাম্॥ পাদুকোপানচ্ছত্র-চামরাসনসংযুতাম্। অভীষ্টোপস্করৈর্যুক্তাং শুক্লপুষ্পাম্বরাবৃতাম্। সোপধানকবিশ্রামাং ফলৈর্নানাবিধৈর্যুতাম্ তথা ভূষণযুক্তৈশ্চ যথাশক্তি সমাহিতাম্॥ অব্যঙ্গকার বিপ্রায় বৈষ্ণবায় কুটুম্বিনে। দাতব্যা বেদবিদুষে ন বকব্রতিনে ক্বচিৎ। তত্রোপবিশ্য দাম্পত্য-মলঙ্কৃত্য বিধানতঃ। পত্ন্যাস্তু ভোজনং দদ্যাদ্ ভক্ষ্যভোজ্যসমন্বিতম্॥ ব্রাহ্মণস্যাপি

সৌবর্ণপুষ্পকরসমন্বিতাং। প্রতিমাং দেবদেবস্য সোদকুম্ভং নিবেদয়েৎ॥ এবং যস্তু পুমান্ কুর্য্যাদশূন্যশয়নাং হরেঃ। বিত্তশাঠ্যেন রহিতো নারায়ণপরায়ণঃ॥ ন তস্য পত্নীবিরহঃ কদাচিদপি জায়তে॥ সাধ্বী চাবিধবা ব্রহ্মন্ যাবচ্চন্দ্রার্কতারকম্॥ নারিভয়ং ন শোকার্ত্তির্দম্পত্যোর্জায়তে কচিৎ। ন পুত্রপশুরত্নানি ক্ষয়ং যান্তি পিতামহ। সপ্তকল্পসহস্রাণি সপ্তকল্পশতানি চ। কুর্ব্বাণোঽশূন্যশয়নাং বিষ্ণুলোকে মহীয়তে॥ ইতি মৎস্য-পুরাণে ভগবদ্‌ব্রহ্ম-সংবাদে অশূন্যশয়না-দ্বিতীয়া-ব্রতকথা। ওঁ তৎ সৎ।

অতঃপর সায়ংকাল অতীতে চন্দ্রোদয় হইলে, শঙ্খাদিপাত্রে দধি, আতপতণ্ডুল, দূর্ব্বা ও গন্ধপুষ্প দ্বারা অর্ঘ্য প্রস্তুত করিয়া ব্রতী দ্বারা চন্দ্রের উদ্দেশে নিম্নলিখিত মন্ত্রে অর্ঘ্যদান করাইবেন। যথা—

"ওঁ গগনাঙ্গনসন্দীপ ক্ষীরোদমথনোদ্ভব।
আভাসিতদিগাভোগ রমানুজ নমোঽস্তু তে॥
ওঁ ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং রোহিণ্যা সহিতো মম॥"

অনন্তর ব্রতী দক্ষীণা করিবে। যথা—"বিষ্ণুর্নমঃ অদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী অশূন্যশয়নদ্বিতীয়া-ব্রতকর্ম্মণি কৃতৈতৎ গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকসলক্ষ্মীক-শ্রীকৃষ্ণপূজনকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণাদিং কাঞ্চনং তন্মূল্যং বা যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে॥" অতঃপর অচ্ছিদ্রাবধারণ ও বিষ্ণুস্মরণ করিবেন। পরে পুরোহিত শান্তি-আশীর্ব্বাদ করিবেন।

অশূন্যশয়না-দ্বিতীয়াব্রত সমাপ্ত।

অক্ষয়তৃতীয়াব্রত

ব্রতবিধি—শুদ্ধকালে বৈশাখী শুক্লা তৃতীয়াতে এই ব্রত আরম্ভ করত প্রতিবর্ষীয় বৈশাখী শুক্লা তৃতীয়াতে এই ব্রত করিয়া পূর্ণাষ্ট বর্ষে উদ্‌যাপন করিতে হয়।

পূজা।—ব্রতদিবসে পুরোহিত নিত্যক্রিয়া সমাপনান্তে শুদ্ধাসনে উপবিষ্টা ব্রত-কারিণীকে স্বস্তিবাচনপূর্ব্বক "সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্র পাঠ করাইয়া সঙ্কল্প করাইবেন। যথা—"বিষ্ণুর্নমোঽদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে অক্ষয়াখ্যতৃতীয়ায়াস্তিথৌ অমুক-গোত্রা শ্রীঅমুকী দেবী মনোঽভীষ্টফলপ্রাপ্তিকামা অদ্যারভ্য অষ্টবর্ষপর্য্যন্তং প্রতি বৈশাখীয়শুক্লতৃতীয়ায়াং গণপত্যাদিনানাদেবতা-পূজাপূর্ব্বক-সলক্ষ্মীকবাসুদেবপূজা-যবযুক্ত বস্ত্রাচ্ছাদিতবারিপূর্ণকুম্ভদান-ভোজ্যোৎসর্গ-কথাশ্রবণ-রূপভবিষ্যপুরাণোক্তাক্ষয়তৃতীয়াব্রত-মহং করিষ্যে।" অতঃপর পুরোহিত, সূক্ত পাঠ করিলে, ব্রতী কৃতাঞ্জলি পুরঃসর—"ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥ ওঁ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে॥ সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং প্রসাদাত্তব কেশব॥" ইহা পাঠ করিবে।

অনন্তর পুরোহিত, আসনশুদ্ধি ও ভূতাপসারণ করত ঘটস্থাপন করিয়া—সামান্যার্ঘ্য-স্থাপনপূর্ব্বক মাষভক্ত বলি প্রদান করিবেন। পরে ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, বাহ্যমাতৃকা-ন্যাস, প্রাণায়াম, পীঠন্যাস ও ব্যাপকন্যাস আদি করিয়া গণেশাদিদেবতাগণের পাদ্যাদি দ্বারা পূজা করিবেন। পরে—"বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে পুষ্প লইয়া বিষ্ণুর ধ্যান (অশূন্যশয়নাব্রত দেখুন) করত স্বীয় মস্তকে হস্তস্থপুষ্প প্রদান-পূর্ব্বক মানসোপচারে পূজা করত বিশেষার্ঘ্যস্থাপন করিয়া পুনর্ব্বার পূর্ব্ববৎ করন্যাস ও অঙ্গন্যাস করত ধ্যান করিয়া—"ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ" এই মন্ত্রে যথাশক্তি উপাচারে বিষ্ণুর পূজা করিবেন। অতঃপর "এতে গন্ধপুষ্পে বলভদ্রায় নমঃ" এই ক্রমে "ওঁ রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, বাসুদেবায়, দেবক্যৈ, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, বাস্তুপুরুষায়, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, অনন্তায়, ধর্ম্মায়, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।" এইরূপে আবারণ দেবতাগণের পূজা করিয়া, ব্রতকারিণী দ্বারা ভোজ্য-উৎসর্গ করাইবেন।

ভোজ্যোৎসর্গ।—প্রথমতঃ "এতে গন্ধপুষ্পে সঘৃতোপকারণানান্নভোজ্যায় নমঃ" এইরূপে সচন্দন পুষ্প দ্বারা তিনবার ভোজ্যের অর্চ্চনা করত "এতে গন্ধপুষ্পে এতদধি-পতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া অর্চ্চনা করত ভূমিতে চতুষ্কোণ-মণ্ডল অঙ্কিত করিয়া তদুপরি "এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" বলিয়া অর্চ্চনা করত কুশজল দ্বারা ভোজ্য অভ্যুক্ষণ করিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ স্পর্শ করাইয়া কুশতিলজলান্বিত তাম্রাদি পাত্রে দক্ষিণহস্ত রাখিয়া বামহস্ত দ্বারা ভোজ্য ধারণ করত বাক্য করিবেন। যথা—

"বিষ্ণুর্নমোঽস্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে তৃতীয়ায়াং তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামা ইদং সঘৃতোপকরণামান্নভোজ্যং শ্রীবিষ্ণু-দৈবতং যথাসম্ভব-গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।" অতঃপর ভোজ্যোৎসর্গের দক্ষিণান্ত করিয়া ঘটোৎসর্গ করিবে।

ঘটোৎসর্গ।—"এতে গন্ধপুষ্পে নমঃ সাচ্ছাদনোপকরণযজ্ঞোপবীতান্বিতসযববারিপূর্ণ-কুম্ভায় নমঃ" (অন্যান্য মাল্যাদি দ্রব্য থাকিলে তাহারও উল্লেখ করিবে)। "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় ব্রাহ্মনায় নমঃ" বলিয়া পূর্ব্ববৎ সচন্দনপুষ্প দ্বারা অর্চ্চনা করত উৎসর্গ করিবে। যথা—

"বিষ্ণুর্নমো ঽস্যেত্যাদি—অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামা ইদং সাচ্ছাদন-ঘৃতোপকরণ-যজ্ঞপবীতান্বিত-যবযুক্তবারিপূর্ণকুম্ভমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।"

অনন্তর ব্রতী কৃতাঞ্জলি পুরঃসর পাঠ করিবে। যথা—

"এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ।
অস্য প্রদানাৎ সকলা মম সন্তু মনোরথাঃ॥"

ঘটে চন্দন লেপন করিয়া পাঠ করিবে—

"ঘট ত্বং ধর্ম্মরূপে'হসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা।
ত্বয়ি লিপ্তে সন্তু লিপ্তাশ্চন্দনৈঃ সর্ব্বদেবতাঃ।"

অতঃপর কৃতাঞ্জলি পূর্ব্বক পাঠ করিবে। যথা—

"পানীয়ং প্রাণিনাং প্রাণাঃ পানীয়ং পাবনং মহৎ।
পানীয়স্য প্রদানেন তৃপ্তির্ভবতু দেহিনাং॥"

পুনরপি বদ্ধাঞ্জলি হইয়া পাঠ করিবে—

"যথা ত্বং শীতলো নিত্যং সম্পূর্ণ-গন্ধবারিণা।
তথা মামপি সন্তপ্তং শীতলং কুরু ধর্ম্মরাট্॥"

অনন্তর ঘটদানের দক্ষিণা করিবে। যথা—

প্রথমতঃ দক্ষিণা-দ্রব্যকে পূর্ব্ববৎ অর্চ্চনা করিয়া "অদ্যেত্যাদি—শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎ-সাচ্ছাদনোপকরণযজ্ঞোপবীতান্বিতযবযুক্তবারিপূর্ণকুম্ভদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।" অনন্তর ঘটদানের অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যোপশমনার্থ বিষ্ণুস্মরণ করিয়া কথা শ্রবণ করিবে।

ব্রতকথা

যম উবাচ। জলদানস্য মাহাত্ম্যং ত্বয়া কথিতং পুরা। তদহং শ্রোতুমিচ্ছামি ত্বত্তো ব্রহ্মবিদাম্বর॥ শতানীক উবাচ। আসীদ্দ্বিজাধমঃ কশ্চিদ্ ধর্ম্মকর্ম্মবিবর্জ্জিতঃ॥ আগতস্তদ্গৃহে রাজন্ ব্রাহ্মণস্তৃষয়ান্বিতঃ জলং মে দেহি বিপ্রেন্দ্র ইতি প্রার্থনয়া যুতঃ॥ ব্রাহ্মণ উবাচ। অন্নং নাস্তি জলং নাস্তি মদ্গৃহে নাস্তি চাসনম। অন্যত্র গচ্ছ দুর্ব্বুদ্ধে জলং পিব যথেপ্সিতম্॥ তস্য পত্নী সুশীলা চ সুব্রতা চ পতিব্রতা। উবাচ স্বামিনং রাজন্ জলং দেহি দ্বিজাতয়ে॥ কিমর্থং ধনসম্পত্তিঃ কিমর্থঞ্চ গৃহাদিকম্। স্বকীয়োদর-পূর্ত্তিশ্চ কুক্কুরস্যাপি বিদ্যতে॥ এবমুক্ত্বা তস্য পত্নী ব্রাহ্মণায় জলং দদৌ। তিথেরস্যাঃ প্রভাবেণ তদ্দিনে চাক্ষয়াভবৎ॥ বৈশাখস্য সিতে পক্ষে তৃতীয়া যাক্ষয়া স্মৃতা। কদাচিদায়ুষঃ শেষে যমদূতঃ সমাগতঃ। ধৃত্বা পাশং গলে বদ্ধা নীতঃ যমপুরং ততঃ॥ বিপ্র উবাচ। জলং মে দেহি ধর্ম্মজ্ঞ তৃষ্ণয়া পরিপীড়িতঃ। জলং দেহীতি শ্রুত্বা বৈ যমদূত উবাচ হ॥ ন দত্তং বারি বিপ্রেভ্যঃ কথং বা প্রাপ্যতে জলম্। ইত্যুক্ত্বা যমদূতশ্চ যমাগ্রে চ ন্যবেদয়ৎ॥ যম উবাচ। ত্যজৈনং দূত ধর্ম্মজ্ঞ অস্য পুণ্যফলং শৃণু। বৈশাখে শুক্লপক্ষস্য তৃতীয়ায়াং বিধানতঃ। অস্য পত্নী সুধর্ম্মজ্ঞা ব্রাহ্মণায় জলং দদৌ। তদ্দানলভ্য-পুণ্যেন নরকঞ্চ নিবর্ত্ততে॥ দূত উবাচ॥ অক্ষয়াং তিথিমাসাদ্য কিং কর্ত্তব্যং বদ প্রভো॥ যম উবাচ। স্নানং দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃ-তর্পণম্॥ বিষ্ণুপূজা চ বিধিবত্ত-দক্ষয়মুদাহৃতম্॥ ত্বঞ্চ জন্মান্তরং প্রাপ্য বিষ্ণুং সংপূজ্য যত্নতঃ। ভুক্ত্বা মনোরথান্

ভোগান্ বিষ্ণুলোকমবাপ্স্যসি॥ দূত উবাচ। যা চাক্ষয়া তিথিঃ প্রোক্তা তত্র বিষ্ণুপুরং শুভম্। তদ্বিধানং মহারাজ বদস্ব ময়ি সুব্রত॥ যম উবাচ। বৈশাখস্য সিতে পক্ষে তৃতীয়ায়াং দ্বিজোত্তম। বিষ্ণুমভ্যর্চ্চ্য বিধিবদ্বৎসরান্তে সমাচরেৎ॥ সম্পূর্ণে চ ব্রতে তত্র প্রতিষ্ঠামাচরেত্ততঃ। এবমুক্ত্বা ধর্ম্মরাজস্তত্রৈবান্তরধীয়ত। ততো জন্মান্তরং প্রাপ্য স বিপ্রো বৈষ্ণবোঽভবৎ। ধর্ম্মজ্ঞশ্চ কৃতজ্ঞশ্চ বিবেকী দানতৎপরঃ॥ জাতিস্মরা দয়াশীলা তস্য ভার্য্যা চ সাভবৎ। অক্ষয়ায়াং ব্রতং কৃত্বা সপত্নীকো দিবং যযৌ॥ ব্রতস্যাস্য প্রভাবেণ বিষ্ণুবল্লভতামিয়াৎ। এবং করোতি যা নারী নরো বাপি সুসংযতঃ॥ ইন্দ্রলোকং সমাসাদ্য বিষ্ণুলোকং স গচ্ছতি॥ ইতি ভবিষ্যপুরাণোক্তাক্ষয়তৃতীয়াব্রতকথা সমাপ্ত॥

অতঃপর ব্রতের দক্ষিণা করিবেন। যথা—"অদ্যেত্যাদি কৃতৈতদক্ষয়তৃতীয়াব্রতাঙ্গভূতসলক্ষ্মীকবাসুদেবপূজাকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎকাঞ্চন-মূল্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।" অনন্তর অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

রম্ভাতৃতীয়াব্রত

ব্রতবিধি—জ্যৈষ্ঠমাসীয়-শুক্লা তৃতীয়াতে রম্ভাতৃতীয়া-ব্রত আরম্ভ করিয়া প্রতি শুক্লা তৃতীয়াতে একবৎসর পর্য্যন্ত ব্রত করিতে হয়। ভবিষ্যপুরাণে কথিত হইয়াছে—জ্যৈষ্ঠী শুক্লা তৃতীয়াতে এই ব্রত অবশ্য কর্ত্তব্য।

পূজাক্রম—নিত্যক্রিয়া সমাধা করিয়া পুরোহিত শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া পূর্ব্ববৎ স্বস্তিবাচনাদি করত সঙ্কল্প করাইবেন। যথা—"বিষ্ণুর্ন্নমোঽস্য জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে তৃতীয়ায়াস্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী সৌভাগ্যসন্ততিপ্রাপ্তিকামা অদ্যারভ্য সম্বৎসরং যাবৎ প্রতিমাসীয়—শুক্লতৃতীয়ায়াং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক—দুর্গাপূজারূপ—রম্ভাতৃতীয়াব্রতোপবাসকথা—শ্রবণকর্ম্মাহং করিষ্যে।

অতঃপর সূক্ত পাঠপূর্ব্বক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, প্রাণায়াম ও করাঙ্গন্যাসাদি করিয়া গণেশাদিদেবতাগণের পূজা করিবেন। পরে দুর্গাদেবীর পূজা করিবেন যথা—"হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদিক্রমে করাঙ্গন্যাস করত ধ্যান করিবেন। যথা—"ওঁ কাত্যায়নীং দশভূজাং মহিষাসুরমর্দ্দিনীং। সিংহোপরি স্থিতাং দেবীং ত্রিনেত্রাং বরদাং শুভাং।" এই ধ্যান পাঠ করিয়া যথাশক্ত্যুপচারে পূজা করিবেন। অনন্তর কথাশ্রবণ করিবেন।

ব্রতকথা

ব্রহ্মোবাচ। রম্ভাতৃতীয়াং বক্ষ্যে চ সৌভাগ্যশ্রীসুতপ্রদাম্। জ্যৈষ্ঠে মাসি (মার্গশীর্ষে) সিতে পক্ষে তৃতীয়ায়ামুপোষিতঃ। গৌরীং যজেদ্বিল্বপত্রৈঃ সর্ব্বসৌভাগ্যদায়িনীম্॥ কদম্বাদো গিরিসুতাং পৌষে কুরুবকৈর্যজেৎ॥ কর্পূরাদঃ কুশরাদো মল্লিকাদন্তকাষ্ঠকৃৎ॥ মাঘে সুভদ্রা কহ্লারৈর্ঘৃতাশো মণ্ডনপ্রদঃ। গীতিময়ং দন্তকাষ্ঠং ফাল্গুনে গোমতীং যজেৎ। কুন্দৈঃ কৃত্বা দন্তকাষ্ঠং জীবাশঃ সক্তুলীপ্রদঃ। বিশালাক্ষীং দমনকৈশ্চৈত্রে

শ্রীপার্ব্বত্যুবাচ। বিধানং কিং মহাদেব দ্রব্যাচারশ্চ কীদৃশঃ। ষণ্মাসং বৎসরং বাপি দীর্ঘকালমথাঽপি বা॥ ব্রতস্য দিবসং পূর্ব্বং পারণাদিনমেব চ। পূর্ব্বাপরবিধানানি কথ্যতাং হি মহেশ্বর॥

শ্রীমহাদেব উবাচ। ব্রতপূর্ব্বদিনে দেবি ত্রিসন্ধ্যমবগাহনং। নক্তং ভোজনকং কার্য্যং হবিষ্যন্বা নিরামিষং॥ ইতিহাসাত্মকং কাব্যং মিথ্যাভাষণমেব চ। দ্যূতক্রীড়াং দিবানিদ্রাং ন কুর্য্যাৎ পরপূর্ব্বকং॥ মন্মথে চ গতে সৌরে সিতে নবমীসংযুতে। ব্রতারম্ভং প্রকুর্ব্বীত শুদ্ধচন্দ্রে চ তারকে॥ নববর্ষং প্রকুর্ব্বীত উদ্‌যাপনমতঃ পরং। সবস্ত্রডল্লকং ভোজ্যং বারি-পূর্ণঞ্চ কুম্ভকং॥ নবরূপফলং দদ্যাদ্ যজ্ঞসূত্রেণ সংযুতং। ব্রাহ্মণায় প্রদাতব্যং দক্ষিণা চ স্বশক্তিতঃ॥ বিপ্রস্যারাধনং কার্য্যং বান্ধবানাং বিশেষতঃ। ইতি কৃত্বা মহেশানি ঈপ্সিতঞ্চ ফলং লভেৎ॥ ব্রতস্য দিবসে দেবি পূর্ব্বকৃত্যং সমাপয়েৎ। ফলপুষ্পং সমাহৃত্য ধূপদীপাদিসংযুতং॥ জবাপরাজিতাদ্রোণং পদ্মং বন্ধুকমল্লিকা॥ চম্পকং তগরঞ্চৈব করবী নব পুষ্পকং॥ নারিকেলন্তথা পূগং জাতীকুষ্মাণ্ডশ্রীফলং। দ্রাক্ষা হরীতকী ধাত্রী আনারসমিতি স্মৃতং। প্রীতয়ে ভগবত্যাশ্চ উৎসৃজেৎ ডোরধারণং। কুঙ্কুমাক্তসুডোরঞ্চ নবগ্রন্থিসমন্বিতং॥ ধারয়েৎ পুরুষো নারী মন্ত্রেণানেন মন্ত্রিতং॥ "ওঁ সঙ্কটে ত্বং মহামায়ে ব্রতসূত্রমিদং তব। বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম্॥" উর্দ্ধাধঃ সার্দ্ধহস্তঞ্চ চতুর্হস্তপ্রমাণকং। গোময়ৈঃ প্রলিপেদ্বেদীং চতুষ্কোণসমন্বিতাং॥ আলিচতুষ্টয়ং দত্ত্বা রক্তসূত্রেণ বেষ্টিতাং। পঞ্চবর্ণরজোভিশ্চ তন্মধ্যে ভদ্রমণ্ডলম্। নির্ব্বর্ত্ত্য কুম্ভমাদায় স্থাপয়েদ্‌ঘটমুত্তমং। ঘৃতদীপং প্রযত্নেন ধূপমষ্টাধিকন্তথা॥ আমান্নং ফলমূলানি লড্ডুকং পিষ্টকান্বিতং। অনেন বিধিনা দেবি ব্রতং কৃত্বা বিশেষতঃ॥ ক্ষীরাপূপঞ্চ সংভক্ষেন্নোপ-বাসঃ কদাচন। স্তবঞ্চ কবচং শ্রুত্বা তৎকথাশ্রবণঞ্চরেৎ॥ কৃতাঞ্জলিপুটো দেবি বরপ্রার্থন-মাচরেৎ। আয়ুর্দ্দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে॥ পুত্রান্ দেহি ধনং দেহি ধর্ম্মান্ কামাংশ্চ দেহি মে॥ রূপং দেহি গুণং দেহি অবৈধব্যঞ্চ দেহি মে। সৌভাগ্য-রূপলাবণ্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ ইদং ব্রতবরং কৃত্বা ভুক্ত্বা রাজ্যমকণ্টকং। অদৃষ্ট্বা ধর্ম্মরাজঞ্চ অন্তে যাস্যতি মৎপুরং। ইদং ব্রতঞ্চ যঃ কুর্য্যাৎ ভক্তিভাবেন সুন্দরি।

ইষ্টা ক্রতুশতং পুণ্যং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতং। যাত্যন্তে পরমাহ্লাদৈর্যত্র দেবী জগন্ময়ী॥ ইতি শ্রীজগন্মঙ্গলতন্ত্রে দ্বিতীয়োল্লাশে হরপার্ব্বতীসংবাদে বিপত্তারিণীসঙ্কটা-ব্রতকথা সম্পূর্ণা॥ অনন্তর দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

প্রকারান্তর বিপত্তারিণী-ব্রত

মুখ্যচান্দ্র আষাঢ়ের শুক্লপক্ষে তৃতীয়া হইতে নবমী পর্য্যন্ত তিথির যে কোন তিথিতে শনি বা মঙ্গলবারে এই ব্রত কর্ত্তব্য। পূর্ব্বদিবসে সংযম করিয়া প্রাতঃকৃত্য সমাপনান্তে স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে—বিষ্ণুর্নমোঽদ্য আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী দাসী বা যাবদ্বিপন্নাশপূর্ব্বক-সসুখাবৈধব্যকামা বিপত্তারিণী-দুর্গাপ্রীতিকামা বা বিপত্তারিণীব্রতমহং করিষ্যে। (পরার্থে করিষ্যামীতি বিশেষঃ)। পরে পুরোহিত সাধারণ পূজাবিধি অনুসারে স্বস্তিবাচন হইতে গণেশাদিপঞ্চদেবতার পূজা পর্য্যন্ত করিয়া "ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈ" ইত্যাদি মন্ত্রে ধ্যান, বিশেষার্ঘ্যস্থাপনাদি করিয়া আবাহনান্তে "ওঁ বিপত্তারিণ্যৈ দুর্গায়ৈ নমঃ" বলিয়া ষোড়শোপচারে বা দশোপচারে পূজা করিবে। পরে বিবিধ পিষ্টক, সুপারি প্রভৃতি ত্রয়োদশ ফল ও ভোজ উৎসর্গ করিয়া কথা শ্রবণ করাইবে। পরে দক্ষিণা উৎসর্গ করিবে। ব্রতী পিষ্টকাদিদ্বারা ব্রাহ্মণ ভোজন করাইয়া নিজে ত্রয়োদশ গ্রন্থিযুক্ত রক্তবর্ণডোর দক্ষিণ হস্তে ধারণ করিয়া ভোজন করিবে।

বিপত্তারিণী-ব্রতকথা

মার্কণ্ডেয় উবাচ। একদা নারদো যোগী পরানুগ্রহকাম্যয়া। পর্য্যটন্ সকলা-ল্লোকান্ কৈলাসং সমুপাগমৎ॥ শিবেন সহিতাং গৌরীং দৃষ্ট্বা দেবর্ষিসত্তমঃ। প্রণম্য দণ্ডবদ্ ভক্ত্যা পপ্রচ্ছ মুনিসত্তমঃ॥ ব্রতেন কেন দেবেশ লভতে বাঞ্ছিতং ফলম্। তদ্বদস্ব মহাদেব কৃপা ময়ি ভবেদ্ যদি॥ মহাদেব উবাচ। বিপত্তারিণীদুর্গায়া ব্রতং কুর্ব্বন্তি যাঃ স্ত্রিয়ঃ। তাসাং যাবদ্বিপন্নাশং কুরুতে ভবসুন্দরী। অবৈধব্যঞ্চ লভতে সর্ব্বত্র সসুখং বসেৎ॥ নারদ উবাচ। কেন বা তৎ কৃতং কর্ম্ম মর্ত্ত্যে কেন প্রকাশিতম্। এতন্মে বিস্তরাদ্ ব্রূহি পার্ব্বতীপ্রাণবল্লভ॥ মহাদেব উবাচ। বিদর্ভাধিপতিঃ শ্রীমান্ রাজা সত্যপরাক্রমঃ। তস্য পত্নী গুণবতী সর্ব্বপ্রাণিহিতে রতা॥ একদা চর্ম্মকারস্য পত্ন্যা সহ সুনির্জ্জনে। মিলিতা চ মহারাজ্ঞী মিথো বৈ মিত্রতা কৃতা॥ নানাবিধানি দ্রব্যাণি রাজপত্নী দদৌ মুদা। চর্ম্মকারস্য পত্ন্যৈ সা নানাবিধফলানি চ॥ একদা চর্ম্মকারস্য পত্নী রাজগৃহং যযৌ রাজপত্নী সমাহূয় পরস্পরমভাষত॥ রাজপত্ন্যুবাচ। কীদৃশঞ্চ গবাং মাংসং দ্রষ্টুমিচ্ছাম্যহং সখি। নয় ত্বং বহুযত্নেন গোপনং মম বেশ্মনি॥ রাজপত্নীবচঃ শ্রুত্বা মাংসং বহুবিধং তথা। পাত্রস্থং বস্ত্রমাচ্ছাদ্য রাজবেশ্ম যযৌ মুদা॥ দৃষ্ট্বা মাংসং রাজপত্নী গোপনং রক্ষিতং গৃহে। মাংসং দৃষ্ট্বা রাজভৃত্যো রাজ্ঞে সর্ব্বং ন্যবেদয়ৎ॥ রাজা চ গৃহমাগত্য রাজপত্নীং জগাদ সঃ। চর্ম্মকারগৃহদ্রব্যং কিং গৃহে রক্ষিতং সতি॥ সত্যবাক্যং বদস্বাদ্য সন্নিধৌ মম ভামিনি।

নোচেত্ত্বাং প্রাপয়িষ্যামি ধর্ম্মরাজস্য সংক্ষয়ম্। ফলং বহুবিধং রাজন্ পুষ্পঞ্চ পরিরক্ষিতম্। এতদুক্ত্বা রাজপত্নী দুর্গাদেবীমপূজয়ৎ॥ রাজপত্ন্যুবাচ। বিপত্তারিণি দুর্গে ত্বং বিপন্নাং ত্রাহি মাং শিবে। ভক্তিভাবং ন জানামি বালাঽহং দুষ্কৃতং কৃতম্॥ অদ্য রক্ষ মহামায়ে ঘোরদুস্কৃতকর্ম্মণি। যাবজ্জীবাম্যহং দুর্গে ব্রতং তাবৎ কারোম্যহম্॥ দেব্যুবাচ। তুষ্টাস্মি তেঽনয়া বাচা বরমেবং দদামি তে। যদ্‌গৃহে রক্ষিতং মাংসং ফলং বহুবিধং ভবেৎ। মহারাজয় দত্তং চেৎ প্রীতিস্তস্য ভবিষ্যতি॥ ততো দেব্যা বচঃ শ্রুত্বা গৃহমধ্যগতা সতী। দৃষ্ট্বা বহুবিধং রম্যং ফলং পুষ্পং প্রহৃষ্টধীঃ। ফলং পুষ্পঞ্চ তৎসর্ব্বং দদৌ রাজ্ঞে মুদান্বিতা। রাজা দৃষ্ট্বা বহুবিধং ফলং সংহৃষ্টমানসঃ॥ এবং গুণবতী রাজ্ঞী ব্রতং কৃত্বা সুদুর্ল্লভম্। ইহ ভোগান্ বরান্ ভুক্ত্বা অন্তে স্বর্গপুরং যযৌ॥ নারদ উবাচ। কিং বিধানং ব্রতস্যাস্য বদ মে শঙ্কর প্রভো॥ মহাদেব উবাচ। বিধানং তে প্রবক্ষ্যামি শৃণুষ্ব সুসমাহিতঃ আষাঢ়স্য সিতে পক্ষে দ্বিতীয়ায়াঃ পরং মুনে। পূর্ব্বং দশম্যাস্তন্মধ্যে শনিভৌমদিনে তথা॥ ব্রতবাসরপূর্ব্বেহ্যুর্ভুক্ত্বা চৈকং নিরামিষম্। অতীতে যামিনীকালে স্নাত্বা সঙ্কল্পমাচরেৎ॥ ভূমৌ ঘটং সমারোপ্যে সহকারফলান্বিতম্। নৈবেদ্যং বিবিধং দদ্যাৎ নানাবিধফলানি চ॥ পিষ্টকং বিবিধং রম্যং তণ্ডুলাদিবিনির্ম্মিতম্। পূগাদি-ফলসংযুক্তং তাম্বুলঞ্চ পৃথক্ পৃথক্॥ এবং বহুবিধং দ্রব্যং ত্রয়োদশমিতং পৃথক্। সর্ব্বা-পত্তারিণীদেব্যৈ দত্ত্বা বিপ্রায় দাপয়েৎ॥ সোপবীতং সুভোজ্যঞ্চ ব্রাহ্মণায় প্রদাপয়েৎ। কর্ম্মান্তে দক্ষিণাং দদ্যাদন্যথা নিষ্ফলং ভবেৎ॥ যা নারী ভক্তিভাবেন করোতি ব্রতমুত্তমম্। বিধবা ন ভবেৎ ক্বাপি পতিসৌভাগ্যমাপ্নুয়াৎ॥ পুত্রপৌত্রসমাযুক্তা ভুক্ত্বা ভোগান্ মনোরমান্। অন্তে প্রাপ্নোতি সা নারী নক্ষত্রে চ পুনর্ব্বসৌ॥ বিপত্তারিণীদুর্গায়া ব্রতং কুর্ব্বন্তি যাঃ স্ত্রিয়ঃ। বিপন্ন সম্ভবেৎ ক্বাপি সর্ব্বান্ কামানবাপ্নুয়ুঃ॥ ত্রয়োদশগ্রন্থি-যুক্তং সুরক্তঞ্চ সুডোরকম্॥ নারী বা পুরুষো বাপি বধ্নীয়াদ্দক্ষিণে করে॥ ইতি বিপত্তারিণীব্রতকথা সমাপ্তা।

সুবচনী-ব্রত

পূজাবিধিঃ।—স্বস্তিবাচ্য "সূর্য্যঃ সোম" ইতি পঠিত্বা সংকল্পং কুর্য্যাৎ। অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী দাসী বা সর্ব্বা-পচ্ছান্তিপূর্ব্বক-মনোঽভীষ্টসিদ্ধিকামা গণপত্যাদিনানাদেবতা-পূজাপূর্ব্বক (সুবচনী) শুভচণ্ডী-দুর্গাপূজাতৎকথাশ্রবণমহং করিষ্যে" ইতি সংকল্প্য গণেশাদিদেবতাঃ সম্পূজ্য (সুবচনীং) শুভচণ্ডীং ধ্যায়েৎ—"ওঁ রক্তাঙ্গী চ চতুর্ম্মুখী ত্রিনয়না রক্তাম্বরালঙ্কৃতা। পীনোত্তুঙ্গকুচা দুকূলবসনা হংসাধিরূঢ়া পরা। ব্রহ্মানন্দময়ী কমণ্ডলুকরাঽভীতিপ্রদানোৎ-সুকা, ধ্যেয়া সা শুভকারিণী সুবচনী সর্ব্বাপদুদ্ধারিণী॥" এবং ধ্যাত্বা ষোড়শোপচারৈঃ পূজয়েৎ। এবং হংসাদীন্ সংপূজ্য কথাং শৃণুয়াৎ॥

ব্রতকথা—বন্দ মাতা সুবচনী, পুরাণে মহিমা শুনি, পতিত পাবনী পুরাতনী। বলি

আমি করপুটে, অধিষ্ঠান হও ঘটে, শুন আপনার ব্রতবাণী ॥ প্রণমিয়া দেব গুরু বিপ্রের চরণে। সুবচনী মাতা বন্দ আনন্দিত মনে ॥ প্রজা ল'য়ে রাজ্য করে কলিঙ্গ ঈশ্বর। সেই দেশে অনাথা ব্রাহ্মণী করে ঘর ॥ সবে মাত্র এক পুত্র পড়ে পাঠশালে। ভিক্ষা মেগে যজ্ঞসূত্র দিল যথাকালে ॥ পাঠশালে পড়ে সবে নানা দ্রব্য খায়। দ্বিজপুত্র দুঃখী সবাকার পানে চায় ॥ মনে করে আজি ত্বরা করে ঘরে যাব। পরিপূর্ণ করে মৎস্য মাংস অন্ন খাব ॥ ঘরে গিয়া পুত্র জননীর কাছে বলে। উত্তম সুখাদ্য খায় বালক সকলে। ব্রাহ্মণীর পুত্র ইহা কন হেসে হেসে। পরম আনন্দে জননীর কোলে বসে ॥ অন্যের বালক মাগো নানা দ্রব্য খায়। মৎস্য আদি পক্ষী মাংস খেতে সাধ যায়। ব্রাহ্মণী বলেন বাছা আমি কোথা পাব। তনয় বলেন কাল আমি এনে দিব ॥ উঠিয়া প্রভাতে তবে দ্বিজের তনয়। নগর ভ্রমণ করে ত্যজিয়া আলয় ॥ হংসশালে নৃপতির আছে যত হাঁস ॥ দিবা রাত্র রক্ষক আছয়ে বারোমাস। হংস সব চরে সন্ধ্যাকালে যায় ঘরে ॥ পাছু ছিল খোঁড়া হাঁস দ্বিজ পুত্র ধরে ॥ আছাড়িয়া মেরে জননীর কাছে দিল। রন্ধন করিয়ে মাংস গোপনে খাইল ॥ প্রাতঃকালে দেখে পালে খোঁড়া হাঁস নাই। রাজার শাসনে দূত চলে ধাওয়াধাই ॥ রাজা বলে আজি খোঁড়া হাঁস খুঁজে আন ॥ খোঁড়া হাঁস না পাইলে বধিব পরাণ ॥ ভয়ে ব্যগ্র হয়ে খুঁজে যত হংসচর। ঘাট বাট মহারণ্য সবাকার ঘর ॥ হংসের সন্ধান কোন মতে নাহি পায়। ব্রাহ্মণীর বাটীর নিকট দিয়া যায় ॥ সেই হংস পাখা দেখে বিপ্র ভস্মকুণ্ডে। দ্বিজ পুত্রে ধরে সবে বজ্র পাড়ে মুণ্ডে ॥ ব্রাহ্মণীরে যথোচিত তিরস্কার করে। তার পুত্রে ধরে দিল রাজার গোচরে ॥ ব্রাহ্মণ দেখিয়া কলিঙ্গের অধিকারী। ক্রোধে পরিপূর্ণ কহে আত্মনাদ করি ॥ রাজা বলে বেটা এত বড় অহংকার। হংস মেয়ে খাইয়াছ পাবে ফল তার ॥ আজ্ঞা দিল রাজা দ্বিজে রাখ বন্দিশালে। বক্ষেতে পাথর দেও ভূমিতলে ফেলে ॥ বন্দিশালে রাখে দূত নৃপ আজ্ঞা পেয়ে। ব্রাহ্মণীরে সবে সমাচার দিল গিয়ে ॥ শুনিয়ে আছাড় খায় কেশ নাহি বান্ধে। তারিণী ব্রাহ্মণী বলে দ্বিজ মাতা কান্দে ॥ ভয়ে দ্বিজ মাতা কান্দে, কেশপাশ নাহি বান্ধে, অচেতনে পড়ে ভূমিতলে। করে হাহাকার রব, শুনি ধেয়ে এল সব, আহা! আহা! উঠ বলি তোলে ॥ ব্রাহ্মণের নহে ধর্ম্ম, করেছে কুৎসিত কর্ম্ম, হোক ব্রাহ্মণের ছেলে বটে। সাম্য হোগ নৃপ ক্রোধ, সবে গিয়া উপরোধ, রাজারে করিব করপুটে ॥ কেহ কহে উপদেশ, কহি শুন সবিশেষ, কান্দিলে না হবে কিছু আর। কা হতে কিছু না হয়, শাস্ত্রেতে এমত কয়, ভাল মন্দ কর্ম্ম দেবতার ॥ আর কেহ নাহি যার, সুবচনী মাতা তার, একভাবে পদ ভাব তাঁর ॥ ভেবে হারা মরা পায়, এবা কোন বড় দায়, তব পুত্রে করিবেন উদ্ধার ॥ সেই গ্রামে এক ঘরে, সুবচনী পূজা করে, তথা যায় এও নারীগণ। শুনিয়া পূজার কথা, ব্রাহ্মণী গেলেন তথা এক ভাবে করয়ে মানন ॥ আমার পুত্র রাজদ্বারে, উদ্ধারিয়া

এলে ঘরে, সুবচনী মায়েরে পূজিব ॥ সবে বল সিদ্ধ হোক, মায়ের মহিমা হোক, মিথ্যা হ'লে পরাণ ত্যজিব ॥ ব্রাহ্মণী কাতর দেখি, সকলে সজল আঁখি করপুটে করিছে মানন। উর মাতা নিজ গুণে, মুক্ত করিয়া ব্রাহ্মণে, নিজ পূজা করহ গ্রহণ ॥ দেবী শুনিলেন কানে, রাজা শুয়ে যেই স্থানে, মহানিশি কাছে ছয় রাণী। উদ্ধারিতে দ্বিজবরে, দেবী গিয়া সেই ঘরে, রাজারে কহিছে স্বপ্নবাণী ॥ শুন রাজা তোরে ক'ই কার মন্দকারী নাই, এলাম হিত কথা কহিবারে। মেরেছে যে খোঁড়া হাঁস, সে আমার ব্রতদাস, বন্দিশালে রেখেছ তাহারে ॥ আমি তার অপমানে, ব্যথা বড় পাই মনে, দেখ্ তোর সর্ব্বনাশ হয়। হবে রক্ত অগ্নি বৃষ্টি, নষ্ট হবে সব সৃষ্টি. পুরী সব হবে ভস্মময় ॥ যদি বল খোঁড়া হাঁস, ব্রাহ্মণ করেছে নাশ, সে কেবল লোকের লাগান। কালি প্রাতঃকাল হ'লে তুমি গিয়া হংসশালে, খোঁড়াকে দেখিবে বিদ্যমান ॥ দ্বিজ পুত্রে ক'রে মুক্ত, তবে তার উপযুক্ত, ঐ রাজ্য দিয়া কর মান। মোর কথা সত্য জ্ঞানে, মিথ্যা না ভাবিহ মনে, শকুন্তলা কন্যা দিবে দান ॥ তব রাজ্য রক্ষা হবে, দেশে দেশে কীর্ত্তি রবে, এত বলি দেবী অন্তর্দ্ধান। এ সব দেবীর রঙ্গ, নৃপতির নিদ্রাভঙ্গ ভয় পেয়ে রাণীকে জাগান। উঠ উঠ উঠ রাণী, শুনহ স্বপ্নের বাণী, স্বপ্ন দেখি পরাণ বিকল। নিদ্রাবশে যে দেখিনু, বুঝি সব হারাইনু, রাজ্য ধন পুত্রাদি সকল ॥ কারাগারে দ্বিজসুতে, ক্লেশ দিনু বিধিমতে, সে দেবীর বরপুত্র হয়। সেই অধর্ম্মের ফলে, রাজ্য-পুত্রাদি সকলে, বুঝি সুবচনী করে ক্ষয় ॥ শুনিয়া স্বপ্নের কথা, রাণী মনে পায় ব্যথা, অতিশয় চঞ্চলা হইল। ক্ষণে উঠে ক্ষণে বৈসে, ক্ষণেক রাজার পার্শ্বে, উচ্চৈঃস্বরে কান্দিতে লাগিল ॥ বলিতে কহিতে নিশা, পোহাইয়া হইল উষা উঠি রাজা হংসশালে যান ॥ নৃপতির কাছে কাছে, মৃত খোঁড়া হাঁস নাচে, দেবীবরে পেয়ে প্রাণদান ॥ দেখে রাজার হৈল বোধ, নৃপতির গেল ক্রোধ, বৈসে এসে বাহির দালানে। উদ্বেগ উঠিছে মনে পাত্র মিত্র বন্ধুগণে, ত্বরা করে ডাকাইয়া আনে ॥ বন্দিশালে আছে বিপ্র, মুক্ত করে আন ক্ষিপ্র, তাহারে অর্পিব মম রাজ্য। তাহার আশ্রয় লব, শকুন্তলা কন্যা দিব, আজি সমর্পিব শুভ কার্য্য ॥ নৃপ-আজ্ঞা পাবা মাত্র নৃপতির পাত্র মিত্র, বিপ্রপুত্রে মুক্ত করে আনে ॥ দিব্যবস্ত্র পরাইয়া, নানা আভরণ দিয়া, আপনারে ধন্য করি মানে ॥ নৃপ দ্বিজের নিকটে, দাণ্ডাইয়া করপুটে, স্তুতি করে বিবিধ প্রকারে। হয়ে মোর অবতংশ রক্ষা কর মোর বংশ, সবান্ধব শরণাগতেরে ॥ চিনিতে নারিনু তোমা, অপরাধ কর ক্ষমা, যত দুঃখ তোমারে দিলাম। দিয়া কন্যা রাজ্য দান, রাখিব তোমার মান, আজি হইতে আশ্রয় নিলাম ॥ পরে রত্নসিংহাসনে, বসাইয়া সে ব্রাহ্মণে, নিজ হস্তে চরণ ধুয়ায়। দূত গিয়া ত্বরা করে, পুরোহিত ব্রাহ্মণেরে, সেইক্ষণে সভায় আনায় ॥ জ্যোতিষশাস্ত্রের মত, দিন করি আনন্দিত, শুভ লগ্ন করিলেন স্থির। তবে কলিঙ্গ-ঈশ্বর, নিজরাজ্যে করে ঘর, সোভা করে সভার মন্দির ॥ দেখে দিন শুভক্ষণে, স্ত্রীগণে ডাকিয়া

আনে, তৈল হরিদ্রা দিতে গায়। বসন ভূষণ পরি, নানা বর্ণে বেশ ধরি, সীমন্তিনী সারি সারি যায়। শুনি বিবাহের রব বাগ্যকর যত সব, রাজার রাজ্যেতে বাস ছিল। যন্ত্র সুমিলন করি, সবে বেশ ভূষা করি, রাজার পুরীতে প্রবেশিল। এককালে বাদ্যধ্বনি, সবে চমকিত শুনি, ক্ষিতিতে বৈসেছে লোক যত। বাজিতেছে জগঝম্প, শব্দে হয় ভূমিকম্প, শুনি রাণী হৈল আনন্দিত॥ এয়ো সব হল জড়, অন্তরে আহ্লাদ বড়, যত নারী হরিদ্রা মাথায়। শঙ্খ রব হুলাহুলি, সব সীমন্তিনী মিলি, সরোবরে স্নান জন্যে যায়॥ ঘটেতে পূরিয়া বারি লইল মস্তকোপরি, রাজরাণী অঞ্চলে লুটায়ে। প্রবেশি নিজ মন্দিরে, ঘটেরে প্রণাম করে, রত্নদীপ বাসরে জ্বালিয়ে॥ জিজ্ঞাসয়ে রাজরাণী, শুন সব সীমন্তিনী, হাই আমলা বাটিবেক কে। স্বামী ধরিবেক ছাতা, নাহি পাবে কোন ব্যথা, পতির প্রেয়সী হবে যে॥ কাছে ছিল বিপ্রসুতা, বড় রূপ গুণযুতা, পতির প্রেয়সী সেই ধনী। তাহারে আদেশ করি, সঙ্গে বহু বহুচরী, হাই আমলা বাটাইল রাণী। ব্রাহ্মণীর পুত্র লয়ে, মঙ্গলাচার করিয়ে, করাইল স্নান অধিবাস। সন্ধ্যায় লইয়া বরে, তারা স্ত্রী-আচার করে, নানামতে করে পরিহাস॥ ছানলায় দোহে লয়ে, পুরোহিত ডাকাইয়ে, শুভকর্ম্ম করে আরম্ভণ। দুহাত একত্রে লয়ে বান্ধে পুষ্পমাল্য দিয়ে, রাজরাণী আনন্দে মগন॥ তবে জলধারা দিয়ে, বর কন্যা গৃহে লয়ে, বাসরঘরে করে জাগরণ। সব সখীগণ সঙ্গে, নানা মত খেলা রঙ্গে, প্রাতঃকালে উঠে দুইজন॥ ব্রাহ্মণীর পুত্র কয়, বিলম্ব উচিত নয়, বিদায় করহ ত্বরা করি। মঙ্গল আসনোপরে বসাইল কন্যা বরে, রূপ হেরে যত নর নারী॥ রাজকন্যা বৈসে বামে, রতি যেন শোভে কামে, নারায়ণে শোভে সিন্ধুসুতা। শচী যেন আখণ্ডলে, হৈমবতী হর কোলে, বশিষ্ঠেতে অরুন্ধতী যথা॥ ধান্য দূর্ব্বা দিয়ে শিরে, সবে আশীর্ব্বাদ করে, হাতে হাতে কন্যা সঁপে রাণী। ধরি জামাতার হাতে, শকুন্তলার হস্ত তাতে, দিয়া কহে সুমধুর বাণী॥ মনে না করিবে রোষ, ক্ষমা কর সব দোষ, শকুন্তলা ল'য়ে কর ঘর। কন্যার বিদায় কালে, রাণী ভাসে অশ্রুজলে, আজি হ'তে বাছা হৈল পর॥ করে হাহাকার ধ্বনি, সকাতরে কান্দে রাণী, ধূলায় ধূসর হয়ে গায়। শুনিয়া ক্রন্দন বাণী, সকাতরে নৃপমণি, সভামধ্যে কান্দে উভরায়॥ নানাবাদ্য শব্দ উঠে, আগে পিছে লোক ছুটে, পদে পদ নাহি পায় পথ। দেখিয়া আশ্চর্য্য হইল, ব্রাহ্মণীর পুত্র আইল, ধনে পরিপূর্ণ সঙ্গে রথ॥ ধেয়ে গিয়া কহে লোক, ঠাকুরাণী ত্যজ শোক, দেখ সে তোমার মন ভালো। বন্দি পুত্র কারাগারে, বিবাহ করিয়া ঘরে, রাজার তনয় ল'য়ে এলো॥ শুনে এই শুভ বাণী, আনন্দিত ঠাকুরাণী, মনে করে এমন কি হব। সুবচনী মাতা বুঝি, হাতে তুলে দিল নিধি, হারাধন ঘরে বসে পাব॥ এতেক বলিয়া উঠে বাদ্য শুনে সন্নিকটে, আনন্দ-সাগরে যেন ভাসে। অঙ্গের অম্বর তার, সম্বরা হইল ভার, অমনি ধাইল এলোকেশে॥ পুত্র আসিয়া নিকটে, দাণ্ডাইয়া করপুটে, জননীরে করিল প্রণাম।

ব্রাহ্মণী বলেন এসো, অভাগিনীর কোলে বসো, দেবী পুরাইল মনস্কাম ॥ তবে জলধারা দিয়ে, বরকন্যা গৃহে লয়ে, আঙ্গিনায় পূজে সুবচনী। চারিকোণা করি ঘর, কাটিল আঙ্গিনাপর, আলিপনা দিলেন ব্রাহ্মণী ॥ চিত্র বিচিত্র করি, খোঁড়াহাঁস সারি সারি, লিখি তায় আরোপিলা তাতে। আম্রশাখা পূর্ণবারি, দুগ্ধেতে গহ্বর পুরী, দিব্য শোভা পদ্মিনী পালাতে। সুবচনী পূজা সব, সাঙ্গপুরে শঙ্খরব, শুনে সবে দণ্ডবৎ হয়ে। এয়োরে করয়ে দান, নাড়ু রম্ভা গুয়া পান, তৈল সিন্দুর সবে দিয়ে ॥ সীমন্তিনী সারি সারি, দাণ্ডাইল শোভা করি, ব্রাহ্মণী চরণে দিল জল। অঞ্চল লোটায়ে তাতে, দিল পুত্র বধূ-মাথে, মনোবাঞ্ছা হইল সফল ॥ প্রসাদীয় দ্রব্য যাহা, কিঞ্চিৎ কিঞ্চিৎ তাহা, ব্রাহ্মণী আপনি বাঁটি দিল। একান্ত মনে সকলে, বিস্তার করি অঞ্চলে, ভক্তিভাবে গ্রহণ করিল ॥ দক্ষিণান্ত সমাপিয়া, ঘটে বিসর্জ্জন দিয়া, পুরোহিত করিল গমন। তবে পুত্রবধূ লয়ে পূর্ণঘট কক্ষে দিয়ে, গৃহমধ্যে প্রবেশে তখন ॥ ইতি সুবচনী ব্রতকথা সমাপ্তা ॥

মধুসংক্রান্তি-ব্রত

মহাবিষুব সংক্রান্তি-দিবসে শুদ্ধকালে ব্রত গ্রহণ করিবে। প্রথমতঃ মধুপূর্ণ কাংস্য-নির্ম্মিত ভাজন ও যজ্ঞোপবীত দক্ষিণাসহ ব্রাহ্মণ হস্তে প্রদানপূর্ব্বক—বিদায় করিবে, এইরূপে প্রতি সংক্রান্তিতে মধুদান করিয়া বৎসরাবসানে পুনঃ মহাবিষুব সংক্রান্তিতে উদ্‌যাপন করিবে। ইহার নিয়ম ;—মধুপূর্ণ ত্রয়োদশ-সংখ্যক মধুপর্ক ও যজ্ঞোপবীত, দক্ষিণাসহিত বিষ্ণুকে নিবেদন করিয়া ত্রয়োদশ-জন ব্রাহ্মণকে দান করিবে। বিশেষমাত্র এই ;—ব্রতগ্রহণকালে যে ব্রাহ্মণকে প্রথমতঃ মধুপর্ক দান করা হইয়াছিল, তাঁহাকেই বস্ত্রাদি উপহার দ্বারা পূজা করিয়া মধুভাজন প্রদানপূর্ব্বক বিদায় করিবে ॥ ইতি মধু-সংক্রান্তিব্রত সমাপ্ত ॥

বৈশাখচম্পক-ব্রত

শুদ্ধাকালে মহাবিষুব-সংক্রান্তিতে এই ব্রত করিতে হয়। এই ব্রত বর্ষচতুষ্টয় পর্য্যন্ত করিতে হয়। প্রথম আরম্ভকালে ব্রাহ্মণ চতুষ্টয় অথবা একজন ব্রাহ্মণ অর্চ্চনীয়। ব্রাহ্মণদিগকে গন্ধ চম্পকপুষ্পাদি দ্বারা অর্চ্চনা করিয়া নানা-উপকরণ সংযুক্ত ভোজনীয় সামগ্রী ভোজন করাইবে, ভোজনানন্তর সদক্ষিণকতাম্বুলাদি প্রদান করিবে। এই রীতিক্রমে সমস্ত মাস ব্রাহ্মণচতুষ্টয় পূজা করিবে। দ্বিতীয় বৎসরে অষ্টজন ব্রাহ্মণ, তৃতীয় বৎসরে দ্বাদশ জন ব্রাহ্মণ, চতুর্থ বৎসরে ষোড়শ ব্রাহ্মণ, পূর্ব্ববৎ ভোজনাদি করাইবে। চতুর্থ বৎসরে ব্রত উদ্‌যাপন কর্ত্তব্য। তাহার ক্রম ;—ছত্র, পাদুকা, যজ্ঞোপবীত, বস্ত্র, আসন, ব্যজনাদিদ্বারা প্রত্যেক ব্রাহ্মণকে পরিতুষ্ট করিয়া যথাশক্তি দক্ষিণা দিয়া বিদায় করিবে ॥ ইতি বৈশাখচম্পকব্রত ॥

ফলদান-ব্রত

মহাবিষুব সংক্রান্তিতে কোন এক মনোনীত ব্রাহ্মণকে আবাহন করিয়া যজ্ঞোপবীত সহিত সদক্ষিণ একটী গুবাক ফল হস্তে দিয়া প্রণাম করিবে। এই ক্রমে সমস্ত বৈশাখ মাস প্রতিদিন দান করিবে। দ্বিতীয় বৎসরে কদলীফল, তৃতীয় বৎসরে আম্রফল, চতুর্থ বৎসরে নারিকেল ফল দান করিয়া সেই বৎসরেই উদ্‌যাপন করিবেন। তাহার ক্রম,—ত্রয়োদশ জন ব্রাহ্মণকে আহ্বান করিয়া যজ্ঞোপবীত ও দক্ষিণা সহিত নারিকেল ফল প্রত্যেক ব্রাহ্মণহস্তে দিয়া প্রণাম করিবে, কিন্তু পূর্ব্বনির্দ্দিষ্ট ব্রাহ্মণকে সবস্ত্র রৌপ্যনির্ম্মিত গুবাকাদি ফলচতুষ্টয় দান কর্ত্তব্য॥ ইতি ফলদানব্রত সমাপ্ত।

পৌর্ণমাসী-ব্রত

বৈশাখী পূর্ণিমায় আরম্ভ করিয়া সংবৎসরকাল প্রতি পৌর্ণমাসীতে সলড্ডুক-যজ্ঞোপবীত সহিত সদক্ষিণক এক এক জাতিফল ব্রাহ্মণকে দিবে। সম্পূর্ণ বর্ষে ত্রয়োদশ জন ব্রাহ্মণ আহ্বান করিয়া প্রত্যেককে সলড্ডুক যজ্ঞোপবীত ও দক্ষিণা সহিত এক এক জাতিফল দান করিবে। ইতি পৌর্ণমাসীব্রত সমাপ্ত।

ব্রাহ্মণ-আদর-ব্রত

এই ব্রত বর্ষ চতুষ্টয় কর্ত্তব্য। মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিয়া সমস্ত বৈশাখ-মাস প্রত্যহ এক এক ব্রাহ্মণকে নানা উপকরণে ভোজন করাইয়া দক্ষিণা দিবে। এই রূপে চারি বৎসর ব্রত করিয়া সমাপন করিবে॥ ইতি ব্রাহ্মণ আদরব্রত সমাপ্ত॥

মিষ্ট-সংক্রান্তি-ব্রত

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে যজ্ঞোপবীতসহিত সদক্ষিণক লড্ডুক ব্রাহ্মণকে দান করিবেন। সম্পূর্ণ বর্ষে এতদনুরূপ ত্রয়োদশ সংখ্যক লড্ডুক ত্রয়োদশ জন ব্রাহ্মণকে দিয়া নমস্কার করিবে॥ ইতি মিষ্টসংক্রান্তিব্রত সমাপ্ত॥

দাড়িম্বসংক্রান্তি-ব্রত

মহাবিষুব-সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে যজ্ঞোপবীত ও দক্ষিণার সহিত দাড়িম্বফল ব্রাহ্মণকে দিবে। সম্পূর্ণ বর্ষে এতদনুরূপ দাড়িম্বফল ত্রয়োদশ সংখ্যক ব্রাহ্মণকে দান করিবে॥ ইতি দাড়িম্বসংক্রান্তিব্রত সমাপ্ত॥

কলাছড়া-ব্রত

মহাবিষুব-সংক্রান্তিতে আরম্ভ করিয়া সমস্ত বৎসর প্রতি সংক্রান্তিতে যজ্ঞোপবীত ও দক্ষিণা সহিত এক ছড়া কদলীফল ব্রাহ্মণকে দিবে। বৎসর সম্পূর্ণ হইলে ত্রয়োদশ জন ব্রাহ্মণকে ত্রয়োদশ ছড়া কদলী ফল দক্ষিণা ও যজ্ঞোপবীতসহ প্রদান করিবে। বিশেষ মাত্র এই যে, প্রথম যে ব্রাহ্মণকে লইয়া ব্রত আরম্ভ করা হইয়াছিল, বস্ত্রাদি প্রদান পূর্ব্বক সেই ব্রাহ্মণকে পরিতুষ্ট করিতে হইবে। উপরি উক্ত ঐ সকল ব্রত উদ্‌যাপনেরও এই ক্রম জানিবে॥ ইতি কলাছড়াব্রত সমাপ্ত॥

ঘৃতসংক্রান্তি ব্রত

মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে যজ্ঞোপবীত সহিত সদক্ষিণ ও ঘৃতসমেত পাত্র ব্রাহ্মণকে দিবে। সম্পূর্ণ বর্ষে এতদনুরূপ ত্রয়োদশ সংখ্যক ঘৃতপাত্র ত্রয়োদশ জন ব্রাহ্মণকে দিবে॥ ইতি ঘৃতসংক্রান্তিব্রত সমাপ্ত॥

মনোরথ-ব্রত

আষাঢ় শুক্লা দ্বিতীয়া তিথিতে পূর্ব্বাহ্নকালে স্বস্তিবাচন পুর্ব্বক সংকল্প করিবে। অনন্তর গন্ধপুষ্প ধূপ দীপ নৈবেদ্যাদি দ্বারা বিষ্ণুপূজা করত সমস্ত দিবা উপবাস করিয়া থাকিবে। সন্ধ্যাকালে চন্দ্রোদয় দর্শনে চন্দ্রকে অর্ঘ্য প্রদান করত আহার করিবে, চন্দ্র অস্ত হইলে আহার করিলে ব্রতভঙ্গ হয়॥ শক্তি-অনুসারে দক্ষিণান্ত করিবে। এই মনোরথ ব্রত সম্যক্ মনোভিলাষ পরিপূর্ণ করে। স্ত্রীলোকে স্বামী হইতে সমস্ত সৌভাগ্য লাভ করে। স্বামীও চিরকাল তাহার বশীভূত থাকে॥ ইতি মনোরথব্রত সমাপ্ত॥

আদর-সিংহাসন-ব্রত

মহাবিষুব-সংক্রান্তিতে স্ত্রীলোক এই ব্রত আরম্ভ করিবে। তাহার ক্রম ;—প্রথম একজন সধবা স্ত্রীকে সযত্নে আহ্বান করত স্বভবনে আনিয়া পিঠালিদ্বারা বিচিত্র সিংহাসন কল্পনা করিয়া তদুপরি আসন প্রদানপূর্ব্বক তাহাকে উপবেশন করাইবে। নাপিতাঙ্গনাদ্বারা হস্ত পদের নখাদি ছেদন করাইয়া শোভন-অলক্তক-রাগে চরণদ্বয় সুরঞ্জিত করিবে এবং তৈল-হরিদ্রা-ম্রক্ষণ ও কেশ সংযমনপূর্ব্বক কবরীবন্ধন করত সীমন্ত-দেশ সিন্দূররাগে রঞ্জিত করিবে এবং বিচিত্রা পুষ্পমালা প্রদানপূর্ব্বক সুগন্ধ দ্রব্য গাত্রে অনুলেপন করিবে, তদনন্তর মনোহর দ্রব্যজাত আহরণ করত সমাদর পূর্ব্বক ভোজন করাইয়া বিদায় করিবে। এইরূপে সমস্ত বৈশাখে প্রতিদিবস এক এক জন সধবা স্ত্রীলোককে আদরপূর্ব্বক অর্চ্চনা করিবে। বর্ষ-চতুষ্টয় পূর্ণ হইলে উদ্‌যাপন করিবে। তাহার নিয়ম—প্রথম বৎসরের প্রথম দিবসে যে স্ত্রীকে লইয়া ব্রত করা হইয়াছিল তাহাকে যথাশক্তি সমাদরে পূর্ব্ববৎ অর্চ্চনা করিয়া শঙ্খ সিন্দূর বস্ত্রাভরণাদি বিভবানুসারে প্রদান করত যথাশক্তি দক্ষিণা দিয়া বিদায় করিবে॥ ইতি আদরসিংহাসনব্রত সমাপ্ত॥

আইও সংক্রান্তি-ব্রত

এই ব্রত বৈশাখমাসে আরম্ভ করিতে হয়। মহাবিষুব সংক্রান্তিদিবসে জীবৎপতিকা বিপ্রকন্যাকে স্বভবনে আনয়ন করত বিচিত্র পীঠোপরি উপবেশন করাইয়া কেশ-সংযমনাদি, কবরীবন্ধন, তৈল-হরিদ্রাদি ম্রক্ষণ, সিন্দূররাগে সীমন্তদেশ অরুণীকৃতকরণ, অলক্তকরাগে চরণ রঞ্জিত করিয়া পুষ্পমাল্যানুলেপনদ্বারা সুসজ্জিতকরণপূর্ব্বক নানা দ্রব্য ভোজন করাইয়া বিদায় করিবে। এইরূপ দ্বিতীয় সংক্রান্তিতে দুইজন, তৃতীয় সংক্রান্তিতে তিনজন, ক্রমবৃদ্ধির অনুসারে সধবা পূজনপূর্ব্বক সংবৎসর কাল অতিপাত করিবে। সমাপ্তিদিবসে বিভবানুসারে ত্রয়োদশজন সধবাকে অর্চ্চনা করিবে। অশক্তপক্ষে

প্রথমানীত-সধবাকেই বস্ত্রালঙ্কারাদি প্রদানপূর্ব্বক বিদায় করিবে। অপরাপর যোষিদ্‌গণকে যথাযোগ্য দক্ষিণা প্রদান পূর্ব্বক এক এক সিন্দূর পেটিকা দিয়া বিদায় করিবে॥ ইতি আইওসংক্রান্তিব্রত সমাপ্ত॥

নখছুটের-ব্রত

এই ব্রত চৈত্র মাসের প্রথমে যে কোন দিবসে আরম্ভ করিবে, দিবসের নিশ্চয় নাই। ইহার ক্রম—এই ব্রত বৎসর চতুষ্টয় কর্ত্তব্য। প্রথম বৎসরে চারিজন স্ত্রীলোককে স্বভবনে নিমন্ত্রণ করিয়া আনিবে, একখানি গাত্রমার্জ্জনী লোহিত-রাগে রঞ্জিত করিয়া প্রাঙ্গণে ভূমিতলে পাতিবে, তদুপরি নাপিতাঙ্গনা কিছু বরাটক দিয়া একটি পুত্তলিকা চিত্র করিবে, অনন্তর চারিজন স্ত্রীলোকের চরণের নখাদি ছেদন করিয়া ঐ গামছার উপর নিক্ষেপ করিবে, পরে নাপিত স্ত্রী ঐ উচ্ছিষ্ট নখাদি দুই ভাগে বিভক্ত করিয়া গামছার দুই খুটে বন্ধন করত ব্রতকারিণী স্ত্রীর স্কন্ধোপরি ঐ নখাদিপ্রদানপূর্ব্বক ঐ সমস্ত স্ত্রী সমবেত হইয়া নদ্যাদিতে বা সরোবরের তীরে স্নানার্থে উপস্থিত হইয়া ভূমিতলে নখাদি নামাইয়া ব্রতকারিণী স্ত্রী প্রশ্ন করিবে। "আমার নখ মাংসের ভার উড়িল"। নাপিত স্ত্রীর উত্তর—"তোমার নখমাংসের ভার উড়িল"॥ এইরূপ বারত্রয় প্রশ্ন ও উত্তর করণান্তর সকলে স্নান করিয়া গৃহে আগমন করিবে। নাপিত-স্ত্রী ঐ নখমাংসাদি জলে নিক্ষেপ করত গাত্রমার্জ্জনী ও বরাটক লইবেক। গৃহে আসিয়া ঐ সকল স্ত্রীকে কিঞ্চিৎ কিঞ্চিৎ চাল ডাল দিয়া বিদায় করিবে। এইরূপ দ্বিতীয় বৎসরে আটজন স্ত্রীলোককে আট ভাঁড় দধি দিয়া বিদায় করিবে। তৃতীয় বৎসরে বারো জনকে বারোভাগ খই দিয়া বিদায় করিবে। চতুর্থ বৎসরে ষোড়শ জনকে জলপান করাইয়া ব্রত সমাপন করিবে কিন্তু নাপিত স্ত্রীকে বস্ত্রাদি দান পুরঃসর বিদায় করিতে হইবে, নচেৎ ব্রত পণ্ড হইবে॥ ইতি নখছুটের ব্রত সমাপ্তা॥

ধনগছান-ব্রত

এই ব্রত মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিবে। তাহার ক্রম—ব্রাহ্মণ অথবা পতি, ভ্রাতা, পিতৃব্য প্রভৃতি সকলকেই ধনিয়া, ধান্য লাড্ডুক, যজ্ঞোপবীত ও দক্ষিণা প্রদান করিবে। এইরূপে বৎসর চতুষ্টয় সমাপ্ত হইলে উদ্‌যাপন দিবসে বস্ত্রাদিপ্রদানপূর্ব্বক প্রথম গ্রহীতার পরিতুষ্টি জন্মাইবে। এতদ্-ব্রত-প্রভাবে জন্মান্তরে সর্ব্বত্র ধন লাভ হয়॥ ইতি ধনগছানব্রত সমাপ্ত॥

সত্যনারায়ণ-ব্রত

পূজাপদ্ধতি—যে কোন দিনে সন্ধ্যাসময়ে সায়ংকৃত্য সমাপনান্তে স্বস্তিবাচনপূর্ব্বক—তাম্রপাত্রে তিল, তুলসী, ত্রিপত্র ও ফল এবং জল লইয়া উত্তরমুখ হইয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবেন, যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-

দেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকসৌভাগ্যবর্দ্ধন-মনোগতাভীষ্টসিদ্ধিশ্রীসত্যনারায়ণপ্রীতিকামঃ (স্কন্দপুরাণীয়-রেবাখণ্ডোক্ত)—শ্রীসত্যনারায়ণপূজনতৎ-কথাশ্রবণমহং করিষ্যে।"

পরে স্বশখোক্তসংকল্পসূক্ত পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি জলশুদ্ধি, ভূতশুদ্ধি, ও ন্যাসাদি সম্পাদন করত গণেশাদি পঞ্চদেবতার পূজাপূর্ব্বক করন্যাস, অঙ্গন্যাস করিয়া সত্যনারায়ণের ধ্যান করিবেন, যথা—

"ওঁ ধ্যায়েৎ সত্যং গুণাতীতং গুণত্রয়সমন্বিতং।
লোকনাথং ত্রিলোকেশং পীতাম্বরধরং বিভুম্॥
ইন্দিবরদলশ্যামং শঙ্খচক্রগদাধারং।
নারায়ণং চতুর্ব্বাহুং শ্রীবৎসপদভূষিতং।
গোবিন্দং গোকুলানন্দং জগতঃ পিতরং গুরুম্॥"

এইরূপ ধ্যানান্তে মানসোপচারে পূজা করিয়া বিশেষ অর্ঘ্য স্থাপন পূর্ব্বক—পুনর্ব্বার ধ্যানান্তে পুষ্পটি শালগ্রামে স্থাপন করিয়া ষোড়শোপচারে (অশক্ত হইলে দশোপচারে বা পঞ্চোপচারে) "ওঁ সত্যনারায়ণায় নমঃ মন্ত্রে পূজা করিবেন। কাঁচাসিরনী প্রদানের বিশেষ মন্ত্র যথা—

"এতদ্ গোধূমচূর্ণদুগ্ধরম্ভাশর্করাদ্যেকীকৃতনৈবেদ্যং ওঁ সত্যনারায়ণায় নমঃ।"

পরে বামকরে গ্রাসমুদ্রাপ্রদর্শনপূর্ব্বক—দক্ষিণকরের কনিষ্ঠা ও অনামিকাদ্বারা "প্রাণায় স্বাহা" তর্জ্জনী, মধ্যমা ও অঙ্গুষ্ঠযোগে "অপনায় স্বাহা," মধ্যমা, অনামা ও অঙ্গুষ্ঠ-যোগে—"সমানায় স্বাহা," তর্জ্জনী মধ্যমা, অনামা ও অঙ্গুষ্ঠ যোগে—"উদানায় স্বাহা," অঙ্গুলি-পঞ্চকযোগে—"ব্যানায় স্বাহা" বলিতে হয়। পরে পানার্থোদক, পুনরাচমনীয়, তাম্বুল ইত্যাদি দিয়া যথাশক্তি জপান্তে "গুহ্যাতি" ইত্যাদি মন্ত্রে জলনিক্ষেপ-পাত্রে কিঞ্চিৎ জল দিয়া জলসমর্পণ করিবেন। তৎপরে নিম্নোক্ত মন্ত্রে পুষ্পাঞ্জলি লইয়া স্তব পাঠ করিবেন। যথা—"যন্ময়া ভক্তিযোগেন পত্রং পুষ্পং ফলং জলম্। নিবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্‌গৃহাণানুকম্পয়া। ত্বদীয়ং বস্তু গোবিন্দ তুভ্যমেব সমর্পয়ে। গৃহাণ সুমুখো ভূত্বা প্রসীদ পুরুষোত্তম॥ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন। যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে। অমোঘং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্। হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কম্। সগুণঞ্চ গুণাতীতং গোবিন্দং গরুড়ধ্বজম্। জনার্দ্দনং জনানন্দং জানকীজীবনং হরিং। প্রণমামি সদা দেবং পরং ভক্ত্যা জগৎপতিং। দুর্গমে বিষয়ে ঘোরে শত্রুণা পরিপীড়িতে। নিস্তারয়তু সর্ব্বেষু তথানিষ্টভয়েষু চ॥ নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ। সত্যনারায়ণং দেবং বন্দেঽহং কামদং প্রভুম্। লীলয়া বিততং বিশ্বং যেন তস্মৈ নমো নমঃ॥" অনন্তর পুষ্পাদি হস্তে করিয়া কথা শ্রবণ করিতে হয়, স্কন্দপুরাণোক্ত মূল সত্যনারায়ণের কথা বাংলা কথার পরে দ্রষ্টব্য।

সত্যনারায়ণ-পাঁচালী

পয়ার

একদিন নারায়ণ যুধিষ্ঠির সাথে। মহারঙ্গে বন্ধু সঙ্গে পুরী হস্তিনাতে॥ নানামতে কৌতুকেতে আছে গদাধর। মনে প'ল কলি র'ল বলির নগর॥ দ্বাপরের অন্তে তার রাজ্য প্রাপ্তি হবে। ভাবি মনে নারায়ণে কহিছে পাণ্ডবে॥ চল ভূপ অপরূপ শুনিতে সুশ্রাব। বলি পাশ ইতিহাস ধর্ম্মের প্রস্তাব॥ রাজা বলে কুতূহলে চল দয়াময়। তুমি যার বন্ধু তার কোন কর্ম্ম রয়॥ চলিলেন দুইজন হ'য়ে পদ গতি। পদে পদে পাপ ছেদে পুণ্যা বসুমতী॥ পুণ্যরায় পায় পায় অশ্বমেধ পাত। মহী বলে কুতূহলে আজি সুপ্রভাত॥ চলিলেন দুইজন পরম আহ্লাদ। দেখিছেন সেই স্থান দুয়ের বিবাদ॥ এক চাষা অতি খাসা খেত করে চাষ। স্বর্ণ ভাণ্ড খণ্ড খণ্ড তাহাতে প্রকাশ॥ পেয়ে ধন সেইজন ব্রাহ্মণকে কয়। তবে ভূমে মোর শ্রমে ধন লভ্য হয়॥ লও ধন নিকেতন ঠাকুর গোঁসাই। বিপ্র বলে মূর্খ মেলে আর ঠেকি নাই॥ পেয়েছিস্ তুই দিস্ মোর কি কারণ। আমি নিয়া হব ইহা পাপের ভাজন॥ চাষা বলে ত্রেতাকালে শুনেছি শ্রবণে। ভূমি যার বিত্ত তার লিখেছে পূরাণে॥ সীতা পেয়ে চাষা যেয়ে দিলা জনকেতে। প্রভু বুঝি মোরে আজি ঠেকালে পাপেতে॥ শুনি কাণে দুই জনে চলিল ত্বরিতে। দ্রুতগতি উপস্থিতি বলির পুরীতে॥ ধর্ম্ম দেখি কহে ডাকি কলি অবতার॥ মহারাজা মোর সাজা দেখ একবার॥ বহুকাল বদহাল মোর নাম কলি। বিনা দোষে বাঁধি পাশে রাখিয়াছে বলি॥ ধর্ম্মসুত অদ্ভূত এই ভিক্ষা চাই। মোর প্রাণ দাও দান ধর্ম্মের দোহাই॥ রাজা শুনি কৈলাপুরি করিব মোচন। সবিদিত উপনীত বলির সদন॥ অঙ্গে অঙ্গে পুণ্যে পুণ্যে হইল মিলন। বলি-কাছে ভিক্ষা যাচে পাণ্ডুর নন্দন॥ মহাশয় পুণ্যময় এত পুণ্য কার। আমি চাই ভিক্ষা পাই কলি অবতার॥ চক্রপাণি চক্রমানি আজ্ঞা দিলা বলি। অনুচরে মুক্ত করে হ'য়ে কুতূহলী॥ মুক্ত হ'য়ে কলি যে'য়ে রাজা হ'ল স্থিত। কম্পমান নিয়া প্রাণ দ্বাপর অতীত॥ বলি সঙ্গে নানারঙ্গে বিদায় হইল। তুষ্ট মনে দুইজনে গমন করিল। সেই পথে সেই ক্ষেতে সেই চাষা-সাথে। সেই দ্বন্দ্ব নিরানন্দ বিপরীত তাতে। বিপ্র বলে কোন কালে হ'য়েছে এমন। ক্ষেত মোর বিত্ত তোর একথা কেমন॥ ওরে বেটা চাষা ঠেটা ধন মোরে দে। চাষা বলে বাক্যচ্ছলে তুই বেটা কে॥ খিচড়ামি করি তুমি ধন বুঝি পেলে। ভাগ্য তোর হেথা মোর নাহি জ্যেষ্ঠ ছেলে॥ কলিরাজ নিজ সাজ ধরিয়া ত্বরায়। উচ্চ বুক দীর্ঘ মুখ হাসি হাসি যায়। শিরে নারী করে ধরি জননীর কেশ। মাতা প্রতি কটু অতি অশেষ বিশেষ॥ ওলো বুড়ি আটকুড়ি নাহি তোর যম। কত আর লব ভার পাপিষ্ঠা অধম॥ পক্ক-কেশী শ্বাসকাশী পেচক লোচনী। দন্তহীনা কুরূপিণী পাপিনী তাপিনী॥ নারী প্রতি ভক্তি অতি মিষ্টকথা কয়। সাবধান ওলো প্রাণ ব্যামো পাছে হয়॥ দীর্ঘ কেশ কটিদেশ

সিংহের আকার। পদ্ম আঁখি পদ্মমুখী পদ্মিনী আমার॥ সচকিত বিপরীত দেখি যুধিষ্ঠির। থর থর কলেবর হইলা অস্থির॥ যুড়ি কর নৃপবর হরির সাক্ষাৎ। জিজ্ঞাসিলা এ কি লীলা কহ জগন্নাথ॥ হরি কয় মহাশয় জিজ্ঞাস কি রীত। মহীপাল কলিকাল দ্বাপর অতীত॥ শুন ভূপ অপরূপ যুগধর্ম্ম-ফল। অতিবৃষ্টি অনাবৃষ্টি হইবে সকল॥ রাজাসনে প্রজাগণে করিবে ছলন। প্রাণিগণ অনুক্ষণ পরদারে মন॥ নারী সবে কামী হবে পতি প্রতি দ্বেষ। পরপতি প্রতি অতি সরস আবেশ॥ ধনলোভে প্রাণী সবে মিথ্যা সাক্ষী দিবে। ছলনায় সর্ব্বদায় পাপ উপার্জ্জিবে॥ ধর্ম্মাধর্ম্ম কর্ম্মাকর্ম্ম পাইবে বিনাশ। দিনে দিনে ক্ষণে ক্ষণে অধর্ম্ম প্রকাশ॥ অসম্ভব শুনি সব হরির বদনে। রাজা কয় দয়াময় কহত এক্ষণে॥ এই মত হবে যত জীবের দুর্দ্দশা। বল শুনি চক্রপাণি কি হবে ভরসা॥ হরি কহে শুন যাহে জীবের নিস্তার। অসত্যাতে সত্যমতে ভরিবে সংসার॥ সত্যমূর্ত্তি হ'য়ে কীর্ত্তি করিব অচল। নাম-বলে কুতূহলে তরিবে সকল॥ এত বলি বনমালী করিলা গমন। গঙ্গা তীরে তীরে ফিরে পতিতপাবন॥ দ্বিজমূর্ত্তি হ'য়ে কীর্ত্তি প্রকাশ কারণ। ভ্রমিছেন তীরে যেন প্রভাত-তপন॥ সেই পথে প্রাণ দিতে এক দ্বিজ যান॥ গঙ্গারাম তার নাম দরিদ্র প্রধান॥ বৃদ্ধ বিপ্র গতি ক্ষিপ্র যজ্ঞসূত্র গলে। গঙ্গা মাটী পরিপাটী দীর্ঘ ফোঁটা ভালে॥ যষ্ঠি হাত হীন দাঁত বায়ুতে হেলায়। ঘন শ্বাস ক্ষুদ্র কাশ টালু মালু চায়॥

লঘু-ত্রিপদী

কহে গদাধর, ওহে দ্বিজবর, কোথা যাও মহাশয়। ক্ষীণ দেখি দেহ, সঙ্গে নাহি কেহ, না কর জীবন ভয়॥ বিপ্র বলে বাপু, মোর এই বপু, বাঘে সাপে নাহি খায়। কোন দৈব বাদে, ঘোর অপরাধে, সৃজিয়াছে বিধাতায়॥ কি জিজ্ঞাস তুমি, জন্ম দুঃখী আমি, ভাই বন্ধু নাহি একা। বান্ধব সকলে, অন্য পথে চলে, মোর সঙ্গে হ'লে দেখা॥ কাঙ্গালী দেখিয়া, হাতে তালি দিয়া, লোকে দেয় খেদাইয়া। ঘরে যদি যাই, প্রিয় বাক্য নাই, নারী ডাকে অভাগিয়া॥ ভাবিয়াছি মনে, এ ছার জীবনে, বাঁচিয়া কি ফল আর। পাপবিনাশিনী, তাপবিমোচিনী, যদি মোরে করে পার॥ শুনি দুঃখ রাশি, প্রভু কহে হাসি, এ আর কতেক দায়। সত্যনারায়ণ, করহ পূজন, দুঃখ না রহিবে তায়॥ ধন পুত্রজন, প্রবাল কাঞ্চন, অনায়াসে দিতে পারি। দরিদ্রের ধন, সত্যনারায়ণ, ভবার্ণবের কাণ্ডারি॥ আটা রম্ভা পয়ঃ, গুড় আদি চয়, এ সব রচনা দিয়া। সোয়া পরিমিতে, মণে বা সেরেতে, সন্ধ্যাকালেতে পূজিয়া॥ পুরাণোক্ত তন্ত্রে, নারায়ণ-মন্ত্রে, বিষ্ণুকে করিবে দান। পড়িয়া পাঁচালী, দ্বিজে দিবে ডালি, ভক্তিতে করিবে পান॥ গঙ্গারাম কয়, ওহে মহাশয়, তুমি কে বল তা শুনি। প্রভু কহে আমি, ত্রিভুবন-স্বামী, মোরে ভাবে সুর মুনি॥ তব ভাগ্যফলে, আসিয়াছি ছলে, মহিমা করিতে

দান। দ্বিজ তবে ভনে, শুনেছি পুরাণে, চতুর্ভুজ ভগবান্॥ সেইরূপ যদি, ধর গুণনিধি, তবে সে প্রত্যয় হয়। গোলোক-বিহারী, চতুর্ভুজধারী, হইলেন সে সময়॥ চারি কর মাঝে, আভরণ সাজে, শঙ্খ-চক্র-গদা-পদ্মে। বিনতানন্দন, পরে নারায়ণ, পীতাম্বর কটী-বন্ধে॥ কমলা ভারতী, দুই পার্শ্বে স্থিতি, শ্বেত রক্তবর্ণ কায়। জলধরোপর, স্থির ঘনতর, চপলা যেন খেলায়॥ দেখি গঙ্গারাম, করিছে প্রণাম, প্রণতিতে স্তব স্তুতি। শুভাদৃষ্ট ফলে, হৃদি পদ্ম দলে, রস্বতী হৈল স্থিতি॥ তুমি হরিহর, তুমি দিবাকর, তুমি দিবস শর্ব্বরী। তুমি পদ্ম-যোনি তুমি সুরমুনি, তুমি বিনোদবিহারী॥ আগম পুরাণ, নিগম নিধান, তুমি দিক্ দশধারী। তুমি মহামেরু, তুমি কল্পতরু, তুমি সূক্ষ্ম মোক্ষকারী। তুমি দাও মুক্তি, তুমি সর্ব্বশক্তি, তুমি শঙ্করের গৌরী। কৃষ্ণবলরাম, শ্রীদাম সুদাম, তুমি সুরাসুর সৌরি॥ জঠর যাতন, যমের তাড়ন, তোমার নামেতে তরি। তুমি সুধাকর, সর্ব্ব ঘটে চর, হরযোগী নামধারী॥ হীনজন প্রতি, অখিলের পতি, দয়া কৈলা যদি তারী। শমন আগার, নিজগুণে তার, ভবে যেন নাহি ঘুরি॥ কহে ভগবান, অন্তকালে স্থান, দিব লইব উদ্ধারি। দিয়া বরদান, হন অন্তর্দ্ধান, দেবদেব মুর-অরি॥

পয়ার

উপদেশ পেয়ে বিপ্র যাইয়া ভবনে। পূজিলেন দীননাথে অনেক যতনে॥ হইলেন মহাসুখ হরির কারণ। দাস দাসী হস্তী ঘোড়া রত্ন সিংহাসন॥ যে নারী কহিত কটু উদরজ্বালায়। মিষ্টকথা হাস্যমুখ সদা সর্ব্বদায়। নিত্য নিত্য করে পূজা বিবিধ বিধানে। উপনীত এক কাঠুরিয়া সেই স্থানে॥ কাষ্ঠ আঁটি রাখি মাটি করিয়া আসন। শুনিছে মহিমা গুণ ভরিয়া শ্রবণ॥ মানস করিল মনে প্রসাদ খাইয়া। পরদিন পূজিলেক গৃহেতে যাইয়া। ভক্তিতে দিলেন শৌর্য্য বীর্য্য ভগবান্। নিত্য করে সত্যসেবা বিবিধ বিধান॥ নদীতীরে পূজা করে সব কাঠুরিয়া। উপনীত এক সাধু তরণী বাহিয়া॥ কামাখ্যাতে ঘর ধনপতি নাম তার। মহাচীনে গিয়াছিল করিতে ব্যাপার॥ সমারোহ দেখি তটে উঠে সদাগর। জিজ্ঞাসে পূজার কথা সবার গোচর॥ কাঠুরিয়া বলে সত্যনারায়ণ হরি। পূজিলে মানস-সিদ্ধি পরকালে তার॥ সাধু বলে সুতাসুত মোর যদি হয়। লক্ষ তঙ্কা দিয়া পূজা করিব নিশ্চয়॥ এবমস্তু এবমস্তু বলে কাঠুরিয়া। সাধু চলে নিজ দেশে মানস করিয়া॥ কত দিনে উত্তরিলা সাধু নিজাগার। সে দিবসে ঋতুস্নান সাধুর জায়ার॥ প্রকাশ কমলে বিন্দু হইল পতন। মুদিত কমল দল গর্ভের লক্ষণ॥ হইল পূর্ণিত দশমাস অবসান। প্রসবিল এক কন্যা রোহিণী সমান॥ দিনে দিনে বাড়ে কন্যা যেন শশিকলা। শশিমুখী নাম রাখে দেখিয়া বিমলা॥ দশম বৎসর হইল বয়স কন্যার। মিষ্টকথা হাস্যমুখ সদা রসভার॥ দেবদত্ত কন্যা মত্ত কুঞ্জরগামিনী। অঙ্গ আভা যেন শোভা স্থির সৌদামিনী॥ দীর্ঘ কেশ কটিদেশ সিংহের সমান। দেখি তারে পঞ্চশরে নিত্য মোহ যান॥ সম্পূর্ণ ষোড়শী নেত্র যেন

নীলোৎপল। সুধাকর নিন্দি তার বদন-মণ্ডল ॥ গলে দোলে সারি সারি মালা মুকুতার। লোকে সবে অনুভবে পদ্মিনী আকার ॥ কেহ বলে বুঝি ছলে উর্ব্বশী আসিলা। কিম্বা ফিরে জনকের জানকী জন্মিলা ॥ ছাড়ি পতি বুঝি রতি গতি পুনর্ব্বার। রুক্মিণী দ্রৌপদী কিম্বা মাদ্রীর আকার ॥ ধনপতি কন্যা দেখি সুখী সর্ব্বদায়। সম্বন্ধ করিল স্থির ঘটক দ্বারায় ॥ মহারাষ্ট্রে ঘর বর হরিশ্চন্দ্র নাম। রূপে গুণে কুলে শীলে অতি অনুপাম ॥ হরিশ্চন্দ্র চন্দ্রসম বদন-আকৃতি। তার স্থানে কন্যা দান কৈলা ধনপতি ॥ কতদিন সুখে আছে জামাতা লইয়া। সত্যসেবা পাসরিল সুখেতে ভুলিয়া ॥ হরির হইল কোপ সাধুর চরিতে। মনোগত কৈল সাধু বাণিজ্যে যাইতে ॥ জামাতা যাইবে সঙ্গে দিন স্থির হৈল। উষাতে করিবে যাত্রা সকলে জানিল ॥ পূর্ব্বদিক্ রক্তবর্ণ দিক সুপ্রকাশ ॥ দিনমণি-আগমনে নক্ষত্র বিনাশ ॥ বাসায় থাকিয়া পাখী ডাকিছে তৎকাল। কোকিল করিছে কুহুরব সুরসাল ॥ উষা পেয়ে যাত্রা করে সাধু ধনপতি। ইষ্টদেব স্মরিয়া নৌকায় কৈল গতি। নারায়ণ পাসরিলা সাধুর নন্দন। কি ঘটে ললাটে দেখ বিধির লিখন ॥

একাবলী ছন্দঃ

ধনপতি যেয়ে উঠিল নায়। খুলিল বহর দক্ষিণ বায় ॥ সিংহলে যাইতে করিল মনে। বাহিছে তরুণী রজনী দিনে। কামাখ্যা হইতে ছাড়িল তরী। আশে পাশে রাখে কতেক গিরি ॥ ব্রহ্মপুত্র তীর্থ রাজ সুগভীর। সুঠাম সুগতি উজ্জ্বল নীর ॥ যার দরশনে মুকতি পায়। তারোপ'রে তরি বাহিয়া যায় ॥ যোগী গোফা আদি রাখিয়া পাছে। উপনীত করতোয়ার কাছে ॥ কর্ণধারে সাধু জিজ্ঞাসে কথা। ক'দিনের পথ আছি হেথা ॥ কর্ণধার বলে দিব্বর হ'তে। এসেছি শতেক যোজন পথে ॥ পাঁচ দিনে এনু বাদামকলে। বিশেষ তোমার ভাগ্যের ফলে ॥ শুনি সদাগর হরিষ তায়। যোড়া ফেলি দিল কাণ্ডারীর গায় ॥ পরশুরামের বাড়ী দেখিয়া ॥ খুলিল বহর হরিষ হইয়া ॥ ব্রহ্মপুত্র ছাড়ি লক্ষাতে পড়ি। আঁটিয়া বাঁধিল বাদাম দড়ি ॥ মেঘনাতে ডিঙ্গা ধরিল বলে। বদর বদর নেয়েরা বলে ॥ কত নদ নদী নগর ছাড়ি। দাড়ী মাঝিগণ গাহিছে সারী ॥ উত্তরিলা যে'য়ে কপিলাশ্রমে। উঠে সদাগর অতি সম্ভ্রমে ॥ গঙ্গা সাগরেতে করিয়া স্নান। তথা হ'তে ত্বরা করে প্রস্থান ॥ সাধু কহে কর্ণধারের তরে। নীলাচল পাব ক'দিন পরে ॥ ঝর ঝর বারি আঁখিতে ঝরে। পুনঃ পুনঃ সাধু জিজ্ঞাসা করে ॥ কর্ণধার বলে ধনেশ ধীর। সমুদ্রের বড় উথার নীর ॥ সাগর সঙ্গম হইতে ছাড়ি। মাসেকের পথ ঠাকুর বাড়ী ॥ কেন বারি ঝরে কমলনেত্রে। সাত দিনে নিব বিমলা ক্ষেত্রে ॥ শুনি কহে সাধু গভীর রবে। হেন শুভভাগ্য মোর কি হবে ॥ তীর সম তরী বাদামে চলে। নলের ঘোটক নিন্দিয়া ছলে। নৌকাপরে স্নান নৌকাতে পাক। সরোবরে যেন হংসের ঝাক। সপ্তম দিবস হৈল পূর্ণিত।

কর্ণধার হ'ল মনেতে ভীত ॥ দূরবীণ ধরি পশ্চিমদিকে। এক আঁখি দিয়া দেখিতে লাগে ॥ ধূ ধূ মণিকোঠা দেখিয়া চোখে। কর্ণধার ত্বরা সাধুকে ডাকে ॥ ওহে সদাগর দেখহ আসি। নীলাচলোপরি গোলকবাসী ॥ কথোপকথনে মন-উল্লাসে। তরী লাগে যেয়ে দক্ষিণ পাশে ॥ ধনপতি স্মরি জগতনাথ। উঠিলেন যেয়ে জামাতা সাথ ॥ দাঁড়ি মাঝি সঙ্গে এক হাজার। দ্বিগুণ বন্ধু বান্ধব তার ॥ সাধু সঙ্গে চলে সঙ্গীরা যত। হরিশ্চন্দ্র স্বর্গ গমন মত ॥ আঠার নালাতে কৈল পয়ান। পাণ্ডা মিলে আসি সাধুর স্থান ॥ গলে দিব্য মালা তিলক নাকে। কয়ে বেত্রাঘাত প্রভুকে ডাকে ॥ বেত্রাঘাত করে সাধুর পরে। ধনপতি ভাগ্য প্রশংসা করে ॥ সহস্র সুবর্ণ মুদ্রা আনিয়া। আঠার নালার চৌকিতে দিয়া ॥ ধনপতি সুখী পথ গমনে। কবিবর সুখে সরস ভণে ॥

লঘু-ত্রিপদী

চলে ধনপতি, অতি-দ্রুতগতি, জগন্নাথ দরশনে ॥ কুবের তোড়নী, প্রথমেতে কিনি, পান করিছে যতনে ॥ কত দূর হাঁটি, দেখে পরিপাটী, অন্নের হাট বাজার। কিনি সাধুগণ, করিছে ভোজন, ব্যঞ্জন কত প্রকার ॥ পিষ্টক পায়স, আদি ছয় রস, করম্বা বাউ খিচুরী। কাঙ্গালী সকল হ'য়ে কুতূহল, করিতেছে কাড়াকাড়ি ; চণ্ডালে আনিয়া, আঁটিয়া কিনিয়া, দিতেছে ব্রাহ্মণ-মুখে। পেয়ে বিপ্রগণ, হরষিত মন, খাইতেছে মহাসুখে ॥ কুকুরবদন, হইতে তখন, অন্ন যদি হয় পাত। তাহা খাইবার, কাক অবতার, দেবগণ সাথে সাথ। দেখি সদাগর, হরিষ অন্তর, বাজার কিনিয়া লয়। বিবিধ প্রকার, করিয়া ভাণ্ডার, অন্নকল্পতরু হয় ॥ সিংহ দরজায়, যাইয়া ত্বরায়, অক্ষয় বট দেখিয়া। দীনবন্ধু প্রতি, করিলেক নতি, পুলকে পূর্ণিত হিয়া ॥ গোলোক-বিহারী, সুভদ্রা কুমারী, বলরামে দৃষ্টি করি। সাধু-কলেবর, সুখে গরগর, নয়নে বহিছে বারি ॥ লক্ষ্মীর পুরীতে, যাইয়া ত্বরিতে, সকল দেখিয়া যায়। উদয় ভরিয়া, ভোজন করিয়া, উঠিলেন যেয়ে নায় ॥ নীলাচলোপর দেখে যেই নর, দারু-ব্রহ্ম-অবতার। সে যায় গোলোকে, জিনিয়া ত্রিলোকে, কাটাইয়া ভবভার। প্রভূর মহিমা, দিতে নারি সীমা, স্মরিতে কলুষক্ষয়। সর্ব্বতীর্থ আসি, হয় মিশামিশি, যেখানে প্রসঙ্গ হয় ॥ তথা হইতে গতি, কৈলা ধনপতি, সেতুবন্ধে উপনীত। রামেশ্বর নাম, অতি অনুপাম, শিবলিঙ্গ বিরাজিত ॥ কাণ্ডারী গোচর, কহে সদাগর, শুন কর্ণধার ভাই। মনের উল্লাস, এক রাত্রি বাস, করিব এ পুণ্য ঠাঁই ॥ শুনেছি পুরাণে, সেতুবন্ধ স্থানে, যে করে নিশিতে বাস। শমন দমন, প্রসঙ্গে ভঞ্জন, জঠর যাতনা নাশ ॥ সে নিশি বঞ্চিয়া, শিবকে অর্চ্চিয়া, খুলিল সাধু বহর। বামে লঙ্কা রাখি, কর্ণধারে ডাকি, কহিতেছে সদাগর ॥ সমুদ্রেতে নাও, খরতর বাও, সাবধান লাগে শঙ্কা। সব নৈরাকার অপার পাথার, দরশন মাত্র লঙ্কা ॥ সেতুবন্ধ হ'তে, সিংহলে যাইতে, চারিমাসে সবে যায়। হরির চক্রেতে, বায়ুর বেগেতে, চারি প্রহরে লাগায় ॥ দেখিয়া নগর, অতি মনোহর,

উঠিলেন ধনপতি। অশেষ বিশেষ, এই কোন দেশ, জিজ্ঞাসে সবার প্রতি॥ বলিছে সকলে, এসেছ সিংহলে, কোথা যাবে মহাশয়। শুনি সদাগর, হরিষ অন্তর, নিতান্ত বিস্মিত হয়॥ কর্ণধার তরে, কহে সদাগরে, কি শুভ যাত্রার ফল। চারি মাস পথ, দিনেতে আগত, বাণিজ্যে হবে মঙ্গল॥ মহাসুখ রঙ্গে, জামাতার সঙ্গে, বাস করিলেন স্থিত। অট্টালিকারপর বালাখানা ঘর, মনোহর বিরাজিত। সিংহল নগর, বর্ণিতে দুষ্কর, ধর্ম্মশীল, সত্যবাদী। মহা মহীপাল, প্রতাপে বিশাল, নিষ্পাপ বিহীন ব্যাধি। রূপসী সুন্দরী, পদ্মিনী নাগরী, ঘরে ঘরে প্রকাশিত। ছয় ঋতু বয়, প্রতি দিনে ক্ষয়, বসন্ত সদা উদিত। কমলিনীগণ, কখন কখন, কটাক্ষ ভঙ্গিমা করে। ধনু ছাড়ি কাম, অমনি বিশ্রাম, রতিরে মনে বিস্মরে॥ হীরা মুক্তা চুনি, হেম নীলমণি, রাখিছে ভরি ভাণ্ডার। জীরা ধনিয়াতে, সমযোগ্য তাতে, তুল্য ওজনে ব্যাপার॥ দেখি ধনপতি, হরষিত অতি, মনে মনে আশা করে। এবার আমার সাধের ব্যাপার, দিয়াছেন ধনেশ্বরে। কবিবর কয়, আশা অতিশয়, যথা তথা অমঙ্গল। স্বর্ণমৃগ দেখি আশায় জানকী, পেয়েছেন প্রতিফল॥

একাবলী-ছন্দঃ

যে দিবসে সাধু গেল সিংহলে। রাজপুরী চুরি হৈল বিরলে॥ রাণীর গলার মতির হার। চোরে বেচিবারে নিল বাজার॥ মনোহর হার সাধু জানিয়া। জামাতার গলে দিল কিনিয়া॥ সভাতে কোটাল আনিয়া ভূপে। তর্জ্জন করিছে অশেষ রূপে॥ হেনকালে হরি সর্ব্বজ্ঞ বেশে। উপনীত হ'ল রাজার বাসে॥ শুভ্র যজ্ঞসূত্র গলেতে দোলে। হর হর হর বদনে বলে॥ সূর্যসম-তেজ বিরাজে কায়। জাহ্নবীমৃত্তিকা ভূষিত গায়॥ দেখি মহারাজ করে প্রণাম। জিজ্ঞাসে প্রভুর কোথায় ধাম॥ হরি কহে ধাম হরির দ্বার। যাইব সাগর সঙ্গম পার॥ যোগ বলে আমি সকলই জানি। চোর সাধু সব দেখিলে চিনি॥ রাজা বলে প্রভু কহিতে ডরি। হার চোর মোরে দেহত ধরি॥ ভূমে খড়ি পাতি কহিছে হরি। শুন চোর নাম নৃপকেশরী॥ নাম ধনপতি কামাখ্যাবাসী। বাস করিয়াছে নগরে আসি॥ হরিশ্চন্দ্র নামে জামাতা তার। তারা চুরি করি নিয়েছে হার॥ কোটাল ছুটিল নগর পাশে। ধরে যেয়ে সাধুর নাম-উদ্দেশে॥ নাকিবে ফুকারে হরিষ পার। চোর ধরা গেছে সহিত হার॥ রাজা বলে হার আন গোচরে। চোর নিয়া রাখ মশান ঘরে॥ হরি নাম ভুলি হরির সঙ্গে। সাধু হ'ল বন্দী জামাতা সঙ্গে॥ দেশে দুরদৃষ্ট সাধুর বাড়ী। হ'ল গৃহদাহ অগ্নিতে পুড়ি॥ মহাদুঃখ হ'ল সাধুজায়ার। দিনান্তে না ঘটে আহার তার॥ বিরলে বসিছে সাধুরমণী। শ্রবণে শুনিল হরির ধ্বনি॥ স্মরণ পড়িল মানস কথা॥ যে দেব আরাধিয়া জন্মিল সুতা॥ মানস করিল দেবের ঠাঁই। প্রভু আন দেশে সঙ্গে জামাই॥ ভকতি দেখিয়া দয়াল নাথ। সিংহলে চলিল রাজসাক্ষাৎ॥ স্বপনে রাজাকে কহেন কাণে। সাধু দুইজন

কেন মশানে॥ কোথাকার জানি ব্রাহ্মণ দুষ্ট। তার বাক্যে দাও এতেক কষ্ট॥ মহাজ্ঞানবান সেবক মোর। হায় কিনি হ'ল এ দেশে চোর। শীঘ্র ছাড়ি দাও সিংহলনাথ। নহে সবংশে হবে নিপাত॥ প্রভাতে উঠিয়া সিংহলপতি। কম্পিত স্বপন-ভয়েতে অতি॥ আনি দুই সাধু করি মোচন। নৌকা পুরি দিল হীরা কাঞ্চন॥ দেশে চলে সাধু হরিষ পায়। দিবা নিশা নাহি ভেদ তাহার॥ সত্যনারায়ণ করিলা লীলা। নদীতীরে দিব্য সন্ন্যাসী হৈলা॥ গৈরিকের বস্ত্র কটীতে আটা॥ প্রয়োগের রুলি কপালে ফোঁটা॥ শিরে জটাভার কুণ্ডল কাণে। ঢুলু ঢুলু আঁখি বিজয়া-পানে॥ সাধুকে জিজ্ঞাসে মধুর স্বরে। সদাগর যাবে কোন সহরে॥ কিবা দ্রব্য তুমি ভরেছ নায়। সাধু শুনি কহে কুপিয়া তায়॥ মাটীতে পুরেছি তরণী আমি। পুনঃ পুনঃ কেন জিজ্ঞাস তুমি॥ প্রভু কহে হাসি মাটীর ভরা। মোর বাক্য বলে হউক ত্বরা॥ সাধু দেখি মাটি সকল নায়। কান্দি পড়ে যেয়ে সন্ন্যাসীপায়॥ স্তব স্তুতি করে অতি সরস। ভগবান হইল স্তবেতে বশ॥ হাসি কহে হরি সাধুর পাশে। সত্য সেবা ভুলিয়াছ কি দোষে॥ দুহিতা কারণে মানস ছিল। কন্যা বিয়া দিলা পূজা না হ'ল॥ সিংহলেতে দুঃখ তাহার রোষে। পূজা কর গিয়া আপন দেশে॥ পূর্ব্বমত ভরা হইবে নায়। উঠ যেয়ে সাধু দিবস যায়॥ অন্তর্দ্ধান হ'ল প্রভু তথায়। ধনপতি হ'ল ত্রাসিত তায়॥ বান্ধা রাখে রত্ন সেবাকারণ। নৌকাপরে উঠি করে গমন॥ বহুকালে তরী লাগিল ঘাটে। সাধুর পুরীতে সংবাদ রটে॥ সাধুসুতা সত্যসেবার পরে। লইছে প্রসাদ খাইতে করে॥ সংবাদ শুনিয়া আহ্লাদ ভরে। ফেলিল প্রসাদ কতেক দূরে। নারায়ণ হৈলা তাহে কুপিত। ডুবিল জামাতা নৌকা সহিত॥ সাধু মোহ হৈল দেখিয়া তায়। পুরে অমঙ্গল শুনিতে পায়॥ সাধু নারী শুনি সুতার সাথ। বিনা মেঘে হৈল বজ্রাঘাত॥ ক্রন্দনের রোল সাধুর দেশে। কবিবর ভণে লাচারি শেষে॥

ত্রিপদী-লাচারী-ছন্দঃ

শুনিয়া নির্ঘাতবাণী, সাধুসুতা সুবদনী, পড়িল কান্দিয়া ধরা'পর। কমল যুগল করে হানিছে মস্তকোপরে, নয়নেতে ধারা খরতর॥ ওহে প্রভু প্রাণনাথ, বজ্রাঘাত অকস্মাৎ, নিজ নারী পরেতে হানিলা। যাইতে প্রবাস-পথে, কত বুঝাইনু তাতে, ঘাটে আসি সব বিস্মরিলা॥ চিরকাল পরবাস, মনেতে করেছি আশ, দেখিব বদন শশধর। আশা নদী হৈল দূর, যৌবনের পর্ব্ব চূর, হেলাতে করিলা প্রাণেশ্বর॥ নারীর জীবন পতি, পতি রমণীর গতি, নারীর বসন ভূষা পতি। কান্দিছে সাধুর বালা, ধরণী করিয়া আলা, মদন বিরহে যেন রতি॥ ক্ষণে পরে ধরাতলে, ঝাঁপ দিতে চাহে জলে, ক্ষণে ক্ষণে বলিছে বদনে। কোথা গেলে প্রাণেশ্বর, আসিয়া দেখহ ঘর, অবলার দুর্গতি নয়নে॥ ভাবিতে পরাণ ফাটে, সমুদ্র তরিয়া ঘাটে, বিনা মেঘে নৌকা হ'ল তল। না দেখিয়া পারাবার, উপায় ক'রেছি সার, বুঝি হরি করিয়াছ ছল॥ ওহে প্রভু গদাধর, বিরহ

অগ্নির শর, বিদিত তোমার কলেবর। ত্রেতাযুগে অবতার, নাশিতে ক্ষিতির ভার, জন্মেছিলা অযোধ্যানগর॥ পিতার প্রতিজ্ঞা ছলে, বনবাস কুতূহলে, জানকী লক্ষ্মণ সঙ্গে করি। উপজিল দুঃখজাল, পরিয়া গাছের ছাল, শিরে জটা হাতে ধনু ধরি॥ ছিলা পঞ্চবটি বন, তথা হইতে দশানন, সীতা হরি নিল লঙ্কাপুরী। বিরহে হইয়া ছন্ন, বিবর্ণ হইল বর্ণ, ব্যাকুল হইলা বনে ঘুরি॥ পূর্ণ ব্রহ্ম অবতারি, সুগ্রীবেরে সখা করি, বালিবধ বিনা অপরাধে। সমুদ্র তোমার সৃষ্টি, পাষাণ করিয়া বৃষ্টি, অলঙ্ঘ্য বাঁধিলা শোক বাদে॥ অতি শোকে কোপরাশি, সবংশে রাবণে নাশি, সীতা সঙ্গে হৈল দরশন। হরিষ হইয়া রঙ্গে, বানর ভল্লুক সঙ্গে, সুখে কৈলা অযোধ্যা গমন॥ আমি বালা বল শূন্য, শরীরে নাহিক পুণ্য, পুণ্যহীনে দেবতা নির্দ্দয়। অধম অজ্ঞান জানি, দয়া কর চক্রপাণি, তব নাম দীনদয়াময়॥ লোচনে বহিছে ধারা, যেন মন্দাকিনী পারা, নারায়ণ স্মরে বারে বার। বিপত্তিতে অভিরাম, শ্রীমধুসূদন নাম, কবিবর কহিছে পয়ার॥

পয়ার

এরূপে ক্রন্দন কত করে সাধুবালা। রাহুতে গ্রাসিছে যেন পূর্ণ-শশিকলা॥ নিতান্ত দুর্গতি দেখি সত্যনারায়ণ। করিলা আকাশ-বাণী শুনে সর্ব্বজন॥ আহ্লাদে ত্যজিয়াছিলে প্রসাদ আমার। ভক্তিভরে খাও যেয়ে দুঃখ হবে পার॥ আকাশ-বাণীতে যেন পেয়ে হারাধন। পরম-ভক্তিতে খায় প্রসাদ তখন॥ উঠিল ভাসিয়া নৌকো হরিশ্চন্দ্র সনে। জয় জয় শব্দ হয় সাধুর ভবনে॥ ধনপতি জামাতাকে সঙ্গেতে লইয়া। পুরে প্রবেশিল সুখ-সাগরে ডুবিয়া॥ ধনপতি মহাসুখী কৈলা ভগবান্। জন্মিলেক দুহিতার অপূর্ব্ব সন্তান॥ যুগে যুগে অবতার হৈয়া-মনোহর। এরূপ মহিমা প্রকাশিলা গদাধর॥ কলিতে জাগ্রত দেব সত্যনারায়ণ। অপুত্রকে পুত্র দেন দরিদ্রকে ধন॥ রোগযুক্ত হয় মুক্ত সঙ্কটে নিস্তার॥ কারাগারে বন্দী পায় মানসে উদ্ধার॥ বোবা জন কথা কন মূর্খে বিদ্যা পান। কি না কারে দিতে পারে দেব ভগবান্॥ হরি বল হরি বল হরি বল ভাই। নারায়ণ বিনা অন্তকালে কেহ নাই॥ ভাই বন্ধু নারী আদি সকলি অসার। ভবসিন্ধু তরিবারে তরী নাহি আর॥ গেল দিন মিছে কাজে কবিবর কয়। হরি হরি ধ্বনিতে যমের নাহি ভয়॥

সম্পূর্ণ

শঙ্করাচার্য্যের সত্যনারায়ণ-কথা

প্রথমে বন্দিনু দেব গৌরীর তনয়। বিঘ্ন-বিনাশন নাম ভকত-সদয়॥ হর-গৌরী বন্দিনু বিরিঞ্চি নারায়ণ। ব্যাসদেব বাল্মীকাদি বন্দি মুনিগণ॥ প্রণমিহ সত্যপীর, নিয়ৎ হাশিল। যাঁহার কৃপায় হয় ভুবনে অখিল॥ সরস্বতী বন্দি শিবা সারদা ভবানী। সত্যপীর-উপাখ্যান অপূর্ব্ব কাহিনী॥ শুন হে সকল লোক হ'য়ে এক-চিত। যার যে পাইবে বর মনের বাঞ্ছিত॥ দরিদ্র ব্রাহ্মণ এক ছিল মথুরায়। না জানে সুখের লেশ,

দুঃখে কাল যায়॥ এক দিন সেই দ্বিজ ভ্রমিয়া নগর। কিছু না পাইয়া ভিক্ষা, হইল কাতর॥ বসিয়া বৃক্ষের তলে কাঁদে হেঁট-মাথা॥ কহিতে লাগিল—হায় পরম দেবতা!॥ এত দুঃখ লিখেছিল কপালে আমার। এমত দুঃখিত নাহি পৃথিবীতে আর॥ কান্দিতে কান্দিতে দ্বিজ হইল অস্থির। দেখিয়া দয়ার্দ্র বড় হৈল সত্যপীর॥ দরশন দিল সেই ব্রাহ্মণের আগে। ধরিয়া ফকির-বেশ কহে অনুরাগে॥ কি লাগিয়া কান্দ কহ ব্রাহ্মণ-তনয়। দেখিয়া তোমার দুঃখ বড় দয়া হয়॥ দ্বিজ বলে তোমারে কহিয়া কার্য্য কি বা। আপনারে নহ তুমি, মোরে কি করিবা॥ হাসিয়া বলেন পীর—শুন রে অজ্ঞান। আমি কি ফকির, তুমি করিয়াছ জ্ঞান॥ যে হই পশ্চাৎ আমি দিব পরিচয়। কহ হে আপন কথা সত্য যে বা হয়॥ দ্বিজ বলে—মাগিয়া যাবৎ কাল খাই। আজি না পাইনু ভিক্ষা, মিছামিছি যাই॥ পীর বলে আজি হৈতে দুঃখ গেল দূর। অতুল সম্পদ্ হৈল, যাও নিজ পুর॥ নিশ্চয় তোমারে কহি, আমি সত্যপীর। কলিযুগে পৃথিবীতে হয়েছি জাহির্॥ এই রূপ ভাবিয়া যে সিনি দেয় মোরে। সেই কালে হইবেক সম্পদ সত্বরে॥ দ্বিজ বলে নিত্য পূজি শালগ্রাম শিলা। তথাপি না যায় দুঃখ, বিধি যা লিখিলা॥ তথাপি ভরসা মাত্র আছে এক মনে। পরকালে নিস্তার করিবে নারায়ণে॥ তাহা ঘুচাইয়া কেন পীরেরে ভজিব। যবন-আচার করি নরকে মজিব॥ হাসিয়া কহেন পীর—শুন'রে অজ্ঞান। যেই পীর্, সেই ত জানিও নারায়ণ॥ বেদ্ আর কোরান্ বুঝিয়া দেখ এক। জগতে নাহিক দুই, শুন পরতেক॥ বলিতে বলিতে সেই অখিলের নাথ। শঙ্খ চক্র গদা পদ্ম ধরে চারি হাত॥ গলায় কৌস্তুভ মণি, শ্রীবৎস হৃদয়। পূর্ণব্রহ্ম সনাতন মহাতেজোময়॥ সেই রূপ দেখি দ্বিজ পড়িল ধরণী। করিল অনেক স্তব, গদগদ বাণী॥ চিনিতে না পারি আমি, তুমি কোন্ জন। সহজে ভিক্ষুক আমি দরিদ্র ব্রাহ্মণ॥ দেখিতে দেখিতে পুনঃ হইল ফকির। পূর্ব্বের যেমত রূপ হইল জাহির্॥ সেই রূপ ভাবনা বড় উৎকট দায়। এই রূপে কলিতে তৎকালে তাঁরে পায়॥ দ্বিজ বলে যত কিছু, তুমি সে সকল। সার্থক জীবন মোর নয়ন সকল॥ কিরূপ সিরিনি দিব, পূজার প্রকার। কহ কহ মহাপ্রভু, শুনি একবার॥ বলিতে লাগিল প্রভু ব্রাহ্মণের তরে। গম কিংবা ধান্তাদির আটা স'য়া সেরে॥ স'য়া ছড়া কলা করিবেক আয়োজন। সওয়া গুবাক আর পাণ স'য়া পণ॥ স'য়া সের চিনি আর স'য়া সের ক্ষীর। যাহাতে সন্তুষ্ট হই আমি সত্যপীর॥ চিনি আর ক্ষীর দিতে যার নাই শক্তি। দুগ্ধ আর গুড় দিয়া করিবেক ভক্তি॥ সর্ব্বদ্রব্য জড় করি মধ্যেতে রাখিয়ে। বসিবেক ভক্ত লোক চৌদিকে বেড়িয়ে॥ গুণকথা আমার শুনিবে এক মনে। সাঙ্গ হৈলে মুজ্‌রা করিবে জনে জনে॥ সত্যপীর বলিয়া কপালে দিবে হাত। ইথে হেলা করিলে সে অশেষ উৎপাত॥ সত্য-সত্যনারায়ণ বলি বার-বার। কর যোড় করিয়া করিবে নমস্কার॥ প্রসাদ লইবে তবে যত জন

তথা। বিরচিল শঙ্কর আচার্য্য এই কথা ॥ এতেক বলিয়া পীর হৈল অন্তর্দ্ধান। ঘরেতে চলিয়া গেল দ্বিজ ভাগ্যবান্ ॥ ব্রাহ্মণীকে সমাচার সকলি কহিল। সেই নিশি নিরাহারে অমনি রহিল ॥ দণ্ড দুই প্রভাতে ভ্রমিয়া ঘর কত ॥ পাইল অনেক দ্রব্য অপরূপ যত ॥ সিরিনি করিল দ্বিজ সে মত প্রকারে। অপূর্ব্ব সকল দ্রব্য লইয়া সত্বরে ॥ প্রসাদ লইল তবে কিছু কিছু সবে। অতুল সম্পদ্ হৈল পূজা-অনুভাবে ॥ দাস দাসী গো মহিষ কত ঘোড়া হাতী। ধন ধান্য জায়া পুত্র-আদি নানাজাতি ॥ পূজার প্রচার কৈল ব্রাহ্মণ প্রথমে। তার পর আর যত বলি ক্রমে ক্রমে ॥ কাষ্ঠ কাটিবারে যায় কাঠুরে সকল। ব্রাহ্মণের বাড়ী যায় খাইবারে জল ॥ দেখিয়া বিস্মিত বড় চাষার সমাজ। রাতারাতি ব্রাহ্মণ হইল মহারাজ ॥ পাইল কাহার ধন, কিম্বা কার বরে। ভক্তি করি জিজ্ঞাসিল ব্রাহ্মণ-গোচরে ॥ কি হ'তে এমন ধন করিলে অতুল। আপন শকতি কিম্বা কোনো জন মূল ॥ হেরি যে কাহারে পূজ লয়ে উপহার। অবশ্য কহিবে মোরে সব সমাচার ॥ কহিতে লাগিল তবে শুদ্ধমতি ধীর। যেমন প্রকারে বর দিল সত্যপীর। সেইমত দ্বিজবর কহিল সমস্ত। শুনিয়া কাঠুরে সব হইল নিরস্ত ॥ ভকতি করিয়া কহে শুনহ ঠাকুর। আমা সবাকার যদি দুঃখ যায় দূর ॥ এমত প্রকারে সিনি দিব ঘরে ঘরে। এত বলি সবে গেল বনের ভিতরে ॥ কাটিয়া বেচিল কাষ্ঠ, পাইল অনেক। জানিল কাঠুরে পীর বড় পরতেক ॥ দিন দুই তিন মধ্যে দুঃখ গেল দূর। পীরের প্রতাপে হৈল বিভব প্রচুর ॥ সদানন্দ নামে সাধু লয়ে টাকা-কড়ি। কাষ্ঠ কিনিবারে যায় কাঠুরের বাড়ী ॥ দেখিয়া বিস্ময় বড় হইল সাধুর। আগে গিয়া জিজ্ঞাসিল বচন মধুর ॥ শুনিয়া বিনয়-বাক্যে কহে বিবরণ। সাধুর ভকতি বড় বাড়িল তখন ॥ সকল আছয়ে মোর পুত্র-আদি ধন। এক দুঃখ-অনলেতে সদা পোড়ে মন ॥ কন্যা যদি একটি আমায় দেন তিনি ॥ এমত প্রকারে আমি করিব সিরিনি ॥ এতেক বলিয়া গেল আপনার ঘর। এক কন্যা জনমিল কত দিনান্তর ॥ শুভক্ষণে দেখে সাধু কন্যার বদন। ফকির বৈষ্ণবে কত বিলাইল ধন ॥ যথাকালে বিয়া দিল ভাল বর আনি। পাসরিল পূর্ব্ব কথা করিতে সিরিনি ॥ জামাতা লইয়া যায় করিতে ব্যাপার। সাত নায় নানা দ্রব্য পূরিয়া অপার ॥ দক্ষিণ পাটনে রাজা নাম কলানিধি। সেই দেশে সদাগরে মিলাইল বিধি ॥ রাজা সম্ভাষিতে গেল নানা উপহারে। শ্বশুর জামাতা দুইজন একেবারে ॥ সিরোপা পাইয়া রহে চাপিয়া সে তরী। প্রমাদ ঘটান পীর অতি কোপ করি ॥ সেই ত রাজার দ্রব্য ভাণ্ডারে যতেক। মুকুতা প্রবাল স্বর্ণ বর্ণিব কতেক ॥ পীরের আদেশে যত চেলাগণ আসি। প্রবেশিয়া রাজপুরি ঘোরতর নিশি ॥ যতেক রাজার দ্রব্য বহিয়া বহিয়া। রাখিল সাধুর নায় সমস্ত পূরিয়া ॥ প্রভাতে উঠিয়া শূন্য দেখিয়া ভাণ্ডার। কোটাল বিকল বড়, লাগি চমৎকার ॥ চৌদিকে বেড়ায় চোর চাহিয়া নগর। ঘাটে উত্তরিল গিয়া যথা স'দাগর ॥ নৌকায় দেখিল দ্রব্য সেই ত সকল। সাধুরে

বান্ধিল গিয়া লোহার শিকল ॥ ডাকু দাগাবাজ বেটা মিছা স'দাগর। এত বলি লয়ে গেল রাজার গোচর ॥ সাধু কহে কেহ মোরা কিছুই না জানি। কার দ্রব্য কে বা লয়ে রাখিল তরণী ॥ পুণ্যবান্ রাজা শুন নিবেদন মোর। পরীক্ষা করুন, আমি যদি হই চোর ॥ রাজা বলে—ডাকু চোর বড় দাগাবাজ। কদাচ না শুনি যে সাধুর হেন কাজ ॥ হাতে লোতে ধরিয়াছি তবু "শুন কথা"। মশানেতে দেহ বলি, কাটি লয়ে মাথা ॥ সত্যপীর ঠাকুর সে দিলেন বিরোধ। পাত্র বলে বন্দী রাখ, না করহ বধ ॥ শ্বশুর জামাতা লয়ে রাখ কারাগারে। নৌকার যতেক দ্রব্য আনহ ভাণ্ডারে ॥ কি কহিব সাধুর দুঃখের সীমা নাই ॥ মাগিয়া উদর পুরে শ্বশুর জামাই ॥ শঙ্কর আচার্য্য ইহা করিল রচন। এমত জানিহ ভাই ব্যাসের বচন ॥ হইল অনেক কাল, অন্ন নাহি জোড়ে। দুঃখরূপ অনলেতে সদা মন পোড়ে ॥ হেথায় রমণী তার আর তার সুতা। পতির বিলম্ব দেখি মহাদুঃখ-যুতা ॥ সেই ত সাধুর কন্যা দ্বিজের বাড়ীতে। দৈবযোগে এক দিন গেল বেড়াইতে ॥ সিরিনি করিতে তথা দেখিয়া জিজ্ঞাসে। কাহার করহ পূজা কোন্ অভিলাষে ॥ ব্রাহ্মণী কহিল তারে সকলি নিশ্চয় ॥ সত্যপীর সেবিলে সকল কার্য্য হয় ॥ সাধুর তনয়া বলে মোর এই কাম। পতি সহ পিতা মোর আসুন স্বধাম ॥ এমত প্রকারে আমি করিব সিরিনি। ইশাদ ইহার তুমি থাক ঠাকুরাণী ॥ এতেক বলিয়া গেল আপনার ঘর। দয়ালু হইল পীর কৃপার সাগর ॥ শ্বশুর জামাতা বন্দী যথায় পাটনে। সেথায় রাজারে গিয়া কহেন স্বপনে ॥ মাথায় বেষ্টিত কালা দিব্য দীপ্ত পাক। ছাগলের ছড়া, ছড়ি, গুদড়ি পোষাক ॥ হাতেতে জৈতুন-মালা জপিতে জপিতে। সাত শত আউল্যে যোগান তাঁর সাথে ॥ পরিচয় দিল মোর নাম সত্যপীর। কলিযুগে পৃথিবীতে হয়েছি জাহির্ ॥ ঘৃণা করিও রাজা দেখিয়া এ বেশ। বিরিঞ্চি মাধব আমি সাক্ষাৎ মহেশ ॥ আমার সেবক বটে সাধু সদানন্দ। নাহি করে ডাকা চুরি, নাহি করে মন্দ ॥ বান্দিয়া রাখিল তারে, লয়ে যত ধন। দুঃখ পায় তারা, করে আমার স্মরণ ॥ শ্বশুর জামাতা তারা যত দুঃখ পায়। কি কহিব শেল যেন ফোটে মোর গায় ॥ নিশা পোহাইলে সেই সাধু দোঁহাকারে। খালাশ্ করিয়া পূজ বস্ত্র অলঙ্কারে ॥ এক গুণ লইয়াছ দশ গুণ দিবে। তবে সে আমার ঠাঁই নিস্তার পাইবে ॥ রাজ্যের সহিত নৈলে বিনাশ নিশ্চয়। বুঝিয়া করহ কার্য যেবা মনে লয় ॥ প্রভাতে চেতনা পেয়ে সেই মহারাজ। বাহিরে দিলেন বার লইয়া সমাজ। পাত্র মিত্র সবে শুনে স্বপনের কথা। জানিল সকল গুণ, সফল দেবতা ॥ আদেশ পাইয়া তবে কোটাল সত্বরে। খালাশ্ করিয়া আনে দুই স'দাগরে ॥ বস্ত্র অলঙ্কার রাজা বহুমূল্য দিল। যোড় হাত করি তারে বিনয় করিল ॥ দশগুণ ধন পেয়ে নায়ে দিল ভরা। যাইতে সাধুর দেশে বড় হৈল ত্বরা ॥ বিবিধ বাজনা বাজে জয়-কোলাহল ॥ না জানে পীরের পাকে হইল কুশল ॥ সত্যপীর

ঠাকুর বুঝিতে তার মন॥ ফকিরের বেশে ঘাটে দিল দরশন॥ ডাক দিয়া কহে ওহে শুন স'দাগর। কি ধন লইয়া যাও নৌকার উপর॥ কিছু যদি দিয়ে যাও, তুষ্ট হয়ে যাই। সতত করিব দো'য়া, শুন সাধু ভাই॥ ফকির নহি ত আমি সত্যপীর হই। খালাশ্ করিনু তোরে নৃপতিরে কই॥ সাধু বলে—বস্ত্র বিনে ছেঁড়া কানি পর। পীর যদি হও তুমি, দুঃখে কেন মর॥ কড়ার ভিখারী তুমি কড়া লয়ে যাও। নহে ত ডাকিয়া মর, ওই খানে রও॥ তুষ আর অঙ্গার আছয়ে মোর নায়। কিছু যদি থাকে কার্য্য, দিব সর্ব্বদায়॥ এ কথা শুনিয়া কিছু না দিল উত্তর। বসিয়া রহিল তথা দেব গদাধর॥ বাহিয়া চলিল সাধু পরম আনন্দ। না চিনিল ঠাকুরের, চক্ষু থেকে অন্ধ॥ কত দূর গিয়া দেখে সাধুর জামাই। তুষাঙ্গার বিনা নায়ে আর কিছু নাই॥ সাত নায় যত ধন, সকলি অমনি। কান্দে দুই স'দাগর শিরে কর হানি। কোন দেব শাপ দিল, এ কি পরমাদ। দেশেতে যাইতে আর নাহি করি সাধ। ঝাঁপ দিব আজ জলে, যাউক পরাণ। কোন্ মহাজন সহে এত অপমান॥ কাহার শরণ লব, কেবা দিবে বর। এইরূপে কান্দে সাধু হইয়া কাতর। জামাতা কহিল তবে শ্বশুরে সান্ত্বিয়া। ইহার কারণ এক শুন মন দিয়া॥ ঐ যে ফকিরে দেখে করিয়াছ হেলা। আর কারে কর্ম্ম নহে, তাঁর এই খেলা॥ সেই খোন্‌কার পীর, কভূ নহে আন। চরণে শরণ লহ, হইবে বিধান॥ এ কথা শুনিয়া সাধু ফিরাইল তরী। পুনঃ গেল সেই ঘাটে অতি ত্বরা করি॥ দেখে সে ফকির আছে ঘাটেতে বসিয়া। দুই জনে বলে তাঁর চরণ ধরিয়া ;—ক্ষম অপরাধ প্রভু মোরে কর দয়া। কাতর দেখিয়া দেহ চরণের ছায়া॥—চিনিতে না পারি আমি, তুমি কোন্ জন। পূজিব তোমার পদ করিলাম পণ॥ হাসিয়া কহেন পীর—নায়ে গিয়া চড়। গরীব ফকির আমি, পায়ে কেন পড়॥ কড়ার ভিখারী আমি, কড়া পাইলে যাই। শাপ বর দিবার কি শক্তি আছে ভাই॥ কান্দিতে কান্দিতে পুনঃ কহে স'দাগর। কটপ ত্যজিয়া দয়া কর গুণাকর॥ যদি প্রভু পরিচয় না দিবে আপনি। গলায় মারিয়া ছুরি মরিব এখনি॥ কহিতে লাগিল পীর তবে সত্যবাণী।—সত্যপীর মোর নাম, শুন ফর্‌মানি॥ কন্যা যে দিলাম তাহা পাসরিলে শেষে। মানিয়া না দিলে সির্নি, আসিলে বিদেশে॥ তেকারণে পাটনে রাখিনু বন্দী করি। পাইলে অনেক দুঃখ লুট গেল তরী॥ তোমার নন্দিনী ঘরে সিরিনি মানিল। কাতরা দেখিয়া তারে দয়া উপজিল॥ স্বপনে কহিনু আমি নৃপতির পাশ। তেকারণে দেশে যাও লইয়া খালাশ্॥ সাধু বলে—এ কথা সকলি সত্য বটে। সিরিনি না দিয়া এত পরমাদ ঘটে॥ সত্যপীর ঠাকুর হইল গুণধাম। নৌকায় চড়িল সাধু করিয়া প্রণাম॥ সকলি হইল রত্ন পূর্ব্বমত নায়। জাহির্ হইল পীর, সাধু তরী বায়॥ বিবিধ বাজনা বাজে, জয় পূরে ঠাটে। দেশে উত্তরিল গিয়া আপনার ঘাটে॥ বাটীতে কহিতে দূত গেল রড়ারড়ি। সাধুর রমণী

শুনি আনন্দিত বড়ি॥ দশজন ভক্তে ডাকি পুর-মাঝে আনি। নিয়মিত সর্ব্বদ্রব্যে করিল সিরিনি॥ সাধুর তনয়া সেই সিরিনি খাইতে। থু থু করি ফেলি দিল ঘৃণায় মহীতে॥ সিরিনি ফেলিল দেখি পীর পয়গম্বর॥ হইল বড়ই ক্রুদ্ধ কাঁপে কলেবর॥ আমার সিরিনি ফেলে, এতেক যোগ্যতা। দেখিব আসিয়া রাখে কেমন দেবতা॥ নৌকার উপরে ছিল সাধুর জামাই। সে গেল অমনি তল, আর দেখা নাই॥ কান্দে সাধু স'দাগর শিরে কর হানি। ইহার কারণ আমি কিছুই না জানি॥ কোন্ দেব শাপ দিল, এ কি পরমাদ! হায় হায় আচম্বিতে কে সাধিল বাদ॥ জামাতা দুঃখের ভাগী, প্রাণের সমান। তাহা বিনা মোর মনে আর নাহি আন॥ সাধুর তনয়া কান্দে আর তার মা। ক্ষিতি লোটাইয়া কান্দে বুকে মারে ঘা॥ পতির সহিত রামা যায় ডুবিবারে। জননী যতনে তারে রাখিবারে নারে॥ শরীর ছাড়িব আমি, নিবেদিল মায়। অগ্নিকুণ্ড করি দেহ, প্রবেশিব তায়॥ কাষ্ঠ আনি কুণ্ড-সজ্জা করিল সকল। সত্যপীর ঠাকুর সে হইল বিকল॥ ক্রোধ করি সাধুপুত্রে লুকাইনু জলে। তেকারণে সাধুসুতা প্রবেশে অনলে॥ হেন ভাবি সত্যপীর ব্রাহ্মণের বেশে। আসি উত্তরিল সেই স'দাগর-পাশে॥ তোমার জামাতা তল গেল যে কারণ। আমি তাহা ভাল জানি, শুন বিবরণ॥ তোমার নন্দিনী ঘরে সিরিনি খাইতে॥ থু থু করি ফেলে দিল ঘৃণায় মহীতে॥ সেই অপরাধে পীর ডুবাইল না'। পুনরপি গিয়া তাহা কুড়াইয়া খা'॥ তল হ'তে পাইবেক পতি ধন তরী। এত বলি চলি গেল দ্বিজরূপী হরি॥ সাধুর নন্দিনী তবে এ কথা শুনিয়া। যেখানে ফেলিয়াছিল, খাইল চাটিয়া॥ তাহার মিশালে মাটি জিভে কত লাগে। পরম যতনে খায় পতি অনুরাগে॥ হেথায় ভাসিয়া ওঠে সাধুর জামাই। সকলি তেমনি আছে, কিছু নড়ে নাই॥ আশ্চর্য্য সবার মনে লাগে বড় ধন্ধ। শুভক্ষণে ঘরে গেল সাধু সদানন্দ॥ নৌকার যতেক দ্রব্য ভাণ্ডারে পূরিল। দরিদ্র দ্বিজের তরে কিছু কিছু দিল॥ নগরের লোক যত পুর-মাঝে আনি। স'য়া সোনা দিয়া করিল সিরিনি॥ স্বপনে কহেন পীর—শুন স'দাগর। স'য়া সের সোনা দিয়া করিলে আদর॥ স'য়া সের আটা আর যাহা নিয়মিত। তাহা দিয়া কর সির্নি হ'য়ে হৃষ্টচিত্ত। স্বপনে এমন দেখি সাধু ভাগ্যবান্। পরদিন কৈল তাহা যেমত বিধান॥ যত ভক্তজনে ডাকি পুর-মাঝে আনি। নিয়মিত দ্রব্য দিয়া করিল সিরিনি। প্রসাদ লইল তবে যত জন তথা। বিরচিল শঙ্কর আচার্য্য এই কথা॥

অতএব শুন লোক, না করিও হেলা॥ কে বুঝিতে পারে সেই দেবতার খেলা॥ স্বামীর দৌর্ভাগ্য যায় রমণী-মণ্ডলে। সে হয় প্রাণের সমা এ কথা শুনিলে। এ কথা শুনিতে যে বা পাশ-কথা পাড়ে। মনোদুঃখ অবিরাম তার লক্ষ্মী ছাড়ে॥ রোঝায় কি করে, যায় কামড়ায় সাপে। সত্যপীর রুষিলে রাখিবে কার বাপে॥ মৃতবৎসা দোষ ঘুচে, আর কাকবন্ধ্যা। দুর্জ্জনের দুঃখ বাড়ে সত্যপীরে নিন্দা॥ সত্যপীর কিছু নহে যেই

জন বলে। শমন-শিকল তার লাগে পায় গলে ॥ সিরিনি মানয়ে যে বা হয়ে দুই-মনা। কদাপি না সিদ্ধ হয় তাহার কামনা ॥ শঙ্কর আচার্য্য ইহা করিল রচন। শুনিলে আপদ্ খণ্ডে পায় বহু ধন ॥ আমেন্ আমেন্ বল হয়ে হৃষ্টচিত। এতদূরে সাঙ্গ সত্যনারায়ণ-গীত ॥

সম্পূর্ণ

স্কন্দপুরাণোক্ত-মূল-সত্যনারায়ণ-ব্রতকথা

ওঁ নারায়ণায় নমঃ, ওঁ নরোত্তমায় নমঃ, ওঁ নরায় নমঃ, ওঁ দেব্যৈ সরস্বত্যৈ নমঃ, ওঁ বেদব্যাসায় নমঃ, ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ওঁ তৎ সৎ। ওঁ নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমং। দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥

ওঁ একদা মুনয়ঃ সর্ব্বে সর্ব্বলোকহিতে রতাঃ। সুরম্যে নৈমিষারণ্যে গোষ্ঠীঞ্চক্রুর্মনোরমাং ॥ তত্রান্তরে মহাতেজা ব্যাসশিষ্যো মহাযশাঃ। সূতঃ শিষ্যগণৈর্যুক্তঃ সমায়াতো হরিং স্মরন্ ॥ তমায়ান্তং সমালোক্য সূতং শাস্ত্রার্থপারগং। নেমুঃ সর্ব্বে সমুত্থায় শৌনকাদ্যাস্তপোধনাঃ ॥ সোঽপি তান্ পরয়া ভক্ত্যা মুনীন্ পরমবৈষ্ণবান্। ননাম দণ্ডবদ্ভূমৌ সর্ব্বধর্ম্মবিদাং বরঃ ॥ বরাসনে মহাবুদ্ধি-স্তৈর্দত্তে মুনপুঙ্গবৈঃ। উপবিষ্টঃ সভামধ্যে সর্ব্বৈঃ শিষ্যগণৈর্বৃতঃ ॥ তত্রোপবিষ্টং তং সূতং শৌনকো মুনিসত্তমঃ। বদ্ধাঞ্জলিরিমাং বাচ-মুবাচ বিনয়ান্বিতঃ ॥

শৌনক উবাচ ॥ মহর্ষে সূত সর্ব্বজ্ঞ কলিকালে সমাগতে। কেনোপায়েন ভগবন্ হরিভক্তির্ভবেন্নৃণাং ॥ কলৌ সর্ব্বে ভবিষ্যন্তি পাপকর্ম্মপরায়ণাঃ ॥ বেদবিদ্যাবিহীনাশ্চ তেষাং শ্রেয়ঃ কথং ভবেৎ ॥ কলা-বন্নগতপ্রাণা লোকাঃ স্বল্পায়ুষস্তথা। নির্ধনাশ্চ ভবিষ্যন্তি নানাপীড়াপ্রপীড়িতাঃ ॥ প্রয়াসসাধ্যং সুকৃতং শাস্ত্রেষু শ্রূয়তে দ্বিজ ॥ তস্মাৎ কেঽপি করিষ্যন্তি কলৌ ন সুকৃতং জনাঃ ॥ সুকৃতেষু বিনষ্টেষু প্রবৃত্তে পাপকর্ম্মণি। সবংশাঃ প্রলয়ং সর্ব্বে গমিষ্যন্তি দুরাশয়াঃ ॥ স্বল্পশ্রমৈ-রল্পবিত্তৈ-রল্পকালৈশ্চ সত্তম। যথা ভবেন্মহাপুণ্যং তথা কথয় সূত নঃ ॥ যস্যোপদেশতঃ পুণ্যং পাপং বা কুরুতে জনঃ। স তদ্ভাগী ভবেন্মর্ত্ত্য ইতি শাস্ত্রেষু নিশ্চিতং ॥ পুণ্যোপদেশী সদয়ঃ কৈতবেন বিবর্জ্জিতঃ। পাপায়ন-বিরোধী চ চত্বারঃ কেশবোপমাঃ ॥ জ্ঞানং সংপ্রাপ্য সংসারে যঃ পরেভ্যো ন যচ্ছতি। জ্ঞানরূপী হরিস্তস্মৈ প্রসন্ন ইব নেক্ষ্যতে ॥ জ্ঞানরত্নৈশ্চ রত্নৈশ্চ পরসন্তোষকৃন্নরঃ। স জ্ঞেয়ঃ সুকৃতির্নূনং নররূপধরো হরিঃ। ব্রতেন তপসা কিংবা প্রাপ্যতে বাঞ্ছিতং ফলং। সর্ব্বং তচ্ছ্রোতুমিচ্ছামি কথয়স্ব মহামতে ॥ ত্বমেব মুনিশার্দ্দূল বেদ-বেদাঙ্গপারগঃ। ত্বদৃতে নহি বক্তান্যো যতস্ত্বং ব্যাসশাসিতঃ ॥

সূত উবাচ ॥ ধন্যোঽসি ত্বং মুনিশ্রেষ্ঠ ত্বমেব বৈষ্ণবাগ্রণীঃ। যতঃ সমস্তলোকানাং হিতং বাঞ্ছসি সর্ব্বদা ॥ শৃণু শৌনক বক্ষ্যামি যৎ ত্বয়া শ্রোতুমিষ্যতে। নারদেনৈবমুক্তঃ সন্ ভগবান্ কমলাপতিঃ। সুরর্ষয়ে যথৈবাহ তচ্ছৃণুষ্ব সমাহিতঃ ॥ একদা নারদো যোগী পরানুগ্রহকাঙ্ক্ষয়া। পর্য্যটন্ বিবিধান্ লোকান্ মর্ত্ত্যলোক-মথাগমৎ ॥ তত্র

দৃষ্ট্বা জনাঃ সর্ব্বে নানাদুঃখ-সমন্বিতাঃ। নানাযোনি-সমুৎপন্নাঃ ক্লিশ্যন্তে পাপকর্ম্মভিঃ॥ কেনোপায়েন চৈতেষাং দুঃখনাশো ভবেদ্ধ্রুবং॥ ইতি সঞ্চিন্ত্য মনসা বিষ্ণুলোকং গতস্তদা॥ তত্র নারায়ণং দেবং কৃষ্ণবর্ণঃ চতুর্ভুজং। শঙ্খচক্রধরং দিব্যবনমালা-বিভূষিতং। দৃষ্ট্বা তং দেবদেবেশং স্তোতুং সমুপচক্রমে॥

নারদ উবাচ॥ নমস্তে বাঙ্মনোঽতীত-রূপায়ানন্তশক্তয়ে। আদিমধ্যান্তহীনায় নির্গুণায় গুণাত্মনে॥ সর্ব্বেষামাদিভূতায় ভক্তানা-মার্ত্তিনাশিনে॥ শ্রুত্বা স্তোত্রং ততো বিষ্ণুর্নারদং প্রত্যভাষত॥

শ্রীভগবানুবাচ॥ কিমর্থ-মাগতোঽসি ত্বং কিন্তে মনসি বর্ত্ততে। কথয়স্ব মহাভাগ তৎ সর্ব্বং কথয়ামি তে॥

নারদ উবাচ॥ মর্ত্ত্যলোকে জনাঃ সর্ব্বে নানাশোকসমন্বিতাঃ। নানাযোনিসমুৎ-পন্নাঃ পচ্যন্তে পাপকর্ম্মণা॥ তৎ কথং সময়েন্নাথ লঘূপায়েন তদ্বদ। শ্রোতুমিচ্ছামি তৎ সর্ব্বং কৃপাস্তি যদি তে ময়ি॥

শ্রীভগবানুবাচ॥ সাধু পৃষ্টং ত্বয়া বৎস লোকানুগ্রহকাম্যয়া। যৎ কৃত্বা মুচ্যতে মোহাৎ তচ্ছৃণুস্ব বদামি তে॥ ব্রতমস্তি মহাপুণ্যং স্বর্গে স্বর্গে ভুবি চ দুর্লভং। তব স্নেহান্ময়া বিপ্র প্রকাশীক্রিয়তেঽধুনা॥ সত্যনারায়ণস্যৈতদ্ ব্রতং সম্যগ্ বিধানতঃ। কৃত্বা সদ্যঃ সুখং ভুক্ত্বা পরত্র মোক্ষমালভেৎ॥ তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যং নারদঃ পুনরব্রবীৎ। কিং ফলং কিং বিধানঞ্চ কৃতং কেনৈব বা ব্রতং॥ তৎ সর্ব্বং বিস্তরাদ্ ব্রূহি কদা কার্য্যং হি তদ্ব্রতং॥

শ্রীভগবানুবাচ। দুঃখশোকাদি-শমনং ধনধান্য-বিবর্দ্ধনং॥ সৌভাগ্যসন্ততিকরং সর্ব্বত্র বিজয়প্রদং। যস্মিন্ কস্মিন্ দিনে মর্ত্ত্যো ভক্তিশ্রদ্ধাসমন্বিতঃ। সত্যনারায়ণং দেবং যজেত্তুষ্টো নিশামুখে॥ বান্ধবৈর্ব্রাহ্মণৈশ্চৈব সহিতো ধর্ম্মতৎপরঃ। নৈবেদ্যং ভক্তিতো দদ্যাৎ সপাদং ভক্ষ্য-মুত্তমং॥ রম্ভাফলং ঘৃতং ক্ষীরং গোধূমস্য চ চূর্ণকং। অভাবে শালিচূর্ণং বা শর্করাং বা গুড়ং তথা॥ সপাদ-সর্ব্বভক্ষ্যাণি একীকৃত্য নিবেদয়েৎ। বিপ্রায় দক্ষিণাং দদ্যাৎ কথাং শ্রুত্বা জনৈঃ সহ॥ ততশ্চ বন্ধুভিঃ সার্দ্ধং বিপ্রেভ্যঃ প্রতিপাদয়ন্। প্রসাদং ভক্ষয়েদ্ ভক্ত্যা নৃত্যগীতাদিকং চরেৎ। ততঃ স্বত্বা গৃহং গচ্ছেৎ সত্যনারায়ণং স্মরন্। এবং কৃতে মনুষ্যাণাং বাঞ্ছাসিদ্ধির্ভবেদ্ধ্রুবং॥ বিশেষতঃ কলিযুগে নান্যোপা-য়োঽস্তি ভূতলে। কথামস্য প্রবক্ষ্যামি কৃতকৃত্যোঽভবদ্ দ্বিজঃ॥ কশ্চিৎ কাশীপুরে গ্রামে আসীদ্বিপ্রশ্চ নির্দ্ধনঃ। ক্ষুধাতৃষ্ণাকুলো ভূত্বা সততং ভ্রমতে মহীং॥ দুঃখিতং ব্রাহ্মণং দৃষ্ট্বা ভগবান্ ব্রাহ্মণপ্রিয়ঃ। বৃদ্ধব্রাহ্মণরূপঃ সন্ পপ্রচ্ছ দ্বিজমাদরাৎ॥ কিমর্থং ভ্রমসে বিপ্র মহীং কৃৎস্নাঞ্চ দুঃখিতঃ। তৎ সর্ব্বং শ্রোতুমিচ্ছামি কথ্যতাং যদি রোচতে॥

বিপ্র উবাচ॥ ব্রাহ্মণোঽতিদরিদ্রোঽহং ভিক্ষার্থং ভ্রমতে মহীং। উপায়ং যদি জানাসি কৃপয়া কথয় প্রভো॥

বৃদ্ধ উবাচ॥ সত্যনারায়ণো দেবো বাঞ্ছিতার্থফলপ্রদঃ। তস্য ত্বং দ্বিজশার্দ্দূল কুরুষ ব্রতমুত্তমং। যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ॥ বিধানঞ্চ ব্রতস্যাস্য বিপ্রয়াভাষ্য যত্নতঃ। সত্যনারায়ণো বৃদ্ধস্তত্রৈবান্তরধীয়ত॥ ততঃ প্রাতঃ করিষ্যামি ব্রতং মনসি চিন্তিতং। ইতি সঞ্চিন্ত্য বিপ্রোঽসৌ রাত্রৌ নিদ্রাং ন চালভৎ॥ ততঃ প্রাতঃ সমুত্থায় সত্যনারায়ণব্রতং॥ করিষ্যেঽহঞ্চ সঙ্কল্প্য ভিক্ষার্থমগমদ্দ্বিজঃ॥ তস্মিন্নেব দিনে বিপ্রঃ প্রচুরং প্রাপ্তবান্ ধনং। তেনৈব বন্ধুভিঃ সার্দ্ধং সত্যস্য ব্রতমাচরৎ॥ সর্ব্বদুঃখ-বিনির্ম্মুক্তঃ সর্ব্বসম্পৎসমন্বিতঃ। বভূব স দ্বিজশ্রেষ্ঠো ব্রতস্যাস্য প্রভাবতঃ। ততঃপ্রভৃতি-কালঞ্চ মাসি মাসি ব্রতং কৃতং॥

সূত উবাচ॥ এবং নারায়ণস্যেদং ব্রতং কৃত্বা দ্বিজোত্তমঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দুর্ল্লভং মোক্ষমাপ্তবান্॥ ব্রতঞ্চ তদ্‌যদা বিপ্র পৃথিব্যাং সঞ্চরিষ্যতি। তদৈতৎ সর্ব্বদুঃখং হি নরাণাঞ্চ বিনশ্যতি॥ এবং নারায়ণেনোক্তং নারদায় মহাত্মনে। ময়াপি কথিতং বিপ্র কিমন্যৎ কথয়ামি তে॥

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণ-বিপ্রসংবাদো নাম প্রথমোঽধ্যায়ঃ।

শৌনক উবাচ॥ তস্মাদ্বিপ্রাদ্‌ব্রতং কেন পৃথিব্যাং চরিতং মুনে। তৎ সর্ব্বং শ্রোতু-মিচ্ছামি শ্রদ্ধাস্মাকং প্রজায়তে॥

সূত উবাচ॥ শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে তস্মাদ্‌যেন কৃতং ভুবি॥ একদা স দ্বিজবরো যথাবিভব-বিস্তরং। বন্ধুভিঃ স্বজনৈঃ সার্দ্ধং ব্রতং কর্ত্তুং সমুদ্যতঃ॥ এতস্মিন্নেব কালে তু কাষ্ঠকেতুঃ সমাগতঃ। বহিঃ কাষ্ঠঞ্চ সংস্থাপ্য বিপ্রস্য মন্দিরং যযৌ॥ তৃষ্ণয়া পীড়িতাত্মা স বিপ্রং দৃষ্ট্বা তথাবিধং। প্রণত্যাহ দ্বিজশ্রেষ্ঠং কিমিদং ক্রিয়তে ত্বয়া॥ কৃতে কিং ফলমাপ্নোতি বিস্তরাদ্ বদ মে প্রভো॥

বিপ্র উবাচ॥ সত্যনারায়ণস্যেদং ব্রতং সর্ব্বেপ্সিতপ্রদং। দুঃখশোকাদিশমনং সর্ব্বত্র বিজয়প্রদং॥ ধনাদিসন্ততিকরং সর্ব্বেষামীপ্সিতপ্রদং। যস্য প্রসাদান্মেসর্ব্বং ধনধান্যাদিকং মহৎ॥ ততস্তু স ব্রতং জ্ঞাত্বা কাষ্ঠকর্ত্তাতিহর্ষিতঃ। পপৌ জলং প্রসাদঞ্চ ভুক্ত্বা তন্নগরং যযৌ। সত্যনারায়ণং দেবং চিন্তয়ন্ স্থিরমানসঃ॥ কাষ্ঠং বিক্রীয় নগরে প্রাপ্স্যাতে চাদ্য যদ্ধনং। তেনৈব সত্যদেবস্য ব্রতমদ্য করোম্যহং॥ ইতি সঞ্চিন্ত্য মনসা কাষ্ঠং কৃত্বা তু মস্তকে। জগাম নগরে রম্যে ধনিনাং যত্র সংস্থিতিঃ। তদ্দিনে কাষ্ঠমূল্যঞ্চ দ্বিগুণং প্রাপ্তবানসৌ॥ ততঃ প্রসন্নহৃদয়ঃ সুপক্ককদলীফলং। শর্করাঞ্চ ঘৃতং দুগ্ধং গোধূমস্য চ চূর্ণকং। প্রত্যেকন্তু সপাদঞ্চ গৃহীত্বা গৃহীমাযযৌ॥ ততো বন্ধূন্ সমাহূয় চকার বিধিনা ব্রতং॥ তদ্‌ব্রতস্য প্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ। ইহ লোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ॥

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে বিপ্র-কাষ্ঠকেতু-সংবাদো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥

সূত উবাচ॥ পুনরন্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ। আসীদুল্কামুখো নাম নৃপতি-

র্বলিনাং বরঃ॥ জিতেন্দ্রিয়ঃ সত্যবাদী যযৌ দেবালয়ং প্রতি। দিনে দিনে ধনং দত্ত্বা দ্বিজান্ স সমতোষয়ৎ॥ ভার্য্যা তস্য প্রমুগ্ধা চ সরোজবদনা সতী। সস্মিতাস্য-শরচ্চন্দ্রা সকটাক্ষাক্ষি বিভ্রতী॥ কাঞ্চীঞ্চ বিভ্রতী শ্যামা মালতীমাল্য-ভূষিতা। ভদ্রশীলা ব্রতং সত্যং সিন্ধুতীরেঽকরোন্মুনে॥ এতস্মিন্নন্তরে তত্র সাধুঃ কোঽপি সামগতঃ। বাণিজ্যার্থং বহুধনৈ-রত্নাদ্যৈঃ পারপূরিতাং। নাবং সংস্থাপ্য তত্তীরে জগাম তত্তটং প্রতি। দৃষ্ট্বা তত্র ব্রতং সম্যক্ পপ্রচ্ছ বিনয়ান্বিতঃ॥

সাধুরুবাচ॥ কিমিদং কুরুষে রাজন্ ভক্তিযুক্তেন চেতসা। প্রকাশং কুরু তৎ সর্ব্বং শ্রোতুমিচ্ছামি সম্প্রতি॥

রাজোবাচ॥ পূজনং ক্রিয়তে সাধো বিষ্ণো-রতুলতেজসঃ। ব্রতঞ্চ স্বজনৈঃ সার্দ্ধং পুত্রাদিপ্রাপ্তয়ে ময়া॥ প্রত্যুবাচ ততো নত্বা রাজানং মধুরং বচঃ। সত্যং কথয় মে রাজন্ ব্রতমেতৎ করোম্যহং॥ মমাপি সন্ততির্নাস্তি সত্যমেতৎ সুতব্রতং। ততো নিবৃত্ত্য বাণিজ্যাৎ সানন্দং গৃহমাগতঃ॥ ভার্য্যায়ৈ কথিতং সর্ব্বং ব্রতঞ্চ সন্ততিপ্রদং। তদা ব্রতং করিষ্যামি যদা মে সন্ততির্ভবেৎ॥ যৎ কিঞ্চিদ্দিবসে তস্য ভার্য্যা লীলাবতী সতী। গর্ভ-যুক্তানন্দচিত্তা-ভবদ্ধর্ম্মপরায়ণা॥ পূর্ণে গর্ভে ততো জাতা বালিকা চাতিনির্ম্মলা॥ দিনে দিনে বর্দ্ধমানা শুক্লপক্ষে যথা শশী॥ ততো বণিক্ সুতায়াশ্চ জাতকর্ম্মাদিকঞ্চরন্। নাম্না কলাবতী চেতি তন্নাম কৃতবান্ স্বয়ম্॥ ততো লীলাবতী প্রাহ স্বামিনং মধুরং বচঃ। ন করোষি কিমর্থং বা পুরা যচ্চ প্রতিশ্রুতং॥ বিবাহসময়েঽপ্যস্যাঃ করিষ্যামি ব্রতং প্রিয়ে॥ ইতি ভার্য্যাং সমাশ্বাস্য জগাম নগরং প্রতি॥ ততঃ কলাবতী কন্যা বর্দ্ধিতা পিতৃবেশ্মনি। দৃষ্ট্বা কন্যাং ততঃ সাধু-র্নগরে বন্ধুভিঃ সহ। মন্ত্রয়িত্বা দ্রুতং দূতং প্রেরয়ামাস ধর্ম্মবিৎ। বিবাহার্থঞ্চ কন্যায়া বরং শ্রেষ্ঠং বিচারয়ন্॥ তেনাজ্ঞপ্তশ্চ দূতোঽসৌ কাঞ্চনং নগরং যযৌ। তস্মাদেকং বণিকপুত্রং সমাদায়াগতো হি সঃ॥ দৃষ্ট্বা তং সুন্দরং বালং বণিক্‌পুত্রং গুণান্বিতং। জ্ঞাতিভির্ব্বন্ধুভিঃ সার্দ্ধং পরিতুষ্টেন চেতসা। দত্তবান্ সাধুরাহূয় কন্যাং বিধিবিধানতঃ॥ ততোঽভাগ্যবশাত্তেন বিস্মৃতং ব্রতমুত্তমং। বিবাহসময়েঽপ্যস্যাস্তেন রুষ্টোঽভবদ্‌বিভুঃ। ততঃ কালেন কিয়তা নিজধর্ম্মবিশারদঃ। বাণিজ্যার্থং গতঃ শীঘ্রং জামাত্রা সহিতো বণিক॥ রত্নসারপুরে রম্যে গত্বা সিন্ধুসমীপতঃ। বাণিজ্যং কুরুতে সাধুর্জামাত্রা শ্রীমতা সহ। পুরীং নির্ম্মায় নগরে চন্দ্রকেতোর্নৃপস্য চ॥ এতস্মিন্নেব কালে তু সত্যনারায়ণঃ প্রভুঃ। ভ্রষ্টপ্রতিজ্ঞ-মালোক্য শাপং তস্মৈ প্রদত্তবান্। অদ্য-প্রভৃতিকালঞ্চ মহাদুঃখং ভবিষ্যতি॥ তস্মিন্নেব দিনে রাজ্ঞো ধনমাদায় তস্করঃ। তেনৈব বর্ত্মনা যাতঃ পৃষ্ঠদেশং বিলোকয়ন্। স পাশ্চাদ্ধাবকান্ দূতান্ দৃষ্ট্বা ভীতেন চেতসা। ধনং সংস্থাপ্য তত্রৈব গতঃ শীঘ্র-মলক্ষিতঃ॥ ততো দূতাঃ সমায়াতা যত্রাস্তে সজ্জনো বণিক্। দৃষ্ট্বা নৃপধনং তত্র বদ্ধা দূতা বণিক্‌সুতৌ॥ হর্ষযুক্তা ধাবমানা ঊচুর্নৃপ সমীপতঃ। তস্করৌ দ্বৌ সমানীতৌ, বিলোক্যাজ্ঞাপয় প্রভো॥ তে নৃপাজ্ঞাং সমাদায় দৃঢ়ং বদ্ধা তু

তাবুভৌ। দুর্গে সংস্থাপয়ামাসুঃ কারাগারেঽবিচারতঃ॥ মায়য়া সত্যদেবস্য ন শ্রুতঞ্চ তয়োর্বচঃ॥ ততস্তয়োর্ধনং যচ্চ গৃহীতং চন্দ্রকেতুনা॥ তচ্ছাপাচ্চ তয়োর্গেহে ভার্য্যা চ দুঃখিতাভবৎ। চৌরেণাপহৃতং সর্ব্বং গৃহে যচ্চ স্থিতং ধনং॥ আধিব্যাধি-সমাযুক্তা ক্ষুৎ-পিপসাতিপীড়িতা। অন্নচিন্তাপরা ভূত্বা ভ্রমতে চ গৃহে গৃহে॥ ততঃ কলাবতী কন্যা বভ্রাম প্রতিবাসরং॥ একস্মিন্ দিবসে রাত্রৌ ক্ষুধার্ত্তা নিজমন্দিরং। গত্বাপশ্যদ্ ব্রতং তত্র সত্য-নারায়ণস্য সা। উপবিশ্য কথাং শ্রুত্বা বরং প্রার্থয়তী মুদা। প্রসাদভক্ষণং কৃত্বা যযৌ রাত্রৌ গৃহং প্রতি। ততো লীলাবতী কন্যাং ভর্ৎসয়ামাস তাং ভৃশং। পুত্রি রাত্রৌ স্থিতা কুত্র কিন্তে মনসি বর্ত্ততে। দ্বিজালয়ে ব্রতং মাতর্দৃষ্টং বাঞ্ছিত-সিদ্ধিদং। তচ্ছ্রুত্বা কন্যকাবাক্যং ব্রতং কর্ত্তুং সমুদ্যতা। সমুতা সা বণিগ্‌ভার্য্যা সত্যনারায়ণস্য চ। ব্রতং চক্রে চ বৈ সাধ্বী বন্ধুভিঃ স্বজনৈঃ সহ। ভর্ত্তৃজামাতরৌ ক্ষিপ্রমাগচ্ছেতাং স্বমাশ্রমং॥ ইতি দেবং বরং যাচে সত্যদেবং পুনঃপুনঃ। অপরাধস্তু ভর্ত্তুর্মে জামাতুঃ ক্ষন্তুমর্হসি। ব্রতেন তস্যাস্তুষ্টোঽসৌ সত্যনারায়ণঃ প্রভুঃ। দর্শয়ামাস স্বপ্নং হি চন্দ্রকেতুং নৃপোত্তমং। বন্দিনৌ মোচয় প্রাত-র্বণিজৌ নৃপসত্তম। দেয়ং ধনঞ্চ তৎ সর্ব্বং বিধিনা দ্বিগুণীকৃতং। নো চেৎ ত্বাং নাশয়িষ্যামি সরাজ্যধনপুত্রকং। এবমাভাষ্য রাজানং ধ্যানগম্যোঽভবৎ প্রভুঃ। ততঃ প্রভাত-সময়ে রাজা চ স্বজনৈঃ সহ। উপবিশ্য সভামধ্যে প্রাহ দূতজনং প্রতি। বদ্ধৌ মহাজনৌ শীঘ্রং মোচয়ধ্বং বণিক্‌সুতৌ॥ ইতি রাজ্ঞো বচঃ শ্রুত্বা মোচয়িত্বা মহাজনৌ। সমানীয় নৃপস্যাগ্রে প্রোচুস্তে বিনয়ান্বিতাঃ। আনীতৌ দ্বৌ বণিক্‌পুত্রৌ মুক্তৌ নিগড়বন্ধনাৎ। ততো মহাজনৌ নত্বা চন্দ্রকেতুং নৃপোত্তমং। স্মৃত্বা চ পূর্ব্ববৃত্তান্তং বিস্ময়াদ্ভয়বিহ্বলৌ। রাজা বণিক্‌সুতৌ বীক্ষ্য প্রোবাচ সাদরং বচঃ। দৈবাৎ প্রাপ্তং মহৎ কষ্টমিদানীং নাস্তি তে ভয়ং। ইদানীমেব মুক্তস্ত্বং ক্ষৌরকর্ম্মাদিকং চর। ততো নৃপবরঃ শ্রীমান্ স্বর্ণরত্ন-বিভূষণৈঃ। অলঙ্কৃত্য বণিকপুত্রৌ বচসা প্রীণয়দ্ভৃশং। পুরা নীতঞ্চ যদ্দ্রব্যং দ্বিগুণীকৃত্য দত্তবান্। প্রোবাচ তৌ ততো রাজা গচ্ছ সাধো নিজাশ্রমং। রাজানং প্রণিপত্যাহ গন্তব্যং ত্বৎপ্রসাদতঃ। যাত্রাং কৃত্বা ততঃ সাধু-র্মঙ্গলাচারপূর্ব্বিকাং। ব্রাহ্মণেভ্যো ধনং দত্বা সহর্ষো নগরং যযৌ। কিয়দ্দূরে গতে সাধৌ সত্যনারায়ণঃ প্রভুঃ। জিজ্ঞাসাং কৃতবান্ সাধো কিমস্তি তরণৌ তব। ততো মহাজনো মত্তো হেলয়াহ প্রহস্য চ। কথং পৃচ্ছসি ভো দণ্ডিন্ মুদ্রাং কিং লব্ধুমিচ্ছসি। লতা-পত্রাদিকঞ্চৈব বর্ত্ততে তরণৌ মম॥ নিষ্ঠুরঞ্চ বচঃ শ্রুত্বা সত্য ভবতু তে বচঃ। এবমুক্ত্বা ততঃ শীঘ্রং দণ্ডী তস্য সমীপতঃ। কিয়দ্দূরে ততো গত্বা স্থিতঃ সিন্ধুসমীপতঃ॥ গতে দণ্ডিনি সাধুশ্চ কৃতনিত্যক্রিয়স্তদা। উত্থায় তরণীং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং যযৌ॥ লতাপত্রাদিকং দৃষ্ট্বা মূর্চ্ছিতো ন্যপতদ্ভুবি। লব্ধসংজ্ঞো বণিক্‌পুত্রস্ততশ্চিন্তাপরোঽভবৎ। শ্বশুরং দুহিতুঃ কান্তো বচনঞ্চেদমব্রবীৎ॥

জামাতোবাচ। কিমর্থং কুরুষে শোকং শাপাদেতচ্চ দণ্ডিনঃ। শক্যতে তেন

সর্ব্বং হি কর্ত্তুং হর্ত্তুং ন সংশয়ঃ। ততস্তং শরণং যামো বাঞ্ছিতার্থো ভবিষ্যতি। জামাতুশ্চ বচঃ শ্রুত্বা তৎসকাশং গতস্তদা॥ দৃষ্ট্বা চ দণ্ডিনং ভক্ত্যা নত্বা প্রোবাচ সাদরং। ক্ষমস্ব চাপরাধং মে যদুক্তং তব সন্নিধৌ॥ ময় দুরাত্মনা দেব মুগ্ধোঽহং তব মায়য়া। যদুক্তং তদ্বচো নাথ দুষ্টং মে ক্ষন্তুমর্হসি॥ যতঃ পরকৃপাঃ সর্ব্বে ক্ষমাসারা হি সাধবঃ। পুনঃ-পুনস্ততো নত্বা রুরোদ শোকহ্বিলঃ॥ তমুবাচ ততো দণ্ডী বিলপন্তং বিলোক্য চ॥ মা রোদীঃ শৃণু মে বাক্যং মম পূজ্যপরাঙ্মুখঃ॥ মামবজ্ঞায় দুর্ব্বুদ্ধে লব্ধং দুঃখং মুহুর্মুহুঃ। তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যং স্তুতিং কর্ত্তুং সমুদ্যতঃ॥

সাধুরুবাচ॥ ত্বন্মায়া-মোহিতাঃ সর্ব্বে ব্রহ্মাদ্যাস্ত্রিদিবৌকসঃ। ন জানন্তি গুণং রূপং তবাশ্চর্য্যমিদং প্রভো॥ মূঢ়োঽহং ত্বাং কথং জানে মোহিতস্তব মায়য়া। প্রসীদ পূজয়িষ্যামি যথাবিভব-বিস্তরং॥ পুত্রং বিত্তঞ্চ মে দেহি পাহি মাং শরণাগতং॥ শ্রুত্বা ভক্তিযুতং বাক্যং পরিতুষ্টো জনার্দ্দনঃ। বরঞ্চ বাঞ্ছিতং দত্বা তত্রৈবান্তরধীয়ত॥ ততোঽসৌ নাব-মারুহ্য দৃষ্ট্বা রত্নাদিপূরিতাং। কৃপয়া সত্যদেবস্য সফলং বাঞ্ছিতং মম॥ ইত্যুক্ত্বা স্বজনৈঃ সার্দ্ধং পূজাং কৃত্বা যথাবিধি। হর্ষেণ মহতা সাধুঃ প্রয়াণং চাকরোদ্দ্বিজ॥ নাবং সংযোজ্য বেগেন স্বদেশমগমত্তদা। ততো জামাতরং প্রাহ পশ্য বৎস পুরীং মম॥ দূতঞ্চ প্রেরয়ামাস নিজবিত্তস্য রক্ষকং॥ ততোঽসৌ নগরং গত্বা সাধুভার্য্যাং বিলোক্য চ। উবাচ বাঞ্ছিতং বাক্যং নত্বা বদ্ধাঞ্জলিস্তদা। নিকটে নগরস্যৈব জামাত্রা সহিতো বণিক্। আগতো বন্ধুবর্গৈশ্চ ধনৈর্ব্বহুবিধৈস্তথা॥ শ্রুত্বা দূতমুখাদ্বাক্যং মহাহর্ষযুতা সতী। সত্যপূজাং ততঃ কৃত্বা প্রোবাচ তনুজাং প্রতি। ব্রজামি শীঘ্রমাগচ্ছ সাধুসন্দর্শনায় চ॥ ইতি মাতৃবচঃ শ্রুত্বা ব্রতং কৃত্বা সমাপ্য চ। প্রসাদং সংপরিত্যজ্য গতা সা চ পতিং প্রতি॥ তেন রুষ্টঃ সত্যদেবো ভর্ত্তারং তরণীস্তথা। সংহৃত্য চ ধনৈঃ সার্দ্ধং জলে তস্মিন্ সমর্পয়ৎ। ততঃ কলাবতী কন্যা নালোক্য বণিজং পতিং॥ শোকেন মহতা তত্র রুদতী চাপতদ্ভুবি॥ দৃষ্ট্বা তথাবিধাং কন্যাং ন দৃষ্ট্বা তৎপতিং তরীং। ভয়েন মোহিতঃ সাধুঃ কিমাশ্চর্যমিদং মহৎ॥ বিচিন্তয়ন্তস্তে সর্ব্বে বভূবু-স্তরিবাহকাঃ॥ ততো লীলাবতী সাধ্বী দৃষ্ট্বা তদ্বিহ্বলা সতী॥ বিললাপাতিদুঃখেন ভর্ত্তারঞ্চেদ-মব্রবীৎ॥ ইদানীং নৌকয়া সার্দ্ধ-মদৃশ্যোঽভূদলক্ষিতঃ। ন জানে কেন দেবেন হেলয়া বাপহারিতঃ। সত্যদেবস্য মাহাত্ম্যং কিং জ্ঞাতুং নহি শক্যতে। ইত্যুক্ত্বা বিললাপাথ তত্রস্থা স্বজনৈঃ সহ॥ ততো লীলাবতী কন্যাং ক্রোড়ে কৃত্বা রুরোদ চ॥ ততঃ কলাবতী কন্যা নষ্টে স্বামিনি দুঃখিতা॥ গৃহীত্বা পাদুকাং তস্য অনুগন্তুং মনো দধে॥ কন্যায়াশ্চরিতং দৃষ্ট্বা সভার্য্যঃ সজনো বণিক্। অতিশোকেন সন্তপ্তশ্চিন্তয়ামাস ধর্ম্মবিৎ॥ হৃতো হি সত্যদেবেন জামাতা সত্যমায়য়া। সত্যপূজাং করিষ্যামি যথাবিভব-বিস্তরং॥ ইতি সর্ব্বান্ সমাহূয় কথয়িত্বা মনোরথং॥ ননাম দণ্ডভূমৌ সত্যদেবং পুনঃপুনঃ। ততস্তুষ্টঃ সত্যদেবো গগনাদ্বণিজং প্রতি। জগাদ বচনঞ্চেদং

নৈবেদ্যমবমস্থ চ। আগতা স্বামিনং দ্রষ্টুং যতোঽদৃষ্টোঽভবৎ প্রভুঃ॥ গৃহং গত্বা প্রসাদঞ্চেদ্ ভুক্ত্বা চায়াতি সা পুনঃ॥ লব্ধভর্তৃ সুতা সাধো ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ততঃ সা প্রাণদং বাক্যং শ্রুত্বা গগন-মণ্ডলাৎ। ক্ষিপ্রং তদা গৃহং গত্বা প্রসাদং প্রতিভুজ্য চ। অপশ্যৎ পুনরাগত্য পতিং নাবং জনৈঃ সহ॥ ততঃ কলাবতী তুষ্টা জগাদ পিতরং প্রতি। এহি তাত গৃহং যামো বিলম্বং কুরুষে কথং। তচ্ছ্রুত্বা কন্যকাবাক্যং সন্তুষ্টোঽভূদ্বণিক্‌সুতঃ॥ পূজনং সত্যদেবস্য কৃত্বা বিধিবিধানতঃ। ধনৈর্ব্বন্ধুগণৈঃ সার্দ্ধং জগাম নিজমন্দিরং॥ পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং পূজাং কৃত্বা যথাবিধি। ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ।

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে বণিক্‌সাধুমোক্ষবর্ণনো নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥ ০॥

সূত উবাচ॥ অথ চান্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ। আসীদ্বংশধ্বজো রাজা প্রজাপালন-তৎপরঃ॥ প্রসাদং সত্যদেবস্য ত্যক্ত্বা দুঃখমবাপ সঃ॥ একদা স বনং গত্বা হত্বা চ বিবিধান্ মৃগান্। আগতো বটমূলে চ দৃষ্ট্বা সত্যস্য পূজনং। গোপাঃ কুর্ব্বন্তি সন্তুষ্টা ভক্তিযুক্তাঃ সবান্ধবাঃ। রাজা দৃষ্ট্বা তু দর্পেণ নাগতো ন ননাম সঃ॥ ততো গোপগণাঃ সর্ব্বে প্রসাদং নৃপসন্নিধৌ। সংস্থাপ্য পুনরাগত্য ভুক্ত্বা সর্ব্বে যথেপ্সিতং॥ ততঃ প্রসাদং সংত্যজ্য রাজা দুঃখমবাপ সঃ॥ তস্য পুত্রশতং নষ্টং ধনধান্যাদিকঞ্চ যৎ॥ সত্যদেবেন তৎ সর্ব্বং নাশিতং মম নিশ্চিতং। অতস্তত্রৈব গচ্ছামি যত্র দেবস্য পূজনং। মনসেতি বিনিশ্চিত্য যযৌ গোপাল-সন্নিধিং॥ ততোঽসৌ সতদেবস্য পূজাং গোপগণৈঃ সহ। ভক্তিশ্রদ্ধান্বিতো ভূত্বা চকার বিধিবন্নৃপঃ। সত্যদেব-প্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ। ইহ লোকে সুখং ভুক্ত্বা চান্তে বিষ্ণুপুরং যযৌ॥ য ইদং কুরুতে সত্যব্রতং পরমদুর্ল্লভং। শৃণোতি চ কথাং পুণ্যাং ভুক্তিমুক্তি-ফলপ্রদাং॥ ধনধন্যাদিকং তস্য ভবেৎ সত্যপ্রসাদতঃ। দরিদ্রো লভতে বিত্তং বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ। ভীতো ভয়াৎ প্রমুচ্যেত সত্যমেতন্ন সংশয়ঃ। ইপ্সিতঞ্চ ফলং ভুক্ত্বা চান্তে সত্যপুরং ব্রজেৎ। ইতি বঃ কথিতং বিপ্রাঃ সত্যনারায়ণব্রতং॥ যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ॥ বিশেষতঃ কলিযুগে সত্যপূজা মহাফলা। সত্যনারায়ণং কেচিৎ সত্যদেবং তথাপরে। সত্য ইত্যেব বা কেচিৎ প্রবদন্তি মনীষিণঃ॥ নানারূপধরো ভূত্বা সর্ব্বেষা-মীপ্সিতপ্রদঃ। ভবিষ্যতি কলৌ সত্য-ব্রতরূপী সনাতনঃ॥ য ইদং কুরুতে নিত্যং শৃণোতি মুনিসত্তমাঃ। তস্য নশ্যন্তি পাপানি সত্যদেব-প্রসাদিতঃ॥

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে—সত্যনারায়ণকথা নাম চতুর্থোঽধ্যায়ঃ॥ সম্পূর্ণঃ॥

শনৈশ্চর-ব্রত

শ্রাবণ মাসের শনিবারে অশ্বত্থবৃক্ষমূলে মৃন্ময় বেদী নির্ম্মাণ করিয়া তদুপরি ধনুকাকার মণ্ডল অঙ্কিত করত তাহার উপরে কৃষ্ণলৌহনির্ম্মিত মহিষারূঢ় দ্বিভুজ দণ্ড-পাশ-ধারী শনৈশ্চরমূর্ত্তি স্থাপন করিয়া তাঁহার পূজা করিবেন।

পূজাপদ্ধতি—সাধক যথাকালে শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া আচমন করিয়া স্বস্তিবাচন করত সঙ্কল্প করিবেন। যথা—"বিষ্ণুরোম্ তৎসদন্ত অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকশনৈশ্চরকৃতপীড়ানিবারণ-কামো গণেশাদিদেবতাপূজাপূর্ব্বকশনৈশ্চরপূজনকর্ম্মাহং করিষ্যে।" এইরূপ সঙ্কল্প করিয়া স্থক্ত পাঠপূর্ব্বক আসনশুদ্ধ্যাদি করিয়া গণেশাদি দেবতার পূজাপূর্ব্বক—"কুজায় নমঃ" বলিয়া পঞ্চামৃত দ্বারা এবং "শনৈশ্চরায় নমঃ" বলিয়া শুদ্ধোদক দ্বারা স্নান করাইয়া ষোড়শোপচারে শনৈশ্চরের পূজা করিবেন। যথা—"শাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া—"ওঁ সৌরাষ্ট্রং কাশ্যপং শূদ্রং সূর্য্যাস্যং চতুরঙ্গুলং। কৃষ্ণং কৃষ্ণাম্বরং গৃধ্রগতং সৌরিং চতুর্ভুজং। তদ্বাণ-বর-শূল-ধনুর্হস্তং সমাহ্বয়েৎ। যমাধিদৈবতং দেবং প্রজাপতিপ্রত্যধিদৈবতং॥" এই প্রকারে ধ্যান করিয়া বিশেষার্ঘ্য স্থাপনপূর্ব্বক পুনর্ব্বার ধ্যান, দেবতার আবাহন ও প্রাণপ্রতিষ্ঠা করত "ওঁ ঐং হ্রীং শ্রীং শনৈশ্চরায় নমঃ" এই মন্ত্রে পূজা করিবেন। পূজার উপচারদানে বিশেষ মন্ত্র যথা—"ওঁ নীলায় নমঃ" বলিয়া আসন, "শ্বেতকণ্ঠায় নমঃ" বলিয়া পাদ্য, "নীলময়ূখায় নমঃ" বলিয়া অর্ঘ্য, "নীলোৎপলদলায়" বলিয়া স্নানীয়, "দীপ্যমানজটাধরায়" বলিয়া বস্ত্র, "পরুষগাত্রায়" বলিয়া যজ্ঞোপবীত, "স্থূলরোম্নে" বলিয়া অলঙ্কার, "নিত্যায়" বলিয়া গন্ধ, "নিত্যধূর্ত্তায়" বলিয়া অক্ষত, "সদাতৃপ্তায়" বলিয়া পুষ্প, "মন্দায়" বলিয়া ধূপ, "নিস্পৃহায়" বলিয়া দীপ, "তামসায়" বলিয়া নৈবেদ্য, "নীলোৎপলায়" বলিয়া পুনঃ আচমনীয়, "কৃষ্ণবপুষে" বলিয়া করোদ্বর্ত্তন, "দীর্ঘদেহায়" বলিয়া তাম্বুল "মন্দগতয়ে" বলিয়া দক্ষিণা দান, "জ্ঞাননেত্রায়" বলিয়া প্রদক্ষিণ এবং "সূর্য্যপুত্রায়" বলিয়া নমস্কার করিবেন। পূজানন্তর করযোড়ে নিম্নমন্ত্র পাঠ করিবেন। যথা—"কোণস্থঃ পিঙ্গলো বভ্রুঃ কৃষ্ণো রৌদ্রান্তকো যমঃ। সৌরিঃ শনৈশ্চরো মন্দঃ পিপ্পলাদেন সংস্তুতঃ॥ এতানি শনিনামানি জপেদশ্বত্থসন্নিধৌ। শনৈশ্চরকৃতা পীড়া ন কদাচিদ্ভবিষ্যতি॥" তৎপরে যথাশক্তি জপাদি করিয়া অশ্বত্থ বৃক্ষকে সাতবার প্রদক্ষিণ করত নমস্কার করিবেন। অতঃপর কথা শ্রবণ করিবেন।

অথ-কথা—ঈশ্বর উবাচ রঘুবংশেঽতিবিখ্যাতো রাজা দশরথঃ প্রভুঃ। বভূব চক্রবর্ত্তী চ সপ্তদ্বীপাধিপো বলী॥ কৃত্তিকান্তে শনির্যাতো দৈবজ্ঞৈর্জ্ঞাপিতো হি সঃ॥ রোহিণীং ভেদয়িত্বা তু শনির্যাস্যতি সাম্প্রতম্॥ শকটে ভেদিতে তেন সর্ব্বলোকভয়ঙ্করম্॥ দ্বাদশাব্দং তু দুর্ভিক্ষং ভবিষ্যতি সুদারুণম্॥ ইতি শ্রুত্বা তু তদ্বাক্যং মন্ত্রিভিঃ সহ পার্থিবঃ। মন্ত্রয়ামাস কিমিদং ভয়ঙ্করমুপস্থিতম্॥ দেশাশ্চ নগর-গ্রামা ভয়ভীতাস্তদাভবন্। অব্রুবন্ সর্ব্বলোকাশ্চ ক্ষয় এষ সমাগতঃ॥ আকুলঞ্চ জগদ্দৃষ্ট্বা পৌরজানপদাদিকং। পপ্রচ্ছ প্রয়তো রাজা বশিষ্ঠং মুনিসত্তমম্॥ সংবিধানং কিমস্যাস্তি বদ মাং দ্বিজসত্তম্॥ বশিষ্ঠ উবাচ। দূরে প্রজানাং রক্ষ চ তস্মিন্ ভিন্নে কুতঃ প্রজাঃ। প্রজাপত্যং স নক্ষত্রং শনির্যাস্যতি সাম্প্রতম্॥ মন্যে যোগমসাধ্যং তু

ব্রহ্মশক্রাদিভিঃ সুরৈঃ। ততঃ সঞ্চিন্ত্য মনসা সাহসং কৃতবান্ নৃপঃ। সমাদায় ধনুর্দিব্যং দিব্যায়ুধসমন্বিতম্। রথমারুহ্য বেগেন গতো নক্ষত্রমণ্ডলং। রোহিণীং পৃষ্ঠতঃ কৃত্বা রাজা দশরথস্তথা॥ রথে চ কাঞ্চনে দিব্যে মণিরত্নবিভূষিতে। হংসবর্ণৈর্হয়ৈর্যুক্তে মহা-কেতুসমন্বিতে। দীপ্যমানো হাররত্নৈঃ কেয়ূরমুকুটোজ্জলৈঃ। বিরাজতে মহাকাশে দ্বিতীয় ইব ভাস্করঃ। আকর্ণপূরিতে চাপে সংহারাস্ত্রং হ্যযোজয়েৎ॥ কৃত্তিকান্তে শনিঃ স্থিত্বা প্রাবিশৎ কিল রোহিণীং। দৃষ্ট্বা দশরথং চাগ্রে সরোষং ভ্রুকুটীমুখং॥ সংহারাস্ত্রঞ্চ তদ্দৃষ্ট্বা সুরাসুরভয়ঙ্করং॥ হসিত্বা তদ্ভয়াৎ সৌরিরিদং বচনমব্রবীৎ॥ পৌরুষং তব রাজেন্দ্র পরং রিপুভয়ঙ্করম্। দেবাসুরমনুষ্যাশ্চ সিদ্ধবিদ্যাধরোরগাঃ॥ ময়া বিলোকিতা রাজন্ ভস্মসাচ্চ ভবন্তি তে। তুষ্টোঽহং তব রাজেন্দ্র তপসা পৌরুষেণ চ। বরং বৃণু [illegible]স্যামি যথেষ্টং রঘুনন্দন॥ সরিতঃ সাগরা যাবচ্চন্দ্রার্কৌ মেদিনী তথা। রোহিণীং প্রদ[illegible]ত ন গন্তব্যং ত্বয়া শনে। যাচিতং তু ময়া সৌরে নান্যমিচ্ছাম্যহং বরং। ভেদয়িত্বা [illegible] কৃতকৃত্যোঽভবন্নৃপঃ। দ্বাদশাব্দং ন দুর্ভিক্ষ্যং ভবিষ্যতি কদাচন॥ এবমস্তু শনিঃ প্র[illegible]বাক্যে তু ভবিষ্যতি। ততো বরং চ সংপ্রাপ্য হৃষ্টরোমা তু কীর্ত্তিরেষা মদীয়া চ ত্রৈ[illegible]ত্বা চৈব কৃতাঞ্জলিঃ। ভক্ত্যা দশরথঃ স্তোত্রং প্রার্থিবঃ। উপতস্থে ধনুস্ত্যক্ত্বা [illegible]॥ [illegible] কৃষ্ণায় নীলায় শিতিকণ্ঠনিভায় চ॥ সৌরেরিদমথাকরোৎ॥ দশরথ উবাচ। নমঃ পরুষগাত্রায় স্থূলরোম্নে নমো নমঃ। নমো নীলমণিগ্রীব নীলোৎপলনিভায় চ। নমো নিত্যং ক্ষুধার্ত্তায় হ্যতৃপ্তায় নমো নমঃ। নমঃ কালাগ্নিরূপায় কৃতান্তায় নমোঃ নমঃ। মনো ঘোরায় রৌদ্রায় ভীষণায় করালিনে॥ নমস্তে সর্ব্বভক্ষায় বলীমুখ নমোঽস্তু তে। সূর্য্যপুত্র নমস্তেঽস্তু কাশ্যপায় নমো নমঃ। নমো মন্দগতে তুভ্যং কৃষ্ণবর্ণ নমোঽস্তু তে॥ তপসা দগ্ধদেহায় নিত্যং যোগরতায় চ। জ্ঞাননেত্র নমস্তেঽস্তু কশ্যপাত্মজসূনবে। তুষ্টো দদাসি রাজ্যং চ রুষ্টো হরসি তৎক্ষণাৎ। দেবাসুরনুষ্যাশ্চ পশুপক্ষিমহোরগাঃ। ত্বয়া বিলোকিতাঃ সর্ব্বে দৈন্যমাশু ব্রজন্তি তে। শক্রাদয়ঃ সুরাঃ সর্ব্বে মুনয়ঃ সপ্ততারকাঃ। স্থানভ্রষ্টা ভবন্ত্যেতে ত্বয়া দৃষ্টিবিলোকিতাঃ। দেশাশ্চ নগরগ্রামা দ্বীপাশ্চৈব দ্রুমাস্তথা॥ ত্বয়া বিলোকিতাশ্চৈব বিনাশং যান্তি মূলতঃ। প্রসাদং কুরু মে সৌরে বরার্থং ত্বামুপাগতা। এবং স্তুতস্তদা সৌরিগ্রহরাজো মহাবলঃ। অব্রবীচ্চ শুভং বাক্যং হৃষ্টরোমা স ভাস্করিঃ॥ শনিরুবাচ। তুষ্টোঽহং তব রাজেন্দ্র স্তবেনানেন সুব্রত। দাস্যামি তে বরং ভদ্রং নিশ্চয়াদ্রঘুবংশজ॥ দশরথ উবাচ। অদ্য প্রভৃতি পিঙ্গাক্ষ পীড়া কার্য্যা ন মে ত্বয়া॥ জগত্রয়ে ত্বয়া নাথ পীড়িতে দুঃখিতো জনঃ। তস্মাজ্জগত্রয়ং দেব রক্ষণীয়ং ত্বয়ানঘ॥ শনিরুবাচ। গ্রহাণামহমেকো হি মদধীনা গ্রহাঃ সদা। স্তবেন তব তুষ্টোঽহং পীড়াং ন চ করোম্যহং। জগত্রয়ং মহারাজ দুঃখিতং ন ভবেৎ সদা॥ দশরথ উবাচ। ভগবন্ কেন বিধিনা ত্বদীয়ারাধনং ভবেৎ। যেন তুষ্যসি পিঙ্গাক্ষ তৎসর্ব্বং বক্তুমর্হসি॥ শনৈশ্চর উবাচ। শ্রাবণে মন্দবারেষু দত্ত

ধাবনপূর্ব্বকম্ স্নানং সুগন্ধতৈলেন নিত্যকর্ম্ম সমাচরেৎ ॥ শুচির্ভূত্বা শমীবৃক্ষং গত্বা তত্রৈব পূজয়েৎ। তদভাবে হথ রাজেন্দ্র গত্বাশ্বত্থং প্রপূজয়েৎ। তত্র সম্পূজ্য মাং রাজন্ গন্ধ-পুষ্পাক্ষতাদিভিঃ। ধূপৈর্দীপৈশ্চ নৈবেদ্যৈস্তাম্বুলপ্রার্থনাদিভিঃ ॥ বেষ্টয়েৎ সপ্তসূত্রৈশ্চ নমস্কারাংস্তথৈব চ। সপ্ত প্রদক্ষিণং কৃত্বা শ্রুত্বা পুণ্যকথামিমাম্ ॥ এবংবিধাং ত্রয়স্ত্রিংশন্ম-বারান্ কুরুষ মে। ততোহন্তে শনিবারে চ কুর্য্যাদুদ্যাপনং শুভম্ ॥ আচার্য্যং বরয়েত্তত্র শ্রোত্রিয়ং বেদপাগরং ॥ সুবর্ণস্য শমীবৃক্ষং তদভাবে তু পিপ্পলম্ ॥ মদীয়াং প্রতিমাং কুর্য্যাল্লৌহীং মহিষসংযুতাং। দ্বিভুজাং দীর্ঘদেহাঞ্চ দণ্ডপাকধরাং তথা ॥ পিঙ্গাক্ষীং স্থূলদেহাঞ্চ শ্বেতগ্রীবাং ততোহর্চ্চয়েৎ। কৃষ্ণপত্রে তথা সপ্ত কৃষ্ণবস্ত্রাণি বেষ্টয়েৎ। উপবীতাদিভির্দ্রব্যৈঃ পূর্ব্ববদ্দেবমর্চ্চয়েৎ ॥ শমগ্নিরিতি মন্ত্রেণ হুনেদষ্টাধিকং শতম্ ॥ কৃসরান্নং তদন্তে চ তেনৈব বলিমুদ্ধরেৎ ॥ কৃষ্ণধেনুং সবৎসাঞ্চ দদ্যাদথ পয়স্বিনীম্। সপ্ত বিপ্রান্ সমভ্যর্চ্চ গন্ধপুষ্প-ফলাদিভিঃ ॥ বস্ত্রাণি দক্ষিণাঞ্চৈব যথাশক্তি প্রদাপয়েৎ ॥ তিলমাষবিমিশ্রান্নৈর্ভোজয়েদ্দ্বি-জসত্তমান্। তেষাং গৃহাশিষং পশ্চাদ্ভুঞ্জীত বন্ধুভিঃ সহ। সবস্ত্রাং প্রতিমাঞ্চৈব আচার্য্যায় নিবেদয়েৎ ॥ এবং কৃতেহথ রাজেন্দ্র সর্ব্বাভীষ্টং দদাম্যহং। ত্বয়া কৃতং পঠেৎ স্তোত্রং ভক্ত্যা চৈব কৃতাঞ্জলিঃ ॥ সপ্তজন্মসু রাজেন্দ্র তস্যৈশ্বর্য্যং রাজেন্দ্র ভবিষ্যতি। পুত্রপৌত্রযুতো নিত্যং ততো মোক্ষমবাপ্স্যতি ॥ তুষ্টোহহং তস্য রাজেন্দ্র পীড়াং ন চ করোম্যহং। গোচরে বাষ্টবর্গে বা বিষমে বা স্থিতোহপ্যহং। তুষ্টো রাজ্যপ্রদঃ সদ্যঃ ক্রুদ্ধো রাজ্যাপহারকঃ। জন্মস্থো দ্বাদশস্থো বা অষ্টমস্থোহপি কুত্রচিৎ ॥ শ্রাবণে মন্দবারেষু পূজিতোহহং সুখপ্রদঃ। ব্রহ্মা শিবো হরিশ্চৈব মুনয়ঃ সনকাদয়ঃ। লক্ষ্মীরুমা চ সাবিত্রী মুনিপত্ন্যশ্চ বৈ শুভাঃ ॥ নৃপা অন্যে ময়া সর্ব্বে স্থানভ্রষ্টাশ্চ পীড়িতাঃ। দেশাশ্চ নগরগ্রামা গজোষ্ট্রাশ্চাথ বাজিনঃ ॥ রৌদ্রদৃষ্ট্যা ময়া দৃষ্টা নাশমায়ান্তি তৎক্ষণাৎ ॥ অতো ময়া পীড়িতানাং মনুষ্যাণাং নরাধিপ ॥ পরিহর্ত্তুং ন শক্তাশ্চ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ ॥ এতচ্ছ্রুত্বা শনের্ব্বাক্যং রাজা পরমহর্ষিতঃ। নত্বা প্রদক্ষিণীকৃত্য বরং প্রাপ্য পুরং যযৌ ॥ গত্বা স্বনগরং রাজা পূজিতো বৈ শনৈশ্চরঃ। শ্রাবণাদিষু মাসেষু প্রসন্নোহভূচ্ছনৈশ্চরঃ ॥ পৃথ্বীপতিরভূদ্রাজা গ্রহরাজপ্রসাদতঃ ॥ য ইমং প্রাতরুত্থায় সৌরিবারে সদার্চ্চয়েৎ। তস্যাভীষ্টপ্রদো মন্দো ভবিষ্যতি ন সংশয়ঃ ॥ স্ত্রিয়া বা পুরুষেণাপি কৃতং যেন শনিব্রতম্। স মুক্তঃ সর্ব্বপাপেভ্যঃ সর্ব্বাভীষ্টং লভেৎ ক্ষণাৎ ॥ ব্রাহ্মণো বেদসম্পূর্ণঃ ক্ষত্রিয়ো রাজ্যমাপ্নুয়াৎ। কন্যার্থী লভতে কন্যাং পুত্রার্থী লভতে সুতম্ ॥ কামার্থী লভতে কামান্ মোক্ষার্থী লভতে গতিম্। মুচ্যতে সর্ব্বপাপেভ্যো গ্রহলোকং স গচ্ছতি ॥ ইতি শ্রীস্কন্দপুরাণে শনৈশ্চরব্রতকথা সমাপ্তা ॥ অতঃপর দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

শনির-পাঁচালী

সর্ব্ববিঘ্নবিনাশায় সর্ব্বকল্যাণহেতবে।
পার্ব্বতীপ্রিয়পুত্রায় গণেশায় নমো নমঃ ॥

প্রণমিয়া গণপতি সিদ্ধিদান পতি। শ্রীগুরুচরণ বন্দি করিয়া প্রণতি ॥ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর বন্দিয়া চরণ। পবন বরুণ ইন্দ্র দিক্‌পালগণ ॥ শৈলসুতা বন্দি মাতা ত্রিলোক-তারিণী। আদ্যাশক্তি জগদ্ধাত্রী জগতজননী ॥ সাবিত্রী গায়ত্রী গঙ্গা লক্ষ্মী সরস্বতী। চন্দ্র সূর্য্য আদি করি যত দেব ইতি ॥ একে একে প্রণমিয়া যত দেবগণ। মনের অভীষ্ট কথা করি নিবেদন ॥ এক দিন যুধিষ্ঠির হস্তিনাতে বসি। করযোড়ে কন কৃষ্ণে দুঃখার্ণবে ভাসি ॥ পূর্ণব্রহ্ম সনাতন তুমি মহাশয়। ত্রাণকর্ত্তা তুমি বিনে আর কেহ নয় ॥ পাণ্ডব সহায় তুমি জানে জগজ্জন। ধনে মানে রাজ্যনাশ হ'ল কি কারণ ॥ অবশেষে অরণ্য-গামী ভাই পঞ্চজন। কি কারণে এত দুঃখ কহ নারায়ণ ॥ শ্রীকৃষ্ণ বলেন শুন ধর্ম্ম-মহীপাল। পূর্ব্ব-জন্মার্জ্জিত কর্ম্ম ভুঞ্জে চিরকাল ॥ খণ্ডিতে না পারে কেহ শুনহ বচন ॥ গ্রহদোষ ভিন্ন দুঃখ নহে কদাচন ॥ শ্রীবৎস নৃপতি পূর্ব্বে ছিল অবনীতে ॥ চিন্তা নামে লক্ষ্মীসমা তাহার বনিতে ॥ শনির কারণে তারা দুঃখ পাইল যত। সকলি কর্ম্মেতে করে কহিব বা কত ॥ রাজা বলে কহ প্রভো সে সব কথন। শনি এত দুঃখ তারে দিল কি কারণ ॥ শ্রীকৃষ্ণ বলেন তবে শুন মহাশয়। কহিতে কাহিনী মম বিদরে হৃদয় ॥

লঘু-ত্রিপদী

চিত্রবর নামে, ছিল প্রাগধামে, মহারাজ নররায়। তাহার সন্তান, শ্রীবৎস ধীমান, সর্ব্বরাজ্যে দিগ্বিজয় ॥ রূপে রতিপতি, বুদ্ধে বৃহস্পতি, দানে ধর্ম্মে সদা মন। অপ্রমিত গুণ, শাস্ত্রেতে নিপুণ, জগতে নাহি তেমন ॥ তাহার মহিষী, পরমা রূপসী, পতিব্রতা চিন্তা সতী। ধর্ম্মশীলা বালা, চঞ্চলা কমলা, তাহার গৃহেতে স্থিতি ॥ বৈকুণ্ঠ বাসিনী, সিন্ধুর নন্দিনী, আসিতে রাজার গৃহে। আদিত্য নন্দন, করিতে ভ্রমণ, তাঁহাকে দেখিয়া কহে। শুন শিশুবালা, চঞ্চলা কমলা, কাহার গৃহেতে থাক। কারে দেও দুঃখ, হইয়া বিমুখ, কারে বা সুখেতে রাখ ॥ কন পদ্মালয়া, সতে মম দয়া, আমাকে জগতে জানে। কিবা রাজা প্রজা, সবে করে পূজা, তোমাকে বল কে মানে। শুনি রবিসুত, হয়ে রাগ, যুত, বলেন লক্ষ্মীকে পরে। কে শ্রেষ্ঠ নিকৃষ্ট, করিতে নির্দ্দিষ্ট, চল শ্রীবৎস গোচরে ॥ উভয়ে মানিয়ে, উত্তরিল যেয়ে, নৃপতির সন্নিধানে। কহিল রাজায়, কেবা শ্রেষ্ঠ হয়, জিজ্ঞাসি তোমার স্থানে ॥ নৃপতি দেখিয়া, প্রণাম করিয়া, কহিলেন মৃদুস্বরে। বেলা অতিশয়, অস্থির হৃদয়, ক্ষমা কর আজি মোরে ॥ শুনিয়া দুজনে, চলিল তখনে, যাহার যেখানে স্থান। তদন্তরে রাজা, সভাসদ প্রজা, স্নান করিবারে যান ॥ স্নান অন্তে রাজা, করি ইষ্ট পূজা, ভোজনে বসেন পরে। মলিন-ভূপতি, দেখে চিন্তা সতী, রাজাকে জিজ্ঞাসা করে ॥ মলিন বদন, কি হেতু রাজন, দেখিহে তোমাকে আজি। রাজা কহে রাণী, নাহি স্বরে বাণী, ঘোর দায়ে ঠেকিয়াছি ॥ লক্ষ্মী শনি সনে, দ্বন্দ্ব দুই জনে, ভঞ্জন করিতে হেথা। আসিয়া উভয়, কেবা শ্রেষ্ঠ হয়, জিজ্ঞাসিল এই কথা। দ্বন্দ্ব পরিহার, করিতে ইহার, মানবে কেমনে পারে। একে বল্লে শ্রেষ্ঠ, আরে করে নষ্ট, দুরদৃষ্ট হল মোরে ॥

শুনি রাজরাণী, চিন্তি চিন্তারাণী কহিছে রাজার কাছে। শোন মহারাজ, ভেবে নাহি কাজ, ইহার সুপন্থা আছে॥ রজত কাঞ্চন, দুই সিংহাসন, রাখিবেন দুই পাশে। যথা ইচ্ছা যার, বসিলে তাহার, বিচার হইবে শেষে॥ শুনিয়া রাজন, দুই সিংহাসন, রাখিল যতনে আনি। রজনী-প্রভাতে, রাজার সভাতে, উপস্থিত লক্ষ্মী শনি॥ প্রণমিয়া রায়, বসিতে ত্বরায়, আসন দিল দুই পাশে। শ্রীমতী কাঞ্চনে, আদিত্য নন্দনে, রজত আসনে বসে॥ কেবা শ্রেষ্ঠ হয়, কহ মহাশয়, জিজ্ঞাসে রাজার স্থানে। কহে নররাজ, বিচারে কি কাজ, প্রকাশ হৈল আসনে॥ ক্রোধ অতি মন, আদিত্য নন্দন, সিংহাসন ছাড়ি কোপে। শোন তার মর্ম্ম, বিধিলিপি কর্ম্ম, বিপদে পড়িল ভূপে॥ সুবাসিত জল, রাখে স্নান-স্থল, কিঞ্চিৎ খাইল কুক্কুরে। সেই জলে রাজা, করি স্নান পূজা, ভোজন করিল পরে॥ শনৈশ্চর কোপে, এই ক্ষুদ্র পাপে, রাজত্ব হইল নাশ। তার যে দুর্গতি, শোন নরপতি, অবশেষে বনবাস॥ কিঞ্চিৎ সম্পত্তি, লইয়া দম্পতী, চলিল কানন পথে। শনি রাগ ভরে, মায়া নদী ক'রে, দেখাইল নরনাথে॥ ভাঙ্গাতরী পর, হইয়া ধীবর চলিছে বাহিয়া তরী। বলেন রাজন, যাও কোন জন, আমা দেহ পার করি॥ মায়া-রূপে শনি, আনিয়া তরণী, অমনি লাগায় ঘাটে। সেই তরি পর, রাণী নৃপবর, ধন সহ নাহি আটে॥ অগ্রেতে রাজন, দিল যত ধন, করিতে নদীর পার। তরণী ধীবর, মায়া নদীবর, লুকায় না দেখে আর॥

পয়ার

শ্রীবৎস নৃপতি খেদে করে হায় হায়। এ যে সব দেখিলাম স্বপ্নের প্রায়॥ বুঝিলাম এ সকল শনির চাতুরি। মায়া করি মম ধন নিয়াছেন হরি॥ নিরাশ হইয়া দোঁহে করিল গমন। উপনীত হৈল গিয়া চিত্রধ্বজ বন॥ হেনকালে মীন নিয়া চলিছে ধীবর। তাহে কিছু মীন চাহি নিল নৃপবর॥ রাণীকে দিলেন রাজা পোড়াইতে মীন। রাণী বলে পোড়া মীনে ছাড়িবে কুদিন॥ অন্তরীক্ষে থাকি শনি শুনিতে পাইল। মায়া মীন দিয়া শনি সে মীন হরিল॥ অপূর্ব্ব মায়ার মীন রাণী পোড়াইল। ধুইতে সে মায়ামীন জলে পলাইল॥ আশ্চর্য দেখিয়া রাণী ভাবিয়া অস্থির। কহিলে বিশ্বাস নাহি হবে নৃপতির॥ পোড়ামীন বাঁচে কভু না হবে প্রত্যয়। বলিবে খাইয়া মীন প্রতারণা কয়॥ এত ভাবি কহে গিয়া নৃপতিকে রাণী। বলে রাজা পোড়া মীন হরিয়াছে শনি॥ বনফল আনি দোঁহে করিল ভক্ষণ। কানন ছাড়িয়া গেল কাঠুরে ভবন॥ কাষ্ঠ বেচি তথা সবে পোষিছে উদর। কর্ম্মফলে সেই কর্ম্ম করে নৃপবর॥ অল্প কষ্টে কার্য্যসিদ্ধি ভাবিয়া রাজন॥ কানন হইতে বেচে অগুরু চন্দন॥ পঞ্চবর্ষ এইরূপে বঞ্চে রাজারাণী। শুনহ অপর দশা কি ঘটান শনি॥ বাণিজ্য করিতে এক সদাগর যায়। ভোজন করিতে তরী তথায় লাগায়। ভোজনান্তে সাধু যেয়ে নৌকায় উঠিল। অকস্মাৎ বালুচরে সে তরী ঠেকিল॥ হাহাকার করে সাধু না দেখি উপায়। গণকের

বেশে শনি আসিলা তথায় ॥ সাধুরে বলেন তরী বন্ধ যে কারণ। তব নারী গ্রহপূজা করেছে মনন ॥ বাণিজ্যে আসিলা তাহা অবজ্ঞা করিয়া। সে কারণে তব তরী পড়িছে ঠেকিয়া ॥ নবগ্রহপূজা সাধু কর ভক্তি করি। কানন হইতে আন কাঠুরিয়া নারী ॥ তার মধ্যে পতিব্রতা আছে যে রমণী ॥ করে পরশ যদি চলিবে তরণী ॥ এই কথা বলি শনি অন্তর্দ্ধান হৈল। নারীগণ ডাকি সাধু তখনি আনিল ॥ পূজা অন্তে নারীগণে তরি পরশিল ॥ সতীর পরশ মাত্র তরণী চলিল। ভাবে সাধু এ সতীরে সঙ্গেতে রাখিলে। সুখেতে উদ্ধারিব পুনঃ তরণী ঠেকিলে ॥ এত ভাবি তরী পরে লইল চিন্তায়। হরিল রাবণ যেন রামের সীতায় ॥ সতীর বিনয় বাক্য সাধু না শুনিল। করুণা করিয়া চিন্তা কান্দিতে লাগিল ॥

ত্রিপদী

কান্দে চিন্তা অধোমুখে, না হেরে পতি সম্মুখে, মনোদুঃখে মরি প্রাণ যায়। কি করিব কোথা যাব, কিমতে বা নাথে পাব, দুঃখিনীর কি হবে উপায় ॥ যখনে আসিলাম সাথে, নিষেধিল প্রাণনাথে, না শুনিয়া কৈনু আগমন। যদি জানি হেন হবে, নাহি আসিতাম তবে, দুষ্টের না হৈত দরশন ॥ এই আশা ছিল মনে, থাকিব নাথের সনে, দুঃখে সুখে রহিব দুজন। তাপযুক্ত হৈলে পরে, যখন আসিবে ঘরে, সব তাপ হবে নিবারণ ॥ করিতে সাধুর হিত, সে সব হৈল রহিত, বিপরীত হইল ঘটন। মম কর্ম্মে এই ছিল, ধন জন সব গেল, অবশেষে কলঙ্ক রটন ॥ যখনে প্রাণবল্লভে, আসি জিজ্ঞাসিলে সবে, শুনিবেক এ সব সংবাদ। তখনে মনেতে লবে, ভুলিয়াছে ধন লোভে, তেই গত বণিকের সাথ ॥ পতিব্রতা চিন্তানারী, যে দুঃখ সহিতে নারি, কর্ম্মফলে ফলিল সে ফল। বিনা সেই প্রাণনাথে, আঘাত করিয়া মাথে, ঘুচাইব যাতনা সকল। দীননাথ দীনপতি, দয়া কর মম প্রতি, এ দুর্গমে করহ নিস্তার। তমঃ সম মম তাপ, হর দিয়া করতাপ, তোমা বিনা গতি নাহি আর ॥

পয়ার

কানন হইতে ঘরে আসিয়া নৃপতি ॥ চিন্তাকে না দেখি হইল চিন্তাকুল অতি ॥ প্রতিবাসী জনে ডাকি জিজ্ঞাসে ভূপতি। তোমরা দেখেছ কোথা গেল চিন্তা সতী ॥ নারীগণ সবে কহে শুন নৃপবর ॥ কোথা হইতে আসি এক দুষ্ট সদাগর ॥ চরেতে ঠেকিল তরী নাড়িতে না পারি। আমা সবাকারে নিল বহু স্তুতি করি ॥ একে একে সবে যেয় তরী পরশিল। চিন্তার পরশমাত্র তরণী চলিল ॥ পরে চিন্তা লয়ে সাধু করিল গমন। এই কথা শুনে তথা শ্রীবৎস রাজন ॥ চিন্তা চিন্তা বলি রাজা হৈল চিন্তাকুল। ঈশ্বর বলেন দশাঅন্তে পাবে চিন্তাকুল ॥

রাজার খেদোক্তি

কি জন্যে অরণ্যে ঘরণী আনিলাম। না জেনে না শুনে নিশুন্যে রাখিলাম ॥ সাধনেরি ধনে নিধন করিলাম। সে ধনে ত্যজিয়ে কি ধনে মজিলাম ॥ তরুণী তরণী

যখনে ভরিল। সে ধনী কি ধ্বনি তখনি করিল॥ সে ধনী দেখে কি এখনি মজিল। না জানি রমণী জীবনা ত্যজিল॥ কি মতে সে পথে জানিতে পারিব। ত্বরিতে তরিতে ধরিতে নারিব। কি রীতে পীরিতে জানিতে পারিব॥ অরিতে তরীতে মারিতে মরিব॥

পয়ার

রোদন সম্বরি রাজা চিন্তার কারণ। ভ্রমিতে ভ্রমিতে গেল চিত্রধ্বজ বন॥ সুরভী নামেতে গাভী আছে সেই বনে। উপনীত হৈল নৃপ তাহার সদনে॥ গাভীর দুগ্ধের গুণ নাহি জানে কেহ। মৃত্তিকা সুবর্ণ হয় হেমবর্ণ দেহ॥ সেই দুগ্ধ পান রাজা করে মন সুখে। দুই পাট মাটি জোড়ে মধ্যে নাম লিখে॥ সেই পাট বিক্রী হেতু যায় নদী-তটে। চিন্তা সহ নৌকা সাধুর আছে সেই ঘাটে॥ উভয়ের মধ্যে কেহ নাহি চিনে কারে। স্বর্ণপাট বিক্রী হেতু আলাপন করে॥ রায় বলে আমি স্বর্ণপাটের বেপারি। কতগুলি রাখিয়াছি বেচিতে না পারি॥ তুমি যদি সঙ্গে করি লয়ে যাও মোরে। লাভের অর্দ্ধেক ধন দিব হে তোমারে॥ স্বর্ণপাট সহ সাধু রাজাকে লইয়া। আনন্দে চলিল দোহে তরণী বাহিয়া॥ ভাবে সাধু বিধি যদি মিলাইল ধন। ইহারে মারিয়া করি স্বকার্য সাধন॥ বিধাতা পাষণ্ড তাহে দুষ্ট সদাগর। রাজারে বান্ধিয়া ফেলে দক্ষিণ সাগর॥ ত্রাহি ত্রাহি শব্দে রাজা ডাকে ভগবান। এ ঘোর বিপদে প্রভো কর পরিত্রাণ॥ এস হে তাল বেতাল কোথা প্রাণবন্ধু। আমাকে আসিয়া রক্ষা কর ভবসিন্ধু। কোথা গেলে চিন্তারাণী আমাকে ছাড়িয়া। প্রাণ যায় এ সময় দেখ না আসিয়া॥ শুনি চিন্তা তরী পরে করে হাহাকার। বালিস ফেলিয়া স্তব করিল গঙ্গার॥ জাহ্নবী জগদীশ্বরী জগত জননী। দুঃখিনীর পতিরক্ষা কর মা আপনি॥ পতির দুর্গতি সতী সম্মুখে হেরিয়া। কান্দিতে লাগিল সতী করুণা করিয়া॥

ত্রিপদী

কেন্দে বলে চিন্তাসতী, ছেড়ে গেলে প্রাণপতি, অভাগীরে করিয়া নিধন। দেখা দিয়া দুঃখিনীরে, ভাসাইয়া দুঃখনীরে, সিন্ধুনীরে ত্যজিল জীবন। পুনঃ প্রাণ নাথে পাব, ছিলনা মনের ভাব, দিয়ে বিধি নিল সে রতন। সে যদি ত্যজিল জীব, আমি তবে কেন জীব, জীবনে ত্যজিব এ জীবন॥ প্রাণ যায় দেওয়া যায়, সে যদি ছাড়িয়া যায়, অধীনীরে করিয়া নিধন। বিনা প্রাণে প্রয়োজন, কিবা প্রাণে প্রয়োজন, কোথা যেয়ে পাব সে রাজন॥ এ দুঃখ প্রাণে ধরায়, হেন কে আছে ধরায়, ধরে প্রাণ যে করে ধারণ। অন্ধাতুর পতি যার, তার সহ করা ভার, প্রাণনাথ জিনিয়ে মদন॥ যদি নাথ বেঁচে রৈত, দেখা হ'ত বা না হ'ত, আশা পথে রহিতাম একাল। সে আশা নিরাশা করে, দিয়ে বিধি নিল হরে, পাপিনীর দুঃখের কপাল॥ আহা রে দারুণ-বিধি, কি দোষে বঞ্চিলা নিধি, স্বপনেও না জানি কারণ। ইচ্ছা—বিষ খেয়ে মরি, কিম্বা গলে দেই ছুরি, তবে মোর জুড়ায় জীবন॥

পয়ার

বালিসেতে ভর করি ভাবে নররায়। চক্ষুঃপথে তাল আসি রাখিল নিদ্রায়॥ বেতাল হৈয়ে ভেলা রাখে নৃপবরে। ভাসিতে ভাসিতে ভেলা গেল সৌতিপুরে॥ অকূলে পাইয়া কূল চলিল নগরে। উপনীত হৈল গিয়া মালিনীর ঘরে॥ মালিনী দেখিয়া নৃপে জিজ্ঞাসে বৃত্তান্ত। মালিনীর স্থানে রাজা কহে আদি অন্ত॥ মালিনী কহিল রাজা থাক মম পুরী। যাবে শনি-দশা পুনঃ পাবে পাটেশ্বরী॥ মালিনীর মিষ্টভাষে তুষ্ট নৃপমণি। বঞ্চে রায় তার আলয় মনে চিন্তারাণী॥ এইরূপ কিছুদিন থাকে নৃপবর। আর এক আশ্চর্য্য কথা শুন অতঃপর॥

ত্রিপদী

বাহু নামে রাজা, ছিল মহাতেজা, অতিশয় পুণ্যবান্। ভদ্রা নামে কন্যা, রূপে গুণে ধন্যা, শুন কহি সে বাখান॥ সদা তার স্তুতি, হর গৌরী প্রতি, অন্যেতে নাহিক মতি। বহু আরাধনে, ভদ্রারি সাধনে, তুষ্ট হ'য়ে হৈমবতী॥ কহে দৈব্যবাণী, হবে পাটরাণী, স্থির হও ভদ্রাসতী। শ্রীবৎস নৃপতি, হবে তব পতি, মালিনী-আবাসে স্থিতি॥

পয়ার

বর পেয়ে নৃপসুতা পূজা আরম্ভিল। গৃহেতে যাইতে দৃষ্টি রাজার পড়িল॥ কন্যাকাল গত হৈল না দেখি কখন। বিবাহ নির্ব্বাহ করা উচিত এখন॥ তখনি বলিল রাজা ডাকি পাত্র মিত্র। নিমন্ত্রণ করি আন সব রাজপুত্র॥ আজ্ঞায় নিমন্ত্রে মন্ত্রী রাজপুত্রগণ। অবিলম্বে আসিলেক রাজার ভবন॥ প্রভাতে সভাতে সবে বসিল আসিয়া। শ্রীবৎস কদম্বমূলে বসিলেন গিয়া॥ নৃপতি বলেন ভদ্রা শুনহ বচন। স্বয়ম্বরা হবে অদ্য এই আকিঞ্চন॥ পিতৃবাক্যে বরোদ্দেশে বর-মাল্য হাতে। ভবানী ভাবিয়া ভদ্রা আসিলা সভাতে॥ তখনি আকাশবাণী কহেন পার্ব্বতী। দেখহ কদম্বমূলে ব'সে তব পতি॥ বরদার বরে করে বর-মাল্য-দান। প্রণমিল সতী পতি জানিয়া প্রধান॥ অন্য কেহ না চিনিয়া নিন্দিল অপার। প্রস্থান করিল সবে যথা ইচ্ছা যার॥ ঘরে নিয়া গেল ভদ্রা পতিরত্নধনে। ভদ্রার সতীত্বে রাজার চিন্তা পড়ে মনে॥ ঈশ্বর বলে মনস্থির কর নৃপমণি। যাবে চিন্তা পাবে চিন্তা ভাব চিন্তামণি॥

লঘু-ত্রিপদী

শনি মনে ভাবে, রাজারে যে ভাবে, যাতনা দিয়াছি ভবে। যদি এই রাজা, নাহি করে পূজা, কেহ না পূজিবে তবে॥ রাজার এ চিন্তা, সতী রাণী চিন্তা, আমা হৈতে যদি পায়। থাকিবে সন্তোষী মম পরিতোষী, করিবে পড়িয়া পায়॥ থাকিতে সঙ্কটে, যাইয়া নিকটে, বুঝাই অশেষ-ভাবে। দ্বাদশ বৎসর, ভোগ শ্রীবৎসের, অতীতে কি হবে শেষে॥ বাহু নরপতি, লয়ে ভদ্রাসতী, সভাতে বসিছে আসি। এমন

সময়, শনি দয়াময়, গণকরূপেতে আসি ॥ শনি কন বাণী, শিবের শিবাণী, মম সঙ্গে দ্বন্দ্ব করি। হল পুত্রবতী, দেব গণপতি, মস্তক নিলাম হরি ॥ ইন্দ্রের ভগাঙ্গ, দক্ষ যজ্ঞ ভঙ্গ, ছাগ মুণ্ড হল পরে। সতী প্রাণ ত্যজে, হরি চক্র তেজে, কাটি খণ্ড খণ্ড করে ॥ গিয়া গণ্ডকীতে, বৈকুণ্ঠ হইতে, কীটরূপে নারায়ণ। কেটে ফেলে শীলে, পূজা প্রকাশিলে, নাম লক্ষ্মী-নারায়ণ ॥ আর শুন বলি, দৈত্যরাজ বলি, পাতালেতে স্থান তাঁর। রাজা দশরথ, পূর্ণ মনোরথ, পূর্ণব্রহ্ম পুত্র যাঁর ॥ রাজার আরামে, রাজ্য দিবে রামে, আমি তারে পাঠাই বন। তাহার বনিতে, জন্ম অবনীতে, হরিল তারে রাবণ ॥ হেন অভাজন, শ্রীবৎস রাজন, রাজ্য ছাড়ি বনে বাস। সঙ্গে নারী ছিল, রাখিতে নারিল, তুমি তারে রাখ পাশ ॥ তব কন্যা ভদ্রে, অর্পিলে অভদ্রে, নাহিক তোমার জ্ঞান। শুনিয়া অমনি, দুই নৃপমণি, করযোড়ে করে ধ্যান ॥ বলে দীন ঈশ্বর, ইনি গ্রহেশ্বর, মনে এই অভিলাষ। পূজি শনি গ্রহ, হলে সানুগ্রহ, নিগ্রহ হইবে নাশ ॥

পয়ার

রাজার স্তবেতে তুষ্ট আদিত্যনন্দন। কহিলেন হবে তব বিপদ ভঞ্জন ॥ মম পূজা কর রাজা ছাড়ি চিন্তা মতি। পাবে রাজ্য সিংহাসন আর চিন্তা সতী ॥ তোমা হইতে হবে রাজা আমার প্রকাশ। প্রতি-শনিবারে পূজা কর বার মাস ॥ নারায়ণ স্মরি ঘট স্থাপন করিবে। যথা বেদ-বিধি-মতে ব্রাহ্মণে পূজিবে ॥ আটা কলা দুগ্ধ গুড় সোয়া পরিমাণ। এক বর্ণে পঞ্চ ফল পূজার বিধান ॥ আমাকে সেবিবে যথা-শক্তি ভক্তিভাবে। আতপ তণ্ডুল দিবে আটার অভাবে ॥ ইষ্ট মিত্র জ্ঞাতি আদি যত বন্ধুজন। বিনাহ্বানে আসে সবে দিবেক আসন ॥ পূজা অন্তে সবে মিলি প্রসাদ খাইবে। ভক্ষণ করিবে তথা গৃহেতে না নিবে ॥ বর দিয়া শনি দেব বৈকুণ্ঠে চলিল। ষোড়শোপচারে রাজা পূজা আরম্ভিল ॥ শনি-দশা অন্ত হইল দুঃখ অবসান। হেনকালে সদাগর আইল সেইস্থান ॥ শ্রীবৎস চিনিল দেখি সেই মহাজন। বলে দুষ্ট চোরে বান্ধি রাখহ রাজন। এই তরী পরে আছে মম চিন্তারাণী। আর স্বর্ণ পাট আছে যোড়া দুইখানি ॥ তার মধ্যে নামাঙ্কিত আছে যে আমার। জানিবে তস্কর এই সাধুর কুমার ॥ স্বর্ণপাট-মধ্যে নাম পাইয়া রাজন। সাধুরে রাখিল নিয়া করিয়া বন্ধন ॥ চিন্তাকে আনিল বাসে মনানন্দ রসে। রোগমুক্ত হৈল চিন্তা স্বামীর পরশে ॥ নিশ্চিত হৈল চিন্তা আনন্দিত রাজা। প্রতি শনিবারে করে শনিদেব পূজা ॥ শনির পাঁচালী সাধু কর্ণেতে শুনিয়া। মানস করিল মনে মহিমা জানিয়া ॥ এ বিপদে রক্ষা প্রভো করহ আমার। নিজালয়ে গিয়া পূজা করিব তোমার ॥ ঈশ্বর বলিছে প্রভো দয়া কর দীনে। এ দুস্তরে কে নিস্তারে বিভু তোমা বিনে ॥ শুনি শনি স্বপ্নাদেশ রাজাকে কহিল। বিনা দোষে মম ভক্ত আবদ্ধ রহিল ॥ সকলি আমার কর্ম্ম হ'ল তব দোষে। সাধুকে ছাড়হ রাজা থাকহ

সন্তোষে॥ শুনিয়া ছাড়িল রাজা সাধুর বন্ধন। কহিল স্বরাজ্যে যাও সাধুর নন্দন॥ শনির কৃপায় রাজা স্বরাজ্য পাইল। দুই ভার্য্যা সহ রাজা নিজালয়ে গেল॥ চলিল বাণিজ্য করি দেশে সদাগর। লাগাইল গিয়া তরী সিংহল নগর॥ ভক্তিভাবে গৃহে সাধু শনিপূজা করে। হেনকালে এক বিপ্র নিন্দিল তাহারে॥ যেমন দেবতা পূজা তুল্য মহাজন। দ্বিজ নিমন্ত্রণ বিনা করে দেবার্চ্চন॥ দ্বিজবাক্য শুনি শনির কোপ উপজিল। শুন বলি ব্রাহ্মণের যে দশা ঘটিল॥ দ্বিজবর পড়াইত রাজপুত্রগণ। একদিন বাজারে গেল মৎস্যের কারণ॥ হেনকালে শনিদেব রাগান্বিত মনে। আমার নিন্দার ফল দেখাব ব্রাহ্মণে॥ ধীবরের বেশে শনি মৎস্য লয়ে বসে। বড় মীন দেখি দ্বিজ কিনিবারে আসে॥ রাজপুত্র শিক্ষাগুরু সেই দ্বিজবর। বিনা মূল্যে মৎস্য তারে দিলেক ধীবর॥ মায়া-মীন নিয়া দ্বিজ যায় নিজালয়। রাজার বৃত্তান্ত কিছু শোন মহাশয়॥ রাজপুত্র শিশু সঙ্গে গেল খেলিবারে। মায়া করি শনি দেব লুকাইল তারে॥ রাণী বলে মহারাজ করি নিবেদন। খাইতে না আসে কেন তোমার নন্দন॥ প্রখর তপন তাপ হইল গগনে। কোথায় খেলিছে বাছা নিয়ে শিশুগণে॥ হয়েছে অধিক বেলা কিছু না খাইল। খেলায় রহিল কিম্বা বিপদে পড়িল। শুনিয়া রাণীর বাণী রাজা ব্যস্ত মনে। দূতগণ পাঠাইল পুত্র অন্বেষণে॥ রাজ-আজ্ঞা পেয়ে দূত চলিল যখন। পথ মধ্যে ব্রাহ্মণের সঙ্গে দরশন॥ শনির মায়ায় মীন ছিল দ্বিজ হাতে। রাজপুত্র হেন মাথা দেখে সেই দূতে॥ ঝুলিয়া পড়েছে তার কর্ণের কুণ্ডল। তার করে আলো করে এ মহীমণ্ডল॥ আশ্চর্য্য দেখিয়া দূত দন্তে দন্ত চাপে। দুই আঁখি রক্তবর্ণ ক্রোধে অঙ্গ কাঁপে॥ আঘাত না করে পাছে ব্রহ্মহত্যা ঘটে। কেশে ধরি লয়ে গেল রাজার নিকটে। রাজা বলে ব্রহ্মবধে নাহিক নিস্তার। বন্ধন করিয়া দুষ্টে রাখ কারাগার। কাটা মুণ্ড দেখি রাজা ভূতলে পড়িল। কোথা পুত্র বলি রাণী কাঁদিতে লাগিল॥

ত্রিপদী

কান্দে রাণী ধরা' পরি, পুত্রের অধর ধরি, অধীরা কে করিল আমারে। এ দুঃখ প্রাণে ধরায়, হেন কে আছে ধরায়, হেন শিশুধনে প্রাণে মারে॥ দুঃখিনীর প্রাণ বাঁচারে, মা বলে প্রাণ বাঁচারে, ফিরে চারে দুঃখিনীর পানে। সুকুমার কলানিধি, এই কি বিধির বিধি, দিয়ে বিধি বধিলে কি প্রাণে॥ মা বলরে বিধু মুখে, দুগ্ধ দেই তব মুখে সম্মুখেতে আছিরে জননী। তোমার কিসের দুঃখ কেন বা হলে বিমুখ, বল দুঃখ ঘুচাব এখনি॥ দেখা দিয়ে দুঃখিনীরে, ভাসাইয়ে সুখ-নীরে, দুঃখ-নীরে ডুবাইলে পরে। কি ক্ষণে পোহাল নিশি, রাহুতে গ্রাসিল শশী, দিনে নিশি হইল অপরে॥ গণেশের মুখ শনি, হরে দ্বিজ মুখে শুনি, হেন দশা আমার কপালে। সব দেবগণ আসিয়ে, শ্বেত হস্তী বিনাশিয়ে, তার মুণ্ডে গণেশে বাচালে॥ মৃত্যুঞ্জয় পিতা ছিল, সে

গুণে পুত্র বাঁচিল, মানুষে কি মলে বাঁচে ফিরে। এ যে বিপরীত শুনি, ধরা হরে নিল শনি, অশনি পড়িল মোরে শিরে॥ এ দীনের প্রতি শিবে, করুণা কি প্রকাশিবে, আসিবে কি দুঃখিনীর কাছে। আমা পানে কেবা চাবে, বাছারে বা কে বাঁচাবে, এমন সুহৃৎ কেবা আছে॥

পয়ার

কাঁন্দিতে কাঁন্দিতে রাণী হল অচেতন। চেতন করিলা ধরি যত দাসীগণ। না কান্দ না কান্দ মনঃ স্থির কর রাণী। বৃথা কান্না করে কেন নাশ চক্ষুর্মণি॥ কেবা মাতা কেবা পিতা কেবা পুত্র কার। জীবন যৌবন ধন সকলি অসার॥ তুমি কার কে তোমার আত্ম বল কারে। এমন আগতাগত জগতসংসারে॥ জগদীশ জগন্নাথ জগতের গুরু। বিরিঞ্চি-বাঞ্ছিত-পদ বাঞ্ছা-কল্পতরু॥ ভক্তিভাবে ভজ সেই মুকুন্দ-মুরারি। ভকত-বৎসল হরি ভবের কাণ্ডারি॥ প্রশস্ত-পুষ্পেতে রাণি পূজহ শ্রীপদ। পুনঃ পাবে পুত্র তব ঘুচিবে বিপদ॥ দাসীর প্রবোধে রাজা বলেন তখন। আশাতে কি হয় কভু শোক-নিবারণ॥

ত্রিপদী

পরিবৃত-দাবানলে, যখন কানন জলে, হিমজলে নিভাইতে নারে। বজ্র পড়ে শিরোপরে, তাহে যদি ছত্র ধরে, সেকি বজ্র নিবারিতে পারে॥ ত্রিদোষক্ষেত্রবিকারে, মহৌষধি বিনা তারে মুষ্টিযোগে না হয় বারণ। সন্নিপাত তৃষ্ণাতুরে, চাহে বারি তৃষ্ণাপুরে, আশাতে কি হয় নিবারণ॥

পয়ার

বন্ধনে থাকিয়া দ্বিজ ভাবিতে লাগিল। রবিসুত নিন্দি আমার এ দশা ঘটিল॥ শনিদেব রক্ষা যদি কর এ বিপদে। বন্ধনে পাইলে মুক্তি পূজিব শ্রীপদে॥ না জানি ভকতি স্তুতি মিনতি ও পায়। তব ভক্ত কর মুক্ত চরণ কৃপায়॥ দ্বিজের স্তবেতে তুষ্ট তপন তনয়। কহিল আকাশ বাণী নাহি কোন ভয়॥ নৃপতি নন্দন আসি নাশিবে বন্ধন। ঘরে গিয়া মম পূজা করহ ব্রাহ্মণ॥ শনির কৃপায় রাজপুত্র এল ঘর। কোথা গেল মায়া-মুণ্ড না দেখে তৎপর। শুনিয়া শিশুর সেই মৃদু-মধু-স্বর। সঞ্চারিল সুখ রাজা রাণীর অন্তর॥ আকাশ ভাবিয়া হাতে পাইল আকাশ। গগনের চন্দ্র যেন ভূতলে প্রকাশ॥ বন্দি হ'তে আনি দ্বিজে নৃপতি জিজ্ঞাসে। হইল আশ্চর্য্য দ্বিজ বল শুনি কিসে॥ দ্বিজ বলে মহারাজ করহ শ্রবণ। এ সব হইল দেখ শনির কারণ॥ বিনা নিমন্ত্রণে সাধু করে শনি পূজা। তাহারে নিন্দিয়া দুঃখ পাইল রাজা॥ কারাগারে থাকি তার করি বহু স্তুতি। তে কারণে মুক্তি পন্থা হইল ভূপতি॥ দ্বিজেরে করিয়া স্তুতি জিজ্ঞাসেন রাজা। বল দ্বিজ কি কি দ্রব্যে করিব এ পূজা॥ শনিদেবার্চ্চন করা যেমন বিধান। সকলি কহিল দ্বিজ রাজ-সন্নিধান॥ বিধান কহিয়ে দ্বিজ গেল নিজ

ঘরে। সাধ্য অনুসারে রাজা পূজে শনৈশ্চরে॥ সেই হ'তে নৃপতির দুঃখ গেল দূর। ধন জন আদি রাজ্য বাড়িল প্রচুর॥ এইমতে প্রচারিল পূজা শনিদেবে। যাহার যেমত সাধ্য সে ভাবে সে সেবে॥ শনির মাহাত্ম্য যত বর্ণিতে কে পারে। কিঞ্চিৎ রচিত হইল শনিদেবের বরে॥ সর্ব্বদা শনির পদ থাকে যার মনে। উদ্ধারে বিপদ হ'তে পড়িলে শমনে॥ শনির পাঁচালী যেবা রাখিবে ভবনে। কখন না পড়ে সেই বিপদ বন্ধনে॥ শনিদেব প্রণমিয়া যেবা কার্য্যে যায়। সমাদর করে তারে রাজায় প্রজায়। স্কন্দপুরাণের কথা অন্যথা না হয়। যথাবিধি ব্যাসবাক্য কভু মিথ্যা নয়॥ শুদ্ধাশুদ্ধ জ্ঞানহীন বলে নিবারণ। ভূমিতে লুটিয়া বন্দি শনির চরণ॥ এতদূরে এই গ্রন্থ সমাপণ করি। শনৈশ্চর-প্রীতে ভাই বল হরি হরি॥

ইতি শনির পাঁচালী সমাপ্ত॥

পঞ্চম পর্ব্ব

দীক্ষা-পদ্ধতি

দীক্ষা ব্যতীত মানবের সংসারপাশ হইতে উত্তীর্ণ হইবার অন্য উপায় নাই। তন্ত্র শাস্ত্রই সেই দীক্ষার গুরু॥ তন্ত্রশাস্ত্র অতীব দুর্গম বিষয়, সুতরাং উপযুক্ত গুরুর আবশ্যক; আবার কেবল উপযুক্ত গুরু হলেই হইবে না, শিষ্যেরও বিশেষ উপযুক্ততা থাকা চাই। সেইজন্য প্রথমতঃ গুরু ও শিষ্যের লক্ষণ বর্ণিত হইতেছে।—

শান্তো দান্তঃ কুলীনশ্চ বিনীতঃ শুদ্ধবেশবান্।
শুদ্ধাচারঃ সুপ্রতিষ্ঠঃ শুচির্দ্দক্ষঃ সুবুদ্ধিমান্॥
আশ্রমী ধ্যাননিষ্ঠশ্চ তন্ত্রমন্ত্রবিশারদঃ।
নিগ্রহানুগ্রহে শক্তো গুরুরিত্যভিধীয়তে॥
উদ্ধর্ত্তুঞ্চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ।
তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে॥

যিনি শান্ত (শ্রবণ-মনন-নিধিধ্যাসন-রূপ বিষয়াতিরিক্ত সাংসারিক যাবতীয় বিষয় হইতে মনের নিগ্রহবান্), কুলীন, * বিনীত, শুদ্ধবেশসম্পন্ন, বিশুদ্ধাচার সুপ্রতিষ্ঠ (সৎকার্যাদি দ্বারা যশস্বী), পবিত্রস্বভাব, ক্রিয়ানিপুণ, সুবুদ্ধিসম্পন্ন, গৃহস্থাদি আশ্রমস্থিত —অর্থাৎ উদাসীন নহেন, যিনি ঈশ্বরধ্যানপরায়ণ, তন্ত্রমন্ত্রবিষয়ে পণ্ডিত, যিনি শিষ্যের প্রতি শাসন ও অনুগ্রহ করিতে সমর্থ এবং মন্ত্রপ্রদানাদি দ্বারা সংসার হইতে উদ্ধার করিতে সক্ষম ও শাপাদি দ্বারা বিনাশ করিতেও পারেন, তাদৃশ তপঃসম্পন্ন সত্যবাদী গৃহস্থ ব্রাহ্মণই গুরু বলিয়া অভিহিত।

গুরু-মাহাত্ম্য

গুরৌ মানুষবুদ্ধিস্তু মন্ত্রে চাক্ষরভাবনাং। প্রতিমাসু শিলাবুদ্ধিং কুর্ব্বাণো নরকং ব্রজেৎ। জন্মহেতু হি পিতরৌ পূজনীয়ৌ প্রযত্নতঃ॥ গুরুর্ব্বিশেষতঃ পূজ্যো ধর্ম্মাধর্ম্ম-প্রদর্শকঃ॥ গুরুঃ পিতা গুরুর্ম্মাতা গুরুর্দ্দেবো গুরুর্গতিঃ॥ শিবে রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন॥ গুরোর্হিতং প্রকর্ত্তব্যং মনোবাকায়কর্ম্মভিঃ। অহিতাচরণাদ্দেবি বিষ্ঠায়াং জাতে ক্রমিঃ॥ মন্ত্রত্যাগাদ্ভবেন্মৃত্যুর্গুরুত্যাগাদ্দরিদ্রতা। গুরুমন্ত্রপরিত্যাগাদ্রৌরবং নরকং ব্রজেৎ॥ গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যদেবতাং। স যাতি নরকং ঘোরং পূজা চ বিফলা ভবেৎ॥

উৎপাদকব্রহ্মদাত্রোর্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা। তস্মান্মন্যেত সততং পিতুরপ্যধিকং গুরুং॥ গুরুবদ্গুরুপুত্রেষু গুরুবত্তৎসুতাদিষু। গুরুবৎ পোষণং কার্য্যং তোষণং বাক্য-

---

১। আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং। নিষ্ঠা শান্তিস্তপো দানং নবধা কুললক্ষণং।

পালনং ॥ অমার্গস্থোঽপিমার্গস্থো গুরুরেব হি দৈবতং। অবিদ্বো বা সবিদ্বো বা গুরুরেব সদা গতিঃ ॥ আয়ান্তমগ্রতো গচ্ছেদ্গচ্ছন্তং তমনুব্রজেৎ ॥ আসনে শয়নে বাপি ন তিষ্ঠেদগ্রতো গুরোঃ ॥

গুরু মাহাত্ম্য।—গুরুর প্রতি মানুষবুদ্ধি শালগ্রামে শিলাবুদ্ধি এবং মন্ত্রে অক্ষরবুদ্ধি করিলে নরকগামী হয়। জন্মহেতু বলিয়া পিতা মাতা পূজ্য কিন্তু ধর্ম্মাধর্ম্মপ্রদর্শক গুরু ততোঽধিক পূজ্য। গুরুই পিতা ও মাতা, গুরুদেবই একমাত্র গতি, কেননা শিব রুষ্ট হইলে, গুরু রক্ষাকর্ত্তা, গুরু রুষ্ট হইলে কেহই রক্ষক নাই। কায়মনোবাক্যে গুরুর হিতসাধন করা উচিৎ, অহিতআচরণ করিলে বিষ্ঠায় কৃমি হইতে হয়।

মন্ত্রত্যাগে মৃত্যু, গুরুত্যাগে দরিদ্রতা, গুরুমন্ত্রপরিত্যাগে রৌরব-নরকে বাস হয়। গুরু উপস্থিত থাকিলে অন্য দেবতার পূজা করিতে নাই, করিলে পূজা নিষ্ফল ও নরক-বাস হয়।

জন্মদাতা ও গুরু, ইহার মধ্যে গুরুই শ্রেষ্ঠ, সেই হেতু পিতা অপেক্ষাও গুরুকে অধিক মনে করিবে। গুরুবৎ গুরুপুত্র ও তৎপুত্রাদিতে ব্যবহার করিবে। মূর্খ বা বিদ্বান্ সকল রকমেই গুরু দেবতা, গুরুকে আগমন করিতে দেখিলে প্রত্যুদগমন করিবে, উপবিষ্ট বা শয়নে দেখিলে সম্মুখে অবস্থান করিবে না।

নিন্দ্যগুরু-লক্ষণ

শ্বিত্রী চৈব গলৎকুষ্ঠী নেত্ররোগী চ বামনঃ।
কুনখী শ্যাবদন্তশ্চ স্ত্রীজিতশ্চাধিকাঙ্গকঃ ॥
হীনাঙ্গঃ কপটী রোগী বহ্বাশী বহুজল্পকঃ।
এতৈর্দোষৈর্ব্বিমুক্তো যঃ স গুরুঃ শিষ্যসম্মতঃ ॥—ক্রিয়াসারসমুচ্চয়ে।

যাহার শরীরে শ্বিতরোগ, গলৎকুষ্ঠ, বা নেত্ররোগ আছে, যে ব্যক্তি বামন, যাহার কুনখরোগ, যিনি শ্যাবদন্ত, স্ত্রী-বশীভূত, অধিকাঙ্গ বা হীনাঙ্গ, কপটী, চিররোগী, বহুভোক্তা এবং বহুভাষী, তাদৃশব্যক্তিকে গুরু করিবে না। যিনি এই সমস্তদোষশূন্য তাঁহাকে সদ্‌গুরু বলিয়া জানিবে।

শিষ্য-লক্ষণ

শান্তো বিনীতঃ শুদ্ধাত্মা শ্রদ্ধাবান্ ধারণক্ষমঃ।
সমর্থশ্চ কুলীনশ্চ প্রাজ্ঞঃ সচ্চরিতো যতিঃ ॥
এবমাদিগুণৈর্যুক্তঃ শিষ্যো ভবতি নান্যথা ॥
পুণ্যবান্ ধার্ম্মিকঃ শুদ্ধো গুরুভক্তো জিতেন্দ্রিয়ঃ ॥
শিষ্যযোগ্যো ভবেৎ সো হি দান-ধ্যানপরায়ণঃ ॥

শমাদিগুণযুক্ত, বিনয়ী, বিশুদ্ধস্বভাব, শ্রদ্ধাবান্, ধৈর্য্যশীল, সর্ব্বকর্ম্মসমর্থ, সদ্বংশজাত, অভিজ্ঞ, সচ্চরিত্র এবং যত্যাচারযুক্তব্যক্তি প্রকৃত শিষ্যপদবাচ্য, ইহার বিপরীত ব্যক্তিকে

শিষ্য করিবে না। অন্যত্র বলিয়াছেন—যে ব্যক্তি পুণ্যবান্, ধার্ম্মিক, শুদ্ধান্তঃকরণ, গুরুভক্ত, জিতেন্দ্রিয়, দানশীল ও ঈশ্বরারাধনপরায়ণ, তাদৃশব্যক্তি যথার্থ শিষ্যপদবাচ্য।

ব্যবস্থা—পিত্রাদির নিকট দীক্ষা গ্রহণ করিবে না। মাতার নিকট দীক্ষা গ্রহণ করা যাইতে পারে। পতি স্বীয়ভার্য্যাকে, পিতা পুত্র-কন্যাকে এবং ভ্রাতা সহোদরকে দীক্ষিত করিবে না। পতি যদি সিদ্ধমন্ত্র হয়েন—অর্থাৎ পুরশ্চরণাদিদ্বারা মন্ত্রসিদ্ধি করিয়া থাকেন, তবে পত্নীকে দীক্ষিতা করিতে পারেন, পিতা এবং মাতামহ যদি উক্তরূপ সিদ্ধমন্ত্র হয়েন, তবে তাঁহাদের নিকটও মন্ত্রগ্রহণ করা যাইতে পারে।

সাধ্বী, সদাচারপরায়ণ, গুরুভক্তা, সর্ব্বমন্ত্রার্থতত্ত্বজ্ঞা, সুশীলা, জিতেন্দ্রিয়া ও পূজাদি-কার্য্যে অনুরক্তা স্ত্রীলোককে সদ্‌গুরু বলিয়া জানিবে॥ বিধবা স্ত্রী উক্তরূপে দানশালিনী হইলেও তাহাকে ত্যাগ করিবে।

দীক্ষা-শব্দের অর্থ ও দীক্ষাগ্রহণের আবশ্যকতা

দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাৎ পাপস্য সংক্ষয়ং। তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা মুনিভিস্তন্ত্রবেদিভিঃ॥ দীক্ষামূলং জপং সর্ব্বং দীক্ষামূলং পরং তপঃ॥ দীক্ষামাশ্রিত্য নিবসেদ্‌যত্র কুত্রাপি নিশ্চলঃ॥ অদীক্ষিতা যে কুর্ব্বন্তি জপপূজাদিকাঃ ক্রিয়াঃ। ন ভবন্তি প্রিয়ে তেষাং শিলায়ামুপ্তবীজবৎ॥ দেবি দীক্ষাবিহীনস্য ন সিদ্ধির্ন চ সদ্গতিঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরুণা দীক্ষিতো ভবেৎ॥ অদীক্ষিতস্য মরণে রৌরবং নরকং ভবেৎ। অদীক্ষিতস্য মরণে পিশাচত্বং ন মুঞ্চতি॥ তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন দীক্ষাং কুর্য্যাচ্চ তান্ত্রিকীং। সর্ব্বাসামপি দীক্ষাণাং মুক্তিঃ ফলমখণ্ডিতং। অবিরোধাদ্ভবন্ত্যেব প্রাসঙ্গিক্যস্তু ভুক্তয়ঃ॥ উপপাতকলক্ষাণি মহাপাতককোটয়ঃ। ক্ষণাদ্দহতি দেবেশি দীক্ষা হি বিধিনা কৃতা॥ অদীক্ষিতানাং মর্ত্ত্যানাং দোষং শৃণু বরাননে। অন্নং বিষ্ঠাসমং তেষাং জলং মূত্রসমং স্মৃতং। তৎকৃতং তস্য বা শ্রাদ্ধং সর্ব্বং যাতি হ্যধোগতিং। সদ্‌গুরোরাহিতা দীক্ষা সর্ব্ব-কর্ম্মাণি সাধয়েৎ॥

দীক্ষা শব্দের অর্থ ও দীক্ষা গ্রহণের আবশ্যকতা—দীক্ষাদ্বারা দিব্যজ্ঞানলাভ ও পাপক্ষয় হয়॥ সকল আশ্রমেই দীক্ষার প্রয়োজন। জপ, তপ প্রভৃতিকার্য্যে দীক্ষাই মূল। দীক্ষা গ্রহণ না করিলে পাষাণে রোপিত বীজের ন্যায় জপপূজাদি সমস্তই নিষ্ফল হয়, সেই হেতু সর্ব্বপ্রযত্নে দীক্ষাগ্রহণ করিবে। অদীক্ষিতব্যক্তি মরিলে রৌরবনরকে নিপাতিত হয় ও পিশাচ যোনি প্রাপ্ত হয়। সেইজন্য সর্ব্বপ্রযত্নে তান্ত্রিকী দীক্ষা গ্রহণ করিবে। সকল দীক্ষারই ফল অখণ্ডমুক্তি, কিন্তু মুক্তির অবিরোধে সকল ভোগও লাভ হয়। শত উপপাতক ও লক্ষ মহাপাতককে দীক্ষা ক্ষণকাল মধ্যে ভস্মীভূত করে। অদীক্ষিত ব্যক্তির অন্ন বিষ্ঠা, দুগ্ধ ও জল মূত্র এবং তৎকৃত ও তদুদ্দেশ্যে কৃত শ্রাদ্ধাদি সমস্তই নিষ্ফল। সদ্‌গুরুর নিকট হইতে গৃহীত দীক্ষা সকল কার্য্য সফল করিয়া দেয়।

বীজসকলের স্মরণ-উচ্চারণাদিদ্বারা সংসার হইতে ত্রাণ পাওয়া যায়, এই নিমিত্ত উহাকে মন্ত্র বলে। অতএব নক্ষত্র-চক্র ও রাশিচক্র বিচার করিয়া যাহা অনুকূল মন্ত্র, তাহাই গ্রহণ করিবে। "মননাত্রায়তে যস্মাত্তস্মান্মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ। স্বতার-রাশিকোষ্ঠা-নামনুকূলান্ ভজেন্মনূন্॥" বারাহী তন্ত্রে কথিত হইয়াছে—তারাচক্র, রাশিচক্র এবং নামচক্র বিচারে যদি মন্ত্র অনুকূল হয়, তবে অন্যচক্র বিচারের আবশ্যক নাই। কি ধনীমন্ত্র ও অকুলমন্ত্র গ্রহণ করিবে না, ইত্যাদি নিষেধ বাক্য থাকায়, ঋণীধনীচক্র ও কুলাকুলচক্রের বিচারেরও আবশ্যকতা বুঝা যাইতেছে।

কুলাকুলচক্র

সাধকস্যাক্ষরং পূর্ব্বং মন্ত্রস্যাপি তদক্ষরং। যদ্যেকভূতদৈবত্যং জানীয়াৎ স্বকুলং হিতং॥ ভৌমস্য বারুণং মিত্রং আগ্নেয়স্যাপি মারুতং। মারুতং পার্থিবানাঞ্চ আগ্নেয়ঞ্চাম্ভসাং রিপুঃ॥ (পার্থিবানাঞ্চেতি চকারাৎ আগ্নেয়ং পার্থিবানাং রিপুঃ।) নাভসং সর্ব্বমিত্রং স্যাদবিরুদ্ধং নৈব শীলয়েৎ। ইতি নিবন্ধে॥ রুদ্রজামলেঽপি—পার্থিবে বারুণং মিত্রং তৈজসং শক্রুরীরিতঃ। ঐন্দ্রবারুণয়োঃ শক্রুর্মারুতঃ পরিকীর্ত্তিতঃ॥ ইতি রাঘবভট্টধৃতবচনাৎ জলমারুতয়োঃ শক্রতা।

বায়ু	অগ্নি	ভূ	জল	আকাশ
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	ঌ ৡ
এ	ঐ	ও	ঐ	অং
	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	ব	শ
ষ	ক্ষ	ল	স	হ

কুলাকুলচক্র।—নিবন্ধে লিখিত হইয়াছে,—বায়ু, অগ্নি পৃথিবী জল ও আকাশ এই পঞ্চভূতময় পঞ্চাশদ্বর্ণ ক্রমতঃ রাখিয়া কুলাকুল নির্ণয় করিবে। পাঁচটী হ্রস্ব, পাঁচটী দীর্ঘ, বিন্দু (অনুস্বার), সন্ধ্যক্ষর—অর্থাৎ এ, ঐ ও ঔ, এই সকল স্বরবর্ণ ও ককারাদি ব্যঞ্জনবর্ণ লইয়া বিচার করিবে। অ আ এক চ ট ত প য ষ এই সকল বর্ণ মারুত। ই ঈ ঐ খ ছ ঠ থ ফ র ক্ষ এই সকল বর্ণ আগ্নেয়। উ ঊ ও গ জ ড দ ব ল ল এই সকল বর্ণ পার্থিব। ঋ ৠ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব স এই সকল বর্ণ বারুণ। ঌ ৡ অং ঙ ঞ ণ ন ম শ হ এই সকল বর্ণ আকাশ। এইরূপে বর্ণ সকল বিন্যস্ত করিয়া কুলাকুল বিচার করিবে। এই কুলাকুলচক্র বিচারের বোধসৌকর্য্যার্থে একটী চক্র অঙ্কিত করা হইয়াছে।

মন্ত্রগ্রহীতার নামের আদ্যক্ষর ও যে মন্ত্র গ্রহণ করিবে, সেই মন্ত্রের আদ্যক্ষর, এই দুই অক্ষর যদি একভূত বা একদৈবত হয়, তবে সেই মন্ত্র স্বকুল জানিবে, অন্যথা অকুল হইবে। মন্ত্রগ্রহীতার নামের আদিবর্ণ ও মন্ত্রের আদিবর্ণ এককোষ্ঠস্থ হইলে বা মিত্রতা থাকিলে, সেই মন্ত্র গ্রহণে শুভ জানিবে। বারুণ অর্থাৎ জলবর্ণ ভৌমবর্ণের এবং মারুতবর্ণ আগ্নেয়বর্ণের মিত্র। মারুতবর্ণ পার্থিববর্ণের, আগ্নেয়বর্ণ বারুণবর্ণের ও

পার্থিববর্ণের শত্রু বলিয়া কথিত হইয়াছে। আকাশবর্ণ সর্ব্ববর্ণের মিত্র॥ এই প্রকারে শত্রু মিত্র জানিয়া মন্ত্র গ্রহণ করিবেন।

উদাহরণ।—তারাপদ মন্ত্রগ্রহীতা, সে কালী মন্ত্র গ্রহণ করিতে পারে কিনা? তারাপদের আদ্যক্ষর 'ত' আর মন্ত্রের আদ্যক্ষর 'ক' উভয় বর্ণ এককোষ্ঠের মধ্যে অবস্থিত—অর্থাৎ একভূত সুতরাং তারাপদ "কালী" মন্ত্র গ্রহণ করিতে পারে। তারাপদ রাম মন্ত্র গ্রহণ করিতে পারে কিনা? তাহাও পারে—যদিও 'র' ও 'ত' এককোষ্ঠাশ্রিত নহে, কিন্তু বায়ুবর্ণ "ত" এবং আগ্নেয়বর্ণ "র" এই দুয়ে মিত্রতা থাকায় তারাপদের "রাম"—মন্ত্র গ্রহণে দোষ হইবে না।

রাশিচক্র

আগমকল্পদ্রুমে।—রেখাদ্বয়ং পূর্ব্বপরেণ কুর্য্যা-ত্তন্মধ্যতো যাম্যকুবেরভেদাৎ।
একৈকমীশাননিশাচরে তু হুতাশবায়্বোর্ব্বিলিখেত্ততোঽর্ণান্॥

বেদাগ্নি-বহ্নিযুগল-শ্রবণাক্ষি-সংখ্যান্।
পঞ্চেষু-বাণ-শরপঞ্চচতুষ্টয়ার্ণান্॥
মেষাদিতঃ প্রবিলিখেৎ সকলাংস্তু বর্ণান্।
কন্যাগতান্ প্রবিলিখেদথ শাদিবর্ণান্॥

অনন্তর রাশিচক্র বলা যাইতেছে—

পূর্ব্ব

উত্তর				দক্ষিণ
	বৃষ উ ঊ ঋ / মিথুন ৠ ঌ ৡ	মেষ অ আ ই ঈ	মীণ যরলব / কুম্ভ পফবভম	
উত্তর	কর্কট এ ঐ	রাশিচক্র	মকর তথধদধন	দক্ষিণ
	সিংহ ও ঔ / কন্যা অংঅঃশ ষসহলক্ষ	তুলা ক খ গ ঘ ঙ	ধনু টঠডঢণ / বৃশ্চিক চছজঝঞ	

পশ্চিম

প্রথমে পূর্ব্বে পশ্চিমে দুইটি রেখা অঙ্কিত করিয়া ঐ রেখাদ্বয়ের উত্তরে উত্তর হইতে দক্ষিণাগ্র চারিটি রেখা অঙ্কিত করিয়া তাহাদের মধ্যে পূর্ব্বে দক্ষিণায়ত করিয়া আর দুইটী রেখাপাত করত ঈশানাদি চতুষ্কোণে আর চারিটি রেখা দ্বারা একটি রাশিচক্র অঙ্কিত করিবে।

সেই চক্রের দ্বাদশ ঘরে যথানিয়মে দ্বাদশ রাশি কল্পনা করিয়া, মেষাদিক্রমে বর্ণবিন্যাস করিবে। মেষে চারিটি, বৃষে তিনটি, মিথুনে তিনটি, কর্কটে দুইটি, সিংহে দুইটি, কন্যায় দুইটি, তুলায় পাঁচটি, বৃশ্চিকে পাঁচটি, ধনুতে পাঁচটি, মকরে পাঁচটি, কুম্ভে পাঁচটি এবং মীনে চারিটি বর্ণ অঙ্কিত করিবে, অবশিষ্ট শ, ষ, স, হ, ল, ক্ষ এই ছয়টি বর্ণ-কন্যাতে লিখিবে। উক্ত নিয়মে বর্ণবিন্যাস করাতে মেষে—

অ আ ই ঈ, এই চারি বর্ণ। বৃষে—উ ঊ ঋ, এই তিন বর্ণ। মিথুনে—ৠ ঌ ৡ, এই তিন বর্ণ। কর্কটে—এ ঐ, এই দুই বর্ণ। সিংহে—ও ঔ, এই দুই বর্ণ। কন্যাতে—অং অঃ শ ষ স হ ল ক্ষ, এই আট বর্ণ। তুলাতে—ক খ গ ঘ ঙ, এই পাঁচ বর্ণ। বৃশ্চিকে—চ ছ জ ঝ ঞ, এই পাঁচবর্ণ। ধনুতে—ট ঠ ড ঢ ণ, এই পাঁচবর্ণ। মকরে—ত থ দ ধ ন, এই পাঁচ বর্ণ। কুম্ভে—প ফ ব ভ ম, এই পাঁচ বর্ণ। মীনে—য র ল ব, চারি বর্ণ লিখিতে হইবে। এইরূপে অকারাদি পঞ্চাশদ্বর্ণ সংস্থাপন করিয়া বিচার করিবে। স্বীয় রাশি অনুকূল মন্ত্র ভজনা করিবে, অতএব রাশিচক্রশুদ্ধ মন্ত্রই গ্রহণ করিবে। এক্ষণে রাশিচক্র দ্বারা মন্ত্র শুদ্ধির বিষয় বলা যাইতেছে। যথা—মন্ত্রগ্রহীতার জন্মরাশি হইতে মন্ত্ররাশি—অর্থাৎ যে রাশিতে মন্ত্রের আদিবর্ণ দৃষ্ট হইবে, সেই রাশি পর্য্যন্ত গণনা করিবে। যদি জন্মকালীন রাশি জানা না থাকে, তবে নামের আদ্যক্ষর সম্বন্ধীয় রাশি গ্রহণপূর্ব্বক গণনা করিবে। এইরূপ গণনা করিলে, যদি মন্ত্ররাশি জন্মরাশি হইতে ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ হয়, তবে সেই মন্ত্র গ্রহণ করিবে না। কারণ, ষষ্ঠাদি-রাশিগত রিপুমন্ত্র গ্রহণ করিলে গ্রহীতার অনিষ্ট হয়। রামার্চ্চনচন্দ্রিকায় কথিত হইয়াছে,—প্রথম, পঞ্চম ও নবমরাশিগত মন্ত্র বন্ধুর ন্যায় হিতকারী; দ্বিতীয়, ষষ্ঠ ও দশমরাশিস্থিত মন্ত্র সেবক। তৃতীয়, একাদশ ও সপ্তমরাশিস্থিত মন্ত্র পুষ্টিকর। দ্বাদশ, অষ্টম ও চতুর্থরাশিস্থিত মন্ত্র ঘাতক। চতুর্থ মন্ত্র ঘাতক ইহা বিষ্ণুমন্ত্রবিষয়ে জানিবে। শক্তিমন্ত্র গ্রহণে ষষ্ঠ মন্ত্রও অবশ্য পরিত্যাগ করিবে। তন্ত্রান্তরে উক্ত হইয়াছে,—লগ্ন, ধন, ভ্রাতৃ, বন্ধু, পুত্র, শত্রু, কলত্র, মৃত্যু, ধর্ম্ম, কর্ম্ম, আয় ও ব্যয়, মেষাদি দ্বাদশ রাশির এই দ্বাদশ সংজ্ঞা জানিবে॥ এই সংজ্ঞানুসারে ইহাদিগের শুভাশুভ ফল নির্ণীত হইয়া থাকে। বিষ্ণুমন্ত্র বিষয়ে বন্ধুস্থানে শত্রু ও শত্রুস্থানে বন্ধু এইরূপ পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে। এক্ষণে কোন্ কোন্ স্থানস্থিত মন্ত্রগ্রহণে কিরূপ ফল হইবে, তাহা বলা যাইতেছে। "লগ্নরাশিগত মন্ত্র গ্রহণে মন্ত্রসিদ্ধি, ধনস্থানস্থিত মন্ত্রগ্রহণে ধনবৃদ্ধি, ভ্রাতৃস্থানস্থিত মন্ত্রগ্রহণে ভ্রাতৃবৃদ্ধি, বন্ধুস্থানস্থিত মন্ত্র গ্রহণে বন্ধুপ্রিয়তা, পুত্রস্থানস্থিত মন্ত্রগ্রহণে পুত্রবৃদ্ধি, শত্রুস্থানস্থিত মন্ত্র গ্রহণে শত্রুবৃদ্ধি, কলত্রস্থানস্থিত মন্ত্রগ্রহণে মধ্যবিধ ফল, মৃত্যুস্থানস্থিত মন্ত্র গ্রহণে মৃত্যু, ধর্ম্মস্থানস্থিত মন্ত্র গ্রহণে ধর্ম্মবৃদ্ধি, কর্ম্মস্থানস্থিত মন্ত্রে কার্য্য সিদ্ধি, আয়স্থানস্থিত মন্ত্রগ্রহণে ধনসম্পত্তি এবং ব্যয়স্থানস্থিত মন্ত্রগ্রহণে সঞ্চিতধনের ব্যয় হয়।"

নক্ষত্র-চক্র

উত্তরাদ্দক্ষিণাগ্রাস্তু রেখাং কুর্য্যাচ্চতুষ্টয়ীং। দশরেখাঃ পশ্চিমাগ্রাঃ কর্ত্তব্যা বীরবন্দিতে॥
অশ্বিন্যাদিক্রমেণৈব বিলিখেত্তারকাঃ পুনঃ। অকারাদি-ক্ষকারান্তান্ দ্বিচন্দ্রবহ্নিবেদকান্॥
ভূমীন্দু-নেত্রচন্দ্রাংশ্চ অশ্লেষান্তং খগৌ প্রিয়ে। দ্বিভূনেত্র-নেত্রযুগ্মাংশ্চেন্দুনেত্রাগ্নি-চন্দ্রকান্।
মঘাদিতোঽপি জ্যেষ্ঠান্তং দ্বিতীয়ং নবতারকং। বহ্নিভূমীন্দুচন্দ্রাংশ্চ যুগেন্দুনেত্রবহ্নিকান্॥
বেদেন ভেদিতান্ বর্ণান্ রেবত্যন্ত-গতান্ ক্রমাৎ॥—বৃহৎ-শ্রীক্রমে।

অতঃপর নক্ষত্রচক্র বলা যাইতেছে।—

এইস্থানে যে চক্র অঙ্কিত আছে এইরূপ সপ্তবিংশতি কোষ্ঠাযুক্ত চক্র অঙ্কিত করিয়া অশ্বিনী আদি সপ্তবিংশতি নক্ষত্র স্থাপন করিয়া অকারাদি ক্ষ—পর্য্যন্ত বর্ণ সকল বিন্যাস করিবে। কোন্ নক্ষত্রে কি কি বর্ণ ও কি কি গণ লিখিতে হইবে। তাহা বলা যাইতেছে,—অশ্বিনীনক্ষত্র দেবগণ, ইহাতে অ আ বর্ণ-দ্বয় লিখিবে।

অশ্বিনী অ আ দেবঃ	ভরণী ই মানুষঃ	কৃত্তিকা ঈ উ ঊ রাক্ষসঃ	রোহিণী ঋ ৠ ঌ ৡ মানুষঃ	মৃগশিরা এ দেবাঃ	আর্দ্রা ঐ মানুষঃ	পুনর্ব্বসু ও ঔ দেবঃ	পুষ্যা ক দেবঃ	অশ্লেষা খ গ রাক্ষসঃ
মঘা ঘ ঙ রাক্ষসঃ	পূর্ব্বফল্গু চ মানুষ	উত্তরফল্গু ছ জ মানুষঃ	হস্তা ঝ ঞ দেবঃ	চিত্রা ট ঠ রাক্ষসঃ	স্বাতী ড দেবঃ	বিশাখা ঢ ণ রাক্ষসঃ	অনুরাধা ত থ দ দেবঃ	জ্যেষ্ঠা ধ রাক্ষস
মূলা ন প ফ রাক্ষসঃ	পূর্ব্বাষাঢ়া ব মানুষঃ	উত্তরাষাঢ়া ভ মানুষঃ	শ্রবণা ম দেবঃ	ধনিষ্ঠা য র রাক্ষসা	শতভিষা ল রাক্ষসঃ	পূর্ব্বভাদ্র ব শ মানুষঃ	উত্তরভাদ্র ষ স হ মানুষঃ	রেবতী ল ক্ষ অং অঃ দেবঃ

ভরণীনক্ষত্র মানুষগণ, ইহাতেই বর্ণ লিখিবে। কৃত্তিকা রাক্ষসগণ, ইহাতে ঈ উ ঊ। রোহিণী মানুষগণ, ইহাতে ঋ ৠ ঌ ৡ। মৃগশিরা দেবগণ, ইহাতে এ। আর্দ্রা মানুষগণ, ইহাতে ঐ। পুনর্ব্বসু দেবগণ, ইহাতে ও ঔ। পুষ্যা দেবগণ, ইহাতে ক। অশ্লেষা রাক্ষসগণ, ইহাতে খ গ। মঘা রাক্ষসগণ, ইহাতে ঘ ঙ। পূর্ব্বফল্গুনী মানুষগণ, ইহতে চ। উত্তরফল্গুনী মানুষ, ইহাতে ছ জ। হস্তা দেবগণ, ইহাতে ঝ ঞ। চিত্রা রাক্ষসগণ, ইহাতে ট ঠ। স্বাতী দেবগণ, ইহাতে ড। বিশাখা রাক্ষসগণ, ইহাতে ঢ ণ। অনুরাধা দেবগণ, ইহাতে ত থ দ। জ্যেষ্ঠা রাক্ষসগণ, ইহাতে ধ। মূলা রাক্ষসগণ, ইহাতে ন প ফ। পূর্ব্বাষাঢ়া মানুষগণ, ইহাতে ব। উত্তরাষাঢ়া মানুষগণ, ইহাতে ভ। শ্রবণা দেবগণ, ইহাতে ম। ধনিষ্ঠা রাক্ষসগণ ইহাতে য র। শতভিষা রাক্ষসগণ, ইহাতে ল। পূর্ব্বভাদ্রপদ মানুষগণ, ইহাতে ব শ। উত্তরভাদ্রপদ মানুষগণ ইহাতে ষ স হ এবং রেবতী দেবগণ, ইহাতে ল ক্ষ অং অঃ বর্ণ লিখিতে হইবে।

স্বজাতিতে পরমপ্রীতি, ভিন্ন জাতিতে মধ্যমপ্রীতি, রাক্ষস ও মনুষ্যে বিনাশ এবং রাক্ষস ও দেবগণে শত্রুতা জানিবে। মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র এবং মন্ত্রের আদি অক্ষর যে গৃহে পড়িবে, সেই গৃহগত এই দুই নক্ষত্র লইয়া গণনা করিবে। যদি মন্ত্র ও মন্ত্রগ্রহীতার এক গণ হয়, তবে সেই মন্ত্রগ্রহণে শুভ জানিবে এবং যাহার মনুষ্যগণ সে দেবগণমন্ত্র গ্রহণ করিতে পারে। মানুষগণ ও রাক্ষসগণে বিনাশ এবং রাক্ষসগণ ও দেবগণে শত্রুতা হয়, সুতরাং তাদৃশ মন্ত্র গ্রহণ করিবে না। জন্ম, সম্পৎ, বিপদ, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র ও পরমমিত্র, এই নয়টী নক্ষত্রের নাম নির্দ্দিষ্ট। মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র হইতে আরম্ভ করিয়া মন্ত্রনক্ষত্র পর্য্যন্ত—অর্থাৎ যে নক্ষত্রে

মন্ত্রের আদ্য অক্ষর আছে, সেই নক্ষত্র পর্য্যন্ত জন্ম সম্পদাদি ক্রমে গণনা ও পুনঃ পুনঃ গণনা করিবে। যদি জন্ম নক্ষত্র হইতে মন্ত্রনক্ষত্র জন্ম, তৃতীয়, পঞ্চম কিম্বা সপ্তম হয়, তবে সেই মন্ত্র পরিত্যাগ করিবে। ষষ্ঠ, অষ্টম, নবম, দ্বিতীয় কিম্বা চতুর্থ মন্ত্র শুভ, অন্য মন্ত্র অশুভ। মন্ত্র-গ্রহীতার জন্ম নক্ষত্র হইতে গণনা করিবে। যদি জন্ম নক্ষত্র জানা না থাকে, তবে গ্রহীতার নামের আদ্যক্ষর সম্বন্ধি নক্ষত্র গ্রহণ করিবে।

অকথহ-চক্র

অ ক থ হ	উ ঙ প	আ খ দ	উ চ ক
ও ড ব	৯ ঝ ম	ঔ ঢ শ	ৠ ঞ য
ঈ ঘ ন	ৡ জ ভ	ই গ ধ	ঋ ছ ব
অঃ ত স	ঐ ঠ ল	অং ণ য	এ ট র

অকথহচক্রম্।—বিশ্বসারে।— চতুরস্রং লিখেৎ কোষ্ঠং চতুঃকোষ্ঠসমন্বিতং। পুনশ্চতুষ্কং তত্রাপি লিখে দ্বীমান্ ক্রমেণ তু॥ ততঃ ষোড়শকোষ্ঠেষু প্রাদক্ষিণ্যেন তান্ লিখেৎ। তত্র ক্রমঃ—ইন্দ্বগ্নিরুদ্র-নবনেত্রযুগার্কদিক্ষু-ঋত্বষ্টষোড়শচতুর্দ্দশভৌতিকেষু। পাতালপঞ্চদশবহ্নিহিমাংশুকোষ্ঠে, বর্ণাল্লিখেপিভবান্ ক্রমশস্তু ধীমান্॥ নামাদ্য—ক্ষরমারভ্য যাবন্মন্ত্রাদিমাক্ষরং। চতুর্ভিঃ কোষ্ঠৈরেকৈকমিতি কোষ্ঠচতুষ্টয়ং॥ পুনঃ কোষ্ঠগকোষ্ঠেষু সব্যতো নাম্ন আদিতঃ। অকারাদি-হকারান্তং মূলকোষ্ঠাদিতঃ সুধীঃ। দক্ষিণাবর্ত্তযোগেন কোষ্ঠে বর্ণান্ লিখেৎ সুধীঃ। যেনৈব লিখনং কুর্য্যাত্তেনৈব গণনং স্মৃতং॥ সিদ্ধঃ সাধ্য সুসিদ্ধোঽরিঃ ক্রমাজ্‌জ্ঞেয়া বিচক্ষণৈঃ॥

অকথহচক্র।—চতুষ্কোণ একটি ক্ষেত্র অঙ্কিত করিয়া তাহা চারি কোষ্ঠে বিভক্ত করত তাহার চারিকোষ্ঠের এক এক কোষ্ঠকে চারিভাগে বিভক্ত করিলে, ষোড়শ কোষ্ঠে বিভক্ত একটি চক্র অঙ্কিত হইবে। এই চক্রের নাম অকথহচক্র।

অনন্তর উক্ত ষোড়শ কোষ্ঠে অকারাদি বর্ণ সকল প্রদক্ষিণক্রমে লিখিবে, প্রথম কোষ্ঠে অ, তৃতীয় কোষ্ঠে আ, একাদশে ই, নবমে ঈ, দ্বিতীয়ে উ, চতুর্থে ঊ, দ্বাদশে ঋ, দশমে ৠ, ষষ্ঠে ঌ, অষ্টমে ৡ, ষোড়শে এ, চতুর্দ্দশে ঐ, পঞ্চমে ও, সপ্তমে ঔ, পঞ্চদশে অং এবং ত্রয়োদশ কোষ্ঠে অঃ বর্ণ লিখিবে। এইরূপে ষোড়শকোষ্ঠে ষোড়শ স্বরবর্ণ লিখিয়া পুনরায় উক্ত নিয়মে ক হইতে হ পর্য্যন্ত ব্যঞ্জনবর্ণ সকল লিখিবে,—যাবৎ পর্য্যন্ত বর্ণ সকল শেষ না হয়, তাবৎ পর্য্যন্ত উক্ত ক্রমে বর্ণ পাত করিবে। এইরূপে সমস্ত কোষ্ঠে সমস্ত বর্ণ লিখিবে। কোন্ কোষ্ঠে কোন্ বর্ণ বিন্যস্ত হইবে তাহা অঙ্কিত চক্র দেখিলেই বুঝিতে পারা যাইবে। এইরূপে চক্র অঙ্কিত করিয়া মন্ত্রগ্রহীতার নামের আদ্যক্ষর হইতে আরম্ভ করিয়া মন্ত্রের আদি অক্ষর পর্য্যন্ত সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি এইরূপে গণনা করিবে। এক কোষ্ঠেতে নাম ও মন্ত্রের আদি বর্ণ হইলে তাহাতেও ঐরূপ বর্ণ গণনা করিবে। উক্ত চক্রে বর্ণ বিন্যাস ও গণনা দক্ষিণাবর্ত্তে করিতে হইবে। সিদ্ধমন্ত্র গ্রহণ করিলে মন্ত্র স্বয়ং সিদ্ধ হয়, সাধ্যমন্ত্র গ্রহণে জপ-হোমাদি দ্বারা মন্ত্রসিদ্ধ হয়, সুসিদ্ধ

মন্ত্র গ্রহণে তৎক্ষণাৎ মন্ত্রসিদ্ধি হয় এবং অরিমন্ত্র গ্রহণে সমূলে বংশ বিনাশ হয়। কদাচ অরিমন্ত্র গ্রহণ করিতে নাই, ভ্রম প্রমাদ বশতঃ আর মন্ত্র গ্রহণ করিলে, তাহা পরিত্যাগ করিয়া পুনর্ব্বার অন্য মন্ত্র গ্রহণ করিবে।

অরি মন্ত্র যে প্রকারে পরিত্যাগ করিতে হয়, তাহার প্রণালী এইরূপ—এক দ্রোণ-পরিমিত গব্যদুগ্ধোপরি একশত আটবার সেই অরিমন্ত্র জপ করিয়া সেই দুগ্ধ পান করিবে। পুনরপি একশত আটবার সেই মন্ত্র জপ করিয়া মন্ত্র উচ্চারণপূর্ব্বক পরিত্যাগ করিবে, এইরূপ বিধানে বৈরিমন্ত্র পরিত্যাগ করিবে।

অকডম-চক্র

অকডমচক্রং।—রেখাদ্বয়ং পূর্ব্বপরেণ কুর্য্যাৎ, তন্মধ্যতো যাম্যকুবেরভেদাৎ। মহেশরক্ষোঽধিপতিক্রমেণ, তির্য্যক্ তথা বায়ুহুতাশনেন॥ অকারাদি-ক্ষকারান্তান্ ক্লাবহীনান্ লিখেত্ততঃ। ঋ ৠ বর্ণদ্বয়ং ৯ ৠ ক্লীবৎ তদ্ধি প্রচক্ষতে॥ একৈকক্রমতো লেখ্যান্ মেষাদিষু বৃষান্তকান্। গণয়েৎ ক্রমশো ভদ্রে নামাদিবর্ণপূর্ব্বকান্॥ মেষাদিতোঽপি মীনান্তং গণয়েৎ ক্রমশঃ সুধীঃ। জপ্তুঃ স্বনামতো মন্ত্রী যাবন্মন্ত্রাদিমাক্ষরং। সিদ্ধ-সাধ্য-সুসিদ্ধারীন্ পুনঃ সিদ্ধাদয়ঃ পুনঃ। নবৈকপঞ্চমে সিদ্ধঃ সাধ্যঃ ষড়্দশযুগ্মকে॥ সুসিদ্ধস্ত্রি-সপ্তকে রুদ্রে বেদাষ্টদ্বাদশে রিপুঃ। এতত্তে কথিতং দেবি অকডমাদিকমুত্তমং॥ ইদন্তু গোপালবিষয়কং। গোপালেঽকডমঃ স্মৃত ইতি বচনাৎ। শিববিষয়েঽপি—বৈষ্ণবং রাশিসংশুদ্ধং শৈবঞ্চাকডমং স্মৃতং ইতি যামলীয়াৎ। তথাচ বারাহীতন্ত্রে—তারাশুদ্ধির্বৈষ্ণ-বাণাং কোষ্ঠশুদ্ধিঃ শিবস্য চ। রাশিশুদ্ধিস্ত্রৈপুরে চ গোপালেঽকডমঃ স্মৃতঃ॥

অকডমচক্র যথা—

পূর্ব্ব পশ্চিমে দুইটী রেখা অঙ্কিত করিয়া তাহার মধ্যে উত্তর ও দক্ষিণায়ত আর দুইটি রেখাপাত করিবে। পরে, ঈশানাদি চতুষ্কোণে চারটি রেখা দ্বারা একটি রাশিচক্র করিবে। এই চক্রে মেষাদি বৃষ পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তক্রমে আকারাদি ক্ষ পর্য্যন্ত বর্ণাবলী এক একটি করিয়া লিখিবে। কিন্তু ঋ ৠ ঌ ৡ এই চারটি ক্লীববর্ণ, ইহা পরিত্যাগ করিয়া যাবৎ সকল বর্ণ শেষ না হয়, তাবৎ পুনঃ পুনঃ বর্ণ সকল লিখিবে। এইরূপে বর্ণ বিন্যাস করিতে করিতে, কোন্ কোন্ ঘরে কি কি বর্ণ বিন্যস্ত হইবে, তাহা অঙ্কিত চক্রে দৃষ্টি করিলেই বুঝিতে পারিবে।

এক্ষণে চক্রের গণনা-প্রণালী বলা যাইতেছে—সাধকের নামের আদ্যক্ষর হইতে মন্ত্রের আদি অক্ষর পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে সিদ্ধ সাধ্য, সুসিদ্ধ ও অরি এইরূপে পুনঃ পুনঃ, গণনা করিবে, কিন্তু যদি মেষ হইতে মীন পর্য্যন্ত—বামাবর্ত্তে বর্ণ সমুদায় লিখিত হয়, তবে গণনাও বামাবর্ত্তেই করিতে হইবে। এই চক্রে পুনঃ পুনঃ সিদ্ধ-সাধ্যাদি গণনায় কোন্ কোন্ কোষ্ঠ সিদ্ধ, কোন্ কোন্ কোষ্ঠ সাধ্য ইত্যাদি স্পষ্ট করিয়া লিখিত হইতেছে। যথা—নবম, প্রথম ও পঞ্চম সিদ্ধ গৃহ ; ষষ্ঠ, দশম ও দ্বিতীয় সাধ্য ; তৃতীয় সপ্তম ও একাদশ গৃহ সুসিদ্ধ এবং চতুর্থ, অষ্টম ও দ্বাদশগৃহ শত্রু জানিবে। এই চক্রের গণনায় মন্ত্র সিদ্ধ, সাধ্য কিম্বা সুসিদ্ধ হইলে সেই মন্ত্র গ্রহণে শুভ ফল হইবে। অরিমন্ত্র গ্রহণে অশুভ ফল হইয়া থাকে, অতএব কদাচ শত্রু মন্ত্র গ্রহণ করিবে না।

ঋণী-ধনী-চক্র

(সাধ্যাঙ্ক)

৬	৬	৬	০	৩	৪	৪	০	০	০	৩
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	ঌ ৡ	এ	ঐ	ও	ঔ	অং	অং
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	ট
ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন	প	ফ
ব	ভ	ম	য	র	ল	ব	শ	ষ	স	হ
২	২	৫	০	০	২	১	০	৪	৪	১

(সাধকাঙ্ক)

কোষ্ঠান্যেকাদশান্যেব বেদেন পূরিতানি চ। অকারাদি-হকারান্তান্ লিখেৎ কোষ্ঠেষু তত্ত্ববিৎ ॥ প্রথমং পঞ্চকোষ্ঠেষু হ্রস্বদীর্ঘক্রমেণ তু। দ্বয়ং দ্বয়ং লিখেত্তত্র বিচারে খলু সাধকঃ ॥ শেষেষ্বেকৈকশো বর্ণান্ ক্রমতস্তু লিখেৎ সুধীঃ ॥ তথা—দ্বৌ দ্বৌ স্বরৌ পঞ্চসু কোষ্ঠকেষু শেষান্ স্বরান্ ষট্সু ষড়েকমেকং। কাদীন্ হযেশান্ বিলি

ত্ততোঽর্ণান্, একৈকমেকাদশকোষ্ঠকেষু। ষট্কালকালবিয়দগ্নি-সমুদ্রবেদ-খাকাশ-শূন্য-দহনাঃ খলু সাধ্যবর্ণাঃ॥ যুগ্মদ্বিপঞ্চবিয়দম্বরযুক্শশাঙ্ক—ব্যোমাব্ধিবেদ-শশিনঃ খলু সাধকার্ণাঃ। নামাজ্ঝলাদকঠবাদগজভুক্তশেষং, জ্ঞাত্বোভয়োরধিকশেষ-মৃণং ধনং স্যাৎ॥

ঋণী-ধনী-চক্র—প্রথমতঃ একাদশ কোষ্ঠ অঙ্কিত করিয়া তাহাদিগকে চারি দ্বারা পূরণ করত একটি চক্র অঙ্কিত করিবে। এই চক্রের প্রথম পঞ্চকোষ্ঠে একটি হ্রস্ব ও একটি দীর্ঘ, এইরূপে দুই দুইটি করিয়া অকারাদি দশটি স্বরবর্ণ লিখিবে, পরে অবশিষ্ট স্বরবর্ণ ও ককারাদি হ—পর্য্যন্ত ব্যঞ্জনবর্ণ সমুদায় এক এক কোষ্ঠে এক একটি করিয়া লিখিবে। এই চক্রের উপরিভাগস্থিত একাদশটি অঙ্কের নাম সাধ্যাঙ্ক। মন্ত্রের অক্ষর গণনাকালে এই সকল অঙ্ক-অনুসারে গণনা করিবে। এই চক্রের নিম্নভাগস্থ অঙ্ক সাধকাঙ্ক। সাধকের নামাক্ষর গণনাকালে এই অঙ্ক লইবে।

এখন এই চক্রের দ্বারা কি প্রকারে শুদ্ধি-অশুদ্ধি বিচার করিতে হয়, তাহা বলা যাইতেছে—মন্ত্রের স্বর ও ব্যঞ্জনবর্ণ সমুদয় পৃথক পৃথক করিয়া রাখিবেন। এইরূপ করিলে যে যে বর্ণ চক্রের যে যে কোষ্ঠে আছে, সেই সেই কোষ্ঠের উপরিভাগে যে সকল অঙ্কে দেখিবেন, প্রত্যেক বর্ণের সেই সকল অঙ্ক লইয়া একত্র যোগ করিলে যত অঙ্ক হইবে তাহাকে ৮ দিয়া হরণ পূর্ব্বক অবশিষ্ট অঙ্ক এক স্থানে রাখিবেন। এইরূপে মন্ত্রগ্রহীতার নামের সমস্ত স্বর ও ব্যঞ্জনবর্ণ সকল পৃথক করিয়া উক্তরূপে অঙ্ক লইয়া যোগ ও ৮ দিয়া ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক গ্রহণ করিবেন। এইরূপে মন্ত্রের ভাগলব্ধ অঙ্ক এবং মন্ত্রগ্রহীতার নামের ভাগলব্ধ অঙ্ক লইয়া বিচার করিবেন। যে অঙ্ক অধিক হইবে, তাহা ঋণী এবং যে অঙ্ক ন্যূন হইবে, তাহাই ধনী। যদি মন্ত্র ঋণী হয়, তবে তাহা গ্রহণ করিবেন, আর যদি মন্ত্র ধনী হয়, তবে কদাচ গ্রহণ করিবেন না। মন্ত্রাঙ্ক ও নামাঙ্ক উভয়ের অঙ্ক সমান অথবা শূন্য হইলেও সেই মন্ত্র গ্রহণ করিতে পারিবেন। মন্ত্রাঙ্কের ভাগফল কিছু না থাকিলে তাহা গ্রহণ করিবেন না। সেই মন্ত্র গ্রহণে সাধকের মৃত্যু হয়, সুতরাং তাহা অবশ্য পরিত্যাগ করিবেন।

গণনা সহজে বোধগম্য হওয়ার নিমিত্ত একটি দৃষ্টান্ত দেওয়া যাইতেছে—যেমন 'সীতারাম' নামক ব্যক্তি 'হর' এই মন্ত্র গ্রহণ করিতে পারে কি না? এই স্থলে সীতারাম নামের প্রত্যেক স্বর ও ব্যঞ্জনবর্ণের চক্রানুসারে অঙ্ক গ্রহণ করিতে হইবে। এইস্থলে প্রথমতঃ "হর" মন্ত্রের প্রত্যেক স্বর ও ব্যঞ্জনবর্ণ পৃথক্ পৃথক্ করিয়া রাখিলে হ্, অ, র্, অ এই চারটি বর্ণ হইল। ইহাদের অঙ্ক যথা, হ ৩, অ ৬, র ৩, অ ৬, এই সমস্ত অঙ্ক যোগ করিলে ১৮ হইল এবং ইহাকে ৮ দ্বারা ভাগ করিলে ২ অবশিষ্ট থাকিল—ইহাকে সাধ্যাঙ্ক বলে। এখন সাধকাঙ্ক দেখিতে হইবে, সীতারাম এই নামটীতে স্, ঈ, ত্, আ, র্, আ, ম, অ এই আটটী বর্ণ আছে, ইহাদের অঙ্ক স্ ৪, ঈ ২, ত্ ০, আ ২, র্ ০, আ ২, ম ৫, অ ২; এই সমুদয় যোগ করিলে ১৭ হইল এবং ইহাকে

৮ দিয়া ভাগ করিলে ১ অবশিষ্ট থাকে। সুতরাং দেখা যাইতেছে, সাধ্যাঙ্ক—অর্থাৎ মন্ত্রাঙ্ক অধিক (ঋণী) হইতেছে ; আর সাধকাঙ্ক—অর্থাৎ মন্ত্রগ্রহীতার অঙ্ক কম (ধনী), সুতরাং সীতারাম নামক ব্যক্তি 'হর' মন্ত্র গ্রহণ করিতে পারিবে।

রুদ্রজামলে বলা হইয়াছে যে নাম দ্বারা সম্বোধন করিলে নিদ্রিত ব্যক্তি জাগরিত হয়, দূর হইতে প্রত্যুত্তর করে, এবং যে নাম লইয়া আহ্বান করিলে অন্যমনস্ক অবস্থায়ও প্রত্যুত্তর প্রদান করে, সেই নাম গ্রহণ করিয়া দীক্ষাকার্য্যে সমস্ত অনুষ্ঠান করিবে। সনৎকুমারীয়তন্ত্রে লিখিত আছে, পিতা মাতা যে নাম নির্দ্দিষ্ট করিয়া রাখেন, সেই নামের দেবশর্ম্মা প্রভৃতি উপাধি ও শ্রী পরিত্যাগ করিয়া অন্তবর্ণ সকল লইবে।

দীক্ষাগ্রহণে মাসনির্ণয়—মন্ত্রারম্ভস্তু চৈত্রে স্যাৎ সমস্তপুরুষার্থদঃ। বৈশাখে রত্নলাভঃ স্যাৎ জ্যৈষ্ঠে তু মরণং ভবেৎ। আষাঢ়ে বন্ধুনাশঃ স্যাৎ পূর্ণায়ুঃ শ্রাবণে ভবেৎ॥ প্রাণনাশো ভবেদ্ ভাদ্রে আশ্বিনে রত্নসঞ্চয়ঃ। কার্ত্তিকে মন্ত্রসিদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে তথা ভবেৎ॥ পৌষে তু শত্রুপীড়া স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনং॥ ফাল্গুনে সর্ব্বকামাঃ স্যুর্ম্মলমাসে বিবর্জ্জয়েৎ॥ চৈত্র ইতি গোপালবিষয়ং গৌতমীয়ে উক্তত্বাৎ। মধুমাসে ভবেদ্দীক্ষা দুঃখায় মরণায় চ। ইত্যনেন অন্যত্র প্রতিষেধাৎ॥ সৌরে মাসি ভবেদ্দীক্ষা ন চান্দ্রে ন চ তারকে॥

মাস নির্ণয়—চৈত্র মাসে মন্ত্র গ্রহণ করিলে সমস্ত পুরুষার্থ সিদ্ধ হয়। বৈশাখ মাসে রত্ন-লাভ, জ্যৈষ্ঠে মৃত্যু, আষাঢ়ে বন্ধুনাশ, শ্রাবণে পূর্ণায়ুঃ প্রাপ্তি, ভাদ্রে প্রাণ-নাশ, আশ্বিনে রত্নসঞ্চয়, কার্ত্তিক ও অগ্রহায়ণে মন্ত্রসিদ্ধি, পৌষে শত্রু-পীড়া, মাঘে মেধাবৃদ্ধি ও ফাল্গুনমাসে সর্ব্বকামনা সুসিদ্ধ হইয়া থাকে। উক্ত বিহিত মাসেও মলমাস হইলে মন্ত্র গ্রহণ করিতে নাই। পূর্ব্বে যে চৈত্র মাসে দীক্ষা গ্রহণের কথা বলা হইয়াছে, তাহা গোপালের মন্ত্রগ্রহণ বিষয়েই জানিবে। কারণ, অন্যত্র বলা হইয়াছে, চৈত্রমাসে মন্ত্রগ্রহণে দুঃখ ও মৃত্যু হয়। আষাঢ় মাসে শ্রীবিষ্ণুর মন্ত্র গ্রহণে দোষ নাই। দীক্ষা-বিষয়ে সৌর মাসই ধরিতে হইবে।

বারনির্ণয়—রবিবারে ভবেদ্বিত্তং সোমে কান্তির্ভবেৎ কিল। আয়ুরঙ্গারকে হন্তি তত্র দীক্ষাং বিবর্জ্জয়েৎ॥ বুধে সৌন্দর্য্যমাপ্নোতি জ্ঞানং স্যাত্তু বৃহস্পতৌ। শুক্রে সৌভাগ্যমাপ্নোতি যশো হন্তি শনৈশ্চরে॥

বারনির্ণয়—রবিবারে দীক্ষা গ্রহণে বিত্তসঞ্চয়, সোমবারে শান্তি, মঙ্গলবারে আয়ুঃক্ষয়, বুধবারে সৌন্দর্য্যপ্রাপ্তি, বৃহস্পতিবারে জ্ঞানলাভ, শুক্রবারে সৌভাগ্যপ্রাপ্তি, এবং শনিবারে যশোনাশ হয়।

দীক্ষা-গ্রহণে তিথিনির্ণয়—প্রতিপৎসু কৃতা দীক্ষা জ্ঞাননাশকরী মতা। দ্বিতীয়ায়াং ভবেজ্‌জ্ঞানং তৃতীয়ায়াং শুচির্ভবেৎ। চতুর্থ্যাং বিত্তনাশঃ স্যাৎ পঞ্চম্যাং বুদ্ধিবর্দ্ধনং। ষষ্ঠ্যাং জ্ঞানক্ষয়ং সৌখ্যং লভতে সপ্তমীদিনে॥ অষ্টম্যাং বুদ্ধিনাশঃ স্যাৎ

নবম্যাং বপুষঃ ক্ষয়ঃ। দশম্যাং রাজসৌভাগ্যমেকাদশ্যাং শুচির্ভবেৎ। দ্বাদশ্যাং সর্ব্বশুদ্ধিঃ স্যাৎ ত্রয়োদশ্যাং দরিদ্রতা। তির্য্যগ্‌যোনিশ্চতুর্দ্দশ্যাং হানির্মাস্যবসানকে। সন্ধ্যাগর্জ্জিত-নির্ঘোষভূকম্পোল্কানিপাতনং। এতানন্যাংশ্চদিবসান্ শ্রুত্যুক্তান্ পরিবর্জ্জয়েৎ॥ দ্বিতীয়া পঞ্চমী চৈব ষষ্ঠী চৈব বিশেষতঃ॥ দ্বাদশ্যামপি কর্ত্তব্যং ত্রয়োদশ্যামথাপি বা। ইত্যনেন যৎ ষষ্ঠীত্রয়োদশীবিধানং তদ্বিষ্ণুবিষয়ং। রামার্চ্চনচন্দ্রিকাধৃতত্বাৎ। পঞ্চমী সপ্তমী ষষ্ঠী দ্বিতীয়া পূর্ণিমা তথা। ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা।

তিথিনির্ণয়—প্রতিপদে দীক্ষা লইলে জ্ঞাননাশ, দ্বিতীয়ায় জ্ঞান, তৃতীয়ায় শুচি, চতুর্থীতে বিত্তনাশ, পঞ্চমীতে বুদ্ধিবৃদ্ধি, ষষ্ঠীতে জ্ঞানহানি, সপ্তমীতে সুখ, অষ্টমীতে বুদ্ধিনাশ, নবমীতে শরীরক্ষয়, দশমীতে রাজবৎসৌভাগ্যলাভ, একাদশীতে শুচি, দ্বাদশীতে সর্ব্বসিদ্ধি, ত্রয়োদশীতে দরিদ্রতা, চতুর্দ্দশীতে তিয্যগ্‌যোনিপ্রাপ্তি, অমাবস্যায় হানি এবং পূর্ণিমাতিথিতে ধর্ম্মবৃদ্ধি হয়। বিষ্ণু মন্ত্র লইতে হইলে ষষ্ঠী ও ত্রয়োদশী তিথিতে গ্রহণ করিবে, কিন্তু এই সকল তিথির মধ্যে অনধ্যায় তিথি বর্জ্জন করিবে॥ অনধ্যায় যথা—যে দিন সন্ধ্যাগর্জ্জন, ভূমিকম্প ও উল্কাপাত হয়, এবং বেদোক্ত অন্যান্য অনধ্যায় দিন ও দীক্ষা কার্য্যে বর্জ্জন করিবে।

দীক্ষ-গ্রহণে নক্ষত্র-নির্ণয়—অশ্বিন্যাং সুখমাপ্নোতি ভরণ্যাং মরণং ভবেৎ। কৃত্তিকায়াং ভবেদ্দুঃখী রোহিণ্যাং, বাক্‌পতির্ভবেৎ॥ মৃগশীর্ষে সুখাবাপ্তিরার্দ্রায়াং বন্ধুনাশনং। পুনর্ব্বসৌ ধনাঢ্যঃ স্যাৎ পুষ্যে শত্রুবিনাশনং॥ অশ্লেষায়াং ভবেন্মৃত্যুর্ম্মঘায়াং দুঃখমোচনং। সৌন্দর্য্যং পূর্ব্বফল্গুন্যাং প্রাপ্নোতি চ ন সংশয়॥ জ্ঞানঞ্চোত্তরফল্গুন্যাং হস্তায়াঞ্চ ধনী ভবেৎ। চিত্রায়াং জ্ঞানসিদ্ধিঃ স্যাৎ স্বাত্যাং শত্রুবিনাশনং॥ বিশাখায়াং সুখং চানুরাধায়াং বন্ধুবর্দ্ধনং। জ্যেষ্ঠায়াং সুতহানিঃ স্যাৎ মূলায়াং কীর্ত্তিবর্দ্ধনং॥ পূর্ব্বাষাঢ়োত্তরাষাঢ়ে ভবেতাং কীর্ত্তিদায়িকে। শ্রবণায়াৎ ভবেদ্দুঃখী ধনিষ্ঠায়াং দরিদ্রতা॥ বৃদ্ধিঃ শতভিষায়াং স্যাৎ পূর্ব্বভাদ্রে সুখী ভবেৎ। সৌখ্যঞ্চোত্তরভাদ্রে চ রেবত্যাং কীর্ত্তিবর্দ্ধনং॥ আর্দ্রাকৃতিকয়োর্নিষেধস্তু শিববহ্নীতরবিষয়ে। তথাচ—আর্দ্রায়াং কৃত্তিকায়াঞ্চ মন্ত্রারম্ভঃ প্রশস্যতে॥ যদীশস্য কৃশানোর্ব্বা মন্ত্রারম্ভো যথাক্রমং॥

নক্ষত্রনির্ণয়—অশ্বিনী নক্ষত্রে দীক্ষা হইলে সুখ, ভরণীতে মৃত্যু, কৃত্তিকায় দুঃখ, রোহিনীতে বাক্‌পতিত্ব, মৃগশীর্ষে সুখপ্রাপ্তি, আর্দ্রায় বন্ধুনাশ, পুনর্ব্বসুতে ধনসম্পত্তি, পুষ্যায় শত্রুনাশ, অশ্লেষায় মৃত্যু, মঘায় দুঃখনাশ, পুর্ব্বফাল্গুনীতে সৌন্দর্য্যপ্রাপ্তি, উত্তর-ফল্গুনীতে জ্ঞান, হস্তায় ধন, চিত্রায় জ্ঞানসিদ্ধি, স্বাতিতে শত্রুনাশ, বিশাখায় সুখ, অনুরাধায় বন্ধুবৃদ্ধি, জ্যেষ্ঠায় সুতহানি, মূলায় কীর্ত্তিবৃদ্ধি, পূর্ব্বষাঢ়া ও উত্তরাষাঢ়ায় কীর্ত্তি, শ্রবণায় দুঃখ, ধনিষ্ঠায় দারিদ্র্য, শতভিষায় জ্ঞান, পূর্ব্বভাদ্রে ও উত্তরভাদ্রে সুখং এবং রেবতীনক্ষত্রে কীর্ত্তিবৃদ্ধি হয়, কিন্তু শিব ও বহ্নি মন্ত্র লইলে আর্দ্রা ও কৃত্তিকা বর্জ্জনীয় নহে। রামমন্ত্র লইলে জ্যেষ্ঠা ও ভরণী নক্ষত্র বিহিত জানিবে।

দীক্ষা-সম্বন্ধে যোগ-নির্ণয় ঃ—শুভঃ সিদ্ধস্তথায়ুষ্মান্ ধ্রুবযোগস্ততঃ পরং। হর্ষণশ্চ তথা যোগাঃ সর্ব্বতন্ত্রে শুভাবহাঃ। অন্যত্র—যোগাঃ স্যুঃ প্রীতিবায়ুষ্মান্ সৌভাগ্যঃ শোভনো ধৃতিঃ॥ বৃদ্ধির্ধ্রুবঃ সুকর্ম্মা চ সাধ্যঃ শুক্রশ্চ হর্ষণঃ॥ বরীয়াংশ্চ শিবঃ সিদ্ধো ব্রহ্ম ইন্দ্রশ্চ ষোড়শ॥

দীক্ষা-বিষয়ে কারণ-নির্ণয়ঃ—ববরালবকৌলবতৈতিলবণিজস্তদনন্তরং। করণানি শুভান্যেব সর্ব্বতন্ত্রেষু ভাষিতিং॥

কারণ নির্ণয়—বব, বালব, কৌলব, তৈতিল ও বণিজ এই সকল করণ দীক্ষাকার্য্যে শুভাবহ জানিবে।

দীক্ষা-গ্রহণে লগ্ন-নির্ণয়ঃ—বৃষে সিংহে চ কন্যায়াং ধনুর্মীনাখ্যলগ্নকে। চন্দ্র-তারানুকূলে চ কুর্য্যাদ্দীক্ষাপ্রবর্ত্তম্॥

স্থিরলগ্নে বিষ্ণুমন্ত্রঃ শিবমন্ত্রে চরং শুভং। দ্বিস্বভাবগতং লগং শক্তিমন্ত্রে প্রশস্যতে।

লগ্ন নির্ণয়—বৃষ, সিংহ, কন্যা, ধনুঃ ও মীন এই সমস্ত লগ্নে এবং চন্দ্র তারা শুদ্ধিতে দীক্ষাকার্য্য করিবে। বিষ্ণু-মন্ত্র গ্রহণে স্থির লগ্ন—অর্থাৎ বৃষ, সিংহ বৃশ্চিক ও কুম্ভ এই লগ্ন চতুষ্টয় প্রশস্ত। শিবমন্ত্র লইলে চরলগ্ন—অর্থাৎ মেষ, কর্কট, তুলা ও মকর এই চারিলগ্ন এবং শক্তিমন্ত্র দীক্ষাতে দ্ব্যাত্মক লগ্ন—অর্থাৎ মিথুন, কন্যা, ধনুঃ ও মীন এই লগ্ন চতুষ্টয় প্রশস্ত। অগস্ত্যসংহিতায় লিখিত আছে লগ্নের তৃতীয়, ষষ্ঠ ও একাদশ স্থানে পাপগ্রহ এবং লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম, নবম ও পঞ্চমস্থানে শুভগ্রহ থাকিলে মন্ত্র গ্রহণে শুভ ফল হয়, কিন্তু দীক্ষাকার্য্যে বক্রগ্রহ অনিষ্টকারী সুতরাং তাহা পরিত্যাগ করিবে।

দীক্ষা-বিষয়ে পক্ষ-নির্ণয়ঃ—শুক্লপক্ষে শুভা দীক্ষা কৃষ্ণেঽপ্যাপঞ্চমাদ্দিনাৎ॥

পক্ষ নির্ণয়—শুক্লপক্ষে দীক্ষা শুভ ফল প্রদান করে এবং কৃষ্ণপক্ষে পঞ্চমী পর্য্যন্ত দীক্ষা প্রশস্ত। অগস্ত্যসংহিতায় লিখিত আছে,—শুক্ল কৃষ্ণ উভয়পক্ষেই দীক্ষা প্রশস্ত। কালোত্তরে লিখিত আছে,—সম্পত্তিকামী ব্যক্তি শুক্লপক্ষে এবং মুক্তিকামী ব্যক্তি কৃষ্ণ-পক্ষে দীক্ষা লইবে। পূর্ব্বোক্ত নিষিদ্ধ মাস এবং তিথিতে ও মন্ত্র গ্রহণ করিতে পারে, এই বিষয়ে রত্নাবলী গ্রন্থে লিখিত আছে। ভাদ্র মাসের ষষ্ঠী, আশ্বিন মাসের কৃষ্ণা চতুর্দ্দশী, কার্ত্তিকের শুক্লা নবমী, অগ্রহায়ণের শুক্লা তৃতীয়া, পৌষের শুক্লা নবমী, মাঘের শুক্লা চতুর্থী, ফাল্গুনের শুক্লা নবমী, চৈত্র মাসের কামচতুর্দ্দশী (কেহ ত্রয়োদশীও বলিয়া থাকেন), বৈশাখের অক্ষয় তৃতীয়া, জ্যৈষ্ঠের দশহরা, আষাঢ়ের শুক্লা পঞ্চমী ও শ্রাবণের কৃষ্ণা পঞ্চমী, এই সকল দেবপর্ব্ব, ইহাতে মন্ত্র লইলে, তীর্থস্থানে মন্ত্র গ্রহণের ন্যায় কোটিগুণ ফল হয়। এই পর্ব্বে মন্ত্র লইলে মাস, নক্ষত্র, তিথি, যোগকরণাদি কিছুই বিচার আবশ্যক হইবে না, ইহা শঙ্কর স্বয়ং বলিয়াছেন! অন্যমতে চৈত্রের শুক্লা ত্রয়োদশী, বৈশাখের শুক্লা একাদশী, জ্যৈষ্ঠের কৃষ্ণা চতুর্দ্দশী, আষাঢ়ের নাগপঞ্চমী, শ্রাবণের একাদশী, ভাদ্রের রোহিণী নক্ষত্রযুক্তা জন্মাষ্টমী, আশ্বিনের মহাষ্টমী, কার্ত্তিকের শুক্লা নবমী,

অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী, পৌষের শুক্লা চতুর্দ্দশী, মাঘের শুক্লা একাদশী, ফাল্গুনের শুক্লা ষষ্ঠী, এই সমস্ত তিথি দীক্ষা কার্য্যে প্রশস্ত। যোগিনীতন্ত্রে লিখিত হইয়াছে,—হে সুরেশ্বরি! উত্তরায়ণ ও দক্ষিণায়নাদি সংক্রান্তির দিন, চন্দ্র সূর্য্যগ্রহণ, যুগাদ্যা, গঙ্গাদি পুণ্যতীর্থ, কুরুক্ষেত্র, পীঠস্থান, প্রয়াগ, কৈলাসপর্ব্বত ও কাশীক্ষেত্রে মন্ত্রগ্রহণে কালাকাল বিচারের প্রয়োজন নাই। বিষ্ণু-যামলে উক্ত হইয়াছে,—দেবীর বোধন হইতে মহানবমী পর্য্যন্ত যত তিথি, তাহার প্রত্যেক তিথিই প্রশস্ত, আশ্বিনে মহাষ্টমী অতি প্রশস্ত। গুরুদেব শিষ্যকে আহ্বান করিয়া মন্ত্রদান করিলে কিছুরই বিচার করিতে হয় না,—কিন্তু ইহা সিদ্ধ-মন্ত্র বিষয়ে জানিবে।

দীক্ষা গ্রহণে স্থান-নির্ণয়

গোশালা, গুরুর আবাসস্থান, দেবালয়, কানন, পুণ্যক্ষেত্র, উদ্যান, নদীতট, আমলকী ও বিল্ববৃক্ষের মূল, পর্ব্বতাগ্র পর্ব্বতগুহা ও গঙ্গাতট, এই সকল স্থানে দীক্ষাগ্রহণে কোটিগুণ ফল হয়। এতদ্ব্যতীত নিম্নলিখিত নিষিদ্ধ স্থান পরিত্যাগ করিয়া অন্যত্র মন্ত্রগ্রহণ করা যায়। নিষিদ্ধস্থান যথা—গয়া, ভাস্করক্ষেত্র, বিরজাতীর্থ, চন্দ্রপর্ব্বত, চট্টগ্রাম; মাতঙ্গদেশ ও কন্যাগৃহ।

মন্ত্রের দশ-সংস্কার

গৌতমীয়ে— জননং জীবনং পশ্চাত্তাড়নং বোধনন্তথা। অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ। তর্পণং দীপনং গুপ্তির্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়াঃ—

স্বর্ণাদিপাত্রে সংলিখ্য মাতৃকাযন্ত্রমুত্তমম্। কাশ্মীরচন্দনেনাপি ভস্মনা বাথ সুব্রতে। কাশ্মীরং শক্তিসংস্কারে চন্দনং বৈষ্ণবে মনৌ। শৈবে ভস্ম সমাখ্যাতং মাতৃকাযন্ত্রলেখনে॥

দশসংস্কার—জনন, জীবন, তাড়ন, বোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন, ও গুপ্তি; এই দশটিকে মন্ত্রের দশসংস্কার বলে।

কুঙ্কুম, রক্তচন্দন অথবা ভস্মদ্বারা স্বর্ণাদিপাত্রে (তদভাবে তাম্রাদিপাত্রেও হইতে পারে) মাতৃকাযন্ত্র অঙ্কিত করিবে। শক্তি-মন্ত্র-সংস্কারে কুঙ্কুম, বিষ্ণুমন্ত্রে চন্দন ও শিব-মন্ত্রে ভস্মদ্বারা মাতৃকাযন্ত্র লিখিয়া মন্ত্র সংস্কার করিতে হয়।

মন্ত্রের দশসংস্কার করিতে মাতৃকাযন্ত্রের প্রয়োজন, তজ্জন্য এইস্থলে মাতৃকাযন্ত্রের বিষয় লিখিত হইতেছে।

মাতৃকা-যন্ত্র

ব্যোমেন্দো-রসনার্ণকর্ণিক[১] মচাং দ্বন্দৈঃ স্ফুরৎকেশরং, বর্গোল্লাষিবসুচ্ছদং বসুমতী-গেহেন সংবেষ্টিতম্। আশাস্বশ্রিষু লান্তলাঙ্গলিযুজা ক্ষৌণীপুরেণাবৃতাং, যন্ত্রং বর্ণতনোঃ পরং নিগদিতং সৌভাগ্যসম্পৎকরম্॥ যন্ত্রস্য দিক্ষু বং বিদিক্ষু ঠং লিখেৎ॥ তথা চ

১। বোম বলিতে হ-কার ইন্দু বলিতে স-কার; ঔকার ও রসনার্ণ, বিসর্গ এই কয়েকটি বর্ণ যোগ করিলে হসৌঃ এই মন্ত্র উদ্ধৃত হয়।

গৌতমীয়ে—কাদিমান্তাঃ পঞ্চবর্গা দিক্ষু, পূর্ব্বাদিতো ন্যসেৎ। যাদিবান্তাঃ শাদিহান্তা লক্ষমীশে প্রবিন্যসেৎ। চতুরস্রং চতুর্দ্বারং দিক্ষু বং ঠং বিদিক্ষু চ॥

প্রথমে চতুর্দ্বারযুক্ত একটি চতুষ্কোণ মণ্ডল করিয়া তন্মধ্যে একটি অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে। এই পদ্মের কর্ণিকাস্থানে 'হেসৌঃ' এই মন্ত্র লিখিবে এবং ইহার অষ্টকেশরে পূর্ব্বাদি দিক্ হইতে আরম্ভ করিয়া যথাক্রমে দুই দুই স্বরবর্ণ এবং পূর্ব্বাদি অষ্টদলে ককারাদি সপ্তবর্গ ও ঈশানকোণে ল ক্ষ এই দুই বর্ণ লিখিবে। তৎপরে পদ্মের বহির্ভাগস্থ চতুর্দ্বারে বং এই বর্ণ এবং চতুষ্কোণে ঠং এই বর্ণ লিখিবে। এই প্রকারে মাতৃকাযন্ত্র অঙ্কিত হয়। একটি প্রতিকৃতি প্রদত্ত হইল, উহা দর্শন করিলে, সহজেই অঙ্কনের ভাব প্রতীতি হইবে।

মাতৃকা-যন্ত্র

মন্ত্রাণাং মাতৃকাযন্ত্রাদুদ্ধারো জননং স্মৃতম্॥[১] ১।

১। জনন,—মাতৃকাযন্ত্র হইতে মন্ত্রে সমস্ত বর্ণের উদ্ধার করাকে জনন বলে।

পঙ্ক্তিক্রমেণ বিধিনা মুনিভিস্তত্র নিশ্চিতম্। প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ। প্রত্যেকং শতবারন্তু জীবনং তদুদাহৃতম্॥ দশসংখ্যো বা জপঃ॥ বিশ্বসারে—পৃথক্ শতং বা দশধা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ॥ ২।

২। জীবন,—উদ্ধৃত বর্ণ সকলের পঙ্ক্তিক্রমে প্রত্যেক বর্ণ প্রণব (ওঁ) দ্বারা

১। অ আ ইত্যাদি স্বরবর্ণ এবং ক খ প্রভৃতি ব্যঞ্জন বর্ণ সমুদায় পঞ্চাশৎ বর্ণ মাতৃকা যন্ত্রে লিখিয়া তাহা হইতে মন্ত্রের বর্ণ সকল উদ্ধার করিয়া লইতে হয়।

পুটিত করিয়া এক এক বর্ণ একশত বার জপ করিবে, ইহাকে মন্ত্রের জীবন বলে। বিশ্বসারতন্ত্রে লিখিত হইয়াছে,—প্রত্যেক মন্ত্রবর্ণ শত বা দশবার জপ করিবে।

মন্ত্রবর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা। প্রত্যেকং বায়ুবীজেন পূর্ব্ববত্তাড়নং মতম্ ॥ তাড়ম্ং শতধা দশধা বা ॥ ৩।

৩। তাড়ন—মন্ত্রের সমস্ত বর্ণ পৃথক্ পৃথক্ করিয়া লিখিয়া বং এই মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক—প্রত্যেক বর্ণকে চন্দন-জলদ্বারা শত বা দশবার তাড়ন করিবে, ইহাই মন্ত্রের তাড়ন।

বিলিখ্য মন্ত্রবর্ণাংস্তু প্রসূনৈঃ করবীরজৈঃ। তন্মন্ত্রবর্ণসংখ্যাকৈর্হন্যাদ্রেফেণ বোধনম্ ॥ ৪।

৪। বোধন—মন্ত্রের বর্ণসকল পৃথক পৃথক্ লিখিয়া মন্ত্রের বর্ণসংখ্যানুসারে করবীর-পুষ্পের পরাগ দ্বারা 'রং' এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক হনন করিবে, ইহাকেই মন্ত্রের বোধন বলে।

তত্তন্মন্ত্রোক্তবিধিনা অভিষেকঃ প্রকীর্ত্তিতঃ। অশ্বত্থপল্লবৈঃ সিঞ্চেন্মন্ত্রী মন্ত্রার্ণ সংখ্যয়া ॥ ৫ ॥

৫। অভিষেক—মন্ত্রের বর্ণসংখ্যানুসারে অশ্বত্থপল্লব দ্বারা তত্তন্মন্ত্রোক্ত বিধানে অর্থাৎ কোন স্থলে 'অভিষিঞ্চামি' কোন স্থলে 'অভিষিঞ্চামি নমঃ"—এই প্রকার বিধানে মন্ত্রবর্ণ-সকলকে সিঞ্চন করিবে,—ইহাকে অভিষেক বলে।

সঞ্চিন্ত্য মনসা মন্ত্রং সুষুম্নামূলমধ্যতঃ। জ্যোতির্ম্মন্ত্রেণ[১] বিধিবদ্দহেন্মলত্রয়ং যতিঃ ॥ ৬।

৬। বিমলীকরণ—সুষুম্নার মূল ও মধ্যভাগে মন্ত্রটীকে চিন্তা করিয়া জ্যোতির্ম্মন্ত্রে[২] মলত্রয় দগ্ধ করিবে, ইহাকে মন্ত্রের বিমলীকরণ বলে ॥

স্বর্ণেন কুশতোয়েন পুষ্পতোয়েন বা তথা। তেন মন্ত্রেণ বিধিবদাপ্যায়নবিধিঃ স্মৃতঃ ॥ ৭।

৭। আপ্যায়ন—মন্ত্রবর্ণ সকলকে স্বর্ণ, কুশ বা পুষ্পোদকদ্বারা পূর্ব্বলিখিত জ্যোতি-মন্ত্রে আপ্যায়ন করিবে,—ইহাই মন্ত্রের আপ্যায়ণ।

মন্ত্রেণ বারিণা মন্ত্রে তর্পণং তর্পণম্ মতম্ ॥ মধুনা শক্তিমন্ত্রেষু বৈষ্ণবে চেন্দুমজ্জলৈঃ। শৈবে ঘৃতেন দুগ্ধেন তর্পণং সম্যগীরিতম্ ॥ অভিষেকেঽপি তথা ॥ ৮।

৮। তর্পণ—পূর্ব্বকথিত জ্যোতির্ম্মন্ত্র দ্বারা মন্ত্রের বর্ণ-সংখ্যানুসারে জল দ্বারা তর্পণ করিবে, ইহাকেই মন্ত্র তর্পণ বলা যায়। শক্তিমন্ত্রে মধু দ্বারা, বিষ্ণু-মন্ত্রে কর্পূর-মিশ্রিত জল দ্বারা, এবং শিব-মন্ত্রে ঘৃত ও দুগ্ধ দ্বারা তর্পণ করিবে। অভিষেকেও এই প্রকার জানিবে।

১। তারং ব্যোমোঽগ্নিমনুযুগ্দণ্ডী জ্যোতির্ম্মনুর্ম্মতঃ। তারং প্রণবঃ ব্যোমো হ-কারঃ, অগ্নী রেফঃ মনুরৌবারঃ, দণ্ডী অনুস্বারঃ। তেন ওঁ হ্রৌং।

তার শব্দে ওঁ, ব্যোম শব্দে হ-কার, অগ্নি শব্দে রেফ (র্), মনু শব্দে ঔকার, ও দণ্ডী শব্দে অনুস্বার ইহাদের যোগে "ওঁ হ্রৌং" এই মন্ত্র হয়, ইহাই জ্যোতির্ম্মন্ত্র।

২। আণব্য, মায়িক ও কার্ম্মণ মন্ত্রের ত্রিবিধ মল।

তার-মায়ারমাযোগো মনোর্দীপনমুচ্যতে ॥ ৯ ।

৯। দীপন—তার অর্থাৎ ওঁ, মায়া অর্থাৎ হ্রীং, রমা অর্থাৎ শ্রীং—এই মন্ত্রত্রয় দ্বারা দীপক করিবে, ইহাকেই মন্ত্রের দীপন বলে।

জপ্যমানস্য মন্ত্রস্য গোপনং ত্বপ্রকাশনম্ ॥ ১০ ।

১০। গুপ্তি—যে মন্ত্র জপ করিবে, তাহা প্রকাশ করিবে না ; সর্ব্বদা গোপন রাখিবে—ইহাকেই গুপ্তি বলে।

মন্ত্রের দশসংস্কার এইরূপে সম্পন্ন করিতে হয়। তন্ত্রশাস্ত্রে উক্ত হইয়াছে, দশবিধ সংস্কার করিয়া মন্ত্র গ্রহণ করিলে, সাধক অভীষ্ট ফল লাভে সমর্থ হয়।

সংক্ষেপদীক্ষা-পদ্ধতি

মন্ত্র-গ্রহণাভিলাষী শিষ্য পূর্ব্বদিনে হবিষ্যাদি করিয়া পরদিন নিত্য ক্রিয়াদি সমাধানান্তে, ব্রাহ্মণ হইলে জ্ঞানাজ্ঞানকৃত পাতকক্ষয় কামনায় এক হাজার আটবার গায়ত্রী জপ করিবে।

তদনন্তর আচমন করত নারায়ণ প্রভৃতি দেবতাগণকে গন্ধপুষ্প দান করিয়া স্বস্তি-বাচন করত সঙ্কল্প করিবে, যথা—"ওমদ্যেত্যাদি অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ধর্ম্মার্থকামমোক্ষচতুর্ব্বর্গপ্রাপ্তি-কামঃ অমুকদেবতায়া ইয়দক্ষরাত্মকমন্ত্রগ্রহণমহং করিষ্যে।"

পরে সঙ্কল্পসূক্তপাঠ করিয়া গুরুকে বরণ করিবে।[১] অর্চ্চনান্তে গুরুর দক্ষিণ জানু ধরিয়া শিষ্য পাঠ করিবেন,—"অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিত অমুকদেবতায়া ইয়দক্ষরাত্মকমন্ত্র-গ্রহণকর্ম্মণি গুরুকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং এভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য গুরুত্বেন ভবন্তমহং বৃণে॥" গুরু—"ওঁ বৃতোঽস্মি" বলিলে শিষ্য—"ওঁ যথাবিহিতং গুরুকর্ম্ম কুরু" বলিবে, গুরু—"ওঁ যথাজ্ঞানাং করবাণি" বলিবেন।

তদনন্তর গুরু তন্ত্রোক্ত ঘটস্থাপনক্রমে ঘটস্থাপনা করিয়া সেই স্থাপিত ঘটে কিম্বা চন্দনাদি দ্বারা তাম্রপাত্রে যন্ত্র অঙ্কিত করিয়া নিজ নিজ পদ্ধতিক্রমে আবাহনাদি করিয়া যথাশক্তি ইষ্ট দেবতার পূজা করত তান্ত্রিক-বিধানে হোম করিয়া যে মন্ত্র দেওয়া হইবে, সেই মন্ত্র স্বাহান্ত করিয়া অষ্টোত্তর শতবার পূজিত দেবতার হোম করিবেন।

তৎপরে শিষ্যকে উত্তরাভিমুখে উপবেশন করাইয়া স্থাপিত ঘটের জলে বা কোশার জলে এক শত আটবার প্রদেয় মন্ত্র জপ করিয়া ঐ জল শিষ্যের মস্তকে কলস মুদ্রা দ্বারা প্রদান করিয়া অভিষেক করিবেন। তৎপরে—"ওঁ সহস্রারে হুং ফট্"

১। গুরুর অর্চ্চনা যথা—শিষ্য যোড়হস্তে বলিবেন "ওঁ সাধুভবানাস্তাং" গুরু—ওঁ "সাধ্বহমাসে" শিষ্য—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং" গুরু—"ওঁ অর্চ্চয়" পরে শিষ্য গন্ধ পুষ্প বস্ত্র অলঙ্কার গ্রহণ করিয়া "ওঁ এতানি গন্ধ-পুষ্প বস্ত্রালঙ্করণানি শ্রীগুরবে নমঃ" বলিয়া হস্তে অর্পণ করিবে।

মন্ত্রে শিষ্যের শিখাবন্ধন করিয়া দিয়া মস্তকের উপর দেয় মন্ত্র একশত আটবার জপ করিবেন। তৎপরে, শিষ্যের হাতে এক অঞ্জলি জল দান করিয়া গুরু বলিবেন,—"ওঁ অমুকমন্ত্রং তেঽহং দদানি, আবয়োস্তুল্যফলদো ভবতু।" শিষ্য বলিবেন,—"দদস্ব।" গুরু পূর্ব্বমুখে বসিয়া প্রদেয় মন্ত্র প্রণব পুটিত করত সাতবার জপ করিবেন, তৎপরে কেবল মন্ত্রটি একশত আটবার জপ করিবেন আবার ঐ মন্ত্র প্রণবপুটিত করিয়া সাতবার জপ করিবেন। তদনন্তর গুরু শিষ্যের দেহে ঋষ্যাদি ন্যাস করিলে শিষ্য মস্তক আচ্ছাদন করিয়া পশ্চিম মুখ হইয়া বসিয়া দুই হস্তে গুরুর দুই পদ ধারণ করিবে। তখন গুরু ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য শিষ্যের দক্ষিণ কর্ণে ঋষিচ্ছন্দ আদি যুক্ত বীজমন্ত্র স্পষ্ট করিয়া তিনবার বলিয়া দিবেন। স্ত্রী ও শূদ্রের বামকর্ণে তিনবার কেবল শুদ্ধমন্ত্র শুনাইবেন গৃহীত-মন্ত্র শিষ্য তখন নিম্নমন্ত্র পাঠ করত ভূলুণ্ঠিত হইয়া গুরুর চরণে প্রণাম করিবে। মন্ত্র যথা,—"নমস্তে নাথ ভগবন্ শিবায় গুরুরূপিণে। বিদ্যাবতারসংসিদ্ধৌ স্বীকৃতানেকবিগ্রহ ॥ নারায়ণস্বরূপায় পরমাত্মৈকমূর্ত্তয়ে। সর্ব্বজ্ঞান-তমো-ভেদ-ভনিবে চিদ্‌ঘনায় তে॥ স্বতন্ত্রায় দয়াকॢপ্তবিগ্রহায় শিবাত্মনে। পরতন্ত্রায় ভক্তানাং ভব্যানাং ভব্যরূপিণে॥ বিবেকানাং বিবেকায় বিমর্শায় বিমর্শিনাম্॥ প্রকাশানাং প্রকাশায় জ্ঞানিনাং জ্ঞানরূপিণে॥ ত্বৎপ্রসাদাদহং দেব কৃতকৃত্যোঽস্মি সর্ব্বতঃ। মায়া-মৃত্যু-মহাপাশাদ্বিমুক্তোঽস্মি শিবোঽস্মি চ॥"

তখন গুরু শিষ্যের হস্তধারণ করিয়া উত্তোলনপূর্ব্বক মঙ্গল কামনা করত পাঠ করিবেন,—"ওঁ উত্তিষ্ঠ বৎস মুক্তোঽসি সম্যগাচারবান্ ভব। কীর্ত্তি-শ্রীকান্তি-পুত্রায়ুর্ব্বলারোগ্যং সদাস্তু তে॥"

অনন্তর শিষ্য গুরু-দক্ষিণা দান[১] করিবেন, বাক্য যথা—"অদ্যেত্যাদি—কৃতৈতৎ অমুকদেবতায়া ইয়দক্ষরাত্মকামুক মন্ত্রগ্রহণকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ কাঞ্চনমূল্যং রজতমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে গুরবে তুভ্যমহং সম্প্রদদে॥"

অতঃপর শিষ্য একশত আটবার মন্ত্র জপ করিবে। গুরুর সঞ্চারি-শক্তি লাভার্থ তাঁহার নিকট তিন দিন অবস্থান করিবার বিধান আছে। গুরুও আত্মশক্তি রক্ষার্থ একশত আটবার মন্ত্র জপ করিবেন।

দীক্ষার দিনে গুরু বা শিষ্য কাহাকেও উপবাসী থাকিতে নাই।

শাক্তাভিষেক-প্রয়োগ

কৃতনিত্যক্রিয় শিষ্য শুদ্ধাসনে উপবেশন পূর্ব্বক স্বস্তিবাচন করত "সূর্য্যঃ সোম" ইত্যাদি পাঠ করিয়া সঙ্কল্প করিবে। যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ

১। গুরুকে সর্ব্বস্ব,—তদর্দ্ধ কিম্বা তদর্দ্ধ দক্ষিণা দিবে। নিতান্ত অসামর্থ্যে ও গুরুর যাহাতে সন্তোষ হয় এরূপ দক্ষিণা দিতে হয়, নচেৎ দীক্ষাতে ফল হয় না।

অমুকগোত্রং শ্রীঅমুকঃ অমুকদেবতায়া অমুক-মন্ত্রসিদ্ধিপ্রতিবন্ধকাশেষদোষ-শান্তিপূর্ব্ব-কতত্তন্মন্ত্রসিদ্ধিকামঃ—যথোক্তফল প্রাপ্তিকামো বা শাক্তাভিষেকমহং করিষ্যে॥"

পরে সূক্তপাঠ করিয়া গুরুবরণ করিবেন—"ওঁ সাধুভবানাস্তাং" বলিয়া কৃতাঞ্জলিপূর্ব্বক প্রার্থনা করিলে—গুরু—"ওঁ সাধ্বহমাসে" বলিবেন। পরে শিষ্য পুনর্ব্বার কৃতাঞ্জলিপূর্ব্বক-প্রার্থনা করিবেন, "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং" গুরু—"ওঁ অর্চ্চয়" শিষ্য গন্ধ পুষ্প, যজ্ঞোপবীত, বস্ত্র, অলংকার দিয়া গুরুর পূজা করিয়া দূর্ব্বা ও তণ্ডুল দ্বারা গুরুর দক্ষিণ জানু ধারণ করত—"ও তৎসৎ অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে-ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ মৎসঙ্কল্পিতশাক্তাভিষেককর্ম্মণি শাক্তাভিষেককর্ম্মকরণায় অমুক-গোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং গুরুং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে॥ গুরু—ওঁ বৃতোঽস্মি" শিষ্য—"ওঁ যথাবিহিতমভিষেককর্ম্ম কুরু" গুরু—"ওঁ যথাজ্ঞানতঃ করবাণি।"

পরে গুরু আচমনাদি করিয়া স্বর্ণময়, রজতময়, তাম্রময় অথবা মৃন্ময় কুম্ভ গ্রহণ করিয়া তন্ত্রোক্তবিধানে ঘটস্থাপন করিবেন। পরে গুরু ঐ কুম্ভে ষোড়শোপচারে শিষ্যের ইষ্টদেবতার পূজা করিয়া হোমাদি সম্পাদন করত উভয় হস্তে স্থাপিত কুম্ভ ধারণ করিয়া পাঠ করিবেন। "ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মকলস দেবতাত্মকসিদ্ধিদ। সর্ব্বতীর্থাম্বুপূর্ণেন পূরয়াস্ম মনোরথং। ওঁ হ স ক ল হ্রীং" মন্ত্রে ঘট চালনা করিয়া পঞ্চ পল্লব দ্বারা কুম্ভস্থ জল গ্রহণ করিয়া শিষ্যকে অভিষিক্ত করিবেন।

অভিষেক মন্ত্র

অস্য শাক্তাভিষেকমন্ত্রস্য দক্ষিণামূর্ত্তির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ শক্তির্দ্দেবতা সর্ব্বসঙ্কল্পসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

ওঁ রাজরাজেশ্বরী শক্তির্ভৈরবী রুদ্রভৈরবী। শ্মশানভৈরবী দেবী ত্রিপুরানন্দভৈরবী॥ ত্রিপুরা ত্রিকূট দেবী তথা ত্রিপুরসুন্দরী। ত্রিপুরেশী মহাদেবী তথা ত্রিপুরমালিকা। ত্রিপুরানন্দিনী দেবী তথৈব ত্রিপুরাতনী। এতাস্ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা॥ ১॥ ছিন্নমস্তা মহাদেবী তথাচৈকজটেশ্বরী। তারা চ জয়দুর্গা চ শৃঙ্গিণী ভুবনেশ্বরী। ত্বরিত্যাখ্যা মহাদেবী তথা চ রতিঘণ্টিকা। নিত্যা চ নিত্যরূপা চ বজ্রপ্রস্তারিণী তথা॥ এতাস্ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা॥ ২॥ অশ্বারূঢ়া মহাদেবী তথা মহিষমর্দ্দিনী। দুর্গা চ নবদুর্গা চ শ্রীদুর্গা ভগমালিনী। তথা ভগন্দরী দেবী ভগক্লিন্না ভগেশ্বরী সর্ব্ব-চক্রেশ্বরী দেবী তথা নীলসরস্বতী। সর্ব্বসিদ্ধিকরী দেবী সিদ্ধগন্ধর্ব্বসেবিতা। উগ্রতারা মহাদেবী তথা দক্ষিণকালিকা। এতাস্ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা॥ ৩॥ ক্ষেমঙ্করী মহাকালী চানিরুদ্ধা সরস্বতী। মাতঙ্গী চান্নপূর্ণা চ রাজরাজেশ্বরী তথা। এতাস্ত্ব মভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা॥ ৪॥ উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা। চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা। এতাস্ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা॥ ৫॥ উগ্রদংষ্ট্রা মহাদংষ্ট্রা শুভদংষ্ট্রা কপালিনী। ভীমনেত্রা বিশালাক্ষী মঙ্গলা বিজয়া জয়া। এতাস্ত্বা-

মভিষিঞ্চন্ত মন্ত্রপূতেন বারিণা ॥ ৬ ॥ মঙ্গলা নন্দিনী ভদ্রা লক্ষ্মীঃ কান্তির্যশস্বিনী। পুষ্টির্মেধা শিবা সাধ্বী যশা শোভা জয়া ধৃতিঃ। আনন্দা চ সুনন্দা চ নন্দিনী নন্দপূজিতা। এতাস্ত্বামভিষিঞ্চ মন্ত্রপূতেন বারিণা ॥ ৭ ॥ বিজয়া মঙ্গলা ভদ্রা স্মৃতিঃ শান্তিঃ ক্ষমা ধৃতিঃ। সিদ্ধিস্তুষ্টিরুমা পুষ্টির্ভ্রান্তিস্তুষ্টীরতিস্তথা। দীপ্তা কান্তির্যশা লক্ষ্মীরীশ্বরী বুদ্ধিরেব চ। চক্রী মায়াবতী ব্রাহ্মী জয়ন্তী চাপরাজিতা। অজিতা মালতী শ্বেতা দিতিস্ত্বদিতিরেব চ। মায়া চৈব মহামায়া মোহিনী ক্ষোভিনী তথা। কমলা বিমলা গৌরী লাবণ্যাম্বুধি-সুন্দরী। দুর্গা ক্রিয়ারুন্ধতী চ ঘণ্টাকর্ণা কপালিনী। রৌদ্রী কালী চ মায়ূরী ত্রিনেত্রা চাপরাজিতা। সুরূপা বহুরূপা চ তথৈব বিগ্রহাত্মিকা। চর্চ্চিকা চাপরা জ্ঞাতা তথৈব সুরপূজিতা। বৈবস্বতী চ কৌমারী তথা মাহেশ্বরী পরা। বৈষ্ণবী চ মহালক্ষ্মীঃ কার্ত্তিকী কৌশিকী তথা। শিবদূতী চ চামুণ্ডা মুণ্ডমালা বিভূষিতা। এতাস্ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ৮ ॥ ইন্দ্রো বহ্নির্যমশ্চৈব নৈঋর্তো বরুণস্তথা। পবনো ধনদেশানৌ ব্রহ্মানন্তো দিগীশ্বরাঃ। সবৎসরশ্চায়নে চ মাসপক্ষদিনানি চ। এতে ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ৯ ॥ রবিঃ সোমঃ কুজঃ সৌম্যো গুরুঃ শুক্রঃ শনৈশ্চরঃ। রাহুঃ কেতুশ্চ সততমভিষিঞ্চন্তু তে গ্রহাঃ ॥ ১০ ॥ নক্ষত্রং করণং যোগোঽমৃতং সিদ্ধিস্ততঃ পরং। দগ্ধং পাপং তথা ভদ্রা যোগবারক্ষণাস্তথা। বারবেলাঃ কালবেলা দণ্ডাঃ রাহ্বাদয়স্তথা। অভিষিঞ্চন্ত সততং মন্ত্রপূতেন বারিণা ॥ ১১ ॥ আসিতাঙ্গো রুরুশ্চণ্ডঃ ক্রোধ উন্মত্ত-সংজ্ঞকঃ। কপালী ভীষাণাখ্যশ্চ সংহারাষ্টৌ চ ভৈরবাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ১২ ॥ ডাকিনীপুত্রকাশ্চৈব রাকিনীপুত্রকাস্তথা। লাকিনী-পুত্রকাশ্চান্যে কাকিনীপুত্রকাস্তথা। শাকিনীপুত্রকা ভুয়ো হাকিনীপুত্রকাস্তথা। ততশ্চ যক্ষিণীপুত্রা দেবীপুত্রাস্ততঃ পরং। মাতৃকাণাং তথা পুত্রা উর্দ্ধমুখ্যাঃ সুতাশ্চ যে। অভিষিঞ্চন্তু তে সর্ব্বে মন্ত্রপূতেন বারিণা ॥ ১৩ ॥ ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। এতে ত্বামভিষিঞ্চ মন্ত্রপূতেন বারিণা ॥ ১৪ ॥ পুরুষঃ প্রকৃতিশ্চৈব বিকারাশ্চৈব ষোড়শ। আত্মা পরাত্মা জীবাত্মা জ্ঞানাত্মা পরমাত্মনঃ। অনাত্মনশ্চাত্মনশ্চ স্থূলাঃ সূক্ষ্মাশ্চ যে পরে। এতে ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ১৫ ॥ বেদাদিবীজং হুঁ স্ত্রীবীজং তন্নিকেতনং। শক্তিবীজং রমাবীজং মায়াবীজং গুণাকরং। চিন্তাকরং মহাবীজং নারসিংহঞ্চ শাঙ্করং ॥ মার্ত্তণ্ডভৈরবং দৌর্গং বীজং শ্রীপুরুষোত্তমং। গাণপত্যঞ্চ বারাহং কালীবীজং ভয়াপহং। ত্বামেবমভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ১৬ ॥ গঙ্গা গোদাবরী রেবা যমুনা চ সরস্বতী। আত্রেয়ী ভারতী চৈব সরযূর্গণ্ডকী তথা। করতোয়া চন্দ্রভাগা শ্বেতগঙ্গা চ কৌশিকী। ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। এতাস্ত্বামভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ১৭ ॥ ভৈরবো ভীমরূপশ্চ সোনা ঘর্ঘর এবচ। সিন্ধুশ্চৈব হ্রদাঃ পান্তু তথা পাতালসম্ভবাঃ। যানি কানি চ তীর্থানি পুণ্যান্যায়তনানি চ। এতে ত্বামভিষিঞ্চন্ধ মন্ত্রপূতেন বারিণা ॥ ১৮ ॥ যম্বুদ্বীপাদয়ো দ্বীপাঃ সাগরা লবণাদয়ঃ। অনন্তাদ্যা মহানাগাঃ সর্ব্বে যে তক্ষকাদয়ঃ।

এতে ত্বামাভিষিঞ্চন্তু মন্ত্রপূতেন বারিণা ॥ ১৯ ॥ বহ্নিশ্চ বহ্নিজায়া চ বষট্ কূর্চ্চমতঃ পরং ; বৌষট্ কারন্তু ফট্‌কারমভিষিঞ্চন্তু সর্ব্বদা ॥ ২০ ॥ নশ্যন্তু প্রেতকুষ্মাণ্ডা রাক্ষসা দানবাশ্চ যে। পিশাচা গুহ্যকা ভূতা অভিষেকেন তাড়িতাঃ ॥ ২১ ॥ অলক্ষ্মীঃ কালকর্ণী চ পাপানি সুমহান্তি চ। নশ্যন্তু চাভিষেকেন তারাবীজেন তাড়িতাঃ ॥ ২২ ॥ রোগং শোকঞ্চ দারিদ্রং দৌর্ব্বল্যং চিত্তবিক্রিয়াঃ। নশ্যন্তু চাভিষেকেন বাগ্বীজেনৈব তাড়িতাঃ ॥ ২৩ ॥ লোকানুরাগত্যাগশ্চ দৌর্ভাগ্যমপি দুর্যশঃ। নশ্যন্তু চাভিষেকেন মন্মথেন চ তাড়িতাঃ ॥ ২৪ ॥ তেজোহ্রাসো বুদ্ধিহ্রাসঃ শক্তিহ্রাস স্তথৈব চ। নশ্যন্তু চাভিষেকেন শক্তিবীজেন তাড়িতাঃ ॥ ২৫ ॥ বিষাবিষ্টমহারোগা ডাকিন্যো মাতর-স্তথা। ঘোরাভিচারাঃ ক্রূরাশ্চ গ্রহা নাগাস্তথৈব চ ॥ ২৬ ॥ নশ্যন্তু বিপদঃ সর্ব্বাঃ সম্পদঃ সন্তু সুস্থিরাঃ। অভিষেকেন শাক্তেন পূর্ণাঃ সন্তু মনোরথঃ ॥ ২৭ ॥

গুরু এইরূপে[১] অভিষেক শেষ করিয়া সেই ঘটে শিষ্য দ্বারা ইষ্টপূজা করাইবেন, পরে শিষ্য গুরুকে দক্ষিণা দিবেন। "অদ্যেত্যাদিশ্রীঅমুকঃ যথোক্তফলকামনয়া কৃতৈতৎ শাক্তাভিষেককর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (বা তন্মূল্যং) অমুকগোত্রায় শ্রীঅমুক-দেবশর্ম্মণে শ্রীগুরবে তুভ্যমহং সম্প্রদদে ॥" পরে অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

পুরশ্চরণ

মন্ত্র সিদ্ধির জন্য জপ, হোম, তর্পণ অভিষেক ও ব্রাহ্মণভোজন, এই পঞ্চাঙ্গ কর্ম্মাত্মক পুরশ্চরণ করিতে হয়। যেরূপ জীব-হীন দেহ সর্ব্ব কার্য্যে অক্ষম, সেইরূপ পুরশ্চরণ-হীন মন্ত্র সিদ্ধি প্রদানে অক্ষম। সাধক স্বয়ং কিংবা গুরু দ্বারা পুরশ্চরণ করিবে। তদভাবে শাস্ত্রবেত্তা সর্ব্বপ্রাণীর হিতকারী, নানাগুণসম্পন্ন সদ্ব্রাহ্মণ দ্বারা কিংবা গুণশালিনী পুত্রবতী স্ত্রী-গুরু দ্বারা পুরশ্চরণ করাইবে।

পুরশ্চরণের স্থান-নির্ণয়

পুণ্যক্ষেত্র. নদীতীর, পর্ব্বতের গুহা, তীর্থস্থান এবং নদীসঙ্গমস্থল, উদ্যান, নির্জ্জনস্থান, বিল্বমূল, পর্ব্বততট, তুলসীকানন, গোষ্ঠস্থান, শিবালয়, অশ্বত্থ ও আমলকী বৃক্ষের মূল গোশালা, জলমধ্যবর্ত্তী স্থান, দেবালয়, সমুদ্রতীর ও নিজগৃহ এই সকল স্থানে পুরশ্চরণ প্রশস্ত।

পুরশ্চরণের পূর্ব্ব-কর্ত্তব্য

পুরশ্চরণ করিবার পূর্ব্বদিবস হবিষ্যাশী ব্রহ্মচারী হইবে এবং যে কয়দিন জপ করিতে হয়, সেই কয় দিবসই হবিষ্য করিতে হয়।

পুরশ্চরণকালে লবণ, ক্ষারদ্রব্য, মধু, মনের কুটিলতা, ক্ষৌরকর্ম্ম, তৈলমর্দ্দন, অনিবেদিত-অন্ন-ভোজন, অসঙ্কল্পিত কার্য্য এবং গাত্র-মার্জ্জনাদি পরিত্যাগ করিবে।

১। কলৌ সংখ্যা চতুর্গুণঃ" এই শাস্ত্রানুসারে চারিবার অভিষেক মন্ত্র পাঠ করিয়া অভিষেক করতঃ অন্য কার্য্য নির্ব্বাহ করিবেন।

পঞ্চগব্য অথবা আমলকীরস দ্বারা মন্ত্রপাঠপূর্ব্বক স্নান করিয়া যথোক্তবিধানে আচমন ও দেবতার অর্চ্চনা করিয়া ত্রিসন্ধ্যা বা এক সন্ধ্যা মন্ত্র জপ করিবে। শক্ত হইলে তিনবার অশক্ত হইলে একবার স্নান করিবে।

জপের নিয়ম

জপকালে অন্য শব্দ একবার উচ্চারণ করিলে, "ওঁ" এই মন্ত্র পাঠ এবং বিজাতীয় শব্দ উচ্চারণ করিলে একবার প্রাণায়াম করিয়া পুনরায় জপ করিবে। অনেক কথা বলিলে আচমন ও অঙ্গন্যাসাদি করিয়া পুনরায় জপ করিবে। মূল-মূত্রের বেগ ধারণ করিয়া, মলিনবস্ত্র পরিধান করিয়া, কেশ ও মুখাদির দুর্গন্ধযুক্ত হইয়া কদাচ জপ করিবে না। আলস্য, জৃম্ভণ, নিদ্রা, ক্ষুৎ (হাঁচি), থুৎকার, ভয়, নীচাঙ্গ স্পর্শন এবং ক্রোধ এই সমস্ত জপকালে পরিত্যাগ করিবে।

পুরশ্চরণ সিদ্ধির নিমিত্ত প্রতিদিন অনতি-বিলম্বিত অনতিদ্রুত এবং নিয়মিত সংখ্যায় জপ করিবে। আরম্ভ-দিবসে যত সংখ্যা জপ করিবে, প্রতিদিন তত সংখ্যা জপ করিতে হয়, ন্যূনাধিক্যে সিদ্ধিলাভ ঘটে না। কলিতে নির্ণীত সংখ্যার চারিগুণ জপ করিতে হয়। মানস জপে কোন নিয়ম নাই।

সূর্য্য, অগ্নি, গুরু, চন্দ্র, প্রদীপ, জল, ব্রাহ্মণ এবং গো-সন্নিধানে জপ প্রশস্ত।

গ্রামে জপ করিলে কূর্ম্ম-চক্রের বিচার করিতে হয়। কিন্তু পর্ব্বত, সমুদ্রতীর, পুণ্যারণ্য বা নদীতটে পুরশ্চরণ করিলে, কূর্ম্মচক্র বিচার করিতে হয় না।

কূর্ম্মচক্র করিয়া পূর্ব্বকথিত পর্ব্বত প্রভৃতি স্থান ব্যতীত স্থানে যদি পুরশ্চরণ করিতে হয়, তবে পুরশ্চরণ করিবার পূর্ব্ব-পূর্ব্ব দিবসে ক্ষৌরাদি সম্পাদন করত যে স্থানে মন সন্তুষ্ট হয়, এমন স্থানকে কার্য্যক্ষেত্র স্থির করিয়া "অমুকদেবতায়া অমুকমন্ত্রস্য পুরশ্চরণ-সিদ্ধয়ে ময়েয়ং ভূমির্গৃহ্যতে মন্ত্রো মে সিধ্যতাম্।" এই মন্ত্র পাঠপূর্ব্বক কূর্ম্মচক্রানুরূপ কুটীর মধ্যে দেবী প্রস্তুত করিবে। এই দেবীর চতুর্দ্দিকে দুই ক্রোশ পরিমিত স্থান নিজ আহার-বিহারার্থ কল্পনা করিয়া রাখিবে এবং পুরশ্চরণ আরম্ভ করিয়া সমাপন না হওয়া পর্য্যন্ত সেই কল্পিত স্থান অতিক্রম করিবে না। দেবীর পূর্ব্বদিকে স্থণ্ডিল-প্রমাণ ভূমি কুণ্ডবৎ ঈষৎ নিম্ন করিয়া রাখিবে।

পরদিন প্রত্যূষে স্নানাদি নিত্যক্রিয়া সমাধা করিয়া বট অশ্বত্থ, যজ্ঞডুমুর পাকুড় ও ক্ষীরিবৃক্ষ, ইহার যে কোন বৃক্ষের বিঘত প্রমাণ দশটি কাষ্ঠিকা গ্রহণপূর্ব্বক— "ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফট্" এই মন্ত্র দশ বার উচ্চারণ করিয়া দশ দিকে ঐ কাষ্ঠিকা পুতিবে। দশ দিক্ যথা—উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম, এই চারি-দিক্, অগ্নি, বায়ু, নৈঋত ও ঈশান, এই চারি কোণ এবং পূর্ব্বদিক্ ও অগ্নি কোণের মধ্যে একটি ও পশ্চিম এবং বায়ুকোণ ইহার মধ্যে একটি করিয়া এই দশটি পুতিবে। তৎপরে পাঠ করিবে—"ওঁ যে চাত্র বিঘ্নকর্ত্তারো ভূমি-দিব্যন্তরীক্ষগাঃ।

বিঘ্নীভূতাশ্চ যে চান্যে মম মন্ত্রস্য সিদ্ধিষু ॥ ময়ৈতৎ কীলিতং ক্ষেত্রং পরিত্যজ্য বিদূরতঃ। অপসর্পন্তু তে সর্ব্বে নির্ব্বিঘ্না সিদ্ধিরস্তু মে ॥" পরে আসনানুরূপ কূর্ম্মচক্র অঙ্কিত করিবে।

কূর্ম্ম-চক্র-বিচার

দীপস্থানং সমাশ্রিত্য কৃতং কর্ম্ম ফলপ্রদম্। দীপ্যতে পুরুষো যত্র দীপস্থানং তদুচ্যতে ॥ চতুরস্রং ভুবং ভিত্ত্বা কোষ্ঠানাং নবকং লিখেৎ ॥ পূর্ব্বকোষ্ঠাদি বিলিখেৎ সপ্তবর্গাননুক্রমাৎ ॥ ল-ক্ষমীশে মধ্যকোষ্ঠে স্বরান্ যুগ্মক্রমাল্লিখেৎ ॥ দিক্ষু পূর্ব্বাদিতো যত্র ক্ষেত্রাদ্যক্ষর-সংস্থিতিঃ। মুখন্তু তস্য জানীয়াৎ হস্তাবুভয়তঃ স্থিতৌ ॥ কোষ্ঠে কুক্ষী উভে পাদৌ দ্বে

কূর্ম্ম-চক্র

শিষ্টং পুচ্ছমীরিতম্। ক্রমেণানেন বিভজেন্মধ্যস্থমপি ভাগতঃ। মুখস্থো লভতে সিদ্ধিং করস্থঃ স্বল্পজীবনঃ। উদাসীনঃ কুক্ষিসংস্থঃ পাদস্থো দুঃখমাপ্নুয়াৎ ॥ পুচ্ছস্থঃ পীড্যতে মন্ত্রী বন্ধনোচ্চাটনাদিভিঃ। কূর্ম্মচক্রমিদং প্রোক্তং মন্ত্রিণাং সিদ্ধিদায়কম্ ॥ পিঙ্গলায়াম্।—কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপযজ্ঞকং। তস্য যজ্ঞফলং নাস্তি সর্ব্বানর্থায় কল্প্যতে ॥

দীপ স্থানে কর্ম্ম করিলে, তাহা শুভফলপ্রদ হয়। যে স্থানে পুরুষ দীপ্তিমান্ হয়, তাহাকেই দীপস্থান বলে। জপাদির জন্য যথাবিধি স্থান নির্দ্দেশ করিয়া সেই স্থানে একটি চতুষ্কোণ মণ্ডল করিবে। অনন্তর ঐ চতুরস্রকে নয় কোষ্ঠায় বিভক্ত করিয়া একটি কূর্ম্মচক্র নির্ম্মাণ করিবে। এই চক্রে পূর্ব্বদিক্ হইতে আরম্ভ করিয়া সপ্তকোষ্ঠায় সপ্তবর্গ এবং ঈশানকোণে 'ল' 'ক্ষ' এই দুই বর্ণ লিখিবে। চতুরস্রের মধ্যস্থিত নয়কোষ্ঠের মধ্যে অষ্ট কোষ্ঠাতে এইরূপ পূর্ব্বদিক্ হইতে আরম্ভ করিয়া দুই দুইটি করিয়া ষোড়শ স্বরবর্ণ লিখিতে হইবে। এই চক্রের যে স্থানে ক্ষেত্র—অর্থাৎ গ্রামের আদ্যক্ষর দৃষ্ট

হইবে, সেই স্থানেই কূর্ম্মের মুখ নিশ্চয় করিবে। মুখের উভয় পার্শ্বে যে দুই কোষ্ঠা তাহা দুই হস্ত, হস্তদ্বয়ের নিম্নে যে দুই কোষ্ঠা তাহা কূর্ম্মের কুক্ষি এবং সর্ব্বনিম্নে যে তিনটি কোষ্ঠা দেখা যাইবে, তাহার দুই পার্শ্বের দুই কোষ্ঠা দুই পদ ও অবশিষ্ট কোষ্ঠা কূর্ম্মের পুচ্ছস্বরূপ জানিতে হইবে। মধ্যস্থ নবকোষ্ঠাকেও এইরূপে মুখ ও হস্তাদিতে বিভক্ত করিতে হইবে।

এই প্রকারে কূর্ম্মের অঙ্গ বিভাগ করিয়া লইতে হইবে। জপ-পূজাদি-মণ্ডপে উক্তরূপে কূর্ম্মচক্র অঙ্কিত করিয়া উপবেশন-স্থান স্থির করিয়া লইবে। মণ্ডপের যে ভাগে কুর্ম্মের মুখ, সেই ভাগে বসিয়া জপাদি কার্য্য করিলে মন্ত্র-সিদ্ধি হয় এবং করের উপরে বসিয়া কার্য্য করিলে সাধক অল্পজীবী, কুক্ষির উপরে বসিয়া কার্য্য করিলে উদাসীন, পদের উপরে বসিয়া কার্য্য করিলে দুঃখী, পুচ্ছের উপরে বসিয়া কার্য্য করিলে সাধক বন্ধন ও উচ্চাটনাদি দ্বারা পীড়িত হয়।

এইরূপে কূর্ম্মচক্র করিয়া উহার মুখে বা পৃষ্ঠে উত্তরাস্য হইয়া উপবেশন করত আচমনাদি করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ সুদর্শনায় অস্ত্রায় ফট্॥ ওঁ ইন্দ্রলোকপাল ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদিক্রমে আবাহনপূর্ব্বক পূর্ব্বাদিক্রমে পঞ্চোপচারে পূজা করিবে—"ওঁ লাং ইন্দ্রায় লোকপালায় নমঃ।" এই ক্রমে,—"রাং অগ্নয়ে, যাং যমায়, ক্ষাং নৈঋর্তায়, বাং বরুণায় যাং বায়বে, সাং কুবেরায়, হাং ঈশানায়" নৈঋর্ত ও পশ্চিম কোণের মধ্যে—"হ্রীং অনন্তায়" পূর্ব্ব ও ঈশান কোণের মধ্যে—"ওঁ আং ব্রহ্মণে" বেদী মধ্যস্থলে—"ওঁ ক্ষেত্রপালায় নমঃ।" পাদ্যাদি দ্বারা পূজা করত মাষভক্ত বলি নিবেদন করিয়া দিবে,—"এষ মাষভক্তবলি ওঁ ক্ষৌঁ ক্ষেত্রপালায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তীশায় নমঃ।"

অনন্তর "অদ্যেত্যাদি—মৎকর্ত্তব্যামুক-দেবতায়া অমুকমন্ত্রস্য পুরশ্চরণকর্ম্মণি বিঘ্ন-বিনাশার্থং গণেশপূজামহং করিষ্যে," এইরূপে সঙ্কল্প করিয়া ধ্যান পাঠপূর্ব্বক—দশোপচারে গণেশের পূজা করিবে। পরে—"এষ মাষভক্তবলিঃ ওঁ ইন্দ্রাদিদিক্পালেভ্যো নমঃ। ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্ম্মাণো রৌদ্রস্থাননিবাসিনঃ। মাতরোঽপ্যুগ্ররূপাশ্চ গণাধিপতয়শ্চ যে॥ বিঘ্নীভূতাশ্চ যে চান্যে দিগ্বিদিক্ষু সমাশ্রিতাঃ। সর্ব্বে তে প্রীতমনসঃ মনসঃ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ।"

এইরূপে মাষভক্তবলি দিয়া অষ্টোত্তরসহস্র বার সাবিত্রী ও স্ত্রী-শূদ্রেরা দেবতার গায়ত্রী জপ করিবে। সংকল্প যথা—"অদ্যেত্যাদি—অমুকদেবশর্ম্মা জ্ঞাতাজ্ঞাতসর্ব্বপাপ-ক্ষয়কামোঽষ্টোত্তরসহস্রসংখ্যক-সাবিত্রীজপমহং করিষ্যে।" এই দিনে গুরু ব্রাহ্মণকে বস্ত্রাদি দ্বারা সন্তুষ্ট করিবে ও একটি ব্রাহ্মণ ভোজন করাইবে এবং স্বয়ং হবিষ্যান্ন ভোজন করিবে কিম্বা উপবাস করিবে।

পুরশ্চরণদিনে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া সম্পন্ন করত গুরুপূজা করিবে এবং কৃতাঞ্জলি হইয়া বলিবে—"শ্রীগুরো অমুকমন্ত্রস্য পুরশ্চরণমহং করিষ্যে তত্র ভাবাননুজানাতু"

গুরুদেব বলিবেন,—অমুকমন্ত্রস্য পুরশ্চরণং কুরু সিদ্ধিস্তে ভবতু।" গুরু উপস্থিত না থাকিলে তাঁহার উদ্দেশে বস্ত্রাদি রক্ষা করিয়া মনে মনে অনুজ্ঞা লইবেন। তৎপরে প্রদীপ জ্বালিয়া চক্রের উপর প্রশস্ত আসনে উপবেশনান্তে আচমনপূর্ব্বক স্বস্তিবাচন করিয়া সংকল্প করিবেন—"বিষ্ণুরোঁ তৎসদস্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথাবারভ্য অমুকঃগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীঅমুকদেবতায়া-ইষ্টদক্ষবাত্ম-কামুকমন্ত্রস্য সিদ্ধিকামোমুকমন্ত্রস্য ইয়ৎসংখ্যকজপতদ্দশাংশহোম-তদ্দশাংশতর্পণ-তদ্দশাংশভিষেক-তদ্দশাংশব্রাহ্মণভোজনরূপং পুরশ্চরণমহং করিষ্যে।" পরে সংকল্পসূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্য করত "দ্বারদেবতাভ্যো নমঃ" এই মন্ত্র পাঠ করিয়া পূজান্তে স্থানশোধনাদি করিবেন।

যদি প্রকৃত প্রসবকালে বালকের জন্ম হয়, অর্থাৎ নবম কিম্বা দশম মাসে বালক জন্ম গ্রহণ করে, তবে সপিণ্ডবর্গের সম্পূর্ণ জননাশৌচ। আর যদি জননাশৌচকালের মধ্যে বালকের মৃত্যু হয়, তবে পিতামাতার অস্পৃশ্যত্বযুক্ত স্বজাত্যুক্ত জননাশৌচ। সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ, ইহা ব্রাহ্মণাদি চারি বর্ণের সমান। আর অশৌচের পর সেই বালকের মৃত্যু হইলে শূদ্র ভিন্ন সোদর ভ্রাতার একাহ অশৌচ হইবে।

যদি স্বজাত্যুক্ত জননাশৌচের মধ্যে জাত বালকের মৃত্যু হয়, তবে তাহার পিতা মাতা শাবাশৌচ (মৃতাশৌচ) গ্রহণ না করিয়া, জননাশৌচ গ্রহণ করিবে, এই বচনে বান্ধবপদে পিতা ও মাতা বুঝিতে হইবে।

যদি গর্ভে মৃত পুত্র কিম্বা কন্যা প্রসব হয়, তবে সপিণ্ডবর্গের স্বজাত্যুক্ত জননাশৌচ হইবে।

জননাশৌচের পর যদি অজাতদন্ত বালক মরে, তবে পিতা ও মাতার একরাত্র, আর দন্ত জন্মিয়া মরিলে তিন রাত্র অশৌচ হইবে।

অশৌচকালের পর ছয় মাসের মধ্যে বালকের মৃত্যু হইলে সপিণ্ডের সদ্যঃ শৌচ, ছয় মাসের পর দুই বৎসরের মধ্যে মরণ হইলে একাহ, দুই বৎসরের পর ছয় বৎসর তিন মাস মধ্যে মরণ হইলে ত্রিরাত্র অশৌচ হইবে।

নির্গুণ সপিণ্ডের পক্ষে দন্তজননান্তর মরণে একাহ ও চূড়াকরণানন্তর ত্রিরাত্র অশৌচ হইবে।

যদি ব্রাহ্মণ সন্তানের অপূর্ণ দুই বৎসরের মধ্যে চূড়াকরণ হইয়া থাকে এবং তাহার পর সেই বালকের মৃত্যু হয়, তবে সকলেরই ত্রিরাত্র অশৌচ হইবে।

দুই বৎসরের পর ছয় বৎসর তিনমাসের মধ্যে বালক মরিলে ত্রিরাত্র অশৌচ।

যদি পঞ্চম বৎসর উপনয়ন হয়, তবে সকলেরই দশরাত্র অর্থাৎ পূর্ণাশৌচ হইবে।

সাধারণতঃ এই নিয়ম যে, যদি ব্রাহ্মণবালকের ছয় মাসে দন্ত, এক বৎসর বয়স

শূদ্রসম্বন্ধীয় অশৌচব্যবস্থা

ত্রিরাত্রন্তু ভবেচ্ছুদ্রে যণ্মাসোনশিশৌ মৃতে। ইতি মৎস্যপুরাণম্।

শূদ্রে ত্রিবর্ষান্ন্যূনে তু মৃতে শুদ্ধিস্তু পঞ্চভিঃ। অতঃ ঊৰ্দ্ধং মৃতে শূদ্রে দ্বাদশোহো বিধীয়তে॥ যড়্বর্ষান্তমতীতো যঃ শূদ্রঃ সংম্রিয়তে যদি। মাসিকন্তু ভবেচ্ছৌচমিত্যাঙ্গির-সভাষিতম্॥ ইতি অঙ্গিরাঃ।

বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতে সদা—ইতি আদিপুরাণং।

শৌচাশৌচং প্রকুর্ব্বীরন্ শূদ্রবদ্বর্ণসঙ্করাঃ।—ইতি আদিপুরাণং।

ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা প্রসূতা দশভিদ্দিনৈঃ। গতৈঃ শূদ্রা তু সংস্পৃশ্যা ত্রয়োদশভিরেব চ॥ ইতি আদিপুরাণং।

সূতিকাং পুত্রবতীং বিংশতিরাত্রেণ স্নাতাং সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ, মাসেন স্ত্রীজননী-মিতি পৈঠীনসিঃ॥

আজন্মনস্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে॥ সদ্যঃশৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ॥

অন্যচ্চ—ঊনদ্বিবর্ষামরণে সদ্যঃশৌচমুদাহৃতম্।

ততো বাগ্দানপর্য্যন্তং যাবদেকাহমেব হি।—ইতি আদিপুরাণং।

বাক্‌প্রদানে কৃতে তত্র জ্ঞেয়ঞ্চোভয়তস্ত্র্যহং। পিতুর্ব্বরস্য চ ততো দত্তানাং ভর্ত্তুরেব হি।

সময়ে চূড়াকরণ ও পঞ্চম বৎসর বয়সে উপনয়ন হয়, তবে যথাক্রমে, একাহ, ত্র্যহ ও দশাহ অশৌচ হইবে।

জননাশৌচের পর ছয় মাসের ঊন অর্থাৎ—অপূর্ণ ছয় মাসে শূদ্র বালক মরিলে ত্রিরাত্র অশৌচ হইবে। ইহা পিতা মাতা সোদর ও সপিণ্ডবর্গ সকলেরই সমান।

ছয় মাসের পর দুই বৎসরের মধ্যে শূদ্র বালক মরিলে পাঁচ দিন অশৌচ। তাহার পর ছয় বৎসর মধ্যে মরিলে বার দিন। ছয় বৎসর অতীত হইয়া মরিলে এক মাস অশৌচ, কিন্তু ছয় বৎসর মধ্যে যদি বিবাহ হইয়া থাকে, তাহা হইলে এক মাস অশৌচ হইবে। যেমন পূর্ব্বে কথিত হইয়াছে "পঞ্চম বৎসর বয়সে ব্রাহ্মণবালকের উপনয়ন হইলে তাহার মরণে পূর্ণাশৌচ" এস্থলেও সেইরূপ।

ব্রাহ্মণের উপনয়ন ও শূদ্রের বিবাহই প্রধান সংস্কার।

বর্ণসঙ্করদিগের পক্ষে অশৌচব্যবস্থা শূদ্রতুল্য।

পুত্র জন্মিলে মাতার দশদিন পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব ও পিতার স্নানের পূর্ব্বপর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকে।

পুত্র কন্যা জন্মিলে ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা সকলেরই দশদিন পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকে, শূদ্রার ত্রয়োদশ দিন পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকে।

ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা, পুত্র প্রসব করিলে বিংশতিরাত্রিতে স্নান করিয়া সর্ব্বকর্ম্ম করণের যোগ্যা হয়। আর কন্যা প্রসব করিলে এক মাস অশৌচ থাকে। পূর্ব্ববচনে

সোদরাশৌচং

আদন্তাৎ সোদরে সদ্য আচূড়াদেকরাত্রকং। আপ্রদানাৎ ত্রিরাত্রং স্যাদ্দশরাত্রমতঃ পরম্ ॥—ইতি কর্ম্মপুরাণম্।

দত্তনারীপক্ষে তু—

দত্তানারী পিতুর্গেহে সূয়তে ম্রিয়তেঽথবা। স্বমশৌচং চরেৎ সম্যক্ পৃথক্স্থান-ব্যবস্থিতা। তদ্বন্ধুবর্গস্ত্বেকেন শুধ্যেত্তু জনকস্ত্রিভিঃ ॥

গর্ভস্রাবাশৌচং

অর্ব্বাক ষণ্মাসতঃ স্ত্রীণাং যদি স্যাদ্ গর্ভসংস্রবঃ। তদা মাসসমৈস্তাসাং দিবসৈঃ শুদ্ধিরিষ্যতে ॥ ইতি কূর্ম্মপুরাণম্।

অত উর্দ্ধন্তু পতনে স্ত্রীণাং স্যাদ্দশরাত্রকং। সদ্যঃশৌচং সপিণ্ডানাং গর্ভস্রাবাচ্চ বা ততঃ ॥ গর্ভচ্যুতাবহোরাত্রং সপিণ্ডেঽত্যন্তনির্গুণে। যথেষ্টাচরণে জ্ঞাতৌ ত্রিরাত্রমিতি নিশ্চয়ঃ ॥—ইতি কূর্ম্মপুরাণং।

দ্বিতীয়তৃতীয়চতুর্থপঞ্চমষষ্ঠমাসেষপি ব্রাহ্মণীক্ষত্রিয়াবৈশ্যাশূদ্রাণাং যথাক্রমং মাসসম-সংখ্যকদিনাতিরিক্তমেকারাত্রং, দ্বিরাত্রং, ত্রিরাত্রং, ষড়্‌রাত্রঞ্চ, দৈবপৈত্রকর্ম্মানধিকারঃ। ইতি স্মার্ত্তসম্মতব্যবস্থা।

দশদিন ব্রাহ্মণীর পক্ষে, এখানে এক মাস ও বিংশতি দিন, ইহার মীমাংসা এই যে পূর্ব্ববচন অঙ্গাস্পৃশ্যত্ববিষয়ক, এই বচন অশৌচ বিষয়ক, আর শূদ্রার পুত্র ও কন্যা উভয় স্থলেই জাতাশৌচ একমাস ও অঙ্গাস্পৃশ্যত্ব ত্রয়োদশ দিন।

জন্ম হইতে চূড়ান্তকরণ সময় পর্য্যন্ত কালের মধ্যে অর্থাৎ দুইবর্ষমধ্যে কন্যার মৃত্যু হইলে সকলেরই সদ্যঃশৌচ হইবে। ইহা সকল বর্ণের পক্ষে সমান।

যাহার বয়স দুই বৎসর পূর্ণ হয় নাই, সেইরূপ বালিকার মৃত্যু হইলে সদ্যঃশৌচ হইবে। দুইবৎসরের পর বাগ্দান পর্য্যন্ত একদিন অশৌচ হইবে।

বাগ্দানের পর বিবাহ নিষ্পন্ন না হইয়া মরিলে পিতৃকুল ও ভর্ত্তৃকুল উভয় কুলেই ত্রিরাত্র অশৌচ হইবে। বাগ্দানের কাল বিবাহের পূর্ব্বসময় পর্য্যন্ত। বিবাহের পর ভর্ত্তৃকুলে সম্পূর্ণ শৌচ হয়।

কন্যার জন্ম হইতে দন্তজননকাল পর্য্যন্ত সোদর ভ্রাতার সদ্যঃশৌচ হইবে। পরে চূড়াকরণ কাল পর্য্যন্ত একরাত্র, তাহার পর বাগ্দান কাল পর্য্যন্ত ত্রিরাত্র অশৌচ হইবে, পরে ভ্রাতার আর অশৌচ নাই। কিন্তু এখানে (দশরাত্রমতঃপরং) এই বাক্যার্থ এই যে, বিবাহ সম্পন্ন হইলে ভর্ত্তৃকুলে স্বজাত্যুক্ত অশৌচ হইবে।

বিবাহিতা কন্যার যদি পিতৃগৃহে প্রসব হয়, কিম্বা তাহার মৃত্যু হয়, তবে পৃথক্ স্থান ব্যবস্থিতত্বহেতু, অর্থাৎ তাহার সহিত ভোজনাদি সংসর্গ না থাকিলে পিতা মাতার তিন দিন ও তদ্বন্ধুবর্গ অর্থাৎ সেই কন্যার ভ্রাতাদির একদিন অশৌচ হইবে।

অথ অশৌচসঙ্করবিচারঃ

অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্মরণজন্মনী। তাবৎ স্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎ স্যাদনির্দ্দশম্ ॥—ইতি মনুসংহিতা।

স্ব স্ব জাত্যুক্ত জননাশৌচ বা মৃতাশৌচের মধ্যে যদি অপর কোন জননাশৌচ বা মৃতাশৌচ পতিত হয়, তবে, পূর্ব্বাশৌচান্ত দিনেই দ্বিতীয়াশৌচ সমাপ্ত হইবে।

সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ। অসমানং দ্বিতীয়েন ধর্ম্মরাজবচো যথা ॥—ইতি শঙ্খঃ।

গর্ভস্রাবের কাল প্রথম মাসাবধি অষ্টম মাস পর্য্যন্ত, ইহার ঊর্দ্ধে প্রসবকাল। যদি ছয়মাসের মধ্যে গর্ভস্রাব হয়, তবে যতমাস গর্ভ হইয়াছিল, ততদিন অশৌচ হইবে। কিন্তু এই অশৌচ কেবল সেই স্ত্রীর পক্ষে, অন্য কাহারও পক্ষে নহে।

তাহার পর যদি আট মাস পর্য্যন্ত কালের মধ্যে গর্ভস্রাব হয়, তবে স্ত্রীর স্বজাত্যুক্ত অশৌচ, সগুণ সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ, নির্গুণ সপিণ্ডের একাহ ও যথেষ্টাচারিজ্ঞাতির ত্রিরাত্র।

দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ মাসে যদি গর্ভস্রাব হয়, তবে স্ত্রীর মাসসমসংখ্যক দিন অশৌচের পর ব্রাহ্মণীর একদিন, ক্ষত্রিয়ার দুইদিন, বৈশ্যার তিন দিন, শূদ্রার ছয় দিন পর্য্যন্ত দৈব ও পৈত্র কর্ম্মে অধিকার থাকে না। আর লৌকিককর্ম্ম মাসসমসংখ্যক দিনের পর করিতে পারিবে।

অশৌচের গুরুতা তিন প্রকার।—প্রথমতঃ জননাশৌচ হইতে মৃতাশৌচ গুরু। দ্বিতীয়তঃ জ্ঞাতির পুত্রকন্যাজননাশৌচ হইতে স্বীয়সন্তানজননাশৌচ গুরু। তৃতীয়তঃ সপিণ্ডের মৃতাশৌচ হইতে স্বীয় পিতা মাতা ও স্বামীর মৃতাশৌচ গুরু। এক্ষণে বিবেচনা করিয়া দেখুন, সপিণ্ডের জনন বা মৃতাশৌচের মধ্যে যদি স্বীয় পুত্র জনন বা মহাগুরু নিপাত হয়, তবে উক্ত সপিণ্ডাশৌচ গুরু-অশৌচান্ত দিনেই শেষ হইবে। কিন্তু যদি স্বস্বজাত্যুক্ত অশৌচের প্রথমার্দ্ধে উক্ত দ্বিতীয় গুরু-অশৌচ পতিত হয়, অর্থাৎ সপিণ্ডজননাশৌচের প্রথমার্দ্ধে স্বপুত্র জনন হয়, কিংবা সপিণ্ডমরণাশৌচের পূর্ব্বার্দ্ধে পিতৃ-মাতৃ-ভর্তৃ-মরণ হয়, তবে পূর্ব্বাশৌচেই শুদ্ধ হইবে। আর শেষার্দ্ধে পতিত হইলে পরাশৌচান্তে শুদ্ধ হইবে।

যদি প্রথমে এক গুরু-অশৌচ হইয়াছে; আর প্রথমার্দ্ধেই হউক আর শেষার্দ্ধেই হউক দ্বিতীয় গুরু-অশৌচ পতিত হইল, সেখানে দুইয়েরই সমতাপ্রযুক্ত পূর্ব্বাশৌচান্তকালেই দ্বিতীয় অশৌচ যাইবে। কিন্তু যদি দ্বিতীয় অশৌচ পূর্ব্বাশৌচের দশমদিনে অর্থাৎ অশৌচান্তদিনে পতিত হয়, তবে দুই দিন এবং রাত্রি শেষে পতিত হইলে তিন দিন বৃদ্ধি হইবে।

যদি জননাশৌচের মধ্যে শূদ্রা ভিন্ন প্রসূতা-স্ত্রীর স্বামীর মৃত্যু হয়, তথাপি তাহার

দীর্ঘকালীন জননাশৌচান্ত দিনেই ঐ মৃতাশৌচের শেষ হইবে। আর যদি সপিণ্ডমরণাশৌচান্তদিনে পিতৃমরণ হয়, তবে সপিণ্ডাশৌচ পিতৃমরণজন্য—অশৌচান্তদিনে শেষ হইবে, কারণ মহাগুরুনিপাতাতাশৌচেরই গুরুত্ব। আর যদি পিতৃমরণাশৌচমধ্যে মাতার মৃত্যু হয়, তবে পূর্ব্বাশৌচান্তদিনেই পরাশৌচ শেষ হইবে, কারণ দুই তুল্যাশৌচ।

আপনার পুত্র কিম্বা কন্যা জন্মিলে সেই অশৌচের মধ্যে যদি সপিণ্ডের পুত্র কিম্বা কন্যা জন্মে, তাহা হইলে আপনার পুত্রকন্যাজননাশৌচান্তদিনেই শুদ্ধি হইবে।

যদি এক দিবসে দুই সপিণ্ডের মৃত্যু হইয়া পরে মাতা, পিতা কিম্বা স্বামীর মৃত্যু হয়, তাহা হইলে পূর্ব্বাশৌচান্তদিনেই সকলের অশৌচ শেষ হইবে।

যদি জাতাশৌচের মধ্যে অপর কোন জাতাশৌচ পতিত হয় এবং পূর্ব্বজাত সন্তানের উক্ত অশৌচমধ্যে মৃত্যু হয়, তবে পিতামাতার ও সপিণ্ডবর্গের জাতাশৌচ স্নানামাত্রে শুদ্ধ হয়। আর যদি পরজাত বালক, অশৌচের মধ্যে মরে তবে সকলের জাতাশৌচ সমভাবে থাকিবে, যদি সপিণ্ডের জননাশৌচের প্রথমার্দ্ধে স্বীয় পুত্রের জন্ম হয়, তবে সপিণ্ডাশৌচের শুদ্ধিদিনে শুদ্ধি, পরার্দ্ধে পতিত হইলে স্বীয় অশৌচে শুদ্ধি।

তুল্যকালব্যাপক সামান্য জননাশৌচ ও মরণাশৌচ মিলিত হইলে মরণাশৌচ কাল দ্বারাই শুদ্ধি হইবে। আর যদি জনন ও মরণ এই দুই প্রকার অশৌচের মধ্যে একটী অল্পকালব্যাপক ও অপরটী দীর্ঘকালব্যাপক হয় তবে দীর্ঘকালব্যাপক অশৌচেই শুদ্ধি হইবে।

যমজাশৌচ

যমজস্থলে—দুইটি পুত্র জন্মিলে একটি পূর্ণাশৌচই হইবে। আর অশৌচ কালের মধ্যে পূর্ব্বজাত পুত্রটি মারা গেলে পিতা ও মাতার অস্পৃশ্যত্বযুক্ত পূর্ণাশৌচ সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ॥ পরজাত পুত্রটি মারা গেলে পিতা প্রভৃতি সপিণ্ডাদিবর্গের স্ব স্ব জননাশৌচই থাকিবে। দুইটী কন্যা জন্মিলেও একটি কন্যাজননাশৌচই হইবে কিন্তু পূর্ব্বজাতকন্যা অশৌচকালের মধ্যে মারা গেলে পিতা, মাতা ও সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ, আর পরজাত কন্যাটি মারা গেলে পূর্ব্বজাতকন্যাজননাশৌচই সকলের থাকিবে।

কন্যাপুত্রযমজস্থলে অশৌচমধ্যে কন্যা (পূর্ব্বজাতা) মারা গেলে পিতা, মাতা ও কন্যা সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ আর পুত্র (চতুর্থ পুরুষ হইতে) সপিণ্ডাদির (পুত্র)জননাশৌচ থাকিবে। পরজাত পুত্র মারা গেলে পিতার পূর্ণাশৌচ মাতার রাত্রি অশৌচই হইবে, আর ত্রিপুরুষ পর্য্যন্ত কন্যাসপিণ্ডের পূর্ব্ব জননাশৌচ, চতুর্থ পুরুষ হইতে পুত্রসপিণ্ডাদির অশৌচাভাব। দুইটি মারা গেলে পিত্রাদি সকলের অশৌচাভাব।

পুত্রকন্যাযমজের অশৌচমধ্যে পুত্র (পূর্ব্বজাত) মারা গেলে পিতার অস্পৃশ্যত্বযুক্ত পূর্ণাশৌচ, মাতার ত্রিশ রাত্রি অশৌচ আর সপিণ্ডবর্গের অশৌচাভাব। পরজাত কন্যা মারা গেলে পিতা প্রভৃতি সপিণ্ডাদিবর্গের পূর্ব্বজননাশৌচই থাকিবে আর মাতার সদ্যঃশৌচ ইহাই বিশেষ। দুইটী মারা গেলে পিতা ও মাতার পূর্ণাশৌচ, সপিণ্ডের অশৌচাভাব।

অথ খণ্ডাশৌচং

মাতৃস্বসৃমাতুলয়োঃ শ্বশ্রূশ্বশুরয়োর্গুরৌ।
ঋত্বিজি বৈ চোপরতে ত্রিরাত্রমিতি শিষ্যকে॥

শ্বশুরয়োর্ভগিন্যাস্তু মাতুলান্যাঞ্চ মাতুলে। পিত্রোঃ স্বসরি তদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশাম্॥—ইতি মিতাক্ষরারত্নাকরয়োর্বৃহন্মনুবচম্।

আগামির্বর্তমানাহর্যুক্তায়াং নিশি পক্ষিণী। ইত্যমরঃ।

আচার্য্যপত্নীপুত্রোপাধ্যায়মাতুলশ্বশুরশ্বশুর্য্যসহাধ্যায়িশিষ্যেষ্বেকরাত্রেণ।

ইতি হারলতাপ্রভৃতয়ঃ।

সংস্থিতে পক্ষিণীং রাত্রিং দৌহিত্রে ভগিনীসুতে। সংস্কৃতে তু ত্রিরাত্রং স্যাদিতি ধর্ম্মো ব্যবস্থিতঃ॥ পিত্রোরুপরমে স্ত্রীণামূঢানান্তু কথং ভবেৎ। ত্রিরাত্রেণৈব শুদ্ধিঃ স্যাদিত্যাহ ভগবান্ মনুঃ॥

মাতৃস্বসা অর্থাৎ মাসী, মাতুল, শ্বশুর, শ্বাশুড়ী, আচার্য্যরূপ গুরু, পুরোহিত ও শিষ্য যদি আপনার গৃহে বা নিকটে মারা যান, তবে ত্রিরাত্র অশৌচ হইবে।

শ্বশুর, শ্বাশুড়ী, ভগিনী, মাতুলানী, মাতুল, পিতা ও মাতার ভগিনী যদি মারা যান, তবে পক্ষিণী অশৌচ হইবে। মাতামহ মরণে ত্রিরাত্র ও মাতামহী মরণে পক্ষিণী অশৌচ হইবে।

আগামী ও বর্ত্তমান দিন ও তন্মধ্যরাত্রি, ইহাকে পক্ষিণী বলে।

গুরুপত্নী, গুরুপুত্র, শিক্ষাগুরু, সহাধ্যায়ী, শিষ্য, মাতুল, শ্বশুর, শ্বাশুড়ী, শ্যালক যদি ভিন্ন স্থানে মারা যান, তবে একাহ, একগ্রামে পক্ষিণী ও স্বগৃহে মৃত্যু হইলে ত্রিরাত্র অশৌচ হইবে।

দৌহিত্র ও ভাগিনেয় মৃত্যু হইলে পক্ষিণী অশৌচ হইবে, দাহাদি করিলে ত্রিরাত্রাশৌচ। আর যদি পিতা ও মাতার মরণ হয়, তবে বিবাহিতা কন্যা দাহাদি না করিলেও তাহার ত্রিরাত্র অশৌচ হইবে। পরন্তু অবিবাহিতা কন্যার পিত্রাদিসপিণ্ডমরণে একাহাশৌচ স্মার্ত্তসম্মত।

দত্তকাশৌচং

দত্তকচন্দ্রিকাটীকায়াং ভরতশিরোমণিধৃতং বৃহন্মনুবচনম্—সগোত্রাৎ পরগোত্রাদ্বা পুত্রহীনোঽগ্রহীৎ সুতম্। দশরাত্রং ত্রিরাত্রং বা অশৌচং স্যাদ্ যথাক্রমম্॥ অপরে তু—পরাশরঃ।—"ভিন্নগোত্রঃ সগোত্রো বা নীতঃ সংস্কৃত্য চেচ্ছয়া। জননে মরণে তস্য ত্র্যহাশৌচং বিধীয়তে॥" বৃহদ্বশিষ্ঠবচনম্।—ক্ষেত্রজাদ্যাঃ সুতাশ্চৈব একাদশা ক্রমোদিতাঃ। জননে মরণে চৈব ত্র্যহাশৌচস্য ভাগিনঃ। তৎসুতাদ্যা দশাহেন শুধ্যন্তি মৃতসূতকে॥

সপিণ্ডজ্ঞাতির নিকট হইতে যে দত্তক গ্রহণ করা হয়, তাহার মৃত্যু হইলে অথবা তাহার পুত্রাদি জন্মিলে গ্রহীতৃপিতা প্রভৃতি সপিণ্ডবর্গের স্ব স্ব জাত্যুক্ত পূর্ণাশৌচ হইবে,

আর তাহার সকুল্যদিগের ত্রিরাত্র, সমানোদকদিগের পক্ষিণী এবং সগোত্রদিগের একরাত্র অশৌচ হইবে। অন্য পণ্ডিতগণ বলেন—যে, দত্তকপুত্র সপিণ্ড কি অসপিণ্ড হইতে গৃহীত হইলেও তাহার মরণে গ্রহীতা প্রভৃতি সপিণ্ডবর্গের ত্রিরাত্র, সাকুল্যদিগের একরাত্র, সমানোদকাদির স্নাননাশ্য অশৌচ হইবে এবং সেই গ্রহীতা প্রভৃতি সপিণ্ডবর্গের ও সাকুল্য সমানোদকাদির মরণে দত্তকের যথাক্রমে ত্রিরাত্র একরাত্র স্নাননাশ্য অশৌচ হইবে, ইহা কল্পনা করিতে হইবে। কিন্তু দত্তকের স্ত্রী ও পুত্রাদির মরণজননাদিতে পরস্পর স্বজাত্যুক্ত অশৌচ হইবে অর্থাৎ দত্তক মরিলে তাহার স্ত্রী ও পুত্রাদির পূর্ণাশৌচ হইবে এবং নিজের স্ত্রীর বা পুত্রের মৃত্যুতে বা পুত্রের জননে দত্তকেরও পূর্ণাশৌচ হইবে, ইহা দুই মতেই সমান। বিরোধের মীমাংসা—যে দেশে যেরূপ ব্যবহার আছে সেই দেশে সেইরূপ করিবে।

শবদহনাশৌচ

অসম্বন্ধিনো দহিত্বা বহিত্বা সদ্যঃশৌচং, সম্বন্ধে তু ত্রিরাত্রমিতি। সম্বন্ধে তদ্যুক্তে সপিণ্ডেতরে মাতুলাদৌ।

উঢ়কন্যানাস্তু দাহাদিকং বিনাপি॥ অন্যথা তদ্বোঢ়ু রশৌচং ন তস্যা ইতি মহদ্বৈষম্যং স্যাদিতি স্মার্ত্তাঃ।

মাতুলে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্বান্ধবেষু চ। ইতি মনুঃ।

আত্মমাতুঃ স্বসুঃ পুত্রা আত্মপিতুঃ স্বসুঃ সুতাঃ। আত্মমাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ॥ ইতি মিতাক্ষরায়াং।

সমানোদকানাং ত্র্যহং গোত্রজানামহঃ স্মৃতং। মাতৃবন্ধৌ গুরৌ মিত্রে মণ্ডলাধিপতৌ তথা॥ ইতি জাবালিঃ।

যাহার সহিত কোন অশৌচ সম্পর্ক নাই, তাহার দাহাদি করিলে সদ্যঃশৌচ, আর যাহার সহিত অশৌচ সম্পর্ক অর্থাৎ সপিণ্ডভিন্ন মাতুলত্বাদি সম্বন্ধ আছে, তাহার দাহাদি করিলে ত্রিরাত্র আর বিবাহিতকন্যাপক্ষে দাহাদি না করিলেও মাতৃপিতৃমরণে ত্রিরাত্র অশৌচ।

মাতুল, শিষ্য, পুরোহিত ও স্ববান্ধব, ইহাদের দাহাদি না করিলে পক্ষিণী, দাহাদি করিলে ত্রিরাত্র অশৌচ হইবে।

সকুল্য মরিলে তিন দিন, জন্মনাম স্মৃতি পর্য্যন্ত গোত্রজ মরিলে একাহ। আর মাতৃবন্ধু, গুরু, মিত্র ও মণ্ডলাধিপতি অর্থাৎ রাজা মরিলে একরাত্র অশৌচ হইবে।

অনশনে, বিদ্যুদগ্নিতে, জলে ও অগ্নিতে প্রবিষ্ট হইয়া এবং উচ্চ দেশ হইতে পতিত হইয়া মরিলে সংগ্রামে ও দেশান্তরে মরিলে এবং জাতদন্ত হইয়া মরিলে ত্রিরাত্রাশৌচ হইবে।

মাতুর্মাতুঃ স্বসুঃ পুত্রা মাতুঃ পিতুঃ স্বসুঃ সুতাঃ। মাতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃ-বান্ধবাঃ॥ ইতি মিতাক্ষরায়াং।

মৃত্যুবিশেষাশৌচ

অনশনমৃতানামশনিহতানামগ্নিজলপ্রবিষ্টানাং

ভৃগুসংগ্রামদেশান্তরমৃতানাং জাতদন্তানাং ত্রিরাত্রম্॥

ব্রহ্মদণ্ডহতা যে চ যে চ বৈ ব্রাহ্মনৈর্হতাঃ। মহাপাতকিনো যে চ পতিতাস্তে প্রকীর্ত্তিতাঃ॥ পতিতানাং ন দাহঃ স্যান্নান্ত্যেষ্টির্নাস্থিসঞ্চয়ঃ। ন চাশ্রুপাতঃ পিণ্ডো বা কার্য্যং শ্রাদ্ধাদিকং ক্বচিৎ॥ ইতি ব্রহ্মপুরাণং। ব্যাপাদয়ে দথাত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ। বিহিতং তস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকম্॥

ব্যবস্থাপত্র

পতিতানাং শবদহনবহনজনিতপাপক্ষয়ার্থিনা তপ্তকৃচ্ছ্রব্রতাস্থশক্তৌ ব্রাহ্মণাদি-চাতুর্ব্বর্ণ্যেন যৎকিঞ্চিদ্দক্ষণকসপাদৈকাদশকার্যাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদুষাং মতম্। অকৃতপ্রায়শ্চিত্তানাং কুষ্ঠাদিরোগবতাং মরণে তদ্দহনবহনয়োঃ— "অদাহ্যদহনবহনজনিতপাপক্ষয়ার্থিনা যতিচান্দ্রায়ণব্রতাস্থশক্তাবিতি" প্রয়োজ্যম্॥

ক্ষতেন ম্রিয়তে যস্তু তস্যাশৌচং ভবেদ্দ্বিধা।

আসপ্তাহাত্রিরাত্রং স্যাদ্দশরাত্রমতঃপরং॥

শস্ত্রঘাতে ত্র্যহাদূর্দ্ধং যদি কশ্চিৎ প্রমীয়তে। অশৌচং প্রাকৃতং তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ॥ ইতি ব্যাসঃ। অত্র শস্ত্রঘাতপদং ক্ষতেতরশস্ত্রঘাতপরং, পারিভাষিকশস্ত্রঘাত-পরমপি। পক্ষিমৎস্যমৃগের্যে তু দংষ্ট্রিশৃঙ্গিনখৈর্হতাঃ। পতনানশনপ্রায়ৈর্বজ্রাগ্নিবিষবন্ধনৈঃ। মৃতা জলপ্রবেশন তে বৈ শস্ত্রহতাঃ স্মৃতাঃ॥ ইতি দেবীপুরাণম।

ব্রাহ্মণ কর্ত্তৃক পাশগ্রস্ত বা ব্রাহ্মণের পীড়াকারী হইয়া মরিলে পতিত হয়। পতিত-দিগের অন্ত্যেষ্টিক্রিয়া, উদকাদিদানে, অশৌচ ও শ্রাদ্ধাদি নাই। অবৈধরূপে আত্ম-হত্যাকারী ব্যক্তির দাহাদি অশৌচ গ্রহণ ও শ্রাদ্ধাদি কিছুই করিবে না। যদি কেহ ইহাদের অশৌচ গ্রহণ, দাহাদিকার্য্য ও শ্রাদ্ধাদি করে, তবে তাহার নিজের শুদ্ধির জন্য, তপ্তকৃচ্ছ্রব্রতদ্বয় করিতে হয়, বা তদনুকল্প ২২৷৹ কাহন বরাটক দান করিয়া যথাশক্তি দক্ষিণা দিতে হয়। দহনবহনমাত্র করিলে তপ্তকৃচ্ছ্রব্রত করিবে, তাহার অনুকল্প ১১।৹ এগারকাহন চারিপণ বরাটক দান করিবে।

রোগাদি ব্যতীত ক্ষতগ্রস্ত হইয়া যে ব্যক্তি প্রাণত্যাগ করে, তাহার অশৌচ দুই প্রকার। যদি সে ব্যক্তির সপ্তাহের মধ্যে মৃত্যু হয়, তবে ত্রিরাত্র এবং সপ্তাহের পরে মৃত্যু হইলে, স্ব স্ব জাত্যুক্ত অশৌচ হইবে।

পক্ষী, মৎস্য, মৃগ, দংষ্ট্রী, শৃঙ্গী বা নখী দ্বারা হত, উচ্চদেশ হইতে পতন, অনশন, প্রায়োপবেশন, বজ্র, অগ্নি, বিষ, বন্ধন ও জল প্রবেশরূপ পারিভাষিক শস্ত্রাঘাত

ব্রাহ্মণস্য শবানুগমনাশৌচং

প্রেতীভূতং দ্বিজং বিপ্রো যোঽনুগচ্ছতি কামতঃ। স্নাত্বা সচেলং স্পৃষ্ট্বাগ্নিং ঘৃতং প্রাশ্য বিশুধ্যতি। একাহাৎ ক্ষত্রিয়ে শুদ্ধির্বৈশ্যে চ স্যাদ্দ্ব্যহেন তু। শূদ্রে দিনত্রয়ং প্রোক্তং প্রাণায়ামশতং পুনঃ॥ ইতি কূর্ম্মপুরাণম্।

এবং ক্ষতেতর শস্ত্রাঘাতে তিন দিনের মধ্যে মৃত্যু হইলে তিন দিন অশৌচ ও তিন দিনের পর হইলে পূর্ণাশৌচ হইবে।

ব্রাহ্মণ, ব্রাহ্মণশবের অনুগমন করিলে বস্ত্রের সহিত স্নানপূর্ব্বক ঘৃত ভোজন করিয়া বিশুদ্ধ হয়, ক্ষত্রিয়শবের অনুগমন করিলে একাহাশৌচান্তে পূর্ব্বোক্ত প্রকারে স্নান, ঘৃতভোজন করিয়া শুদ্ধ হয়, বৈশ্যশবের অনুগমন করিলে দ্বিরাত্রাশৌচান্তে পূর্ব্বোক্ত প্রকারে স্নান ও ঘৃতভোজন করিয়া শুদ্ধ হয়; শূদ্রশবের আগমন করিলে ত্রিরাত্রাশৌচান্তে ঘৃত ভোজন, স্নান ও একশত প্রাণায়াম করিয়া শুদ্ধ হয়।

প্রেতকার্য্যের অধিকারিগণ

পুরুষের পক্ষে

(১) জ্যেষ্ঠপুত্র, (২) কনিষ্ঠপুত্র (জ্যেষ্ঠের পরবর্ত্তী পুত্র), (৩) পৌত্র, (৪) প্রপৌত্র, (৫) অপুত্রা বা কর্ম্মসমর্থপুত্রযুক্তা পত্নী, (৬) কন্যা, (৭) বাগ্দত্তা কন্যা, (৮) দত্তা কন্যা, (৯) দৌহিত্র, (১০) কনিষ্ঠ সহোদর, (১১) জ্যেষ্ঠ সহোদর, (১২) কনিষ্ঠ বৈমাত্রের, (১৩) জ্যেষ্ঠ বৈমাত্রেয়, (১৪) কনিষ্ঠ সহোদরপুত্র, (১৫) জ্যেষ্ঠ সহোদরপুত্র, (১৬) কনিষ্ঠ বৈমাত্রেয়পুত্র, (১৭) জ্যেষ্ঠ বৈমাত্রেয়পুত্র, (১৮) পিতা, (১৯) মাতা, (২০) পুত্রবধু, (২১) পৌত্রী, (২২) দত্তা পৌত্রী, (২৩) পৌত্রবধূ, (২৪) প্রপৌত্রী, (২৫) দত্তা প্রপৌত্রী, (২৬) প্রপৌত্রবধূ, (২৭) পিতামহ, (২৮) পিতামহী, (২৯) সপিণ্ড (পিতৃব্যাদি), (৩০) সমানোদক, (৩১) সগোত্র, (৩২) মাতামহ, (৩৩) মাতুল, (৩৪) ভাগিনেয়, (৩৫) মাতৃপক্ষসপিণ্ড, (৩৬) মাতৃপক্ষসমানোদক, (৩৭) অসবর্ণা ভার্য্যা, (৩৮) অপরিণীতা স্ত্রী, (৩৯) শ্বশুর, (৪০) জামাতা, (৪১) পিতামহীভ্রাতা, (৪২) শিষ্য, (৪৩) ঋত্বিক্, (৪৪) আচার্য্য, (৪৫) মিত্র, (৪৬) পিতৃমিত্র, (৪৭) একগ্রামবাসী সজাতীয়, (৪৮) গৃহীত-বেতন সজাতীয়।

স্ত্রীলোকের পক্ষে

(১) জ্যেষ্ঠপুত্র, (২) কনিষ্ঠপুত্র (জ্যেষ্ঠের পরবর্ত্তী পুত্র), (৩) পৌত্র, (৪) প্রপৌত্র, (৫) কন্যা, (৬) বাগ্দত্তা কন্যা, (৭) দত্তা কন্যা, (৮) দৌহিত্র, (৯) সপত্নীপুত্র, (১০) পতি, (১১) স্নুষা (পুত্রবধু), (১২) সপিণ্ড, (১৩) সমানোদক, (১৪) সগোত্র, (১৫) পিতা, (১৬) ভ্রাতা, (১৭) ভগিনীপুত্র, (১৮) ভর্তৃ-

ভাগিনেয়, (১৯) ভ্রাতুষ্পুত্র, (২০) জামাতা, (২১) ভর্তৃমাতুল, (২২) ভর্তৃশিষ্য, (২৩) পিতৃসমানোদক, (২৪) পিতৃবংশ, (২৫) মাতৃসমানোদক, (২৬) মাতৃবংশ, (২৭) দ্বিজোত্তম।

চন্দনধেনুদানব্যবস্থা

পতিপুত্রবতী নারী ম্রিয়তে ভর্তুরগ্রতঃ। চন্দনেনাঙ্কিতাং ধেনুমাচার্য্যায় নিবেদয়েৎ॥ জীবদ্ভর্ত্রী তু যা নারী পুত্রিণী ম্রিয়তে যদি। সবৎসামঙ্কিতাং ধেনুমাচার্য্যায় নিবেদয়েৎ॥ মৃতপুত্রা চ যা নারী সংগৃহীতা চ যা ভবেৎ। তস্যা ধেনুর্ন দাতব্যা বৃষোৎসর্গো বিধীয়তে॥ অপুষ্পিতা মৃতা কাচিত্তস্যা ধেনুর্বিগর্হিতা॥ দদ্যাদ্ধেনুং সুতো জ্যেষ্ঠঃ কনিষ্ঠো বৃষমুৎসৃজেৎ। দ্বয়োঃ সোদরয়োরেকো ভবেজ্জ্যেষ্ঠঃ প্রধানতঃ। ত্রয়াণাং দ্বৌ সুতৌ জ্যেষ্ঠৌ চতুর্ণাঞ্চ ত্রয়ঃ স্মৃতাঃ॥ পঞ্চানাং সোদারণান্তু ত্রয়োজ্যেষ্ঠাঃ প্রকীর্ত্তিতাঃ। জ্যেষ্ঠৈনৈব তু কর্ত্তব্যং ধেনুদানং বিধানতঃ॥

পতিপুত্রবতী নারীর ভর্তৃসমীপে মৃত্যু হইলে জ্যেষ্ঠ পুত্র ধেনুদান করিবে, বৃষোৎসর্গ করিবে না। পতিপুত্রবতী নিবৃত্তরজস্কা নারীর মৃত্যু হইলে বৃষোৎসর্গ ই করিবে। আবার অনেকে বলেন—পতিপুত্রবতী নারীর মৃত্যু হইলেই ধেনুদান ব্যবস্থা, কেবল অজাতপুষ্পা পতিপুত্রবতী নারীর মৃত্যু হইলে সপত্নীপুত্র বৃষোৎসর্গ করিবে। দুই পুত্র স্থলে প্রথমটি জ্যেষ্ঠ; তিন পুত্র স্থলে প্রথম ও দ্বিতীয় জ্যেষ্ঠ; চারি পুত্র স্থলে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় জ্যেষ্ঠ, পাঁচ পুত্রস্থলে প্রথম দ্বিতীয় ও তৃতীয় পুত্র জ্যেষ্ঠ। এইরূপ জ্যেষ্ঠপুত্রই চন্দনধেনু দানের অধিকারী।

প্রায়শ্চিত্ত প্রকরণ

তত্র কালভেদে ব্যবস্থা—কৃতে ব্রতং সমাদিষ্টং ত্রেতায়ানাং ধেনুরেব চ। কৃচ্ছ্রাদীনান্তু সর্ব্বেষাং মূল্যন্তু দ্বাপরে কলৌ॥

সত্যযুগে ব্রত, ত্রেতায় ধেনুদান, দ্বাপরে ও কলিতে ধেনুমূল্য প্রদান করিবে।

বালাদিভেদে প্রায়শ্চিত্তব্যবস্থা

অত্রোনষোড়শবর্ষীয়স্যার্দ্ধং ইতি স্মার্ত্তাঃ।

যাহার বয়স ষোল বৎসরের ন্যূন, সে প্রায়শ্চিত্তার্হ হইলে, অর্দ্ধেক করিবে।

আশীতির্যস্য বর্ষাণি বালো বাপ্যূনষোড়শঃ॥ প্রায়শ্চিত্তার্দ্ধমর্হন্তি স্ত্রিয়ো রোগিণ এব চ॥

যাহার অশীতি বৎসর বয়স এইরূপ বৃদ্ধ এবং যাহার একাদশ হইতে পঞ্চদশ পর্য্যন্ত বয়স, এরূপ বালক এবং স্ত্রী ও রোগী ইহাদের অর্দ্ধেক ব্যবস্থা।

অত্র শ্রীধরস্বামিধৃতবচনং—কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি॥ কৈশোরমাপঞ্চদশাদ্ যৌবনন্তু ততঃপরং॥ দশবর্ষাভ্যন্তরীয়বালস্য পাদবিধানাৎ নাস্যানুগ্রহান্তরমিতি প্রাগেবোক্তং।—ইতি স্মার্ত্তাঃ।

প্রায়শ্চিত্তস্য পূর্ব্বাহকৃত্যং

বাপ্য কেশান্ নখান্ পূর্ব্বং ঘৃতং প্রাশ্য বহির্নিশি। প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ। প্রায়শ্চিত্তমুপাসীনো বাগ্যতস্ত্রিসবনং স্পৃশেৎ॥

—ইতি শঙ্খঃ।

যে দিনে প্রায়শ্চিত্ত হইবে, তাহার পূর্ব্বদিনে কেশ ও নখাদি বপন করাইয়া ত্রিসন্ধ্যস্নান করিয়া,—সন্ধ্যাকালে আকাশে নক্ষত্র দৃষ্ট হইলে গৃহের বাহিরে বসিয়া সংকল্প করিয়া ঘৃতভোজন করত মৌনব্রত অবলম্বন করিয়া থাকিবে।

মুণ্ডনব্যবস্থা—রাজা বা রাজপুত্রো বা ব্রাহ্মণো বা বহুশ্রুতঃ।

কেশানাং বপনং কৃত্বা প্রায়শ্চিত্তং সমাচরেৎ॥

রাজাঃ রাজপুত্র, বিদ্বান্ ব্রাহ্মণ, ইঁহারাও প্রায়শ্চিত্তপূর্ব্বদিনে কেশনখাদিচ্ছেদন করিয়া প্রায়শ্চিত্ত করিবেন।

বিদ্বদ্বিপ্রনৃপস্ত্রীণাং নেষ্যতে কেশবাপনম্।

ঋতে মহাপাতকিনো গাং হন্তুশ্চাবকীর্ণিনঃ॥ ইতি মিতাক্ষরা।

বিদ্বান্ বিপ্র, রাজা ও সধবা স্ত্রী ইহাদের মহাপাতক, গোহত্যা ও অবকীর্ণিত্ব ব্যতিরেকে মুণ্ডন নাই।

স্ত্রীণাং বিশেষমাহ—বপণং নৈব নারীণাং নানুব্রজ্যা জপাদিকং। ন গোষ্ঠে শয়নং তাসাং ন চ দধ্যাদ্গবাজিনং॥ সর্ব্বান্ কেশান্ সমুদ্ধৃত্য ছেদয়েদঙ্গুলিদ্বয়ং। সর্ব্বত্রৈবং হি নারীণাং শিরসোমুণ্ডনং স্মৃতং॥

সধবা স্ত্রীলোকের কোন প্রকার পাপেই মুণ্ডন নাই, যদি গোহত্যা করে, তবে তাহাদিগের গোষ্ঠে বাস, গোচর্ম্মপরিধান ও গোর পশ্চাদ্গমন বা গোমতীজপ ইত্যাদি কিছুই নাই। মুণ্ডনের মধ্যে কেবল সকল কেশ উদ্ধৃত করিয়া অগ্রভাগে দুই অঙ্গুলি-পরিমিত ছেদন করিলেই তাহাদিগকে মুণ্ডন সিদ্ধ হইবে।

বিধবাপক্ষে তু—বিধবাকবরীবন্ধো ভর্ত্তৃবন্ধায় কেবলং।

শিরসোমুণ্ডনং তস্মাৎ কার্য্যং বিধবয়া সদা॥

বিধবাদিগের কবরী অর্থাৎ কেশবন্ধনে তাহাদিগের স্বর্গস্থপতির 'বন্ধন হয়, এই নিমিত্ত মুণ্ডন তাহাদিগের নিত্য কর্ত্তব্য।

কেশধারণবিষয়ে বিশেষবিধিঃ। কেশনাং ধরণার্থন্তু দ্বিগুণং ব্রতমাচরেৎ। দ্বিগুণে তু ব্রতে চীর্ণে দ্বিগুণা দক্ষিণা ভবেৎ॥

যদি কেশ ধারণ করিয়া প্রায়শ্চিত্ত করিতে ইচ্ছা হয়, তবে দ্বিগুণ ব্রত ও দ্বিগুণ দক্ষিণা দিবে অর্থাৎ যাহা প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট হইবে, তাহার দ্বিগুণ ব্রত ও দক্ষিণা দ্বিগুণ। পরন্তু গুরুপ্রায়শ্চিত্তে গুরু দক্ষিণা ও লঘু প্রায়শ্চিত্তে লঘু দক্ষিণা।

প্রায়শ্চিত্তস্য কালব্যবস্থা। নাষ্টম্যাং ন চতুর্দশ্যাং প্রায়শ্চিত্তপরীক্ষণে।

অষ্টমী ও চতুর্দ্দশীতে প্রায়শ্চিত্ত করিবে না। তদ্ব্যতিরিক্ত সকল দিবসেই প্রায়শ্চিত্ত করিবে।

প্রায়শ্চিত্তস্য কালাতিক্রমে ব্যবস্থা

কালাতিরেকে দ্বিগুণং প্রায়শ্চিত্তং সমাচরেৎ। ইতি স্মৃতিসাগরে দেবলঃ। এক বৎসর অতীত হইলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত কর্ত্তব্য।

প্রায়শ্চিত্তাকরণে দোষশ্রুতিঃ

প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষু নিরতা নরাঃ।
অপশ্চাত্তাপিনঃ কষ্টান্নরকান্ যান্তি দারুণান্॥ ইতি যাজ্ঞবল্ক্যঃ।

যে ব্যক্তি পাপ করিয়া প্রায়শ্চিত্ত না করে, সে ব্যক্তি ইহলোকে লোকের নিকট ঘৃণিত ও পরলোকে দুষ্পরিহর ঘোর নরকে পতিত হইয়া তত্তৎপাপের ফলভোগ করে।

জ্ঞানকৃতবিপ্রস্বামিকগবীবধপ্রায়শ্চিত্তব্যবস্থা

জ্ঞানকৃতবিপ্রস্বামিকগবীবধজন্যপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন ব্রতাশক্তৌ পঞ্চদশকার্ষাপণী-দক্ষিণকৈকপঞ্চাশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিজ্ঞাং মতম্।

ক্ষত্রিয় ও বৈশ্যস্থলে ইহার সমান এবং স্ত্রী, শূদ্র, বালক, বৃদ্ধ, রোগী ও একাদশ বর্ষ হইতে পঞ্চদশবর্ষীয় বালক পক্ষে ইহার অর্দ্ধেক। এই নিয়ম সর্ব্বত্র জানিবে।

অজ্ঞানকৃতবিপ্রস্বামিকগবীবধপ্রায়শ্চিত্তব্যবস্থা

অজ্ঞানতোঽর্দ্ধম্। —ইতি স্মার্ত্তাঃ।

অজ্ঞানকৃতবিপ্রস্বামিকগবীবধজন্যপাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণেন ব্রতাশক্তৌ সার্দ্ধসপ্তকার্ষা-পণীদক্ষিণকসার্দ্ধপঞ্চবিংশতিকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাম্মতম্। ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষে ব্রাহ্মণের সমান, স্ত্রী, বালক, বৃদ্ধ ও শূদ্রের পক্ষে ইহার অর্দ্ধেক।

অথৈকহায়নাদিগবীবধপ্রায়শ্চিত্তং

একবর্ষে গবি হতে কৃচ্ছ্রপাদো বিধীয়তে। অবুদ্ধিপূর্ব্বং পুংসঃ স্যাৎ দ্বিপাদস্তু দ্বিহায়নে। ত্রিহায়ণে ত্রিপাদঃ স্যাৎ প্রাজাপত্যমতঃপরম্॥ ইতি বৃদ্ধপ্রচেতাঃ।

অবুদ্ধিপূর্ব্বক এক বৎসরের বৎস বধ করিলে যথোক্ত প্রায়শ্চিত্তের একপাদ, দুই বৎসরের দুই পাদ, তিন বৎসরের তিন পাদ, আর তিন বৎসরের অধিক বয়স্ক গোবধে প্রাজাপত্য করিতে হয়। ইহা অধমশূদ্রস্বামিকবিষয়ে। বিপ্রাদিস্বামিকহলে তত্তৎ-প্রায়শ্চিত্তের পাদাদি হইবে।

রোগের প্রায়শ্চিত্ত ব্যবস্থা

অর্শ, গলিতকুষ্ঠ, সর্ব্বাঙ্গব্যাপকশ্বেতকুষ্ঠরোগের প্রায়শ্চিত্ত—৩০ কাহন কড়ি অথবা ৩০ কাহন কড়ির মূল্যের স্বর্ণ রৌপ্য বা তাম্র যে কোন দ্রব্য উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে দান করিবে ও যথাশক্তি দক্ষিণা দিতে হইবে। অল্পাঙ্গব্যাপক শ্বেত কুষ্ঠ, রাজযক্ষ্মা, ক্ষয়কাস, প্রমেহ, গ্রহণী, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, শ্বাসকাস, অতীসার, ভগন্দর, দুষ্টব্রণ,

গণ্ডমালা, পক্ষাঘাত, আন্ধ্য, কুনখিত্ব ও শ্যাবদন্ত প্রভৃতি রোগ পূর্ব্বজন্মকৃত মহাপাতক থাকিলে হয়। প্রায়শ্চিত্ত—১৫ কাহন কড়ি অথবা ১৫ কাহন কড়ির মূল্যের স্বর্ণরজতাদি দ্রব্য উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে দান করিতে হয় ও যথাশক্তি দক্ষিণা দিতে হয়। পূর্ব্বোক্ত রোগাক্রান্ত অকৃতপ্রায়শ্চিত্তের মৃতদেহ দহন ও বহন করিলে ১১।০ কাহন কড়ি অথবা ঐ মূল্যের স্বর্ণ রৌপ্যাদি যে কোন দ্রব্য উৎসর্গ করিয়া প্রায়শ্চিত্ত করিতে হয় ও যথাশক্তি ব্রাহ্মণকে দক্ষিণা দান করিতে হয়। অকৃতপ্রায়শ্চিত্ত শবদেহের দহন ও বহন করিতে নাই, দহন ও বহন করিলে নিম্নলিখিত ব্যবস্থা। "পতিতশবদহনাদিজনিত-পাপক্ষয়ার্থিনা যতিচান্দ্রায়ণব্রতাশক্তৌ ব্রাহ্মণাদিচাতুর্ব্বর্ণ্যেন যৎকিঞ্চিদ্দক্ষিণকচতুষ্পণ্যাধিকৈকাদশকার্ষাপণীলভ্যরজতখণ্ডদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাং মতম্।"

প্রায়শ্চিত্তানন্তরপাপনাশজ্ঞানম্

স্বশিরসা যবসমাদায় গোভ্যো দদ্যাৎ, যদি তাঃ প্রমুদিতা গৃহ্লীয়ুরথৈনং প্রবর্ত্তয়েয়ুঃ। ইতি হারীতঃ॥

প্রায়শ্চিত্তের পর আপনার মস্তকে করিয়া নবীন তৃণগুচ্ছ লইয়া অপরের গোসকলকে গোগ্রাস প্রদান করিবে, যদি তাহারা আনন্দিত হইয়া ভক্ষণ করে, তবে প্রায়শ্চিত্ত সিদ্ধ হইয়াছে জানিবে, নচেৎ পুনরায় প্রায়শ্চিত্ত বিধেয়। প্রায়শ্চিত্তানুষ্ঠানের পর পার্ব্বণ-শ্রাদ্ধ করিবে এবং অন্যূন দশজন ব্রাহ্মণ ভোজন করাইবে। স্ত্রীলোকের পার্ব্বণ শ্রাদ্ধ করিতে হইবে না। মুমূর্ষু ব্যক্তির পূর্ব্বাহ্ন কৃত্য নাই।

গোগ্রাসদানমন্ত্র

সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ। প্রতিগৃহ্ণন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্য-মাতরঃ॥

গোমতীবিদ্যা যথা—গোমতীং কীর্ত্তয়িষ্যামি সর্ব্বপাপপ্রণাশিনীং। তান্তু মে গদতো বিপ্রাঃ শৃণুধ্বং সুসমাহিতাঃ। গাবঃ সুরভয়ো নিত্যং গাবো গুগ্‌গুলুগন্ধিকাঃ। গাবঃ প্রতিষ্ঠা ভূতানাং গাবঃ স্বস্ত্যয়নং মহৎ। অন্নমেব পরং গাবো দেবানাং হবিরুত্তমং। পাবনং সর্ব্বভূতানাং ক্ষরন্তি চ হবীংষি চ। হবিষা মন্ত্রপূতেন তর্পয়ন্ত্যমরান্ দিবি। ঋষীণামগ্নিহোত্রেষু গাবো হোমপ্রয়োজিকাঃ। পাবনং সর্ব্বভূতানাং গাবঃ শরণমুত্তমং। গাবঃ পবিত্রং পরমং গাবো মঙ্গলমুত্তমং। গাবঃ স্বর্গস্য সোপানং গাবো ধন্যাঃ সনাতনাঃ। নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ। নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ। ব্রহ্মাণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধাকৃতং। একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরন্যত্র তিষ্ঠতি॥ ইতি প্রায়শ্চিত্তকাণ্ডকল্পতরৌ যমঃ॥

অথাতিপাতকপ্রায়শ্চিত্তম্

অর্শ আদ্যা নৃণাং রোগা অতিপাপদ্ভবন্তি হি॥ অন্যে চ বহুধা রোগা জায়ন্তে রোগ-সঙ্করাঃ॥ ইতি শাতাতপীয়কর্ম্মবিপাকঃ।

অত্র ব্যবস্থা—অর্শোরোগসংসূচিতজন্মান্তরীয়াতিপাতকশেষপাপক্ষয়কামেণপরাকব্রতদ্বয়াত্মাচরণাশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকত্রিংশৎকার্ষাপণীলভ্যরজতখণ্ডদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদান্মতম্।

অথ মহাপাতকপ্রায়শ্চিত্তম্

কুষ্ঠঞ্চ রাজযক্ষ্মা চ প্রমেহো গ্রহণী তথা। মূত্রকৃচ্ছ্রাশ্মরীকাসা অতীসার ভগন্দরৌ॥ দুষ্টব্রণং গণ্ডমালা পক্ষাঘাতোঽক্ষিনাশনং। ইত্যেবমাদয়ো রোগা মহাপাপোদ্ভবা মতাঃ॥

কুষ্ঠ, রাজযক্ষ্মা, প্রমেহ, গ্রহণী, বহুমূত্র, অশ্মরী, কাস অতীসার, ভগন্দর, দুষ্টব্রণ, গলগণ্ড, চক্ষুর্নাশ ও পক্ষাঘাত প্রভৃতি রোগ পূর্ব্বজন্মকৃত মহাপাপ হইতে উৎপন্ন হয়।

অত্র ব্যবস্থা—যক্ষ্মরোগসংসূচিতজন্মান্তরীয়মহাপাতকশেষপাপক্ষয়কামেণ পরাকব্রতার্দ্ধাচরণাশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকপঞ্চদশকার্ষাপণীলভ্যরজতখণ্ডদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাম্মতম্।

অথ উপপাতকপ্রায়শ্চিত্তম্

জলোদরযকৃৎপ্লীহশূলরোগব্রণানি চ। শ্বাসাজীর্ণজ্বরচ্ছর্দ্দিভ্রমমোহগলগ্রহাঃ।
রক্তার্ব্বুদবিসর্পাদ্যা উপপাপোদ্ভবা গদাঃ॥

অথ ব্যবস্থা—জলোদররোগসংসূচিতজন্মান্তরীয়োপপাতকশেষপাপক্ষয়কামেণ পরাকব্রতার্দ্ধস্যাচরণাশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণকসার্দ্ধসপ্তকার্ষাপণীলভ্যরজতখণ্ডদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাম্মতম্।

আত্মহত্যাপ্রায়শ্চিত্তম্

নির্ণয়সিন্ধৌ—"আত্মনো ঘাতশুদ্ধ্যর্থঃ চরেচ্চান্দ্রায়ণদ্বয়ম্।" বৌধায়নঃ।—"অভিশস্তপতিতসুরাপাত্মঘাতিনাং ব্রাহ্মণহন্তানাঞ্চ দ্বাদশবর্ষাণি ত্রীণি বা কুর্ব্বীত॥" হেমাদ্রিধৃতং ষট্ত্রিংশন্মতম্। "কৃত্বা চান্দ্রায়ণং পূর্ব্বং ক্রিয়া কার্য্যা বিধানতঃ। নারায়ণবলিঃ কার্য্যো লোকগর্হাভয়ান্নরৈঃ। পিণ্ডোদকক্রিয়া পশ্চাৎ বৃষোৎসর্গাদিকঞ্চ যৎ। একোদ্দিষ্টানি কুর্ব্বীত সপিণ্ডীকরণং তথা॥ ইন্দ্রিয়ৈরপরিত্যক্তা যে চ মূঢ়া বিবাদিনঃ। ঘাতয়ন্তি স্বমাত্মনং চাণ্ডালাদিহতাশ্চ যে॥ তেষাং পুত্রাশ্চ পৌত্রাশ্চ দয়য়া সমভিপ্লুতাঃ। যথা শ্রাদ্ধং প্রতন্বতি বিষ্ণুনাম প্রতিষ্ঠিতং। তথা তে সম্প্রবক্ষ্যামি নমস্কৃত্য স্বয়ম্ভুবম্॥" "ব্যাপাদয়েদথাত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ। বিহিতং তস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকম্॥" ইতি তু অকৃতপ্রাশ্চিত্তপরং স্মৃতিরত্নাবল্যান্তু—দ্বিগুণং প্রায়শ্চিত্তং কৃত্বার্ব্বাগপ্যব্দাৎ সর্ব্বং কার্য্যম্॥

অবৈধরূপে আত্মহত্যাকারী ব্যক্তির উদ্ধারের জন্য পুত্র স্ত্রী কিংবা অন্য কোন শ্রাদ্ধাধিকারী দুইটি চন্দ্রায়ণ ও স্বজাতীয় বর্ণিবধের প্রায়শ্চিত্ত এবং নারায়ণবলি নামক যাগ করিয়া মৃতদেহের পরিবর্ত্তে কুশপুত্তল (পর্ণনর) দাহান্তে অশৌচ গ্রহণ তর্পণ পূরক

পিণ্ডদান ও শ্রাদ্ধাদি করিতে পারিবে। তবে যে আত্মঘাতী ব্যক্তির দাহ অশৌচ গ্রহণ তর্পণ ও শ্রাদ্ধাদি করিতে শাস্ত্রে নিষেধ করিয়াছেন তাহা উক্ত প্রায়শ্চিত্ত না করিলে বুঝিতে হইবে। আত্মহত্যার এক বৎসর পরে (প্রথমে) চান্দ্রায়ণব্রতদ্বয় বর্ণিবধ-প্রায়শ্চিত্ত ও নারায়ণবলি যাগ অনুষ্ঠান করিতে হয়; এক বৎসরের মধ্যে করিলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিতে হয়।

ব্রাহ্মণ ইচ্ছাপূর্ব্বক আত্মহত্যা করিলে তাহার পুত্র কিংবা অন্য কোন অধিকারী ব্রাহ্মণবধের তুল্য প্রায়শ্চিত্ত চতুর্ব্বিংশতি বার্ষিক ব্রত প্রায়শ্চিত্ত, তাহা না পারিলে ৩৬০টী ধেনুদান বা তাহার উচিত মূল্য দান তাহাতে অসমর্থ হইলে ১০৮০ কাহন কড়ি কিংবা ২৭০৲ টাকা দান করিবে। আর ২টী চান্দ্রায়ণের অনুকল্প ৪৫ কাহন কড়ি বা ১১।০ সওয়া এগার টাকা দান করিবে॥ দক্ষিণা ২০০ গরু বা ২০০ কাহন কড়ি অথবা ৫০৲ টাকা দান করিবে এবং নারায়ণবলিযাগাদি করিবে।

স্বধর্ম্মাবলম্বী ক্ষত্রিয় ইচ্ছাপূর্ব্বক আত্মহত্যা করিলে তাহার পুত্র বা অন্য কোন অধিকারী যাড় বার্ষিক ব্রত তাহা না পারিলে ৯০টী ধেনুদান বা তাহার উচিত মূল্যদান, তাহাতে অসমর্থ হইলে ২৭০ কাহন কড়ি বা ৬৭॥০ টাকা দান করিবে। আর দুইটী চান্দ্রায়ণের অনুকল্প ৪৫ কাহন কড়ি বা ১১।০ টাকা দান ও নারায়ণবলি যাগ করিবে। দক্ষিণা ৫০ কাহন কড়ি বা ১২॥০ টাকা দিবে।

নীচধর্ম্মাবলম্বী ক্ষত্রিয় আত্মহত্যা করিলে তাহার পুত্র প্রভৃতি উক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধপ্রায়শ্চিত্ত করিবে দক্ষিণাও তাহার অর্দ্ধেক দিবে।

স্বকীয়বৃত্তিসম্পন্ন বৈশ্য আত্মহত্যা করিলে তাহার পুত্র কিংবা অন্য অধিকারী ত্রৈবার্ষিক ব্রত, তাহা না পারিলে ৪৫টী ধেনু দান বা তাহার যথোচিত মূল্যদান তাহাতে অসমর্থ হইলে ১৩৫ কাহন কড়ি বা ৩৩৸০ টাকা দান করিবে। দক্ষিণা ২৫ কাহন কড়ি বা ৬।০ টাকা দিবে। আর ২টী চান্দ্রায়ণ ও নারায়ণবলি যাগ করিবে।

নীচবৃত্তিধারী বৈশ্য আত্মহত্যা করিলে তাহার পুত্রাদি উক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে, দক্ষিণাও অর্দ্ধ দিবে।

স্বধর্ম্মাবলম্বী শূদ্র আত্মহত্যা করিলে, তাহার পুত্র বা অন্য কোন অধিকারী দেড়-বার্ষিক ব্রত করিবে, তাহা না পারিলে ২৩টী ধেনু বা ২২॥০ টাকা ধেনুর মূল্য দান, তাহাতে অসমর্থ হইলে ৬৭॥০ কাহন কড়ি কিংবা ১৬৸৶০ টাকা দান করিবে। ১২॥০ কাহন কড়ি বা ৩৶০ টাকা দক্ষিণা দিবে। আর দুইটি চান্দ্রায়ণ এবং নারায়ণবলি যাগ করিবে।

অপকৃষ্ট বৃত্তিধারী শূদ্র আত্মহত্যা করিলে, তাহার পুত্র কিংবা অন্য কোন উত্তরাধিকারী নবমাসিক ব্রত অথবা ১২টী ধেনু দান বা তাহার যথোচিত মূল্য দান, তাহা না পারিলে ১১।০টী ধেনুর মূল্য ৩৩ কাহন ১২ পণ কড়ি বা ৮।৶০ টাকা দান করিবে।

আর পূর্ব্বোক্তরূপ তুইটী চান্দ্রায়ণ ও নারায়ণবলি যাগ করিবে। শূদ্রের পূর্ব্বকথিত দক্ষিণার অর্দ্ধেক দিবে।

সাধ্বী ব্রাহ্মণী আত্মহত্যা করিলে, তাহার পুত্র কিংবা অন্য শ্রাদ্ধাধিকারী ত্রৈবার্ষিক ব্রত অথবা ৪৫টী ধেনু দান বা তাহার যথোচিত মূল্যদান, তাহাতে অসমর্থ হইলে ১৩৫ কাহন কড়ি বা ৩৩৮৹ টাকা দান করিবে। আর তুইটী চান্দ্রায়ণ ও নারায়ণবলিযাগ করিবে। দক্ষিণা ২৫ কাহন কড়ি বা ৬৹ টাকা দিবে। নিগুর্ণ ব্রাহ্মণী আত্মহত্যা করিলে উক্ত প্রায়শ্চিত্তের অর্দ্ধ প্রায়শ্চিত্ত হইবে, দক্ষিণাও অর্দ্ধেক দিবে।

সাধ্বী ক্ষত্রিয়া আত্মহত্যা করিলে, তাহার পুত্র বা অন্য কোন অধিকারী ১৷৹ বার্ষিক ব্রত অথবা ২৩টী ধেনুদান, তাহাতে অসমর্থ হইলে ৬৭৷৹ কাহন কড়ি বা ১৬৮৶৹ দান করিবে তুইটী চান্দ্রায়ণ ও নারায়ণবলি যাগ করিবে। দক্ষিণা ১২৷৹ কাহন কড়ি বা ৩৵৹ টাকা দিবে। নিগুর্ণ ক্ষত্রিয়া আত্মহত্যা করিলে উক্ত প্রায়শ্চিত্ত ও দক্ষিণা অর্দ্ধেক হইবে।

সাধ্বী বৈশ্যা অথবা শূদ্রা আত্মহত্যা করিলে তাহার পুত্র কিংবা অন্য কোন অধিকারী ষাণ্মাসিক ব্রত বা ৮টী ধেনু অথবা ৭৷৹ ধেনুর মূল্য দান তাহা না পারিলে ২২৷৹ কাহন কড়ি বা ৫৷৵৹ আনা দান করিবে, আর তুইটী চান্দ্রায়ণ এবং নারায়ণবলিযাগ করিবে। দক্ষিণা ১৴৫ এক টাকা তিন পয়সা দিবে। নিগুর্ণ বৈশ্যা বা শূদ্রা আত্মহত্যা করিলে উক্ত প্রায়শ্চিত্ত ও দক্ষিণা অর্দ্ধেক হইবে।

ব্রাত্যপ্রায়শ্চিত্তব্যবস্থা

আলস্যানবধানাদিনা সাবিত্রীপাতবিষয়ে বশিষ্ঠঃ।—পতিতসাবিত্রীক উদ্দালক ব্রতঞ্চরেৎ॥ পিতৃমাতৃরহিতস্ত নিঃস্বজনস্য সাবিত্রীপাতে মনুবিষ্ণু—যেষাং দ্বিজানাং সাবিত্রী নানুতিষ্ঠেদ্ যথাবিধি। তাংশ্চারয়িত্বা ত্রীন্ কৃচ্ছ্রান্ যথাবিধ্যুপনায়য়েৎ॥ (প্রায়শ্চিত্তবিবেকঃ)

আলস্যাদি দ্বারা ব্রাহ্মণাদির উপনয়নের কাল অতিবাহিত হইয়া ব্রাত্যতাদোষ উৎপন্ন হইলে ব্রাত্যস্তোমের বৈকল্পিক উদ্দালকব্রতরূপ প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। উদালক-ব্রতের অনুকল্প সপাদ নবধেনুর মূল্য ২৭ কাহন ১২ পণ কড়ি অথবা তন্মূল্য ৬৮৵৹ ছয় টাকা পনের আনা উৎসর্গ করিতে হইবে। যথাশক্তি দক্ষিণা দিবে। পিতৃমাতৃহীন ও ধনহীন হেতু ব্রাত্য হইলে তিন প্রাজাপত্যব্রতের অনুকল্প ৩ ধেনু বা তাহার মূল্য ৯ কাহন কড়ি অথবা তন্মূল্য ২।৹ তুই টাকা চার আনা উৎসর্গ করিয়া উপনয়ন হইতে পারে। সাবনগণনার জন্মাবধি ১৫ বৎসর ৩ মাসের পর ব্রাহ্মণের, ২১ বৎসর ৩ মাসের পর ক্ষত্রিয়ের, ২৩ বৎসর ৩ মাসের পর বৈশ্যের সাবিত্রী পতন হইবে, অর্থাৎ উক্ত কাল মধ্যে উপনয়ন না হইলে ব্রাত্যপ্রায়শ্চিত্ত করিতে হইবে। সাবন গণনায় ৩৹ দিনে মাস, ৩৬৹ দিনে বর্ষ।

শবদাহ ব্যবস্থা

স্বজাতি ভিন্ন শব স্পর্শ করিতে পারে না এবং 'বাসী' করিয়া ফেলিয়া রাখাও নিষিদ্ধ। একমাত্র পুত্র ব্যতীত অন্য অধিকারী চূড়াকরণ না হইলে, প্রেতকার্য্যে অধিকারী হয় না। যে বালক বালিকার বয়স দুই বৎসরের কম, তাহাদের দাহ বা প্রেততর্পনাদি নাই, কেবল শ্মশানে তাহাদিগকে একটি গর্ত্তে পুতিয়া ফেলিতে হয়। নগ্নশব দাহ করিতে নাই। নিঃশেষে দাহ করা বিধেয় নহে।

গর্ভিণীর গর্ত্তভেদ করিয়া সন্তান বাহির ও ত্যাগ করাইয়া দাহ করা বিধেয়।

শবকে শ্মশানে লইয়া গিয়া মুখাগ্নিকারক স্নান করিয়া অন্নপাক করিবে ও শবকে ধৌত করত পরিচ্ছন্ন বস্ত্র পরিধান করাইয়া ভূমিতে কুশের উপর দক্ষিণ শিরায় শয়ন করাইবে এবং ঘৃত মাখাইয়া নিম্নোক্ত মন্ত্রে তীর্থসকল চিন্তা করিয়া স্নান করাইবে,—"ওঁ গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ। কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাং। কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বাপাপপ্রণাশিনীং। ভদ্রা বকাশাং সরযূং গণ্ডকীং পনসং তথা। বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা। পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাংস্তথা।" পরে নূতন বস্ত্র উত্তরীয় (ব্রাহ্মণ হইলে যজ্ঞোপবীত) ও মালা চন্দনাদি পরাইয়া চক্ষু, কর্ণ, নাসিকা ও মুখের সপ্তচ্ছিদ্রে সপ্তখণ্ড স্বর্ণ (অভাবে কাংস্যাদি ধাতুর সাতখণ্ড) দিয়া অন্য বস্ত্র দ্বারা আচ্ছাদন করিয়া পূর্ব্বপক্ক অন্ন হইতে অর্দ্ধেক ফেলিয়া দিয়া অপরার্দ্ধে পিণ্ড দিবে। মুখাগ্নি কারক আচমন ও বিষ্ণুস্মরণ পূর্ব্বক পরিষ্কৃত ভূমিতে গোময় লেপন করিয়া তাহার উপর বাম জানু পাতিয়া এবং বিপরীত উত্তরীয় হইয়া তন্মধ্যে জল দ্বারা নৈঋ‌র্তকোণ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাগ্র চতুষ্কোণ মণ্ডল করতঃ "ওঁ অপহতাঅসুরা রক্ষাংসি বেদিষদ" এই মন্ত্রে কুশমূলদ্বারা একটি দক্ষিণাগ্র রেখা করিয়া তদুপরি কুশগুচ্ছ বিস্তৃত করিয়া "ওঁ এহি প্রেত সৌম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দেহস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ"॥ এই মন্ত্রে আবাহন করিবে, (সামবেদী ভিন্ন ইহা পাঠ করিবে না) পরে জলস্পর্শ করিয়া "বিষ্ণুরোম্ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ" মন্ত্রে আস্তৃত কুশের উপর জলের ছিটা দিবে, পরে তুলসী ও তিলাদিমিশ্রিত কিঞ্চিৎ অন্ন লইয়া "ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্ম-ন্নেতত্তেঽন্নমুপতিষ্ঠাতাং" বলিয়া পিতৃতীর্থদ্বারা কুশের উপর দিবে। তাহার পর সতিল অন্নপাত্রধৌতজল লইয়া "ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ" বলিয়া পিণ্ডের উপর দিবে॥ মুখাগ্নিকারী পুনশ্চ স্নান করিয়া পরিষ্কৃত ভূমিতে উত্তর দক্ষিণ দীর্ঘ করিয়া চিতা কাষ্ঠ সাজাইবে এবং তাহার উপর মৃত ব্যক্তিকে দক্ষিণশিরস্ক (সামগেতর ব্রাহ্মণ ও শূদ্রকে উত্তরশিরস্ক) করিয়া পুরুষ হইলে আধোমুখে এবং স্ত্রীলোককে চিৎ করিয়া শয়ন করাইবে পরে "ওঁ দেবা দেবাশ্চাগ্নিমুখাঃ সর্ব্বে হুতাশনং গৃহীত্বা এনং দহন্ত" এই মন্ত্রে পবিত্র অগ্নি গ্রহণ করিয়া "ওঁ কৃত্বা তু দুষ্কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা। মৃত্যুকাল-

বশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতং। ধর্ম্মাধর্ম্ম-সমাযুক্তং লোভমোহসমাবৃতং। দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু।" এই মন্ত্রে চিতা প্রদক্ষিণ করিয়া দক্ষিণমুখ হইয়া শবমুখে অগ্নি প্রদান করিবে। তাহার পর শবদাহ সমাধা হইবার সময়ে প্রদেশ-প্রমাণ ৭টী কাঠের কুচা লইয়া ৭ বার চিতা প্রদক্ষিণ করিবে এবং প্রতিবারে এক একটী কাঠি অগ্নিতে নিক্ষেপ করিবে "ওঁ ক্রব্যাদায় নমস্তভ্যং" একবার বলিয়া কুঠার দ্বারা চিতার অঙ্গারে সাতবার আঘাত করিবে। তার পরে কিঞ্চিৎ অস্থি লইয়া মৃৎপিণ্ডের ভিতর করিয়া গঙ্গায় নিক্ষেপ করিবে। দাহকারিগণ প্রত্যেকে সাত কিম্বা তিন কলসী জল দিয়া চিতা নির্ব্বাণ করিবে। সকলের জল দেওয়া হইয়া গেলে, ঐ জলপূর্ণ কুম্ভটী চিতার উপর রাখিয়া ঐ কলসীর উপর সরাতে ৮ কডা কড়ি রাখিতে হয়। পরে পশ্চাৎ ফিরিয়া লোষ্ট্রাদি দ্বারা কলসীটি ভাঙ্গিয়া আর চিতা না দেখিয়া স্নান করিতে হয়। দাহকারিগণ জলসমীপে গিয়া অগ্নিদাতার সম্পর্কীয় কোন ব্যক্তি অথবা শ্যালককে জিজ্ঞাসা করিবে "উদকং করিষ্যামহে" তিনি বলিবেন "ওঁ কুরুধ্বং মাচৈবং পুনরিত্য-শতবর্ষে প্রেতে কুরুধ্বমেবেতরস্মিন্" পরে বয়োবৃদ্ধ ক্রমে জলে অবতরণ করিবে। স্নানান্তে দক্ষিণামুখ প্রাচীনাবীতী ও একবস্ত্র হইয়া "ওঁ অপঃ নঃ শোশুচদঘম্" বলিয়া বামহস্তের অনামিকাদ্বারা জল আলোড়ন করতঃ একবার ডুব দিয়া আচমনপূর্ব্বক তিন বার প্রেত তর্পণ করিবে। যথা সামবেদী—"ওঁ অমুকগোত্রং প্রেতং অমুক-দেবশর্ম্মাণং সতিলোদকেন তর্পয়ামি।" যজুর্ব্বেদী—"ওঁ অমুকগোত্র প্রেত অমুক-দেবশর্ম্মন্ এতত্তে তিলোদকং তৃপ্যস্ব।" ঋগ্বেদী—"ওঁ অমুকগোত্র প্রেত অমুক-দেবশর্ম্মন্ এতত্তে তিলোদকং।" দিবসে দাহ হইলে রাত্রিতে এবং রাত্রে দাহ হইলে দিবসে গৃহে ফিরিতে হয়। ব্রাহ্মণের অনুমতি লইয়া ইহার অন্যথা করা চলিতে পারে। গৃহে প্রত্যাগমনের সময় হইলে সকলেই কনিষ্ঠপুরঃসরে মৃতব্যক্তির বাড়ীর দ্বারদেশে গিয়া দন্ত দ্বারা নিম্বপত্র কাটিয়া ও অগ্নি প্রভৃতি স্পর্শ করিয়া গৃহাভ্যন্তরে প্রবেশ করিবে।

সূতিকা বা রজস্বলা স্ত্রী মরিলে জল পূর্ণ কুম্ভে পুষ্প এবং সতিল পঞ্চগব্য দিয়া "ওঁ আপো হিষ্ঠা ময়ো ভুবস্তান উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে। ওঁ যো বঃ শিব-তমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ।" এবং—"কয়া নশ্চিত্রেত্যস্য বামদেব ঋষির্বিরাড়্-গায়ত্রীচ্ছন্দঃ ইন্দ্রোদেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়া নশ্চিত্র আভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা। ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদা রুজে বসু। ওঁ অভীষুণঃ সখীনা মবিতা জরিতৄণাং। শতং ভবা স্যূতয়ে।" এই শান্তি মন্ত্র পাঠ করতঃ উক্ত জলে স্নান করাইয়া দাহ করিবে।

গঙ্গায় অস্থিপ্রক্ষেপ প্রয়োগ

স্নানান্তে আচমনপূর্ব্বক উত্তরাভিমুখে কুশতিল জলাদি গ্রহণ করিয়া সঙ্কল্প করিবে, যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকস্য এতদস্থিসমসংখ্যক-বর্ষসহস্রাবচ্ছিন্নস্বর্গাধিকরণকমহীয়মানত্বকামো অমুকস্য এতান্যস্থি-খণ্ডানি গঙ্গায়াং প্রক্ষিপামি" এইরূপ সঙ্কল্পান্তে প্রাচীনাবীতী হইয়া অস্থিগুলি পঞ্চগব্যে সিক্ত করিয়া স্বর্ণ মধু তিল ও গব্যঘৃত সহযোগে মৃত্তিকাভ্যন্তরস্থ করিয়া দক্ষিণ হস্তে গ্রহণ করিবে। তৎপরে দক্ষিণ দিক অবলোকন করতঃ "ওঁ নমোঽস্তু ধর্ম্মায়" এই মন্ত্রোচ্চারণান্তর নাভি পর্য্যন্ত জলে নামিয়া "ওঁ সমে প্রীতো ভবতু" বলিয়া পিতৃতীর্থের দ্বারা গঙ্গার জলে অস্থি ফেলিয়া দিবে। তদনন্তর স্নান করিয়া তীরে উঠিয়া সূর্য্যদেবকে দেখিয়া দক্ষিণা দান করিবে।

দশম পর্ব্ব

শ্রাদ্ধপ্রকরণ

সামবেদীয় পার্ব্বণশ্রাদ্ধসূত্র

শ্রাদ্ধপূর্ব্বদিনে মাংসস্ত্রীত্যাগশ্চৈকভোজনম্। শ্রাদ্ধাহে দন্তকাষ্ঠস্য ত্যাগঃ স্নানং তথোষসি॥ ততো নিত্যক্রিয়াং কুর্য্যাৎ মৃদা তিলকপূর্ব্বকং। দর্ভপাণিঃ কুরুক্ষেত্রং পঠিত্বা দানমুৎসৃজেৎ॥ পূর্ব্বাস্য উপবিশ্যার্থ আচামেদ্বিধিপূর্ব্বকম্॥ দক্ষিণাচ্ছিদ্রবাক্যঞ্চ কৃত্বা দানং সমাপ্য চ। দক্ষিণামুখ আচম্য কুরুক্ষেক্ষং পুনঃ পঠেৎ॥ শালগ্রামেঽথবা তোয়ে বাস্বর্চ্চা বিষ্ণুকীর্ত্তনম্। তস্মৈ পূজা মূল্যদানং পরভূস্বামিনেঽথবা॥ তৎপিতৃভ্যশ্চাগ্রদানং রক্ষাদীপঃকুশদ্বিজাঃ। শ্রাদ্ধানুজ্ঞা চ গায়ত্রী দেবতাভ্য ইতি ত্রিধা॥ মৃজ্জলপ্রোক্ষণং রক্ষাজলস্থাপনমেকতঃ। পূর্ব্বং বিপ্রকরে তোয়ং কুশাসনমনন্তরম্॥ দক্ষিণে দেববিপ্রস্য পিতৃবিপ্রস্য বামতঃ। আবাহনার্ঘ্যং ন্যুব্জঞ্চ ততো গন্ধাদিপঞ্চকম্॥ মণ্ডলং দৈবে পৈত্রে চ পাত্রন্যাসোঽগ্নিহোমকঃ। ঐশানীক্রমতো রেখা প্রাগগ্রা দেবমণ্ডলে। নৈর্ঋতীক্রমতো রেখা দক্ষাগ্রা পিতৃমণ্ডলে॥ পাত্রাণাং তেষু বিন্যাসো হোমপ্রশ্নাগ্নিহোমকং॥ হুতশেষ-প্রদানঞ্চ পাত্রপাতোঽন্নবেশনম্। ইদমিত্যঙ্গুলিক্ষেপস্তূষ্ণীং দৈবে যবস্য চ॥ পিত্র্যে মন্ত্রেণ, নিক্ষেপস্তিলস্যাপহতা ইতি॥ মধুনোঽন্নে চ নিক্ষেপো গায়ত্র্যাস্ত্রির্জ্জপস্ততঃ। মধুবাতা ত্র্যচা চৈব মধুশব্দত্রয়েণ চ। অন্নাভিমন্ত্রণং তস্য দানং জলনিবেদনম্॥ গায়ত্র্যাদি ত্রিক-জপশ্চান্নহীনজপস্তথা। দ্বিজাভাবেঽপি তৃপ্ত্যর্থং গায়ত্র্যাদি-ত্রিকস্য চ॥ পুণ্যাখ্যানস্য চ জপঃ সতিলপ্রোক্ষিতে কুশে। অগ্নিদগ্ধেতি মন্ত্রাভ্যাং সতিলান্ননিবেদনম্॥ হস্তপ্রক্ষাল-নাচামৌ হরিস্মৃতির্জ্জলস্য চ। পিত্রাদিক্রমতো দানং গায়ত্র্যাদিজপঃ পুনঃ। শেষান্ন-পিণ্ডয়োঃ প্রশ্নৌ নিহন্মীতি চ মণ্ডলে। অপহতানিহন্মিভ্যাং রেখাযুগ্মং পিতৃক্রমাৎ। আস্তরো দেবতেত্যস্য জপ আবাহনং তিলৈঃ। অবনেজনদানঞ্চ মধুবাতাদিকং তথা। অক্ষন্নমী পিণ্ডদানং দর্ভলেপাপঘর্ষণম্॥ আচমনং স্মৃতির্ব্বিষ্ণোঃ পাত্রক্ষালাবনেজনম্॥ অত্রেত্যাদিজপো বামাবর্ত্তনোদঙ্মুখস্ততঃ॥ আবৃত্যামী জপশ্চৈব শ্বাসত্যাগোঽঞ্জলিস্ততঃ। নম ইত্যাদিকজপো বাসোদানঞ্চ পূজনম্॥ বসন্তায় জপশ্চৈব দ্বিজাগ্রভূমিসেচনং। দৈবাদিব্রাহ্মণে দানং জলাদি ত্রিতয়স্য চ। শিবা ইত্যাদিনাক্ষয্যমঘোরা গোত্রমিত্যপি। সপবিত্রকুশাঃ পিণ্ডে স্বধাবাচনমূর্জ্জকম্॥ ন্যুব্জোত্তানং পিতুঃ পক্ষে দক্ষিণাদানমগ্রতঃ। বিশ্বে দেবাশ্চ দাতারো দেবতেতি জপস্ত্রিধা॥ বিসর্জ্জনং বাজ ইতি আমাবেতি প্রদক্ষিণম্॥ অন্নাদেঃ প্রতিপত্তিশ্চ বামদেব্যজপস্ত্রিধা। দীপপ্রচ্ছাদনং হস্তক্ষালনাচমনে

তথা। অচ্ছিদ্রবাচনং বিষ্ণোঃ স্মরণং শেষভোজনম্। আদিত্যস্য নমস্কারঃ কুশত্যাগ-স্ততঃপরং ॥১

সামবেদীয় পার্ব্বণশ্রাদ্ধপ্রয়োগ ২

পার্ব্বণের পূর্ব্বদিনে একবার নিরামিষ ভোজন করিয়া পরদিনে মধ্যাহ্ন সন্ধ্যা পর্য্যন্ত নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক উত্তরীয় ধারণ করত দক্ষিণ দিক্ কিঞ্চিৎ নিম্ন এইরূপ স্থানে দক্ষিণাভিমুখী হইয়া শুদ্ধবেশে হস্তকুশ ধারণপূর্ব্বক উত্তরমুখ বা পূর্ব্বাভিমুখ হইয়া

১। শ্রাদ্ধ-পূর্ব্বদিনে মাংসভোজন ও স্ত্রী-সহবাস ত্যাগ করিয়া একাহার করিবে। শ্রাদ্ধদিনে দন্তধাবন, তৈলস্নান ও উপবাস ত্যাগ করিবে। শ্রাদ্ধদিনে নিত্যক্রিয়া সম্পাদন করিয়া মৃত্তিকা দ্বারা তিলকাদি রচনাপূর্ব্বক কুশহস্তে কুরুক্ষেত্র পাঠ করিয়া পূর্ব্বমুখ হইয়া উপবেশন করত বিধিপূর্ব্বক আচমন করিয়া ভোজ্যোৎসর্গ করত দক্ষিণা ও অচ্ছিদ্রবাক্য করিয়া দানকার্য্য সমাপন করিবে। পরে পুনরায় দক্ষিণাভিমুখ হইয়া আচমনপূর্ব্বক পুনর্ব্বার কুরুক্ষেত্র পাঠ করিয়া শালগ্রাম শিলায় অথবা জলে বাস্তুপূজা, বিষ্ণুনাম কীর্ত্তন, শ্রাদ্ধস্থানস্বামী অন্য কেহ হইলে তাহাকে মূল্য দান, অথবা তাহার পিতৃগণকে শ্রাদ্ধাগ্রভাগ দান করিবে। পরে শ্রাদ্ধানুজ্ঞা, গায়ত্রীপাঠ ও দেবতাভ্য ইত্যাদি মন্ত্র তিনবার পাঠ করত মুষল দ্বারা প্রোক্ষণ ও একদেশে রক্ষাজল স্থাপন করিয়া ব্রাহ্মণহস্তে জল প্রদান ও কুশাসন দান করত আবাহনপূর্ব্বক অর্ঘ্যদান করিয়া দেববিপ্রের দক্ষিণে ও পিতৃবিপ্রের বামে ন্যুব্জভাবে অর্ঘ্যপাত্র স্থাপন করিয়া গন্ধাদি দান করিবে। ঈশানকোণক্রমে পূর্ব্বাগ্র মণ্ডল দৈবে, এবং নৈঋ´ত ক্রমে দক্ষিণাগ্র রেখা পিতৃমাতামহপক্ষে অঙ্কিত করিয়া তদুপরি পাত্রন্যাস করত অগ্নিহোম প্রশ্ন ও অগ্নিহোম করত অন্ন পরিবেশন করিবে। "ইদং বিষ্ণু" ইত্যাদি মন্ত্রে অঙ্গুষ্ঠ নিক্ষেপ, দৈবে তুষ্ণীং যবদান, পিতৃপক্ষে "অপহতা" ইত্যাদি মন্ত্রে তিল প্রদান, অন্নে মধুদান, গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পাঠ, অন্নাভিমন্ত্রণ, অন্নদান, জল নিবেদন, গায়ত্রীপাঠ ও "অন্নহীনং" মন্ত্র পাঠ করিবে। পরে বিপ্রে জলদান, গায়ত্রী ও মধুমন্ত্র পাঠ করত শ্রাব্য মন্ত্র ও অগ্নিদগ্ধা মন্ত্র পড়িয়া সতিলান্নদান পুনরায় গায়ত্র্যাদি জপ, শেষান্ন ও পিণ্ডদান প্রশ্ন জিজ্ঞাসা এবং "নিহন্মি" মন্ত্রে মণ্ডল অঙ্কিত করণ এবং "অপহতা" ও "নিহন্মি" মন্ত্রে পিতৃক্রমে রেখাযুগ্ম পাতন, কুশাস্তরণ, "দেবতাভ্যঃ" ইত্যাদি মন্ত্র জপ ও তিলদ্বারা আবাহন করিবে। পরে অবনেজনদান ও মধুবাতা মন্ত্র পাঠ করিয়া "অক্ষন্নমী" পাঠ করত পিণ্ডদান ও দর্ভলেপ দান করিবে। পরে আচমন পূর্ব্বক বিষ্ণুস্মরণ, পাত্র প্রক্ষালিত জলে অবনেজন, "অত্র পিতরো মাদয়ধ্বং" ইত্যাদি মন্ত্র জপ, শ্বাসত্যাগ বদ্ধাঞ্জলি হইয়া "নমঃ" ইত্যাদি মন্ত্র জপ, বাসসূত্র দান ও পূজন, "বসন্তায়" ইত্যাদি মন্ত্র পাঠ ও ব্রাহ্মণাগ্রভূমি সেচনী করিবে। পরে দৈবাদি ব্রাহ্মণত্রয়ে জলদান "শিবা" ইত্যাদি মন্ত্রে অক্ষয্য দান ও "অঘোরা" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। অতঃপর স্বধাবাচনপূর্ব্বক উর্জ্জধারা দান, ন্যুব্জীকৃত পাত্র উত্তোলন, পিতৃপক্ষে দক্ষিণাদান, "বিশ্বেদেবাঃ" ও "দেবতাভ্যঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া ব্রাহ্মণ বিসর্জ্জন "বাজে" ও "আমাবা" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া প্রদক্ষিণ ও বামদেব্যগান করিবে। পরে দীপাচ্ছাদন, হস্ত প্রক্ষালন ও আচমন করিয়া অচ্ছিদ্রবাচন, বিষ্ণুস্মরণ ও আদিত্য নমস্কার করিবে।

২। যাত্রাং যুদ্ধং নদীপারং পুনস্নানং দ্বিভোজনং। দ্যূতক্রীড়াং রতিং নার্য্যাঃ শ্রাদ্ধং কৃত্বাষ্ট বর্জ্জয়েৎ। শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে ভুঞ্জতে যে চ বিহ্বলাঃ। পতন্তি নরকে ঘোরে লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ॥ শ্রাদ্ধকর্ত্তা শ্রাদ্ধদিনে বিশেষযাত্রা, যুদ্ধ, নদীর পরপারগমন, পুনর্ব্বার স্নান ও দ্বিভোজন, দ্যূতক্রীড়া ও স্ত্রীসহবাস, এই অষ্ট কর্ম্ম এবং বিকলচিত্ত হইয়া পরশ্রাদ্ধে ভোজন করিলে শ্রাদ্ধকারী ঘোর নরকে গমন করে এবং তৎকৃত পিণ্ডোদকক্রিয়া লুপ্ত হইয়া থাকে।

উপবেশনপূর্ব্বক দুইবার আচমন করত পাষাণ, অস্থি, চাড়া (খোলা), ইষ্টক, কর্দ্দম, কীট, দুর্গন্ধ ও অনিষ্টশব্দযুক্ত ভূমি ত্যাগ করিয়া গোময়লিপ্ত স্থানে কুশাসনে উপবিষ্ট হইয়া তিলতৈল বা ঘৃত দ্বারা প্রদীপ প্রজ্বালিত করত নারায়ণাদির পূজা করিয়া আমান্ন ভোজ্যাদি উৎসর্গ করিবে।

ভোজ্যোৎসর্গ

প্রথমতঃ ভোজ্য সম্মুখে আনিয়া করযোড়ে—ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গাপ্রভাসপুষ্করাণি চ। তীর্থান্যেতানি পুণ্যানি দানকালে ভবন্ত্বিহ ॥" এই মন্ত্র পাঠ করিয়া সম্মুখস্থ ভোজ্য বামহস্তে ধারণপূর্ব্বক দক্ষিণহস্তে গন্ধপুষ্প গ্রহণ করত। "এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণামান্নভোজ্যায় নমঃ" বলিয়া তিনবার ভোজ্য অর্চ্চনা করিয়া পুনরপি গন্ধপুষ্প দ্বারা "এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ"। এই বলিয়া একবার নারায়ণ অর্চ্চনা করত পুনর্ব্বার গন্ধপুষ্পদ্বারা "এতৎ-সম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ"। বলিয়া একবার গন্ধপুষ্প দিয়া—("ওঁ শ্রীবিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু" এই বলিয়া নখ ভিন্ন অঙ্গুষ্ঠ দ্বারা ভোজ্য স্পর্শ করিবে।) তৎপরে তাম্রাদিপাত্রে কুশত্রিপত্রসহ জলগ্রহণপূর্ব্বক—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকনিমিত্তকপার্ব্বণশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মনঃ অমুকগোত্রস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ স্বর্গকামঃ এতৎ সোপকরণামান্নভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতং অর্চ্চিতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি"। এইরূপ বলিয়া হস্তস্থ কুশত্রিপত্র দ্বারা ভোজ্যের উপরে জলের অভ্যুক্ষণ দিবে। পরে দক্ষিণা করিবে। যথা—দক্ষিণাদ্রব্য অর্চ্চনা করিয়া বামহস্ত দ্বারা ধারণ করত দক্ষিণহস্ত কোশার মধ্যে স্থাপনপূর্ব্বক "বিষ্ণুরোম্ তৎসদদ্যেত্যাদি স্বর্গকামনয়া কৃতৈতদ্‌ভোজ্যদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং তন্মূল্যং বা শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদাদি"। এই বলিয়া দক্ষিণার উপর জল দিবে। এইরূপে দান কার্য্য সমাপন করিয়া হাতে জল লইয়া "কৃতৈতৎ-সোপকরণামান্নভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু" বলিয়া হস্তস্থ জল ত্যাগ করত অচ্ছিদ্রাবধারণ করিবে। অতঃপর "কুরুক্ষেত্র" ইত্যাদি পাঠ করিয়া বাস্তুপূজা করিবে। যথা—"এতৎ পাদ্যং ওঁ বাস্তুপুরুষায় নমঃ" ইত্যাদি ক্রমে পূজা করিয়া ভোজ্য ও অন্নাদি উৎসর্গ করত "ওঁ সর্ব্বে বাস্তুময়া দেবাঃ সর্ব্বং বাস্তুময়ঃ জগৎ। পৃথ্বীধরস্ত্বং দেবেশ বাস্তুদেব নমোঽস্তু তে॥" বলিয়া বাস্তুকে প্রণাম করিবে॥ পরে "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং

পদং সদা পশ্যন্তি স্থরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।" বলিয়া বিষ্ণুস্মরণ করত "ওঁ তৎসৎ" উচ্চারণপূর্ব্বক—"ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া পাদ্যাদিদ্বারা যজ্ঞেশ্বরের পূজা করিয়া শ্রাদ্ধীয়দ্রব্যাগ্রভাগ দান করিবে। যথা—পূর্ব্ববৎ অর্চ্চনা করিয়া "এতৎ শ্রাদ্ধীয়দ্রব্যাগ্রভাগসঘৃতোপকরণামান্নভোজ্যং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া উৎসর্গ করিয়া দিবে।

অনন্তর গঙ্গার পূজা করিয়া অন্যের ভূমিতে পার্ব্বণ করিলে ভূমিমূল্য দিবে অথবা "ইদমন্নং ওঁ এতদ্‌ভূস্বামিপিতৃভ্যঃ স্বধা" বলিয়া অন্ন উৎসর্গ করিয়া দিবে। স্বীয় ভূমিতে বা অস্বামিক [১] ভূমিতে শ্রাদ্ধ করিলে ভূমির মূল্য দান বা অন্নোৎসর্গ করিতে হয় না।

পিতাকে বসু আকারে, পিতামহকে রুদ্রাকারে এবং প্রপিতামহকে আদিত্য আকারে ধ্যান করিবে। এইরূপে মাতামহদিগকেও ধ্যান করিতে হইবে। সকল দৈবকার্য্য, উত্তরাভিমুখ, পাতিতদক্ষিণজানু ও উপবীতী হইয়া এবং পিতৃকার্য্য দক্ষিণাভিমুখ, পাতিতবামজানু ও প্রাচীনাবীতী হইয়া করিবে।

ব্রাহ্মণস্থাপন

প্রথমতঃ দৈবপক্ষে পূর্ব্বাগ্র দুই গাছ কুশযুক্ত যবমিশ্রিত জলান্বিত একখানি আসন পশ্চিমদিকে ও পিতৃপক্ষে তিলমিশ্রিত জলযুক্ত দক্ষিণাগ্র-কুশদ্বয়-সমন্বিত একখানি আসন দক্ষিণদিকে স্থাপন করিবে এবং মাতামহপক্ষে ঐরূপে একখানি আসন পিতৃপক্ষের আসনের পূর্ব্বদিকে দক্ষিণাগ্র করিয়া স্থাপন করিবে। পরে সাত বা পাঁচগাছ কুশ দ্বারা ওঙ্কার উচ্চারণপূর্ব্বক আড়াইপেঁচ দিয়া ঊর্দ্ধদিকে অগ্রগুলি রাখিয়া তিনটী কুশময় ব্রাহ্মণ নির্ম্মাণ করিয়া" ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামি হোপহ্বয়ে শ্রিয়ম্" মন্ত্রে চন্দনলিপ্ত করিবে। পরে "ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্"॥ এই মন্ত্রে ব্রাহ্মণ স্নান করাইবে। পরে "ওঁ দর্ভময়ব্রাহ্মণেভ্যো নমঃ" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া দেবপক্ষীয় আসনে পশ্চিমাগ্র করিয়া একটি এবং পিতৃমাতামহ পক্ষের আসনদ্বয়ে দক্ষিণাগ্র করিয়া দুইটি ব্রাহ্মণস্থাপন পূর্ব্বক শ্রাদ্ধানুজ্ঞা গ্রহণ করিবে। যথা—প্রথমতঃ দৈবপক্ষে দক্ষিণ জানু পাতিত করিয়া উত্তরাভিমুখ ও উপবীতী হইয়া দৈব-ব্রাহ্মণে এক গণ্ডুষ জল দিয়া "বিষ্ণুরোঁতৎসদস্য অমুকে মাসি, অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুক-দেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুক-দেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুক-দেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকনিমিত্তকপার্ব্বণশ্রাদ্ধে

১। অস্বামিক ভূমি যথা—বন, পর্ব্বত, নদীপ্রবাহের দুই ধারে চারি হাত পরিমিত অবিচ্ছিন্ন ভূমি; পুণ্যময় পুরুষোত্তমাদি স্থান; গয়াদি ক্ষেত্র; দণ্ডকাদি অরণ্যসমূহ; গঙ্গা প্রভৃতি মহানদীর গর্ভ এবং তাহার উভয় পার্শ্বে দুই ক্রোশ পর্য্যন্ত উর্দ্ধে ক্ষেত্র; এই সকল স্থান রাজাদি কর্ত্তৃক ভুবনীত থাকিলেও অস্বামিক।

কর্ত্তব্যে ওঁ পুরূরবো মাদ্রবসো র্ব্বিশ্বেষাং দেবানাং অমুকনিমিত্তক [১] পার্ব্বণশ্রাদ্ধং দর্ভ-ময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" বলিয়া করযোড়ে প্রশ্ন করিলে "ওঁ কুরুষ" এই প্রতিবচন পুরোহিত বলিবেন। মতান্তরে দৈবপক্ষে দুইটি ব্রাহ্মণ স্থাপন করিতে হয়, সেস্থলে অনুজ্ঞাবাক্যে "ব্রাহ্মণয়োরহং" বলিবে। দক্ষিণামুখ ও প্রাচীনাবীতী হইয়া, বামজানু পাতিত করত পিতৃপক্ষের ব্রাহ্মণে এক গণ্ডূষ জলপ্রদানপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া "বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকনিমিত্তকপার্ব্বণশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" এই বলিয়া অনুজ্ঞা প্রার্থনা করিলে পুরোহিত "ওঁ কুরুষ" বলিবেন। অনন্তর মাতামহপক্ষের ব্রাহ্মণে এক গণ্ডূষ জল প্রদান করিয়া কৃতাঞ্জলি হইয়া "বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকদেব-শর্ম্মণঃ অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকনিমিত্তক-পার্ব্বণশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" এই বলিয়া প্রার্থনা করিলে পুরোহিত "ওঁ কুরুষ" বলিবেন। মতান্তরে পিতৃপক্ষে ও মাতামহপক্ষে তিন তিনটী করিয়া ব্রাহ্মণ স্থাপন করিবার বিধি আছে। সে স্থলে অনুজ্ঞাবাক্যে "ব্রাহ্মণেষ্বহং" বলিবে॥ অতঃপর পক্ষত্রয়ে সপ্রণব ব্যাহৃতি প্রণবান্ত গায়ত্রী জপ করিয়া "ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি"।

এই মন্ত্রও তিনবার পাঠ করিয়া "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি মন্ত্র পাঠ করত বিষ্ণুস্মরণ করিয়া জলযুক্ত একটী তুলসীপত্র মৃত্তিকায় স্থাপনপূর্ব্বক পুনর্ব্বার ঐ তুলসীপত্র পাত্রান্তরস্থ জলে মিশাইয়া ঐ জলদ্বারা শ্রাদ্ধীয় দ্রব্যসমূহ অভ্যুক্ষণ করিবে। অনন্তর একটী পাত্রে দৈবব্রাহ্মণের একদেশে আর একটী পাত্রে পিতৃব্রাহ্মণের একদেশ স্থানে আর একটী পাত্রে মাতামহ পক্ষের ব্রাহ্মণের একদেশ স্থানে রক্ষার্থ কিছু কিছু জল স্থাপন করিবে।

অতঃপর উত্তরাভিমুখে উপবেশনপূর্ব্বক উপবীতী হইয়া হাঁটু পাতিয়া দৈবব্রাহ্মণের হস্তে জল দিয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্বো দর্ভাসনং নমঃ" ইহা বলিয়া দৈবব্রাহ্মণের দক্ষিণপার্শ্বে একটি সযব ত্রিপত্র দিবে। তৎপরে দক্ষিণাভিমুখী ও প্রাচী-নাবীতী হইয়া বামজানু পাতিত করিয়া পিতৃব্রাহ্মণের হস্তে জল প্রদান করত "ওঁ অমুক-গোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র পিতামহ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্ এতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" বলিয়া

১। মহালয়া অমাবস্যার পার্ব্বণ করিলে অমুকনিমিত্তক স্থানে "মহালয়ামাবস্যানিমিত্তক বলিতে হইবে, এইরূপ দীপান্বিতায় "দীপান্বিতামাবস্যানিমিত্তক" নবান্নে "শুভনবান্নাগমননিমিত্তক" ইত্যাদিবাক্য প্রয়োগ করিতে হইবে।

কুশমোটক পিতৃব্রাহ্মণের বামপার্শ্বে স্থাপন করিবে এবং এইরূপ মাতামহপক্ষের ব্রাহ্মণহস্তে এক গণ্ডূষ জল দিয়া পূর্ব্বোক্তরূপে মাতামহাদির গোত্র ও নাম উল্লেখপূর্ব্বক "এতত্তে দর্ভাসনং ইত্যাদি বাক্য করিয়া মাতামহপক্ষীয় ব্রাহ্মণের বামপার্শ্বে কুশময় মোটক দিবে।

আবাহন—উত্তরাভিমুখ উপবীতী হইয়া দক্ষিণজানু পাতিত করিয়া যবগ্রহণপূর্ব্বক "ওঁ বিশ্বান্ দেবান্ আবাহয়িষ্যে" বলিয়া প্রশ্ন করিলে পুরোহিত বলিবেন "ওঁ আবাহয়" তৎপরে "ওঁ বিশ্বে দেবাস আ-গত শৃণুতাম ইমং হবং এদং বর্হির্নিষীদত" বলিয়া আবাহন করিয়া অমন্ত্রক যবগুলি দৈবব্রাহ্মণে বিকীরণ করিবে॥ অতঃপর কৃতাঞ্জলি হইয়া ওঁ বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে, যে অন্তরিক্ষে, য উপস্থবিষ্ঠ যে অগ্নিজিহ্বা উত বা যজত্রা আসদ্যাস্মিন্ বর্হিষি মাদয়ধ্বম্॥ ওঁ ওষধয়ঃ সমবদন্ত সোমেন সহ রাজ্ঞা। যস্মৈ কৃণোতি ব্রাহ্মণস্তং রাজন্ পারয়ামসি"।

এই মন্ত্রদ্বয় জপ করিয়া পিতৃপক্ষে দক্ষিণাভিমুখ পাতিত-বামজানু ও প্রাচীনাবীতী হইয়া তিল গ্রহণ করত "ওঁ পিতৄন্ আবাহয়িষ্যে" বলিয়া প্রশ্ন করিলে পুরোহিত "ওঁ আবাহয়" বলিলে অতঃপর কৃতাঞ্জলিপূর্ব্বক—

"ওঁ এত পিতরঃ সোম্যাসো, গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত॥ ওঁ উশন্তস্ত্বা নি ধীমহ্যুশন্তঃ সমিধীমহি। উশন্নুশত আ বহ পিতৄন্ হবিষে অত্তবে" এই মন্ত্রে আবাহন-পূর্ব্বক—"ওঁ আয়ন্তু নঃ পিতরঃ সোম্যা-সোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধি ব্রুবন্তু তে হবন্ত্বস্মান্"।

এই মন্ত্র জপ করিয়া ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ" বলিয়া পিতৃ ও মাতামহ-পক্ষীয় ব্রাহ্মণে তিল প্রদান করত অর্ঘ্যদান করিবে।

অর্ঘ্যদান যথা—জলস্পর্শ করিয়া দৈবব্রাহ্মণের সম্মুখে পূর্ব্বাগ্র কুশের উপরি একটী, পিতৃপক্ষীয় ব্রাহ্মণের সম্মুখে দক্ষিণাগ্র কুশোপরি তিনটী এবং মাতামহপক্ষীয় ব্রাহ্মণের সম্মুখে দক্ষিণাগ্র কুশের উপরি তিনটী, এই সাতটী পাত্র স্থাপন করিয়া দুই গাছি কুশ পত্র দ্বারা একটি পবিত্র নির্ম্মাণ করিয়া—"ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" মন্ত্রে প্রাদেশমাত্র প্রমাণ রাখিয়া নখ ব্যতীত অন্য কিছু দ্বারা ছেদন করত "ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ" মন্ত্রে জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া দৈবার্ঘ্যপাত্রে রাখিবে। পরে পিতৃপক্ষ ও মাতামহ পক্ষের ৬টী পাত্রে পৃথক্ পৃথক্ মন্ত্র পাঠ পূর্ব্বক এক একটী পবিত্র ছেদন ও প্রোক্ষণ পূর্ব্বক দক্ষিণাগ্রে পবিত্র স্থাপন করত—

"ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শং যোরভি স্রবন্ত নঃ"

এই মন্ত্র পড়িয়া ঐ সাতটী পবিত্রে জল দিবে। "ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়া রাতীর্দিবে ত্বান্তরিক্ষায় ত্বা পৃথিব্যৈ ত্বা। শুন্ধন্তাং লোকাঃ পিতৃষদনমসি"।

এইমন্ত্রে দৈবপক্ষের অর্ঘ্যপাত্রে যববিকীরণ করিবে। অতঃপর পিতৃ ও মাতামহপক্ষীয় অর্ঘ্যপাত্রে "ওঁ তিলোঽসি সোমদেবত্যো গোষবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া

পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা" "এই মন্ত্র পড়িয়া তিল নিক্ষেপ করিবে। পরে দৈবাদিক্রমে সাতটী অর্ঘ্যপাত্রে অমন্ত্রক গন্ধপুষ্প প্রদান করিয়া অন্ত কুশদ্বারা দৈবার্ঘ্যপাত্র আচ্ছাদন করত "ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু" বলিবে।

পরে পুরোহিত "ওঁ অস্তু" বলিলে কুশ উদ্ঘাটন করিয়া, অর্ঘ্যপাত্রস্থ পবিত্র দৈবব্রাহ্মণহস্তে পূর্ব্বাগ্রভাবে দিয়া অন্য পাত্রস্থ জল ও পুষ্প প্রদান করিয়া অপর একটি পুষ্প দ্বারা "ওঁ শিরঃ প্রভৃতি-সর্ব্বগাত্রেভ্যো নমঃ" বলিয়া পূজা করত সেই অর্ঘ্যপাত্র বামহস্তে লইয়া দক্ষিণহস্ত দ্বারা আচ্ছাদন করিয়া ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্ষা অন্তরিক্ষ্যা উত পার্থিবীর্য্যাঃ। হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবাঃ সংস্থোনাঃ সুহবা ভবন্ত"। এই মন্ত্র পাঠ করিয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্বোঽর্ঘ্যং নমঃ" ইহা বলিয়া দক্ষিণহস্ত দ্বারা দৈবব্রাহ্মণে অর্ঘ্য প্রদান করিবে। অতঃপর পিতৃপক্ষে দক্ষিণাভিমুখ পাতিত-বামজানু ও প্রাচীনাবীতী হইয়া পূর্ব্ববৎ অর্ঘ্যপাত্র কুশদ্বারা আচ্ছাদন ও উদ্ঘাটন করিয়া পিতৃব্রাহ্মণে দক্ষিণাগ্র পবিত্র দান করত অমন্ত্রক অপর পাত্রস্থ জল ও পুষ্প দিয়া, অন্য পুষ্পদ্বারা "ওঁ শিরঃ প্রভৃতি-সর্ব্বগাত্রেভ্যো নমঃ" এই মন্ত্রে পূজা করিয়া বামহস্তে অর্ঘ্যপাত্রগ্রহণপূর্ব্বক দক্ষিণহস্ত দ্বারা আচ্ছাদন করিয়া "ওঁ যা দিব্যা আপঃ পয়সা" ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করত পাত্র ভূমিত রাখিয়া বামহস্ত দ্বারা দক্ষিণবাহুমূল স্পর্শ করিয়া, "ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা"।

ইহা পাঠ করিয়া দক্ষিণহস্ত দ্বারা পিতৃব্রাহ্মণে অর্ঘ্যপ্রদান করত পাত্রে যে শেষ জল টুকু থাকিবে, সেই জলের সহিত পাত্রটী পূর্ব্বস্থানে স্থাপন করিবে। এইরূপে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের ব্রাহ্মণে অর্ঘ্য প্রদান করিয়া যথাস্থানে সজল পাত্র কয়েকটি রাখিবে। মন্ত্র পিতৃ অর্ঘ্যপ্রদানের ন্যায়, কেবল বাক্যে নামমাত্র পৃথক্ পৃথক্ উল্লেখ করিতে হইবে এবং এক একটি অর্ঘ্য দিয়াই এক একবার জল স্পর্শ করিতে হইবে।

অনন্তর পিতৃপাত্রে পিতামহ, প্রপিতামহ, মাতামহ প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহ পাত্রের সংস্রব যথা-ক্রমে গ্রহণ করিয়া, প্রপিতামহ-পাত্র দ্বারা আচ্ছাদন করত স্বীয় বামদিকে সমূল কুশের উপরি অধোমুখে "ওঁ পিতৃভ্যঃ স্থানমসি" এই বলিয়া ন্যুব্জভাবে স্থাপন করিবে। অনন্তর গন্ধাদি দান করিতে হইবে।

গন্ধাদিদান—প্রথমতঃ দৈবে উত্তরাভিমুখ পাতিত-দক্ষিণজানু ও উপবীতী হইয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতানি বো গন্ধপুষ্পধূপ দীপাচ্ছাদনানি নমঃ" বলিয়া গন্ধ পুষ্প ধূপ দীপ ও আচ্ছাদন উৎসর্গ করত, "এষ বো গন্ধঃ" বলিয়া গন্ধ, "এতদ্বঃ পুষ্পং" বলিয়া পুষ্প, "এষ বো ধূপঃ" বলিয়া ধূপ, "এষ বো দীপঃ" বলিয়া দীপ এবং "এতদ্ব আচ্ছাদনং" বলিয়া বস্ত্র দৈবব্রাহ্মণে নিবেদন করিবে। পরে পিতৃপক্ষে

দক্ষিণাভিমুখ পাতিত—বামজানু ও প্রাচীনাবীতী হইয়া পিতরমুকদেবশর্ম্মন্ "অমুকগোত্র অমুকগোত্র পিতামহ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্ এতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনাসি ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া উৎসর্গ করিয়া "এষ তে গন্ধঃ" বলিয়া গন্ধ, "এতে পুষ্পং" বলিয়া পুষ্প, "এষ তে ধূপঃ" বলিয়া ধূপ, "এষ তে দীপঃ" বলিয়া দীপ "এতত্তে আচ্ছাদনং" বলিয়া বস্ত্র পিতৃপক্ষীয়-ব্রাহ্মণে দিবে। পরে "এইরূপে মাতামহাদি ব্রাহ্মণে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও বস্ত্র দিবে। ইহার মধ্যে কোন দ্রব্যের অভাব হইলে তৎপুরণার্থ যব দিবে। উক্ত প্রকারে দৈবাদিতিন পক্ষে যজ্ঞোপবীত দিবে।

অন্নদান—প্রথমে দৈবাদি ত্রি-পক্ষীয় ব্রাহ্মণত্রয়ের সম্মুখস্থ কুশাদি ফেলিয়া দিয়া দৈবপক্ষে ঈশানকোণ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্তক্রমে জলদ্বারা পূর্ব্বাগ্র রেখা অঙ্কিত করিয়া একটি এবং পিতৃ ও মাতামহপক্ষে নৈঋত কোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তক্রমে দক্ষিণাগ্র রেখা অঙ্কন করিয়া দুইটি চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করত তদুপরি দৈবাদিক্রমে ভোজনপাত্র স্থাপন করিবে। পরে পাকপাত্র হইতে পাত্রান্তরে সঘৃতান্ন গ্রহণ করিয়া "ওঁ অগ্নৌ করিষ্যামি" বলিয়া পংক্তিশ্রেষ্ঠ ব্রাহ্মণকে প্রশ্ন করিলে পুরোহিত বলিবেন "ওঁ কুরুষ্ব"। পরে "ওঁ স্বাহা" বলিয়া দক্ষিণাঙ্গুষ্ঠদ্বারা পাত্রস্থিতজলে কিঞ্চিৎ আহুতি দিয়া "ওঁ সোমায় পিতৃমতে" এই মন্ত্র বলিবে। অনন্তর "ওঁ স্বাহা" বলিয়া অপর আহুতি প্রদান করিয়া "ওঁ অগ্নয়ে কব্যবাহনায়" এই মন্ত্রশেষ বলিবে এবং অমন্ত্রক দুইবার ঐ জলে আহুতি দিয়া দৈবপাত্রে দুইবার, পিতৃপাত্রে ও মাতামহপাত্রে তিন তিনবার করিয়া ঐ হুতশেষ অন্ন প্রদান করত পিণ্ডার্থ কিঞ্চিৎ রাখিবে। পরে অন্বত্তানহস্ত (অধোমুখে বামহস্ত নীচে এবং দক্ষিণহস্ত উপরে) দ্বারা দৈবপাত্র ধারণ করিয়া "ওঁ পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং ব্রাহ্মণস্য মুখেঽমৃতেঽমৃতং জুহোমি স্বাহা"। এই মন্ত্র পাঠ করিবে।

পরে পিতৃপক্ষের পাত্র উত্তান (চিৎভাবে বামহস্ত নীচে এবং দক্ষিণহস্ত উপরে) হস্তে ধারণ করিয়া "ওঁ পৃথিবী তে পাত্রং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। এইরূপে মাতামহপক্ষের পাত্র ধারণ ও মন্ত্র পাঠ করিবে। এই প্রকারে পিত্রাদি পাত্রে ও মাতামহাদি পাত্রে অন্ন পরিবেশন করিতে হইবে। উপকরণাদি অপর স্বতন্ত্র পাত্রে দিবে। অপর পাত্র না থাকিলে অন্নপাত্রের উপরি দিবে। সীসা, লৌহ, প্রস্তর ও আট অঙ্গুলের কম, ভগ্ন ও মৃন্ময় পাত্রে অন্ন দিবে না, কিন্তু তাম্রপাত্র ভগ্ন হইলেও তাহাতে দিতে পারিবে। রৌপ্যপাত্র আট আঙ্গুলের কম হইলেও গ্রাহ্য হইবে। কুষ্মাণ্ড লাউ ও বেগুন প্রভৃতি বর্জ্জন করিবে। এইরূপ পরিবেশন করিয়া দৈবক্রমে বামহস্তে সজল অন্নপাত্র ধারণ করিয়া দৈবপক্ষে "ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষস্ব" এবং পিতৃপক্ষে "ওঁ বিষ্ণো কব্যমিদং রক্ষস্ব" পাঠ পূর্ব্বক—

"ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংসুলে"॥ এই মন্ত্র পাঠ করিয়া অন্নাদিতে নখ ব্যতীত অঙ্গুষ্ঠ স্পর্শ করাইবে। পরে দৈবপক্ষের অন্নে অমন্ত্রক যব বিকীর্ণ করিয়া পিতৃমাতামহ পক্ষের অন্নে "ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ" বলিয়া তিল নিক্ষেপ করিবে। ব্রাহ্মণদিগকে জল দিয়া অন্নে মধু তদভাবে গুড় প্রদান করত সপ্রণব-ব্যাহৃতি গায়ত্রী পাঠ করিয়া "ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্ত মুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতির্মধুমাং অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥ ওঁ মধু ওঁ মধু" ওঁ মধু" ইহা জপ করিবে।

অতঃপর দৈবে উত্তরাভিমুখ পাতিত-দক্ষিণজানু ও উপবীতী হইয়া অনুত্তান বামহস্তে অন্নপাত্র ধারণ করিয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্বোঽন্নং সোপকরণং সযবোদকং নমঃ" এই বলিয়া উৎসর্গ করতঃ "ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতৌ স্বদেতাম্" ইহা বলিবে।

তৎপরে পিতৃপক্ষে দক্ষিণাভিমুখ পাতিত-বামজানু ও প্রাচীনা বীতী হইয়া উত্তান-বামহস্তে অন্নপাত্র ধারণ করত প্রোক্ষণ করিয়া "ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংশুলে"॥ ইহা জপ করিয়া "ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র পিতামহ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্ এতত্তেঽন্নং সোপকরণং সতিলোদকং "ওঁ চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া অন্ন উৎসর্গ করিবে। তৎপরে এই মন্ত্র পাঠ করিবে :—

"ইদমন্নং ইমা আপঃ ইদংহবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতাঃ স্বদত" বলিবে। ঐরূপ মাতামহপক্ষেও পূর্ব্ববৎ অন্ন ধারণ করিয়া "ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে" ইত্যাদি মন্ত্র পাঠ এবং মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের সগোত্র নাম উল্লেখ করিয়া উৎসর্গ করত "ইদমন্নং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে ব্রাহ্মণত্রয়ে এক গণ্ডূষ জল দিয়া সপ্রণব-ব্যাহৃতি গায়ত্রী তিন বা একবার পাঠ করিয়া "ওঁ মধুবাতা ঋতায়তে" ইত্যাদি মন্ত্র জপ করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া "অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ তৎসর্ব্বমচ্ছিদ্রমস্তু"।

পাঠ করিয়া শ্রাব্যমন্ত্র পাঠ করিবে। যথা—প্রণব ব্যাহৃতিসহিত গায়ত্রী পাঠ করিয়া "ওঁ মধুবাতা" ইত্যাদি মন্ত্র পাঠ করত পাঠ করিবে।

শ্রাব্যমন্ত্র—ওঁ যজ্ঞেশ্বরা হব্যসমস্তকব্য ভোক্তাঽব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র। তৎসন্নিধানাদপযান্তু সন্তো রাক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে। ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সংপূজ্য-মুনয়োঽব্রুবন্। বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ॥ ওঁ মন্বত্রিবিষ্ণুহারীত-যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ॥ যমাপস্তম্বসম্বর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী। পরাশরব্যাসশঙ্খলিখিতা দক্ষগৌতমৌ। শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রয়োজকাঃ॥ ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং

সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥ ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা। দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে, মূলং রাজা ধৃতরাষ্ট্রোঽমনীষী॥ ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ, স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনাঽস্য শাখা। মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ। ওঁ সপ্ত ব্যাধা দশার্ণেষু মৃগাঃ কালঞ্জরে গিরৌ। চক্রবাকাঃ শরদ্বীপে হংসাঃ সরসি মানসে। তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ। প্রস্থিতা দূরমধ্বানং যূয়ং তেভ্যোঽবসীদতঃ॥

এই মন্ত্র জপ করিয়া রুচিস্তব পাঠ করিবে, অসমর্থ হইলে

"ওঁ বৃদ্ধোঽহং সাম্প্রতং কো মে পিতরঃ! সম্প্রদাস্যতি। ভার্য্যাং তথা দরিদ্রস্য দুষ্করো দারসংগ্রহঃ॥ পিতর উচুঃ। অস্মাকং পতনং বৎস ভবতশ্চাপ্যধো গতিঃ। ন্যূনং ভাবি ভবিত্রি চ নাভিনন্দসি নো বচঃ। ইত্যুক্ত্বা পিতরস্তস্য পশ্যতো মুনিসত্তম। বভুবুঃ সহসাঽদৃশ্যা দীপা বাতাহতা ইব॥ ওঁ রুচিঃ ওঁ রুচিঃ ওঁ রুচিঃ" বারত্রয় পাঠ করতঃ।

"ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্। যঃ প্রযাতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিং॥ নমস্তুভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে। নমঃ পিণাক হস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ।"

ইহা পাঠ করিবে॥ অনন্তর অগ্নিদগ্ধার পিণ্ডদান করিবে।

অগ্নিদগ্ধা পিণ্ডদান—দৈব ও পিতৃপক্ষের মধ্যস্থানে দক্ষিণাগ্র কুশ আস্তরণ করত সতিল-জল-দ্বারা প্রোক্ষণ করিয়া সর্ব্ব প্রকার অন্ন উদ্ধৃত করত একটি পিণ্ড নির্ম্মাণ করিয়া

"ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিং॥ ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-র্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি। তত্তৃপ্তয়েঽন্নং ভূমি দত্তমেৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ।"

এই মন্ত্রদ্বয় পাঠ করিয়া হস্তস্থ পিণ্ড কুশের উপরি স্থাপন করিবে। অনন্তর হস্তদ্বয় প্রক্ষালনপূর্ব্বক আচমন করিয়া দক্ষিণকর্ণ স্পর্শ করত বিষ্ণুস্মরণপূর্ব্বক পিণ্ডদান করিবে।

পিণ্ডদান—প্রত্যেক ব্রাহ্মণকে জলগণ্ডুষ প্রদান করিয়া পূর্ব্ববৎ সপ্রণবব্যাহৃতি গায়ত্রী পাঠপূর্ব্বক—"ওঁ মধুবাতা" ইত্যাদি মন্ত্র জপ করিয়া "ওঁ শেষমন্নং ক্ব দেয়ং" বলিলে পুরোহিত বলিবেন "ইষ্টেভ্যো দীয়তাং।" তৎপরে "ওঁ পিণ্ডদানমহং করিষ্যে" ইহা বলিলে পুরোহিত বলিবেন "ওঁ কুরুষ।" পরে "ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বেঽসুর-দানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে॥"

এই মন্ত্র পাঠ করিয়া নৈর্ঋত কোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তক্রমে পিতৃব্রাহ্মণের সম্মুখে একটি এবং তৎপূর্ব্বদিকে মাতামহ-ব্রাহ্মণের সম্মুখে একটি চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করিয়া প্রদেশ পরিমাণ দুইগাছি কুশ বামহস্ত হইতে দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া

"ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ। ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে॥"

এই মন্ত্রদ্বয় পাঠ করিয়া পূর্ব্বোক্ত মণ্ডলদ্বয়ের মধ্যে ছুইটী দক্ষিণাগ্র রেখা অঙ্কিত করিয়া কুশপত্রদ্বয় উত্তরদিকে নিক্ষেপ করিবে। তৎপরে ঐ রেখার উপরি মূলাগ্রযুক্ত কুশ আস্তরণ করিয়া—

"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি॥" এই মন্ত্র তিনবার পাঠ করিবে। অতঃপর

"ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ॥ দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত॥"

এই মন্ত্র পাঠ করিয়া আস্তীর্ণ কুশোপরি তিল নিক্ষেপ করিবে। পরে মোটক সহিত সতিজল গ্রহণ করিয়া—

"ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ অবনেনিক্ষ্ব ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা॥"

এই বলিয়া পিতৃপক্ষে আস্তীর্ণ কুশের মূলে প্রদান করিবে। এইরূপে জলস্পর্শপূর্ব্বক পিতামহ ও প্রপিতামহের নাম উল্লেখ পূর্ব্বক পৃথক্ পৃথক্ আস্তীর্ণ কুশোপরি মধ্য ও অগ্র ক্রমে প্রদান করিবে। এইরূপে মাতামহপক্ষে সম্পন্ন করিয়া পরে আহুতির শেষ অন্নদ্বারা বিল্বপরিমাণ ষট্‌পিণ্ড প্রস্তুত করত তাহাতে ঘৃত ও মধু প্রদান এবং এক একটি মোটকসহ একটি পিণ্ড দক্ষিণহস্তে গ্রহণ করত "ওঁ মধুবাতা" ইত্যাদি মন্ত্র এবং

"ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধূষত। অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী য়োজা ন্বিন্দ্র তে হরী।" ইহা পাঠ করিয়া—

"ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এষ তে পিণ্ডঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।"

বলিয়া পিতৃপক্ষের আস্তীর্ণ কুশের মূলস্থানে দিবে। এই রূপে "ওঁ মধুবাতা" ইত্যাদি মন্ত্রদ্বয় পাঠ করিয়া পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের গোত্র উল্লেখ পূর্ব্বক নাম উল্লেখ করিয়া এক একটি পিণ্ড আস্তীর্ণ কুশোপরি দিবে। এই প্রকারে ছয়টি পিণ্ড প্রদান করিবে। এক একটি পিণ্ড দিয়া এক একবার জলস্পর্শ করিতে হইবে। পরে পিণ্ডপাত্রে অবশিষ্ট যাহা থাকিবে তাহা পিণ্ডের উপরি দিয়া কুশমূলদ্বারা "ওঁ লেপভুজঃ পিতরঃ প্রীয়ন্তাং।" বলিয়া হস্তলিপ্ত অন্নাদির কিঞ্চিৎ অংশ পিণ্ডোপরি দিবে। অতঃপর হস্তদ্বয় প্রক্ষালন, আচমন ও হরিস্মরণপূর্ব্বক পিণ্ডপাত্র প্রক্ষালন করিয়া সেই পাত্রে তিল তুলসী মোটক ধারণ করিয়া—"ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্ অবনেনিক্ষ্ব ওঁ যে চাত্র ত্বামানু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।"

বলিয়া পিতৃপিণ্ডে ঐ প্রক্ষালিত জল দিবে। ক্রমান্বয়ে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহ পিণ্ডে জল দিবে। অতঃপর "ওঁ অত্র পিতরো মাদয়ধ্বং। যথাভাগমঃ বৃষায়ধ্বং।"

ইহা জপ করিবে। পরে আচমনপূর্ব্বক বামাবর্ত্তক্রমে উত্তরাভিমুখ হইয়া শ্বাস ধারণ করত দক্ষিণামুখ হইয়া পিতৃপুরুষদিগকে ভাস্করমূর্ত্তিরূপে চিন্তা করিয়া—

"ওঁ অমীমদন্ত পিতরো যথাভাগমা বৃষায়িষত।" এই মন্ত্র জপ করত শ্বাস ত্যাগ করিবে। অতঃপর কৃতাঞ্জলি হইয়া "ওঁ নমো বঃ পিতরিঃ পিতরো নমো বঃ" ইহা পাঠ করত "ওঁ গৃহান্নঃ পিতরো দত্ত।"

এই মন্ত্র পাঠ করিয়া ভার্য্যাকে দর্শন করতঃ "ওঁ সদো বঃ পিতরো দেষ্ম" বলিয়া পিণ্ড দর্শন করিবে। অনন্তর নূতন বা পুরাতন কাপড়ের সূত্র গ্রহণ করত বামহস্ত হইতে দক্ষিণ হস্তে আনয়ন করিয়া—

"ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ।" পাঠ করিয়া "ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতত্তে বাসঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা।" বলিয়া পিতৃপিণ্ডে দিবে এবং ঐ মন্ত্রে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের নাম উল্লেখ করিয়া, প্রত্যেকবার জল স্পর্শ করত এক একটি পিণ্ডে সূত্র দিবে। পরে পিতৃপুরুষগণের উদ্দেশ্যে অমন্ত্রক গন্ধপুষ্প দ্বারা পিণ্ডের পূজা করিয়া কৃতাঞ্জলিপূর্ব্বক—"ওঁ বসন্তায় নমস্তভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞঋতবে চ নমঃ সদা। হেমন্তায় নমস্তভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ॥"

এই বলিয়া ষড়্ঋতুদিগকে প্রণাম করিবে। অতঃপর "ওঁ সুস্থপ্রোক্ষিতমস্তু" ইহা বলিয়া ব্রাহ্মণের অগ্রভূমি সেচন করিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু"। পরে দৈব-ব্রাহ্মণে "ওঁ শিবা আপঃ সন্তু" বলিয়া জল দিলে পুরোহিত বলিবেন "ওঁ সন্তু"। ঐরূপ একবার মাত্র মন্ত্র পাঠ করিয়া পিতৃপক্ষ ও মতামহ পক্ষের ব্রাহ্মণে জল দিবে, তৎপরে "ওঁ সৌমনস্যমস্তু" এই বলিয়া পুষ্প দিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু।" এইরূপ পিতৃ-পক্ষের ও মাতামহপক্ষের ব্রাহ্মণেও জল পুষ্প প্রদান করিলে "ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু" বলিয়া যব প্রদান করিবে এবং পুরোহিত "অস্তু" প্রতিবচন বলিবেন। পরে অক্ষয্য দান করিবে।

অক্ষয্যদান। তিল, ঘৃত ও মধুযুক্ত জল গ্রহণ করিয়া "ওঁ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ কৃতেহস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিকমক্ষয্যমস্তু" ইহা বলিয়া ব্রাহ্মণে ও পিণ্ডের উপরি দিবে। পুরোহিত "ওঁ অস্তু" বলিবেন। এইরূপ পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের নাম উল্লেখ করিয়া অন্য পাঁচটি পিণ্ডের উপরি প্রদান করিবে।

পরে "ওঁ অঘোরাঃ পিতরঃ সন্তু" বলিবে, পুরোহিত "সন্তু"। "ওঁ গোত্রং নো বর্দ্ধতাং", পুরোহিত "ওঁ বর্দ্ধতাং।" পরে সপবিত্র কুশ পিণ্ডের উপরি আস্তীর্ণ করিয়া "ওঁ স্বধাং বাচয়িষ্যে" বলিয়া প্রার্থনা করিবে। পুরোহিত "ওঁ বাচ্যতাং"। তৎপরে "ওঁ পিতৃভ্যঃ স্বধোচ্যতাং" "ওঁ পিতামহেভ্যঃ স্বধোচ্যতাং" "ওঁ প্রপিতামহেভ্যঃ স্বধোচ্যতাং,

ওঁ মাতামহেভ্যঃ স্বধোচ্যতাং, ওঁ প্রমাতামহেভ্যঃ স্বধোচ্যতাং, ওঁ বৃদ্ধপ্রমাতামহেভ্যঃ স্বধোচ্যতাং, বলিবে, পুরোহিত সর্ব্বত্র "ওঁ অস্তু স্বধা" বলিবেন। পরে "ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং। স্বধা স্থ তর্পয়ত মে পিতৄন।" এই মন্ত্র পাঠ করিয়া সপবিত্র কুশের সহিত পিণ্ডোপরি জলধারা দিবে।*

পরে নিজের বামদিকস্থ ন্যুব্জীকৃত পাত্র উঠাইয়া দক্ষিণা করিবে। যথা—প্রথমতঃ পিতৃপক্ষে "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং রজতং (তন্মূল্যং বা) শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি" এইরূপ বাক্য বলিয়া দক্ষিণাদ্রব্য উৎসর্গ করিবে। এইরূপ মাতামহ পক্ষেও মাতামহাদির নামোল্লেখে দক্ষিণা করিবে। তৎপরে দৈবপক্ষে দক্ষিণা করিবে। যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ ওঁ পুরূরবো মাদ্রবসোর্ব্বিশ্বেষাং দেবানাং কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং তন্মূল্যং বা শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি" এই বাক্য করিয়া দক্ষিণা করিবে।

অতঃপর "ওঁ বিশ্বে দেব্যাঃ প্রীয়ন্তাং" বলিয়া প্রশ্ন করিলে, পুরোহিত বলিবেন, "ওঁ প্রীয়ন্তাং। অনন্তর "দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি" ইহা তিনবার পাঠ করিবে। অতঃপর দক্ষিণাভিমুখে উপবেশনপূর্ব্বক কৃতাঞ্জলি ও তদ্গতচিত্ত হইয়া দক্ষিণদিকে দৃষ্টিনিক্ষেপ করত পিতৃপুরুষগণের নিকট "ওঁ আশিষো মে প্রদীয়ন্তাং" বলিয়া বর প্রার্থনা করিলে পুরোহিত বলিবেন "ওঁ আশিষঃ প্রতিগৃহ্যন্তাং।" অতঃপর "ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ। শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্বহু দেয়ঞ্চ নো ঽস্ত্বিতি॥ ওঁ অন্নঞ্চ নো বহু ভবেদতিথীংশ্চ লভেমহি। যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কাঞ্চন। অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু॥ যেভ্যঃ সঙ্কল্পিতা দ্বিজাস্তেষামক্ষয়া তৃপ্তিরস্তু। এতাঃ সত্যা আশিষঃ সন্তু পিতৃবরপ্রসাদোঽস্তু।" ইহা বলিয়া প্রার্থনা করিলে পুরোহিত "ওঁ সন্তু" বলিবেন। পরে "ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ" ইত্যাদি মন্ত্র তিনবার পাঠ করিবে। অতঃপর ওঁ বাজে বাজেঽবত বাজিনো নো ধনেষু বিপ্রা অমৃতা ঋতজ্ঞা। অস্য মধ্বঃ পিবত মাদয়ধ্বং তৃপ্তা যাত পথিভির্দেবযানৈঃ" এই মন্ত্র পাঠ করতঃ কুশত্রয় দ্বারা পিতৃপক্ষীয় ব্রাহ্মণ বিসর্জ্জন করিয়া, পরে উপবীতি হইয়া, ব্রাহ্মণস্থ দেবগণকে বিসর্জ্জন করিবে। তৎপরে "ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যা-দেমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে॥ আ মা গন্তাং

---

* যদি পুত্রার্থিনী স্ত্রী ঋতুস্নাতা হয় তবে পিতামহ পিণ্ডটী "ওঁ আধত্ত পিতরো গর্ভং কুমারং পুষ্করস্রজং। যথেহ পুরুষঃ স্যাৎ" এই মন্ত্র পড়িয়া স্ত্রীকে দিবে। স্ত্রী ভোজনকালে মৌনাবলম্বন পূর্ব্বক ভোজন করিবে। ইহার ব্যবহার দেখা যায় না।

পিতরামাতরা চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ।” এই মন্ত্রে দক্ষিণাবর্ত্তক্রমে ব্রাহ্মণের চতুর্দ্দিকে জলধারা বেষ্টন করিয়া “ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতাহি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥ পিতৃচরণেভ্যো নমঃ। পিতামহচরণেভ্যা নমঃ। প্রপিতামহচরণেভ্যো নমো নমঃ। মাতামহচরণেভ্যো নমঃ। প্রমাতামহচরণেভ্যো নমঃ। ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যেং নমঃ” বলিয়া—নমস্কার করিবে। অতঃপর “এতে গন্ধপুষ্পে ওঁ জলনারায়ণায় নমঃ” বলিয়া জলনারায়ণের পূজা করিয়া “যেষাং শ্রাদ্ধং কৃতমিদং তেষামক্ষয়ায়ৈ তৃপ্তয়ে ত্বয়ি জলে (গঙ্গাজলে) পাত্রীয়ান্নং পিণ্ডঞ্চ সমর্পিতং এই বলিয়া পিতৃমাতামহশ্রাদ্ধের কিঞ্চিৎ অন্ন ও পিণ্ড জলে প্রদান করিয়া “ওঁ যয়োঃ শ্রাদ্ধং কৃতমিদং তয়োরক্ষয়ায়ৈ তৃপ্তয়ে ত্বয়ি জলে পাত্রীয়ান্নাদিকং সমর্পিতং” এই মন্ত্র পড়িয়া দৈবপাত্রস্থ কিঞ্চিৎ অন্ন জলে দিবে। পরে পিণ্ড সকলের সূত্রাদি ফেলিয়া “ওঁ পিণ্ডা গয়াং গচ্ছত” বলিয়া গয়ার দিকে চালন করিয়া গো, ছাগ বা ব্রাহ্মণকে দান করিবে, অথবা অগ্নি বা জলে নিক্ষেপ করিবে। শ্রাদ্ধায় দ্রব্য ব্রাহ্মণকে দিবে। পরে **শান্তি-আশীর্ব্বাদ** করিবে। যথা—উপবীতী হইয়া সপুষ্প জল গ্রহণ করিয়া “কয়া নশ্চিত্র ইতস্য বামদেবঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ। “ওঁ কয়া নশ্চিত্র আভুব-দূতী সদাবৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা।” ওঁ কস্তা-সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া-চিদারুজে বসু। ওঁ অভী যুণঃ সখীনামবিতা জরিতৄণাং। শতং ভবা স্যূতয়ে॥” এই মন্ত্র তিনবার পড়িয়া “ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি ন পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোহরিষ্টনেমিঃ। স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি” এই মন্ত্র তিনবার পড়িয়া শান্তি করিবে।

পরে দক্ষিণ হস্তদ্বারা দীপ আচ্ছাদন করত হস্তদ্বয় প্রক্ষালনপূর্ব্বক আচমন করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে। যথা—হাতে জল লইয়া “কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধকর্ম্মাচ্ছিদ্রমস্তু” বলিয়া হস্তস্থ জল ত্যাগ করিবে। “ওঁ জবাকুসুম” ইত্যাদি মন্ত্রে সূর্য্য প্রণাম করত বৈগুণ্য প্রশমন করিবে। যথা—“অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতৈতৎ-পার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।”

এইরূপ বাক্য করিয়া “ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং” ইত্যাদি মন্ত্র পাঠ করত ওঁ অজ্ঞানদ্-যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃসংপূর্ণং স্যাদিতি শ্রুতিঃ “ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিন তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ। ময়া যদেতৎ কর্ম্ম কৃতং তন্নারায়ণচরণে সমর্পিতং॥ ওঁ যদসাঙ্গং কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা সাঙ্গং ভবতু তৎসর্ব্বং শ্রীহরের্নামকীর্ত্তনাৎ॥” ইত্যাদি পাঠ করিয়া বিষ্ণু-স্মরণ পূর্ব্বক “ওঁ বিষ্ণু” এই মন্ত্র দশবার জপ করিবে। অতঃপর বৈশ্যদেব বলিকর্ম্ম করিবে।

সামবেদীয় পার্ব্বণশ্রাদ্ধ সমাপ্ত

সামবেদীয়-সাংবৎসরিকৈকোদ্দিষ্টশ্রাদ্ধ প্রয়োগ

পূর্ব্বদিনে একবার নিরামিষ ভোজন করিয়া পরদিবস সন্ধ্যা ও দেবপূজান্তে দক্ষিণাভিমুখ হইয়া পদদ্বয় প্রক্ষালনপূর্ব্বক কুশহস্তে উত্তরমুখ বা পূর্ব্বমুখ হইয়া আচমন করত তিলতৈলে প্রদীপ প্রজ্বলিত করিয়া নারায়ণাদির অর্চ্চনা পূর্ব্বক ভোজ্যোৎসর্গ করিবে। যথা—ভোজ্য স্বীয় সম্মুখে আনয়নপূর্ব্বক—"এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণ-ভোজ্যায় নমঃ" বলিয়া তিনবার ভোজ্য অর্চ্চনা করিয়া—"এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ" বলিয়া পূজা করত দক্ষিণহস্তে কুশত্রয় সহিত জল গ্রহণ করিয়া বামহস্তে ভোজ্য ধারণ করত নিম্নলিখিতরূপ বাক্য করিবে।

"বিষ্ণুরোঁ তৎসদদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুক-দেব-শর্ম্মণঃ একোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতরমুকদেবশর্ম্মণঃ স্বর্গকাম ইদং সোপকরণভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

অতঃপর "অদ্যেত্যাদি কৃতৈতৎসোপকরণভোজ্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" এইরূপে দক্ষিণা করিবে॥ অতঃপর "ওঁ বাস্তুপুরুষায় নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা বাস্তু পূজা করিয়া অন্নাদিদান করত "ওঁ সর্ব্বে বাস্তুময়া দেবাঃ সর্ব্বং বাস্তুময়ং জগৎ। পৃথ্বীধরস্ত্ব বিজ্ঞেয়ো বাস্তুদেব নমোঽস্তু তে॥" বলিয়া প্রণাম করিবে। পরে "ওঁ তদ্বিষ্ণোঃ" ইত্যাদি মন্ত্রে বিষ্ণুর স্মরণ করত "ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া বিষ্ণুর পূজা করিয়া—"এতৎ-শ্রাদ্ধীয়াগ্রভাগসঘৃতোপকরণান্নং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া শ্রাদ্ধাগ্রভাগ দান করিয়া "ওঁ নমোব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি রূপে প্রণাম করিবে। অতঃপর "ওঁ গঙ্গায়ৈ নমঃ" বলিয়া যথারীতি পূজাদি সমাপন করতঃ "ওঁ সদ্যঃপাতকসংহন্ত্রী" ইত্যাদি বলিয়া প্রণাম করিবে। পরকীয় ভূমিতে শ্রাদ্ধ করিলে তৎস্বামীকে মূল্য অথবা "এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগসোপকরণান্নং এতদ্ ভূস্বামিপিতৃভ্যঃ" স্বধা বলিয়া অন্নদান করিবে।

অতঃপর উপবীতী হইয়া—"ওঁ গন্ধদ্বারাং' ইত্যাদি মন্ত্রে চন্দনলিপ্ত করতঃ "ওঁ সহস্রশীর্ষা" ইত্যাদি মন্ত্রে কুশব্রাহ্মণকে স্নান করাইয়া "ওঁ দর্ভময়ব্রাহ্মণায় নমঃ" এই মন্ত্রে পূজা করত দক্ষিণাভিমুখে প্রাচীনাবীতী পতিত-বামজানু হইয়া তিল-কুশ-যুক্ত আসনে দক্ষিণাগ্র ব্রাহ্মণকে বসাইয়া একগণ্ডুষ জল প্রদান করিয়া "বিষ্ণুরোঁ তৎসদদ্যামুকে মাসি অমুক পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ একোদ্দিষ্টবিধিকসাংবৎস-রিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে। পুরোহিত—"ওঁ কুরুষ" বলিলেন।

পরে সপ্রণবব্যাহৃতি গায়ত্রী পাঠপূর্ব্বক,—"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তিতি॥" এই মন্ত্র তিনবার পাঠ করত পুণ্ডরীকাক্ষ

স্মরণ করিয়া মৃজ্জলদ্বারা শ্রাদ্ধীয় দ্রব্য প্রোক্ষণ করিবে। রক্ষার্থ ব্রাহ্মণের শিরঃস্থানে পাত্রান্তরে জল রাখিবে। পরে ব্রাহ্মণকে একগণ্ডুষ জল দিয়া—“ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং স্বধা” বলিয়া আসন উৎসর্গ করত ব্রাহ্মণের বামপার্শ্বে মোটক প্রদান করিবে। অনন্তর “ওঁ অপহত্যা অসুরা রক্ষাংসি বেদিষদঃ” এই মন্ত্রে ব্রাহ্মণের আসনে তিল নিক্ষেপ করিয়া ব্রাহ্মণের সম্মুখস্থ ভূমিতে একটি কুশপত্র দক্ষিণাগ্র করিয়া পাতিয়া তদুপরি পাত্রস্থাপন করত “ওঁ পবিত্রাসি বৈষ্ণবী” এই মন্ত্রে একটি একদল প্রাদেশ প্রমাণ সাগ্র কুশ নখ ব্যতিরেকে ছিন্ন করিয়া—“ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতমসি” এই মন্ত্রে জল দ্বারা ধৌত করত—ঐ কুশপত্র-নির্ম্মিত পবিত্র দক্ষিণাগ্র করিয়া ঐ পাত্রে স্থাপনপূর্ব্বক “ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে” ইত্যাদি মন্ত্রে পাত্রস্থ পবিত্রে কিঞ্চিৎ জল দিবে। পরে “ওঁ তিলোঽসি সোমদেবত্যো, গোষবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা॥” এই মন্ত্রে পবিত্রে তিল প্রদান করিয়া অমন্ত্রক গন্ধ, পুষ্প, গর্ভহীন দূর্ব্বা, তুলসী ও আতপ তণ্ডুল প্রদান করিবে। পরে একগাছি কুশ দ্বারা পাত্র আচ্ছাদিত করিয়া—“ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু” বলিয়া প্রশ্ন করিলে পুরোহিত “ওঁ অস্তু” এই প্রতিবাক্য বলিবেন। পরে ব্রাহ্মণহস্তে অর্ঘ্যপাত্রস্থ পবিত্র প্রদান করিয়া জলান্তর ব্রাহ্মণকে দিবে। অনন্তর পুষ্পান্তর দ্বারা “এতে গন্ধপুষ্পে ওঁ শিরঃপ্রভৃতিসর্ব্বগাত্রেভ্যো নমঃ” বলিয়া পূজা করিয়া বামহস্তে পবিত্রপাত্র উঠাইয়া দক্ষিণ হস্ত দ্বারা আচ্ছাদন করত “ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্য্যা-অন্তরিক্ষ্যা উত পার্থিবীর্য্যাঃ। হিরণ্যবর্ণা যজ্ঞিয়া-স্তা ন আপঃ শিবাঃ শংস্যোনাঃ সুহবা ভবন্তু।” এই মন্ত্র পাঠ করত “ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্নেতত্তে অর্ঘ্যং স্বধা” বলিয়া উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে অর্ঘ্য দান করিবে। পরে সেই পাত্র ত্যাগ করিয়া পাত্রান্তরে তুলসীযুক্ত চন্দন, পুষ্প, ধূপ, দীপ ও বস্ত্র রাখিয়া ঐ পাত্র বামহস্তে ধারণ করত দক্ষিণহস্তে তিলকুশযুক্ত জল গ্রহণ করিয়া “ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধ-পুষ্প-ধূপ-দীপাচ্ছাদনানি স্বধা” বলিয়া উৎসর্গ করত “এষ তে গন্ধঃ, এতত্তে পুষ্পং, এষ তে ধূপঃ, এষ তে দীপঃ, এতত্তে আচ্ছাদনং” বলিয়া প্রত্যেক দ্রব্য ব্রাহ্মণকে নিবেদন করিবে। পরে ব্রাহ্মণে জল দিয়া উক্ত প্রকারে যজ্ঞোপবীত দান করিবে, পরে করযোড়ে “ওঁ গন্ধাদিদানমিদমচ্ছিদ্রমস্তু” বলিবেন, পুরোহিত “ওঁ অস্তু”—

অতঃপর ব্রাহ্মণের নিকটস্থ কুশাদি সরাইয়া জলধারা দ্বারা নৈর্ঋতকোণ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাগ্র জলধারা দ্বারা বামাবর্ত্ত ক্রমে একটি চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করত তদুপরি অন্নপাত্র স্থাপন করিয়া তাহাতে অন্ন-ব্যঞ্জনাদি স্বয়ং বা পত্নী পরিবেশন করিবে। “ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংসুলে॥ ইদং হবিঃ শ্রীবিষ্ণো কব্যমিদং রক্ষস্ব” ইহা পাঠ করিয়া নখবিহীন অঙ্গুষ্ঠ স্পর্শ করাইয়া “অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ” এই মন্ত্রে অন্নে তিল প্রদান করিয়া ব্রাহ্মণে একগণ্ডুষ জল

দিয়া গায়ত্রী পাঠ করত অন্নোপরি মধু, তদভাবে গুড় দিয়া—ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মধ্বীর্নঃ সন্তোষধীঃ॥ ওঁ মধু নক্তমুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতির্মধুমাং অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ ওঁ মধু ওঁ মধু ওঁ মধু" এই মন্ত্র পাঠ করত অন্নপাত্র ধারণ করিয়া দক্ষিণহস্তে কুশতুলসীযুক্ত জল লইয়া—"ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্নেতত্তেঽন্নং সোপকরণং সতিলোদকং স্বধা" এই মন্ত্রে উৎসর্গ করিবে।

পরে ব্রাহ্মণে জলগণ্ডুষ প্রদান করিয়া "ইদমন্নং ইমা আপ ইদং হবিঃ এতানি উপকরণাদি যথাসুখং বাগ্‌যতঃ স্বদ" বলিয়া পুনরায় পূর্ব্ববৎ গায়ত্রী "ওঁ মধুবাতা ঋতায়তে" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া "ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্‌ভবেৎ তৎসর্ব্বমিদমচ্ছিদ্রমস্তু।" এই মন্ত্র পাঠ করিয়া শ্রাব্যমন্ত্র পাঠ করিবে। যথা—

গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি পাঠ করিয়া "যজ্ঞেশ্বরো হব্য ইত্যাদি—যূয়ং তেভ্যোঽবসীদত" পর্য্যন্ত মন্ত্র * পাঠ করিবে। পরে ব্রাহ্মণের সম্মুখস্থ মৃত্তিকায় কতকগুলি কুশ ছড়াইয়া তিল-তুলসী-মোটক ও দধিমধুঘৃতযুক্ত একটী পিণ্ড এবং বামহস্তে কুশিতে করিয়া কিঞ্চিৎ জল লইয়া "ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিং॥ ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্নসিদ্ধিন তথান্নমস্তি। তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়াস্তু লোকায় সুখায় তদ্বৎ॥" এই মন্ত্র পাঠ করিয়া সজল পিণ্ড পিতৃতীর্থক্রমে ঐ কুশোপরি প্রদান করিবে। পরে হস্তদ্বয় প্রক্ষালন করত আচমনপূর্ব্বক—হরিস্মরণ করিয়া ব্রাহ্মণে একগণ্ডুষ জল প্রদান করত পূর্ব্ববৎ গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পাঠ করিয়া, করযোড়ে "ওঁ শেষমন্নং ক দেয়ং" জিজ্ঞাসা করিবে। পুরোহিত—"ওঁ ইষ্টায় দীয়তাং" পরে, "ওঁ পিণ্ডদানমহং করিষ্যে" বলিয়া প্রশ্ন করিবে, পুরোহিত, "ওঁ কুরুষ"।

পরে অন্নপাত্রের সম্মুখের স্থান পরিষ্কার করিয়া—"ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে॥" এই মন্ত্রে নৈঋতকোণ হইতে আরম্ভ করিয়া বাম-ক্রমে চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করত প্রাদেশ প্রমাণ সাগ্র কুশপত্রদ্বয় গ্রহণপূর্ব্বক রেখামধ্যস্থলে "ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ" ও "ওঁ নিহন্মি সর্ব্বং" ইত্যাদি মন্ত্র পড়িয়া দক্ষিণাগ্র একটী রেখা অঙ্কিত করত উত্তর দিকে ঐ কুশপত্রদ্বয় নিক্ষেপ করিবে। অতঃপর মণ্ডলের উপরি কতকগুলি সমূলাগ্র কুশ আস্তৃত করিয়া—"ওঁ দেবতাভ্য" ইত্যাদি মন্ত্র তিনবার পড়িয়া "ওঁ এহি পিতঃ সোম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দেহ্যস্মভ্যং দ্রবিনেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ।" এইরূপে আবাহন করত আস্তীর্ণ কুশের উপরি তিল প্রদান করিয়া সতিল-কুশযুক্ত জলপাত্র দক্ষিণ হস্তে গ্রহণপূর্ব্বক বামহস্তে আস্তীর্ণ কুশ ধারণ করত "অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব, স্বধা" এই বাক্য করিয়া তাহাতে জলের ছিটা দিবে।

অতঃপর গায়ত্রী ও "মধুবাতা ঋতায়তে" ইত্যাদি মন্ত্র ও "ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধুষত। অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী, য়োজা ন্বিন্দ্র তে হরী।" এই মন্ত্র পাঠ করিয়া ঘৃত ও মধু-তিল-তুলসী-মোটকযুক্ত পিণ্ড দক্ষিণ হস্তে গ্রহণ করত অন্বারব্ধ বামহস্তে কুশীতে করিয়া কিঞ্চিৎ জল লইয়া—"ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেব-শর্ম্মন্নেষ তে সতিলোদদকপিণ্ডঃ স্বধা (গয়াগঙ্গাগদাধরহরি) এইরূপ পাঠ করিয়া আস্তীর্ণ কুশের উপরি অন্বারব্ধ দক্ষিণহস্তে পিতৃতীর্থক্রমে পিণ্ডদান করত পিণ্ডোপরি জল দিবে। পরে অবশিষ্ট অন্নগুলি পিণ্ডের উপরি ছড়াইয়া কুশমূল দ্বারা আমন্ত্রক হস্ত ঘর্ষণ করিয়া আচমন করত পিণ্ডপাত্র প্রক্ষালন জল গ্রহণপূর্ব্বক 'ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব স্বধা" এই বাক্যে হস্তস্থ জল পিণ্ডের উপরি দিবে।

পরে "ওঁ অত্র পিতর্ম্মাদয়স্ব যথাভাগমা বৃষায়স্ব" এই মন্ত্র জপ করিয়া বামাবর্ত্তক্রমে উত্তরমুখে উপবিষ্ট হইয়া যাবৎ পর্য্যন্ত গ্লানি না জন্মে, তাবৎ পর্য্যন্ত শ্বাস ধার করিয়া পিতার তেজোময় মূর্ত্তি চিন্তা করত দক্ষিণমুখ হইয়া "ওঁ অমীমদৎ পিতা যথাভাগমাবৃষায়িষ্ট" ইহা জপ করিয়া শ্বাস ত্যাগ করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া "ওঁ নমস্তে পিতঃ পিতর্নমস্তে" এই মন্ত্রে জপ করিয়া ক্ষ্যমাণ মন্ত্র পাঠপূর্ব্বক গৃহিণীকে দর্শন করিবে,—"ওঁ গৃহান্ন পিতর্দ্দেহি।" পরে "ওঁ সদস্তে পিতর্দেষ্ম" এই বলিয়া পিণ্ড দর্শন করিবে।

অতঃপর নূতন বা পুরাতন শুক্লবস্ত্রের একটু সূত্র লইয়া—তাহা দ্বিগুণীকৃতভাবে কুশে জড়াইয়া—বামহস্ত হইতে দক্ষিণহস্তে লইয়া "ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ" বলিয়া "ওঁ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ স্বধা" বলিয়া উৎসর্গ করিয়া পিণ্ডের উপরি দিবে।

পরে তুষ্ণীভাবে গন্ধ-পুষ্প দ্বারা পিণ্ডপূজা করিয়া "ওঁ বসন্তায় নমস্তভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞঋতবে চ নমঃ সদা। হেমন্তায় নমস্তভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ। ওঁ ষড়্ভ্য ঋতুভ্যো নমঃ।" পরে "সুপ্রোক্ষিতমস্ত বলিয়া ব্রাহ্মণের অগ্রভূমিতে জলপ্রোক্ষণ করিবে। পুরোহিত—"ওঁ অস্ত" বলিবেন। তৎপরে ব্রাহ্মণহস্তে "ওঁ শিবা আপঃ সন্ত" বলিয়া জল দিবে। পুরোহিত—"ওঁ সন্ত।"

পরে "ওঁ সৌমনস্যমস্ত" বলিয়া "ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্ত" বলিয়া যব দিবে, সর্ব্বত্র পুরোহিত "ওঁ অস্ত" বলিবেন। পরে তিল, মধু ও ঘৃত মিশ্রিত জল লইয়া—"অদ্যত্যোদি অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদকমুপতিষ্ঠাম্" বলিয়া ব্রাহ্মণহস্তে দিবে। পুরোহিত "ওঁ উপতিষ্ঠতাং।" পরে "ওঁ অঘোরঃ পিতাস্ত" পুরোহিত—"ওঁ অস্ত" বলিবেন। "ওঁ গোত্রং নো বর্দ্ধতাং।" পুরোহিত—"ওঁ বর্দ্ধতাং", তৎপরে পিণ্ডের উপরি সপবিত্র কুশ দিয়া "ওঁ উর্জ্জং বহন্তীরমৃতংঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতৃন্" এই মন্ত্রে পিণ্ডোপরি জল সেচন করিবে।

অতঃপর দক্ষিণান্ত করিবে। যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃততদেকোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধ-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতং তন্মূল্যং বা শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" অনন্তর পুষ্প আঘ্রাণ করিয়া "ওঁ আশিষো মে প্রদীয়ন্তাং" বলিলে। পুরোহিত "ওঁ আশিষঃ প্রতিগৃহ্যন্তাং" বলিবে। পরে বদ্ধাঞ্জলি হইয়া একাগ্রচিত্তে দক্ষিণ দিক্ দর্শনপূর্ব্বক "ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং" ইত্যাদি "অন্নঞ্চ নো বহুভবে" ইত্যাদি "অন্নং প্রবর্দ্ধতাং নিত্য" ইত্যাদি "এতাঃ সত্যা আশিষঃ সন্তু" পর্য্যন্ত মন্ত্র পাঠ করিবে। পুরোহিত "ওঁ সন্তু" বলিবেন। তৎপরে "পিতৃবরপ্রসাদোঽস্তু" বলিবে, পুরোহিত "ওঁ অস্তু" বলিবেন।

পরে "ওঁ দেবতাভ্যঃ" ইত্যাদি মন্ত্র তিনবার পাঠ করিয়া "ওঁ অভিরম্যতাং" বলিয়া ব্রাহ্মণকে বিসর্জ্জন করিবে। "ওঁ অভিরতোঽস্মি" বলিয়া পুরোহিত প্রতিবাক্য বলিবেন। পরে "ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যা দেমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে। আ মা গন্তাং পিতরামাতরা চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ।" এই মন্ত্রে জলধারা দ্বারা ব্রাহ্মণকে বেষ্টন করিয়া "ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥" পিতৄন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ, স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ। প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং, বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু।" বলিয়া পিতৃপ্রণাম করিবে। তৎপরে অন্নপাত্র হইতে কিঞ্চিৎ অন্ন লইয়া "যস্য শ্রাদ্ধং কৃতং তস্য অক্ষয়ায়ৈ তৃপ্তয়ে ত্বয়ি জলে (গঙ্গাজলে) পাত্রীমমন্নং পিণ্ডঞ্চ সমর্পিতম্" মাতার পক্ষে যস্য স্থানে "যস্যাঃ" ও তস্য স্থানে "তস্যাঃ" বলিয়া কিঞ্চিৎ ঐ অন্ন ও পিণ্ড জলে দিবে। তৎপরে ব্রাহ্মণের গ্রন্থিমোচনপূর্ব্বক "বামদেবঋষি" ইত্যাদি (৬৪৪ পৃঃ ৬ পং দেখ) শান্তিমন্ত্র পাঠ করিয়া, শান্তি করত পিণ্ড ব্রাহ্মণ, অজ, অগ্নি বা গরুকে দিবে, অথবা জলে নিক্ষেপ করিবে। পরে দীপ আচ্ছাদন ও সূর্য্য নমস্কার করিবে। অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য প্রশমন করিয়া, "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে।

সামবেদীয়াভ্যুদয়িকশ্রাদ্ধ

প্রাতঃকৃত্য সমাধা করিয়া পবিত্রচিত্তে পূর্ব্বমুখে উপবিষ্ট হইয়া তিলতৈল বা ঘৃতদ্বারা প্রদীপ প্রজ্বলিত করিয়া শালগ্রামে বা জলে নারায়ণাদির পূজা করিবে। যদিপূর্ব্বদিবস অধিবাস না হইয়া থাকে, তবে এই সময় ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের পূজা করিয়া অধিবাস বিধিক্রমে (অধিবাস ২০৭ পৃঃ দেখ) অধিবাস করিয়া স্বস্তিবাচনপূর্ব্বক কুশত্রয় সহিত তিল-পুষ্প-ফলান্বিত জলপূর্ণ পাত্র গ্রহণ করিয়া নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ

অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ অমুককর্ম্মাভ্যুদয়ার্থং [১] সগণাধিপগৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজাবসোর্ধারাসম্পাতমায়ুষ্যমন্ত্রজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।" এই প্রকার সঙ্কল্প করিয়া সূক্ত পাঠ করিবে। পরে পূর্ব্বদিকস্থ সপ্তদশ যবপুঞ্জে গণপতি ও গৌর্য্যাদি ষোড়শমাতৃকার পূজা করিবে। যথা—

সপুষ্প অক্ষত গ্রহণ করিয়া "ওঁ গণপতিমহমারোপয়ামি ওঁ ভূর্ভুবঃ স্বর্গণপতে ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া "ওঁ গণপতয়ে নমঃ" এই মন্ত্রে পাদ্যাদিদ্বারা পূজা করিয়া ক্ষমস্ব বলিয়া বিসর্জ্জন করিবে। তৎপরে ক্রমশঃ গৌর্য্যাদি ষোড়শ মাতৃকার আবাহন করিয়া পূজা করিবে। যথা—"ওঁ গৌরীং মাতরমহমারোপয়ামি ওঁ ভূর্ভুবঃ স্বর্গৌরি মাতরিহাগচ্ছাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া "গৌর্য্যৈ মাত্রে নমঃ" মন্ত্রে পাদ্যাদিদ্বারা পূজা করিবে। এই ক্রমে প্রত্যেকের স্বতন্ত্র পূজা করিয়া "ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করিবেন। (ষোড়শমাতৃকার নাম নীচে টিপ্পনী দেখ)। [২]

অনন্তর গোময়লিপ্ত [৩] ভিত্তিতে দক্ষিণদিকে নাভিপ্রমাণ উচ্চস্থানে প্রতিবারে নিম্নলিখিত মন্ত্রে সাত বা পাঁচবার ঘৃতধারা দিবে। যথা—

"ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত।
সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা সংসৃজামসি।" [৪]

অতঃপর সেই ধারাতে "ওঁ চেদিরাজবসো ইহাগচ্ছ" ইত্যাদিক্রমে আবাহন করিয়া— "ওঁ চেদিরাজবসবে নমঃ" এই মন্ত্রে গন্ধাদি দ্বারা পূজা করত নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। "ওঁ চেদিরাজ নমস্তুভ্যং শাপগ্রস্ত মহামতে। ক্ষুৎপিপাসাহ্লদে দান্ত চেদিরাজ নমোঽস্তু তে॥" অতঃপর "ওঁ চেদিরাজবসো ক্ষমস্ব" মন্ত্রে বিসর্জ্জন করিয়া আয়ুষ্য-মন্ত্র জপ করিবে। যথা—

"ওঁ আয়ুর্ব্বিশ্বায়ুর্ব্বিশ্বং বিশ্বমায়ুরশীমহি। প্রজাস্ত্বষ্টরনিধেহ্যস্মৈ শতং জীবেমশরদো বয়ন্তে॥ ওঁ আয়ুষে মে পবস্ব, বর্চ্চসে মে পবস্ব, বিদুঃ পৃথিব্যা দিবো জনিত্রাচ্ছৃণ্বন্ত্বা-পোঽধঃ ক্ষরন্তীঃ। সোমেহোদ্গায় মমায়ুষে, মম ব্রহ্মবর্চ্চসায়, যজমানস্যর্দ্ধ্যৈ, শ্রীঅমুক-দেবশর্ম্মণো রজ্যায়।" অতঃপর ভোজ্য উৎসর্গ করিবে। যথা—পূর্ব্বপ্রণালীতে ভোজ্যের অর্চ্চনা করিয়া—

"বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকাতিথৌ

১। যথা—শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং। শুভোপনয়নকর্ম্মাভ্যুদয়ার্থং ইত্যাদি।

২। গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রীবিজয়া জয়া দেবসেনা স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি আত্মদেবতা ও কুলদেবতা।

৩। কোন দেশে গৃহভিত্তিতে বৃষগোময় কড়ি ও সিন্দুর দিয়া বসুধারা দিবার ব্যবহার আছে, প্রায় সর্ব্বত্রই সিন্দুর পুত্তলিকায় ঘৃত দেওয়ার ব্যবহার।

৪। পূর্ব্বমুখে ধারা দিলে দক্ষিণ হইতে উত্তর পর্য্যন্ত, উত্তরমুখে ধারা দিলে পশ্চিম হইতে পূর্ব্ব পর্য্যন্ত।

অমুকগোত্রস্য শ্রীঅমুক-দেবশর্ম্মণঃ শুভ-অমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক-দেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ" ইত্যাদিরূপে ষট্‌পুরুষের নাম উল্লেখ করিয়া "অক্ষয়-স্বর্গকাম ইদং সঘৃতোপকরণামান্নভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব-গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" এইরূপে উৎসর্গ করিয়া দক্ষিণা করিবে।

তৎপরে বাস্তুপুরুষ এবং যজ্ঞেশ্বরের পূজা করত শ্রাদ্ধীয়াগ্রভাগ প্রদানপূর্ব্বক গঙ্গার পূজা করিয়া পরকীয় ভূমিতে ভূস্বামীর পূজা বা মূল্য প্রদান করিবে।

এই কার্য্যে দেবপক্ষে উত্তরমুখ, পিতৃপক্ষে ও মাতামহপক্ষে পূর্ব্বমুখ, সর্ব্বত্র উপবীতী ও পাতিত-দক্ষিণজানু হইয়া যবোদক দ্বারা কার্য্য করিতে হয়। দৈবপক্ষে পশ্চিম দিকে যবোদকপ্রোক্ষিত পূর্ব্বাগ্র কুশদ্বয়যুক্ত আসনদ্বয়ে পূর্ব্বমুখ ব্রাহ্মণদ্বয় স্থাপন করত দক্ষিণাবর্ত্তক্রমে দক্ষিণদিকে গমন করিয়া পূর্ব্বাভিমুখ একদর্ভযুক্ত আসনদ্বয়ে উত্তরমুখ পিতৃপক্ষীয় ব্রাহ্মণদ্বয় এবং তৎপশ্চিমে উক্তরূপে কুশযুক্ত আসনদ্বয় মাতামহ-পক্ষীয় ব্রাহ্মণদ্বয় স্থাপন করিয়া "ওঁ সহস্রশীর্ষা [১] ইত্যাদি মন্ত্রে ব্রাহ্মণ স্নান করাইয়া কুশময় ব্রাহ্মণের পূজা করত দৈবে এক গণ্ডূষ জল দিয়া অজ্ঞা করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভ-অমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক-দেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধে কর্ত্তব্যে ওঁ বসুসত্যয়ো-র্ব্বিশ্বেষাং দেবানাং আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।" পুরোহিত "ওঁ কুরুষ।"

অতঃপর পিতৃপক্ষে দক্ষিণাবর্ত্তে আসিয়া, জলগণ্ডূষ ব্রাহ্মণকে প্রদান করিয়া "অদ্যেত্যাদি অমুকদেবশর্ম্মণঃ শুভ-অমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুর-মুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দী-মুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।"

এইরূপে প্রশ্ন করিবে, পুরোহিত "ওঁ কুরুষ"—পরে মাতামহপক্ষীয় ব্রাহ্মণে জল দিয়া

১। নান্দীমুখশ্রাদ্ধ ও অন্যান্য শ্রাদ্ধে যে স্থানে মন্ত্র বরাত দেওয়া হইল, সেই সমস্ত মন্ত্র পার্ব্বণ শ্রাদ্ধে দেখিবে।

মাতামহাদি ত্রয়ের নাম উল্লেখ করত পূর্ব্বোক্তরূপে বাক্য করিবে এবং পুরোহিত প্রতিবাচন বলিবেন।

অতঃপর দৈবাদিক্রমে গায়ত্রী পড়িয়া—"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ পুষ্টৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তিতি॥" এই মন্ত্র তিনবার পাঠ করিবে এবং মৃত্তিকাযুক্ত জলে শ্রাদ্ধীয় দ্রব্য প্রোক্ষণ করিয়া রক্ষার্থ জলপাত্র ব্রাহ্মণের একদেশে স্থাপন করিবে।

পরে দেবব্রাহ্মণে জল দিয়া ত্রিপত্রদ্বয় গ্রহণ করত "ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতদ্বো দর্ভাসনং নমঃ" এই মন্ত্রপাঠ করিয়া দেবব্রাহ্মণের দক্ষিণপার্শ্বে প্রদান করিবে। অনন্তর পিতৃপক্ষের ব্রাহ্মণকে এক গণ্ডূষ জলদান করিয়া, ত্রিপত্রদ্বয় গ্রহণ করত "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই বলিয়া পিতৃব্রাহ্মণের বাম পার্শ্বে দিবে এবং মাতামহপক্ষেও এইরূপে গোত্র ও নামোচ্চারণ করিয়া ত্রিপত্র দিবে।

তৎপরে দৈবে যবগ্রহণ করিয়া—"ওঁ বিশ্বান্ দেবানাবাহয়িষ্যে" জিজ্ঞাসা করিবে। পুরোহিত "ওঁ আবাহয়"। পরে "ওঁ বিশ্বেদেবাস আগত" ইত্যাদি মন্ত্র পাঠ করত আবাহন করিয়া ব্রাহ্মণে যব ছড়াইয়া দিবে এবং কৃতাঞ্জলি হইয়া—"ওঁ বিশ্বেদেবাঃ শৃণুতেমং হবং" ইত্যাদি মন্ত্রদ্বয় পাঠ করিবে।

অতঃপর পিতৃপক্ষে যব লইয়া—"ওঁ নান্দীমুখান্ পিতৃনাবাহয়িষ্যে" ইহা জিজ্ঞাসা করিবে পুরোহিত "ওঁ আবাহয়"। পরে কৃতাঞ্জলি হইয়া "ওঁ এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পতিভিঃ পূর্ব্বিণেভিঃ দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত। ওঁ উশন্তস্ত্বা নিধিমহ্যশন্তঃ সমিধীহি উশন্নূশত আবহ নান্দীমুখান্ পিতৄন্ হবিষে অত্তবে।" এই মন্ত্র পাঠ করিয়া আবাহন করত কৃতাঞ্জলি হইয়া,—"ওঁ আয়ন্তু নো নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে পুষ্ট্যা মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্।" ইহা জপ করিয়া "ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ।" এই মন্ত্রে যব ছড়াইয়া দিবে।

অনন্তর জল স্পর্শপূর্ব্বক দৈবাদিক্রমে দৈবব্রাহ্মণ-নিকটে উত্তরাগ্র কুশোপরি এক এবং পূর্ব্বাগ্র কুশোপরি পিতৃপক্ষে তিন এবং তদ্দক্ষিণে মাতামহপক্ষে তিন সর্ব্বসমেত সাতটী অর্ঘ্যপাত্র স্থাপন করিয়া "ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" বলিয়া নখ ব্যতীত প্রাদেশ প্রমাণ দুইগাছি করিয়া সাগ্র কুশ ছিন্ন করিয়া বামহস্তে ধারণ করত "ওঁ বিষ্ণোর্ম্মনসা-পূতে স্থঃ" মন্ত্রে জলের অভ্যুক্ষণ দিয়া দৈবাদিক্রমে এক একটী পাত্রে এক একটী স্থাপন করিয়া "ওঁ শন্নোদেবীরভিষ্টয়ে" ইত্যাদি মন্ত্রে পবিত্র স্নান করাইয়া দিবে "ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়ারাতীর্দ্দিবে ত্বা অন্তরিক্ষায় ত্বা পৃথিব্যৈ ত্বা শুন্ধন্তাং লোকং পিতৃষদনাঃ

পিতৃষদনমসি ॥" মন্ত্রে অর্ঘ্যপাত্রে যব বিকীর্ণ করিয়া পুনরায় যব লইয়া, ওঁ যবোঽসি সোমদেবত্যো গোষবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ পুষ্ট্যা নান্দীমুখান্ পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা।" এই মন্ত্র পাঠ করিয়া পিতৃপক্ষীয় ও মাতামহপক্ষীয় প্রত্যেক পাত্রে যব ছড়াইয়া দিবে। পরে দৈবাদিক্রমে অমন্ত্রক গন্ধ-পুষ্প দিয়া কুশান্তর দ্বারা আচ্ছাদন করত "ওঁ অচ্ছিদ্রমিদর্ঘ্যপাত্রমস্তু বলিবে। পরে পুরোহিত "ওঁ অস্তু" ইহা বলিলে দেবব্রাহ্মণহস্তে পূর্ব্বাগ্র পবিত্র দিয়া জলান্তর ও পুষ্পান্তর দ্বারা। "এতে গন্ধপুষ্পে ওঁ শিরঃপ্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ" বলিয়া পূজা করিবে।

অতঃপর বামহস্তে দৈব-অর্ঘ্যপাত্র গ্রহণ করত দক্ষিণহস্তে আচ্ছাদন করিয়া "ওঁ যা দিব্যা" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া। "ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতদ্বোঽর্ঘ্যং নমঃ" বলিয়া উৎসর্গ করত অর্ঘ্য দৈবপক্ষীয় ব্রাহ্মণে দিবে। তৎপরে পিতৃপক্ষে "ওঁ অচ্ছিদ্রাণ্যেতা-ন্যর্ঘ্যপাত্রাণি সন্তু" ইহা বলিবে, পুরোহিত "ওঁ সন্তু" বলিয়া প্রতিবচন বলিলে পিতৃ-ব্রাহ্মণ হস্তে উত্তরাগ্র তিনটী পবিত্র ও জলান্তর দিয়া পুষ্পান্তর দ্বারা। "ওঁ শিরঃপ্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ"। বলিয়া পূজা করিবে। পরে বামহস্তে পাত্র গ্রহণ করিয়া দক্ষিণ-হস্তে আচ্ছাদন করত। ওঁ যা দিব্যা" ইত্যাদি মন্ত্র পড়িয়া ত্রিপত্রযুক্ত জল দক্ষিণহস্তে লইয়া "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্র পাঠ করিয়া পিতৃব্রাহ্মণে একটী অর্ঘ্য দিবে এবং সংস্রব-সহিত অর্ঘ্যপাত্র যথাস্থানে রাখিবে। এইরূপে পিতামহ প্রপিতামহের উদ্দেশে পৃথক্ পৃথক্ অর্ঘ্য উৎসর্গ করিয়া মাতামহপক্ষেও পিতৃপক্ষক্রমে পবিত্র দান, জলান্তর ও পুষ্পান্তর দ্বারা পূজা করত "ওঁ যা দিব্যা" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক মাতামহত্রয়ের নাম উল্লেখ করত পৃথক্ পৃথক্ অর্ঘ্য উৎসর্গ করিবে।

অতঃপর জলস্পর্শ পূর্ব্বক স্বীয় বামদিকে একটী সমূল কুশ রাখিয়া, তদুপরি পিতামহাদির পঞ্চপাত্রস্থ-অর্ঘ্যাবশিষ্ট জল পিতৃপাত্রে রাখিয়া প্রপিতামহপাত্র দ্বারা আচ্ছাদন করিয়া, "ওঁ নান্দীমুখেভ্যঃ পিতৃভ্যঃ স্থানমসি" বলিয়া অধোমুখভাবে স্থাপন করিবে।

অতঃপর জল স্পর্শপূর্ব্বক দৈবে বস্ত্রের উপরি সচন্দন তুলসী ও পুষ্প রাখিয়া ধুপ দীপ জ্বালিয়া বামহস্তে বস্ত্রধারণ করত দক্ষিণ হস্ত কোশার মধ্যে রাখিয়া "ওঁ বসুসত্যৌ বিশ্বে দেবা এতানি বো গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি নমঃ" বলিয়া উৎসর্গ করত "ওঁ এষ বো গন্ধঃ, এতদ্বঃ পুষ্পং, এষ বো ধূপঃ, এষ বো দীপঃ, এতদ্ব আচ্ছাদনং" বলিয়া প্রতি দ্রব্য নিবেদন করিবেন। পিতৃপক্ষে ঐরূপে সচন্দন তুলসী ও পুষ্পযুক্ত বস্ত্রাদি ধারণ করিয়া, "অমুক-গোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" বলিয়া উৎসর্গ করত "এষ তে গন্ধঃ" এই

ক্রমে পূর্ব্ববৎ সমস্ত দ্রব্য নিবেদন করিবে। মাতামহপক্ষেও এইরূপে বস্ত্রাদি লইয়া মাতামহাদিত্রয়ের গোত্রনামোল্লেখ করত উৎসর্গ করিয়া প্রতিদ্রব্য নিবেদন করিবে।

অতঃপর করযোড়ে "ওঁ গন্ধাদিদানমচ্ছিদ্রমস্তু" বলিবে। পুরোহিত "ওঁ অস্তু।" পরে ব্রাহ্মণসম্মুখস্থ স্থান পরিষ্কার করত দৈবাদি ক্রমে ঈশান কোণ হইতে আরম্ভ করিয়া পূর্ব্বাগ্র চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করিয়া তিনটী ভোজনপাত্র যথাক্রমে পাতিত করিবে। তৎপরে একটি পাত্রে সঘৃত অন্ন লইয়া। "ওঁ অগ্নৌ করিষ্যামি"। বলিলে পুরোহিত "ওঁ কুরুষ" বলিয়া প্রতিবাক্য বলিবেন। পরে ঐ পাত্র বামহস্তে ধরিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা "ওঁ স্বাহা" বলিয়া আহুতি প্রদান করত "ওঁ সোমায় পিতৃমতে" এই মন্ত্রশেষ বলিবে পরে "ওঁ স্বাহা" বলিয়া আবার আহুতি দিয়া, "ওঁ অগ্নয়ে কাব্যবাহনায়" এই মন্ত্রশেষ বলিবে। আরও দুবার অমন্ত্রক হোম করিয়া হুতশেষ অন্ন দৈবপাত্রে দুইবার, পিতৃপক্ষ ও মাতামহপক্ষীয় পাত্রে তিন তিনবার প্রদান করিয়া পিণ্ডার্থ কিঞ্চিৎ রাখিবে।

অতঃপর দৈবে অনুত্তান হস্তে অন্নপাত্র ধারণ করিয়া "ওঁ পৃথিবী তে পাত্রং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে পিতৃপক্ষে এবং মাতামহপক্ষে উত্তান-হস্তে পাত্র ধারণ করিয়া, "ওঁ পৃথিবী তে পাত্রং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। অনন্তর সোপকরণ অন্নাদি দৈবাদি-পাত্রক্রমে পরিবেশন করত জলের ছিটা দিয়া প্রোক্ষণ করিয়া "ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষস্ব" "ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংসুলে" ইহা পাঠ করিয়া অন্নে অনখ অঙ্গুষ্ঠ স্পর্শ করাইবে।

অতঃপর দৈবে যব নিক্ষেপ করিয়া পিতৃপক্ষে ও মাতামহপক্ষে "ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ" এই মন্ত্রে অন্নের উপর যব ছড়াইয়া দিবে। দৈবঅন্নে অমন্ত্রক মধু বা গুড় প্রদান করিয়া ব্রাহ্মণে একগণ্ডুষ জল দিয়া সপ্রণবব্যাহৃতি গায়ত্রী পাঠ করত "ওঁ মধু ওঁ মধু ওঁ মধু" (এইস্থলে "মধুবাতা" ইত্যাদি মন্ত্র নিষিদ্ধ) ইহা জপ করিয়া অন্নের উপরি ত্রিপত্র, যব ও তুলসী-পত্র প্রদান করত উত্তরমুখ হইয়া, অন্বারব্ধ বামহস্ত দ্বারা অন্নপাত্র ধারণপূর্ব্বক "ওঁ বসুসত্যৌ বিশ্বে দেবা এতদ্বোঽন্নং সোপকরণং সযবোদকং (সযব-গঙ্গোদকং) নমঃ" মন্ত্রে অন্ন উৎসর্গ করিয়া "ইদমন্নাং ইমা আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতাঃ স্বদত" বলিবে।

তৎপরে পিতৃপক্ষে মধু প্রদান করত গায়ত্রী পাঠপূর্ব্বক "ওঁ মধু ওঁ মধু ওঁ মধু" এইরূপ বলিয়া যব, ত্রিপত্র ও তুলসীপত্রযুক্ত অন্নপাত্র বামহস্তে ধরিয়া, "ওঁ অমুকগোত্র" নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্ অমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নেতত্তেঽন্নং সোপকরনং সযবোদকং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ"। বলিয়া অন্নোৎসর্গ করত। "ওঁ ইদমন্নং ইমা আপঃ" ইত্যাদি মন্ত্র পূর্ব্ববৎ পাঠ করিবে। মাতামহপক্ষেও ঐরূপ মাতামহাদিত্রয়ের গোত্র ও নাম উল্লেখ করিয়া অন্নোৎসর্গ করিবে।

পরে দৈবাদিক্রমে প্রত্যেককে এক এক গণ্ডুষ জল দিয়া সপ্রণবব্যাহৃতি গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পড়িয়া, "ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ। তৎসর্ব্বমচ্ছিদ্রমস্তু"। এই মন্ত্র পাঠ করিয়া শ্রাব্যমন্ত্র পাঠ করিবে। যথা—পুনরায় সপ্রণবব্যাহৃতি গায়ত্রী ও "মধুবাতা" মন্ত্র পাঠ করিয়া "ওঁ যজ্ঞেশ্বরো হব্য" ইত্যাদি "কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ" পর্য্যন্ত শ্রাব্যমন্ত্র পাঠ করিবে (৬৩৯ পৃঃ)। ("সপ্তব্যাধা" মন্ত্র ও রুচিস্তোত্র পাঠ করিবে না।)

পরে পিতৃব্রাহ্মণের দক্ষিণে কতিপয় পূর্ব্বাগ্র কুশ আস্তৃত করিয়া "ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা" ইত্যাদি মন্ত্রদ্বয় পাঠ করত যব, তুলসী, ত্রিপত্র ও জলের সহিত একটী পিণ্ড প্রদান করিবে।

পরে হস্তধৌত করিয়া আচমন বা দক্ষিণকর্ণ স্পর্শ করিয়া হরিস্মরণপূর্ব্বক ব্রাহ্মণদিগকে এক এক গণ্ডুষ জল দিয়া পূর্ব্ববৎ গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পাঠ করিয়া জিজ্ঞাসা করিবে "ওঁ সম্পন্নং ?" পুরোহিত "ওঁ সুসম্পন্ন" পুনর্ব্বার "ওঁ শেষমন্নং ক দেয়ং" ইহা জিজ্ঞাসা করিবে, পুরোহিত 'ওঁ ইষ্টেভ্যো দীয়তাম্। তৎপরে "ওঁ পিণ্ডদানমহং করিষ্যে ?" জিজ্ঞাসা করিলে পুরোহিত "ওঁ কুরুষ।" পরে "ওঁ নিহন্মি সর্ব্বং" ইত্যাদি মন্ত্রে ঈশানকোণ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্ত-ক্রমে পূর্ব্বাগ্র মণ্ডল এবং তদ্দক্ষিণে ঐরূপ অপর দুইটী মণ্ডল এবং মাতামহপক্ষীয় তিনটি মণ্ডল অঙ্কিত করিয়া, সাগ্র কুশপত্রদ্বয় গ্রহণ করত "ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ। ওঁ নিহন্মি সর্ব্বং" ইত্যাদি মন্ত্রে ঐ মণ্ডলমধ্যে পূর্ব্বাগ্র রেখা অঙ্কিত করিয়া, ঐ কুশপত্রদ্বয় উত্তরদিকে ফেলিয়া দিবে।

পরে মণ্ডলের উপরি প্রাগগ্র কতকগুলি কুশ আস্তরণ করিয়া "ওঁ দেবতাভ্যঃ" ইত্যাদি মন্ত্র তিনবার এবং "ওঁ এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত।" এই মন্ত্রে আবাহন করিয়া, আস্তৃত কুশের উপরি যব বিকিরণ করিবে।

পরে আস্তৃত কুশের মূলদেশ বামহস্তে ধারণ করত দক্ষিণ হস্তে সযব পুষ্প জলপাত্র গ্রহণ করিয়া 'ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ বলিয়া কিঞ্চিৎ জল দিবে।

এইরূপে পিতামহ, প্রপিতামহ এবং মাতামহাদিত্রয়ের প্রত্যেকের গোত্র সম্বন্ধ ও নামোচ্চারণপূর্ব্বক আস্তীর্ণ কুশের মূল, মধ্য ও অগ্রদেশ ধারণ করিয়া স্বতন্ত্র স্বতন্ত্র ক্রমে কিঞ্চিৎ জল দিবে।

পরে হুতশেষ-মিশ্রিত অন্নের দ্বারা ষট্ পিণ্ড প্রস্তুত করিয়া বামহস্তে জলপাত্র গ্রহণপূর্ব্বক দক্ষিণ হস্তে একটী পিণ্ড লইয়া, "ওঁ মধুবাতা" ইত্যাদি মন্ত্র এবং "ওঁ অক্ষন্নমী মদন্ত" ইত্যাদি মন্ত্রদ্বয় পাঠ করিয়া "অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্নেষ তে সযবোদকপিণ্ডঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ।" বলিয়া প্রথমাস্তীর্ণ কুশমূলে

অবনেজনস্থানে প্রদান করিবে। এই ক্রমে মধুবাতা এবং অক্ষন্নমী এই মন্ত্রদ্বয় পড়িয়া আস্তৃত কুশের মূল, মধ্য ও অগ্রক্রমে পিতামহ, প্রপিতামহ এবং মাতামহাদি ত্রয়ের স্বতন্ত্র নাম উল্লেখে এক একটী করিয়া আর পাঁচটী পিণ্ড প্রদান করিবে এবং প্রত্যেক বারে জল স্পর্শ পূর্ব্বক পাত্রস্থ পিণ্ডশেষ অন্ন পিণ্ডসমীপে প্রদান করিয়া পিতৃপক্ষীয় আস্তৃত কুশের মূলে "ওঁ লেপভুজো নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাং" এই মন্ত্রে কুশমূল দ্বারা হস্তঘর্ষণ করিবে।

পরে আচমনপূর্ব্বক হরিস্মরণ করত পিণ্ডপাত্রধৌতজল বামহস্তে লইয়া পুনরায় দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে পিণ্ডের উপরি জল দিবে। এই ক্রমে পিতামহাদি পক্ষকেও গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করিয়া জল দিবে।

পরে "ওঁ অত্র নান্দীমুখাঃ পিতরো মাদয়ধ্বং। যথাভাগ-মা বৃষায়ধ্বং॥" পাঠ করিবে। পরে আচমনপূর্ব্বক বামাবর্ত্তক্রমে উত্তরমুখ হইয়া শ্বাস ধারণ করত সমস্ত পিতৃপুরুষগণকে ভাস্বরমূর্ত্তিরূপে ভাবনা করিয়া "ওঁ অমীমদন্ত নান্দীমুখাঃ পিতরো যথাভাগ-মা বৃষায়িষত॥" এই মন্ত্র জপ করিবে। পরে শ্বাস ত্যাগ করিয়া বদ্ধাঞ্জলি হইয়া "ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো নমো বঃ" এই মন্ত্র জপ করিয়া "ওঁ গৃহান্নো নান্দীমুখাঃ পিতরো দত্ত" এই মন্ত্রে গৃহিণীকে দর্শন করিবে। পরে "ওঁ সদো বো নান্দীমুখাঃ পিতরো দেষ্ম" মন্ত্রে পিণ্ড-দর্শন করিবে।

পরে শুক্লবস্ত্রদশাভব নূতন বা পুরাতন সূত্র বামহস্ত হইতে দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া, "ওঁ এতদ্বো নান্দীমুখাঃ পিতরো বাসঃ" বলিয়া পিণ্ডের উপরি সূত্র দিয়া "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" বলিয়া সূত্র উৎসর্গ করিবে। এইক্রমে পিতামহ, প্রপিতামহ ও মাতামহাদি ত্রয়ের নাম উল্লেখ করিয়া সূত্র উৎসর্গ করিবে।

অনন্তর পিণ্ডের উপরি গন্ধপুষ্প দিয়া তেজোময় পিতৃমূর্ত্তি চিন্তা করত করযোড়ে "ওঁ বসন্তায় নমস্তভ্যং" ইত্যাদি মন্ত্র (৬৪২ পৃঃ দেখ) পাঠ করিবে।

তৎপরে "ওঁ সুসম্প্রোক্ষিতমস্তু" বলিয়া ব্রাহ্মণাগ্রভূমি সেচন করিবে। পুরোহিত "ওঁ অস্তু"। পরে "শিবা আপঃ সন্তু" মন্ত্রে ব্রাহ্মণকে জল, "ওঁ সৌমনস্যমস্তু" বলিয়া পুষ্প এবং "ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু" মন্ত্রে ব্রাহ্মণকে যব দিবে। সর্ব্বত্রই পুরোহিত "ওঁ অস্তু" এই প্রতিবাক্য বলিবেন।

অতঃপর ঘৃত, মধু ও যবযুক্ত জল লইয়া "ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিকমক্ষয্যমস্তু" বলিয়া পিতৃপক্ষীয় ব্রাহ্মণকে দিবে। এই ক্রমে পিতামহ, প্রপিতামহ ও মাতামহাদি ত্রয়কে গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করিয়া ঐ পাত্র হইতে পৃথক্ পৃথক্ অক্ষয্য প্রদান করিবে। সর্ব্বত্র

